त्रक्रपर्भन ।

[নবপর্যায়]

মাসিক পত্র।

তৃতীয় বর্ষ।

20201

তৃতীয় বর্ষের লেখকগণের নাম।

শ্রীদিকেন্দ্রনাথ ঠাকুর, শ্রীচক্রশেথর মুথোপাধ্যার, শ্রীজ্ঞক্ষরচন্দ্র সরকার, শ্রীরোদেক্রস্থলন ঠাকুর (সম্পাদক) শ্রীশ্রীশচন্দ্র মন্ত্র্যদার, শ্রীরামেক্রস্থলন কিবলি, শ্রীজ্ঞকর্ত্রমার মৈত্রেয়, শ্রীনগেন্দ্রনাথ গুপু, শ্রীদীনেশচন্দ্র সেন, শ্রীবিপিনচন্দ্র পাল, শ্রীদেবেক্রনাথ সেন, শ্রীযোগেশচন্দ্র রায়, শ্রীবিজ্ঞয়ন্তন্দ্র মন্ত্র্যদার, শ্রীক্ষ্ণচন্দ্র মন্ত্র্যদার, শ্রীক্ষ্ণচন্দ্র মন্ত্র্যদার (সহঃ সম্পাদক) শ্রীরমেশচন্দ্র বস্থা, শ্রীস্থবোধচন্দ্র মন্ত্র্যদার, শ্রীনরেক্রনাথ ভট্টাচার্য্য, শ্রীহারক্রন্দ্র বল্যোপাধ্যার, শ্রীষ্ঠীন্দ্রনাথ বাগচী, শ্রীস্থবেশ-চন্দ্র চেন্দ্র চেন্দ্র চেন্দ্র নাথ বাগচী, শ্রীস্থবেশ-চন্দ্র চেন্দ্র চেন্দ্র চেন্দ্র চন্দ্র চেন্দ্র নাথ শ্রাষ্ঠিনক্রনাথ ঠাকুর, সভীশচন্দ্র রায় প্রাভৃত্তি।

সহঃ সম্পাদক কর্ত্তৃক

২০ কর্ণওয়ালিস্ খ্রীট্ কলিকাতা

মন্ত্র্মনার লাইবেরি হইতে প্রকাশিত।

সূচী।

বিষয়।				পৃষ্ঠা।
অতিপ্ৰা ক্ ত	•	• • •	•••	₹₹€
অমুতাপিনী সন্ন্যাদিনী	•••			'59
•অমুবাদ		•••		وه د
অপুর্ব মিলন (কবিতা)		•••		২৩২
অশ্রোকের অমুশাসন		***	• • •	ه
্অাগ্রাপ্রাস্তরে (কবিতা)		•••		653
ু আচার্য্য বস্থর আবিদ্যার	•••	•••		৩৭৮.
অক্তিকার ভারতবর্ষ			•••	১৮০, ২২৪, ৩৩১
আবাহন (কবিতা)		r • •		২৯•়
া আমাদের নিবাদ				২৭৯
আমাদের ভাবী অবতার		***	• • •	৩৯১
আশ্রয় (কবিতা)		***		, •º88
্ ইচছা		,		నల
<u>्थमार्गन्</u>				৩২৩
কৌশল্যা		•••		२१•
্ ক্ষান্তি	•••	•••	•••	ያውው
ক্ষীরের পুতুল		•••	•••	800
গণেশপুজা •	• • •	·	•••	৫৩৭
গ্ৰেশপ্ৰসঙ্গ .	• • •		•••	٠ ١٠٠٥
্গণেশের পূজা		•••	•••	405
্ৰন্থ-সমালোচনা	•••	€₹, >•8, >€ ;	,:১৯৮, ৪৪১	, ৫১৯, ৫৬৪, ৬.8
গ্রাম (কবিতা)	•••	•	•••	5•9
যুষাগুষি	•••	• • •	•••	२८५
ূচ্ঞালী (কবিতা)	•••	•••	٠	88%
. हे - र्डण ा	•••	•••	•••	৩৪৬
চিঠি (কবিতা)	• • •	,	•••	≷\$* •

•	•	1.		
विषय ।				পৃষ্ঠা।
চীন-কাহিনী	•••			> • •
চৈত্রের গান (কবিত।)	•••	• • •	• • •	\$8
তপোমূর্ত্তি (কবিতা)		***	•••	دولا
ভাজমহল (কবিতা)		•••		დგე
থিমেটার	• • •			828
দিন ও রাত্রি	•••	•••	•••	¢>>
হ্যোরাণী (কবিতা)		•	• • •	&b
হৰ্মল (কৰিতা)		•••	•••	১৬
দৃষ্টি তত্ত্ব				৩১২
ধর্শ্মপ্রচার	•••	. •••	•••	(2)
ंधर्यात्वात्धत मृष्टीख		•••		, '२६৫
: ়নারী (কবিতা)		• • •	•••	· 'esb
নোকাড়বি (উপন্তাদ)	***	૭૨, ૯૯, ১૨১, ૧	১৫৫, ২ ০১, ২	
				୫৫৯, ୯ ୬৯, ୯ ৬৫
পরশোকগত সতীশচন্দ্র রায়		· · · ·		¢৯৩
প্যারীচরণ সরকার	•••	•••	•••	>8¢
প্রয়াণ (কবিকা)	• • •	***	•••	৩•
প্রাচীন আর্মেনীয়ায় হিন্দু-উপনিং	বশ	•••		۰۰۰ مهرد ۰۰۰
প্রাচীন গ্রীদ, প্রাচীন রোম ও প্র				
ভারতের দৌন্দর্য্যকরনা	•••	•••	•••	່ ৮২
প্রাচীন-জব্বলপুর-প্রদঙ্গ	•••	• • •	•••	১৩৯
বক্তিয়ার খিলিজির বঙ্গবিজয়		•••	;	২৩৩, ৩৪০, ৩৬২
বৃদ্দশ্ল (কবিতা)	•••		•••	· · · · · · · · · · · · · · · · · · ·
ৰশ্ধন (করিতা)		•••	•••	cb-o
বরেক্তভূমির প্রাচীন বিবরণ	•••	•••	'	২৭
বাক্তে থরচ	•••	•••		, ৭ ২
বিকুমাহাত্ম্য		***	•••	v s
বীরকুঙর	•••		•••	২২৭
বুলাই (কৰিডা)			• • •	· 8?}
বুদ্ধের স্থাদর্শন (কবিতা)	•••	•••	• • •	368
• ভর্ত		•••	•••	>•
- ^4	•••	***	•••	

				, .
विषयं।				भृष्ठी ।
ভোরের পাখী (*কবিতা)	•••	•••	•••	3
মনুষ্যত্ত		•••	.:.	485
মুক্রিরের কথা	•••	•••		809
মৃক্তি	•••	•••	•••	895
মৃচ্ছকটিক	•••	***		>>৬
মেখচছবি	•		•••	२৯७
মেঘোদয়ে (কবিতা)	•	•••	•••	১৩৬
যাত্ৰিণী (ক্ৰিতা) •	•••	• • •	•••	۹۶۰
রাজকন্তা	• • •	• • •	•••	8৯
রাজকুট্র		•••		, o
ঝ্লাম5রিত	• • •	•••		ંઝન્ઝ
রামায়ণ ও সমাজ	• • •	•••		··· eru
লক্ষণ ,	• • •	•••	•••	۶۶۶
শিলালিপি (কবিতা)	•••	•••	•••	٠٠٠ ٠١٠٠
শিশু (কবিতা)	•	•••	•••	२८७
শ্বশানতলা	• • •	•••		>99
শ্রমণ	•••	•••	•••	, 855
সঞ্চিতবাণী (কবিতা)		•••	•••	۰۰۰ که۰
সতীশচন্দ্র রায়.	• • •	•••	•••	৫৯৩
সন্ধ্যা (কবিতা)	•••		•••	৬২
সরলা দেবী (কবিতা)	• • •		•••	₹₡8
সাগরমন্থন (কবিতা)	•••		• • •	>99
সার সজ্জের আলোচনা	• • •	85, 586,	১৯৫, ২৪১, ৬	998, 993, 89¢,
	•	Ð	:	see, eer, ers
শাহিত্য-সমালে চনা		•••		₹ ৮ 8
সাহিত্যের আদর্শ '		•••		880
ষাহিত্যের তাৎপর্য্য	•••	••••	•••	, 3er
, সাহিত্যের সামগ্রী	,	•••		৩১৭
সিদ্ধিদাতা গণেশ	• • •	•••	•	৩৮৭
শী কা	•••	•••	•	>56
স্থাতত্ত্	•••	•••	•••	১৩•

•	in the f	•				٠.
विवश ्च					•	पृष्ठी ।
হরগৌরী (কবিতা)	•••	•••	•••	•		`১৮৯
হিমালয় (কবিতা)	•••		•••			১৮৭
হে বিপদ, এস (কবিতা)	•••	•••				609
েহ্শচক্র	•••	***	•••		•••	, , , ,

वक्रमर्भन ।

ভোরের পাখী।

ভোরের পাথী ডাকে কোথার ভোরের পাথী ডাকে! ভোর না হ'তে ভোরের থবর কেমন করে' রাথে! এখনো যে আঁধার নিশি জড়িয়ে আছে সকল দিশি কালীবরণ প্ছে-ডোরের হাজার লক্ষ পাকে! ভোরের পাথী স্বপ্ত-বনে তবু কোথায় ডাকে!

ওগো তৃমি ভোরের পাথি
ভোরের ছোট পাথি!
কোন্ অরুণের আভাস পেরে
মেল তোমার আঁথি!
কোমল তব পাথা'পরে
সোনার রেথা থরে থরে,
বাঁধা আছে ডানার তব
উষার রাঙা রাথী!
ওগো তৃমি ভোরের পাথি,
ভোরের ছোট পাথি!

রয়েছে বট, শতেক জটা
রুল্চে মাটি ব্যেপে,
পাতার 'পরে পাতার চেউ
উঠ্ছে ফুলে' কেঁপে।
তাহারি কোন্ কোণের শাথে
নিদ্রাহারা ঝিঁঝির ডাকে
বাঁকিরে গ্রীবা ঘুমিয়েছিলে
পাথায় মুথ ঝেঁপে!
বেথায় বট দাঁড়িয়ে একা
জটায় মাটি ব্যেপে!

ওগো ভোরের সরল পাথি
কহ আমার কহ—

হারার ঢাকা বিগুণ রাতে
যথন ঘুমে রহ,
হঠাৎ তব কুলার-'পরে
কেমন করে' প্রবেশ করে
আকাশ হ'তে আঁধারপথে
আলোর বার্ত্তাবহ ?
ওগো ভোরের সরল পাথি
কহ আমার কহ!

কোমল তব বুকের তলে
রক্ত নেচে উঠে,
উড়বে বলে' পুলক জাগে
তোমার, পাথাপুটে!
চক্ষু মেলি পুবের পানে
নিদ্রাভাঙা নবীন গানে
অকুষ্ঠিত কণ্ঠ তব
উৎসমম ছুটে!
কোমল তব বুকের তলে'
রক্ত নেচে উঠে।

শ্রত আঁধারমাঝে তোমার

এত অসংশর!
বিশ্বজনে কেছই তোরে

করে না প্রত্যর!
তুমি ডাক—"দাঁড়াও পথে,
স্থ্য আসে স্বর্ণরথে,
রাত্রি নয়, রাত্রি নয়,

ারাত্রি নয় নয়!"

এত আঁধারমাঝে তোমার

এত অসংশয়!

আনন্দতে জাগো আজি,
আনন্দতে জাগো।
ভোরের পাথী ডাকে যে ঐ
আর নিজা না গো।
প্রথম আলো পড়ুক্ মাথে,
নিজাহীয় আঁথির পাতে,
প্রথম উধা-কিরনের
আশীর্কাদ মাগো!
ভোরের পাথি-সাথে আজি
আনন্দতে জাগো।

রাজকুটুম।

"নিরু ইণ্ডিরা" ইংরাজি কাগজথানি আমরা শ্রনার সহিত পাঠ করি। ইহার রচনার পাঠক ভ্লাইবার বোঁধাবুলি ও সহজ কৌশনগুলি দেখি না। সম্পাদক যে-সমস্ত প্রবন্ধ লেথেন, তাহাতে রস অথচ গান্ডীগ্য আছে, তাহাতে বলের অভাব নাই অথচ পদে পদে সংঘদের পরিচয় পাওয়া যায়। তাঁহার

লেথা সাময়িক সংবাদের তুচ্ছতাকে অনেকদূর ছাড়াইয়া মাথা তুলিয়া থাকে।

১২ই মার্চের পত্রে সম্পাদক "ভারতবর্ষে
যুরোপীয় ক্রিমিনাল্" নাম দিয়া একটি উপাদেয় প্রবন্ধ লিথিয়াছেন। বুথা অনুবাদের
চেষ্টা না করিয়া ক্রিমিনাল্-শকটা আমরা
বাংলায় গ্রহণ করিতে ইচ্ছা করি।

যুরোপীর ক্রিমিনাল্দের সম্বন্ধে কেন যে সন্ধিচার হয় না, সম্পাদক বিচারকের মত ধীরভাবে তাহার মীমাংসা করিতে প্রস্তুত হইয়াছেন।

তিনি বলেন, একপক্ষে অপরিসীম সহিষ্ণৃতা ও আর একপক্ষে অপ্রতিহত শক্তি যেখানে সম্থীন হয়, সেথানে স্বভাবতই এই-রূপ ঘটতে বাধ্য। এন্থলে আমরা হইলেও এম্নিই করিতাম—এমন কি, সম্পাদক টিপ্পনী দিয়া বলিয়াছেন, এসিয়াবাসী হয় ত স্থযোগ পাইলে রিফাইও পাশবিকতায় যুরোপীয়কে জিনিতে পারিত।

— ভ্রমাত্র প্রসঙ্গক্রমে আমরাও একটি মনন্তত্বের কথা বলিয়া লই। সম্পাদকের এই টিপ্লনীটুকুতে একটি হর্মলতা প্রকাশ পাইতেছে। তিনি নিজের বক্তব্যকে সবল করিবার জন্ম অপক্ষপাতিতা দেখাইবার প্রলোভনটুকু সংবরণ করিতে পারেন নাই। স্বজাতির প্রতি-অতিমাত্র পক্ষপাতও যেমন স্থলবিশেষে একপ্রকার কৌশলমাত্র, জাতিনির্মিশেষে একান্ত অপক্ষপাতও স্থলবিশেষে দেইরূপ কৌশল ছাড়া আর কিছু নহে। নির্মৃতিভূয়ার সম্পাদকের পক্ষে এটুকুর কোন প্রয়োজন ছিল না, কারণ, তিনি হ্র্মল নহেন।

প্রাচ্যদের সম্বন্ধে ইংরাজদের কতক্ত্রিলি বাঁধিবুলি আছে, আমাদের "রিফাইও্" নিষ্ঠ্রতা তাহার মধ্যে একটা । পূর্ব্বদিক্টা একটা, মন্তদিক্—এইদিকে যাহারাই বাস করে, তাহাদের সকলকে এক নামের অধীনে এক প্রেণীতে ভূক্ত করিয়া ভূগোলর্ভান্ত রচনা করিলেই যে তাহারা দানা বাঁধিয়া এক হইয়া

ষায়, তাহা নহে। বিদেশীরা সামাশ্র বাহ্
সাদৃশ্রের ভিতর দিয়া বৈসাদৃশ্র ধরিতে পালে
না। একজন চাষার চক্ষে এক গোরার
দক্ষে আর এক গোরার ভেদ সহজে ধর
পড়ে না—ইংরাজের অনভ্যস্ত দৃষ্টিতে এক
জন বাঙালিও যেমন, আর: একজনও প্রাা
সেইরূপ। এই কারণেই যুরোপীয়েরা সমত
প্রাচ্যজাতিকে একটা পিগু পাকাইয়া দেওে
এবং সকলের দোষগুণকে একটা নামের
ঝোলার মধ্যে ভ্রিয়া "ওরিয়েন্টাল্" লেব্
ভ্রাটিয়া দেয়।

যুরোপীয়েরা আমাদের আধুনিক গুরু স্থতরাং তাঁহাদের কাছ হইতে আমাদে: निष्करमद्र मध्यक অশ্বতাটুকুও শিথিয়াছি। রিফাইও পাশবিকতায় এসিয় যুরোপীয়ের চেয়ে অধিক বাহাগুরী বি পাইতৈ পারে, ইতিহাস ঘাঁটিয়া তাহাং প্রমাণ সংগ্রহ করিতে চাহিনা। স্বজাতিপক্ষপাতের অপবাদটুকু শিরোধার্য করিয়া একথা অস্তরের সহিত, দৃঢ় বিশ্বাসেং সহিত বলিতে পারি যে,—হিন্দুকে অকর্মণা ৰল, অবোধ বল, হুর্জল বল, সহু করিয়া থাইব কারণ, সহু করা আমাদের অভ্যাস আছে কিন্ত হিন্দুজাতির সত্য-মিথ্যা নানা অপযশের মধ্যে রিফাইও পাশবিকতার অপবাদট সব চেয়ে অন্থায়। আর এসিয়াটিক্-নামক বন্ধনবিহীন একটা প্রকাণ্ড বিচিত্র ব্যাপারের সহিত মুরোপীয় বলিয়া •একটি কুদ্র ঐক্যবদ্ধ সম্প্রদারের পশুত্ব, মনুষ্যত্ব বা' দেবতর তুলনা একেবারেই অসঙ্গত, অনর্থক। একটা মান-কচুর সহিত একটা বাগানের তুলনা হইতেই পারে না।

এটা একটা অবাস্তর কথা। মোটের উপর, সম্পাদক যে প্রবন্ধটি লিখিয়াছেন, তাহার প্রশংসা করিতেই হইবে। ইহার মধ্যে চাপা কথা ঢের আছে, তাহা চাপাই থাকৃ! আমরা কেবল একটি কথা যোগ করিতে চাই মাত্র।

যাহার হাতে শক্তি আছে, সে যে স্থান্দরের দিকে টানিয়া অবিচার করিবে, ইহা মান্থবের স্থভাব। ইংরাজও মান্থব, তাই সে ইংরাজ-ক্রিমিনাল্কে সাজা দিয়া উঠিতে পারে না। যাহার হাতে শক্তি নাই, সে প্রবলের অভায় বিচার অগত্যা সহু করে, ইহাও মান্থবের স্থভাব। আমরাও মান্থব, তাই আমাদিগকে ইংরাজের আক্রমণ চুপ করিয়া সহু করিতে হয়। এই এক জায়গায় মন্থব্যমের সমনিয়ভূমিতে ইংরাজের সঙ্গে আমরা-একত্রে মিলিতে পারিয়াছি।

নৃতন ইকুল্ হইতে বাহির হইয়া যখন সাম্য, স্বাধীনতা, মৈত্রী প্রভৃতি বিদেশী বচন-গুলি বাংলায় তর্জমা করিবার ভার আমরা গ্রহণ করিয়াছিলাম, তথন আমরা এই জানিতাম যে, যুরোপ বাহুবলে প্রবল হইলেও শ্রুষ্যত্বের অধিকারসম্বন্ধে হর্কলের সহিত আপনার সাম্য স্বীকার করেন! তথন আমরা ইস্কুলের উুঞীর্ণ ছেলেরা একেবারে অভিভূত বলিয়াছিলাম, ইংারা হইয়া গিয়াছিলাম। আ্মরা চিরকাল ইহাদিগকে পূজা করিব এবং ইহারা চির্কাল আমা-मिशत्क ध्यमान विज्ञा कतित्व—हेशास्त्र स्थापन সহিত আমাদের এই সম্বন্ধই শাগ্রত। আমরা মনের ভিতর হইতে ইহাদের কাছে সম্পূর্ণ হার মানিয়াছিলাম।

আজ বর্থন বুঝিতেছি, ইহারা আমাদের অসমকক নহে-আমরাও ছর্মল, ইহারাও হর্মল-আমাদের অক্ষমের হর্মলতা, ইহাদের সক্ষমের হর্কলতা—তথন অভিভৃতির ভার কাটিয়া গিয়া আমরা মাথা তুলিতে পারি। ইংরাজ ক্রমাগত আমাদিগকে বুঝাইবার চেষ্টা করিয়াছে, স্থায়পরতা প্রভৃতি সম্বন্ধে তোমা-দের স্বশ্রেণীর কোন জাতির সহিত আমাদের তুলনাই হয় না। এক সময়ে ইংরাজ যেন এই ধর্মশ্রেষ্ঠতার প্রেষ্টিজ্ চালাইবার চেষ্টা যে ব্যক্তি অক্ষমের নিকট করিয়াছিল। ধর্মরকা করিয়া চলে, তাহার কাছে হার না মানিয়া থাকা যায় না-- সেকালে আমাদের এখন ইংরাজ মন হার মানিয়াছিল। প্রতাপের প্রেষ্টিজ্ সর্কাগ্রগণ্য করিয়াছে-স্বদেশী ও এদেশীকে ধর্মের চক্ষে সমান করিবার বল ও সাহস এখন তাহার নাই--এখন ইংরাজের কাছে ইংরাজ-গবর্মেণ্ট্ इर्जन। व्यन गारक्षेत्र, ताका, - वार्भिः-হাম রাজা, নীলকর রাজা, চা-কর রাজা, চেৰুর অফ্কমার্ রাজা,—তাই আজকাল আমাদের প্রতি ভয়-ছেয-ঈর্যার নানা লক্ষণ দেখিতে পাই। দেখি, এঞ্জিনিয়ারিং কলেজ্ হইতে আমরা তাড়া ধাইতেছি, আপিস্ হইতে ভ্রষ্ট হইতেছি, ডাক্তারিশিক্ষীয় বাধা পাইতেছি, বিজ্ঞানশিক্ষায় গৃঢ়ভাবে প্রতিহত হইতেছি। ইহাতে আমাদের অনেক সম্-বিধা আছে, কিন্তু এই সাম্বনাটুকু পাইতে পারি যে, কর্তারা আমাদের চেয়ে বেশি বড় নহে। ইহারা আমাদের অগ্রাহ করিয়া বাঁচে না—ইহাদের মনে এ আশ্বাটুকু আছে যে, স্থযোগ পাইলে আমরা বিভায়, ক্মতায়

ইংবাদের সমান হইরা উঠিতে পারি। ইংরাজক্রিমিনাল্ দেশীরের প্রতি অন্তায় করিয়া
ন্তায়সঙ্গত শান্তি পাইলে ইংরাজকে দেশীর
আপন সমত্ল্য বলিয়া জ্ঞান করিবে, এই
ভয়টুকু যথন ইংরাজের মনে প্রবেশ করিয়াছে,
তথন তাহার আত্মদন্মান নই হইয়াছে।
এই উপলক্ষ্যে আমাদের চিত্তও ইংরাজের
কাছে নতিশ্বীকারের দায় হইতে নিম্কৃতিলাভ করিতেছে—প্রত্যহ তাহার প্রমাণ
পাইতেছি।

সম্পাদকমহাশয় বলেন, আমরা যদি
ঘূষির পরিবর্তে ঘূষি ফিরাইতে পারি, তবে
রাজায়-ঘাটে ইংরাজকে অনেক অভায়
.হইতে নিরস্ত রাখিতে পারি। কথাটা
সত্য—মুষ্টিযোগের মত চিকিৎসা নাই—কিন্তু
সম্পাদকের উপদেশ সহসা কেহ মানিতে
রাজি হইবে না। তাহার শুটিকতক কারণ
আছে।

একটি কারণ এই যে, আমরা একারবর্ত্তী পরিবারে মান্থর হইরাছি—পরস্পর মিলিয়া-মিশিয়া থাকিবার যত-কিছু আদেশ-উপদেশ-অন্থণাসন, সমস্তই শিশুকাল হইতে আমা-দিগকে প্রত্যহ পালন করিতে হইয়াছে। ঘুষাঘুষি করা, বিবাদ করা, পরের অধিকারে হস্তক্ষেপ করা ও নিজের অধিকার লড়াই করিয়া রাখা, একারবর্ত্তী পরিবারে কিছুতেই চলে না। আমাদের পরিবার ভালমান্থ্য হইবার, পরস্পরের অন্থক্লকারী হইবার, একটি কারথানাবিশেষ। অতএব ঘুষি শিক্ষা করিলেও মান্থ্যের নাসিকাগ্রে ও চক্ষ্তারকার তাহা নির্কিচারে প্রেরাগ করিবার ক্রিপ্র-কারিতা আমাদের অভ্যাদ হয় না। নিজের

অপ্রবিধা করিয়াও পরস্পরের সহিত মিলিবার ভাবই আমাদের স্বভাব ও অভ্যাস সঙ্গত— পরস্পরের সহিত লড়িবার ভাব আমাদের সমাজব্যবস্থার মধ্যে কোথাও স্ফূর্ডি পাইবার স্থান পায় নাই।

এক, ইস্কুলের ছেলেদের মধ্যে যেটুকু বীররসের অবসর আছে, কর্ত্তপক্ষ তাহা সহজে প্রশ্রম দিতে চান না। তাঁরা কেবলি বলেন, আমাদের ছাত্রদিগকে যথেষ্ট শাসনে রাথা হয় না। তাঁহাদের স্বদেশে ছাত্রেরা যে ভাবে মামুষ হয়, এদেশের ছাত্রদের ব্যবহারে তাহার আভাসমাত্রও তাঁহারা সহু করিতে পারেন না। याश मनन कतिरा हरेरव, जाश अङ्गुरत रे मनन করা ভাল, এ কথা ইংরাজ জানে। একটা দৃষ্টাস্ত দিই। কোন কলেজের ছাত্র ফুট্বল্ থেলিতে থেলিতে আহত হইয়াছিল। তাহার দঙ্গীরা ভ্রমার প্রয়োজনে কাছের একটি সরোবর হইতে কাপড়ে ভিজাইয়া জল লইয়া-ছিল। সেই সরোবর সাহেবদের পানীয়জলের জন্ম স্থরক্ষিত ছিল। সেথানে ছাত্ৰকে নাবিতে দেখিয়া পাহারাওয়ালা নিষেধ করে। সেই উপলক্ষ্যে উভয়পক্ষে বচসা, এমন কি, হাতাহাতিও হইয়া থাকিবে। ম্যাজিট্রেট সেই ছাত্রকয়টিকে লইয়া দীর্ঘকাল তাঁহার ডিষ্ট্রীক্টের যত হর্গম স্থানে যে কৌশলে ঘুরাইয়া-মারিয়া অবশেষে জরিমানা করিয়া ছাড়িয়া দিয়াছিলেন, তাহা সেই ছাত্রগণ ও তাহাদের অভিভাবকেরা কোনকালে ভুলিতে পারিবে না। বাল্যলীলার এরপ দশুবিধি ইংরাজের নিজের দেশে যে নাই, সে কথা সকলেই জানেন। প্রেসিডৈন্সি কলেজের মত বিভালয়েও, দেশীয় প্রিন্সিপালের বিচারেও.

ছাত্রদিগকে যে সকল লঘুপাপে গুরুদণ্ড সহ করিতে হয়, তাহাতে তাহাদের পৌরুষচর্চা হয় না।

এই ত গেল ঘরে এবং বিভালয়ে। তাহার পরেও যদি ইংরাজ-অন্তায়কারীর গায়ে ঘুষি তুলিবার মত ক্ষুর্ত্তি কাহারো থাকে, তবে विठातानम आह्र। प्रभीम्रामत विक्काठाती ইংরাজ-ক্রিমিনালের প্রতি ইংরাজ-বিচারকের মানবম্বভাবসঙ্গত পক্ষপাত সম্পাদকমহাশয় শ্বীকার করেন—সেই স্বাজাবিক পক্ষপাত দেশীয় অপরাধীর পক্ষে কি আকার ধারণ ় করিতে পারে, তাহা অন্থমান করা কঠিন -নহে i একজন সম্ভাস্ত মুসলমান্যুবা গড়ের মাঠে গাড়ি হইতে অন্ত গাড়ির একজন ইংরাজকে চাবুক মারিয়া জেলে গিয়াছিল মনে আছে-এলাহাবাদের সোমেশ্বর দাসের কথাও সামরা ভূলিতে পারি না। ইংরাজের গায়ে হাত দিতে গিয়া গ্রামস্থদ্ধ দোধি-নির্দোষী বহুতর লোকের কিরূপ অসহ লাঞ্না ঘটে, তাহার দৃষ্টাস্ত আছে। কারণ, এদেশে পোলিটিকাল নীতিতে অন্ত নীতিকৈ জটিল করিয়া ফেলে। এদেশে ইংরীজকে মারার মধ্যে ব্যক্তিগত মার এবং পোলিটিকাল্ মার, ছই আছে—ইস্কুলের ছেলের তুড়ু ক্রীড়ার মধ্যে ভাবিকালের পোলিটকাল সহটের বীজ প্রচ্ছন্ন আছে— স্বতরাং আমাদের ব্যক্তিগত অপমানের প্রতিকার করিতে •গিয়া আমরা হঠাৎ পোলিটিকালের মধ্যে পা দিয়া ফেলি—তথন সহসা কাঁধের উপরে যে দণ্ডটা আসিয়া পড়ে, তাহার সম্পূর্ণ তাৎপর্য্য বুঝিতে আমাদের -কিছু বিলম্ব হয়। দেশীয়ের প্রতি উপদ্রব

করিরা ইংরাজ অন দণ্ড ও ইংরাজের গায়ে হাত দিয়া আমরা গুরুদণ্ড পাই, ইহার মধ্যে গুধু যে মহ্বয়ধর্ম আছে তাহা নহে, তাহার সঙ্গে রাজধর্মও যোগ দিয়াছে। এন্থলে ঘুষি-তোলা কম কথা নহে।

মন্থ্রাস্বভাবে সাহসের একটা আছে। জাহাজের একজন কাপ্তেন হাজার অক্তায়কারী হইলেও তাহার অধীনস্থ য়ুরোপীয় নাবিকদল সংখ্যাধিকাসত্ত্বেও সকলপ্রকার অপমান ও দৌরাখ্যা অগত্যা সহু করিয়াছে, এরপ ঘটনার কথা অনেক শুনা গিয়াছে। আইনের শাসনকে উপেক্ষা করা শক্ত। জাष्टिम् हिल् हेश्ताज-क्रियनाल्टक छेशरमभं দিবার প্রদঙ্গক্রমে বলিয়াছেন, স্বদেশীয় ভূত্য তোমার এরূপ ব্যবহার সহা করিত না। না করিবার কারণ আছে। বিচারের চক্ষে স্বদেশীয় ভূত্য ও স্বদেশীয় মনিব সম্পূর্ণ সমান। সে স্থলে মনিবের হুর্ব্যবহার সহ্য না করিবার প্রভৃত বল ভূত্যের আছে। দেবল ভৃত্যের এক্লার বল নহে, তাহা তাহার সমস্ত স্বজাতির বল। এই বিপুল বলের সহিত একজন দেশীয় ভৃত্যের এক্লার বলের তুলনা করা ঠিক নহে।

এখানেও একারবর্ত্তী পরিবারের কথা পাড়িতে হয়। একজন ইংরাজের উপর অল্প লোকেরই নির্ভর—আমরা প্রত্যেকেই বহু-তর আত্মীরের সহিত নানাসম্বন্ধ আৰদ্ধ। সেই সকল সম্বন্ধ আমাদিগকে ত্যাগপরতা, সংয়র, মঙ্গলনিষ্ঠা প্রভৃতি মন্ত্যাজের উচ্চতর গুণে ভৃষিত করিয়াছে—সেই সকল সম্বন্ধই হিন্দুজাতিকে রিফাইগু ও অক্কত্রিম পাশ-বিকতা হইতে দুঁরে রাথিয়াছে—আমাদের

পক্ষৈ হঠকারিতা সহজ হইতেই পারে না, আমাদিগকে জেলের দিকে আকর্ষণ করিলে অনেকগুলা শিকড়েই সাংঘাতিক টান পড়ে। অতএব আমাদের জীর্ণ-প্লীহা ইংরাজের বুটাগ্রের পক্ষে যেরূপ সহজ লক্ষ্য, ইংরাজের নাদাগ্র আমাদের বন্ধমৃষ্টির পক্ষে দেরূপ স্থন্দর স্থাম নহে। সেজগু ইংরাজ যদি নিজেকে আমাদের চেয়ে বেশি বাহাছর মনে করেন ত কর্ম-কিন্তু আমরা কেন ইংরাজের তরফ হইতে স্বজাতিকে বিচার করি ? যেভাবে চিরকাল মহুষ্য হুচৰ্চ্চা আসিতেছি, ইংরাজের সহিত সংঘাতে তাহাতে সামাদের অহবিধা ও অপমান ঘটতেছে। তা হঁইতে পারে-কিন্ত তাই বলিয়া মহুষ্যত্বে আমরা থাট, এ কথা আমরা ত স্বীকার করিডে পারিব না। মানুষ হইতে পেলে দাত-নথের ধৰ্মতা ঘটিয়া থাকে—তাই বলিয়া কি লজা পাইব ? রোমের সমাট নগ্ন-নিরক্ত পৃষ্টান্-দিগকে ক্রীড়াঙ্গনে পশু দিয়া হত্যা করিয়া-ছিলেন-ধর্মরাজ যদি তাহার বিচার করিয়া খাকেন, তিনি কি রোমরাজের পৌরুষকেই সন্মান দিয়াছেন ? আমরা যদি যথার্থভাবে সহ্ করিতে পারি, আমরা যদি সহিষ্ণুতার ৰুখ নিজেকে হেয় বলিয়া অস্থায় ভ্ৰম না করি, তবে ধর্ম আমাদের বিচার গ্রহণ করিবেন। কিন্তু রচনারীতির থাতিরে বা যে কারণেই হউক্, এ কথা আমরা যেন অনারাদেই উচ্চারণ

कतिया ना विन या, आगता इहेटल छिक এইরূপ করিতাম বা ইহাদিগকেও ছাড়াইয়া যাইতাম। না, আমরা হইলে এরূপ করি-তাম না ! ইহাই আমাদের সাম্বনা । रात्र नमारकत, आमारात्र धर्मात रव आमर्न, আমাদের শাস্ত্রের যে অনুশাসন, আমাদের স্বভাবের যে গতি, তাহাতে অক্ষমকে আমরা আত্মীয়শ্রেণীভুক্ত করিয়া লইতাম। ভিক্ষককে, হুর্মলকে, প্রাচীনকে অবজ্ঞা করি নাইন

রাজা এবং রাজকুটুম্ব ঠিক এক নহে, কিন্তু তবু রাজসম্পর্কের গন্ধ থাকিলেও কুটুম্বদের উৎপাত সহা করিতেই হয়। মুচ্ছকটিকের রাজগুলকের কথা পাঠকগণ স্মরণ করিবেন। প্রভেদ এই যে, উক্ত কুটুম্ববর্গের সংখ্যা এথন অনেক বাড়িয়া গেছে।

মৃচ্ছকটিকের সেই রাজখ্যালকটি যতই উপদ্রব করুক না কেন, প্রজাবর্গের কাছে তাহার সন্মান ছিল না—সকলেই তাহাকে উৎপাত বলিয়াও জানিত, অথচ তাহাকে মনে-মুখে পরিহাস-বিজ্ঞপ করিতে ছাড়িত না। এখনকার রাজ্ঞালকগণের নিকট ইইতে ঠিক সে-পরিমাণ হাস্তরদ আদায় করা কঠিন, কিন্তু তাঁহাদের ব্যবহারে তাঁহারা প্রত্যহ আমাদের কাছে যে পরিমাণে সম্ভম হারাইতেছেন, তাহা যেন আমাদের মাণা তুলিবার সহায়তা করে!

অশোকের অর্শাসন।

বৌদ্ধর্মই জগতের মধ্যে সর্ব্বপ্রথম প্রচার-धर्म এवः वृक्तामव ও **छाँशांत भिर्याता**रे সর্বপ্রথম প্রচারক। বুদ্ধদেব জন্মজরামৃত্যুর অতীত যে পরিপূর্ণ শান্তি, এই কর্মকোলাহল-সঙ্গুল জীবনে নিজ আত্মার নিভৃত কলরে যে আশ্রর প্রাপ্ত হন, সমস্ত ভুজগৎকে তাহার অবলম্বন দিবার জন্ম তিনি একাস্ত ব্যগ্র হইয়াছিলেন। বুদ্ধপ্রাপ্তির পর বারাণসী-ব্রাসের পাঁচমাদ পরে তিনি তাঁহার ষাটটি শিধ্যকে আদেশ করিয়াছিলেন—"হে ভিকু-গণ, তোমরা লোকহিতের জন্ত, তাহাদের কল্যাণ ও শাস্তির জন্ত দ্যাপরবশ হইয়া দিকে দিকে গমন কর এবং যে ধর্ম আছস্ত-মধ্যে মহিমান্বিত, যাহা সত্য এবং স্থন্দর, তাহাই লোকমধ্যে প্রচার কর। একদিকে গমন করিও না। লোকসমাজে পরিপূর্ণ, নির্ম্বল, পবিত্র, কল্যাণময় জীবনের মহিমা• কীর্ত্তন কর।" তাঁহার সেই ব্যাদেশ অক্ষরে অক্ষরে প্রতিপালিত হইয়া-ছিল এবং তাহার ফলে আজও পৃথিবীর এক-তৃতীয়াংশ লোক বৌদ্ধর্মাবলম্বী। বুদ্ধদেবের দেহত্যাগের প্রায় তিনশত বৎসর পরে, মগধরাজ অশোক তাঁহার এই বাক্য মেরূপে প্রতিপালন স্করেন, পৃথিবীতে আর কোন রাজা যে, কোন ধর্মের জন্ম কথন সেরপ ক্রিয়াছিলেন, ইতিহাস তাহার প্রমাণ দেয় না। দীপবংশ ও মহাবংশ হইতে জানিতে পারা যায় যে, তিনি কাশ্মীর, গান্ধার, মহিশা

(মহীশুর), বনবাস (রাজপুতানা), পাঞ্জাব, যোনালোক (বাক্ট্রিয়া ও অন্তান্ত গ্রীক্ রাজ্য) এবং সিংহল প্রভৃতি স্থানে প্রচারক তাঁহার প্রস্তর্লিপিতে প্রেরণ করেন। দেখিতে পাওয়া যায়, তিনি অ্যান্টিয়োকাদের রাজ্যে এবং আরও পাঁচটি গ্রীক্রাজ্যে প্রচারক পাঠাইয়াছিলেন। বিশেষত পুত্র 'মহিন্দ'কে তিনি যে ধর্মপ্রচারের জন্ম সিংহলে পাঠাইয়া দেন, তাহাতেই তাঁহার উৎসাহ কতকপরিমাণে অন্থভব করা যাইতে পাঁরে। কিন্তু যে ভারতবর্ষ বৌদ্ধর্ম্মের জন্মভূমি এবং যেখানে এই ধর্ম প্রচারের জন্ম অশোক .বছ-সহস্র স্তৃপ এবং প্রস্তরস্তন্ত নির্দ্মাণ করাইয়া দেশে দেশে বৌদ্ধধর্মের পবিত্র অমুশাসন-সমূহ থোদিত করান, সেখানে আজ বৌদ্ধ-ধর্মের কি: অবশিষ্ট আছে, কতটুকু জীবিত আছে? আজ শুধু কয়েকটি মৃক-কঠিন শিলাখণ্ড তাহাদের জীর্ণদেহে রহস্তমর নির্বাক্ লিপি লইয়া বৌদ্ধর্মের সমাধিস্তজ্যের ন্থায় দাঁড়াইয়া আছে। মহা-অশেকের বহুসংখ্যক • শিলালিপির মধ্যে আজ পর্বতগাত্রে খোদিত চতুর্দ্দশটি এবং স্তম্ভে লিখিত আটটি মাত্র আমাদের নিকট পরিচিত। উপস্থিত প্রবন্ধে তাহাদের মধ্যে একটি আমাদের আলোচ্য।

' বর্ত্তমান দিলী হইতে মথুরা ঘাইবার পুরাতন পথের ধারে সহর হইতে প্রায় অর্জ-ক্রোশ দুরে ফিরোঞ্চাবাদের যে স্বল ভ্রাব-

শেষ দেখিতে পাওয়া যায়, তাহারই মধ্যে এই সরল নিরলঙ্কার উন্নত শুস্ত সর্কাঞে পথিকের দৃষ্টি আকর্ষণ করে। পুরাতত্ববিৎ পণ্ডিত কানিংহামের মতে অশোকস্তভের ইহাই ঐতিহাসিকের নিকট সর্বাপেকা মূল্য-ৰান। এই স্তম্ভের দৈর্ঘ্যসম্বন্ধে অনেক বাদা-ञ्चराम आरह-यांश रुउँक, এथन मकरनत्रे মতে ইহা ৪২ফুট ৭ইঞ্চি উচ্চ বলিয়া স্থিরী-ক্ত হইয়াছে। ইহা সাধারণ বালুকা-'প্রস্তরে (Sand Stone) নির্দ্মিত, কিন্তু এই উপাদান লইয়া যে সকল হাস্তকর ভ্রমপ্রমাদ ছিল, তাহার ছইএকটা উদাহরণ দিবার লোভ সংবরণ করিতে পারিলাম না। Coryat ইহাকে পিত্তলনিৰ্শিত বলিয়া বৰ্ণনা ক্রিয়াছেন এবং তাঁহার মনোমুগ্ধকর বর্ণনা পাঠে Edward Terry ইহাকে "Very great pillar of marble" বলিয়া ইহার গৌরব বাড়াইয়াছেন। বিশপু হিবর ইহাকে Pillar of cast metal" বলিয়াছেন। কানিংহ্যাম সাহেবের মতে এই স্তম্ভের উপরের ব্যাস ২৫.৩ ইঞ্চি এবং নিমভাগের ব্যাস ৩৮.৮ ইঞ্চি। এই বৃহৎ শুম্ভ প্রস্তর-নির্মিত গৃহের সর্ব্বোচ্চ তলের ছাদের উপরে স্থাপিত। বাদশাহ আক্বরের সময়ে ইহার অবস্থা কিরুপ ছিল, তৎসম্বন্ধে মহম্মদ আমিন রাজি তাঁহার 'তক্ত-ই-খালিম'-নামক গ্রেছে বিপ্লিয়াছেন-"এই বালপ্রস্তরনিশ্বিত উচ্চ স্তম্ভ ত্রিতল প্রাসাদের উপর দণ্ডায়মান।" এফণে ইহার গঠনবর্ণনায় বেশী সময় ব্যয় না করিয়া অভাভ বিষয়ের আলোচনা করা ৰাউক।

এই স্তম্ভ এস্থানে অশোককর্তৃক স্থাপিত

रत्र नारे। देश शुर्ल्स मित्राटित निक्छे বমুনাতীরবর্তী নাহেরা-নামক গ্রামে ছিল। हेश मिल्ली इटेएड खात्र >२० माहेन मृत्त्र। ১৩৫৬ খুষ্টাবেদ বাদশাহ ফিরোজশাহ কর্তৃক এই স্তম্ভ নাহেরা হইতে তাঁহার নৃতন রাজ-ধানী ফিরোজাবাদের শোভাবর্দনার্থ আনীত हरेग्राहिल। किन्न किन्यकारत धरे स्वत्रहर প্রস্তম্ভ এতদূর হইতে আনয়ন করা रम-रेनम् आरमन्था छाहात य वृखास দিয়াছেন, তাহা অতিশয় কৌতুকপ্রদ। অপ্রায়ঙ্গিক হইবে না বিবেচনায় আমরা এস্থলে তাহার উল্লেখ করিতেছি। তিনি বলেন-সর্বপ্রথমে ইহার চতুর্দিক্ শিমুলতুলা-দারা আর্ত করিয়া ইহার নিমের মাটি খুঁড়িয়া नअप्रा श्रेन धवः भीत्र भीत्र श्रेशांक जूनात বস্তার উপর শায়িত করা হইল। বিয়ালেশখানি-চক্র-বিশিষ্ট এক যানের উপরে এই বিশাল স্তম্ভকে উঠান হইল। চক্রের নিকট একগাছি করিয়া রজ্জু-বাঁধিয়া বিপুল চেষ্টায় ও বছসংখ্যক লোকের ছারায় ইহাকে যমুনাতীরে আনা হইল। স্থানে বাদশাহ স্বয়ং ইহার অভ্যর্থনা ক্রিতে আসিলেন। এথানে অনেকগুলি মুৰুহং নৌকা সংগৃহীত ছিল—বছ আয়াসে এই স্তম্ভকে তাহাদের উপর উঠাইয়া দিল্লীতে ष्याना रहेन ७ नृजन त्राक्धानी किरताकावारम স্থাপনের উদেযাগ চলিতে লাগিল। স্থাত, নাতি-উচ্চ প্রভরভিত্তির উপর ইহাকে স্থাপিত করা হইল। এই-প্রকারে এক একটি সোপানের পর সোপান নির্মাণ করিয়া ইহার মূলকে উচ্চ হইতে উচ্চতর স্থানে উঠাইয়া কৌশলে ইহাকে

দাড় করান হইল। ইহার পরেও বহু চেষ্টায় ও কৌশলে এই ভঙ্কে বর্ত্তমান উচ্চগুনে ভাপিত করা হইয়াছে।

একণে ইহার গাতে খোদিত লিপির আলোচনা করা বাউক। সর্বপ্রথমে Captain Hoare এই লিপির একটা প্রতিলিপি ১৮০১ সালের Asiatic Researcheson প্রকাশ করেন-কিন্ত তথন পণ্ডিতম্প্রলীর কেহই ইহার পাঠোদার করিতে পারেন নাই এবং ১৮৩৭ দাল পর্যান্ত এই লিপি কেবল কৌতৃহলের সামগ্রী হইয়া তাঁহাদের সকল চেষ্টাকে ব্যর্থ করিয়াছিল। অবশেষে James Prinsep সাহেব এই বিপির অক্ষরপাঠের একটা উপায় উদ্ভাবন করেন। তিনি যথন সাঁচি-স্ত**ুপের স্তম্ভে-খোদিত অক্ষর প**ড়িবার চেষ্টার ব্যাপত ছিলেন, তথন লক্ষ্য করিলেন যে, যদিও তাহার অস্তান্ত সমস্ত অংশ পৃথক, তথাপি ইহাদের শেষ ছই অক্ষর একই। তাঁহার মনে হইল যে, ধার্ম্মিক বৌদ্ধগণ ধর্মার্থে স্তম্ভ এবং স্তুপের শোভাবর্দ্ধক অস্তান্ত অলচার-সকল দান করিতেন। এরপ হইতে পারে বে, এই শেষ অক্ষর ছইটি "দানম্" এবং তাহা ছাছ ঠিক হয়, তবে এই "দানম্"এর পূর্বে ষষ্ঠী বিভক্তির চিহু "শু" অকর আছে। তাঁহার অহুমান ষথার্থ হইল। তিনি এই অক্রকয়টি অবলম্বন করিয়া বিপুল চেষ্টায় একমানের মধ্যে উক্ত সাঁচি-স্তৃপের লিপির পাঠোদ্ধার করিলেন 🕨 তাঁহার এই অক্তর-পরিচয় হইতেই অশোকস্তন্তের পাঠোদ্ধারের স্ত্রপাত। এই <u>নর্ব-</u>স্বাবিষ্কৃত পুরাতন ভাষার नाम रहेन खर्खनिथिक शानि वा छात्रकवरीय পালি।

আলোচ্য স্তন্তের গাত্রে ছইপ্রকার শেখা দেখিতে পাওরা যায়। প্রথমটি অঁশাকের থোদিত পালিভাষায়—দিতীয়টি সংস্কৃত-ভাষায় চোহনবংশীয় রাজা বিশালদেবের জরবার্তা। শেষোক্রাট ১২২০ সংবতে অর্থাৎ ১১৬৩ খুষ্টান্দে লিখিত। ইহা আমাদের আলোচনার বিষয়ীভূত করিবার ইচ্ছা নাই। অশোকের লিপি এই স্তন্তের চতুর্দিকে অতি পরিষার এবং স্থান্দর রূপে খোদিত এবং চারিদিকে ফ্রেমের মত অন্ধিত। ইহার প্রত্যেকটিতে একএকটি পৃথক বিষয়ের আদেশ লিপিবন্ধ আছে।

একণে আমরা এই স্তভোপরি খোঁদিত অনুশাসনলিপির আলোচনা করিব। প্রয়াগ, লোরিয়া, সাঁচি প্রভৃতি স্থানে অশোকের বে সকল লিপি খোদিত আছে, তাহাতে মোটের মাধার ছয়টি অনুশাসন দেখিতে পাওয়া যায়। দিল্লীর এই স্তভে এতছাতিরিক্ত আর হই অনুশাসন লিপিবদ্ধ আছে। আমরা এই সকলের বিস্তৃত অনুবাদ না দিয়া বিষয়-বিশেষ-হিসাবে তাহাদের উল্লেখ করিব।

>। অশোক তাঁহার পুরোহিত ও প্রচারকদিগকে একান্ত মঙ্গলভাবে প্রণোদিত হইয়া কার্য্য করিতে আদেশ ও শিক্ষা দিয়াছিলেন; তাঁহার অনুশাসনে আছে :— •

"দেবতাদিগের প্রিয় রাজা প্রিয়দর্শী বলিতেছেন—কল্যাণকর কার্য্য যাঁহা কিছু করিয়াছি, আমার অফ্সরণকারিগণের পল্কে তাহা কর্ত্তব্যকার্য্যরূপে বিধিবদ্ধ হউক। পিতামাতার প্রতি কর্তত্ব্যের দারা, ধর্মাচার্য্যের সেবার এবং বয়োর্দ্ধগণের প্রতি সসম্মান ব্যবহারের দারা, বাহ্মণ, শ্রমণ, পিতৃমাতৃহীন

ষ্মনাথ এবং চারণগণের প্রতি দয়। এবং সৌজফোর দারা তাঁহাদের প্রভাব প্রকটিত হউক।

"দেবতাদিগের প্রিয় রাজা প্রিয়দর্শী বলিতেছেন—ধর্মজ্ঞ পুরোহিতগণ সাহায্যদানে সক্ষম ধনিগণের মধ্যে প্রবেশ করুন, গৃহী এবং সন্ন্যাদী সকলেরই নিকট গমন করুন। আমার অন্তরোধে সংঘসমূহের মধ্যে তাঁহারা প্রবেশ করুন; বাহ্দণ ও নিতান্ত দীনগণের মধ্যে আমার অন্তরোধে তাঁহারা গমন করুন। যাহারা গৃহস্থধর্ম ত্যাগ করিয়াছে, আমার অন্তরোধে, তাঁহারা তাহাদের নিকটও গমন করুন। শুধু প্রবেশ করা নহে—এই সকল শ্রেণীর মধ্যে তাঁহাদের প্রভাব বিস্তার করিতে যথাসাধ্য চেষ্টা করুন। * *

"দেবতানিগের প্রিয় রাজা প্রিয়দর্শী বলিতেছেন —আমার দানশীলা রাজ্ঞীগণ এবং জুন্তান্ত অন্তঃপুরবাদিনীগণের মধ্যে প্রবেশ করিয়া পুণ্যকর্মে দীক্ষিত পুরোহিতগণ ও জ্ঞানিগণ ইংলদের ধর্মমতপ্রবর্তনের জন্ত শ্রনা ও বিচক্ষণতার সহিত তাহাদের চেষ্টার স্থব্যবহার কর্মন। বালকবালিকাগণের হদরেও তাঁহাদের প্রকাক্ষেপ্রকারে বিস্তার কর্মন।

২। দয়া, দাক্ষিণ্য, সত্যপ্রাণতা 'এবং
পবিত্রতাই ঘৈ ধর্ম, তাহা তিনি তাঁহার অমুশাসনে বিশেষভাবে প্রচার করিয়াছেন।
এই স্তম্ভের উত্তরদিকে লিখিত আছে:—

"ধর্মদৃষ্টি এবং ধর্মপ্রাণতা স্বতই ক্রমশ ক্ষিত হইবে। আনার প্রজাবর্গ, কি গৃহস্থ কি ভিকু, সকল জীবই এক ফুলে গ্রথিত, এবং সেই একই পথ নির্দেশ করিবে। সর্কোপরি, সকল রিপু জয় করিয়া তাহারা জ্ঞানী হইবে, কারণ ইহাই প্রকৃত জ্ঞান। যে ধর্ম, পালন করে, যাহা পুণ্যশিক্ষা দেয় এবং যাহা একমাত্র প্রকৃত জ্ঞানন্দ দান করে, জ্ঞান সেই ধর্মের দারা রক্ষিত এবং সেই ধর্মের সহিত সংগ্রথিত।

"দেবতাদিগের প্রিয় রাজা প্রিয়দর্শী বলিতেছেন—ধর্মেই চরম উৎকর্ম। দংক্রিয়া এবং পাপাচরণ হৃইতে নির্ত্তিই ধর্ম। দরা, দান, পবিত্রতা, ইন্দ্রিয়নিগ্রহ, এই সকলই আমার মতে সংস্কারের অভিবেক। যাহারা দরিদ্র, যাহারা আর্ত্ত, দ্বিপদ, চতুম্পদ, থেচর এবং জলচর, এই সকলেরই জন্ম আমি নানা হিতকর কার্য্য করিয়াছি। জড়ের প্রতিও রূপাপরবশ হইয়া আমি নানা সৎকর্মা করিয়াছি। বর্ত্তমান অয়শাসন এই উদ্দেশ্রে প্রচারিত হইল—সকলে অবধান কর; ইহা যেন স্থদ্র ভবিষ্যতেও থাকে; যে এই অয়্বস্নারে কার্য্য করিবে, সে স্থগতের সহিত্ত মিলিত হইবে (অর্থাৎ অনস্ত আ্লান্দ প্রাপ্ত হইবে)।"

অন্তত্র আছে:-- "সমস্ত জগতে দক্ষা; দানশীলতা, সত্যনিষ্ঠা, পবিত্রতা, দাক্ষিণ্য এবং সাধুতা বৃদ্ধি করাই ধর্মের যথার্থ উপাসনা।"

০। আপনার কর্মের বিচার এবং যাহা কিছু পাপ তাহাকে সর্বতোভাবে পরিত্যাগ করার উপদেশ অশোক, সকল স্থানেই দিয়া-ছেন। এই স্তম্ভে লিখিত আছে:—"সকলেই আপনার কর্মের মধ্যে যাহা ভাল, তাহাই দেখে ও বলে—'আমি এই সংকর্ম করিয়াছি।' কিন্তু নিজক্বত পাপামুগ্রান কেহ দেখে না,

কেহই বলে না—'আমি এই ছক্ষ্ম করিয়াছি, ইহা পাপ।' এরপ আয়বিচার ক্টকর সন্দেহ নাই—ক্ষিপ্ত এইপ্রকার বিচার করা ও বলা আবশুক—'এই সকল কর্ম অসৎ, ইহা হিংসা, ইহা ছেম, ইহা ক্রোধ, ইহা মাংসর্যা।' আস্মহদরকে বিশেষরূপে পরীক্ষা করিয়া বলিতে হইবে—'আমি হিংসাকে হদমে স্থান দিব না, পরনিন্দা করিব না।'"

৪। বর্ত্তমান স্বস্তে লিখিত অমুশাসনে দেখিতে পাওয়া যায়—অশোক ধর্মপ্রচারার্থ রাছ্কসকল নিযুক্ত করিয়াছিলেন। যাহারা বধন গুজে। প্রাপ্ত হইয়াছে, তাহাদিগকে তিন-দিন সময় দেওয়ার ব্যবস্থা তিনি করিয়াছিলেন।—"তাহাদিগকে জ্ঞাত করা হইবে ধে, তাহারা এই দিবসত্রয়মাত্র জীবিত থাকিবে। এইপ্রকার জ্ঞাত হইয়া তাহারা পরজন্মের হিতাকাজ্জায় দান করিবে, এবং অনশনত্রত গ্রহণ করিবে।"

ধ। জীবহিংসাসয়য়ে অশোকের অয়ুশাসন এই যে—"জীবিত প্রাণীকে কেহ দয়
করিবে না। অকারণ আমোদের জন্ম জীবহিংসা করিবে না, এক প্রাণীকে বধ করিয়া
ক্রেহ অন্ত জন্তকে থাওয়াইতে পারিবে না।
কয়েকটি নির্দিষ্ট পুণাতিথিতে কোনপ্রকার
পক্ষী, মংস্কা, গো, মেষ, ছাগ বা শ্কর কেহ
হিংসা করিতে পারিবে না।"

৬। অশোকের অন্থাসনের ষষ্ঠ বিষয়

তাঁহার সমস্ট প্রজ্বাবর্গের প্রতি তাঁহার
মঙ্গলভাব এবং তাহাদের কল্যাণকামনা।
তিনি তাহাদের আত্মার কল্যাণকামনায়
প্রণোদিত হইয়া সকলকে বৌদ্ধর্ম গ্রহণ
করিতে উপদেশ করিয়াছিলেন। "আমি

আমার প্রজাবর্গের স্থেষাচ্ছল্যের জন্ত-নানাপ্রকার উপায় অবলম্বন করিয়াছি। * *

এইজন্ত আমি আমার কর্মচারীদিগের উপর
সর্বদা সতর্কদৃষ্টি রাখিয়া থাকি। সকলেই
জাতিনির্বিশেষে আমার নিকট উপকার প্রাপ্ত
হয়—কিন্ত তাহাদের ধ্রমতের পরিবর্তন
আমি প্রধান কর্ত্ব্য মনে করি।"

৭। মহারাজ অশোক তাঁহার এই
সকল ধর্মায়শাসনসম্বন্ধ লিথিয়াছেন:

"* * তাহারা (প্রজাবর্গ) আমার
দৃষ্টাস্ত অমুসরণ করিয়া অনস্ত মৃক্তির অধিকারী হইবে। এইজন্ত আমার অভিষেকের
সপ্তবিংশ বর্ষে এই ধর্মায়শাসন প্রকারিত
হইল।" অন্তল—"দেবতাদিগের প্রিয় রাজা
প্রিয়দর্শী বলিতেছেন—আমি ধর্মের বচনসকল প্রচার করাইয়াছি, ধর্মের বিধানসকল
নির্দেশ করিয়াছি, সকলে তাহা শ্রবণ করিয়া
সত্যপথে নীত হইবে।"

৮। এই স্তম্ভের চতুর্দিকে যে লিপি থোদিত, তাহা হইতে আমরা অশোক জন-সাধারণ, এমন কি, পশুপক্ষীদিগেরও কল্যাণার্থ যে সকল ব্যবস্থা করিয়াছিলেন, তাহার বিবরণ জানিতে পারি।

"দেবতাদিগের প্রিয় রাজা প্রিয়দর্শী বলিতেছেন—বর্তমানকালে সংস্থাপনসমূহ আসার দারা আহুত হইয়াছে।—আমি ধর্ম্মে স্থপ্রবীণ ব্যক্তিসকলকে নিযুক্ত করি-য়াছি এবং ধর্মপ্রচারের জন্ম বহু আয়াস

"দেৰতাদিগের প্রিয় রাজা প্রিয়দর্শী পুন-রার বলিতেছেন—রাজপথসমূহের পার্শু আমি ভাগোধরুক্ষসকল রোপণ করাইয়াছি —তাহারা পথশ্রান্ত মনুষ্যগণকে এবং জন্তু-দিগকে ছারাদান করিবে।

"আমি বহু আত্রবৃক্ষ রোপণ করাইরাছি
এবং অর্ককোলান্তরে কুপ ধনন করাইরাছি
—রাত্রিকালে বিশ্রামার্থ বাসভবনসমূহ
নির্মাণ করাইরাছি। মহুষ্য এবং পশুগণের
হুথস্বাছল্যের জন্ম আমি কত স্থানে কত
বাসস্থান নির্মাণ করাইরাছি, তাহার ইরত্তা
আছে কি ? মহুষ্যগণ পথে এই নব বাসভবনসমূহে নানাবিধ স্থুখ পাইরা যেমন
আনন্দিত হইবে, তেমনি তাহারা যেন আমার
উদ্দেশ্য বুঝিরা দ্যাব্রত গ্রহণ করে।—ইহাই

শামার উদ্দেশ্ত—এইরূপই আমি করিরাছি।

* * এই সমস্ত বিধি এই উদ্দেশ্তেই প্রচারিত হইল—আমার পুত্র—পুত্রের পুত্র পর্যান্ত

—যতকাল স্থ্যাচক্র থাকিবে, ততকাল পর্যান্ত

—ইহারা বর্ত্তমান থাকিবে। * * আমার রাজত্বকালের সপ্তবিংশ বর্বে আমি এই
ধর্মানুশাসন লিপিবদ্ধ করাইয়াছি। দেবতাদিগের প্রিয় রাজা প্রিয়দর্শী বলিতেছেন—
প্রস্তর্যকলক এবং স্তম্ভসমূহ নির্মিত হউক
এবং তত্তপরি এই সকল ধর্মামুশাসন থোদিত

হউক। সে সকল যেন অনস্তকাল পর্যান্ত
বর্ত্তমান থাকে।"

অধ্যাপর্ক— • শান্তিনিকেতন, ব্রহ্মচর্য্যাপ্রম।

চৈত্রের গান।

ওরে আমার কর্মহারা

ওরে আমার মনরে আমার মন!

জানিনে তুই কিসের লাগি

কোন্ সেকালের বিল্পু ভ্বন!

কোন্ সেকালের বিল্পু ভ্বন!

কোন্ প্রাণো যুগের বাণী

তামার মুথে উঠ্চে আজি ফুটে!

অনন্ত তোর প্রাচীন স্বতি

তনে চুক্ষে অক্রধারা ছুটে!

আজি সকল আকাশ জুড়ে

গোচন তোমার পাথা উড়ে

তোমার সাথে চল্তে আমি নারি!

তুমি যাদের চিনি বলে' টান্চ বুকে নিচ্চ কোলে আমি তাদের চিন্তে নাহি পারি !

আজুকে নবীন চৈত্রমাসে পুরাতনের বাতাস আসে, খুলে গেছে যুগাস্তরের সেতু।

মিথ্যা আজি কান্ধের কথা, আজ জেগেছে যে সব ব্যথা এই জীবনে নাইক তাহার হেতু!

গভীর চিত্তে গোপন-শালা দেখা ঘুমায় যে রাজবালা জানিনে সে কোন্ জনমের পাওয়া,

দেখে নিলেম ক্ষণেক তারে, যেশ্নি আজি মনের দারে যবনিকা উড়িয়ে দিল হাওয়া !

ফুলের গন্ধ চুপে চুপে আজি সোনার কাঠিরপে ভাঙাল তার চির্যুগের ঘুম।

দেখ্চে লরে' মুকুর করে আঁকা তাহার লালাট'পরে द्यान् जनस्यत ज्लन-कूक्स !

आकरक शमग्र याश करह भिथा। नरह मछा नरह, কেবল তাহা অরূপ অপরূপ!

খুলে গেছে কেমন করে' আজি অসম্ভবের ঘরে; मर्ट-পড़ा भूतार्गा कूनून।

ट्रियात्र मात्रादीत्पत्र मात्य यक्तनानात्र तीना वाद्य,

ফেণিয়ে ওঠে নীল সাগরের ঢেউ,

মশ্বরিত-তমাল-ছায়ে ভিজে-চিকুর শুকায় বায়ে তাদের চেনে চেনে না বা কেউ!

লৈলভলে চরায় ধেছ বাজায় বেণু চুড়ার তারা সোনার মালা পরে।

দোনার তুলি দিয়ে লিখা চৈত্রমাসের মরীচিকা কাঁদার হিয়া অপূর্বাধন-তরে!

গাছের পাতা যেমন কাঁপে দখিন বারে মধুর তাপে, তেম্নি মম কাঁপ্চে সারাপ্রাণ!

কাঁপ্চে দেহে কাঁপ্চে মনে হাওয়ার সাথে আলোর সনে,
মর্শরিয়া উঠ্চে কলতান!
কোন্ অতিথি এসেছে গো কারেও আমি চিনিনে.গোঁ,
মোর ছারে কে কর্চে আনাগোনা!
ছায়ায় আজি তরুর মূলে ঘাসের 'পরে নদীর কূলে
ওগো তোরা শোনা আমায় শোনা—
দ্র আকাশের ঘুমপাড়ানি মৌমাছিদের মনহারানি
স্কৃই-কোটানো ঘাস-দোলানো গান,
জলের গারে পুলক-দেওয়া ফুলের গন্ধ কুড়িয়ে-নেওয়া
চোথের পাতে ঘুম-বোলানো তান!

বেদ্না যত স্থাধের ছথের ভনাদ্নে গো ক্লান্ত বুকের প্রেমের কথা, আশার নিরাশার! অর্থবিহীন কথার ছন্দ ভ্নাও ভধু মৃত্মক ভধু হুরের আকুল ঝকার! ধারায়ন্তে স্নান করি' ় যত্নে তুমি এস পরি' পীতবরণ লঘুবসনখানি। **इन्स्तिति श्वात्वशं**, ভালে আঁক ফুলের রেথা কোলের 'পরে সেতার লহ টানি'! স্নীলছায়া গাছের সারে দূর দিগত্তে মাঠের পারে নয়নছটি মগ্ন করি চাও! ভিরদেশী কবির গাঁথা অজানা কোন্ ভাষার গাথা গুঞ্জরিয়া গুঞ্জরিয়া গাও!

इर्वन।

রে হর্কল, ব্ঝিয়াছি হৃদয়ের কথা, হর্লভ হারায়ে গেছে তাই শুধু ব্যথা! আর কেই পাছে তারে খুঁজে ফ্রে পায় তাই তোর এত ভয়, এত হায় হায়! শ্রীপ্রিয়ম্বদা দেবী।

অনুতাপিনী সন্ন্যাসিনী।

(ফরাসী লেখক ইউজেন-ডোরিয়াক্ হইতে)

১৭৩২ খুটান্ধে আষাচ্মাদের আরম্ভভাগে একটি রমণী টুলুজ্-নগরীর রাজপথ-দিয়া জভপদে চলিতেছিল। পথ জিজ্ঞাসা করিয়া লইবার জন্য, মধ্যে-মধ্যে থামিতেছিল, আকার চলিতেছিল। অবশেষে একটা মঠের নিকট উপনীত হইয়া বলিল:—"মঠধাবিণীর সন্থিত আমি সাক্ষাৎ কর্তে চাই।" অমনি, লোহ-গরাদিয়া-বেইনের প্রবেশ্বার উদ্বাতিত হইল।

একজন বৃদ্ধা সন্ত্রা গিনী তাহাকে ভিতরে প্রবেশ করাইয়া, একটা কাম্রার মধো লইয়া গেল। সেটি স্তবপাঠের স্থান;— স্থানর সজ্জার স্থাজ্জিত, কুস্থমগদ্ধে আমোনদিত। সেই অপরিচিতা সন্ত্রাসিনী তাহাকে দেখানে একাকিনী রাখিয়া, একটি কথা না বলিয়া, প্রস্থান করিল। একটু পরেই, আর একজন, রুম্ণী গর্মিত পদক্ষেপে প্রবেশ করিয়া, মস্তক ঈষৎ নত করিয়া অভিবাদন করিল। পরে আগস্তককে একধানি আসনে বিসিতে ইদিত করিয়া, ছইজনেই উপবেশন করিল।

বিলাসের সামগ্রী বতদ্র মৃণ্যবান্ ও ইক্রিয়াকর্ষক হইতে পারে, সেই সব সামগ্রীতে এই কক্ষটি স্থসজ্জিত; এইরূপ স্বসজ্জিত খরে, এই ছুইটি রম্ণীকে যদি কেহ এই সময়ে দেখিত, দে নিশ্চয়ই মনে-মনে কত-কি ভাবিত, কিন্তু কিছুই ঠিক করিয়া উঠিতে পারিত না।

এই ছই রমণীর মধ্যে, একজনের দেছের উচ্চতা, সচরাচর স্ত্রীলোকের বেরূপ হইয়া থাকে, সেইরূপ। থৌবনে ইহারই মধ্যে ভাঁটা-পাঁড়িতে আরস্ক হইয়াছে। পরিধানে মোটা ফু্যানেলের কাপড়; গলার নীচের দিকে-একটু থোলা; মিহি-স্ভার "দেমিজ"-জামা ভিতর হুইতে দেখা বাইতেছে। চোঝের ভারা ক্লফবর্ণ ও অগ্রিময়। কপোলের ছই দিকে পাকানো সলিতার ন্যায় ছইটি কুক্ষাভ অলকদাম লহিত; ভাহাতে ভাহার মুখের

খিতীয়া রমণীর মুখপ্রী কঠোর, মহস্কুত্বক, শুরুগন্তীর, রাজমহিমণীপ্ত; এবং তাঁহার সরিকর্ষের এরপ প্রভাব বে, তাহার্তে অভিত্ত হয়। তাঁহার লোকিক নাম 'গ্যাব্রিয়েল', কিন্তু মঠের লোকের। তাঁহাকে 'মাতাজি-আান্-মারী' বলিয়া ডাকিত।

ৰিতীয়ার অপেকা, প্রথমা বরুলে ২০ বংসরের ছোটো; লখা, ছিপ্ছিপে, গাত্লা; বাতাহত নতশির কুস্থম-কলিকার ন্যার ইনি বেন সর্বাদাই কাঁপিতেছেন ও নত হইরাই আছেন। ইহার মুখ্ঞী বাস্তব-পক্ষে স্কর হই-

লেও, চির-বন্ধণার ছাপ্ যেন উছাতে মৃদ্রিত।
ইহার স্থনীল নেত্রের চারিধারে স্থনীর্থ পক্ষরাঞ্জি; ছইএকটি মোটা মোটা অঞ্চকেটা
যেন তাহাতে আটুকাইয়া রহিয়াছে। তাহার
চিক্কণ কেশগুচ্ছ, কক্ষ-প্রবাহিত স্থনীতল
মৃত্যুমক্ষ অনিলভরে, বক্ষের উপরে ক্রীড়া
করিতেছে। মাতাজি অনেকক্ষণ নীরব
থাকিয়া, পরে বলিলেন:—"ভদ্রে, আমি
কি জিজ্ঞানা কর্তে পারি, কি অভিপ্রারে
ভূমি আমার নিকটে এনেছ ?"

তরণীর মুথমণ্ডল অঞ্জলে পরিপ্লভ ছিল, একণে চোথের জল মুছিয়া সে উত্তর করিল:- "মা, আমি আপনার কাছে সার্ভনা পাবার জন্ম এসেছি। আমি হতভাগিনী, আমি পাণিষ্ঠা; কিন্ত আমার হৃদর্শের জন্ত আমি যথেষ্ট কষ্টও পেয়েছি। আমার মা-বাপ আমার কাছে সর্বাদাই বলুতন, 'অমু-তাপু কর্লে ঈশর মার্জনা করেন।' কিন্তু আমার বিখাস, অমৃতাপ যথেষ্ট নয়, আমা-দের মহাপ্রভু বলেন :- 'ষাদের ধন এখার্যা আছে, তাদের পক্ষে স্বর্গরাজ্যে প্রবেশ করা क्कत ।' याटक बामात लाट्यत कालन रव, ষাতে আমার প্রায় ভিত সম্পূর্ণ হয়, এইজন্ম আমি আমার সমস্ত ধনসম্পত্তি বিস্ক্রেন করে', আপুনার শ্বেহ্মর কোলে আশ্রয় নিতে এসৈছি। মা, দয়া করে' আপনার পৰিত্র कन्गारमत्र मर्था आमारक এक हे श्रान निन।" মাতালি বলিলেন:- "প্রভুর শান্তি-নিকেতনের হার সকল পাপীর জন্মই উন্মৃক্ত। उद् धक्षा क्या यनि छामारक वनि, किहू मरन 'कारता ना। आभारतेत आक्षरम (य-नव ভ্যাগদ্বীকার কর্তে হয়, বে-সব কঠোর

সাধনা ক্রতে হয়, সে-সব তুমি যে সহ কর্তে পার্বে, তোমার পারীরিক অবস্থা দেখে তা' মনে হয় না। তোমার পারীর হর্মল, তোমার স্বাস্থ্য…"

তাঁহার কথা শেষ না হইতে-হইতেই আগন্তক বলিল:— "হা ভগবান! তা হ'লে পথহারা হরেই কি এইভাবে আমায় চির-কাল ঘুরে বেড়াতে হবে? মাতাজি, আপনার দয়ার শরার, আপনি মমতাময়ী; আপনাকে আমি অহনয় কর্চি, আপনার কাছ থেকে আমাকে দ্র করে' দেবেন না। এ সংসারে আমার আর কেউই নেই। এখন আর আমার আমী নেই—আর বোধ হয় প্তেও নেই।"

বেচারি বাস্তবিকই বড় কষ্ট পাইতেছে মনে করিয়া, মাতাজির হৃদয় আর্দ্র ইইল তিনি আগ্রহভরে আরও কাছে ঘেঁষিয়া বসিলেন এবং অতীব মধুর বচনে বলিতে লাগিলেন:-- "বাছা, ভোমার চোথের জল মোছো। তোনাকে আমার কাছ থেকে দূর কর্বার কোন অভিপ্রায় নেই: তোমার প্রতিজ্ঞা যদি অটল পাকে, অন্য কার্কে লিপ্ত হবার যদি তোমার স্বাধীনতা থাকে, আর যদি ভোষার যথেষ্ট মনের বল থাকে, ভা হ'লে আমাদের সঙ্গে ভূমি থাকো। আমরা ভোমাকে সাম্বনা হেব। কণা ভরসা করে' বঁল্তে পারি, ভোমার প্রার্থনার সঙ্গে যদি আমাদের প্রার্থনার যোগ হয়, তা হ'লে ঈশ্বর নিশ্বরই তোমাকে ক্ষমা কর্বেন।"

বলিতে বলিতে তিনি একবার থানি-ধেন এবং খুব মনোবোগের সহিত দেই আশ্ররপ্রার্থিনীকে নিরীক্ষণ করিলেন; তাহার পর আবার বলিতে আরম্ভ করিলেন:—"কিন্ত আমাদের আশ্রমের নিরম-অন্নারে, প্রথমে আমাদের জানা আবশুক, তুমি কোণা হ'তে আস্চ। বোধ হচ্চে তৃমি বিদেশিনী। তুমি কে বল দিকি ? তোমার কি কোন আত্মীয়স্থলন নেই ? তৃমি যে সক্ষর করেছ, তার জ্বন্ত হবে না ?"

এই প্রশ্ন গুলি পর-পর একসঙ্গে জিজ্ঞাসা করায়, সাগন্তক একটু পতমত থাইয়া গেল। •ভাহার পাঞ্বর্ণ কপোল ঈষৎ রক্তিমা-রঞ্জিত হইল'।

কিন্ত একটু পরেই গাপনাকে সাম্লাইয়ালইরা, অবিচলিত-প্রশান্ত ভাবে ও সম্প্ণদৃঢ়তা সহকারে উত্তর করিল:—"লওঁনের
পার্যবর্তী কোন-এক পলিতে আমার জন্ম:
আমার নাম, প্রশ্বেরীর 'কাথেরাইন্'।
আমি ডামুথের কৌন্টেস্ আমি জন্মাবধি
ক্যাথলিক-ধর্মাবলমী।"

তাই কথা গুলি বলিয়া, ঐ আগস্তুক রমণী জীহার পরিচ্ছদের মধ্য হইতে একটি ইদ্পাৎমণ্ডিত বাক্সো বাহির করিল। বলিল:—
"মা, এই রাক্সোটি আপনি রাখুন, এর
ভিতরে আমার বৌতুকের ধনরত্ব আছে।
কিন্তু তার চেক্ষেও যে একটি মূল্যবান্ জিনিস
আমার আছে, তার সন্ধান আপনি ওতে
পাবেন। অবশ্রু আপনার কাছে সেটি মূল্যবান্ নয়; কিন্তু এ সংসারে সেইটিই ভামার
একমাত্র ধন, সেইটিই আমার একমাত্র
বন্ধন। আহা! আবার বে আমি তাকে
দেপত্ত পাব, সে আশা আর আমার নেই

আমার শিশুটিকে আমার কাছ থৈকে
নিয়ে গেছে; ফ্রান্সে নিয়ে যাবার জ্ঞে,
তাকে আমার কোল থেকে ছিনিয়ে নিয়ে
গেছে। সে যদি এখনও বেঁচে থাকে, আর
যদি কোনোদিন আপনি তার কথা শুন্তে
পান, তা হ'লে আপনি এই বাক্সোটি তাকে
দেবেন, আপনার কাছে এটি গচ্ছিত রইল।
ওরই মধ্যে, সে তার মায়ের অন্তিমকালের
ইচ্ছে জানতে পারবে।"

>

উপরে বাহা বির্ত হইল, তাহার ছুই বংসর পরে, টুলুজ-্নগরে সকলেই বলাবলি, করিতে লাগিল যে, ডামুথের কৌন্টেস্. মঠে গিয়া সন্ত্রাদিনীর অবস্তুঠন গ্রহণ করিয়াছেন।

এই উপলক্ষ্যে, মঠের ভজনালয় চিত্রিত পদায় ও অতীব ত্ল'ভ এবং সদাঃপ্রকৃটিত কুম্মগুড়ে ম্সজ্জিত হুইয়াছিল। সেকালে মঠগুলি যার-পর-নাই জম্কালো সাজসজ্জায় ভ্ষতি হইত। তাহার কারণ, সম্রান্তবংশের ও রাজপরিবারের মহিলারাও সে সময়ে কথন-কথন মঠের আশ্রয় লইতেন। এই-জন্ম মঠের ধর্মাম্গ্রানের মধ্যেও রাজকীয় আড্রার ও ঘটা পরিলক্ষিত হুইত।

প্রথমে ১০ই আষাঢ় দীক্ষার, দিন ছির হয়,কিন্ধ মঠধারিণী মাতাজি পীড়িতহ ওর্মার, দশদিন আরও পিছাইয়া যায়৷ কেন না, শ্রদ্ধাম্পদ • মাতাজি ভিন্ন দীক্ষাকার্য্য • আর কাহারও দ্বারা সম্পাদিত হইতে পারে না।

আৰু সেই দীকার দিন। অহঠানের একঘণ্টা পূর্বের, শুভ্রবসনা অবভৃষ্টিতা কুস্কম-কিরীটিনী দীক্ষা-প্রার্থিনী, সীয় ধর্ম- त्रमाणं इटल जमर्लिणं इहेरणन। :कांत्रणं, निक् शित्रपात्रवर्णतं व्यक्तार्यं, राहे धर्य-माणाहे जाहारक गर्क कत्रित्रा नगरत व्यक्तित्राहिर्णन। मर्ठत चात जेल्यां निक्तित्रा, मर्ठधातिणे माणांक मौकार्थिनीरक विण्यानः—"वाक वर्रम, रजामारक मन्पूर्णं वाधीनणा मिकि; मःगरित गिरत यि स्थी ह्वात व्याणा थारक, जा हर्षां, राहेथारनहें रंषरका, व्यात व्यक्ता व्यक्

ধ্ব অম্কালো বছ্/ল্য পরিছেদে আর্ত হইরা, আনলে উৎকুল্ল হইরা, ডামুপের কৌন্টেদ্ সমস্ত সহরমর ঘুরিরা বেড়াইলেন। উৎস্বসজ্জার স্থার স্থসজ্জিত নগর-গির্জা-গুলি পরিদর্শন করিলেন। কিন্তু সংসারের এই সমস্ত আঁড়ম্বর দেখিরা তিনি তৃপ্তিলাভ করিতে পারিলেন না—তিনি বিনা-পরিতাপে মঠের ভজনালয়ে আবার ফিরিয়া আদিলেন এবং স্থপবিত্র বেদ্যী-স্থানের প্রবেশপথে তাঁহার জক্ত বে 'প্রার্থনা-ডেস্কো' প্রস্তুত হইরাছিল, সেইখানে আসিয়া আসন গ্রহণ করিলেন। তাঁহার বামপার্শে তাঁহার ধর্মনাতা উপবিষ্ট হইলেন।

তথ্ন কোন্টেদ্ দেখিলেন, সঙ্গাতের হানে অনেক মঠ-সর্গাসিনী সমবেত হুইরাছেন। আলো দেখিলেন, ছটি 'ক্ শ'—বাহার মধ্যে একটি অবস্থাঠনে আর্ত; কতক গুলি ঝোমবাতি—বাহা 'স্থতি-ভোল' (communion') অনুষ্ঠানের জন্ম প্রভেদ গুটাইরা—বাহাতে সর্গাসিনীর পরিভেদ রক্ষিত; একটি কাণার ক্রিক্টিল, একথানি কাঁচি—বাহা-দিরা পরে জালার স্থাবার স্থাবা

হইবে;—এই সকল সামগ্রী সেইখানে স্থাপিত হইয়াছে।

দীক্ষার্থনীর সন্থু থে একটি বাতির ঝাড় রক্ষিত, তাহাতে একটি বাতি অনি.তেছে। 'পৃষ্টদেহ-শ্বতিভাজ'-সংক্রান্ত উপাসনা (mass) হইতে আরম্ভ করিয়া 'নৈবেদ্যা-উৎসর্গ-বন্দনা' (offeratory) পর্যান্ত এই বাতিটি অনিবার কথা। একটু পরে, দীক্ষার্থনী একাকিনী উঠিয়া পুরোহিতের হতে তাঁহার দেয় নৈবেছ অর্পণ করিলেন।

'মান্'-উপাসনা শেষ হইলে, ক্যাণেরাইন্ স্থীয় ধর্মমাতার সহিত বেদী-স্থানের . (sanctorium) গ্রাদিরার নিকট ধীরে-ধীরে অগ্রসর হইলেন। মঠগারিণী মাতা-ক্ষিপ্ত স্থীয় সহকারিণীবর্গে পরিবেটিত হইর সেইথানে আগমন করিলেন।

কৌন্টেদ্ নতজান্ন হইয়া বসিলেন।
মঠধারিণী মাতাজি দণ্ডায়মান থাকিয়া
তাহাকে বলিলেন:—"বংসে, ভূমি কি
চাও ?"

ক্যাথেরাইন্ দৃঢ়ক্তরে উত্তর করিলেন :—
"আমি ঈশবের কুপা চাই; আপনার মঠে
দীক্ষিত হ'তে চাই; এবং আপনি বে
সম্প্রদারের সন্ত্যাসিনী, সেই সন্যাসিনীর বেশ
পরিধান কর্বার অস্তুমতি চাই।" মঠধারিণী
আবার বলিলেন:—"বিশুশ্টের যুগ-কাই
চিরকাল বহন কর্বে বলে' কি তুমি দৃঢ়সকর হরেছ।"

--- "হাঁ মাতাৰি।"

— "ধর্মজীবনের কঠোর ব্রতাদি-সাধনের বল কি ভোমার আছে ?" "হাঁ মাভাজি, আমি ভয়সা করি, ঈশবের প্রসাদে এবং আপনাদের প্রার্থনার বলে আমার পক্ষে কিছুই হুষ্কর হবে না ."

——"বংসে, ঈশরের প্রদাদ তোমার উপর বর্ষিত হোক্, তুমি খেন অবশেষে শুগরাজো প্রবেশ কর্তে পার, ঈশরের কাছে আমার এই আস্তরিক প্রার্থনা।"

কতক গুলি অনুষ্ঠানের পর, দীক্ষার্থিনী
মঠের হার দিয়া মঠের অভান্তরে প্রবেশ
করিবার অধিকার পাইলেন। মঠের
অভান্তরে প্রবেশের পূর্বে, মঠের প্রথাঅনুসারে, তাঁহার কোন নিকটতম
আন্ধারকে তিনি আলিক্ষন করিতে পারিলেন না। কেন না, তাঁহার কোন আন্ধার
ছিল না। তিনি পশ্চাতে একবার ফিরিরাও দেখিলেন না।

একটু পরেই, তিনি মাতাজির পদতলে সাষ্টালে প্রণিপাত করিলেন। মাতাজির সহকারিণীগণ তাঁহার লৌকিক বসন খুলিয়া শইয়া, তাহার পরিবর্তে একটি লখা জামা, একটি कारमा 'शाउन', वक्र-श्रष्टेत्र এकि व्योक्शमन-वञ्च এवः এकि अभमाना उाँशांक প্রদান করিল। তাঁহার দীর্ঘ-চিত্তণ কেশ-ওচ্ছ তথনও তাঁহার স্বদ্ধের ছই দিকে বিভক্ত হইয়া৽ • ব্লিলখিত ছিল: কিন্তু মঠধাবিণী মাতাজি তাহা ছেদন করিতে তিলাম বিলয় क्तिर्मन भा। (इसम क्तिश्राहे এक्कन সন্নাদিনীকে উঁহা পুড়াইয়া ফেলিতে বলিলেন। ভাহার পর, একটি শিরোবন্ধনের किछा, अक्षे मझानिनीत भेव छर्छन, अक्षे কণ্টকময় কৃত্ম-কিরীট দীক্ষিতাকে প্রদান ক্রিলেন। বে ভিনদিন ভাঁছাকে বিজ্ञন-बारम शांकिएक इहेरब, त्मृहे जिनमिन এहे কাঁটার মুকুটটি জাঁহার মাথা হইতে পুলিতে পাৰিবেল না।

এইরূপ সাজে গাজত হইরা, তাঁহার ব্রন্তপ্রতিজ্ঞা পট-পট করিয়া উকৈ: খরে গজীরভাবে পাঠ করিলেন। কিন্তু যে মুহুর্জে
তাঁহার লৌকিক নাম 'ক্যাপেরাইনে'র পরিবর্জে, 'মারী পেরেদ্' এই নামে তাঁহার নামকরণ হইল, ঠিক সেই সমরে একটা বিষম ছুদৈর উপস্থিত হইয়া অন্ত্রানের ব্যাঘাত জন্মাইল। একজন বিদেশী ব্যাজি—যে কিছুকাল হইতে "ইংরেজ" এই নামে নগরবাসাদিগের নিকট পরিচিত ছিল —সে সহস্য একটা বিকট চাঁৎকার করিয়া মৃত্রিত হইয়া পড়িল।

পার্শবন্তী ভিন্ন-মঠের স্বর্গাসীর দল, বাহার। সেধানে উপস্থিত ছিল, তাহার। তাড়াতাড়ি আসিয়া ধরাধরি করিয়া তাহাকে তাহাদের মঠে ভঞ্জাবার জন্ম লইয়া গেল। তাহার সহিত একটি শিশু ছিল, সে-ও সলে গেল। সেই অবধি তাহার কিংবা সেই শিশুটির কোন সংবাদ পাওয়া গেল না।

•

এই ভাবে অনেক বৎসর কাট্টিয়া গেল। একদিন দেখা গেল, একজন সন্ন্যাসিনী পূর্ব্ববর্ণিত মঠের স্থরন্ধ-গছ্বন্থের মধ্যে একটা পাঁচালো সিঁভি দিয়া নাবিতেছে।

মঠধারিণীগণ বেথানে কবরস্থ , হইয়া খাকেন, সেই কবর-স্থানের শেষ কবরটির দিকে সেই সয়্যাসিনী অগ্রসর হইয়া নতক্রাস্থ হইয়া প্রার্থনা, করিতে, বিসল ৷ এবং ছোটো-খাটো একটা প্রার্থনা শেষ করিয়াই উচৈঃখরে এইরূপ বলিতে লাসিল :—

"হে ঈখর, আমি বদি কোন অভায় কাজ করে' থাকি, আমাকে ক্ষমা কর। আর তৃমি মাতাজি-পবিত্র জননি --আমার উপকারী বন্ধু--তোমাকে আমি কত ভাশবাদ্তেম, তোমার মৃত্যুতে আমার कि कष्टेरे इसिहिल; এখন বে আমি এদে তোমার শান্তিভঙ্গ কর্চি, তার জন্ত আমাকে কিন্তু সেই গোপনীয় মার্জনা কর্বে। কণাটা আমার বুকের ভিতর বোঝার মত : (६८९ तरम्रह्। आत अनितनत मस्याहे আমারও শীতল দেহ এই মাটির মধ্যে প্রবেশ ্কর্বে। তুমি বেঁচে থাক্তে বে গুপ্তকথা সাহস করে' ভোমার কাছে বল্তে পারি নি, .সেই কথা আৰু আমি তোমার কবরের धरत' आभात कःथ-कष्टे तूरकत गरधा मुकिरम রেখেছিলেম; এখন তা' প্রকাশ কর্লে भामात बूरकत (बालांगे। न्तरव शारव, जात, ঈশবের সম্ব্রেও পাপ হ'তে আমি একটু মুক্ত হ'তে পার্ব।"

এই মৃহুর্জে সয়াসিনী কি-বেন একটা
শক্ষ ভানিতে পাইল; তাহার সমস্ত শরীর
কম্পিত হইল। ভাল করিরা ভানিবার জন্ত
কান পাতিরা রহিল। কিন্তু আর কিছু
ভানিতে না পাইরা, আখন্ত হইরা, পরে
আবার, বলিতে আরম্ভ করিল:—"আমি
শ্রুণ্রের-ভিউকের কল্পা আমোদপ্রমোদেই দিন কাটাতেম। বে বায়ু, আমি
নিশাসে গ্রহণ কর্তেম, বে আকাশ
আমি চোথের শাম্নে দেখ্তেম, তাতেই
আমার আনন্দ হত; আমি আর কিছু
চাইতেম না। তার্বির ডার্ম্বের কৌন্ট

আমার প্রার্থী হলেন; অবশেবে আমাকে বিবাহ কর্লেন। তাতে আমার প্রথের জীবনে কোনরূপ পরিবর্ত্তন ঘটুল না; কেন না, আমি তাঁকে ভালবেসেছিলেম। তথন আমার কপালে একটুও ভাবনার রেখা পড়ে নি। লোকে আমাকে প্রন্দরী বল্ত, রূপবতী বল্ত; আমার চিকণ চুল পিঠের উপর দিয়ে বেন চেউ থেলিয়ে বেত। এ সব অতি তুদ্ধেকথা, স্লেহ নেই; কিছু গত্তজীবনের এই ক্ষুদ্র কথাগুলি শ্বরণ কর্লেও একটু স্বথ হয়। এই কথাগুলি শ্বরণ করে? আমি ০০বংসর কাল বে অসহু বন্ধুণা ভোগ করেছি, তার বর্ণনা কর্তে একটু বন্ধ পাব।

"একসময়, 'বদান্ত-মণ্ডলী' নামে একটি স্থাপিত হয়। সেই সভা লণ্ডননগরে উদ্দেশ্য इःथी-कांडालातत्र इःथ-মোচন! এই উদ্দেশে ধন উৎসূর্গ কর্বার অন্ত সর্বসাধারণকে আহ্বান করা হ'ত। তাই আমিও এই কাজে কিছু সাহায্য কর্ব মনে কর্লেম। সভায় পাঠিয়ে দেবার क्य किছ টाका আমাদের থাবাঞ্চি वर्জ दविन्मरनद शास्त्र दिश्व मिर्गिम। आत्र, কতকভাল ভ্ৰৱসামগ্ৰী বিক্রমের আমাদের ভাগুারীর জিলা করে' , ছিলেম। भटन करतिहिल्मा, मिहेशील विख्ना करत्र' যে টাকা পাওয়া বাবে, সেই টাক্ঃ দরিদ্রদের বিভরণ কর্ব।

তার কিছুদিন পরে, একজন অপরি-চিত ব্যক্তির কাছ থেকে একখানা পত্র পেলেম; তাতে সে লিখেছে, গোপনে আমার সহিত সাক্ষাং কর্তে চার। আমি নিতাক অবক্ষা-ভরে সে পত্রের কোন উত্তর দিলেম না। তার হইদিন পরে, আর এক পত্র আমার হাতে এল। পত্র-খানা উদ্ধত আদেশের ভাবে লেখা; আর, তাতে ভয়প্রদর্শনও আছে। শেষে এই কথা লিথেছে:— 'তুমি যদি আমার না হও, তাহা হইলে তোমার সামীর মরণ নিশ্চর জানিবে।' এই পত্রখানা পেয়ে আমার অত্যন্ত ভয় হ'ল; কিন্তু পাছে আমার থামী উদ্বিগ্ন হন, এইজন্ত আমি এই পত্রের কথা তাঁকে কিছুই বল্লেম না।

"সেইদিন রাত্রে আমার জ্বর ২'ল। আমি প্রলাপে গুপ্তহত্যার কথা ক্রমাগত বলতে লাগলেম। তার পরদিন, জরের किছू উপশ্र र उशाय, मान कत्लम, এक है বাড়ীর বাহিরে যাই। এই মনে করে' বার-দর্জার চৌকাঠে যেমনি পা °দিয়েছি, অম্নি কে-যেন এসে আমায় জোর করে' ধর্লে, ওঁজি দিয়ে আমার মুথ বন্ধ করে' আমাকে একটা গাড়ির মধ্যে উঠিয়ে নিলে অামি তখন অন্তঃসন্থা ছিলেম; শীমার এই চর্বল অবস্থাতেই সেই কাপুরুষ জন-টম্সন আমাকে হরণ করে' নিয়ে বার। তথন থেকেই, আমি তাকে স্কান্ত:-করবে. ছুণা করতেম, ও ধার পর-নাই হ্বাকা বলে তাকে ক্ৰমাগত ভংগনা कर्राज्य। - किंड अ नमल पूर्वा, अवला, ভৎসনা সন্ধেত, পূরো ছইমাস সে আমাকে তার কাছে আট্কে রেখে দিলে। এই नमरत आमात এक है भूत कृमिष्ठ र'न। তার নাম রাখ্লেম 'হারি'। .."

্এই কথা ৰশিয়াই সে ভাড়াভাড়ি উঠিয়া পড়িল। ভাহার মনে হইল, কে- বেন আবার হাঁরির নাম[®] উচ্চারণ করিল।

—"বেষি হয় আমার কথারই প্রতিধ্বিনি।" এই বলিয়া, আবার জায় পাতিয়া বিসিয়া তাহার নিজ বৃত্তান্ত বলিতেলাগিলঃ—"পুত ভূমিষ্ঠ হবার পর, আমি বেই স্লেহভরে তার মুখচুখন কর্ব, অম্নি আবার সেই হতভাগা নরাধম এসে আমার কোলের শিশুটিকে কোল থেকে ছিনিয়ে নিয়ে গেল। জোর করে' নিয়ে যাবার দক্রণ, বাছার ছোটছোট হাতছটি থেকে সে সময়ে ঝর্ঝর্ করে' রক্ত পড়েছিল।

"হা ভগবান্! সেইদিন পেকে জামি কভ কটই পেয়েছি। কেঁদে-কেঁদে আনার চোঝের জল যেন ক্রিট্র গিয়েছিল। বাছাটি যথন বহুদ্র চলে গেছে, তথনও আমি সেই প্রস্ব-শ্যায় শুয়ে-শুয়ে, 'হাঁরি' 'হাঁরি' বলে' ক্রমাগত ডেকেচি।"

সেই সময়ে একটা পদশক শুনিতে পাওয়ায় সয়্যাসিনী সহসা পিছন ফিরিয়া দেখিল— এক জন পুক্ষ-সয়াসী তাহার সম্মুখে দঙায়মান।

একটি প্রদীপ কবরের উপার জ্বলিতে-ছিল; সেই প্রদীপের উজ্জ্ব আলোকে আগস্কুক দেখিল, সন্ন্যাসিনীর মুধমণ্ডল অঞ্জলে প্লাবিত।

সন্ন্যাসিনী বলিয়া উঠিল :— "কে তুমি ? বে গোপনীয় কথা আমি আর' কারও. নিকটে বলি নি— যা' শুধু এই কর্বরের কাছে বিশাস করে' বল্ছিলেম, তা'ই আমার মঞ্জাতে শোন্বার জন্ত তুমি কি এখানে এসেছ ?" — "আমি একজন অবোগ্য সামান্ত
সন্ধাসি-ভ্রাতা । তোমাদের একজন সন্ধা'সিনী ভগিনী পীড়িত হওয়ার, তাকে
সান্ধনা দেবার জন্ম এই স্বরন্ধ-পথ দিয়ে
তোমাদের মঠে আমি এসেছিলেম । তোমার
কঠম্বর শুনে আমি এই গহরুরে এসেছি
তোমার সমস্ত কথাও আমি শুনেছি,
আমাকে কমা কর্বে । থেমন বল্ছিলে
বলে'বাও, কিছুমাত্র সক্ষোচ কোরো না।"

সন্ধাদিনী মুহুর্ত্তের জন্ত একটু ইতন্তত্ত করিয়া, পরে আবার কথা আরম্ভ করিল:— "আমার গুপ্তকণা (Confession) শোন্বার জন্ত নিশ্চয় স্বয়ং ঈশ্বর তোমাকে আমার কাছে পাঠিয়েছেন। বোধ হয়, ঈশ্বরের এই ইচ্ছা যে, এই কবর-ভানে, আমার জালা-যন্ত্রণা ও চলনার কণা তোমার কাছে আমি প্রকাশ করে বলি। আচ্চা;শোনো তবে সন্ন্যাসি-ভাই!

"পরীরে একটু বল পেয়েই আমি
লগুনে, ফিরে গেলেম। বেদিন আমাকে
হরণ করে' নিয়ে গিয়েছিল, সেই দিনই
আমার আমী কোণ্ট ডামুথের বিষযোগে
মৃত্যু হর। থাজাঞ্চি জর্জ-রবিন্দন্ ও
ভাগুারী জন্-টমসন পঞ্চাশলক টাকা
নিয়ে পলায়ন, করে। পরে জর্জ ধুড হয়,
ও রিচারে অপরাধী সাব্যস্ত হয়। বদিও
সে নিজমুথে সীকার করে যে, এই চুরীর
কাজে ও কৌন্টের গুপুহত্যায় চাহারও
কত্কটা হাত ছিল, তরু লোকে বলাবলি
কর্তে লাপল, আমিই আমার আমীকে
হত্যা করেছি। … লপ্তন ভাই আমার
পক্ষে অভিষ্ঠ হয়ে উঠ্ল; ভা ছাড়া, আমি

খবর পেলেম, সেই হতভাগা জন্-টম্সন্
যুরোপের মহাদেশে পালিয়ে রয়েছে।
আমি বিষয়কর্শের একটা বন্দোবন্ত করে'
দিয়েই, ষত শীভ পারি, ইংলও থেকে চলে
যাব ছির কর্লেম। কেন না, ইংলওে
যতদিন থাক্ব, আমার সেই ক্ট্যজ্ঞার
কথাই ক্রমাগত মনে পড়বে।

"অনেক কাল ধরে', আমি সমস্ত ফ্রান্দ্ময় ঘুরে বেড়ালেম। বে হতভাগা, আমার
বাছাটকে আমার কাছ থেকে ছিনিয়ে
নিয়ে যায়, আমি তার অনেক সন্ধান
কর্লেম: অবলেষে হতাল হয়ে, এই
টুলুজ্-নগরের মঠে এদে সন্নাসধর্ম গ্রহণ
কর্লেম। যাদ এখানে থেকেও একটু
লান্তি পাই—আমার এখন এই একমাত্র
আশা।

"একটা বিষয়ের জন্ত আমার অত্যন্ত অন্তর্তাপ হয়—মনে মনে আপনাকে আপনি ধিকার দি। বাঁকে আমি ভালবাস্তেম— বিনি আমার বামী—কেন আমি তাঁকে সেই জবন্ত পত্রটা দেখাই নি ? হায়! বদি দেখাতেম, তা হ'লে হয় তো এই সব্দী হর্দনা আমার কিছুই ঘট্ত না।

"এই বিজন আশ্রমে, এই রাক্সোটি এখন আসার একমাত্র সহল; বাঁর এই কবর দেখ্চ, তাঁর হাতেই আমি এই বাক্সোটি পূর্ব্বে গচ্চিত রেখেছিলেম; তার পর, তার মৃত্যুর কিছুদিন পূর্বে, তিনি আমাকে ফিরিয়ে দেন। কোণ্ট ডামুখের বিষয়-সম্পত্তিতে আমার পুত্রের যে স্বস্থাধিক।র আছে, তারই দলিলপত্র এই বাক্সোটির মধ্যে রক্ষিত। আর, বখন আমার আর

কোন আশা-ভর্মা ছিল না, আমার পুত্রটি আর বেঁচে নেই বলে ধখন আমার দৃঢ় বিশ্বাস হয়েছিল, তথনি আমি পুজনীয়া নাতাজির কাছে এই বাক্সোট পুকিয়ে তিনি যতদিন বেঁচেছিলেন. আমাকে স্থপরামর্শ দিতেন ... এখন এই নাও, তোমাকে আমি দেই বাকসোট मिकि : त्कन ना, त्वभ वुक्षंटिक भावति, তোমাকে ঈশ্বই আমার কাছে পাঠিয়েছেন। তোমার হাতেই তাই এটি বিশাস করে' দিলেম। হয় তো তুমি কুতকার্যা হ'তে ृ भाद्र्दं ; - यात बना आधि (कॅरन-(कॅरन বেড়াচিচ, হয় তো তুমি তাকে সন্ধান করে' বের কর্তে পার্বে।"

ঠিক্ এই সময়ে, একজন বৃদ্ধ সন্নাদী, সেই যুবক সন্নাদী ও সন্নাদিনী— এই ছই-জনের মধ্যে আসিয়া দাড়াইলেন। ভয়ে ছইজনই কাঁপিতে লাগিল।

ইনি সন্ন্যাসি-বাবা 'জাঁ'। জাঁ গভীর কণ্ঠবরে বিড্বিড্ করিয়া বলিলেন:—
"এবানে কি কর্চ সন্ন্যাসি-ভাই ? আর
ভূমি ভগিনি, এত স্থান থাক্তে বেছে-বেছে এই স্থরস্থলের স্কতিপাঠের জন্য কেন একুছু বল দিকি ?" এই শেষ কথাভূলি বলিবার সময়, বিদ্ধানের একটু হাসি
বেন ভার মুখে দেখা দিয়াছিল।

সয়াসিনী বিশীতভাবে উত্তর করিলেন:—"সয়াসি-বাৰা, আমার কথা না
ভনেই আমাকে অপরাধী কর্বেন না।
আমাকে অবশু জাপনি চেনেন না। কেন
না, এই মঠে বখন আমি প্রথম প্রবেশ করি,
তথন থেকেই আমি এখানে এক্লা থাক্বার

অন্থ্যতি পাই। আমার দৈনিক কর্মব্য শেষ করে', আমার নির্দিষ্ট কোটরটির মধ্যে এক্লা থাক্তে আমার ভাল লাগে। আমার ' বে-স্থামীকে গুপুহত্যা করেছে, আমার বে-পুত্রটিকে আমার কাছ থেকে কেড়ে নিয়ে গেছে, সেই ছলনের জন্য ঈশ্বরের নিকট প্রার্থনা করাই আমার এখন একমাত্র সুথ ও সান্থা।

"আমাদের সেই মাতাজিকে হারিয়ে অবধি, এতদিনের পর আজ আমি তার কবরের সন্মুথে আমার ছঃথ নিবেদন কর্তে এসেছি...সল্লাদি-বাবা, আমার উপর কান ক্-সন্দেহ কর্বেন না! আমি সল্লাসি-ভগিনী 'মারী থেরেশ'।"

সন্ন্যাদি-বাবা বলিয়া উঠিকেন : — "কি ! তুমি মারী-থেরেশ ?"

তাহার চোথে বিহাৎ ছুটিল; তাঁহার সমস্ত শরীরে 'থেঁচুনী'-রোগ্লের ন্যায় - কম্প উপস্থিত হইল। স্ন্যাসিনীকে তিনি মনোযোগ-সহকারে নিরীকণ করিতে লাগি-লেন। পরে, সহসা উত্তেজিত হইয়া, ভাহার হস্ত সজোরে ধরিয়া বলিতে লাগলেন:--"তুমি 'কেটি' ? (ক্যাথেরাইন্-নামের অপুত্রংশ) সেই তুমি, যাকে আঁমি এত ভাৰবাদতেম ? তুমি আমাকে কাপুক্ষ বলে', হতভাগা বলে', নরাধম বলে' কৃতই-না দ্বণা করেছ, তবু তোমাকে আমি ভাল-বেদেচি। ছই বৎসর ধরে' ভোমাকে আমি সমস্ত দেশময় খুঁজে বেজিয়েচি। অবশেষ, ষে সময়ে তুমি সন্ন্যাসত্রতের প্রতিজ্ঞা পাঠ কর্ছিলে, সেই সময়ে তোমাকে আমি দেখতে পেলেম · · কিন্তু যে সময়ে ভোমাকে

পাবার জন্ম আমি উন্মত হয়েছলেম, আমার প্রতি তোমার দেইসময়কার অবজ্ঞা, ঘুণা, ভংসনা বই, আমার মনে, তোমার সম্বন্ধ আর কোন স্থতি নেই। যে রমণী তার প্রেমোক্সন্ত নারকের মর্ম্মে এইরূপ আঘাত দেয়, তারও মর্ম্ম-ক্ষত যতক্ষণ না সে দেখুতে পায়, ভতক্ষণ সে কিছুতেই তৃপ্ত হয় না, তার উন্মন্ততার উপশম হয় না। তাই আমি প্রতিশোধের **জ**ন্ম তৃষিত। যে শিশুর মুখঞীতে তোমারই দৌলযোর ছায়া প্রতি-বিশ্বিত, সেই শিশুর জন্য তোমায় পরিতাপ कंत्रं इरव, क्रमन कत्रं इरव,-এই क्था मत्न करत' आभात य कि द्वथ श्रमिष्ट्रण, তা যদি জান্তে ! সেই শিশুটির উপর আমার যে একেবারেই ভালবাদা ছিল না, তা নয় কিন্তু তবুও তার জগু কতকগুলি কটের সৃষ্টি কর্তে আমার কেমন একটা দারণ ইচ্ছে হয়েছিল। মঠের সন্ন্যাসব্রতে প্রথমে তার ক্ষতি জানীয়ে দিলেম, কিন্তু তাকে কিছুতেই ব্রতের প্রতিজ্ঞ। গ্রহণ করতে দিলেম না। (कन ना, तम यथन आवात मःमादत किदत যাবে--ফিরে গিয়ে যথন তার নিজের পদ-মর্যাদা জান্তে পার্বে, তার পিতৃহস্তাকে জান্তে পার্বে, তথন সে নিশ্চয়ই খুবনকষ্ট भारत। **ভাকে ए। कष्टे (**मतात इंट्राइट इरग्र-ছিল, সে কেবল তোমারই শরীরের অংশ মনে করে'; ভোমারই মুখ্নী তাতে দেখতে পেতেম বলে'."

এই কথা বলিয়া বাবা-জাঁ তার হাত ধরিয়া সবেগে একটা ঝাঁকানি দিল। সন্যা-সিনা জাঁর কথা ভানিয়া এতক্ষণ স্বস্তিত ইইয়া দাঁড়াইয়া ছিল, একটি কথাও উচ্চারণ করিতে পারিল না। বাবা জাঁ আবার আরম্ভ করিলেন:—"তোমার বোধ হর অরণ আছে, ভূমি যথন সন্ন্যাসিনীর অবগুঠন গ্রহণ কর্-িলে, একজন আগস্তুক একটা চীৎকার করে' উঠে' দেই অমুষ্ঠানের ব্যাঘাত করে?

পুরাগত সন্নাগী বুবকটি এতক্ষণ স্তম্ভিত হইয়া সেইখানে দাঁড়াইয়া ছিল; বাবা-জাঁ সহসা তাহার হাত ধরিয়া সন্নাসিনীর চক্ষের সম্থাথে তাহাকে আনিয়া উপস্থিত করিল এবং এই কথা থলিল:—"এর হাতের এই কতিচিইটি একবার দেখ…তুমি অবশুই চিন্তে পার্বে। কেন না, এই চিইটি যে তোমাকে দেখাতে, সে আর কেউ না, সেঁল্ফাং জন ট্যসন।"

তুইটি নাম একণে দেই স্বাংগ-গহ্বরে প্রতিধানিত হইল—হাঁরি, জন্টম্সন্! ক্যাথেরাইন্ নিজ মনের আবেগ দমন করিবার জন্ত একটু চেটা করিল, কিন্তু পারিল না। তুর্বল কণ্ঠত্বরে দে বলিরা উঠিল:— "জন্টগ্ণন্!' তুই শিশুর পিতাকে হত্যা করেছিস্, তুই শিশুর জননীকে অবমানিত করেছিস্, আর ত্রিশ বংশরেরও অধিক আমার বাছাটিকে কট দিয়েচিস্...তোর

স্কানশ হোক্ !—ভোর স্কানশ হোক্ !— ভোর স্কানশ হোক্ !"

এই কথা বলিয়া, সন্ন্যাসিনী হাঁরির উপর ঝাঁপাইয়া-পড়িয়া ভাহাকে আলিসন করিতে গিয়া দেখে,—হাঁরি এদিকে মুহুর্তের মধ্যে নিজ পরিচ্ছদের বন্ধনরজ্জু নিঃশক্ষে কোমর হইতে খুলিয়া বাবা-জাঁর গলায় জড়াইয়া স্বেগে ও স্জোৱে টান দিতেছে। একটু প্রেই সে কান্ত হইল। হতভাগ্য জাঁর মৃতদেহ ভূতলে গড়াইয়া পড়িল।

কাথেরাইন্ নতজার হইয়। তার পুত্রকে
্জড়াইয় ধরিল; তার হৃদয়দেশ বিষম বেগে
স্পানিত হইতেছিল। হাঁরি মাতাকে হাত
ধরিয়া ভূমি হুইতে উঠাইল; মাতা পুত্রের
মুখচুখন করিতে চেটা করিল, কিন্তু পারিল
না; শুধু এই কয়েকটি কণা কোনও প্রকারে
বলিতে সমর্থ হইল:—"বিদায়, বাছাটি
আমার।" এই কণা বলিয়াই তার প্রাণবায়
দেহ হইতে বহিগত হইল। হাঁরি আবেগ্র

ভরে মৃত মাতার গলা অভাহয়া-ধরিয়। কাঁদিতে লাগিল।

সেই হত্যাকারী জন্-উম্সনের নিদারণ কথাগুলি কি কুক্ষণেই ফলিয়া গেল। সে বলিয়াছিল:—"আর ভূই তোর পুতকে দেখতে পাবি নে, যদি আবার কথন দেখা হয়, তথন তার মুখচুখন কর্তে ভূই কিছু-তেই পারবি নে।"

তাহার পরদিন, সর্গাসিনী দিগের সেই কবর-স্থানে, একটি সদ্যোনিস্মিত সমাধি-ওত্তের উপর এই স্থতিলিংপটি থোদিত গুইলঃ—

এইথানে কবরস্থ
ভিগিনী মারী-থেরেস্ সন্যাসিনী—
বয়:ক্রেম ৫৫বংসর ত্ইমাস
এবং
সন্ধাসজীবনের কাল. ৩১বংসর
৮দিন। •
শাস্তিঃ! শাস্তিঃ!
শিক্ষোতিরিক্রনাথ সাকুর।

বরেন্দ্রভূমির প্রাচীন বিবরণ।

বঙ্গদেশে বরেক্সভূমি অতি প্রাচীন স্থান।
এই তানকে মহাক্রি হিমালরের পাদদেশে
সংগাপিত বলিলেও অভ্যুক্তি হয় না। হিমাল লয়সায়িধ্যে কোচরাজ্যই উত্তরসীমা, পূর্ন্দিন সীমা করতোয়া-নদী, দক্ষিণে পদ্মা-নদী,
পশ্চিমসীমা গঙ্গা ও মিধিলারাজ্য। ফেরিস্তা ও আইন-ই-আকবরী এত্তে পুর্ব্দীমা ব্রহ্মপুত্র- নদ ও পশ্চিমসীমা নহানন্দা-নদা, এইরূপ নির্দেশ আছে। কিন্তু অতি প্রাচীনকালে পূর্বসীমারু করতোয়া-নদী থাকাই সঙ্গঁত বোধ হয়। কারণ করতোয়ার পূর্বভাগ তাদৃশ প্রাচীন বলিয়া অনুমান হয় না।

আছে, বঙ্গ, কঁলিঙ্গ প্রভৃতি নামগুলি প্রাচীন সময় চইতেই যেরূপ বিস্তৃতভাবে

ব্যবস্থত হইয়া আসিতেছে, বরেক্স-নাম তাদৃশ বিস্তৃতভাবে ব্যবহৃত হয় নাই। অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, গৌড় প্রভৃতি নাম পুরাণ ও তন্ত্রে দৃষ্ট হয়। কথিত আছে যে, চন্দ্রবংশীয় বলিরাজার অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, পুঞ্ ও স্থন্ন নামে পাঁচটি কেত্রজ পুত্র জন্মগ্রহণ করেন। . পিত্রাদেশে ইঁহারা যে যে স্থানে রাজত্বিস্তার করিয়াছিলেন, তাঁহাদিগের নামান্ত্রদারেই সেই সকল স্থানের নামকরণ হয়। উক্ত পুগুনামক ভূপাল বরেক্রভূমিতে রাজ্য স্থাপন করায় এই দেশের নাম পৌ धु দেশ হইরাছিল। কেহ কেহ অহুমান করেন যে, বরেন্দুর * ও প্রহারশূর হুই ভাতা। বরেক্ত শূর এদেশে রাজত্ব করিয়াছিলেন এবং এই ভূপালের নাম হইতেই এদেশের নাম বরেজ-ভূমি হইয়াছে। প্রতায়শুরের নির্মিত মন্দির বরেক্রভুমিতে থাকিবার পরিচয় প্রাপ্ত হওয়া গিয়াছে।

বরেন্দ্রশূর-নূপতি-কর্তৃক এদেশ "বরেন্দ্র"-

আখ্যা প্রাপ্ত হইয়া থাকিলে, "বরেক্ত"-নাম-করণ বন্ত প্রাচীন নহে।

স্থবিখ্যাত প্রত্নতত্ত্বিদ জেনারল কানিং-হাম-সাহেব বলেন যে, তারানাথের বাক্যে করিলে পালবংশীয় বিশ্বাসস্থাপন নরপতি গোপালের পুত দেবপালকর্ত্তক বরেক্রভূমি অধিকৃত হওয়া প্রমাণিত হয়। কিন্ত তথনও পালবংশীয় ভূপালগণ বরেন্দ্র-ভূমির রাজ। ব্রিয়া প্রিচিত হন নাই। (वोक नज़शालगण (शोख -প্রকৃতপ্রে ও. বর্দ্ধনের রাজ। বলিয়াই পরিচিত ছিলেন। তজ্জভাই উক্ত জেনারল মহোদয় অর্থুমান করেন যে, "বরেন্দ্র"নান বারভূঞা নিষ্পন্ন হইয়াছে। †

স্থাসিক জেনারল মহোদ্যের বারভ্ঞা-সহক্ষে একটি প্রবাদ আছে। জেলা বিশুড়ার নিকটব হাঁ মহাতান-গড়ের নিকট পৌষ-নারায়ণীযোগে সানের জন্ম ভারতবর্ষের নান। ভান হউতে লোকের সমাগ্য হয়। একদঃ

প্রহারণ্ট বরেন্ত্রণ্ট দ্বে হতে। নিভুজত চ। প্রহারেন যোগমার্গে চ বরেন্ত্রো রাজ্যশাসনে ।

ই হাদিগের মতে আদিশ্র, তৎপ্ত ভূশ্র, তৎপ্ত কিতিশ্র, তৎপুত ধরণের। ধরাশ্রের পুত প্রচামশুর ও বরেস্মুর। তাহাঁর পর অমুশ্র। তৎশ্রে বিজ্যুদেন ও ব্লাল্যেন।

† As for the name of the Barendra the people have no derivation of the kind. ** :

The, old name of the county was certainly Paundradesh. ** * * The name of the Barendra may be connected to the establishment of the twelve chiefships of "Bara Bhuihars."

* * * That the common tradition of the county is that twelve persons of very high distinction and mostly named Pal, came from the west and settled at "Mahastan. মহাস্থান জ্বোৰ্ডিয়ার নিকটবন্ত্রী এবং করতোয়া-ছীবে অব্ভিত !

The first notice of Barendra that I have been able to find is in Tarmatha's accounts of Pal Kings. To Gopal the first king he assigns the conquest of Behar and Magadha and to his son Deva Pala, the subjugation of Barendra and Orrissa. * * * * The name is never mentioned in any of the inscriptions, the kings being only called the Lord of Gauda nd Paundradesh. This omission, is, I think rather favourable to my suggestion of its abeing a popular name from the Barabhuir chiefs.

^{*} বারেন্রকুলাচার্য্য গ্রন্থে লিপিত আছে—

ষাদশঙ্গন ক্ষজিয় রাজা ওই যোগে স্নান করিতে আইদেন। কিন্তু পথিমধ্যেই যোগের সময় অতিবাহিত হইয়া যায় বলিয়া, তাঁহারা। উহার পুনরার্ত্তিকাল পণ্যস্ত করতোয়ার * নিকটবর্ত্তী স্থানসমূহে বাস করেন। প্রতি ঘাদশবর্ষের পর এই পৌধনারায়ণীযোগ উপ-স্থিত হয়। পদ্মপুরাণ গুভৃতিতে এই যোগের মাহাত্ম্য বর্ণিত আছে।

উক্ত জন প্রবাদের স্বাদ্ধশজন ক্ষত্রিয় নর-পালের বসভিচেতু নামকরণ হইলে প্রদেশের নাম বরেন্দ্র ন। হইয়া বারেন্দ্র হই-তেছে। বরেজখেতের পালবংশীয় নরেখবগণ বৌদ্ধৰ্মাবল্ধী ছিলেন। প্ৰবাদ সভা হইলে উক্ত দাদশঙ্কন ক্ষতিয় নরপতি বৌক নহেন। কেন না, তাঁহার। পৌধনারায়ণীযোগে স্নানাথ এদেশে আগ্রন করেন। বৌদ্ধবাবলহী নরপালগণের বাহবলে হিন্দুধর্মাবল্দী নর-পালবর্গ বিতাড়িত হুইবার নতপুকো স্থা-বংশীয় গৌড় ভূপাল, চক্তবংশীয় পৌগু ও কাষোজবংশায় মুপালগণের রাজত্ব করিবার বিষয় পরিজ্ঞাত হওয়। বায়। এই সকল কারণে ঐ জনপ্রবাদের উপর আহাতাপন করা যাইতে পারে না।

প্রীক্ষতপদেও বরেজ্রনাম সেনবংশীর রাজাদিগের সময় অধিক তরক্তপে প্রচলিত হয়,
এইক্রপ অনুমান করা যায়। কেহ কেহ
বলেন যে, ব্লালসেন সদাচারসম্পন্ন আদ্ধাগণের বাসের জন্ম এই থও নির্দেশ করিয়।
দিয়াছিলেন, এইজন্ম ইহার বিরক্তেণ এই

নামকরণ হইয়াছে। কিন্তু এই **অনুমান**ও সঙ্গত বলিয়া বোধ হয় না।

এই প্রদেশের প্রাচীন স্থানসমূহের *
মৃত্তিকা "বরীণ" নামে অভিহিত হয়। বরীণশব্দ ভূমির শ্রেষ্ঠতা ও বর্ণবিশেষ প্রতিপাদনের
জন্ম ব্যবহৃত হইয়াছে। পুরাকালে এই .
প্রদেশের ভূমিতে উৎকৃষ্ট রেশমের উপকর্ণ
তুঁত এবং ধান্ম, যব, গোধৃষ ও ইক্ষু প্রভৃতি
উৎপন্ন হইত। এই রেশমের জন্ম চীন প্রভৃতি
নানা জাতি এ দেশে আগমন করিত।
স্কুত্রাং ভূমির শ্রেষ্ঠতাবোধক বরীণ হইতে
এই প্রদেশ বরেন্দ্র-আথা। প্রাপ্ত ইইয়াছে,
ইহাই নির্দেশ কর। সঙ্কত।

পুলেই কথিত হইয়াছে যে, এক দা প্রিপ্ত ক্ষান এ প্রদেশে রাজত্ব স্থাপন করেন বলিয়া ইহার নাম পৌগু হইয়াছিল। প্রপ্রাণের উত্তরপৌগুরি স্তস্নকসংবাদে লিখিত হইয়াছে-

"নপ্জঃ হবত: ৬% সকাচারবিধাক ।
পোওুকাটিশিলাদীপে মহাপুণ্যতি বিশক ॥"
উত্তরকালে এই পৌওুপও ও শিলাদীপের
পাখবর্তী জানসমূহ বরেজনামে অভিহিত
হইয়াছে। উক্ত পুরাণে করতোয়াতটভ যে
স্থানকে পৌধনারায়ণীযোগের একমাত্র পবিত্র
স্থান বলিয়া নির্দেশ ক্রা হইয়াছে, তাহা
বপ্তড়া-জেলার নিকটবর্তী "মহাস্থান" নামে
প্রসিদ্ধ আছে।

পুরাকালে ক্ষত্রিয়বংশজ রাজা মান্ধাতার দৌহিত্র গৌড়নামধেয় এক মহাবলপরাক্রান্ত

^{·*} হরগৌরীর বিবাহকালে করতল হইতে পতিত তোর। সার্ভগণ প্রাবণমাসে নদীদিগকে রজস্বলা বলেন। "অপাদৌ কর্কটে দেবী ত্রাহং গঙ্গা রজস্বলা। সর্বা রজবহা নদাঃ করতোরাম্বাহিনী ॥"

ভূপাল এদেশে রাজত্ব প্রতিষ্ঠিত করিয়া গৌড়নগর সংস্থাপন করেন। তজ্জ্ঞ একদা এদেশ গৌড়রাজ্য নামে কথিত হইত। স্থবিখাত গ্রীক্ টলেমীর কথিত Gangia regea নামক মহাজনপদ ও গৌড়নগর একই স্থান বলিয়া নির্দিষ্ট হইলে, খৃষ্টের ৭০০ বংসর পূর্বে গৌড়নামক মহাজনপদের অন্তিত্ব পিলক্ষ হয়। বৌদ্ধ পরিপ্রাক্তক হিয়ংসং গৌড়নগরের নামোল্লেথ করেন নাই। তিনি পৌড়বর্দ্ধন হইয়া কামরূপ যাত্রা করেন। সম্ভবত তৎকালে গৌড়নগর শ্রীহীন, সম্পন্ন ইয়া পৌড়বর্দ্ধন মানে প্রসিদ্ধ ও প্রধান জনপদে পরিণত হইয়াছিল। পরিব্রাহ্ণকের

বর্ণনাম্পারে রাজমহলের পূর্বদিকে ১০০শত মাইল দূরে পৌগুবর্দন। স্থতরাং উহা বরেক্রভৃমিরই মধ্যগত এবং বরেক্রথণ্ড এক এক সময়ে এক এক আধ্যা প্রাপ্ত হইয়াছে।

বর্ত্তমান প্রস্তাবে বরেক্সভূমির কতিপর প্রাচীন বৃত্তান্তের বর্ণনা করাই আমার উদ্দেশ্য। প্রাচীন প্রদিদ্ধ হানসমূহে যে সকল কীর্ত্তি-কলাপের ভগ্নাবশেষ অদ্যাপি বর্ত্তমান থাকিয়া হিন্দু, বৌদ্ধ ও মুসলমান রাজত্বের প্রাধান্তের পরিচয় প্রদান করিতেছে, তাহা ও অভ্যাভ্য প্রাকৃতিক পরিবর্ত্তনের বিষয় পরে আলোচিত ভূইবে।

🕮 রুঞ্চরণ মজুমদার।

প্রয়াণ।

চাহিয়: ও মুখপানে ত্থনিশি-অবসানে

উটিয়াছি জাগি'
সদয়ের তল্পীরাজি নালারে উঠেছে বাজি'
দরশূন লাগি'।
নূতন আনদলোক ডুবায়েছে সব শোক
তব প্রেমনাঝে,
দ্রে তুমি জবতারা হেথা আমি লক্ষ্যহারা ।
ছিমু মিছাকাজে।
অন্ধকারে চির দীন এ হৃদয় অর্থহীন ।
ছিল একাকার।
আজি গৈভি তব দেখা প্রথম আলোকরেখা
সুটিল তাহার।

ওই সুখে চাহি' চাহি' দীর্ঘ এ জীবন বাহি' করিব ভাষণ।

ৰাড়িবে গৌরবদীপ্তি বিশ্বন্ধদে চির্ভৃপ্তি করি বিভরণ।

দিব প্রেম স্বার্থহীন স্পর্যাদ্ধেষ হবে লীন চির-অন্ধকারে।

সহত্র কিরণ দিয়া স্থতনে মুছাইয়া দিব অশ্রুধারে।

জ্ঞীতির কুস্থমরাজি নবীন আলোকে দাজি'
ফুটিয়া উঠিবে।

মধাহ্ন-তপন-সম এ আলো সকল তম দূর করি দিবে।

তার পরে দিনশেষে বিদায় মাগিব হেসে

• দিগস্থের মাঝে।

আপন হয়ার খুলি গেছ মোরে লবে ভূলি অভিনৰ গাঁঝে।

হে স্থন্দরি ! তুনি আসি বিদায়ের তীরে হাসি' দিবে না কি দেখা ?

ভোমার এেমের ভরে চির অফুরাগভরে ঘুরিতেছি একা।

সারাছের মৃত্ ঘোরে বিদার লইতে মোরে হবে কি বিফ্ল ?

বিশ্বরিয়া হেন প্রীতি তব উদাসীন শ্বঙি রবে অচঞ্চল ?

बीनदरक्तनाथ ভট्টाচार्या।

নৌকাডুবি

5

রমেশ এবার বি.-এ. এবং আইন পরীক্ষা
একসংক্রই দিয়াছিল। সে যে পাদ্ হইবে,
সে-সম্বন্ধে কাহারো কোন সন্দেহ ছিল না।
পরীক্ষায় পান্ হয় নাই, রমেশের জীবনে
এমন ঘটনা কথনো ঘটে নাই। বিশ্ববিত্যালারের সরস্বতী বরাবর তাঁহার ফর্পপ্রের
পাপ্ডি থসাইয়া রমেশকে মেডেল্ দিয়া
আসিয়াছেন—ফ্লার্শিপ্ও কথনো ফাক সায়
নাই।

পরীক্ষা শেব করিয়া এখন তাহার বাড়ী
যাইবার কথা। কিন্তু এখনো তাহার তোরক
সাজাইবার কোন উৎসাহ দেখা যায় নাই।
পিতা শীঘ্র বাড়ী আসিবার জন্ত পত্র লিথিয়াছেন। রমেশ উত্তরে লিথিয়াছে, পরীক্ষার
ফল বাহির হইলেই সে বাড়ী যাইবে। শিশুকাল হইতে মাতৃহীন রমেশ পিতার আদেনের
উপর কথানো বিক্তি করে নাই—এবারকার
পাত্রটা তাহার পক্ষে অভূতপূর্ব্ধ।

যাই হোক, রমেশ তাহার পিতাকে
চিনিত। সে মনে মনে বৃথিগাছিল, তাহাকে
শীষ্ট বাড়ী যাইতে হইবে।

অরদাবাব্র ছেলে যোগেজ রঁনেশের দহাধারী। পাশের বাড়ীতেই সে থাকে। অরদাবাব রাক্ষ। তাঁহার কঁতা হেমনলিনী এবার এফ্.-এ. দিয়াছে। রমেশ অরদাবাবুর বাড়ী চা থাইতে এবং চা না থাইতেও প্রায়ই যাইত। বোগেলের সহিত বন্ধুত্বই যদি এই যাতালাতের একমাত্র কারণ হইত, তবে পিতার পত্রের উত্তর না দিলা রমেশ বাড়ী যাইতে দ্বিধা করিত না।

রমেশ ভাইবের সঙ্গেই দেখা করিতে,
গাইত, কিন্তু ভগ্নীর সঙ্গেও দেখা হইরা পঞ্জিত
স্বান্ধণহলে গোগেল কোন কারণে উপস্থিত
না থাকিলেও রমেশ অতাস্ত হতাশ হইত না।
কোনলিনা স্বানের পর চুল শুকাইতে
শুকাইতে ছাদে বেড়াইয়া পড়া মুখস্থ করিত।

শুকাইতে ছাদে বেড়াইলা পড়া মূথস্থ করিত। রমেশও দেই সমগ্রে বাদার নির্দ্ধন ছাদে চিল-কোঠার একপাশে বই লইলা বদিত। অধ্য-য়নের পফেদ এরপ স্থান অমুকূল বটে, কিন্তু একটু চিন্তা করিলা দেখিলেই পাঠকদের বৃথিতে বিলম্ব হইবে না যে, বাাঘাতও মথেষ্ট ছিল।

এ-পর্যান্ত বিবাহসহয়ে কোন পক হইতে কোন প্রভাব হয় নাই। অয়দাবারুর দিক্
হইতে না হইবার একটু কারণ ছিল। একটি
ছেলে বিলাতে ব্যারিপ্রার হইবার জল্প গেছে,
তাহার প্রতি অয়দাবারুর মনে মনে লক্ষ্য
আছে। বিলাত যাইবার পুর্বে হেমনলিনীর
দিকে ছেলেটি একটু বিশেষ পক্ষপাত দেখাইয়াছিল, সেটুকু শেষপর্যান্ত টি কিবে কি না,
সে সন্দেহ ছিল। এইজল্প অয়দাবাবু রমেশকে
হাতছাড়া করিতে পারেন নাই। রঙের

কাগজ ছথানিই অন্নদাবাবু হাতে রাথিমা-ছিলেন, কোন্টিতে হাতের-পাঁচ রক্ষা হইবে, থেলা শেষের দিকে আদিবার পূর্বে তাহা ঠিক বুঝা যাইতেছে না।

রমেশ ব্রিয়াছিল, স্পষ্টকথা না হইলেও সে যেন পণে আবন্ধ। সাহিত্য পড়িয়া তাহার যতটুকু অভিজ্ঞতা হইয়াছিল, তাহাতে সে ব্রিয়াছিল, হেমনলিনী তাহার প্রতি বিমুধ নহে। কবি বলেন, শ্রুত রাগিণীর চেয়ে অশ্রুত রাগিণী মিইতর—হেমনলিনার সম্বন্ধে রমেশের সেই রাগিণীরই চর্চা বেশি করিয়া হইতেছিল। উচ্চারিত প্রতিজ্ঞার প্রচ্যেং অমুক্তারিত প্রতিজ্ঞার বাঁধন লোক-বিশেষের কাছে দৃঢ়তর—রমেশ সেই ধাতুর লোক।

मिनिन हारवेद हिविटन श्व अक्ही छर्क উঠিয়াছিল। অক্ষয় ছেলেট বেশি পাস করিতে পারে নাই। কিন্তু তাই বলিয়া সে বেচারার চা-পানের এবং অন্তান্ত খেণীর তৃষা পাদ-করা ছেলেদের চেয়ে কিছু কম ছিল, তাহা নহে। স্বভরাং হেমনলিনীর চায়ের টেবিলে তাহাকৈও মাঝে মাঝে দেখা ঘাইত। দে তর্ক তুলিয়াছিল যে, মেয়েদের পাদ্-করাটা মেরেদের পকে লজিক মুথস্থ বিভ্ৰন।। করা বৃথা কারণ, স্বভাবে যাহা নাই, শিধিয়া তাহা হয় না, অংকর পক্ষে আলোক অনা-বশুক। মেয়েরা হাজার পাদ করুক, ত্রু **पक्कन अब-भाम-कहा श्रुक्य जाहानिगरक** नकन विवद्यहे निर्जन्न मिट्ड भारत। कात्रग প্ৰবের বৃদ্ধি খড়েগার মত, শান বেশি না দিলেও কেবল ভারে অনেক কাজ করিতে পারে; মেরেদের বৃদ্ধি কলমকাটা ছুরির মত,

যতই ধার দাও না কেন, তাহাতে কোন বুহৎ কাজ চলে না-ইত্যাদি। হেমনলিনী অক্সয়ের এই প্রগণ্ভতা নীরবে উপেক্ষা করিতে প্রস্তুত ছিল। কিন্তু স্ত্রীবৃদ্ধিকে থাট করিবার পক্ষে তাহার ভাই যোগেল্রও যুক্তি আন্মন করিল। তথন রমেশকে আর ঠেকাইয়া রাখা গেল না। দে উত্তেজিত হইয়া উঠিয়া স্ত্রীজাতির স্তবগান করিতে আরম্ভ করিল। দে এই কথা বলিল যে, একসময় পৃথিবীতে ম্যাষ্ট্রডন, ডাইনোদরাদ্ প্রভৃতি বিপুলদেহ জন্তর প্রাহর্ভাব ছিল, এখন কোমলকায় হক্ষমায়ু মাহুষের রাজস্ব। তেম্নি সভ্যতার যত উন্নতি হইবে, ততই ' পুরুষের প্রভাব ধর্ম হইয়া স্ত্রীজাতির প্রভাব্ই বাজিতে থাকিবে। স্ত্রীলোককে ছোট মনে করা তাহার মতে বর্জরতার লক্ষণ। মাফুষের সভাতা ক্রমশই নারীপুজার দিকে অগ্রসর হইতেছে।

এইরূপে রমেশ যথন ন্যুরীভক্তির উচ্ছ্সিত উৎসাহে অন্তদিনের চেয়ে ছ-পেয়ালা চা
বেশি থাইয়া কেলিয়াছে, এমন-সময় বেহারা
তাহার হাতে একটুক্রা চিঠি দিল। বহির্ভাগে
তাহার পিতার হস্তাক্ষরে তাহার নাম লেথা।
চিঠি পড়িয়া ভর্কের মাঝখানে ভঙ্গ দিয়া রমেশ
শশব্যুত্তে উঠিয়া পড়িল। ক্কলে কিজাসা
করিল, "ব্যাপারটা কি १" রমেশ কহিল, "বাবা
দেশ হইতে আদিয়াছেন।" হেমনলিনী
বোগেক্সকে কহিল, "দাদা, রমেশবাব্র
বাবাকে এইখানেই ডাকিয়া আন না কেন,
এখানে চাঁরের সমস্ত প্রস্তুত আছে।"

রমেশ তাড়াতাড়ি কহিল, "না, আৰু থাক্, আমি যাই।" রমেশ জানিত, তাহার পিতার চা থাইবার অভ্যাস নাই, অকারণে অভ্যাস করিবার কোন উত্তেজনাও তাঁহার পক্ষে সম্ভব্পর নহে।

অক্ষয় মনে মনে খুসি হইয়া বলিয়া লইন, "এখানে খাইতে তাঁহার হয় ত আপত্তি হইতে পারে।"

রমেশের পিতা এজমোহনবারু রমেশকে কহিলেন, "কাল সকালের গাড়িতেই তোমাকে দৈশে যাইতে হইবে।"

রমেশ মাথা চুলকাইয়া জিজ্ঞাসা করিল, "বিশেষ কোন কাজ আছে কি ?"

় এজমোহন কহিলেন, "এমন-কিছু গুরুতর নুহে।"

ভবে এত তাগিদ কেন, সেটুকু শুনিবার জন্ম রমেশ পিতার মুথের দিকে চাহিয়া রহিল, সে কৌতৃহল নিবৃত্তি করা তিনি আব-শুক বোধ করিলেন না।

জ্ঞজনোহনবাবু সন্ধ্যার সময় যথন ঠাহার কলিকাতার বন্ধ্বান্ধবদের সঙ্গে দেখা করিতে বাহির হইলেন, তথন রমেশ ঠাহাকে একটা শত্র লিখিতে বিদিল। 'শ্রীচরণকমলের' পর্যান্ত লিখিতা লেখা আর অগ্রসর হইতে চাহিল না। কিছ রমেশ মনে মনে কহিল,"আমি হেমনলিনা-সন্থন্ধে যে সভ্যে আবন্ধ হইয়া পড়িহাছি, বাবার কাছে আর তাহা গোপন করা কোন-মভেই উচিত হইবে না।" অনেকগুলা চিঠি অনেকরকম করিয়া লিখিল—সমত্তই দে ছিড়িয়া কেলিল।

ব্রজমোহন আহার করিয়া আরামে নিক্রা দিলেন। রমেশ বাড়ীর ছাদের উপর উঠিয়া প্রতিবেণীর বাড়ীর দিকে তাঁকাইয়া নিশাচরের মত সবেগে পায়চারি করিতে লাগিল। প্রাকালে যেমন করিণীহরণ, স্থতদ্রাহরণ ঘটিয়ছিল, এখন যদি তেম্নি কোন বীরালনা-বিশেষ সবলে রমেশহরণ করিত—যদি এই নিশীথে ছাদের উপরে এই চলচিত্ত যুবকটির হাত ধরিয়া কোন মূণালবাছ তাহাকে পুশক্ষরণে টানিয়া তুলিত এবং এই তারাখচিত অন্ধকারের মধ্য দিয়া তাহাকে হঠাৎ একটা বিবাহসভার মাঝখানে লইয়া উপস্থিত করিত, তবে দে আপত্তিমাত্র করিত না এবং তাহার চশ্মার মধ্য হইতে একবিন্দু অশ্রু কাহারে জন্ম বিগলিত হইত না।

পূলাকরথ আদিল না—প্রতিবেশিনীয়.
বাড়ীতে কোনপ্রকার চাঞ্চলোর লক্ষণমাত্র
প্রকাশ পাইল না। রাত্রি নয়টার সময় অক্ষয়
অয়দাবাব্র বাড়ী হইতে বাহির হইয়া গেল—
রাত্রিসাড়ে নয়টার সময় রাস্তার দিকের
দরজা বন্ধ হইল—রাত্রি দশটার সময় অয়দাবাব্র বিসবার ঘরের আলো নিবিল, রাত্রি
সাড়ে দশটার পর সে-বাড়ীর কক্ষে কক্ষে
স্থাতীর স্বযুপ্তি বিরাজ করিতে লাগিল।

পরদিন ভোরের ট্রেনে রমেশকে ক্সওনা হইতে হইল। ব্রজমোহনবাবুর সভর্কভায় গাড়ি কেল্ করিবার কোনই স্থযোগ উপস্থিত হইল না।

2

বাড়ী গিয়া রমেশ ধবর পাইল, তাহার বিবাহের পাত্রী ও দিন স্থির হইয়াছে। তাহার পিতা ব্রন্ধমোহনের বাল্যবন্ধ ঈশান যথন ওকালতী করিতেন, তথন ব্রন্ধমোহনের অবস্থা তাল ছিল না— ঈশানের সহায়তাতেই তিনি উর্লিত্যান্ড করিয়াছেন। সেই ঈশান

যথন অকালে মারা পড়িলেন, তথন দেখা গেল তাঁহার সঞ্য কিছুই নাই, দেনা আছে। বিধৰা স্ত্ৰী একটি শিশু কলাকে লইয়া দারিজ্যের মধ্যে ডুবিয়া পড়িলেন। সেই क्यां विवादियांगा इहेगाह, उक-মোহন তাহারি সঙ্গে রমেশের বিবাহ স্থির করিয়াছেন-। রমেশের হিতৈবীরা কেহ কেহ আপত্তি করিয়া বলিয়াছিল যে, ভনি-য়াছি মেয়েটি দেখিতে তেমন ভাল নয়। ব্ৰঞ্জ-মোহন কহিলেন, "ও-সকল কথা আমি ভাল বুঝি না-মানুষ ত ফুল কিংবা প্রজাপতি মাত্র নয় যে, ভাল দেখার বিচারটাই সর্বাত্যে তুলিতে ূহইবে মেয়েটির মা যেমন সতী-সাধ্বী, মেয়েটিও যদি তেম্নি হয়, তবে রমেশ যেন তাহাই ভাগ্য বলিগ জ্ঞান করে !"

শুভবিবাহের জনশ্রুতিতে রমেশের মুখ
শুকাইয়া গেল। সে উদাসের মত ঘুরিয়া ঘুরিয়া
বেড়াইতে লাগিল। নিম্নুতিলাভের নানাপ্রকার
উপায় চিস্তা করিয়া কোনটাই তাহার
সম্ভবপর বোধ হইল না। শেষকালে
বছকটে সজোচ দূর করিয়া পিতাকে গিয়া
কহিল, "বাবা, এ বিবাহ আমার পক্ষে
অসাধা।"

ব্রজনোহনবারু মনে মনে আগুন হইরা উঠিয়া কৃহিলেন, "তোমাকে সেজভ কিছুই ভাবিতে হইবৈ না, আমি সর্কবিষয়েই স্থপাধ্য করিয়া দিব—সে ভার আমার উপরে রহিল।"

রমেশ। আমি অক্সস্থানে পণে আবদ্ধ ইইয়াছি।

বজনোহন। বল কি ! একেবারে পাণ-পত্র হইয়া গেছে ?

রমেশ। না, ঠিক পাণপত্র নয়, তবে-

ব্রম্বনোহন। কন্তাপকের সঙ্গে কৃথাবার্তা সব ঠিক হইয়া গেছে ?

রমেশ। না, কথাবার্তা যাহাকে বলে, তাহা হয় নাই—

ব্রজমোহন। হয় নাই ত ! তবে এতদিন যথন চুপ করিয়া আছ, তথন আর ক'টা দিন চুপ করিয়া গেলেই হইবে !

রমেশ একটু নীরবে থাকিয়া কহিল, "আর কোন কভাকে আমার পত্নীরূপে গ্রহণ করা অভায় হইবে।"

ব্রজনোহন কহিলেন, "না করা তোমার পক্ষে আরো বেশি অভার হইতে পারে। কিন্তু তুমি ছেলেমামুষ, তোমার সঙ্গে দেঁ, তর্ক কি করিব! ভায়-অভায়ের বিচারভারও আমার উপরেই থাক্, তুমি অধিক চিন্তা করিয়োন।।"

রমেশ আর কিছু বলিতে পারিল না।
সে ভাবিতে লাগিল, "ইতিমধ্যে দৈবক্রমে সমস্ত
ফাঁসিয়া যাইতে পারে।" রুমেশের কোঞ্চীপত্রে বিশাস ছিল। সে গ্রামের একজন
দৈবজ্ঞকে জিজ্ঞাসা করিল, "বিবাহস্থানটা
কিরূপ দেখিতেছ ?" সে কহিল, "যথেষ্ট
ব্যাঘাত দেখা যাইতেছে।"

রমেশ কহিল, "বিবাহ যদি নাঁ ঘটে, তোমাকে পুরস্কার দিব।" 🛥 •

দৈবজ্ঞ কহিল, "না হইবারই গতিক বটে।"

এইটুকুতেই রমেশ অত্যন্ত সাধনা অমুভব করিল। তাহার কর্ত্তব্য দৈবু সমস্ত করিয়া শিবেন, ইহা সে চোপ বুজিয়া বিশ্বাস করিল এবং বিবাহের আয়োজনসম্বরে কোম কথাটি কহিল না। রমেশের বিবাহের যে দিন স্থির হইয়াছিল, তাহার পরে একবৎসর অকাল ছিল—
সে ভাবিয়াছিল, কোনক্রমে সেই দিনটা পার
হইয়া তাহার একবৎসর মেয়াদ বাজিরা
যাইবে।

কন্তার বাড়ী নদীপথ দিয়া যাইতে হইবে

—নিতান্ত কাছে নহে—ছোট-বড় ছটোতিনটে নদী উত্তীর্ণ হইতে ভিনচারদিন
লাগিবার কথা। ব্রজমোহন দৈবর জন্ত বথেষ্ট পথ ছাড়িয়া দিয়া একসপ্তাহ পূর্কো
ভ্রুদিনে যাত্রা করিবেন।

যাতার পূর্বের রমেশ দৈবজ্ঞকে গিয়া জিজ্ঞানা করিল, "কই ঠাকুর, তোমার গণনা ফলিল কই ১"

দৈবজ্ঞ কহিল—"গুডকর্ম্মে বাধা না পড়ুক — কিন্তু বাধা পড়িবার সময় এখনো অনেক আছে। কেবল 'শস্তঞ্চ গৃহমাগতং' নহে, বধুর সম্বন্ধেও সেই কথা।"

রনেশ ইহাতেও আরাম পাইল। নৌকা যথন পাল ফুলাইয়া ছুটিল, রমেশ মনে মনে বলিতে লাগিল—"গ্রহ পালের নৌকার আংগে-আগে ছুটিতে পারে।"

কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, সমস্ত প্রধ কোপাও কোন বিশ্ব হয় নাই—বরাবর বাতাস অমুকুল ছিল। শিনিমূলঘাটায় পৌছিতে , পুরা তিনদিনও লাগিল না। বিবাহের এখনো চার্মদিন দেরি আছে।

ব্রজনোহনবাবুর হ'চারদিন আগে আসিবারই, ইচ্ছা ছিল। সিম্লঘাটার ভাঁহার
বেহান্দীন অবস্থার থাকেন। ব্রজনোহনবাবুর অনেকদিনের ইচ্ছা ছিল, ইহার বাদস্থান
ভাঁহাদের স্বগ্রামে উঠাইটা লইয়া ইহাকে

ক্ষণে-সফলে রাথেন ও বন্ধুখা শোধ করেন।
কোন আত্মীয়তার সম্পর্ক না থাকাতে হঠাৎ সে
প্রভাব করা সঙ্গত মনে করেন নাই। এবারে
বিবাহ উপলক্ষ্যে তাঁহার বেহান্কে তিনি বাস
উঠাইয়া লইতে রাজি করাইয়াছেন। সংসারে
বেহানের একটিমাত্র কন্তা,—তাহার কাছে
থাকিয়া মাতৃহীন জামাতার মাতৃহান অধিকার করিয়া থাকিবেন, ইহাতে তিনি আপত্তি
করিতে পারিলেন না। তিনি কহিলেন, "যে
যাহা বলে বলুক্, যেথানে আমার মেয়ে-ভামাই
থাকিবে, সেথানেই আমার স্থান।"

বিবাহের কিছুদিন আগে আদিয়া ব্রজ-মোহনবার তাঁহার বেহানের ঘরকরা তুলিয়া লইবার ব্যবস্থা করিতে প্রবৃত্ত হইলেন। বিবাহের পর সকলে মিলিয়া একসঙ্গে যাত্রা করাই তাঁহার ইচ্ছা। এইজস্ত তিনি বাড়ী হইতে আশ্বীয় স্ত্রীলোক ক্যেকজনকে সঙ্গেই আনিগছিলেন।

এইরপ বলোবস্তই সমস্ত হইল। যতই
একে একে দিন কাটিতে লাগিল, গ্রহনক্ষত্রের
প্রতি রমেশের বিশ্বাস তত্তই লিথিল হইয়া
আদিল। আকালে এতগুলা জ্যোতিকের কি
প্রয়োজন ছিল, যদি তাহারা রমেশের এই অতি
সামান্ত কাজটুকুর সহরেও লিথিত সত্য ভঙ্গ
করিল? আকালের ঐ অবিশ্বাসী আলোকগুলার চেরে যদি ধ্লিবিহারী নিজের পা-ছটোর
উপর সে বেলি আত্ম স্থাপন করিতে পারিত,
তবে একদৌতে কোন্কালে বিবাহের লয়
পার হইয়া যাইত। তবু এখনো সময় আছে।
যুগ্রুগান্তর যে সকল গ্রহতারা জাগিয়া
খাকে, তাহাদের কোন তাড়া নাই—ভাহারা
একমুহুর্তে, এমন কি, শেষ সুহুর্তেও ললাটের

লিখনকৈ সকল'করিতে পারে। এই ভাবিয়া রমেশ নৌকার ছাদে বদিরা চশ্মা আঁটিয়া বই পড়িতে লাগিল। পাড়ার কুতৃহলী নারীগণ কলদককে ঘোষ্টার ভিতর দিয়া রমেশকে যাইত-ভাহাতে করিয়া ক্রকেপমাত্র করিত না। কোন অবগুষ্ঠিত দৃষ্টির সহিত তাহার চশ্মাবৃত চকুর সংঘাত থোঁটায় বাঁধা গোরু যেমন ঘটে নাই। অদুরে সরস-শ্রামণ মটর-কণাইরের ক্ষেত থাকা সত্ত্বেও শুকুনো খড় চিবাইয়া রোমস্থন করিতে থাকে, তেম্নি রমেশ তাহার সমন্ত কোতৃ-হলকে কেবল ছাপা-বহির ওকপত্রেই অবরুদ্ধ করিমা রাখিয়াছিল, তীরবর্ত্তী কলালাপপরা-যুণ নারীসম্প্রদারের দিকে তাহাকে বিকিপ্ত ८ म नारे। এইরূপে আপন খাঁটর প্রতি সন্মানরকা করিল। হেমনলিনীর চা-পান-মগুপে স্থান পাইবার যোগ্যতা সে অতি যত্নে বাঁচাইয়া চলিয়া-ছিল !

•

বিবাহের শুভলগ্ধকে পৌছিয়া দিবার ভার যে গ্রাহের উপর ছিল, সে নিজের কর্ত্তব্যে কোন ক্রটি করিল না। প্রাভঃকালে ঢোল-রস্থনটোকি বাজিয়া গ্রামের কাকগুলাকে অভ্যন্ত উদিয় করিয়া ভূলিল। ভাহারা চীৎকারশব্দে চিন্তাভার লঘু করিবার চেষ্টা করিল—কিন্ত একটি উচ্চপ্রেণীর দিপদ ছিল, বর্ত্তমানক্ষেত্রে ভাহার উদ্বেগ ও আশকা পক্ষীদের চেয়ে অনেক বেশি হইলেও আকাশময় শক্ষ করিয়া বেড়াইবার অ্বারিভ ক্ষমভা ও অসভ্চিত অধিকার ভাহার ছিল না। যদি সৈই শক্তি থাকিত, ভবে সে অভ প্রভ্যুবে অন্তগামী

গ্রহতারকাকে তারস্বরে ধিক্কার দিয়া আকাশ বিদীর্ণ করিয়া দিত।

আজ সন্ধাবেলার রমেশের উদাহবন্ধন। তাহার পূর্বের যথাস্থানে বিদায়পত্র লিখিরার জন্তু সে কাগজকলম লইয়া বসিল। निश्चित्त, त्कमन कतिया निश्चित । त्य क्रमग्न বন্ধনবাক্যের ঘারা কথনো জড়িত হয় নাই. ভাষা যাহাকে আজো স্পর্শ করে নাই. বাক্যের দারা আজ তাহার গ্রন্থি খুলিবে কি উপাঙ্গে ? নীরব নেত্রের যেখানে অধিকার আছে, বাক্যের পক্ষে সেখানে পদার্পণ স্পর্দা-त्राम निथिन, "पिति, করিতে চলিলাম! ক্রমা প্রার্থনা করিবার এবং ক্ষমা আশা করিবার অধিকার আমার নাই। যে হঃথভার আজ হইতে বহন করিতে উম্বত হইয়াছি, দওদাতা বিধাতা তাহা অপেকা গুরুতর অভিশাপ আমাকে দিতে পারেন না। তোমাকে যদি বেদনা দিয়া থাকি, চিরজীবনের বেদনার ছারা তাহার প্রায়শ্চিত্ত হইবে। এ কথা ভ্রনিয়া তোমার কোন স্থথ আছে কি না, জানি না---কিন্তু বলিয়া আমার তৃপ্তি হয় যে, হৃদয়ের যে অংশ তোমাকে উৎসর্গ করিয়াছি, সেথানে কোনদিন আর কেহ পদার্পণ করিবে না।"

ুএই চিঠি রমেশ অনেক ক্রাটাকুটি করিরা নিধিয়া বহুযত্তে ভাল কাগজে নকল করিরা থামে পুরিয়া হেমনলিনীর নাম ও ঠিকানা লিধিয়া গালা দিয়া মুড়িয়া একবার অনৈক-ক্রণ দক্ষিণহত্তে ধরিয়া রাখিল। তাহার পরে বাক্সর ভিতর রাখিয়া দিল। এ চিঠি রমেশ কখনো ভাকে দেয় নাই। ইহা হেমনলিনীর উদ্দেশে লিখিত মাত্র। জীবনটাকে রমেশ যে

বলি দিতেছে এবং হঃখকে সে যে চিরস্হচর করিয়া লইতেছে, ইহা অছ নিশ্চর স্থির করিয়া কঠিন-ব্রত-মাহাত্ম্যে সে একটা সাম্বনা লাভ করিল।

সন্ধ্যাবেলায় রমেশকে চতুর্দ্ধোলায়
চড়িতে হইল। সঙ্গে সঙ্গে আলোকমালা
চলিল, বাজনা বাজিতে লাগিল, পথের ছই
খারে কুটারনারে উলঙ্গ ছেলে ও ঘোন্টার্ত
বধুরা বাহির হইয়া আদিল, কুকুরগুলা
অত্যন্ত সন্দেহ ও বিরক্তি জানাইয়া মুধ
তুলিয়া ডাকিতে লাগিল,—রমেশ মনে ম্নে
প্রতিজ্ঞা করিল, বাহাকে বিবাহ করিতে
থাইডেছে, তাহাকে কোনকালে সে স্ত্রী বলিয়া
গণ্য করিবে না।

বিবাহকালে রমেশ ঠিকমত মন্ত্র আর্জি করিল, না, ভ্রুলৃষ্টির সময় চোধ বৃজিয়া রহিল, বাসরবরের হাজোৎপাত নীরবে নতমুবে সহু করিল, রাত্রে শ্যাপ্রাস্তে পাশ ফিরিয়া রহিল, প্রত্যুবে বিছানা হইতে উঠিয়া বাহিরে চলিয়া সেল। শুভরপল্লীর প্রগল্ভা প্রোচাগণ বরের এইরপ নির্বাক্ নিরীহতায় রাগ করিল, কিন্তু মুবচোরা ভালমান্থ বলিয়া ল্লীসমাজে রবেশের একটা খ্যাভিও জন্মিল। সকলেই বলিল, "আমাদের স্থলীলা বরকে যেমন ইছা চালাইত্বে পারিবে।"

বিবাহ সম্পন্ন হইলে ফিরিবার উনেবাগ হইল। মেরেরা এক নৌকার, রুদ্ধেরা এক নৌকার, বর ও বরস্তাগ আর এক নৌকার বাজা করিল। অস্ত এক নৌকার রস্থনচৌকির দল যথন-তথন বে-সে রাগিণী বেমন-তেমন করিরা আলাপ করিতে লাগিল। হই তীরের ছারাছের প্রামের অনেক প্রারগা হইতেই বিচিত্র বেস্থরের বাস্ত খন তরুপারব তেদ করিরা প্রাম্য উৎসবের উৎসাহ অগতে ঘোষণা করিতে চেষ্টা করিল। বর্ষব্যাপী অকালের পূর্বে সেবার বাংলার প্রামে গ্রামে বিবাহব্যাপার অত্যন্ত সংক্রামক হইয়া উঠিয়া-ছিল—বর্ষাত্রের হরন্ত বন্যার প্লাবনে এমন পল্লী ছিল না বে, আত্মরক্ষা করিতে পারিয়া-ছিল।

সমস্তদিন অসহ পরম। আকাশে মেঘ नारे, अथा এक है। विवर्ग आष्ट्रामदन हातिमिक् ঢাকা পডিরাছে—তীরের তরুশ্রেণী পাং**ত**বর্ণ। গাছের পাতা নডিতেছে না। দাঁডিমাঝিরা গলদ্ঘর্ম। সন্ধার অন্ধকার জমিবার পুর্বেই माल्लाता कहिन, "कर्खा, त्नोका এইবার चाउँ বাঁধি-সমূথে অনেকদুর আর নৌকা রাখি-वात कावणा नाहे।" बक्रदमाहनवातू পথে বিলম্ব করিতে চান না। তিনি কহিলেন, "এখানে বাধিলে চলিবে না। আৰু প্ৰথম-জ্যোৎনা আছে, আৰু বালুহাটায় পৌছিয়া নৌকা বাঁধিব। তোরা বৃক্শিস্ পাইবি।"

নৌকা গ্রাম ছাড়াইরা চলিরা গেল।
একদিকে চর ধৃধু করিতেছে, আর একদিকে
ভাঙা উচ্চপাড়। কুহেলিকার মধ্যে চাঁদ
উঠিল, কিন্তু তাহাকে মাতালের চিকুর মত
অত্যন্ত ঘোলা দেখাইতে লাগিল।

এমন-সময় সেই দৈবজ্ঞকথিত ছগ্র হৈর হঠাৎ হঁ স্ হইল, তাহার কাফ্লে মৃল্তবি পড়িয়াছে। তাড়াতাড়ি কোনমতে কর্ত্তবা সারিয়া লইবার জন্ত সে তাহার একটা ক্রতগামী দুত পাঠাইল! আকাশে মেঘ নাই কিছু নাই, অধন কোবা হইতে একটা গর্জনক্ষনি শোনা গেল। পশ্চাতে দিগত্তের দিকে চাহিয়া দেখা গেল, একটা প্রকাণ্ড অদৃশ্র সমার্জনী ভাঙা ডালপালা, থড়কুটা, ধুলাবালি আকাশে উড়াইয়া প্রচণ্ড-বেগে ছুটিয়া আসিতেছে। 'রাখ্ রাখ্, সামাল্ সামাল্, হার হার' করিতে করিতে মুহূর্ত্তকাল পরে কি হইল, কেহই বলিতে পারিল না। একটা ঘূর্ণা হাওয়া একটি সকীর্ণ পথমাত্র আশ্রয় করিয়া প্রবলবেগে সমন্ত উন্মূলিত-বিপর্যান্ত করিয়া দিয়া নৌকা-ক্রটাকে কোথায় কি করিল, তাহার কোন উদ্দেশ পাওয়া গেল না। পার্কত্যে নদীপথে অকমাং জলপ্লাবুনের স্থায় মূহূর্ত্তের ঝড় মূহূর্ত্তের মধ্যে সমন্তর্কীন করিল—কিন্তু ভাহার সেই পথটুকুতে পূর্ব্বের সহিত পরের আর কোন সাদৃশ্র রহিল মা।

Я

কুহেলিকা কাটিয়া গেছে। বহুদুরব্যাপী
মরুময় বালুভূমিকে নির্মাণ জ্যোৎসা বিধবার
ভ্রবদনের মত আছের করিয়াছে। নদীতে
নৌকা ছিল না, চেউ ছিল না, রোগযন্ত্রণার পরে
মৃত্যু যেরূপ নির্বিকার শান্তি বিকীর্ণ করিয়া
দেয়, সেইরূপ শান্তি জলে-স্থলে স্তর্কভাবে
বিরাজ করিতেছে।

সংজ্ঞানাভ করিয়া রমেশ দেখিল, সে বালির ভটে পড়িয়া আছে। ঝড়ের বেগ তাহাকে এক পলকের আঘাতে মৃত্যুর মধ্যে ফেলিয়া আবার অবলীলাক্রমে মৃত্যু হইতে উত্তীর্ণ করিয়া দিয়ীছে। কি ঘটিয়াছিল, তাহা মনে করিতে তাহার কিইকেণ সম্ম গেল—তাহার পরে ধীরে ধীরে ছ:কুপ্লের মত দুমন্ত ঘটনা তাহার মনে জাগিয়া উঠিল। তাহার পিভা ও অভাভ আজীয়গণের কি দশা হইল, সন্ধান করিবার জন্ত সে উঠিয়া পড়িল। চারিদিকে চাহিয়া দেখিল, কোথাও কাহারো কোন চিহ্ন নাই। বালুতটের তীর বাহিয়া সে খুঁজিতে খুঁজিতে চলিল।

পদার ছই শাথাবাছর মাঝখানে এই শুল্র বীপটি উলঙ্গ শিশুর মত উর্জমুথে শয়ান রহিয়াছে। রমেশ যথন একটি শাথার তীর-প্রাপ্ত ঘূরিয়া অন্ত শাথার তীরে গিলা উপস্থিত হইল, তথন কিছুদ্রে একটা লাল কাপড়ের মত দেখা গেল। ক্রতপদে কাছে গিলা রমেশ দেখিল, লাল-চেলী-পরা নববধ্টি প্রাণহীনভাবে পড়িয়া আছে।

জলমগ্ন মুম্বুর খাদক্রিয়া কিরূপ ক্রবির্রু উপায়ে ফিরাইয়া আনিতে হয়, রমেশ তাহা জানিত। অনেকক্ষণ ধরিয়া রমেশ বালিকার বাহুহটি একবার তাহার শিগ্রবের দিকে প্রদারিত করিয়া পরক্ষণেই তাহার পেটের উপরে চাপিয়া ধরিতে লাগিল। ক্রমে ক্রমে বধ্র নিখাদ বহিল এবং দে হকু মেলিক।

রমেশ তথন অত্যন্ত শ্রান্ত হইয়া কিছুকণ
চুপ করিয়া বদিয়া রহিল। বালিকাকে কোন
প্রশ্ন করিবে, দেটুকু শ্বান্ত যেন তাহার
আয়ডের মধ্যে ছিল না।

বালিকা তথনো সম্পূর্ণ জ্ঞানলাভ করে
নাই। একবার চোথ মেলিয়ী তথনি তাহার
চোথের পাতা মুদিয়া আসিল। রমেশ
পরীক্ষা করিয়া দেখিল, তাহার খাসক্রিয়ার
আর কোন ব্যাঘাত নাই। তথন এই
জনহীন জলস্থলের সীমায় জীকনমূত্যর
মাঝখানে সেই পাঙ্র জ্যোৎস্নালোকে রমেশ
বালিকার মুখের দিকে অনেককণ চাহিয়া
রহিল।

আছি'র সহিত আছি'র ঐক্য।
কালিদাস প্রথম বয়সে মূর্য ছিলেন,
পশ্চাৎবয়সে অসামান্ত কবি হইয়া উঠিয়াছিলেন, ইহা সকলেরই জানা কথা।
ইহাতেই ব্ঝিতে পারা যাইতেছে যে,
পণ্ডিতের এবং মূর্থের আছি'র মধ্যে অলজ্থনীয় প্রাচীরের ব্যবধান নাই। এই প্রসঙ্গে
আর-একটি কথা বলিবার আছে; তাহা
এই:—

কালিদাস যথন মূর্থ ছিলেন, তথন তিনি জানিতেন যে, তাঁহার নাম "কালি" এই এক-কথায় পরিসমাপ্ত। তাহার পরে যথন তিনি আপনার নামাক্ষর বানান্ করিতে শিথিতেছেন, তথন তিনি সেই এক কথার জায়গায় তুই কথা দেখিতেছেন;—দেখিতেছেন (১) কএ আকার কা, (২) লএ ইকার লি। আরো কিছুদিন পরে যথন তাঁহার প্রথম পাঠ সাঙ্গ হইল, তথন তিনি তুই কথার জায়গায় তিন কথা দেখিলেন;—দেখিলেন (১) কএ আকার কা + (২) লএ ইকার লি=(৩) কালি।

তৃতীয় বয়সের তিন কথা আর-কিছু
না—ধিতীয় বয়সের হুই কথার সহিত প্রথম
বয়সের,এক কুথার যোগ-বন্ধন;—কা এবং
লি এই হুই কথার সহিত "কালি" এই এক
কথার যোগ-বন্ধন। এই গেল উপমা—
উপমেয় হ'চেচ এই :—

• সহজ জ্ঞান "আছি" এই এক কথা বিনিয়াই ক্ষান্ত। মনোবিজ্ঞান ১ঐ এক কথা'র পদ্দার আড়ালে তুই কথা দেখিতে পা'ন; দেখিতে পান—আছি এবং আছে এই হুই যমক সহোদর পিঠোপিঠি জোড়া লাগানো। তার সাক্ষী—আমাকে দেখিয়া কেহ যদি বলে "এ ব্যক্তি আছে", তৰে সে ব্যক্তি যাহাকে বলিতেছে "আছে", তাহাকেই আমি বলিতেছি "আছি"। তা ছাড়া—আমার আপনার নিকটেও আমার শরীর, মন, বুদ্ধি প্রভৃতি আছে: আমি সেই আছে'র সহিত জড়িত-ভাবে আছি—এরূপ জড়িতভাবে যে, আমার শরীর-মন প্রভৃতি যত-কিছ পদার্থ আমার সাক্ষাতে আছে বলিয়া প্রতি-ভাত হইতেছে, সমস্তই যদি আমার জ্ঞান হইতে সরিয়া পালায়, তবে আছিও সেই দঙ্গে দরিয়া পালার; -- যেমন সুষ্থিকালে। এইজন্ম বলিতেছি যে, সহজ জ্ঞান যেথানে দেখেন শুধুই কেবল আছি. মনোবিজ্ঞান **সেখানে দেখেন আছে-আছি একসঙ্গে** জড়ানো। তত্তজান আবার মনোবিজ্ঞানের অপেকাও হক্ষদশী। মনোবিজ্ঞান আছে'র একপিটেই কেবল আছি দেখিতে পা'ন; তত্বজ্ঞান আছে'র এ-পিট ও-পিট ছই পিঠেই আছি দেখিতে পা'ন। তত্ত্জানের অস্তরের কথা কিরূপ—যদি জিজ্ঞাসা কর. তবে নিম্নে প্রণিধান করা হোকু:--

তত্বজ্ঞানের একটি অস্তরের কথা।
তোমাকে লক্ষ্য করিয়া আমি 'বলি যে,
"ইনি আছেন"—আমার ভাষায় আমি বলি
"ইনি আছেন।" তোমার ভাষায় তুমি "ইনি
আছেন" বলো না—তুমি বলো "আমি
আছি।" একই বস্তকে লক্ষ্য করিয়া
আমার ভাষায় আমি বলিতেছি "ইনি
আছেন", তোশার ভাষায় তুমি বলিতেছ

"আনি আছি।" হই কথার ভাবার্থ একই। ভাবার্থ একই বটে—কিন্ত তত্তাচ তোমার ভাষায় তুমি যে বলিতেছ "আমি আছি". এইটিই মূল কথা; আর, আমার ভাষায় আমি যে বলিতেছি "ইনি আছেন", এটা म्हि भूत्वत असूत्राम । अठोटकरे वा भूव বলি কেন-এটাকেই বা অহুবাদ বলি কেন ? কেন যে বলি, তাহার কারণ দেখিতেই পাওয়া যাইতেছে; কারণ আর-কিছু না—তুমি যে বলিতেছ "আমি আছি". এটা তোমার হওয়া-কথা; আর, আমি যে বলিতেছি "ইনি আছেন", এটা শুধু আমার 'দেখা কথা। তত্ত্তান বলেন যে, দেখা-কথার মূলে যদি হওয়া-কথা না থাকে, তবে দেখা-কথা ভধুকেবল একটা কথার কথা হইরা দাঁড়ায়। কাজেই বলিতে হয় যে, তুমি যে বলিতেছ "আমি আছি". সেইটিই মূল কথা; আর, আমি যে বলিতেছি "ইনি আছেন". এটা তাহারই অনুবাদ। তুমি হয় তো বলিবে যে, দেয়াল তো বলে না "আমি আছি"—তুমিই বলিতেছ "দেয়াল আছে", — "দেয়াল আছে" ইহার ভিতরে দেখা-কথা ছাড়া হওয়া-কথা কোন্থানটায় ৭ ইহার উত্তর এই যে, তুমি যথন বলিতেছ যে, দেয়াল আছে, তথন তাহার অর্থই এই যে, তোমার দেখা-কথার ও-পিটে দেয়ালের নিজের একটি হওয়া-কথা আছে-যদিচ দেরাল তাহা মহুষ্যের ভাষায় ব্যক্ত করিয়া বলিতে পারে. না। দেয়াল যদি মহুষোর ভাষায় কথা কহিতে জানিত—তাহা হইলে দেয়াল নিশ্চরই বলিত "আমি আছি।"

দেয়াল নিতান্তই পর-দেশের লোক.;— দেয়াল তোমার দেশের ভাষায় কথা কহিতে জানে না; তাই সে মুখে বলিতে পারে না যে, "আমি আছি।" তুমি দেয়ালের উকিল। দেয়াল আপনার অন্তরের কথা আপনি প্রকাশ করিয়া বলিতে অক্ষম—তাই তুমি দেয়ালের হইয়া এইরূপ ওকালতি করিতেছ যে, দেয়াল আছে ; ইহাতে প্রকারান্তরে বলা. হইতেছে যে, "আমি আছি" এটা দেয়ালের অন্তরের কথা; যদিচ দেয়াল সে কথা প্রকাশ করিয়া বলিতে জানেও না—বলিতে চাহেও দেয়ালকে মারো-ধরো—দেয়ালের তাহা গায়ে লাগে না; কাজেই "আমি আছি" এ কথা প্রকাশ করিয়া বলিবার জন্ম তাহার মাথাব্যথা হয় না; প্রকাশ না বলুক্—ঠারেঠোরে রশিতে ছাড়ে না; এমন কি--দেরাল তোমার চক্ষে অঙ্গুলি দিয়া দেখাইতেছে 'আমি আছি;" দেয়ালের অঙ্গুলি,হ'চেচ খেতাংভ-প্রতিক্ষেপণী শক্তি; সেই তাহার অব্যর্থ শক্তি তোমার চক্ষের ভিতরে চালাইয়া দেয়াল মুখে না বলুক্—কাজে বলিতেছে °আমি আছি।"

তত্বজ্ঞানের কথা এই যে, তুমি দৈরালই হও, আর মন্ত্রাই হও—অহাতে আইসে যার না;—যাহাই তুমি হও না কেন—তোমাকে : লক্ষ্য করিয়া আমি যদি বলি যে, 'ইনি আছেন", তবে সেই 'ইনি আছেন" কথাটির ছই পারেই "আমি আছি" বিরাজ্ঞান। এপারের "আমি আছি" আমার অন্তরের কথা—ভারের "আমি আছি" তোমার অন্তরের কথা; আর

তোমার াসেই অস্তরের কথাটকে আমি আমার ভাষার অস্থাদ করিয়া বলিভেছি বে, "ইনি আছেন" অথবা "এটা আছে।"

আছি'র দহিত আছি'র ঐক্য যে কাহাকে বলে, তাহা এতক্ষণে ব্ঝিতে পারা গেল। দেখিতে পাওয়া গেল যে,

প্রথমত, দেখা-কথা'র ছই পারেই হওয়া-কথা থাকা চাই। এপারে দ্রপ্তার, অর্থাৎ আমার, আমি আছি থাকা চাই—ওপারে লক্ষ্য বস্তর, অর্থাৎ তোমার, আমি আছি থাকা চাই।

দ্িতীয়ত, দেখা কথা'র এপারের হওয়া-কথা'র সহিত ওপারের হওয়া-কথা'র ঐক্য থাকা চাই।

তৃতীয়ত, এপারের হওয়া-কথার সহিত ওপারের হওয়া-কথার সেই যে ঐক্য, তাহারই নাম আছি'র সহিত আছি'র ঐক্য।

আছি'র সহিত আছি'র ঐক্যের ভূল দৃষ্টান্ত।

"আমি তোমাকে দেখিতেছি" এই যে একটি দেখিতেছি-ব্যাপার, এই দেখিতেছি'র এপারে আমি বলিতেছি "আমি আছি", ওপারে তুমি বলিতেছ "আমি আছি।" "আমি তোমাকে দেখিতেছি" এ কথাটি একটি রই কথা নহে, অথচ সেই একটিমাত্র কথা'র হুই পারে তুই আছি বিরাজমান।

তুইটি কথা দ্রুষ্টব্য।

প্রথম কথা এই যে, দেখিতেছি'র এপারে
দাঁড়াইরা আমি যে বলিতেছি "আমি আছি",
তাহার অর্থ এই যে, দেখিতেছি = দেখিতে +
আছি অর্থাৎ দেখিতেছি-রকমে আছি।

তবেই হইতেছে বে, দেখিতেছি আছি'রই রকমভেদ বা প্রকারভেদ। রূপকের ভাষার—দেখিতেছি আছি'রই তরল-ভল। দার্শনিক ভাষার—দেখিতেছি একপ্রকার পরিবর্ত্তনীল গুণ; সেই পরিবর্ত্তনশীল গুণের অপরিবর্ত্তনীর আধার-বন্ত থাকা চাই; সে আধার-বন্ত কে! না, আছি। কেন না, গোড়ার আছি না থাকিলে, ব্যবহারক্ষেত্রে দেখিতেছি থাকিতে পারে না।

বিতীয় কথা এই যে, 'আমি ভোমাকে দেখিতেছি' বলিলেই ব্ঝায় যে, তৃমি আমার চক্রিন্তিয়ের উপরে কার্য্য করিতেছ, তাই আমি তোমাকে দেখিতেছি। সে কার্য্যরু কারণ তৃমি। ফলে, দেখিতেছি-ব্যাপারটি এপারের আছি'র একপ্রকার গুণপরিবর্ত্তন;—"পূর্ব্বে দেখিতেছিলায় না—একণে দেখিতেছি" এইরূপ একটা গুণপরিবর্ত্তন; এই গুণপরিবর্ত্তনের উপরে ওপারের আছি'র কার্য্যকারিতা দেখিতে পাওয়া যাইতেছে শপষ্ট।

এই হুইটি কথা পরস্পরের সহিত মিলাইয়া দেখিয়া আমরা পাইতেছি এই যে,
"আমি তোমাকে দেখিতেছি" এই কথাটর
সঙ্গে হুই পারের হুই আছি'র সম্বন্ধ রহিয়াছে।
এপারের আছি'র সম্বন্ধ যাহা রহিয়াছে,
তাহা বস্তগুণের সম্বন্ধ; ওপারের আছি'র
সম্বন্ধ যাহা রহিয়াছে, তাহা কার্য্য-কারণসম্বন্ধ। বস্ত্ব-গুণ-সম্বন্ধের সোপান দিয়া আমি
দেখিতেছি-হইতে এপারের আছিতে অবতরণ করি; কার্য্য-কারণ-সম্বন্ধের সোপান
দিয়া আমি দেখিতেছি-হইতে ওপারের
আছিতে আরোহণ করি। হুই পারের হুই

আছি'র ঐক্যের নামই আছি'র সহিত আছি'র ঐক্য।

প্রকৃত কথা এই যে, সম্বন্ধশাতেরই মূলে আমি যদি বলি যে. ক্রক্য অবশ্রস্তাবী। "ভোমার দহিত আমার কোনো সম্বন্ধ নাই". তবে তাহার অর্থই এই যে. তোমাতে আমাতে ঐক্য নাই। পুত্ৰ একসময়ে মাতার শরীরেরই অঙ্গের সামিল ছিল—তাই মাতার সহিত পুত্রের এরপ ঘনিষ্ঠ সম্বন্ধ। মন্ত্র্যমাত্রই জগতের শ্রেষ্ঠ উপাদান হইতে জন্মগ্রহণ করিয়াছে, এইজন্ম মনুষ্যে এরপ ঘনিষ্ঠ সম্বন্ধ। সম্বন্ধের মূলে ঐকাই ্যদি ৰাই —তবে সমন্ধ দাঁড়াইয়া থাকিবে কিসের উপরে ৽ শুন্তের উপরে ৽ না, বালির বাঁধের উপরে,
ব্ অতএব এটা স্থির বে, সম্বন্ধ-মাত্রেরই মূলে ঐক্য রহিয়াছে। এমন কি, তেলে-জ্লালের সম্বন্ধের মধ্যেও ঐক্য দেখিতে পাওয়া যায়। একটা কাচ-পাত্রে যদি তেল আর জল একাধারে বিশ্বস্ত হয়, তাহা হইলে হুয়ের সন্ধিস্থানে উভয়ের ঐক্য এরূপ স্থস্পষ্ট আকার ধারণ করে যে, সে স্থানের চক্রাকৃতি রেখাটিকে তৈল-রেখা বলিব কি জল-রেখা বলিব, তাহার ঠিকানা পাওয়া যায় না। ইহাতে দাঁড়াইতেছে এই যে, আছি'র **শহিত দেখিতেছি'রও ঐক্য রহিয়াছে**; আছি'র সহিত আছি'রও ঐক্য রহিয়াছে। আছি'র সহিত দেখিতেছি'র ঐক্য প্রকাশ পায় বস্তুগুণের সম্বন্ধ-সূত্রে; আছি'র সহিত আছি'র ঐক্য প্রকাশ পায় কার্য্যকারণ-সম্বন-হত্তে।

পরিশেষে বক্তব্য এই যে, ছই পারের ছই আছি'র ঐক্যের প্রতি লক্ষ্য করিয়াই পূর্বপ্রথমের উপদংহার-ভাগে দাঁটে-দোঁটে বলা হইরাছিল—"আছি'র সহিত আছি'র ঐক্যই স্বাধীনতা'র ভিত্তিমূল।"

অতঃপর, আছি'র সহিত আছি'র ঐক্যের সঙ্গে স্বাধীনতার কিরূপ ঘনিষ্ঠ সম্বন্ধ, তাহা পর্য্যালোচনা করিয়া দেখা যা'ক।

মনে কর, দেবদত্ত-নামক একজন বলবান বুবা পুরুষ কয়েক-ভরি সোণার বোঁচকার বাঁধিয়া লইয়া একাকী পদত্রজে গ্রাম হইতে গ্রামান্তরে যাইতেছেন। মধ্যে ১৫ক্রোশের প্রত্যুষে যখন তিনি রওনা হইলেন, তথন তাঁহার মনে হইল যে, তিনি গস্তব্যপর্থ এক -নিখাসে গ্রাস করিয়া ফেলিবেন। তিনি ভাবিলেন "একঘণ্টার মধ্যেই আমি ১৫ কোশ পথ হাঁটিয়া পার হইব-কাহার সাধ্য আমার গতিরোধ করে—আমি স্বাধীন।" এরূপ হে তাঁহার মনে হইল, তাহা হইবারই কথা; কেন না, একটি-আধটি নছে-তিন-চারিটি —মাথালো-গোচের কারণ একযোট হইয়া তাঁহার মনোমধ্যে ঐক্লপ একটা মহোত্তম-শালি-স্বাধীনতা-বোধের ফোয়ারা निशोट्य।

প্রথম কারণ হ'চ্চে স্থস্থ শরীরের বল-শ্নুর্জি।

দ্বিতীয় কারণ হ'চ্চে নিঃশঙ্ক মনের আনন্দ-ক্রি।

তৃতীয় কারণ হ'চ্চে গম্যস্থানে বাইবার জন্ম আগ্রহের আতিশব্য।

চতুর্ত্ব কারণ হ'চ্চে—কর্ত্তব্য-কার্য্যে প্রবৃত্ত-হওয়া-গতিকে অস্তরাত্মার (conscienceএর) প্রসমতা।

. দেবদত্ত স্বাধীনভায় ভর করিয়া দশ-ক্রোশ পথ অকাতরে অতিবাহন করিলেন। তাহার পরে ক্রমে তাঁহার স্বাধীনতা মন্দা পড়িয়া আসিতে লাগিল i কায়-ক্লেশে তিনি আর হুই-ক্রোশ পথ কথঞ্চিৎ প্রকারে অতি-বাহন করিলেন; কিন্তু এখনো তিন-ক্রোশ গন্তব্যপথ তাঁহার সম্মুখে দিগন্তর-হইতে দিগন্তরে প্রদারিত রহিয়াছে। তাঁহার পদম্ম বেবোরে পডিয়া —নিতাস্ত না চলিলে নয় তাই চলিতেছে। যে স্বাধীনত। বোধের নৃতন ক্র্রির সময় ১৫ক্রোশ পথ দেবদত্তের চক্ষে এক-ক্রোশের বেশ ধারণ করিয়াছিল, দেই স্বাধী-'ন্তা-বৈধের এখন অন্ত-গমনের কাল উপ-স্থিত; এখন তাই এক-ক্রোশ পথ তাঁহার চক্ষে শত-ক্রোশ বা তভোধিক। এখন.মনে ফরিতেছেন যে, "আমার স্বাধী-নতায় কাজ নাই—মাঠের মধ্যে কোথাও যদি একটা বটগাছের আড়াল পাই, তবে তাহার স্থমিগ্ধ ছায়ায় মুহুর্তেকের জন্ম হাত-পা ছড়াইয়া বাঁচি।" পূর্ব্বে দেবদত্তকে দেব-দত্তের মন তিন-সত্য করিয়া বলিয়াছিল "তুমি স্বাধীন"; এখন অম্লান-বদনে বলি-তেছে "তুমি পরাধীন।" মনের ছই কথাই কিছু আর সত্য হইতে পারে না; হয় এটা সত্য-নয় ওটা সত্য। তবেই হইতেছে যে, দেবদত্তের তথনকার সেই যে স্বাধীনতা-বোধ এবং এখনকার এই যে পরাধীনতা-বোধ---ছইই তাঁহার ছই বিভিন্ন অবস্থার উপযোগী গুইপ্রকার মনের ভাব, তা বই আর-কিছুই নহে। তাহার পরে মনে কর, অন্ত-দিবাকরের দঙ্গে সঙ্গে যখন তাঁহার স্বাধীনতাবোধ অন্তমিত হইল, তথন তিনি সন্মুথে একটা প্রকাও বটবৃক্

দেখিয়া তাহার তলে বোঁচ্কা হেলান্ দিয়া বসিলেন—বসিয়া প্রমাপনোদন করিতেছেন, ইতিমধ্যে জনৈক অপরিচিত পথিক তাঁহার হুই-হাত অন্তরে সেই বটবৃক্ষের আর-এক পার্শে স্থান গ্রহণ করিল।

मिवन एवं मरामा क्री क्रिके कथा कांध ধরাধরি করিয়া উপস্থিত হইল। একটি কথা এই যে, বোঁচ্কার ভিতরে চারি-পাঁচ-ভরি স্বর্ণালন্ধার রহিয়াছে; আর-একটি কথা এই যে, পার্শের লোকটির মুখের আকার-প্রকার ভাল নহে; তা ছাড়া, তাহার হাতের লাঠির আয়তনের পরিমাণ কিছু যেন মাত্রাতীত। দেবদত্ত যে, স্থানাস্তরে উঠিয়া যাইবেন দে শক্তি তাঁহার নাই; তাহাতে আবার, নিদ্রার আকর্ষণে তাঁহার চকু বুজিয়া আসিতেছে। কিন্তু "নিদ্রাকে কোনোমতেই আসিতে দেওরা হইবে না" এই তাঁহার প্রতিজ্ঞা। এই যে, "কি মনের ভাব জানি ! হাতের যষ্টির সহিত মুখের চেহারার অমন যথন মিল, তথন "বিশ্বাসো নৈব কর্ত্তব্য: !" কিন্তু নিদ্রাকুহকিনীকে তিনি কত ঠেকাইয়া রাখিবেন! যেই একটু কোঁক পাইতেছে—অমনি নিদ্রা চুপিচুপি আসিয়া চক্র কপাটে কুলুপ আঁটিয়া মন্তকের ভার বোঁচ্কার দিকে ঢুলাইয়া দিতেছে; মন্তক বটরুক্ষের গায়ে ঠোকর থাইয়া 'সচকিতভাবে স্বস্থানে উঠিয়া দাঁড়াইতেছে; আর তৎ-কণাৎ দেবদত্তের তক্রা ভাঙিয়া যাওয়াতে দেবদত্ত বোঁচ্কাটিকে আপনার আরত্তের মধ্যে সরাইয়া আনিয়া স্বাবধান করিয়া রাখিতেছেন। নিজা কিন্তু ছাড়িবার পাত নহে—নিদ্রা অপ্রতিহত উভ্তমের সহিত

আক্রমণের উপর আক্রমণ আরম্ভ করিতেছে।
এমন-সময় দেবদন্তের একজন পুরাতন বদ্
দেই পথ দিয়া যাইতেছিলেন—তিনি দেবদত্তকে দেখিয়া মহা-আনন্দ প্রকাশ করিয়া
তাঁহাকে আপন আলয়ে লইয়া গেলেন।
দেবদত্ত দেখানে গিয়া চির-পরিচিত বদ্ধুবর্গের
মাঝখানে স্বাধীনতার স্বর্গ হাত বাড়াইয়া
পাইলেন—মনের স্থথে ঘুমাইয়া বাঁচিলেন।
দেবদত্তের যাত্রারম্ভ হইতে বন্ধুত্বনে উপনীত
হওয়া পর্যান্ত তাঁহার স্বাধীনতা-বোধের
পথের সমাচার যদি জিজ্ঞাসা কর, তবে তাহা
এই:—

শাত্রাকালে দেবদন্ত আপন শরীরে বলের **স্ফূর্ত্তি এবং মনে আনন্দের স্ফূর্ত্তি প্র**চুর-পরিমাণে অন্নতব করিয়াছিলেন। ন্দু ৰ্ত্তিই অমুভব করিয়াছিলেন—ক্ষূর্ত্তির বাধা অমুভব করেন নাই। তিনি তথন মনে করিয়াছিলেন ধে, **আমার এ ক্বৃত্তি বাহিরের কোনো**-কিছুর বশতাপন্ন নহে-ইহারই নাম স্বাধীনতা-দেবদত্তের এই প্রথম উচ্চমের বোধ। স্বাধীনতা-বোধের প্রধান কারণ-শারীরের স্বাস্থ্য। শরীর যদি কোনো অংশে অনুস্থ হয়, তবে যে অংশে তাহা অপ্লস্থ, সেই অংশে তাহা দেহী ব্যক্তির পর। পকাস্তরে, সম্পূর্ণ অস্থ শরীর দেহী ব্যক্তির আপনার তো বটেই —তা ছাঁড়া তাহা একপ্রকার দ্বিতীয় আপনি। শরীর সম্পূর্ণ স্কুস্থ হইলে, শরীর আছে এবং আমি ছাছি, এ হয়ের ভিন্নতা-বোধ থাকে না। স্থন্থ শরীর দেহী ব্যক্তির ষিতীয় আপনি বলিয়া—স্কুস্থ শ্রীরের পরিধির मर्था (मरी वाकि এक अकात गर्ड शाधी-নতা অমূভব করে। এই যে সহজ স্বাধীনতা, ইহার মধ্যে আছি'র সহিত আছি'র ঐক্য কোন্থানটায়, তাহা যদি জিজ্ঞাসা কর, তবে তাহার ঠিকানা পাওয়া যাইতে পারে এইরূপে:—

দেহী ব্যক্তি দেহ-বোধের এপারে থাকিয়া বলিতেছে যে, আমি আছি এবং আমার দেহী ব্যক্তি যে বলিতেছে দেহ আছে। "আমি আছি", এইটিই দেহী ব্যক্তির হওয়া-কথা; পক্ষান্তরে—"দেহ আছে", এটা দেহী ব্যক্তির দেখা-কথা; দেহী ব্যক্তির এই দেখা-কথা ব্যতীত— দেশ্হর নিজের একটি হওয়া-কথা আছে। কেন না, দেহ এক্প্রকার অশাব্দিক ভাষায় বলিতেছে যে, আমি আছি; আর দেহী শান্দিক ভাষায় তাহার অনুবাদ করিয়া বলিতেছে যে, দেহ আছে। এখন বক্তব্য এই যে, একদিকৈ অশান্দিক ভাষায় দেহ বলিতেছে আমি আছি. এবং আর-একদিকে শান্দিক ভাষায় দেহী বলি-তেছে আমি আছি: এই 'যে ছই দিকের ছই আছি—স্বস্থ-শরীরে এই ছই আছি এক আছি'রই সামিল হইয়া দাঁড়ায়; কাজেই —এ-আছি ও-আছি-কর্তৃক रुग्र ना ; आत्र, वांधा शाश रुग्र ना विनेशा प्रिशी ব্যক্তি স্বাধীনতা অন্তত্তব ক্রে। ু এইরূপে দেহ-আত্মা (যাহার শান্ত্রীয় নাম ভূতাত্মা) এবং দেহি-আত্মা (যাহার শাস্ত্রীয় নাম विজ्ञानाञ्चा) এই इरे आञ्चा यथन এकाञ्चा হইয়া যায়, তখন সেই একাম্ভাব হইতে একপ্রকার অবাধিত ফুর্ত্তি জন্মগ্রহণ করে; আর, দেহ-দেহীর সেই যে একাত্ম-ভাব, তাহাই এখানে:দেহের এ-পিটের আছি'র

সহিত ও-পিটের আছি'র ঐক্য বলিয়া নির্দেশ শিত হইতেছে।

প্রথম উন্নয়ে দেবদন্ত শরীরকে যতটা षाभनात मत्न कतिशाहित्नन, क्रांस तिथ-লেন-শরীর ততটা আপনার নহে । শেষে ৰখন দেখিলেন যে. তাঁহার পদ-বয় তাঁহার কথার অবাধা হইয়া-তিনি যত বলিতেছেন "চলো"় সে ছই ভ্রাতা ততই বলিতেছে "চলিতে পারি না", তথন তাঁহার স্বাধীনতাবোধের বক্ষ একেবারেই দমিয়া গেল। তাহার পরে যথন তিনি বটবুক্ত-ভলে নিষম হইয়া বাহিরের লাঠিয়াল এবং অস্তরের নিজা ছয়ের কাহাকে সাম্লাইবেন, তাহা ভাবিয়া পাইতেছেন না, তখন কত যে তিনি পরাধীন, সে বিষয়ে তাঁহার বিলক্ষণ শিক্ষালাভ হইল। তাহাঁর পরে তিনি যখন বন্ধ-ভবনে স্থবিশ্বন্ত-চিত্তে মনের কপাট খুলিয়া স্থথে मग्रन कत्रिरमन, जथन দেখিলেন যে, তাঁহার সকলেই তাঁহার চারিদিকের কোকেরা আপনার লোক-কেহই তাঁহার পর নহে। তা ছাড়া--ধনএয়-নামক গৃহকর্তা তাঁহার পরম বন্ধু-একপ্রকার দ্বিতীয় আপনি। সকল কুরিণে—পথের ডিনি মাঝখানে হারাইয়া ফেলিয়াছিলেন সেই বে তাঁহার আদরের ধন স্বাধীনতা, একণে তাহা তিনি শুধস্থক ফিরিয়া পাইলেন। এক্ষণে আছি'র সহিত আছি'র ঐকা অতীব স্থুম্পট্ট আকার ধারণ করিল। বন্ধুপ্রাপ্তির এ-পারে **प्रतपरखंत्र आभि आ**ছि এবং ওপারে ধুনঞ্জয়ের অধমি আছি, এই হুই আছি একীভূত হুইয়া দেবদত্তের অন্তঃকরণে স্বাধীনতার কপাট

উন্মুক্ত করিয়া দিল। দেবদভ যাত্রাকালে যেরূপ স্বাধীনতা অমুভব করিয়াছিলেন, তাহার গোড়া'র কথা দেহের সহিত দেহীর আছি'র ঐক্য; একণে বন্ধু-ভবনে তিনি যেরূপ স্বাধীনতা অমুভব করিতেছেন, তাহার গোড়া'র কথা বন্ধবর্গের আছি'র সহিত আছি'র ঐক্য। **তুইপ্রকার** প্রাচীরের ঘের-দেওয়া স্বাধীনতা ব্যতীত আর-একপ্রকার স্বাধীনতা আছে--্যাহার প্দবী অতীব উচ্চ; এত উচ্চ যে, বর্ত্তমান কালের সভ্যতার অবস্থা যেরপ শোচনীয়, তাহাতে তাহাকে নাগাল পাওয়া স্বত্বর। সেটি হ'চের পার্মার্থিক স্বাধীনতা--- যাহার আর-এক নাম মৃক্তি। দেহ যেমন দেহীর আপনার, গেহ যেমন গেহী'র আপনার, সমস্ত বিশ্বজ্ঞাও তেমনি ভগবদ্ভক্ত সাধু পুরুষের আপুনার। পরিবারস্থ আত্মীয়স্বজনেরা যেমন গৃহী ব্যক্তির দ্বিতীয় আপনি, প্রমাত্মা তেমনি ভক্ত জীবাত্মার ধিতীয় আপনি। জীবাত্মা কুত্র বন্ধাণ্ডের আছি. পর্মাত্মা বিশ্বস্থাণ্ডের আছি—এই ছই আছি'র ঐক্যের ভিতরে সমস্ত আছি'র সহিত আছি'র ঐক্য সম্ভক্ত রহিয়াছে; আর, প্রত্যেক মহুষ্যের স্বাধীনতা-বোধ সেই ঐক্যের অন্টু আভাস। এই অফুট স্বাধীনতার ভাব, যাহা প্রত্যেক মমুধ্যের ভিতরে-ভিতরে কার্য্য করিতেছে. তাহাই লৌকিক ধর্মের ভিত্তিমূল; আর, তাহা যথন ভগবদ্ভক্ত দাধু ব্যক্তির মনো-মধ্যে স্থপরিক্ট আকার ধারণ করে, তখন তাহাই পারমার্থিক ধর্মের ভিত্তিমূল এবং মুক্তির সোপান। লোকিক ধর্ম বলিতেছি

দাহাকে? যে-ধর্মের দৃষ্টি কলাকলের রাজ্যে ব্রিয়া বেড়ার, তাহার উর্কে ওঠে না, চাহারই নাম লোকিক ধর্ম। পারমার্থিক ধর্ম বলিতেছি কাহাকে? যে-ধর্মের দৃষ্টি কলাকলের রাজ্য ছাড়াইয়া উঠিয়া নিকাম-ভক্তিসহকারে পরমেশ্বরের প্রতি নিবদ্ধ হয়, তাহারই নাম পারমার্থিক ধর্ম। লোকিক ধর্মের গোড়া'র কথা হ'চ্চে মন্থব্যের স্বভাব- দিদ্ধ ঈশ্বরেতে বিশ্বাস; এক কথায়—ঈশ্বর- গোড়া'র কথা হ'চ্চে—ঈশ্বরকে আপনার হেন্ডে আপনার বলিয়া জানা; এক কথায়—
দ্রমংশ্রীতিভক্তি-সহক্ত অপরোক্ষ জ্ঞান।

পাশ্চাত্ত্য দর্শনশাস্ত্রে ধর্মতত্ত্ব প্রায়শই ঈশ্বরতত্ত্ব হইতে স্বতন্ত্ররূপে আলোচিত হইয়া থাকে, আর, সেই গতিকে ধর্মতত্ব এরূপ একটা গোড়া-নাই-আগা-রক্ষের ধরিতেছুঁতে-পাওরা-না-যাইবার কথা হইরা দাঁড়ার
যে, তাহা 'ন দেবার ন ধর্মার' অর্থাৎ কাহারো
কোনো উপকারে আসে না। আমাদের
দেশে ধর্মতন্ত্রের আলোচনা-পদ্ধতি স্বতম্ন।
আমাদের দেশের ধর্মশাস্ত্রে ভগবদ্ভক্তি এবং
ধর্মনীতির (piety এবং moralityর) হরগৌরীর স্থার যুগলাকভাবে অমুশীনিত
হওনের প্রথা চির-প্রচনিত। বারাস্তরে
আমি দেখাইব যে, আমাদের দেশে ধর্মতন্ত্ব প্রধানত তুই শ্রেণীতে বিভক্ত—

(>) সকাম ধর্মতত্ব এবং (২) নিজাম ধর্মতত্ব; আর সেই সঙ্গে দেথাইব যে, সকাঁম ধর্মের মূল স্বভাবসিদ্ধ ঈশ্বরেতে বিশাস বা পরোক্ষ জ্ঞান; নিজাম ধর্মের মূল বিশিষ্ট-রূপ ঈশ্বর-ভক্তি এবং অপরোক্ষ জ্ঞান।

শীবিজেন্দ্রনাথ ঠাকুর।

রাজকথা।

এক ছিল রাজকস্তা। কই, তাহাকে ত
আর দেখিতে পাই না। একথানি গল্পের বই
লই—একি!—কেবলি যত স্থরবালা, কমলমণি,
ললিতা, নলিনী, নগেক্স, বীরেক্স, মনোনোহনের গল্প! কলিকালে কাংস্থপাতে
ভোজন শাল্পে লিখিত স্নাছে—কলির শেষে
কি অবশেষে এই সব স্থরবালা-প্রবালা
রাজক্সার সিংহাসনও অধিকার করিয়া
সিবে? সে রাজক্সা কি পক্ষিরাজ খোড়ায়
ডিরা রাজপ্তের সঙ্গে সাতসমূদ্র পার হইয়া

চিরদিনের জন্ত পলায়ন করিয়াছে ? না, এই রেলগাড়ি-ষ্টামার প্রভৃতির আক্রমণে সাতদমুদ্র সাতটি কুপমাত্রে পরিণত হইয়া, গিয়াছে—রাজকন্তাগণের গোপনভবনগুলির পাশ দিয়া ইলেক্ট্রক্ ট্রাম চলিয়াছে এবং এই যে ললিতা-গলিতা প্রভৃতি নাম্নিকাগণ, ইহা-দিগকেই এখন রাজকন্তা বলিয়া গ্রহণ করিছে হইবে ? রাজকন্তাগণের ইতিহাস হঠাৎ কেন বন্ধ হইয়া গেল ? আমি ত প্রজন্তে ইতিহাসের এক পৃষ্ঠাও পড়িতে পারি না— এবং নিশ্চুদ্

বলিতে পারি, তারাধচিত ক্রক্ষসন্ধ্যার মত স্থলরী কাঞ্জীরাজকুমারী ক্লিরোপেট্রার কাহিনীসংবলিত রোমের ইতিহাস পাঠ্য না খাকিলে আমি কিছুতেই বিশ্ববিভালরের পরীক্ষাবিশেষে উত্তীর্ণ হইতে পারিতাম না।

এক ছিল রাজকলা। কবে ছিল কেউ জানে না, কিন্তু তাহার ইতিহাস ত লিপিতে এবং শ্রুতিতে এতকাল চলিয়া আসিতেছিল। "সাল-সরল-ব্যালোল-বল্লীলতাচ্ছন্ন" তপোবনে রক্তাশোকতকর মূলে বসিয়া বৃদ্ধ ঋষি শ্রুতি ভাইতেন—শিব্যমগুলীর বৃক্ থরথর করিয়া কাঁপিয়া উঠিত—বৃদ্ধা দিদিমাও কোমলতম বর্ণমিশ্রণের মধ্যে সন্ধ্যাকালে ছানে বসিয়া রাজকলার শ্রুতি কীর্ত্তন করিতেন, নাতি-মগুলীর বৃক্ কি করিয়া উঠিত, এই প্রবন্ধই তাহার পরিচয়ক্কপে গণ্য হোক।

বান্তবিক পুরাতন ইতিহাসবেকাদের পরে বুড়া দিনিমাই রাজকভার শ্রুতি ধারণ করিয়া আসিতেছিলেন। তথন সমস্ত পায়রা-গুলি বাদায় ফিরিয়া আদিয়াছে-তাহাদের পাথার ঘোর ঝটুপটি এবং তুমুল বক্বকম্ শেষ করিয়া অন্ধকারের মধ্যে যে যার আপন থোপে বদিয়া গিয়াছে ;—দুরে সন্ধার অন্ধ-কার হইতেও ঘনতর শীতলরসে চকুকে সিক্ত করিয়া দেবদারগাছগুলি দাঁড়াইয়া আছে, ভাহাদের পশ্চাতে পীতপাঞ্রবর্ণের বর্ষা ছাড়িয়া দিয়া জতবেগে চাঁদ উঠিতেছে; পশ্চিমাকাশের দিশ্রাভা ক্রমেই বৃদ্ধের চকুর মত অমকারের মধ্যে ঘোলা হইয়া যাইতেছে; *উপরে একটিমাত্র ভারা: আমার मत्या निनिमात्र अकृषि श्रीकृत निश्निकारयः চরিয়া বেড়াইডেছে—তথন দিদিমা আরম্ভ করিলেন, এক ছিল রাজক্ঞা।

[७वः वर्व, देवभाष ।

मिनियात (गरे क्षेष्ठि मत्न गरेया करम আমাদের রাজকবিগণের সজে পরিচয় হইযা-हिन। मिमिशांत थवः त्रांककवित्मत वर्गना-গুলি মিলাইয়া দেখি, রাজক্সার কি মহিমা! কত বিচিত্র নদনদী, কত রহস্তময় প্রাসাদ-কক্ষ, কত অন্তুত মন্ত্ৰতন্ত্ৰ, কত কৰুণা, কত অমুনর, কত দীর্ঘত্রমণাত্তে মিলন, কত পলা-য়ন!—কত পুরাতন প্রাসাদের পশ্চাৎস্থিত গুপ্ত অলিন্দে সহচরীসহিত রাজকক্সা এই সাদ্যপাল্বের নেত্র হরণ করিয়াছিল,—হার, প্রতীক্ষাপরা ধৈর্য্যশীলা রাজবালিকা,-তভোমার প্রাসাদবলভিকার কুলায়-প্রত্যাগত শুভ্র পারা-বতের মত, আমার হৃদয়ের সকরুণ আশীর্কাদ-গুলি সেই অনতিধুসর সন্ধ্যার মধ্য দিয়া, পত্র-পুশতকর আড়াল দিয়া, গুলু পাথা উড়াইয়া তোমার দেহবল্লয়ীর চারিদিকে গিয়া ভিড করিয়াছিল!

কত মক্ত্মির প্রান্ত ধরিয়া রাত্রির অংসানসময়ে ধৃত্বুরুহেত তারাপ্রশামের নিম দিয়া
অসিলতার মত কশা স্থলরী অসিতর্মধারী
তাতারক্মারের ঘোড়ার পাশাপাশি ঘোড়া
ছুটাইয়া, দীর্য গ্রীবা দীর্যতর করিয়া কালো
পর্বতের উপত্যকাভিমূপে ধাইয়া চলিয়াছিল
—হায়, পলায়নপরা উদাম সম্রাট্ম্যতা,
আমার হাদরের উৎসাহ বিহ্যাদীপ্তি ধারণ
করিয়া ভোমার নেজবিহ্যতের পরঝারু পথে
নিঃক্রত হইয়া গিয়াছিল ! বর্ষার মেঘ কাঁদিয়া
নিঃশেষ হইয়া গেল, উচ্চ প্রাসাদককে রাজবালিকার অঞ্চ শর্মং-হেমস্ত শীত-বসন্তের শ্
অবসানেও স্মান ঝরিতেছে ! সহল ভক্ত পূজা

লাস করিয়া, বর লইয়া, ফল লইয়া ঘরে ফিরিয়া গেল —তবু এই বিজন শরৎরাত্রির অশ্রন্ধাত অনস্ত জ্যোৎসার মধ্যে দীডাইয়া সরোবর-তটে একাকিনী রাজকন্তা ফুল তুলিতেছে! তরণান্দি, তুমি যথন দৈরিষ্ট্রীবেশে এক রাজ-ভবন হইতে আর এক রাজভবনে ফিরিয়া তোমার হারান ধনের অবেষণ করিতেছিলে-মধ্যাছে বিশ্রামতক্রান রাজপুরী নীরব —তথন বাগানের রুক্ষশাথার ভিতর হইতে আমিই ভবের মত রক্তচঞুটি বাহির করিয়া, বিশ্রন-ভাবে ঘাড বাঁকাইয়া ভোমার অনিমেষ অঞ্-কলুষ্ত চকুহটি নিরীকণ করিতেছিলাম। চপলাকি, তুমি যথন প্রগল্ভ বণিক্কুমারের বেশে বিডনের বন্দরে আপণ হইতে আপণা-স্তব্রে ফিরিয়া, মণিতরল করনথে মণিমুক্তার প্রতিবিম্ব ধরিয়া জহরৎ-কেনার চলনা করিতে-ছিলে তথন আমিই আপন দার্শ্বিত উচ্ছাল-ক্বিত রঞ্জিত গ্রীকৃমুৎপাত্রোপরি—পার্বে ভল্ল রাথিয়া অ্যাপোলো-প্রতিম গ্রীক্যুবার দৃঢ়স্থন্দর মুর্ত্তিতে দাঁড়াইগা তোমার বেণী-গোপন উষ্ণীষটিকে একদৃষ্টে চাহিয়া দেখিতেছিলাম। আমি দেশে-বিদেশে রাজকন্তাগণের সঙ্গে সঙ্গে ফিরিয়াছি, আমি তাহাদের রহস্ত জানি। বাল্যকালে, যথন মুখের গঠন ভাল করিয়া ফুটে নাই-ভাব তরণ জলের মত সর্বাঙ্গে ছলছল করিয়া বেড়াইত, তথন হইতে রাজ-ক্সার প্রতিবিধ আমাদের ছদ্বের মধ্যে পড়িয়াছে। আমাদের ভাবোদোধিত যাহা-किছ मोलर्रा, जांश व्ययत-- जांश कांनित गहित्य मा। बाक्कका महिक्रण व्यामादमत अकृषि bत्रिक्टिनत खिनिय। यावर्शनहे देशत 'सोन्हर्षात्र ठाविविद्यक है सामारणक स्वत छोनिया : अस्थरक अवातिक कतियो रवस- उर्व कि हर्शर

দিয়াছে। রাজকভাগণ কোন্-এক্টি দুর বাগানের মধ্যে প্রাদাদের ককে চিরকান বাদ করিতেছে! জ্যোৎসা এবং রৌদ্রে স্থ-স্পর্শ ছায়া ফেলিয়া সে বাগানের চারিদিক যেমন বৃক্ষালা, স্তৰ্ভা এবং মৰ্শ্মকে দিরিয়া রহিয়াছে, তেমনি তাহাদের চতুর্দিকে আরও কত বেড়া ! রাজক্সাকে ঘিরিয়া তাহার निष श्रुप्तत्र প्रानुष्कात (यष्ट्रेन, म्थीम् श्रुनीक বেষ্টন, খোজা পাহারার বেষ্টন, আদেশের বেষ্টন, কুলমর্যাদার পৃথিবীর বলবান রাজপুত্রগণের হৃদয়গুলির পক্ষে এই সব মধুর এবং কঠোর বেষ্টন ভেদ করিবার প্রলোভন কি হুঃদাহদোদীপক ! অ্দুষ্ট' রাজকন্তার মোহে শতশত নদীপর্বত পিছে ফেলিয়া রাজপুত্র চলিয়া যায়।—আবার একএকদিন সন্ধ্যাকালে নদীতীরে . ছোড়া বাঁধিতেই, তারাবিশ্বথচিত নদীজল দেথিয়া চকুহটির কারুণ্য রাজপুত্রের রাজক্তার হাদয়ের মধ্যে গলিয়া আদে। তথনি আমরা হঠাৎ রাজকভাকে আর এক ভাবে দেখিতে পাই। দেখিতে পাই, রাজকন্তা একাকিনী। নানা বেষ্টনের মধ্যে উপগৃঢ় রাজকন্যা ব্যব-ধানের জন্য বাহিরের সকলের কাছে যেমন চিরবিশ্বয়কর এবং বলবান্ রাজপুতেঁর কাছে যেমন হংসাহসোধীপক, তেমনি আগ্রনার কাছে সেই ৰাবধানের জন্মই কি নিতান্ত করুণ নহে ? জানি, তাহার অলফার শিঞ্জিভভাষে তাহার প্রতি অঙ্গের সোঠবের স্থতি গাইয়া थादक; जानि, मधीगंग छाहातं कान्न मर्समाहे মধুরাকাপ বর্ষণ করিয়া থাকে; বুঝি, তাহার নিভৃত মর্যাদামঃ অবস্থানে তাহার সজেগগ-

একদিন আর্তির সন্ধায় রাজক্তার বুকের মধ্যে সন্ধ্যাতারা ফুটিয়া উঠে না ? মনে হয় ना, এই अर्था अवः मोन्नर्ग जाशांत्क वित्र-কাল এক কামালোকের মধ্যে নির্বাসিত করিয়া রাথিবে ? হঠাৎ রাত্রির অন্ধকারে রাজার হর্ম্মা এবং দরিদ্রের কুটীর এক সমান অস্পষ্টতায় মিলিয়া গেলে, মনে হয় না, ঐ ধরণীর পথ इन्तत, উट्टाति मध्य वाहित ट्टेश পড़ि, ঐ পথে मश्दब्धे क्षमग्रवादनत्र मक्कान शाहेव ? किन्न থাঁকু—তাহাতে কাজ নাই। রাজবালিকার চিন্তা কার্য্যে পরিণত না হইয়া স্বপ্লেই পর্য্য-বসিত হোক্। তুমি তোমার হর্ভেন্স বেষ্টনা-वंगीत मत्था व्यवक्ष थाकिया वनमर्भिज ताज-কুমারগণকে অভূত হঃসাহসিকতায় প্রবৃত্ত কর, এবং আমরা রাজপুত্র না হইয়াও তোমা-দের কাহিনী পড়িয়া ছঃসাহসিকতা এবং প্রেমের জটিল ব্যুহ্মধ্যে আপনাদিগকে এক-বার ছুটাইয়া দি। রাজকতা চিরকাল পরে

পরে তাহার স্থ এবং বেদনা লইয়া বাদ করুক-প্রাসাদশিখর হইতে নামিয়া পৃথিকীর উপরে বাহির হইয়া না পড়ক-স্থরবালা এবং পুরবালাভে কাব্যজগৎটি পরিপূর্ণ হইয়! না ধাউক। আমি স্বরবালা-পুরবালাদের অধিকার দৃষ্টিত করিতে চাই না, তাহাদের আমি অভক্তও নহি—কিন্তু সেই পুরাতন রাজ-কবিগণ এবং বৃদ্ধা দিদিমাদের আশ্চর্য্য বর্ণনাম व्यामात्मत्र क्रमत्प्रत मत्था এकि চित्रशांशी তৈয়ার হইয়া গিয়াছে—হঠাৎ বাল্যসন্ধ্যার বর্ণপ্রবাহের অস্তরাল্লক্য তাহার ঐ সৌধচুড়া হইতে দৃষ্টি নামাইয়া, আধুনিক কাবাজগতের দিকে চাছিলেই অনিবার্যো .. প্রশ্ন উঠে-এক যে ছিল রাজকন্যা ? সে কোথায় গেল ? কোথায় গেল সেই চতুরা স্থীবর্গ ৷ কোথার গেল তাহাদের পিঞ্চরস্থ কুটবাক্ পাথী, কোথায় গেল সেই হুঃসাহসী অখারোহী রাজকুমার!--

শ্রীসতীশচন্দ্র রায়।

প্রস্থ-সমালোচনা।

সমাজ-জন্ত ।—— শীপূর্ণচক্র বস্ব প্রণীক্ত। মূল্য ১০০ এক টাকা চারি আনা মাত্র।

হমাজ-তব্বের আলোচনাস্থলে সচরাচর
আমরা ইউরোপীয়দিগের সক্ষলিত তথা ও
তর্কস্কৃতির প্রণালী অবলম্বন করিয়া—এমন
কি, ইউরোপীয় সমাজপদ্ধতিকে উচ্চতমআবর্শরূপে মানসনেত্রের সম্মুখে সংস্থাপিত
ক্রিয়া—বিচার করি। ইহার ফল এই হয়

বে, আমরা স্থবিচার করিতে পারি না। এক ত, একটা আদর্শ স্থির করিয়া লইলেই স্বাধীন বিচারের পথ কক হইরা যায়—সেই আদ-র্শের সহিত যাহা মিলে, তাহারই আমরা প্রশংসা করি; যাহা মিলেনা, তাহারই নিন্দা করি—বিচার করিয়া করি না; গভ্ডলিকা-বৃত্তির প্ররোচনাতেই করি। ওঁহাতীত ইউ-রোপীয় সমাজপক্তি আদৌ আদৃর্শহানীয় নহে।

वानाकान हरेए रेश्तिकावात जबू-শীলন করিয়া এবং ইউরোপীয়ভাবে শিক্ষিত হইয়া আমরা সেই ভাবে অভিভূত হইয়া পড়ি। সামাজিক রীতি, পদ্ধতি, ব্যবস্থা, अपूर्वान, याश किছू देखेताशीय जाशहे जान, আর যাহা কিছু স্বদেশীয় তাহাই মন্দ-ইংরেজদিগের সবই বিজ্ঞানামুমোদিত এবং সবই কুসংস্থারাজ্ন-এইরূপ আমাদের মনের ভাব লইয়া আমরা প্রায় সকলেই কলেজ হইতে বাহির হই। ইহা যে নিতান্ত ছঃখের বিষয়, তাহাতে সন্দেহ নাই; কিন্তু যেরপ অবস্থা, তাহাতে অনিবার্য্য বলিয়াই বোধ হয়। বাহারা সৌভাগ্যশালী, তাঁহারা সংসারে প্রবেশ করিয়া ভূয়োদর্শন, অধ্যয়ন ও চিস্তার হারা অভিজ্ঞতা লাভ করিয়া এই নেশার হস্ত হইতে মুক্তিলাভ করেন। যাঁহারা বিধাতার বিধানে বিভূম্বিত, তাঁহাদের নেশাটা চিরদিন থাকিয়া যায়। পরম আহলাদের विषय (य, श्रीयुक्त भूर्गहक्त वस्र महाभव এই নেশার ঘোরটা কাটাইয়া উঠিয়াছেন--ভিনি ইংরেজ-সাহিত্যে ক্লভবিম্ব, অথচ তিন-দিনের বিশাসী সভ্যতার মোহে অভিভূত নহেন— তাই এমন একথানি স্থচিস্তিত, স্থলিথিত. উপাদের পুত্তক আমাদের সাহিত্যের মুখ উজ্জল করিয়াছে।

সকল বিষয়ে সকলের সহিত মতের ঐক্য হইবে, এমন প্রত্যাশা কোন বৃদ্ধিমান্ ব্যক্তিই করেন না, করিতে পারেন না। কোন বিষয়ে ব্যক্তিবিশেষের মতামত নানা বিষয়ের উপর নির্ভর করে। এই সংসারে সেই নানা-বিষয় সকলের পক্ষে একরূপ হয় না—স্থতরাং মতের পার্থক্য ঘটিবেই। পূর্ণবাব্র মতের সহিত যদি আমাদের মতের ছইএকস্থলে না মিলে, তাহাতে তাঁহার পুত্তকের উপাদের-তার কিছুমাত্র লাঘব ঘটে না।

এই প্তকের প্রথমেই "স্ষ্টি-ভব্বের" আলোচনা। পূর্ণবাবু বলিতেছেন, শাল্লাম্নারেই বলিতেছেন—"স্টি ও প্রলম ধারান্বাহিকক্রমে ব্রন্ধাণ্ডের নিত্য নিয়ম। একবার স্টির প্রবাহ, আবার প্রলম্পরাহ, আবার তা-ই। অনাদিকালই সংসারের এই স্টি ও প্রলম্ভের নিয়ম প্রবাহরূপে নিত্য। অতএব জ্বগৎসংসারের ধ্বংস ক্থনই নাই। তাহার অবস্থান্তর ঘটে মাত্র। কথন তাহার বিলীনাবস্থা, কথন বিকাশাবস্থা। বিকাশাব্র্যাই স্টি ও স্থিতি, এবং বিলীনাবস্থাই প্রলম।"

ইহর সহল অর্থ এই থে, সচরাচর লোকে সৃষ্টি বলিতে যাহা বুঝে—অসৎ হইতে সতের উৎপত্তি—তাহা কথন হয় নাই। মূলপ্রস্তুতি অনাদি এবং অনস্তুত্ত নহে। এ বিষয়ে অধিক কিছু বলিতে আমরা বিরত হইলাম, কেন না, তাহা করিতে গেলে ভিন্ন ভিন্ন ধর্ম-প্রগালী ও ধর্ম-মতের কথা আসিয়া পড়ে। তাহা প্রীতিকরও নহে, বর্তমান উপলক্ষ্যে প্রয়োজনীয়ও নহে।

ইহার পর মন্ধ্যোৎপত্তি ও সমাজস্টি, বর্ণভেদ ও যুগান্তর-পরিণাম, বর্ণভেদ ও জাতিভেদ, কৌলীক্ত, বালিকা-বিবাহ, বিধবা-বিবাহ প্রভৃতি নানা গুরুতর সামাজিক বিষয়ের আলোচনা আছে। এই আলোচনার পূর্ণবাবু যে সকল অভিমত ব্যক্ত করিয়াছেন, তাহা স্কর্জকিত যুক্তি বারা সমর্থিত এবং স্বাধীন ও গভীর

চিন্তার, পরিচারক। কিঙ্ক এই আলোচনার একটা গুরুতর অভাবও আছে। যে সকল বুক্তি তাঁহার মতের অমুকূল, পূর্ণবাবু কেবল ভাহারই অবতারণা করিয়াছেন; প্রতিকূল যে সকল বুক্তি আছে, তাহা খণ্ডন করিতে প্রয়াস পান নাই। স্থতরাং এমন কথা যদি কেহ বলে যে, এই পৃত্তকে বিচারকের লেখনী অপেক্ষা উকীলের জিহ্বা সমধিক জাজল্যমান, তাহা হুইলে সে কথা আমাদিগকে ঘাড় পাতিরা নীরবে গুনিতে হুইবে।

পূর্ণবাব্ এই গ্রন্থের প্রারম্ভে তাঁহার
"নিবেদনে" লিথিরাছেন— "প্রাচীন হিন্দুসমান্ত্র
রৈ উচ্চাদর্শে প্রতিষ্ঠিত হইরাছিল, সেই আদর্শের প্রতি লোকলোচনের দৃষ্টি ফিরান এই
গ্রন্থের মুখ্য উদ্দেশ্ত।" আমরা অমানবদনে
মুক্তকণ্ঠে বর্লিতে পারি বে, পূর্ণবাব্র উদ্দেশ্ত
সম্পূর্ণ সিদ্ধ হইরাছে। যে কেহ কুসংস্কারাছ্তর
নহে, যে কেহ অন্ধ নহে, যে কেহ অমামুয
নহে, যে কেহ অন নহে, যে কেহ অমামুয
নহে, সে-ই পূর্ণরাব্র এই গ্রন্থ অধ্যয়ন করিরা
হিন্দ্র সমাজপ্রতিষ্ঠার আদর্শের উক্ততা উপলন্ধি করিবে। কিন্তু "সমাজ-তত্ত্ব"-বিষয়ক
গ্রন্থের পক্ষে ইহাই মাত্র প্রমাণ করিলে যথেষ্ট
হর না। যে সমাজ এমন উচ্চ আদর্শে প্রতিষ্টিত হইরাছিল, তাহার এমন অধ্যপতন ঘটল

কেন, এ বিষয়েরও বিচার হওয়া আবশ্রক। আচার, বিনয়, বিজা, প্রতিষ্ঠা প্রভৃতি সদ্-গুণের ভিত্তির উপরই ত আমাদের কৌলী ছ প্রতিষ্ঠিত হইয়াছিল, তবে আমাদের কুলীনেরা শেষে নর-প্রেত হইয়া উঠিয়াছিলেন কেন 🕈 অবশ্রই আমাদের কৌলীগ্র-পদ্ধতিতে, পারি-পার্ষিক অবস্থায় বা আমাদের প্রকৃতিতে এমন কিছু ছিল, যাহার জন্ত আমাদের এইরূপ इर्गि चिष्राहिल। এই সকল कथा ना वृतिरल, কেবল আদর্শের উচ্চতা বুঝিয়া আমাদের वित्नय त्कान नाज नाहे; त्कन ना, यनिहें কোন দেবতা প্রদন্ন হইয়া দেই উচ্চাদর্শে আবার আমাদিগকে পৌছাইয়া দেন, তাহা হইলেও আবার যে আমাদের সেইরপ অধঃপতন ঘটবে না, তাহা কেমন করিয়া कानिव।

শাসিকপত্রের সংক্ষিপ্ত সমালোচনার কোন সদ্প্রন্থেরই যথায়থ পরিচর হইতে পারে না; এই গ্রন্থেরও হইল না। ভাল গ্রন্থের যথার্থ ও সম্যক্ পরিচয়, কেবল সেই গ্রন্থ। বাহাদের সাধ্য আছে, তাঁহারা এক এক থও পুত্তক ক্রেয় করিয়া ইহার পরিচয় লয়েন, ইহাই আমাদের ইচ্ছা। তাহাতে সময় ও অর্থ, উভয়েরই সন্তাবহার হইবে।

শ্রীচক্রশেখর মুখোপাধ্যায়।

বঙ্গদর্শন।

নৌকাড়বি।

æ

দকানুবেলায় জেলেডিঙির শাদা-শাদা পালে
নদী পচিত হইয়া উঠিল। রমেশ তাহারই
একটিকে ডাকাডাকি করিয়া লইয়া জেলেদের
সাহায্যে একথানি বড় পান্দি ভাড়া করিল
এবং নিরুদ্দেশ আত্মীয়দের সন্ধানের জ্ঞা
পুলিস নিযুক্ত করিয়া বধ্কে লইয়া গৃহে
রওনা হইল।

গ্রামের ঘাটের কাছে নৌকা পৌছিতেই রমেশ থবর পাইল যে, তাহার পিতার, শাশুড়ির ও আর কয়েকটি আত্মীয় বন্ধুর মৃত-দেহ নদী হইতে পুলিস উকার করিয়াছে। জনকয়েক মালা ছাড়া আর যে কেহ বাঁচিয়াছে, এমন আশা আর কাহারো রহিল না।

শ্বাড়ীগ্রে রমেশের বৃদ্ধা ঠাকুরমা ছিলেন, তিনি বধ্সহ রমেশকে ফিরিতে দেখিরা উচ্চ-কলরবে কাঁদিতে লাগিলেন। পাড়ার যে সকল বর্ষাত্র গিয়াছিল, তাহাদেরও ঘরে ঘরে কালা পড়িয়া গেল। এইরূপ প্রবল শোকের ঝড়ত্ফানের মধ্যে বধৃটি যেন একখানি নৃতন-তৈরি ছোট নৌকার মত ভয়ে, ছংখে, সঙ্কোচে ঘাগনার প্রথম অপরিচিত সংসার্যাত্রা

আরম্ভ করিল। শাঁথ বাজিল না, ছলুধ্বনি হইল না, কেহ তাহাকে বরণ করিয়া লইল না, কেহ তাহার দিকে তাকাইল না মাত্র।

রমেশ মৃত আত্মীয়দের সংকার করিয়া ঘরে ফিরিয়া আসিল। मिथिन, তাशामित्र বাড়ীতে যে হুইচারিজন প্রাচীন অবশিষ্ট ছিলেন, তাঁহারা বধুকে অকল্যাণের কারণ স্থির করিয়া তাহার প্রতি একেবারে বিমুখ হইয়াছেন। তারস্বরে বিলাপোক্তির মধ্যে তুর্লক্ষণা বধুর প্রতি আক্রোশ যথেষ্ট ছিল। ইহাতে আত্মীয়-শোকের মধ্যেও রমেশ তাহার এই হতভাগিনী স্ত্রীর জন্ম বিশেষ করিয়া বেদনা বোধ করিল। এই স্বজনপরিত্যক্ত বালিকাটির সামান্ত স্থর্থাচ্চন্দোর প্রতিও কাহারো দৃষ্টি ছিল না। সে যে কি খাইবে, কোথায় দাঁড়াইবে, কোথায় বসিবে, বধু তাহাও জানে না। হইতে সে যে মরুতীরে উঠিয়াছিল, এ গৃহ তাহা অপেকা দ্বিগুণ মরুময়। জন্ম এই গৃহকেই তাহার গৃহরূপে বরণ করিয়া লইতে হইবে, এ কথা মনে করিয়া তাহার হুৎকম্প হইতে লাগিল।

তথন রমেশ তাহার সমস্ত ভার লইল। যাহাতে যথাসময়ে তাহার স্নানাহার হয়, বসন-ভূষণের কোন অভাব না ঘটে, রমেশ তাহার বিশেষ ব্যবস্থা করিয়া দিল। প্রতিবেশীদের মধ্যে এমন ঘর ছিল না, যে ঘরে রমেশের বিবাহ উপলক্ষ্যে শোকের কারণ না ঘটিয়াছে। দেইজন্ম পাড়া হইতে বধুর সঙ্গিনী কেহ জুটিন না। রমেশের বিশেষ অহ্নয়ে বাড়ীর রুদ্ধা ঝি বালিকার কাজকর্ম করিয়া দিত, কিন্ত নববণুই যে এই পরিবারটিকে ধ্বংস করিয়া দিল, এই বিশ্বাস সে সর্ব্রদাই তাহার .<mark>সন্মুখে</mark> এবং প*চাতে স্পষ্টভাষায় ব্যক্ত করিয়া স্থানয়ভার পঘু করিবার চেষ্টা করিতে লাগিল। বলা বাহুল্য, তাহার সাম্বনালাভের এই উপায়টি নববধুর পক্ষে শান্তিজনক হয় নাই। এ বাড়ীতে তাহার খাওয়া, শোওয়া, বদা **অ**ভিশাপের কণ্টকে আকীর্ণ হইয়া উঠিল। রমেশ যেথানে যত ইংরাজি ছবির বই ও বাংলা গল্লের বই সংগ্রহ করিতে পারিল, সম্ভ তাহাকে আনিয়া দিল। বালিকার এ বরুসে সমবয়ক্ষ-মাত্রুষ-সঙ্গের অভাব বইয়ে মিটাইতে পারে না। কিন্তু অগত্যা শোকা-চ্ছন স্থদীর্ঘ দিন তাহাকে বইন্যের পাতা উন্টাইয়া কাটাইতে হইত।

শ্রাদ্ধশান্তি শেষ হইবার পরেই রমেশ বধুকে লইয়া অক্তত্র যাইবে স্থির করিয়াছিল— কিন্ধ পৈতৃক বিষয়দম্পত্তির ব্যবস্থা করিয়া তাহার শীঘ্র নড়িবার জো ছিল ু পরিবারের শোকাত্র ন্ত্ৰীলোক-গণ তীর্থবাদের জ গু ভাহাকে ধরিয়া পড়িয়াছে, তাহারও রিধান করিতে इटेरव ।

এই সকল কাজকর্মের অবকাশকালে রমেশ প্রণয়চর্চায় অমনোযোগী ছিল না। বালিকার সহিত কেমন করিয়া যে প্রাণয় হইতে পারে, এই বি.-এ.-পাস্করা ছেলেটি তাহার কোন পুঁথির মধ্যে সে উপদেশ প্রাপ্ত হয় নাই। সে চিরকাল ইহা অসম্ভব এবং অসঙ্গত বৃশিয়াই জানিত। কিন্তু তব কোন বই-পড়া অভিজ্ঞতার সঙ্গে কিছুমাত্র না মিলিলেও, আশ্চর্যা এই বে. তাহার উচ্চ-শিক্ষিত মন ভিতরে-ভিতরে একটি অপরূপ রসে পরিপূর্ণ হইয়া এই ছোট মেয়েটির দিকে অবনত হইয়া পড়িয়াছিল। বিলাতি নভেলে যাহাকে প্রেম বলিয়া বর্ণনা করে, এই ভাবটি ঠিক তাই কি না. সে কথা বলা শক্ত। কিছু हेशातक या नामहे मिछमा याक, हेशां मनदक অপূর্ন, মাধুর্য্যে অভিষিক্ত করিতে পারে। রমেশ ইহাকে ধিকার দিবার কোন কারণ খুঁজিয়া পাইল না।

এই স্থকুমারী তরুণ-মেয়েটি যে তাহারি ববৃ, এ বে তাহারি ঘরের লক্ষীপদ গ্রহণ করিতে আসিয়াছে, ইহার এই সরল নত্নীন জীবনটি ধীরে ধীরে প্রতিদিন বর্দ্ধিত হইয়া তাহার সমস্ত পরিবারকে, তাহার সমস্ত স্থধ্যকে পল্লবে-পুশে কল্যাণে-মাধুর্য্যে আছে ম করিয়া ফেলিবে, এই ক্ষুদ্রটির মধ্যে নেই বিস্তৃত ভবিষ্যতের প্রীতিরস্সিক্ত মকল-ইতিহাস অম্ধাবন করিয়া রমেশের হৃদর সহসা আবাঢ়ের নবাস্থমেহর প্রথম মেঘাগমের মত আপনার সমস্ত সর্মতা লইয়া ইহার উপরে ব্যাপ্ত হইয়া গেল। রমেশ আজকাল আপনার প্রক্তিত প্রতিজ্ঞাগুলি সহজে শ্রমণ করিছে চার না। শ্রেণে পড়িলেও সে এখন

আপনাকে আর হঙ্গতিকারী বলিয়া স্বীকার করে না। এখন রমেশ মনকে এই কথা वर्ण ८४, कि व्यश्वास वानाविवाहरक এক-বারে নির্বাসনদণ্ড দিতে চাহিয়াছিলাম, তাহা এখন বুঝিতে পারি না। মিলনের, বাৎসল্য হইতে সংখ্য, সখ্য হইতে শ্রনায়, লীলা হইতে প্রণয়ে, প্রণর হইতে মঙ্গলে প্রিণত হইবার প্রত্যেক সোপানট মধুর, এবং প্রত্যেকটিই পরস্পরের জীবন এইরূপ অত্যাবগুক। ক্রমে ক্রমে স্তরে স্তরে নানারসের মধ্য দিয়া মিশিয়া গেলে তবেই সে মিলন সম্পূর্ণ হয়। স্ত্রীকে যে আপনার সহিত ও আপনার পরিবারের সহিত একাত্ম করিতে চায়, সে দাম্পত্যসন্মিলনের গঙ্গোত্রী হইতে সাগর-সঙ্গম পর্যান্ত অভিব্যক্তির কোন পর্য্যাথকেই উপেকা করিতে পারে না।

এম্নি করিয়া রমেশ নিজেকে বেশ করিরা বুঝাইল। না বুঝাইলেও বধূর প্রতি আকর্ষণ কিছুমাত্র কম হইত, তাহ। নহে। দে এই বালিকার মধ্যে কল্পনার দ্বারা তাহার ভবিষ্যৎ গৃহলক্ষীকে উদ্ভাদিত তুলিয়াছে। সেই উপায়ে তাহার স্ত্রী একই কালে বালিকা বধু, তরুণী প্রেরসী, এবং সস্তানদিগের অপ্রগল্ভা মাতা রূপে তাহার ধর্মননেত্রের সমুথে বিচিত্রভাবে বিকশিত হইয়া উঠিগ্নছে। চিত্রকর তাহার ভাবী চিত্রকে, কবি তাহার ভাবী यक्तभ मन्भूर्ग स्नावकारभ করিয়া কল্পনা হৃদয়ের মধ্যে • একাস্ত আদরে করিতে থাকে, রমেশ সেইরূপ এই কুদ্র বালিকাকে উপলক্ষ্যমাত্র করিয়া প্রেম্পীকে—কল্যাণীকে পূর্ণমহীয়দী মূর্ত্তিতে

হৃদয়ের মধ্যে প্রতিষ্ঠিত করিল। • নিজের জীবনের একটি স্নদূরব্যাপী ছবি তাহার মনের সম্মুথে জাগিয়া উঠিল। দেখিল, ম্যালেরিয়া- • গ্রন্ত বাংলাদেশের বাহিরে থণ্ডপ্রন্তরে আকীর্ণ একটি ছোট নদীর ধারে গিরিবন্ধুর প্রাস্তরের প্রান্তে শালবনের ছায়ায় তাহাদের নৃতন-বাঁধা গৃহ ;-- সহরে .কাছারির কাজ সারিয়া এইখানে যথন সে ফিরিয়া আসে, অপরাহ্ন বনশ্রেণীর মধ্যে সন্ত্যার রক্তিমান মিলাইয়া যায়, নীড়প্রত্যাগত নীরব পাথীদের বিশ্রামের মধ্য দিয়া ছায়াপথে তাহার গাড়িটি বাড়ীর দ্বারে আসিয়া দাঁড়ায়। তাহাদের বাড়ার অনূরে শৈলমূলে ছটিএকটি গ্রাম আছে— সেথানকার সর্ল ডালায় করিয়া ক্ষেতের ফলমূল-শাক্সব্জি বিক্রম করিতে আদিয়াছে; তরণী গৃহকর্ত্তী পিঠের উপরে শাড়ীর আঁচলটি তুলিয়া বারান্দায় টবের গাছগুলির মধ্যে একথানি ছোট মোড়া লইয়া বসিয়া গৈছেন; যাহার একপয়স্ দাম, তাহা ছপয়সা কিনিতেছেন, এবং এই ক্রেভা-বিক্রেভার মধ্যে গ্রাম্য হিন্দিতে আলাপের খুব ধুম পড়িয়া গেছে। রমেশ আসিয়া পৌছিতেই পিঠের আঁচলটি কবরীর প্রাস্তভাগে টানিয়া দিয়া গৃহিণী ঈষৎ হাসিমুখে উঠিয়া দাঁড়াই-লেন। রমেশ একটু পরিহাস করিয়া বলিল, "ঠাকরুণ, তুমি যে সওদাগরী আরম্ভ করিয়াছ, আমাকে ফেল্ করিবে দেখিতেছি।" ঠাকুরুণ তাহার উত্তর না দিয়। রমেশের আহারের ব্যবস্থা করিতে চলিলেন। এই কেনা দ্রগ-লক্ষ্য করিয়া রমেশানী পল্লীর মেয়েদের আপ-নার করিয়া ধইয়াছেন—তিনি ইচ্ছাপুর্বক

ভাহাদের কাছে ছ্চার প্রদা করিয়া ঠিকিয়া থাকেন। এইরপ দ্যার বাণিজ্যদ্বারা তিনি, কেবল শাক্সব্জি নহে, চারিদিকের গ্রামগুলির হৃদয় কিনিয়া লন। রমেশ এই-রূপে তাহার জীবনচিত্র নানারঙে রাঙাইয়া ভাহার মাঝথানটিতে একটি মধুর মৃর্ভি নানা অবস্থায় নানা ভাবে দাঁড় করাইয়া দিত। দ্রবাাপী ভবিষ্যতের রক্ত্মিতে এই বধ্টি র্মেশের নব নব কল্পনালীলার নায়িকারপে বিচিত্র সৌন্দর্য্য বিকাশ করিয়া বিহার করিতে

. शंग्र भाग्नाविनी कल्लना ! विनिमितन कथा মহে, এই মৃঢ় যুবকটি গোলদীঘির ধারে পায়-চারি করিতে করিতে উর্দ্বাথে আর এক রঙের মরীচিকা স্থজন করিতেছিল। সে দেখিতেছিল, কলিকাতার রাজ্পথপার্মে তাহার ঘরের একতগায় চায়ের টেবিল্ পড়িগাছে; চিন্তাশীল ভাবুক বন্ধুরা চারিদিক হইতে আরুষ্ট হইয়া আসিয়াছে; সাহিত্য, ইতিহাস, রাজনীতির চর্চায় বাহিরের ট্রামের শব্দ আর শুনা যাইতেছে না। দেবী সরস্বতী তরুণী বধুর রূপে তাঁহার স্বর্ণবীণা ছাড়িয়া ভক্তগণকে চা পরিবেষণের ভার লইয়াছেন: মাঝে মাঝে সময় বুঝিয়া তিনি ছটি-একটি যা কথা বলিতেছেন, তাহাতে মন্দ্ৰেগ আলোচনা তরঙ্গিত হইয়া উঠিতেছে এবং উন্মন্ত তর্ক মন্ত্রমুগ্ধ সর্পের স্থায় শাস্ত হইয়া যাইতেছে। ইত্যাদি আরো কত কি! সে সমস্ত ছবির রেখা মান হইয়া গেছে, আজ আরু তাহাদের কোন মূল্য নাই!

কিন্ত কল্পনালোকে রমেশ্রের যেরূপ বিপুশ আর্মোজন-উল্মোগ, বাস্তব্যক্তিত্র তাহার তদয়রপ তৎপরতা দেখা যায় না। বালিকার সঙ্গে কেমন করিয়া হাসিখেলা-বাক্যালাপ করিতে হয়, তাহা সে কিছুই জানে না। তাহার কথাবার্ত্তা গল্ভীয়—ছর্কোধ হইয়া পড়ে। বধ্র কাছ হইতে উত্তর না পাইলে তাহার কথার স্রোত বন্ধ হইয়া আসে। বালিকা সঙ্গ-অভাবে কাতর বলিয়া রমেশ বিশেষ করিয়া, বেশি করিয়া সঙ্গদান করিতে চায়, কিন্তু সেই সঙ্গবাহলাে বধ্কে ক্লিপ্ত করিয়াই তোলে। রমেশ ব্ঝিতে পারে ঠিকটি হইতেছে না, তাহাতে তাহার মনের আবেগ বাড়িয়া ওঠে, অথচ কোন উপায়ও খুঁজয়া পায় না। বালিকার সহিত এই য়্বকের সম্পূর্ণ-মিলনের দরজাটা বন্ধ আছে, রমেশ কোথাও তাহার চাবি হাতড়াইয়া পায় না।

পরিবার যেথানে পরিপূর্ণ, বালিকা বধ্ সেথানে আপনার চিত্তের উপযোগী থোরাক পায়। স্থীদের সহিত প্লেহে, সথো, থেলা-ধূলায় দেথিতে দেথিতে সে সরস হইয়া বাড়িয়া উঠে, পরিবারের মধ্যে তাহার ডাল মেলিয়া যায়, তাহার শিকড় ছড়াইয়া পড়ে। একায়বর্তী ঘরে নারীর যথনকার যাহা, তথন সে তাহা পায়, এইজন্ম তাহার পরিপূর্ণ বিকাশ হইয়া একদিন সে যথার্থ গৃহিণী হইতে পারে ও হাদয়ের নানা সম্বন্ধ ধারা নামা লোককে আপনার করিয়া লইবার শক্তি-লাভ করে।

কিন্ত একলা স্বামী বধ্বে গৃহিণী করিতে পারে না—দে তাহাকে প্রভারের হারা নষ্ট অথবা দৌরাত্মা হারা দলিত করিতে পারে। স্তভাদানের সময় অন্ধ দিয়া লিশুকে মান্ত্র করা যায় না, রমেশ সেইক্লপ বালিকাকে বে

সঙ্গ দিতে পারে, তাহা তাহার পক্ষে পৃষ্টিকর
নহে। শিক্ষিত যুবক বালিকাকে বিবাহ
করিয়া তাহাকে তাড়াতাড়ি প্রেয়সীর মত
আপনার করিয়া লইতে চেষ্টা করিলে, তাহাতে
বিলাতি কেশানের স্ত্রীও গঠিত হয় না, হিল্ঘরের গৃহিণীও বিকাশ পায় না।

এইরূপে ছোট এই একটুগানি হৃদয় বশ করিবার চেষ্টার রমেশের সমস্ত মন খাটিতে লাগিল। যদিও এই বিশ্ববিভালয়ের বরপুত্র বাল্যকাল হইতে কেবল পঁড়া-তৈরি করিয়াই আসিরাছে, চিত্তবৃত্তির স্বাধীনচর্চার কোন অবক্রাশই পায় নাই, তবু তাহার কাগুজ্ঞান একেবারেই নষ্ট হয় নাই। কিছু দিনের মধ্যেই রমেশ বেশ বুঝিতে পারিল যে, সে এই বালিকার স্বামী বটে, কিন্তু সে থেলেনা নহে। স্বামীর চেয়ে থেলেনার অনেকগুলি বিশেষ স্থবিধা আছে: তাহাকে মনে করিয়া শাসন করা যায়, শিষ্ট মনে করিয়া প্রশ্রয় দেওয়া চলে, তাহাকে বালকের সাজ করাইয়া পাঠশালা ব্যানো যায়. আবার আবশুক্মত বালিকার বেশ পরাইয়া উপযুক্ত পাত্রের সহিত বিবাহের আয়োজন করিলে মতবিরোধ चटि তাহার সঙ্গে স্বামীর ঠিক ব্যবহার ভাহার डेन्टो। : . कान कथा ना कहिला अ कथा কহে, তাহার সঙ্গে থেলার সম্পর্ক পাতাইবার পুর্ব্বেই সে বালিকাকে খেলার সামগ্রী বলিয়া মনে করে—তাহাকে বান্ধর মধ্যে দিয়া রাথাই শক্ত। অতএব এই স্বামি-পদার্থকে লইগা অধিক সময় কাটানো চলে না, পুতুৰকে লইয়া সমস্ত দিন কাটিতে পারে।

লোকে শুনিয়া হাসিবে, কিস্ক সাহেববাড়ী হইতে একটি বাক্সভরা বিচিত্র থেল্না আনাইয়া দিল। সহধর্মিণীকে থেল্না॰ কিনিয়া দিতে হইবে, আর কিছুদিন আগে এ কথা রমেশকে বলিলে, সে বোধ হয় বক্তার প্রতি ধৈর্ঘারকা করিতে পারিত না। থেশনালাভে বালিকার আনন্দ রমেশের মুখে স্নেহকোমল কৌতুকের হাস্ত সময়ে সময়ে সে নিঃশকপুদে (मथा (मग्र। পশ্চাতে আসিয়া অনেককণ দাঁড়াইয়া বধুর থেলা দেখে; যদি এ বিভায় তাহার কিছুমাত্র দখল থাকিত, তবে সে খেলায় যোগ দিতেও পারিত।

কিছুদিন পরে লোকমারফৎ কলিকাতা একখাঁচা নানাজ্বাতীয় ছোট ' ছোট পাথী উপস্থিত হইল। বধৃ তথন তাহার পুত্রিকাকে পালকে শোয়াইয়া রোদন করিতে বিশেষ করিয়া নিষেধ করিতেছিল. মাঝে মাঝে ভূতের ভয় দেঁথাইয়া তাহাকে ভংসনা করিতেও ছাড়িতেছিল না, অবশেষে বাহুপাশে তাহাকে দোলাইতে দোলাইতে যথন তাহাকে স্তনদানে প্রবৃত্ত হইয়াছে, এমন-সময় রমেশ ঘরের মধ্যে প্রবেশ, করিল। বালিকা তাড়াতাড়ি তাহার পুতুল ফেলিয়া মাথায় ঘোম্টা টানিয়া রমেশ কাছে আসিয়া কহিল, "আজ তোমার জন্ম কি আনিয়াছি বল দেখি !" লুকা ৰালিকা ন্তন পুতুলের আশ্বাসে ঘোম্টার ভিতর হইতে রমেশের মুথের দিকে চাহিল। রমেশ তথন ঘরের বাহির হইতে খাঁচাটি আনিয়া বধ্র সাম্নে রাখিল এবং তাহার কাপড়ের আবরণটি पिन। ছোট ছোট

পাথি গুণিকে দেখিয়া বউ খুসি আর চাপিয়া রাখিতে পারে না! এমন উপহার সে কখানা কাহারো কাছ হইতে পায় নাই। স্থামী ষে অনাবশ্রক নহে, তাহা এইরূপ উপায়ে ক্রমে ক্রমে বুঝিতে পারা যায়।

এই পাথিগুলি লইয়া রুমেশের সঙ্গে তাহার বধুর পরিচয় বাজিয়া উঠিতে লাগিল। বিদেশী পাথীদের থাইবার উপযুক্ত বীজশস্ত র্মেশ কলিকাতা হইতে আনাইয়া থলিতে করিয়া নিজের কাছেই রাখিয়াছিল। প্রত্যহ ছইবেলা যথাপরিমাণ আনিয়া সে পাথীদিগকে পরিরেষণ করিত। কি করিয়া স্নানের আলোজন করিতে হয়, বঙ্কে সে-সম্বন্ধে রমেশ উপদেশ ও সাহায্য করিত। এম্নি কৌশল অবলম্বন করিল, ঘাহাতে পক্ষি-পালনকার্যো দর্মদা তাহার সাহায্য বাতীত চলা অসম্ভব হইয়া উঠিল। এই উপায়ে কথাবার্তা স্থরু হইল। উভয়ে মিলিয়া অনেক আলোচনা করিয়া প্রত্যেক পাথীর নামকরণ করিল। কোন পাথীটা পুরুষ, কোন্টা স্ত্রী, তাহা লইয়া তর্ক এতদূর যাইত যে, রমেশ এবং তাহার প্রাণিতত্ববিভা যদি হার না মানিত, তবে ঝগড়া হইতে পারিত। যে পাথীর ডানার রংচং বেশি ও স্থলর দেখিতে, তাহাকে বালিকা কোনমতেই পুরুষ বলিয়া স্বাকার করিতে চাহিত না-ছর্বল স্বামী বিজ্ঞানের সাহায্যে সত্যপ্রতিষ্ঠার চেষ্টা না করিয়া পাথিগুলির শাস্ত্রবিক্ষ নাম-করণই শিরোধার্য্য করিয়া লইত।

ুবধু একএকদিন অত্যন্ত উদিগনিততে চোৰ ছল্ছল করিয়া রনেশকে আসিয়া বলিত, "পুগুরীক আজ কিছুই থাইতেছে না, ও বোধ হর মরিয়া যাইবে!" কোনদিন বা তাহার মহাখেতা বিকাল হইতে ডানার মধ্যে মুথ গুঁজিয়া ঘুমাইত, সেটা তাহার পক্ষে অত্যস্ত আশক্ষার কারণ হইয়া উঠিত। রনেশ এইরূপে তাহার অনেক স্থতঃথের ভাগী হইয়া উঠিল!

তাংগদের বৃহৎ বিজপরিবারে ইতিমধ্যে
হইএকটা শোকাবহ ঘটনাও ঘটিরাছে।
হইএকটা পাখী মারাও গিরাছে। বালিকা
আহার ত্যাগ করিয়া কাঁদিয়া চোথ ফুলাইয়াছে। তথন সাম্বনাকার্য্যে রমেশকে অনেক
সময় দিতে হইয়াছে।

B

এখন সন্ধ্যাবেলার নির্জন ছাদে খোলা আকাশের তলে ছজনে মাছর পাতিয়া বসিতে আরম্ভ করিয়ছে। রমেশ পিছন ইইজে হঠাৎ বালিকার চোথ টিপিয়া ধরে, তাহয়য় মাথাটা বুকের কাছে টানিয়া আনে, বধু যথন রাত্রি অধিক না ইইতেই না থাইয়া খুমাইয়া পড়ে, রমেশ তথন তাহাঁকে ললাটে চুম্বন করিয়া জাগাইতে চেষ্টা করে, বালিকা এই মৃছ উপায়ে, না জাগিলে নানাবিধ উপজবে তাহাকে সচেতন করিয়া তাহার বিরক্তিতিরস্কার লাভ করে। ক্রমে তাহাকে খয়ে

জারে দাহিত্যরদের নেশা ধরাইয়া দিবে, এরপ উপক্রম করিতেছে, এমন-সময় ত্র্রহ হঠাৎ আর একবার জাগিয়া উঠিন।

একদিন সন্ধাবেলায় রমেশ বালিকার থোঁপো ধরিয়া নাড়া দিয়া কহিল, "সুশীলা, আজ তোমার চুলধাধা ভাল হয় নাই।"

বালিকা বলিয়া বসিল, "আচ্ছা, তোমরা সকলেই আমাকে স্থশীলা বলিয়া ডাক কেন ?"

রমেশ এ প্রশ্নের তাৎপর্য কিছুই ব্ঝিতে না পারিয়া অবাক্ হইরা তাহার মুথের দিকে চাহিরা রহিল।

্রধৃ কহিল, "আমার নাম বদল হইলেই কি আমার পর ফিরিবে ? আমি ত শিশুকাল হইতেই অপরমন্ত—না মরিলে আমার অলকণ ঘুটিবে না!"

হঠাৎ রমেশের বুক ধক্ করিয়া উঠিল, তাহার মুথ পা ভূবর্ণ হইয়া গেল—-কোপায় কি একটা প্রমাদ ঘটিয়াছে, এ সংশ্র হঠাৎ তাহার মনে জাগিয়া উঠিল। রমেশ জিজ্ঞাসা করিল, "শিশুকাল হইতেই তুমি- অপয়মন্ত কিলে হইলে?"

বধ্ কহিল, "আমার জন্মের পূর্ব্বেই আমার বাবা মরিয়াছেন, আমাকে জন্মদান করিয়া তাহার ছয়মাদের মধ্যে আমার মা মারা গেছেন এ, মামার বাড়ীতে অনেক কষ্টে ছিলাম। হঠাৎ ওনিলাম, কোথা হইতে আদিয়া ত্মি আমাকে পছল করিলে হইদিনের মধ্যেই বিবাহ হইয়া গেল, তার পরে দেখ, কি সব বিপদ্ই ঘটল! এই দেখ, আমি তিনমাস এখানে থাকিতে থাকিতে তিনটি পাথী আমার মরিয়াছে! আমি জানি, ওর একটাও বাঁচিবে না!"

রমেশ নিশ্চল হইয়া তাকিয়ার উপরে আকাশে চাঁদ উঠিয়াছিল, च्छेद्रा পড़िल। তাহার জ্যোৎসা কালী হইয়া গেল। রমেশের° দ্বিতীয় প্রশ্ন করিতে ভয় হইতে লাগিল। যতটুকু জানিয়া ফেলিয়াছে, সেটুকুকে সে প্রলাপ বলিয়া, স্বপ্ন বলিয়া স্কুদরে ঠেলিয়া রাথিতে চায়। পাছে নিদারণ কোন সত্যকে আর চাপিয়া রাথা না যায়, পাছে স্থকঠিন এখনি কুংহলিকামুক্ত-স্থবিপুল-পর্ব্ত-সমান অভ্রভেদী হইয়া উঠে, এই ভয়ে রমেশ চুপ করিয়া আড়ষ্ট হইয়া রহিল। প্রাপ্ত মূর্চ্ছিতের দীর্ঘধানের মত গ্রীথ্রের দক্ষিব হাওয়া বহিতে লাগিল। জ্যোৎসালোকে निमारीन কোকিল ডাকিতেছে—अपूरत नेतीत ঘাটে বাঁধা নৌকার ছাদ হইতে মাঝিদের আকাশে জ্যোৎমার মধ্যে ব্যাপ্ত হইতেছে। অনেকক্ষণ কোন সাড়া না পাইয়া বণু অতি ধীরে ধীরে স্পূৰ্শ করিয়া কহিল, "ঘুমাইতেছ ?"

রমেশ কহিল, "না।"

তাহার পরেও অনেকক্ষণ রমেশেব আর কোন সাড়া পাওয়া গেল না। বধু কথন্ আন্তে আন্তে ঘুমাইয়া পড়িল। রমেশ উঠিয়া-বৃিসয়া তাহার নিজিত মুথের দিকে চাহিয়া রহিল। কি স্থলর মুথথানি! ফুলের মত অমান-কোমল! তরুণ হৃদয়ের মৃত্র স্থার টুকু যেন ঐ সরল স্কুমার মুথ হইতে নিশ্বসিত হইয়া উঠিতেছে। বিধাতা ইহার ললাটে যে গুণ্ডলিখন লিখিয়া রাখিয়াছেন, তাহা আজো এই মুথে একটি আঁক কাটে নাই। এমন সৌলর্মোর ভিতরে সেই ভীষণ পরিণাম কেমন করিয়া প্রচ্ছেল হইয়া বাস করিতেছে! রাথি বাড়িতে লাগিল। আহারের সমর উত্তীর্ণ হইরা যায়—আজ আর রমেশ তাহার ললাট চুখন করিল না, তাহাকে স্পর্শ করিল না। জোয়ারের টানে সমুদ্রের সমস্ত তরক যেমন একবার পূর্ণচক্রের দিকে উঠে, আবার

নামিয়া আছাড় থাইয়া পড়ে, তেম্নি রমেশের সমস্ত ক্ষ হাদয় একবার ঐ স্থ মুথখানির দিকে অগ্রসর হইয়া আবার আপনার অভলের দিকে হতাশ হইয়া নামিয়া পড়িতে লাগিল।

ক্রেমশ।

मक्रा।

আমার থোলা জানালাতে
শক্বিহীন চরণপাতে
কে এলে গো, কে গো তুমি এলে !
এক্লা আমি বসে আছি
অস্তলোকের কাছাকাছি
পশ্চিমেতে ছটি নয়ন মেলে'।
আতি স্কুর দীর্ঘপথে
আকুল তব আঁচল হ'তে
আঁধারতলে গন্ধরেথা রাথি'
জোনাক-জালা বনের শেষে
কথন্ এলে ছয়ারদেশে
শিথিল কেশে ললাটথানি ঢাকি'!

তোমার সাথে আমার পাশে
কত গ্রামের নিদ্রা আসে,
পাছবিহীন পথের বিজনতা,
ধুসর আলো কত মাঠের,
বধুপ্ত কত ঘাটের
আঁধার কোণে স্তব্ধ কলকথা
শৈশতটের পায়ের পরে
বর্গ তারি আন্লে বহন করি',

কত বনের শাথে শাথে পাথীর যে গান স্থপ্ত থাকে এনেছ তাই মৌন নৃপুর ভরি^{*}!

ভালে তোমার কোমল হত্ত
এনে দেয় গো স্ব্য-অন্ত,
এনে দেয় গো কাজের অবসান,
সভামিথা ভালমন্দ
সকল সমাপনের ছন্দ,
সন্ধ্যানদীর নিংশেষিত তান!
আঁচল তব উড়ে এসে
লাগে আমার বন্দে কেশে,
দেহ যেন মিলায় শৃত্য'পরি,
চক্ষু তব মৃত্যুসম
তব্ব আছে মুখে মম
কালো আলোয় স্বহ্রদের ভরি'!

যেম্নি তব দখিনপাণি
তুলে ল'য়ে প্রদীপথানি
রেথে দিল আমার গৃহকোণে
গৃহ আমার একনিমেষে
বাাপ্ত হ'ল তারার দেশে
তিমিরতটে আলোর উপবনে।
আজি আমার ঘরের পাশে
গগনপারের কা'রা আসে
অঙ্গ তাদের নীলাম্বরে ঢাকি'!
আজি আমার ঘরের কাছে
আদিম নিশা স্তব্ধ আছে
তোমার গানে মেলি তাহার আঁথি!

এই মুহুর্ত্তে আধেক ধরা ল'ন্নে তাহার অ'াধার-ভরা কত বিরাম, কত গভীর শীতি আমার বাতারনে এসে

দাঁড়িরেছে আজ দিনের শেষে,
শোনার তোমার গুঞ্জরিত গীতি!

চক্ষে তব পলক নাহি,

ধ্রুবতারার দিকে চাহি
তাকিয়ে আছ অনাদিকালপানে!

নীরব হুটি চরণ ফেলে .

আঁধার হ'তে কে গো এলে
আমার ঘরে আমার গীতে গানে!

কত মাঠের শৃত্যপথে,
কত প্রীর প্রাস্ত হ'তে,
কত সিন্ধ্বালুর তীরে তীরে,
কত শাস্ত নদীর পারে,
কত স্থর গৃহহুয়ার ফিরে'
কত বনের বায়র 'পরে
এলোচুলের আঘাত করে'
আদিলে আজ হঠাৎ অকারণে!
বহু দেশের বহু দ্রের
আনিলে গান আমার বাতারনে!

বিষ্ণুমাহাত্ম্য।

সংসার অনিতা; দেবতাদিগের সোভাগাও
কল্ ছারী। বৈদিক যুগে যে সকল দেবতা
মহিমমন ছিলেন, পৌরাণিক যুগে তাঁহাদের
তেনন আদর-অভার্থনা দেখিতে পাওয়া নাম
না। অবহা মল হইলে, বেবল বনিমাদি

বলিয়া বে সন্মানটুকু পাওয়া যায়, বৈদিক
দেবতাদিগের মধ্যে কেবল জনকতকের
ভাগ্যে তওঁটুকুই অবশিষ্ট রহিয়া গেল। নব
দেবতাদিগের পূজার পূর্বাকে, কোনরূপে
ইক্রাদি দশদিক্পালগণ এজমালিতে একটি

ফুল পাইতে লাগিলেন। বিষ্ণু প্রাচীন-কালেও নামজালা ছিলেন; কিন্তু তথন তিনি ইত্রের তুলনায় কুন্ত দেবতামাত্র। বৈদিক এবং পৌরাণিক যুগের সন্ধিকালেও বিষ্ণু দাদশ আদিতোর একটি: মহাভারতেরও স্থানে স্থানে দে কথা পাই। কিন্তু ঐ মহাভারতেই উঁহাকে আবার বড় কমতা-শালী দেখিতে পাওয়া যায়;-একেবারে স্বয়ং নারায়ণ। বিষ্ণুপুরাণের প্রথম অংশে দেব-গণের জন্মপরিগ্রহের সময়ে দেখিতে পাই যে, ইক্র এবং বিঞু অদিতির গর্ভে দাদশ আনিতাৈর এক একটি আদিতারাণে উৎপন্ন इहेटलन। (विकूश्रुतांग >म जाःग, >৫म अधार्व, ১৩০—১৩৩ পর্যান্ত) ঐ বিষ্ণুপুরাণেই আবার বিষ্ণু ইন্দ্রান্তজ বলিয়া আখ্যাত। তংপরেই আবার দেখিতে পাই যে. ইন্দের নন্দনবনের পারিজাতগ্রহণ উপলক্ষ্যে কৃষ্ণরূপী বিষ্ণু ইন্দ্রকে পরাস্ত করিলে, তাঁহাকে স্তবস্থতি করিলেন। (বিষ্ণুপুরাণ ৫ম অংশ, ৩০তম অধ্যায়) কুষ্ণের নৰ্বাদিত প্রভাবমহিমায় হউক, অথবা বিষ্ণুর স্বীয় প্রভাবেই হউক, কনিষ্ঠ জাষ্ঠ হইল উঠিলেন। ইত্রের কমতালোপ করিমা, তাঁহার রাজচিহ্ন (ধ্বজ), অস্ত্র (বজ্ন) এবং এরাবতের জন্ম বাবহত অরুশ, নব-দেবতা স্বীর শরীরে আয়চিহ্রস্বরূপ গ্রহণ করিলেন। মহাভারতের বনপর্কে লিখিত আছে যে, কেশানামক একটা দৈতা প্ৰজা-পতির একটি কন্তা হরণ ক্রিবার উদেযাগ করিয়াছিল বলিয়া, ইন্দ্র ঐ দৈতাকে পরাভূত करतन। विकृत्रेशी कृष्ण (कनीनिधन कतिया-ছিলেন, পুরাণে এইরূপ বর্ণিত হইয়াছে।

ইন্দের মহিমা লুপ্ত করিয়া বিষ্ণুর^{*} ক্ষমতা বাড়াইবার জভাই পুরাতনের উপর এই দকল নুতন সংস্করণ।

বহুদিন হইতে বৈদিক পুষা, হয় ত বিষ্ণুর তাড়নায়, অজাধের গাড়িথানি হাঁকাইয়া দেশতাাগী হইয়াছিলেন; এবং বিষ্ণু হয় ত তাঁহারই গদাটি কাডিয়া রাথিফাছিলেন। পূষার যে একটি গদা ছিল এবং বিষ্ণুর যে তাহা ছিল না, বেদ তাহার সাক্ষী। কিছু ও পুষা, তুইজনেই দ্বাদশ আদিত্যের অস্তর্ভুক্ত হইয়াছিলেন; এবং পরে বিষ্ণু বড় হইয়া উঠেন। এই সকল দেথিয়া-ভনিয়া বড়ই मटनक इय (य, श्रामधदतत इटल श्रुषांत श्रामं পৃথার গদার প্রদক্ষে আর একটি কথা বলিয়া লই। পূষা বৈদিককালে 'কপদ্মী বলিয়া খ্যাত ছিলেন। কপর্দ অর্থে কডি এবং কডির মত বিগ্ৰস্ত কেশজ্টা। উত্তরকালে ক্রন্ত কপৰ্দী হইয়াছিলেন, তাহা জানা আছে; ব্ৰহ্মা, বিষ্ণু এবং মহেশ্বর পৌরাণিক যুগের প্রধান দেবতা, তাহাও জানি। পূষা যথন তাড়িত হন, রুদ্র এবং বিষ্ণু উভয়েই তথন তাঁহাব প্রতিপক। জ্ঞাতিবিবাদের সময় বিষ্ণু যথন গণাট কাজিয়া লইয়াছিলেন, মহেঁশবও বে তথন বেচারার কেশাকর্ষৎ কুরেন নাই, তাহা বলা যায় না।

পৌরাণিক বিষ্ণু শঙ্খালকগদাপয়ধারী,
ধবজবজ্ঞাঙ্গুশচিছ্লিত এবং তাঁহার বক্ষে
প্রীবংদলাগুন। ধবজবজ্ঞাঙ্গুশ এবঃ গদার
ইতিহাদ বোধ হয় পাওয়া গিয়াছে; বাকি
রহিল শঙ্খ, পদ্ম এবং বক্ষের চিষ্টা। গৌরবৈর
আভরণগুলির দেশুর্ণ ইতিহাদ না পাইলে
উঁহার মাহার্মা ব্যিবার পক্ষে স্থবিধা

হইবে না। একে একে সেই কথা বলিতেছি।

- (১) চক্রটি বিষ্ণুর পৈতৃক সম্পত্তি; ওটি নিশ্চয়ই আদিতোর চক্র। তবে এ চক্রটি বড় স্থন্দরদর্শন এবং ইন্দ্রের দজোলি অপেক্ষাও ক্ষমতাসম্পন্ন।
- (২) পদ্মটি জ্ঞাতিকুলের বা পূর্ব-শিবপূজাপ্রবন্ধে পুরুষের সম্পত্তি নহে। বলিয়াছি যে, পৌরাণিক যুগের স্ত্রপাত - देविष्क (वोक्ष এवः अनार्ग्यक्षत्र मिखरा। বৌরেরা যে বুদ্ধদেবকে ত্রিমূর্ভিবিশিষ্ট করিয়া-'हिल, तम कथां अ कि कि ९ विनि वि हिला भ ; বজ্পাণি বৃদ্ধ, অমিতাভ বৃদ্ধ এবং পদ্মপাণি বুন্ধ লইয়া এই তিমুর্তি। শিব বা মহেশ্বর যে বজ্রপাণি বুদ্ধের স্থলাভিষিক্ত, সে কথা পূর্বে লিখিশছি। পৌরাণিক ত্রিমূর্ত্তিকল্পনা যথন বৈদিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত নহে, তথন ব্রহ্মা এবং মহেশ্বর যে ঐ ত্রিমৃত্রির অনুরূপ নব দেবতা, তাহাতে সন্দেহ থাকে না। বিষ্ণু যে পদ্মপাণি বুদ্ধের পদ্মটি হাতে করিয়া উপস্থিত, তাহা তাঁহার শান্তিময়-স্বরূপ-বর্ণনা হইতেও কতকটা বুঝিতে পারা যায়। ব্রহ্মার সম্বন্ধেও ঐ কথা। শ্রীযুক্ত দিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের বৌদ্ধ ও হিলুধর্মের ঘাতপ্রতিথাত প্রবন্ধে এ বিষয়ের বিশেষ বিবৃতি আছে! তিনি লিখিয়াছেন যে, "অমিতাভ বৃদ্ধ, কিনা অপরিমিত জ্যোতি —ইহাকে :স্বর্ণজ্যোতি হির্ণাগ্রভ ব্রহ্মা বলিলেও চলে।" এ সকল কথার পর পদ্মের অস্ত উৎপত্তি স্বীকার করা स्रुग्धा नदर।
- (৩) শভোর ইতিহাস একটু জটিল। ইক্র বেচারার একটা শভা ছিল; অর্জুন

সেই দেবদত্ত শঙ্খ লইয়া দৈত্যবধ করিতে গিয়াছিলেন। বিষ্ণু কি ইন্দ্রের শঙ্খটাও লইয়া আসিয়াছিলেন ? পুরাণে দেখিতে পাই যে, একবার আর্য্যবিদ্বেষী একটা দৈত্য র্থার্যাদিগের অনেক স্থাবর এবং অস্থাবর সম্পত্তি চুরি করিয়া সমুদ্রগর্ভে চলিয়া গিয়া-ছিল। অস্থাবর সম্পত্তি কুবেরের শঙানিধি এবং স্থাবর সম্পত্তি বেদ। বিষ্ণু তথ্ন মৎস্থ হইয়া বেদ উদ্ধার করিলেন শঙাটও লইয়া আসিলেন। পুরস্কারের হিসাবে হাতেই রহিয়া গিয়াছিল ? এথানে বলিয়া রাখি যে, বিষ্ণুর অবতারকল্পনার জন্ম জলপ্লাবনের মৎস্তের কথাটা এখানে নৃতনভাবে রচিত। আবার অন্তত্র দেখিতে পাই যে, এক একটি জাতি বা বংশে এক একটি নিশেষ রণবাচ্ছের যন্ত্র ছিল। পঞ্চজন অস্ত্রকে বধ করিয়া পাঞ্চজন্য শঙ্খ লাভ করিয়াছিলে। এখন কথা এই যে, বিষ্ণুর হত্তে একটা শঙ্খ ছিল বলিয়া ক্লফকে একটি শঙ্খ দেওয়া হইয়াতে, অথবা যতুকুলে শঙ্খ ছিল বলিয়া বিষ্ণুর হতে ইন্দ্রের শব্দ দিয়া বিষ্ণু এবং ক্লেরে অভেদ কল্লিত হইয়াছে ?

(৪) শ্রীবংসলাঞ্ছন বড় সহজ রকমের জিনিষ নহে। যাত্রার দলের ক্লঞ্চ যে ক্লাকিনারা না পাইয়া "থড়িমাটিরে বলদেব" বলিয়াছিল, তাহাতে আর বিশ্বয় হয় না। প্রাণকর্তারা বলেন য়ে, একটা বিশেষ আরুতিতে কৃঞ্চিত শুরুবর্ণের বক্লোরোমের নাম শ্রীবংস। জৈনদিগের দশম জিনের বক্লেও ঐ চিহ্ন ছিল। জিনের চিহ্ন বিষ্ণু লইয়াছেন কিংবা বিষ্ণুর চিহ্ন জিন লইয়াছেন, তাহা নির্দ্ধান্ত করা সহজ নহে; কারণ,

পৌরাণিক যুগের সময়ে জৈনেরা অনেক হিন্দুপুরাণকে জৈন করিয়া লইয়াছিল।

শ্রীবংসের আর একটি অর্থের কথা^{*} বলিতেছি। এ অর্থে লক্ষী এবং বংস অর্থে প্রিয়; এই স্থা ধরিয়াও বিষ্ণুকে শ্রীবংস বলা হইয়াছে। এ অর্থটা যে শব্দের নানা অর্থের সাহায্যে নৃতন করনা, তাহা লক্ষী-দেবীর ইতিহাস আলোচনা করিয়া দেখাই-ত্রী বা লক্ষ্মী প্রথমত অশরীরী দৌন্দর্যা এবং দৌভাগ্যমা এই ছিলেন; কেবল-মাত্র কথার রূপকে দেবরাজ ইক্র ত্রৈলোকা-**এী সংক্তাগ করিতেছিলেন।** শ্রী কোন আস্ত পুরাণে দেখিতে দেবীর নাম ছিল না। পাই যে, ইক্র ছর্ব্বাদার অভিশাপে ত্রৈলোকা-শ্রী হারাইয়াছিলেন; এবং পরে সমুদ্র-মন্থনের সময় যথন পুনক্থিতা হইলেন. তথন একেবারে গিয়া বিষ্ণুর বক্ষশোভা হইয়া বসিলেন। এথানেও যেন রূপক চলিয়াছিল; এবং সেইজগুই প্রথমত লক্ষ্মী-দেবীর প্রতিষ্ঠা বা পূজা দেখিতে পাই না। অম্বিপুত্র স্কলদেবের ইতিহাসে মহাভারতের বনপর্বের উল্লিখিত আছে যে, স্কন্দপত্নী দেব-সেনাই শ্রী। পঞ্চমী তিথিতে উ'হার বিবাহ रहेग्राष्ट्रिल विलग्ना एक्र प्रकारी जी प्रकारी नारम আঁথাত হঁইয়া ঐ সময়ে এীর পূজা হইত। এখন কিন্তু শ্রীপঞ্চমীতে সরস্বতীপূজা হয়। শ্রীঠাকুরাণীকে লইনা বড়ই গোলে পড়া কতকগুলি ভীমরূপিণী মাতৃকা গেল। क्रत्मत अञ्चा हिला। क्रम्मदक यथन মহাদেবের পুত্র বলিয়া নৃতন পুরাণ হইল, তথন 'মাতৃকা'কথাটার অন্তর্কম অর্থের স্থবিধায়, নৃতন সম্পর্ক সৃষ্টি করিয়া, কতক গুলি

মাতৃকাকে পার্বতীর নামান্তর বা রূপান্তর বলিয়া মহেশ্বরের পত্নী করা হইয়াছিল। এটা তান্ত্রিকধর্মপ্রবর্তনের পূর্দের হয় নাই। শিশু স্বন্দকে মাতৃকাগণ রক্ষা করিয়াছিলেন বলিয়া, ষ্ঠীনামী মাতৃকা নবজাত সস্তানের কল্যাণ-কামনায় পূজিতা হইতেছিলেন। কাদম্বরী প্রভৃতি গ্রন্থেও ষষ্ঠীপূজার উল্লেখ দেখিতে পাই। এই সকল দেবীগণ এত পূজ্যা এবং যথার্থ দেবী বলিয়া স্বীকৃতা যে, কোন শাঙ্কে বা সাহিত্যে শাপভ্রষ্টা করিয়াও ইঁহাদিগের নরসহবাদ কল্পিত হয় নাই। কিন্তু লক্ষীকে কথায় কথায় বীরপুরুষ এবং রাজাদিগৈর. পত্নীরূপে বর্ণিতা হইতে দেখা বায়। অন্ত দেবী লইয়া এপ্রকার কল্পন। বা রূপক-যোজনাও মহাপাপ। শাপদ্রষ্ঠা সরস্বতী নরদহবাদে বাণভট্টের পূর্বপুরুষের স্থজন-ক্মলার সহিত ঋষিসহবাদের কথা কাদম্বরীতে কল্লিত আছে। এইজন্ত মনে হয় যে, রূপকের দেবীটি কোনরূপে বিষ্ণু-ঠাকুরের বক্ষে বসিয়া ঠাকুরের গৃহশৃগুতার অপবাদ মোচন করিয়াছেন। শ্রীবংস প্রথমত বক্ষের চিহুবিশেষই ছিল, পরে জীর প্রণয় হইতে ঐ কথাটার ব্যুৎপত্তি করা হই গতে।

শৃতন বিষ্ণু নৃতন মহেশ্বরের মৃত নানা দেবতা ভাঙিয়া গঠিত। শিবের মত বিষ্ণুও অনেক অনার্য্য দেবতাদিগকে অঙ্গীভূত করিয়াছিলেন। বিষ্ণুমাহাত্ম্য প্রতিষ্ঠিত হইবার পর, মহারাষ্ট্রদেশীয় বিঠল, তৈওঙ্গদেশীয় ভেঙ্গট প্রভৃতি অনার্য্যদেবতা বিষ্ণু হইয়া উঠিয়াছিলেন।

চঞ্চলা লক্ষীকে বিষ্ণুর বক্ষে অচলা করা হইয়াছে; তব্ঞু বিষ্ণুর দৌভাগ্য চিরস্থায়ী

হর নহি। পঞ্ম শতান্তীর পর হইতেই থাঁটি বিষ্ণুপুজার পরিবর্ত্তে রুফারূপ বিষ্ণুর পুদা প্রতিষ্ঠিত দেখিতে পাই। পুরাবের বিষ্ণু কৃষ্ণমাত্র। কৃষ্ণের দেহে আপনার অবতার সংক্রমণ করিয়া দিয়া, বিষ্ণু একে-বারে সাগ্রবকে গিয়া নিদিত ইইলেন। একএকবার পার্শ্বপরিবর্ত্তন করিয়া উত্তরায়ণ-দক্ষিণায়ন করেন, এইমাত। এই পার্থ-পরিবর্ত্তনের কথায়ও বিষ্ণুর আদিতাস্বরূপ, অর্থাৎ জনতত্ত্বর যথার্থ ইতিহাদ, সূচিত, হয়। যাহাই হউক, ঠাকুর একেবারে রুঞের হাতে রাজ্যসমর্পণ করিয়া मित्रा (कान-প্রকারে অনন্তশ্যার উপর নড়াড্ডা করিতে-ছেন, কিন্তু পূজার থাইতে ছন ভোগ শ্ৰীকৃষ্ণ।

ৌরাণিক বিষ্ণুর বিলেষত্ব অবতারবাদে; অথচ ঐ অবতারবাদই তাঁহাকে গ্রাদ করি-মংস্তা, কৃশ্ম, বরাহ জলে-জঙ্গলেই আছেন; পূজা আছে কেবল এক্সঞ্বে। এইজন্ম অনেকে অমুমান করেন যে, অবতার-বাদটা দর্ব্ব প্রথমে কুষ্ণকে বিষ্ণু সাজাইবার জন্মই হইরাছিল। মংস্তকথার সহিত বিষ্ণুর কোন সম্পর্ক নাই, পুর্বের তাহার আভাস নিয়াছি। একা বরাহ হইয়া মাটি তুলিলা-ছিলেন, ইহাই প্রাচীন পুরাণ। বৌর্দিগের অবতারবাদের সহিত টক্কর দিতে গিয়া যথন নৃতন অবভারবাদ স্পষ্ট হয়, তথন প্রাচীন-ছচারিট কথা জুড়িয়া ন। দিতে স্থবিধা হয় না বলিখাই যেন মৎস্থাদি অবতারের কলনা হইয়াছিল।

শ্রীবিজয়চন্দ্র মজুমদার।

ছুরো-রাণী।

ঘুঁটে কুড়াইয়া, পথে ঝাড়ু দিয়া,
সারাদিন ধরি' ব্যথাভরা-হিয়া,
বারবার অঁাথি মুছিয়া মুছিয়া,—
হুয়োরাণী আদি' সাঁবের বেলার
বসেছে বাগানে তরুর তলায়—
জীর্ণকুটীর কাছে দেখা যায়!
ওই-ই তার ঘর—হোথা নিতি রাতে
মুম্ যায় হুয়ো ত্লশ্যাতে,—
ঘুঁটে কুড়াইতে জাগে রোজ প্রাতে।
আজি সায়াহে একটি তারকা
নভোজানালার খ্লিয়া ঝরকা
উঁকি দিল যবে—(বুঝি বা শ্রখা

সাধ হল তার সাঁঝ এল কি না)—
তথন একেলা হয়ো বিমলিনা
তক্তর তলার হইলা আদানা।
চুপে চুপে, মনে নিলা মৃহ্নাম
একটি ফুলের, করিলা প্রণাম
শব্ধবিশ-আঁকা দূর দেবধাম—
শব্ধবিশ বাজিছে যেথার—
নতীগণে মিলি' নাচিছে যেথার—
স্থীগণে ল'রে রাজিছে যেথার

ঠাকুরছ্যারে স্থা স্থারানী
পরিয়া তাহার চেল্বাস্থানি!—
দাঁড়ারেছে রাজা জুড়ি' গুই পানি

করি' পরিধান কৌবেয়বাস--ললাটে তাহার চন্দনাভাস। উঠিছে স্থরভি ধুমের রাশ চারিদিক্ থিরি',—প্রদীপার্চনা হেরিতেছে পুরবাদী দবজনা। এদিকে বাগানে, আঁধার-মগনা জোনাকী মালিকা লতিকার পাশে একাকিনী হুয়ো চুপ্ বদি' আছে— কোমল আঁধার সকল আকাবে ! কি ভাবিছে ছয়ো ?—ভাবিয়া না পায়-বাথিত পরাণ তার কি যে চার !--'রপনের মত মনোমাঝে ভায় দকল অতীত জীবন তাহার! এই মনে পড়ে এক বালিকার মৃঢ় থেলা গুলা,—হাদিরাশি, আর ছথরাশি যত,--এই মনে পড়ে ব্রতমঙ্গল কোন্ সে বছরে। দুর্কা ও ফুল রাখি' থরে থরে কত দেবতার পূজা-আরাধনা---হালকত মৃঢ় মনের কামনা ! —পতিবর মাগা, পুত্র-ঘাচনা <u>!</u> "হায় না বুঝিয়া কত-কি যে বলি वालिका-वश्रुटम !-- इलना (कवलि ! —সেই সব দিন কোথা গেছে চলি'! "অবশেষে এল বিবাহের রাতি। —এরি মাঝে মোর কত খেলাদাথী পতিবতী হ'লে, স্থ-ঘর পাতি' "বদেছিল,—তারা জানাত আমায় ' অঁ.াথি নীচু করি' চোথের আভায়— —পতিবতী নারী কত স্থ পাঃ!—

"সুথ ? হায় সুথ !— সুথ-ই বটে ! সুথ ! থালি করি' ফেলি' বাপমার বুক,---- ভাইভগিনীর বিসরিরা মুখ, "পিছু ফেলি আসি খেলার কানন, একথানি কোন অচেনা আনন বুকে ভরি' ল'য়ে ভাবা অন্থ্যন— "স্লখ বটে তাই ং—স্লখই বটে হায়! ঐ ত, রমণী ঐ ত রে চায় !--—যাহা আছে তার তাহা ফেলে যায়! "—তার তরে শুধু ব্যাপিয়া হৃদয় স্থগভীর মান ছায়া লেগে রয়— যাহা নাই তারি অভিমুথে বয় "নদীর মতন বনছায়া দিয়া আপনার মাঝে আপনি কাঁদিয়া! নিজে সে কি ধার ? হার, মৃঢ় হিয়া! "বিধাতাই তারে গড়েছে এমন— কালে কালে তার নৃতন বেদন জাগায় পরাণে নৃতন চেতন, "নৃতন করিয়া করয়ে অধীর। —স্থির নাহি রয় স্থু ধরণীর— যাতনা কেবল অবলা নারীর। "মনে পড়ে দেই নৃতন বেদন— মনে পড়ে দেই নৃতন চেতন— মনে পড়ে রাজরথের কেতন "বেলাশেষকালে দেখা দিল দূরে-ততথন আমি হর্ম্যের চুড়ে দথীগণে ল'য়ে, নৃপুর কেয়ুরে "মালাকুণ্ডল চেলবাদে সাজি' বদেছিমু-হায় ! স্থপন সে আজি ! দেখিতেছিলাম ঝুঙা মেঘরাজি

"আমারি মতন হর্ষে ও লাজে কারে অপেক্ষি' চুপ্ করে' আছে---কত বরণের চেউ তার মাঝে "উঠিছে পড়িছে, আমারি হিয়ায় ভাবগুলি যথা আদে আর যায়। সহসা অমনি কাঁপাইয়া কায় "বাজিয়া উঠিল মধুর বাজনা— রাজ-আগমের জাগে ঝঞ্না---त्क ७ त्रथ'भरत १ · · · · विधि वश्चना "করিলা আমায় !—স্মরিয়া কি ফল ? ' ওরে নারি, তোর নয়নের জল যেথা হ'তে আদে--সে নদী অতল! "শুধু যদি স্থু ছুখ হ'য়ে যেত— নারী যদি ভুধু এই হুখ পেত,---তবে ভাল, সেই এক গান গেড "জীবন ভরিয়া,—অমার মতন রহিত স্থাচির আঁখারে মগন। কিন্তু আবার একি এ লিখন "হায়, হতবিধি, কেন নব চাঁদ আন্দোলি' তার হর্ষ অগাধ, নব নব দিনে বিতরে প্রসাদ— "বাড়ায় দ্বিগুণ বেদনার ব্যথা ? অজানা মৃতন'আবেগ, মমতা কেনগো নোয়ায় তা'র হৃদিলতা ? "রাজগৃহস্থ্য, সোয়ামিপ্রসঙ্গ হুরেছে, আমার হরেছে ভঙ্গ। অথবা রাণীর সোণার অঙ্গ—

"কে চায়, বিধাতা !—নাহি চাই চাই— প্রিয় প্রেমস্থথ—যা গিয়াছে তাই— তার লাগি' মোর কোন পেণু নাই !

"উদ্দেশে নমি' প্রাণেশের পায় বলেছি---'হে নাথ দিলাম তোমায় 'ধাহা দিয়েছিলে হেলার খেলায়— "'সকল আদর, সুথচুম্বন, 'কতই সোহাগ, প্রেমালিঙ্গন---'সকলেরি মাঝে যে প্রেমরতন "'দিয়েছ, তা' পায়ে নিবেদিমু, বসি' 'স্থৃতিঘরে, প্রেম-চন্দনে রসি'! 'যে কটি অশ্ৰ পড়িতেছে থসি' "'তাও মুছিলাম—তুমি স্কুথে রহ— 'নব সুথ আনি' কোলে তুলি' লহ। 'পালিব আজ্ঞা—যাহা তুমি কহ, "'ঘুঁটে কুডাইয়া কাটাব জীবন'--—জান বিধি, আমি হেন নিবেদন করিয়াছি কি না !—তবে, এ, এখন— "এথনো আবার কেন এ বেদনা ? কেন জননীর এ নব চেতনা ? কেন নিশিদিন রয়েছি বিমনা---**'**কারে পাব যেন বুক ভরি' মোর— কারে পাব যেন ভরি' এই ক্রোড় !--এ কঠে যেন কার বাহুডোর "কোমল-পরশে ফুটাইবে ফুল। কেন নিশিদিন চিত্ত আকুল ব্যথায় লালসে—এ কেমন ভুল! "বাদের লাগিয়া এই দীন দশা---তাদেরি লাগিয়া কেনরে বিবশা। তাদেরি লাগিয়া—আঁথির বর্ষা। "হায়!:....না না, মোর বাছাধনগুলি— তেমনি কি ? হায়, চোথে দিয়া ঠুলি,

রেখেছিল মোরে! আঁধারে আগুলি'.

°রেখেছিল তারা ত্রিভূবন মোর! হায় লো সতীন মোর ধন-চোর, কি করেছি আমি কি করেছি তোর ! **'বাছারা আমার—নত্য কি তাই ?** কেমনে জানিব ? কিছু দেখি নাই ! না না, আমি মনে অন্নভবে পাই "স্থন্দর তারা---রাজার কুমার! কিংশুক-ঠোঁটে হাসি স্থাধার ! জ্যোতিমাথা দেহ-বরণ চঁপার! "গভীর আঁধার ওগো উপবন, জোনाकी निভाष्य जालि' थरन-थन, কি থেলিছ তুমি ? আঁধার-গগন, "তারা-মেয়েগুলি ছাদে দিয়া সারি বদেছে যে - ওরা কাহার ঝিয়ারী, -কোন রূপকথা বড় মনোহারী "ওনিতেছে ওরা ?—তোমাদেরি কাছে হে বন গগন, চলি' কি গিয়াছে বাছারা আমার অপরূপ সাজে "থেলা থেলিবারে ? তাহারা কেমন ? স্বামি ত দেখিনি।"—মুদিয়া নয়ন, ভাবি' ভাবি' হেন হুয়ো নিমগন। নিমগন ছয়ো ছথময় নিদে তরুরি ভলায়, কঠিন ভূমিতে--ন্তৰ আঁধার বৃদি' চারিভিতে। হায় ছয়োরাণি একি হ্ল'ল তোর ? কি নবীন স্নেহে ছইলি বিভোর না জেনে না ভনে ? একি মোহবোর ! মোহে ঘুমাইয়া প'ল ছয়োরাণী। ছটিং পড়ে তারা, রাগে রেখা টানি'— মুছি' কেলে রেখা ছরা কার পাণি!

কত তারা ম'ল-রে'থা নাই কোনো-অাঁধার আকাশ !—ওকি ?—ওই শোনো দিতীয় প্রহর বাজিছে —এখনো ঘুমাইছে হুয়ো ?—রজনী গভীর ! এই সে প্রহর কুহকী রাতির যবে নামে আসি' তীরে ধরণীর যত দেবদূত যত পরীদল---ফুলমাঝে তুলে গড়াইয়া ফল;— দিবসের কাজে শিথিল বিকল ফুল-লতা-তক্ন-প্রাণের মাঝার বরষিয়া যায় মেহস্থাধার; মধুর স্বপন নিয়ে আসে আর ক্লান্ত পুরুষ নারীর লাগিয়া। তাই সবে ওঠে সকালে জাগিয়া * নৃতন উষার বরণে রাঙিয়া! দেখে ছয়ো দেখে হরষস্বপন ! দেখে হয়ো দেখে মধুর স্থপন :--জাগ-জাগ যেন রাজ-উপবন ভোর গোধুলীতে —'মা-মা—' এ ডাক কোথা হ'তে আসে ? ডাকিছে কি কাক ? অই! 'মা---!' ছয়ো শুনিছে অবাক্!. তাড়াড়াড়ি ছুটে পুকুরের তীর এল ছয়ো —তার চোখে বহে নীর ! অই ! 'মা --মা---' চাঁপা-বনানীর আড়াল হইতে ডাকিছে মধুর! 'মা-মা—' উঠিছে সাতথানি স্কর ! পারুল একটি দাঁড়ায়ে অদুর— সেথার হ'তেও 'মা—' কে ডাকিছে ? তুরো চারিদিকে চমকি চাহিছে— চাহিছে- मचत्न संपन्न कांशिष्ट !

একি অন্তত্ত । একি এ আবার ! বুক হ'তে তার ছুটি ক্ষীরধার পড়িছে চম্পাকুঞ্জমাঝার, কেন বা ছটিছে পারুলের পানে ? —এবার পড়িল ছয়োর নয়ানে— বাছাগুলি তার আছে কোন্থানে ! কিবা স্থন্দর বালকবালিকা। ুকোনো দেবতার যেন ছবিলিখা। পারুলচম্পাফুলেরি কলিকা। দাঁড়াইছে হয়ে৷ থামি' ক্ষেহভরে • বিশুর্ট্সমান—চরণ না সরে। সাত চাঁপা আর পারুল অধরে বর্ষিছে ক্ষীর।--ক্রমে মুখ'পরে হয়োর, উষার নবারুণ ঝরে, হাসি থেমে রয়! ক্রমে পাথিম্বরে জাগে চারিধার—চলে লোকজন— প্রভাত। প্রভাত। চমকি তথন... —হাম হয়ে। হাম, ভেঙেছে স্থপন।

কোণায় ? কোণায় ?—গভীর তিমির ! বিগুণ আঁধার।—বুকে ঝরে কীর, হচোথে হয়োর বাহি' পড়ে নীর! কোথায় ? কোথায় ?—কেবল জোনাকী বুজিতেছে আর মেলিতেছে সাঁথি— নিজমনে বন খেলিছে একাকী! আকাশের 'পরে দীপ দীপ্ করি' তারা-বালিকার। থেলে লুকোচুরি-গভীর আঁধার আঁকাশ আবরি। কোথায় ? কোথায় ?...হায় হয়োরাণী ! ধৈরজ ধর সাস্থনা মানি'। কালি প্রভাতের কিরণ-মেলানি বন বন ভরি' ফুটাইবে ফুল !---তোমারো এ নব স্বেহের মুকুল বিকসিবে। নাহি, নাহি তাহে ভুল! এ গভীর ব্যথা, আশা অফুট দীরি' বাহিরিবে পরিয়া মুকুট, नवीन क्यात ख्वर्गक्ष !

রাণীদলমাঝে হ'য়ে গরবিণী শুনলো চম্পা-পারুল-জননি,— উজ্জলিবে তব বাছারা ধরণী।

শ্রীসতীশচন্দ্র রায়।

বাজে খরচ।

--

আমীদের বাজে খরচটা বড়ই বাড়িয়া উঠি-তেছে। কোনপ্রকারে তাহাকে না কমাইলে আর আমাদের উপায় নাই। একে ত এই ভয়ানক প্রতিযোগিতার দিনে অর্থ উপার্জন করাই কঠিন, তাহার উপর্বদি এই কটার্জিত

অর্থটা বাজে খরচে ব্যয়িত হইরা যায়, তাহা হইলে ত সোনায় সোহাগা।

আজকাল অনেক খনেশহিতৈষী, যাহাতে আমাদের ধনবৃদ্ধি হয়, অর্থোপার্জনের পর্ণ প্রসারিত হয়, সেজভ বিশেষ চেষ্টা করিয়া আমাদের ধন্থবাদার্হ হইয়াছেন। পতিত জ্মীতে আবাদ করিয়া, জঙ্গলজাত দ্রব্যকে ব্যবহার্য্য করিয়া এবং সামান্ত সামান্ত শিল্লোন্দ্রতি করিয়া তাঁহারা ধনাগমের নৃতন নৃতন পর্ছা আবিকার করিতেছেন, কিন্তু কেবল অর্থোপার্জ্জনের অভাবেই কি লোকে দরিদ্র হয়? সঞ্চিত বা -অর্জ্জিত অর্থের বৃদ্ধি ও সংপাত্রে দান (অথবা দদ্যয়) করাও অবশ্য-কর্ত্র্য।

বার্ত্তাশাস্ত্রকার বলিয়াছেন-

"অলক্ষকৈব লিপ্সেড লক্ষং রক্ষেদবেক্ষয়।।

ুরিক জং বন্ধ রেৎ সম্যক্ বৃদ্ধং তীর্থেণু নিক্ষিপেৎ ॥" অর্থাৎ অলব্ধ ধন লাভ করিতে ইচ্ছা করিবে, লব্ধন যত্ত্বে রক্ষা করিবে; রক্ষিত ধন সম্যক্-প্রকারে বৃদ্ধির চেষ্টা করিবে এবং বৃদ্ধিপ্রাপ্ত ধন সংপাত্তে নিক্ষেপ করিবে।

আহার্য্য হর্মূল্য হওয়াতে আমাদের দেশের গৃহস্থগণের অর্থকন্ট বাড়িয়া উঠিয়াছে, দন্দেহ নাই। কিন্তু একটু বিবেচনা করিয়া দেখিলেই ব্ঝিতে পারা যায় যে, আহার্য্য আমরা যত হর্মূল্য মনে করি, তত হর্মলা হয় নাই।

রোপামুদ্রা পূর্বাপেকা যথেষ্ট স্থলভ হওয়াতে অন্তান্ত দ্রবাকে আমরা অতিশয় হর্মানী বলিয়া মনে করি। ত্রিশবংসর পূর্বের যে রাজমিস্তি চারআনা পয়সায় সমস্তদিন কাজ করিত, আজ্ঞ সে আটআনা পয়সায় কাজ করিতে ইতপ্তত করে; কিন্তু যথন সে চার আনায় কাজ করিত, তথন একমন চাউ-লের দাম ছিল ২ টাকা অথবা ২॥° টাকা, আর এখন সেই চাউলের দাম ৪ টাকা অথবা ৫ টাকা ইইয়াছে। অর্থাৎ তথন দে সমস্তদিনের পরিশ্রমে ৪দের চাউলের মূল্য সংগ্রহ করিত, এখনও সে দেই সমস্তদিন পরিশ্রম করিয়া ৪দের চাউলের মূল্য সংগ্রহ করে; কিন্তু পূর্কাপেক্ষা তাহার আর্থিক কট অনেক অধিক, কারণ তাহার বাজে খরচটা যথেষ্ট রৃদ্ধি পাইয়াছে। এই বাজে খরচটা যদি পিতুলকাঁদার তৈজসপত্র অথবা দোনার নথ, রূপার পৈঁচাতে পর্যাবদিত হইত, তাহা হইলে বরং মনকে প্রবোধ দিতে পারিতাম যে, তাহার একটা অসময়ের সংস্থান হইল; কিন্তু বাজে খরচটা কি দেদিকে হয় ? তাহার পোষাক-পরিচ্ছদ দেখিলে বুঁকিতে পারা যায়, তাহার দংসারে হাহাকার কেন ঘোচে না।

আমাদের পোষাকে আজকাল কত বাজে থরচ হয়, তাহা ভাবিয়া দেথা উচিত। লেথকের পরিচিত এক কায়স্থসস্তান মাসিক ৩৫৲টাকা বেতনে কলিকাতার কোন আপিদে কর্ম করেন। দে বৎদর তিনি পূজার সময় তাঁহার ৭বংসরের ক্যার জন্ম মলিক কোম্পানির দোকান হইতে ২২ টাকায় একটা জামা ক্রেয় করিয়াছিলেন। এত টাকা কেন থরচ করিলেন জিজ্ঞাসা করাতে তিনি বলিনেন, "একটা মেয়ে, আর প্রতি বৎসর ত দিতে পারিব না, তাই একবার কষ্ট করিয়া मिलाम।" (यन oe) টাকার কেরাণীর কন্থার ২২ টাকার জামা একটা অপরিহার্য্য পরিচ্ছদ, তাই কারত্রেশে কোনরকমে একবার একটা দিলেন। না দিলে তাঁহার ৭ বৎসরের কলা সমাজে মুখ দেখাইতে পারিত না! যাহাকে সাজাইবার জন্ত এই দরিদ্র অর্দ্ধভুক্ত কেরাণীর একমান্যের অর্দ্ধেকেরও অধিক কণ্টার্জিত বেতন ব্যয় করিয়া লক্ষণতির কন্সার ব্যবহার্য্য পোষাক ক্রয় করা হইল, সে কি এই জামার মর্য্যাদা জানে, না, জানা সম্ভব ?

আজকাল হুর্গোৎসবের সময় পুত্রকন্তাদির পোষাকের ব্যয় দরিদ্র গৃহস্থের পক্ষে একটা ভগানক আতঙ্কের কথা হইয়া উঠিয়াছে। ন। হইবে কেন ? মিত্রজার কন্সার ২২১ টাকার জামা দেখিয়া আমার পুত্রকন্তাও সেইপ্রকার পাইবার জন্ম আমার কাছে আনার করিবে. তাহার উপর যদি আবার গৃহিণীর নথনাড়া থাকে, তাহা হইলে ত আর রক্ষা নাই। · ছেলে অথবা ছেলের গর্ভধারিণীকে প্রবোধ দিবার জন্ম ২২১ টাকার সাঁচ্চা পোষাকের পরিবর্ত্তে অন্তত ে টাকা দিয়া সেইপ্রকার একটা ঝুঁটা জামাও আমাকে কিনিতে হইবে। কিন্ত এই পাঁচটাকা 'ন দেবায় ন ধর্মার'। আমরা যথন বালক ছিলাম, তথন আমাদের আর্থিক অবস্থা এখনকার অপেকা হীন ছিল না। অথচ আমরা পূজার সময় কেমিক ছিটের জামা পাইয়া আনন্দে উন্মন্ত হইতাম, আর আমাদের ছেলেরা এথন রেশমী জামা গায়ে দিয়াও তত সম্বষ্ট নহে; প্রতি-বাদী সমবয়ন্তের রেশমী জামায় কেমন জরীর কাজ করা, গোহার জামায় ত তেমন জরী নাই! আমাদের বাল্যাবস্থায় আমাদের সম-বয়ন্তগণের মধ্যে কাহাকেও বড় সাটনের বা মধমলের পোষাক পরিতে দেখি নাই, কিন্তু এখন সাটিনের কোট্-জ্যাকেট্ ও বোম্বাই কাপড়ের জালায় দেশ ছাড়িয়া পালাইতে *ইজহাকরে। তথনকার অভিভাবকদিগের অপেকা এথনকার অভিভাবকদিগের ক্ষৃতি কত বিভিন্ন হইয়া গিরীছে। তথনকার

অভিভাবকেরা ব্ঝিতেন বে, দরিক্র বা মধ্যবিত্তের জন্ম সাটিন্-মধমল নহে। বাঁহারা
সর্বাদা গাড়ি চড়িয়া যাতায়াত করিতে পারেন,
ভূত্যেরা : যাঁহাদের পোষাকের তন্ধাবধান
করিয়া থাকে, তাঁহাদের জন্মই সাটিন্-মধমল;
কিন্তু আমরা কি তাহা ব্ঝি? আমাদের
আস্মর্যাদার কি হর্দশা!

পূজার সময় কলিকাতার বাজারে কত টাকার জার্মেনীজাত নকল রেশমী পোষাক বিক্রেয় হয়, তাহার একটা তালিকা পাইলে ব্ঝিতে পারিতাম, বাঙালী কেমন ব্রিমান্। বস্তুত বাঙালীর ব্রির দৌড় যে "কতদ্র, তাহা এই পোষাকের ক্ষচিতেই ব্রিতে পারা যায়।

পূজার পর শীতবস্ত। আমাদের বাল্যা-বস্থায় কন্ফটার কিনিতে পাওয়া যাইত না। যদি বা পাওয়া যাইত, তাহা বোধ হয় আমা-দের পকে হুপ্রাপ্য ছিল, কারণ আমরা তাহা কথন পাই নাই। তথন শিক্ষিতা-ভিমানী রমণীগণ নানাপ্রকার উলের মোজা-কন্ফটার বুনিয়া স্বামিপুত্রের আপাদমন্তক ঢাকিয়া দিতেন। কিন্তু এই পশ্মের কাজ সকলে জানিত না, তাই সকলের পক্ষে মোজা-কক্ষটার স্থলভ ছিল না। অথচ বাল্যকালে साका-कच्छोंत्र विश्तन एव विलेष **ट्रैकां**न-রূপ পীড়ায় ভূগিতাম অথবা অকালে পঞ্ছ পাইবার সম্ভাবনা দাঁড়াইত, তাহা ত মনে হয় না। আমরা বাল্যকালে দোলাই গায়ে দিতাম। বার আনা বা চৌদ আনায় একখানা দোলাই. তাহাতে বেশ শীত ভাঙিত; এখন কিন্তু এই বিলাতি "আলোয়ান," জার্ম্মেনী,--ফ্রান্স ও অষ্ট্রিয়ার পাটের চাদর ভিন্ন আর শীক্ত ভাঙে

না। দোলাইগুলা মলিন হইলে সাধারণ কাপড়ের সহিত রজকালরে পাঠাইরা ধোরাইরা লইলেই হইত, কিস্কু "আলোয়ান" কাচিবার জন্ত আবার স্বতন্ত্র বন্দোবস্ত করিতে হয়।

এখন জিজ্ঞাসা করি, শীতের হাত হইতে আত্মরক্ষার জন্ম প্রতি বৎসর এত টাকার বিলাতী পাট ক্রয় করা কি একাস্তই আবশ্রক? সময়ের পরিবর্ত্তনের সহিত ক্রচির পরিবর্ত্তন অবশ্রস্তাবী, কিন্তু সে পরিবর্ত্তনটা যদি অবনতির দিকে হয়, তাহা হইলে সেটা আমাদের বড় গৌরবের কথা নহে।

শেলন লেথকের একজন বন্ধু মানভূমআঞ্চল হইতে একথানা গরদ আনাইয়া জামা
প্রস্তুত করিবেন বলিয়া তিনদিন কলিকাতায়
যাতায়াত করিলেন। কলিকাতায় কে
একজন নাকি ভাল দরজী আছে, ভাহার
দারা জামার ছাঁট শুদ্ধ করাইয়া লইবার জন্ম
এই কর্মভোগ করিয়া তিনতিনদিন কলিকাতায় গমনাগমন! জামাটি যদি আমাদের
দেশী পিরাণ বা পাঞ্জাবী হইত, তাহা হইলে
এত্ব কর্মভোগ হইত না; সে গরদে কোট্
হইবে। বাব্ও কোট্ ধরিয়াছেন জামাটি
ছাঁটশুদ্ধ হওয়া চাই, তা যতই কেন ধরচ
হউক না; অবশেষে সাহেববাড়ী পর্যান্ত দেখিবিন্ত বীবুটি শিক্ষিত,—একজন হাকিম।

কলিকাতা ও নিকটবর্ত্তী ভদ্রযুবকদিগের পোষাকের কতটা ুদেশী ও কতটা বিলাতী, তাহার পরিমাণ করিলে দেখিতে পাই যে, এক পরিধানের ধুতি ছাড়া আর সমন্তই বিলাতী। ছতা ও মোজা এখন বিলাতী হইরাও দেশী হইরা পড়িরাছে; কিন্তু গেঞ্জি, শার্ট, ওয়েন্-কাট, কোট, ুকলার, নেক্টাই, আল্টার, এমন কি ধৃতির উপর একটা নাইট্ক্যাপ্,
যে দিক্ দিয়া দেখি, সেই দিকেই অনাবশ্রক
বিলাজী পোষাক। কেবল ধৃতির জন্তই বাবুকে
ফিরিঙ্গী হইতে বিভিন্ন বলিয়া চিনিতে পারা
যায়। জৈ।ঠ-আষাঢ় মাসের দারুণ গ্রীমের
সময়ও এই সকল পোষাক ব্যবহার করিতে
দেখা যায়। কেবল আল্টার্টা শীতকালেই
(তাও মধ্যাহ্নেও বাদ যায় না) দেখিতে
পাই। একদিন হাবড়াটেশনে একজন প্রাচীন
বাঙালী ভদ্রলোককে দেখিলাম, তাঁহার
স্থাবি খেতশাশ্রু দেখিয়া বোধ হয় তিনি ষাট
ছাড়াইয়া সত্তরে পদার্পণ করিতে উত্তত। তাঁহার.
সমস্ত পোষাক খাঁটি দেশী ধরণের;—ধৃতি,
পিরাণ, উড়ানী; কিন্তু মাঝে হ'তে মাথায়
এক নাইট্ক্যাপ্! এমন অন্তত্ত বিসদশ।

এই ত গেল পোষাকবিভাট। তাহার উপর আবার আচারব্যবহার লোকলোকিকতা কলিকাতায় নাকি শংক্রান্তির সওগাদের পূর্ব্বে আবার বড়দিনের সওগাদ দেখা দিয়াছে। কন্তার বিবাহের ব্যয় একটা অপরিহার্য্য-প্রলয়স্বরূপ হইয়া উঠিয়াছে। সে সম্বন্ধে বর্ত্তমান প্রবন্ধে আলো-চনা অনাবখ্যক। কিন্তু বিবাহের আমুধ্যিক ব্যয়গুলা, যেগুলা আমাদের বৈ্বাহিকেরা জেদ করিয়া খরচ করান না, সেগুলাও আমরা কত বিক্বত করিয়া ফেলিয়াছি। বিরাহের পূর্বে গাত্রহরিদ্রা বা অধিবাস এবং পরে ফুলশয্যা উপলক্ষ্যে আজকাল যে কিপ্রকার স্থামূত আদানপ্রদান হইয়া থাকে, তাহা দেখিলে চমৎক্বত হইতে হয়।

প্রায় তিনচার বংসর হইল, লেথকের পরিচিত কোন ুবি এ-ফেল্-করা যুবকের

বিবাহ ধয়। যুবকের অবস্থা অত্যন্ত হীন। অতি জীর্ণ ছইটি কুদ্র শয়নকক ও একটি ' তুণাচ্ছাদিত রন্ধনশালা তাঁহাদের স্থাবর সম্পত্তি। যুবার বিবাহের পূর্ব্বে তাঁহার ভাবী খণ্ডর পাত্রকে আশীর্কাদ করিতে আসিয়া ভাবী জামাতার স্থাবর-অস্থাবর मम्लिखि ममखरे ऋहत्क तिथिया यान, अथह ফুলশ্য্যাতে যুবার খণ্ডরালয় হইতে প্রায় 8 • 18 ¢ जन लाकि मंख्यां नहेशा जामिल ! খভরবাটীর দাসী, যে এই সওগাদ-বাহক-দিগের দর্দার হইয়া আদিয়াছিল, তাহার . স্থুলকলেবরে যে অলকার ছিল, জামাতার মাতার শরীরে তাহার শতাংশের এক অংশ ও ছিল না। গৃহিণী তাহাদিগকে বসিবার স্থান দিতে না গারায় যার-পর-নাই লক্ষিতা হইয়াছেন, এমন-সময় সেই দাসীকুলশিরোমণি বলিল, "গাড়ির রাস্তা, তাতে পাড়াগাঁ (দাসী কলিকাতা হইতে সওগাদ লইয়া আসিলেও তাহার কথার স্বর মেদিনীপুরজেলার পরিচয় দিতেছিল), সেইজন্ত মা অনেক জিনিষ পাঠাতে পার্লেন না", ইত্যাদি ইত্যাদি। কুলশ্যার সওগাদ যাহা আদিয়াছিল, তাহার मस्य आहार्या, পরিধের ও বাবহার্যা দ্রবা ছাড়া এত অন্যুবগুক ও অব্যবহার্যা দেবা ছিল যে, তাহার ব্যবহার দূরে থাক্, জামাতা সে সুকল জুব্যের নাম পর্যান্ত জানেন না। জামাতা কথন চা-পান কিংবা চুরুট-সেবন করিতেন না, কিন্তু তথাপি তাঁহার পিতৃত্ব্য শ্বরমহাশয় পুত্রতুল্য জামাতার ব্যবহারের ব্য চার পেয়ালা, চামচ, রেকাব, চুরুটের বাক্স, চুরুটের ছাই ঝাড়িবার পাতা ইত্যাদি দ্রব্য দিতে কিছুমাত্র লজ্জা অমুভব করেন

নাই। ফুলশ্যার সওগাদ দেখিতে পাড়ার স্ত্রীলোকেরা অত্যন্ত জনতা করিয়াছিলেন বলিয়া ভাল করিয়া সমস্ত দেখিতে পাই নাই। ইচ্ছা আছে, ভবিষাতে স্বযোগ পাইলে **दिश्व (य, मल्लादिश मर्द्या श्रात्म्लन्-भाम ज** ডিকাণ্টর থাকে কি না। ফলত মুরগী-হাটার দোকানে যাহা-কিছু কিনিতে পাওয়া যায়, তাহার সমস্তই সেই সওগাদের মধ্যে সেওলা রাথিবার স্থান জামাতার গৃহে না থাকায় এক প্রতিবাদীর গৃহে সে সমস্ত সাজাইয়া রাখা হইল। সে সকল দ্রব্য কেহ কন্তাকর্ত্তার নিকট প্রার্থনা করে নাই, বরং তিনি দেওয়াতে জামাতাকে বিশেষ অমুবিধা ভোগ করিতে হইয়াছিল। এই-প্রকার শত শত টাকার অব্যবহার্য্য বিলাতী আদ্বাব ও খেলনা বিবাহ উপলক্ষ্যে আদান-প্রদান হইয়া থাকে। শুনিতে পাই, আজ-কাল কারন্থসম্প্রদায়মধ্যে বিবাহ প্রভৃতিতে লৌকিকতা প্রদান ও গ্রহণ বন্ধ হইয়াছে, কিন্তু এইপ্রকার অনাবগুক আদানপ্রদান বন্ধ করিতে কোনু জাতি অগ্রসর হইবেন ?

আহার্য্যবিষয়ে ঠিক এইপ্রকার। ১।৬
বংসর পূর্ব্ধে লেথকের প্রতিবাসী এক দরিদ্র
গোপকস্থার বিবাহ হয়। কস্থার পিতা
কোন ধনবানের গৃহে মাসিক্র দশটাক।
বেতনে থানসামার কার্য্য করিত বলিয়া
তাহার নজরটা মনিবের স্থার উদার হইয়া
পড়িয়াছিল। কস্থাটি স্থান্তী বলিয়া কলিকাতার এক ধনবান্ গোপ নিজের পুত্তের
সহিত তাহার বিবাহসম্বন্ধ স্থির করে।
বিবাহের রাত্রে সেই কস্তাভারপ্রস্ত
লোকটি আহারাদির বেপ্রকার আর্মাক্ষন

করিয়াছিল, তাহার প্রভুর কন্তার বিবাহে অপেকা শ্রেষ্ঠ আয়োজন তাহার নাই। কলিকাতার বর্যাত্রীদিগকে সম্ভষ্ট করিবার জন্ম সেদিন লুচি, কচুরি, পাঁপর, **তিনচাররক**ম তরকারী ক্ষীর-দধি ভিন্ন কলিকাতা বড়বাজার হইতে बानी व नानाविध छे शादन महोन्न बाहा दार्थ-গণের পত্রের শোভাবৃদ্ধি করিয়াছিল। সেই ক্সাক্র্ডার নিজের বিবাহে বোধ হয় চিঁডে-मुफ्कि ও मधित वटनावछ इटेग्नाছिल। ১৫।১৬ বংসরের মধ্যে ক্লাচর কি পরিবর্ত্তন। এই ধনি-জনোচিত ভোজের ফল এই হইল যে, মনে করিলেই আমি আমার প্রতিবাসীদিগকে লইয়া আমোদ করিয়া আহারাদি করিতে পারিব না। আদর্শ এত উন্নত হইয়া পড়িল যে, তাহা সাধারণের পক্ষে "প্রাংশুলভো ফলে লোভাং" গোছ হইয়া উঠিল। কোন ক্রিয়াবর্ম সাদাসিধা লুচি, কুয়াত্তের তরকারী ও দধি-শন্দেশের আয়োজন করিলে কি প্রতিবাসীবা मख्डे इहरवन १ তাঁহারা আমার বাডী কুমীওঘণ্ট খাইতে থাইতে সেই দরিদ্র গোয়ালার বাটীর কালিয়া স্মরণ আমাকে ধিক্রত করিতে কুঠিত হইবেন কি ? প্লীগ্রামে ছর্গোৎদব বা অন্তান্ত পূজার সংখ্যা-হাস হওয়ার প্রধান কারণ আদর্শের বিকৃতি বা ক্লচির বিক্লতি। এখনকার পূজায় ভক্তের ভক্তিপ্রদত্ত শাকার থাইয়া দেবতা সম্ভষ্ট হইতে পারেন, কিন্তু প্রতিবাদীরা সম্ভষ্ট হইতে পারেন না। সেইজন্ত পূজায় লোকের ষার প্রবৃত্তি নাই। পূর্বে লোকে ব্রাহ্মণ-বাটীতে মধ্যাহুভোজনে নিমন্ত্রণরক্ষা করিতে गाहेल, किन्न आक्कान मधाङ्गरजाबनी একপ্রকার উঠিয়াই গিয়াছে। মধ্যাহুটা প্রায় রাত্রি ৯টা-১০টায় উপনীত হইয়াছে, কারণ অধিকাংশ স্থলেই এখন অন্নের পরি-বর্ত্তে পলারের প্রচলন দেখা যায়। বাটাতেই অজ্ঞাতচরিত্র, উপবীতী ব্রাহ্মণনামধারী পাচকগণই কার্য্য সম্পন্ন করিয়া থাকে। ব্রাহ্মণবাটীর বর্ষীয়দী গৃহিণীরা এখন আর ত্রাহ্মমুহুর্তে গাতোখান করিয়া প্রাতঃস্নানস্মাপনাস্তে পট্রবন্ধপরিহিত হইয়া পবিত্রচিত্তে প্রতি-বাসীর গৃহে রন্ধনে প্রবৃত্ত হইতে যানু না। পূর্বে প্রত্যেক ক্রিয়াশালী ব্রাহ্মণের বাটী একএকপ্রকার রন্ধনের জন্ম প্রতিবাসি-ম ওলীর মধ্যে প্রতিষ্ঠালাভ করিত। গাঙ্লী-দের বাটীর নিরামিষ, মুখুয়েদের বাটীর মাছের তরকারী এবং চক্রবর্ত্তিমহাশয়দের বাটীর পায়সের নামে নিকটবর্তী ২০১খানা গ্রামের ভোক্তাদের রসনায় জ্লসঞ্চার হইত। কিন্তু আজকাল মুখুযো, গাঙ্লী, চক্রবর্তী, ঘোষাল, সকলের বাটীতেই সেই এক বিহারি-**म**नवरन राजा-श्रिः याँ कता-श्रु অধিষ্ঠিত হইয়া একইপ্রকার রন্ধনে দুকলের তৃপ্তিসাধন করে। আমাদের খাটি দেশী শিল্পের সকলপ্রকারই প্রায় গিয়াছে,—রব্ধনশিলও যাইতে বসিয়াছে। এই রন্ধনশিল্পের অন্ত-র্জানে কোন ব্যবসাথী বা শিল্পী সম্প্রদায়ের প্রত্যক্ষভাবে ক্ষতি না হওয়াতে দেশহিতৈষী মহাত্মারা এ বিষয়ে দৃষ্টিপাত করেন না, কিছ তাহাতে আমাদের একটা অত্যাবশুক স্থপ্রদ শিল্প ধ্বংস হইতেছে। ভদ্রলোকেরা যদি নিমন্ত্রণকর্তাকে বলেন যে, "আপনার বাটীতে আমরা বাজারে ব্রাহ্মণের স্পৃষ্ট কোন দ্রব্য গ্রহণ করিব না, আপনার পরিবারস্থ স্ত্রীলোকদিগের হাতের শাকারও সমাদরে ভোজন করিব", তাহা হইলে বোধহয় রন্ধনশিল রক্ষা পাইলেও পাইতে পারে।

আজকাল কলিকাতা ও তৎসন্নিহিত স্থান-সমূহে অমুরোগের বড়ই প্রাত্নভাব দেখা যায়। এই রোগের হস্ত হইতে মুক্তিলাভকরে চেপ্তার ক্রটিও লক্ষিত হয় না। ইহার কল্যাণে অনেক পেটেণ্টঔষধওয়ালা বেশ দশটাকা কামাইয়া লইয়াছেন। রোজের নিদাননির্ণয় मकरलई निज निज धात्रभात করিতে গিয়া অমুরূপ কারণ দেখাইয়া থাকেন। যাহাই হউক না, একটা অমুরোগের সহজ প্রতিকার "মুড়ি"থাওয়া। বাজারের মিষ্টালে যে সকল মত বাবহাত হয়, তাহা যত-দুর অপকৃষ্ট হইতে পারে, দে পক্ষে দোকান-দারনিগের শৈথিল্য নাই। অভিমানী বাঙালীবাবুরা ':জলযোগের জন্ম এই জঘন্ম ম্বতের মিষ্টান্ন ব্যবহার করিয়া থাকেন। অমুরোগের অগুত্ম কারণ এই মিষ্টাল্ল-"মুড়ি" থাইয়া যাঁহারা নিত্য থাকেন, অমু তাঁহাদিগকে স্পর্ণও করিতে পারে না। এক পয়সার মুজি থাইলে বেরপ উদরপূর্ত্তি হয়, একপোয়া মিষ্টায়ে সেরপ হয় কি না, সন্দেহ; অথচ মুড়ি থাইলে কোন পীড়ার সম্ভাবনা নাই। व्यत्नदक्त धात्रगा त्य, मूफ़ि थाईत्व छेमतामब হইগ্রী থাকে। আমরা কিন্তু সাহদ করিয়া বলিতে পারি যে, স্কুষ্পরীরে মুড়ি খাইয়া কথন উদরাময় হয় না। তবে উদরাময় থাকিতে মুড়ি খাওয়া না চলিতে কিন্তু মুড়ি বে সহজ শরীরে উদরাময় আনিয়া

থাকে, এ কথা অলীক। মুড়ি খাইলে যাঁহাদের উদরাময় হয়, তাঁহারা যে বাজারের মিষ্টার জীর্ণ করিতে পারেন, ইহা বিশ্বাস হয় না। অনেকে বালকগণের জন্ম বিশাতী বিস্কৃট বাবহার করিবার পরামর্শ দিয়া থাকেন। বিলাতী বিশ্বুট যতদিন টিনের বানাবন্দী থাকে, ততদিন বোধ হয় মন্দ থাকে না ; কিন্ত বাক্স থুলিবার পর বাহিরের বায়ু লাগিয়া ক্রমশ তাহা থারাপ হইত্রের থাকে। ৰাসী লুচি অথবা রুটি যদি অপকারী হয়, তাহা হইলে বাসী বিষ্টও যে অপকারী কেন হইবে না, তাহা আমরা বুঝিতে পারি না। একটাকা-পাঁচিসিকা দিয়া একবাক্স বিস্কৃট কিনিয়া তাহা ১৫দিন ধরিয়া রোগীকে থাওয়াইবার ব্যবস্থা যে কতদূর বুদ্ধিমতার পরিচায়ক, তাহা আমরা ধারণা করিতে অক্ষম। সাধারণত থাঁহারা পীড়া হইবার ভয়ে বালকদিগকে বিস্কৃট খাইতে দিয়া থাকেন, তাঁহারা যদি বিস্কুটের পরিবর্ষ্টে তাহা-দিগকে মুড়ি খাইতে দেন, তাহা হইলে দেখিবেন যে, বালকগণের স্বাস্থ্যের অবনতি না হইয়া বরং উন্নতিই হইতেছে। কিন্তু মুঁড়ি পল্লীগ্রামের লোকে এবং দরিদ্র লোকে বাব-হার করে বলিয়া সহরবাসী বাবুদের তাহা বড়ই ঘুণাম্পদ হইয়া পড়িয়াছে। একবার একজুন কবিরাজ কোন ধনবানের অন্নরোগের চিকিৎসা করিতে গিয়াছিলেন। নানাপ্রকার ব্যবস্থার পর বলিলেন, "আপনি জলযোগ করিবার সময় কোনপ্রকার :মিষ্টার ব্যবহার না করিয়া মুজি ও নারিকেল ব্যব-হার করিবেন।" কবিরাজের ব্যবস্থা ভনিরা বাবুর পারিষদবর্গ বলিয়া উঠিল, "বাবু মুড়ি थाहेरवन ? कि वरनन जाशनि ? बांदू मूर्छ

খাইবেন ?" চিকিৎসক্মহাশন্ন বিশেষ বিরক্ত হইরা বলিলেন, "বাবু মুড়ি 'খাইলে তোমরা বাবুর মাথা খাইবে কিপ্রকারে? বাবু বিলাতী পনির খাইতে পারেন, ফিবার্নিক্শার ও কুইনাইন-মিক্শ্চার থাইতে পারেন, কিন্তু মুড়ি থাওয়া কি বাবুর সাজে?" সেদিন কোন বাড়ীতে দেখিলার, একটা রাজনিরি বেলা ১টার সমন্ন জলপান খাইবার ছুটি পাইয়া এক পরসার গজাু কিনিয়া খাইল। কারণ মুড়ি ছোটলোকে খায়! টাট্কা মুড়ি ঈবৎ-মিষ্ট-সহযোগে খাইলে উৎক্লষ্ট বিলাতা বিল্লট অপেকা স্কলাত হয়।

"চা"-পান করাও আজকাল বড় প্রচলিত হইরাছে। এই "চা"জিনিষটা বাংলার
ভার উষ্ণপ্রধান দেশের উপযোগী বলিরা
বোধ হয় না। হিমালয়-অঞ্চল অথবাঁ শাঁতপ্রধান দেশে চা উপকারী হইতে পারে, কিন্তু
বাংলায় এই শীতলদেশোচিত নেশা কেন
প্রচারিত হয়, তাহা বলিতে পারি না।
বাহারা নিয়মিতরূপে প্রতাহ চা-পান করিয়
থাঁকেন, তাঁহাদের মধ্যে অনেকেই অজীণ
বা শলীর চির-মাশ্রয় হইয়া থাকেন।

অনেক চা-দেবী অজীর্ণবোগীকে চা ছাড়িয়া দিয়া স্কস্থ হইতে দেখা গিয়াছে।

বালকদিগের থেলাতেও ক্রমে ক্রমে বার্ব্র-বাহলা দেখিতে পাইতেছি। পূর্বে "গুলিদাওা" ছিল, এখন ক্রিকেট্ হইয়াছে; পূর্বে "কপাটি" ছিল, এখন "ফুট্বল্" হইয়াছে। আবার আমেরিকায় (Push ball) "পুশ্বল্" নামে নৃতন থেলা দেখা দিয়াছে, তাহার নাকি আইনকাল্পন সমস্তই ফুট্বলের নায়; কেবল বলটা নারিকেলের মত না হইয়া একটা স্বরহং জালার মত, চার-হাত-বেধ-বিশিষ্ট। এক একটা বলের দাম থাওশত টাকা। দরিদ্র বাঙালীর ঘরেও এই থেলা শীঘ্রই দেখা দিবে, আমাদের এরপ আশক্ষা আছে।

যে দিক্ দিয়াই দেখা যাক্ না কেন, বাজে থরচ আমাদের বড় বাড়িয়া উঠিতেছে।
ত্রিশবংসরের মধ্যে যেরূপ বাড়িয়াছে,
ভাহাতে আর ত্রিশবংসর পরে যে কি দাড়াইবে,
ভাহা আমর, ধারণা করিতে পারি না। সমাজহিতৈদীদিগকে এ বিষ্ণ দৃষ্টিপাত করিতে
অম্বরাধ করি।

শ্রীযোগেক্সকুমার চট্টোপাধ্যায়।

যাত্রিণী।

মন্ত্রে দে যে পৃত

• রাথীর রাঙা হতে।,

বাঁধন দিয়েছিল হাতে,

আজ কি আছে দোট দাথে ?

বিদায়-বেলা এল মেৰের মত ব্যেপে,
গ্রন্থি বেঁথে দিতে হু'হাত গেল কেঁপে,
সেদিন থেকে থেকে চকুছাট ছেপে
ভরে' যে এল জলধারা।
আজ্কে বদে আছি পথের এক পালে,
আমের ঘন বোলে বিভোল মধুমানে,
ভূচ্ছ কথাটুকু কেবল মনে আনে
ভ্রমর যেন পধহারা;—
সেই যে বাম হাতে একটি সরু রাখী
আধেক রাঙা, সোনা আধা,
আজো কি আছে সেটি বাঁধা ?

পথ যে কতথানি
কিছুই নাহি জানি,
মাঠের গেছে কোন্ শেষে,
টৈত্রফসলের দেশে !

যথন গেলে চলে তোমার গ্রীবাম্লে
দীর্ঘ বেণী তব এলিয়ে ছিল থুলে',
মাল্যথানি গাঁথা সাঁঝের কোন্ ফুলে
লুটিয়ে পড়েছিল পায়ে ।
একটুখানি তুমি দাঁড়িয়ে যদি যেতে !
নতুন ফুলে দেখ কানন ওঠে মেতে,
দিতেম তারা করে' নবীন মালা গেঁথে
কনকটাপা-বনছায়ে ।
মাঠের পথে যেতে ভোমার মালাথানি
প'ল কি বেণী হ'তে খসে ?
আজকে ভাবি তাই বদে !

নৃপ্র ছিল ঘরে
গিরেছ পারে পরে?
নিরেছ হেথা হ'তে তাই,
অংক আর কিছু নাই।

আকুল কলতানে শতেক রসনায়
চরণ বেরি' তব কাঁদিছে কর্মণায়,
তাহারা হেথাকার বিরহবেদনায়
মুখর করে তব পথ।
জানি না কি এত যে তোমার ছিল ছরা,
কিছতে হ'ল না যে মাথার ভ্যা পরা,
দিতেম খুঁজে এনে সিঁথিটি মনোহরা
রহিল মনে মনোরথ!
হেলায় বাঁধা সেই ন্প্র-ছটি পায়ে
আছে কি পথে গেছে খুলে,
সে কথা ভাবি তক্ষ্পেল!

অনেক গীত গান
করেছি অবসান
অনেক সকালে ও সাঁজে
অনেক অবসরে কাজে !
তাহারি শেঁব গান আধেক ল'ত্য কানে
দীর্ঘপথ দিরে গেছ স্থারপানে,
আধেক জানা স্থার আধেক ভোলা তানে
গেয়েছ গুন্গুন্ স্বরে ।
কেন না গেলে শুনি একটি গান আরো,
সে গান শুধু তব, সে নহে আর কারো,
ভূমিও গেলে চলে সময় হল তারো,
স্ট্ল তব পূজা তরে !
মাঠের কোন্থানে হারাল শেব স্থ্র,
যে গান নিয়ে গেলে শেষে
ভাবি যে তাই অনিমেৰে !

প্রাচীন গ্রীস, প্রাচীন রোম ও প্রাচীন ভারতের সৌন্দর্য্যকম্পনা।*

"কমলিনী মলিনী দিবদাতায়ে

শাশিকলা বিকলা ফণ্লাফায়ে।
ইতি বিধিবিদধে রমণীমূপং
ভবতি বিজ্ঞাতমঃ জমণো জনঃ॥"

দিবদাপগ্যম কমলিনী মলিনী হয়, আর নিশাশেষে শশিকলা বিকলা হইয়া পড়ে। এই-জন্মই বিধাতা রমণীমুথের সৃষ্টি করিয়াছেন। লোকে ক্রমে ক্রমেই বিজ্ঞতন হয়।

কোন্ অজাত লেথক এই উদ্ট শোকের রচনা করিয়াছিলেন, তালা তির জানা যার না; কাজেই দৌলগাঁদেখনে এই ধারণা কোন্ সমরের, তালাও নিশ্চয় জানিবার উপায় নাই। রমণীমুখ সৌলগাঁকেটির চরম; ইহাতে অস্টার ক্রমশ বিজ্ঞতালাভের পরিচয় পাওয়া কবিকয়না; কিন্তু মুরোপীয় হিসাবে ইহা সৌলগাঁকয়নার ক্রমবিকাশ; ধারণার অভিব্যক্তির হিসাবে অপেক্ষাক্ত আধুনিক।

অনুসদ্ধান ও অধ্যয়নের ফলে জানা
গিয়াছে, রমণার মুথ সৌন্দর্য্যস্টির চরম বা
সৌন্দর্য্যের আধার, প্রাচীন গ্রীক্দিগের এ
ধারণা ছিল না। এখন ইংরাজীতে Beauty
বলিলে স্করী ব্যায়। গ্রীক্ সৌন্ধ্যা
কল্পনা সম্পূর্ণ স্বতম্ব। শারীরিক গুণের
স্মন্ত্রেই গ্রীক্দিগের মতে প্রক্ত দৌন্ধ্য।
স্প্রায়াও সর্বাব্দে মুক্তাফলের কাম্বিতরক্রের
মত সাস্থানাক্যা প্রাচীন গ্রীক্দিগের নিক্ট
প্রকৃত সৌন্দর্য্য বিলয়া প্রিগণিত হইত।

গ্রীকগণ বাায়ামচর্চানিপুণ ছিল। দিগের নিকট বিকলাঙ্গ ঘূণাম্পদ। খণ্ডরাজো শতধা বিভক্ত গ্রীস আত্মরকার্থ সর্বদাই সশস্ত্র থাকিত। স্পার্টায় এই সৈনিকবৃত্তি সর্বাপেকা প্রবল ও পরিকট ছিল। স্পার্টায় রাজনীতিবিদ, দার্শনিক বা সাহিত্যিকের আদর ছিল না; বীরই সম্পুঞ্জিত হইতেন। শিশু বিকলাঙ্গ বা তর্মল বলিয়া বিবেচিত হইলে তাহাকে বিনষ্ট করাই দেশের প্রচলিত বিধি ছিল। সপ্তবর্ষবয়স্ক জননার ক্রোড়চাত করিয়া শিক্ষাগারে প্রেরণ করা ইইত। দেখানে তাহাকে বলবান ও কইসহিষ্ণু করিবার জন্ম চেষ্টার অন্ত ছিল না। শীতগ্রীয়ে একই বেশ: শিকার করিয়া আহাগা সংগ্রহ করিবার প্রবৃত্তি প্রবল করিবার অভিজাতে অপ্যাপ্ত আহার—এ সকল নিলমের মধ্যে ছিল। বালকের ক্ট্রস্থিত। পরীক্ষা করিবার জন্ম তাহাকে ডায়েনার বেদীতে বেডাঘাত করা হইত। উচ্ছদিত শোণিতে বেদী দিক, না হওয়া পর্যান্ত সে বেত্রাগাতের নিবৃত্তি ছিল না। বালিকাদিগকেও ব্যায়ামচর্চা করিতে হইত। বিংশতিবর্ষের পূর্কে যুবতীরা প্রায় বিবাহ যুবকগণও তিংশংবর্ষের পূর্বে করিত না। বিবাহ করিতে পাইত ন। কৈন্ত ধুবককে তথনও সাধারণ আগারে আহার করিতে

^{*} বঙ্গীয় সাহিত্যপরিষদের অধিবেশনে পঠিত

ষ্ঠিবর্ধবয়ঃক্রম-ও নিদ্রা যাইতে হইত। কালে পুরুষ দৈনিককর্তব্যাবসানে গার্হ্য-জীবন্যাপনের অবকাশ পাইত। বার্দ্ধকোর হিমবাতে যৌবনবদস্ভের মুকুল শারীরিক বিকাশের দাম্পত;স্থুখ, গার্হস্থাজীবন ও হৃদয়ের কোমল-বুত্তি আছতি প্রদত্ত হইত। গ্রীকের শরীকের স্বাস্থালাবণ্য যেন ফাটিয়া পড়িত। রিক শ্রমের ফলে তাহার অঙ্গদঞ্চাদনে বা অঙ্গ-ভঙ্গাতে অনায়াদলৰ পৌলব্য স্বাভাবিক হইয়া দাভাইত। গ্রীদের যে সকল রাজো শারীরিক বিকাশ চরম লক্ষ্য বলিয়া পঁরিগণিত হইত না, সে সকল রাভ্যেও ব্যারামাগারের অভাব ছিল না। এীকগণ গৃহকোণে বন্ধ থাকিতে ভালবাদিত ন।। হ্যাকিরণ, মুক্তবায়ু, অনম্প্রসারিত গগন, এ সকল যেন গ্রীকের জীবনের অবিচ্ছিল ও অবিচ্ছেত্ত অংশ ছিল। ভারতবর্ষের সংসার-বিরাগী সন্ন্যাদীদিগের মত সক্রেটিদ পথে পথে জ্ঞান বিলাইতেন। বৃঞ্চবাটকায় প্লেটোর শিক্ষাদানকাব্য সম্পন্ন হইত। দিবলে কুৰ্যা-করোজ্বল নীলাম্বতলে ও সন্ধায় বিকশিত-জ্যোতিকজ্যোতি গগননিমে বসিয়া গ্রীকগণ রঙ্গমঞ্চে অভিনয় দশন করিত। গ্রীকৃদিগের ভিন্ন ভিন্ন-শাশার মধ্যে দর্কপ্রধান বন্ধন— वाशिमञ्जनमंनी। श्राष्टा, वन, त्रोष्ट्रवस्था ७ नार्या आहीन औरकत्र मोन्याकज्ञना নিবদ্ধ ছিল। এই শারীরিক বিকাশেই তাহার বিবেচনায় মন্থাত্ত্বর পূর্ণ অভিব্যক্তি। রমণীর দৌল্গ্য অপেকারত সমকাল্যামী; প্রাক্ত তিকৃ নিয়মে তাহার অহায়িত নিশ্চিত; জীবস্থোত প্রবাহিত রাধিবার জ্ঞা রমণীকে স্বাস্থ্য ও দৌল্ব্য প্রকৃতির বেদিমূলে ক্মর্য্যদান করিতে হয়, সেই আয়দানেই রমণীর মহন্ত্ব ও দেবীত্ব। কাজেই গ্রীক্সোলর্য্যের আদর্শনারীতে মিলিত না। গ্রীক্গণের বিবেচনায় শারীরিক বিকাশেই মন্ত্ব্যত্বের পূর্ণ অভিব্যক্তি বলিয়া অনিল্যন্ত্রলর আল্সিরাইভিসের দোষ দোষ বলিয়া পরিগণিতই হইত না, তাঁহার সৌলর্য্যের কিরণে তাঁহার দোফের অন্ধকাররাশিও যেন সম্জ্বল হইয়া উঠিত। প্রাচীন গ্রীকের সৌলর্য্যক্রনা সাগরসম্ভবার অন্ধ্রপম সৌলর্য্য তৃপ্ত হইত না; সে দৌল্ব্যাহন্ধার তৃপ্তির জন্ত আপোলোর ক্ষারশ্রক হইয়াছিল।

এই আপোলো-মূর্ভি-কল্পনায় যে

শিল্পীর জীবনসাধনা ব্যায়িত হইয়াছে; কর্ম্ম-হীন দিবস ও নিডাহীন নিশায় নিফল প্রয়াসে কত শিল্পীর জীবনগ্রন্থি শিথিল হইয়া গিয়াছে; তাহা জানিবার আর উপায় নাই। কিন্তু সেই সাধনার যে ফল-এই স্থলীর্ঘ-কালের ব্যবধানেও বর্ত্তমানে তাহা অতুলনীয়। আপোলো হ্ব্যদেবতা। গ্রীসে হুর্য্যের প্রভাব নানা বিষয়ে পরিকুট। মহাগ্রতির কনককিরণে জীবন্ধগতে নিতা জীবনুসঞ্জীবিত হইয়। উঠিত, হরিৎ প্রান্তরে ক্ষিতকাঞ্চন উৎপন্ন হইত, তক্তলতা-নির্মার উক্ত হইয়া যাইত, কথন বা চারিদিকে বাাধি বিকীর্ণ হইয়া পড়িত, আবার কখন বা বায়ুমণ্ডল দুরীকৃত-দুষিতপদার্থ, নির্মল হইত। সভ্যত্তার প্রাকৃতিক প্রথম অবস্থায় মানব যথন শক্তিতে বিশ্বিত হইয়া পড়ে, তখন সেই শক্তির ক্রিয়া যে স্বতঃপ্রণোদিত, স্বতঃপরি-চালিত ও শ্বতঃসংশোধিত, ইহা তাহার

ধারণায় আইনে না। তাই সে প্রত্যেক প্রাকৃতিক শক্তির অধিষ্ঠাতা করনা করে। আবার যে দেশে যে প্রাকৃতিক শক্তির প্রভাব প্রবল, সে দেশে সেই প্রাকৃতিক শক্তির কল্লিভ অধিষ্ঠাতুদেবতার পূজা সমধিক সমারোহে সম্পন্ন হয়। এই নির্মে বিচার করিয়া কেহ কেহ বলেন, হিমত্রাতা অগ্নির পূজক আর্য্যগণ হিমপ্রধান দেশ হইতে ভারতবর্ষের প্রান্তরে অবতীর্ণ হইয়া বন্ত্রধর ইন্দ্রের উপাসক হইয়া পড়েন; তথন বর্ষণ ব্যতীত জীবনধারণ অসম্ভব-শত্সোৎপাদন, গোমেঘাদির আহার্য্যসংগ্রহ, সবই বর্ষণের উপর নির্ভর করে। অগ্নির बाटघटनत আহ্বান:--

"তুমিই আহ্বান কর যত দেবগণ,

দৈদ্ধকণ্মা, কীর্ত্তিময়, সত্যপরায়ণ ;

দেবগণসাবে কর যক্তে আগমন।" (১৷১৷১৷১৷)

ইক্রের আহ্বান ঃ—

"আমানের এই স্তৃতি করিতে গ্রহণ হে ইন্দ্র, আপনি তুমি আইস হেগার; অভিষ্ত হইরাছে এ যজে সবন কর পান তকাতর-গৌরস্গ-প্রায়।"(১)

ক্র পান তৃষ্ণাত্র-পৌরস্থা-প্রায়।"(১)১)১৬)
কেহ কেহ এই তৃই আহ্বানের মধ্যে আর্যাগণের বিমপ্রধান স্থান হইতে প্রাস্তরে
আগমনের পরিচর পাইয়াছেন বা বরনা
করিয়াছেন। যাহা হউক, যে দেশে বে
প্রাকৃতিক শক্তির প্রভাব যত প্রবল, সে
দেশে সেই শক্তির পূজাও তত সমারোহে
সম্পুর্ হইয়া থাকে। এইজগুই প্রাচীন
বীনে আপোলোর পূজার বিলেষ সমারোহ
ছিল। আপোলোনামের তৃই অর্থ:—এক
অমকলবিনাশক; অপর সংহর্জা। স্র্যাদেবতা হইতে আপোলো ক্রমে নানাভাবে

পুজিত হইতেন। স্থ্যকিরণ অবাধগতি-স্থা সর্বজ্ঞ; সেইজক্ত পাপশান্তির নিমিত্ত ভাঁহার পূজা হইত। সর্যোর সর্বজ্ঞতা হইতে আপোলোর ভবিষাৎরকাখ্যাতি। সুর্য্যের জীবনাশ ও জীবরকার ক্ষমতা হইতে আপোলো ঔষধের দেবতাপদে উন্নীত এবং জীবজগতের প্রভাতগেমে আনন্দকলরব হইতে ক্রমে সঙ্গীতের দেবতা বলিয়া গণিত। গ্রীকৃপুরাণে আপোলোর জন্মকবা এইরপ:--খণ্ডিতা হীরার (ফুনোর) ক্রোধানলভীতা লীটো বছস্থানপর্যাটনের পর ডেলসে আশ্রয়-লাভ করেন। তখন জিউদ্-(জুপিটার্)-পুত্র व्याप्तात्वा डाहात्र शर्ड । नत्रनिन धानवरवनना ভোগ করিয়া লীটো আপোলোকে कदन्न ।

পঞ্চল শতালীতে আণ্টিয়ামের নিকটে প্রাপ্ত আপোলামৃত্তি (Apollo Belvedere) বিশেব প্রদিন । ছিতীয় জুলিয়াস্ ইহা ক্রেম্ব করিয়া পোপপদে উন্নীত হইবার পর পোপের প্রাসাদ ভ্যাটিকানে সংস্থাপিত করেন। এই মুর্ভি ১৭৯৭ খৃষ্টাকে ফরাসীসগণকর্ত্বক গৃহীত ও ১৮১৫ খৃষ্টাকে পুন:প্রদন্ত হয়। অভিক্রপন্তির বিশাস, এই মর্শ্বরমূর্ভি খৃষ্টীয় ভৃতীয় শভালীর প্রারম্ভে নির্শিত একটি গ্রীকৃমূর্ভির অমুকরণ।

গ্রীক্শিরীর রচনার হালর মুখের সুটিন্দ্র বিষয়ে মনোযোগ বা চেষ্টা দৃষ্ট হর না।
স্থান্তর মন্তক, দেহের সর্বান্ত সামঞ্জান্তর স্থান্ত ও বলের শ্রী—এই সকলের সমাবেশই গ্রীক্শিরীর সৌন্ধর্যকরনার আদর্শ। সামঞ্জাও সম্পূর্ণতা—এতত্বভাষেই গ্রীক্শিররচনার সৌন্ধর্য। প্রসিদ্ধ প্রাচীন গ্রীক্শিরীদিগের রচিত নারীম্রিভেও এই प्रकृष क्रमा विकिल्छ। नात्रीमृहिंट्छ श्रुक्षम्
मृहिंत मृष्डाय ও लक्षितिह्न आडाव; कि ब धानर्न प्रकृष्ट-गर्ठन, मामक्षण ও माधुत्री (grace), ইहाट्डिहें शोलर्या क्रमा निवक। — स्वल्य मृर्थ वा धान्निराय त्रीलर्या क्रमा विकाल वा गर्ठनिराय हाक्षिण हम्न ना। श्रीति श्रीकृणिम त्रक्ताम मिक्छ हम्न ना। श्रीति श्रीकृणिम त्रक्ताम मिक्छ हम्न ना। श्रीति श्रीकृणिम त्रक्ताम मिक्छ हम्न ना। श्रीति श्रीति निम्नुष्टात्र निव्ध स्वाप्त — प्रकृष्टा श्रीत्र मिक्क जाहात श्रीत्रभाषिकात नाहे। मृष्पाद्ध प्रकृष्ट निम्नुष्टात्र मिन्न विक्रिण । कि इश्रीति निम्नोम त्रक्रमाम ७ क्रमाम प्रकृष्ट स्वत्र मिक्क श्रीत्र निम्नोम प्रकृष्ट मर्क्स नाह— स्वर्णन स्वत्र मिक्क श्रीति निम्नोम त्रक्रमाम अस्य स्वर्णन

বে জাতি ব্যামামচর্চার সর্ব্বোচ্চ পুর্কীরাই চরম যশ বলিয়া বিবেচনা করিত, বে জাতি ব্যামামচর্চাকে ধর্মের অঙ্গ করিয়া তুলিয়াছিল, বে জাতির নারীরাও উলঙ্গ হইয়া ব্যায়ামচর্চা করিত, সে জাতির পক্ষে সৌন্দর্যোর এই আদর্শই স্বাভাবিক ও সঙ্গত।

কীট্দ্ এই করনাই কবিতার প্রকাশ করিয়াছেন — "বে সৌন্দর্য্যে শ্রেষ্ঠ, সে বে শক্তিতেও শ্রেষ্ঠ হইবে, ইহাই সনাতন নির্মা"

প্রাচীন প্রীস হইতে প্রাচীন রোমের সৌন্দর্য্যকরনার আসোচনা করিলে দৃষ্ট হইবে, প্রাচীন রোমের সৌন্দর্য্যের আদর্শ প্রাচীন গ্রীসের আদর্শ হইতে বে-পরিমাণ ভিন্ন, বর্ত্তমান আদর্শের দিকে সেই-পরিমাণ অগ্রসর্গ। শারী-রিক বিকাশের বে আদর্শ প্রাচীন গ্রীসে দেখা গিয়াছে, সে আদর্শ তথনও অকুর; প্রভেদ **এই यে, धीक्शन नत्रामर्ट ७ नात्रीमार्ट मिटे** আদর্শের বিকাশপ্রয়াসী হইত; রোমান্দিগের নিকট তাহা নারীদেহেই निवक-- श्रक्रायत भातीतिक वनहे नर्वत्य, শারীরিক সৌন্দর্যা অনাবশ্রক। রোমানগণের মতেও মুথই সৌন্ধ্যভাগুার নছে: -- কোন বিশেষগঠনের আনন সমধিক আদৃত নহে। রোমান্ স্থাপত্যের পদে পদে ইহার প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। প্রমাণস্বরূপে বলা যাইতে পারে, মৈশরী ক্লিওপেটার স্থন্দরী-খ্যাতি অপেকাকত আধুনিক। নবীনচক্র ক্লিও-পেট্রার কথার বলিয়াছেন—"কল্পনা-অতীত রূপ নহে চিত্রণীয়।" প্রতীচা সাহিতো পদে পদে ক্লিওপেটার ফুন্দরী-খ্যাতি। "অসংখ্য প্রস্তরে, পটে, কাব্যে, ইতিহাসে" সেরপ লিখিত। কিন্তু সমসাময়িক মুদ্রায় মৈশরীর যে প্রতিক্বতি দৃষ্ট হয় – তাহাতে তাহার স্থন্দরী-খ্যাতি একান্তই ভিভিনীন-র্গনতান্তই কবি-করনা। বিশ্বয়ের বিষয় এই যে, সিজারের মত নারীদৌন্দর্য্যাভিক্তও তাহার প্রভাবমুক্ত हरेए भारतन नाहे; आ•छेनीत मैं उ वह-· ভোগরত, উচ্ছ্রল চরিত্রহীনও তাহারু মোহ-মুগ্ধ হুইয়া তাহার আলিঙ্গনকে স্বৰ্গস্থ বোধ করিয়া বলিয়াছিলেন:---

"Let Rome in Tiber melt, and the 'wide arch

Of the rang'd empire fall! Here is my space.

Kingdoms are clay: our dungy earth alike

Feeds beast as man: the nobleness of life

Is, to do thus; when such a mutual pair

And such a twain can do't, in which,

I bind,
On pain of punishment, the world to

weet,
We stand up peerless."

সুটে অন্ধিত চিত্রাদির মত যে সকল চিত্রে মৈশরীকে স্থল্যর মুখের অধিকারিণী বলিয়া বোধ হয়, অভিজ্ঞদিগের মতে সে সকল চিত্রের প্রাচীনস্থাগোরব ভিত্রিহীন।

রোমান্ ভাস্কর্য্য সন্ধান করিয়া অভিজ্ঞ-গণ বে আননে সৌন্দর্য্যদীপ্তি দেখিয়ছেন, সে, স্নানন নারীর নহে —বালক আণ্টিনোয়া-সের। এই মূর্ভিও পোপের প্রাসাদ ভ্যাটি-কানে রক্ষিত।

প্রাচীন শিল্পে মুথে সৌন্দর্য্যের বিকাশ ইট্রাব্কান শিল্পীর রচনা। অরভিটোর নিকটে ভূগর্ভে প্রাপ্ত মুংপাত্রে যে মুথের চিত্র দেথা গিরাছে, তাহার সহিত ফরাদা শিল্পীর সৌন্দর্য্যকল্পনাম সাদৃশ্র বিশ্বরকর।

প্রাচীন রোমান্গণ সৌল্ব্যাসথন্ধে থ্রীক্
আদর্শই অক্ঞা রাখিয়াছিল; কেবল নারীতে
সেই আদর্শের বিকাশদশনপ্রয়াসী হইত।
তাহাদের মতে দেহের সর্বাঙ্গীন বিকাশেই
সৌল্ব্যের বিকাশ। ক্রমে যখন, রোম
বিলাসপ্লাবনে প্লাবিত হইয়া গেল—নিত্য নব
উপাদানে রোমানের বিক্রত বিলাসবাসনা
তথ্য হইতে লাগিল, তখন ক্রির বিকার
আরম্ভ হইল। তথাপি তখনও রোমে
গ্রীদের সৌল্ব্যাকল্পনার ভিত্তি অপস্ত হইয়া
যায় নাই।

প্রাচীন গ্রীস ও প্রাচীন রোম হইতে প্রাচীন ভারতে শিল্পে সৌন্দর্যোর আদর্শ সন্ধান করিলে, বিশিপ্ত উণাদান ও বিরোধী

মতের মহারণো দিশাহারা হইয়া পডিতে হয়। মনীধী মেকলে আপনার অভ্যন্ত স্থললিত ভাষায় হিন্দুশিলের নিন্দা করিয়া বলিয়াছেন. "হিন্দুর পৌরাণিককাহিনী (Mythology) এতই অসম্ভব যে, তাহাতে হৃদয়ের বিকার অবশুস্তাবী। হিন্দু ধর্মাত, — বিজ্ঞান বা শিল্প কিছুরই অমুকৃল নহে। হিন্দুর দেবসম্টির (Pantheon) মধ্যে সন্ধান করিলে কুতাপি প্রাচীনগ্রাক্মন্দিরব্লাসী স্থন্দর ও মহরপূর্ণ মৃত্তি দৃষ্ট হইবে না। All is hideous, and grotesque and ignoble." অমুবীকণতলে সমালোচনার মেকলের আপাতরমা রচনার বহু ক্রটি স্পষ্ট লক্ষিত স্থ প্রসিদ্ধ रुग्र । সমালোচক হারিদন বলিয়াছেন, "মেকলের ইতিহাস, কবিতা ও দশনের সংমিশ্রণ: কিছু কার্যাত তিনি কবিতার পরিবর্তে বাকা-দর্শনের পরিবর্তে কিংবদন্তীর ব্যবহার করিয়াছেন। তাহার ইংলভের ইতিহাদ "is a compound of historical romance and biographical memoir." পুরাণদধ্যের মেকলে যাহা বলিয়া-হিন্দুর প্রতিবাদ করিয়া ভাহার ছেন. নষ্ট করা অনাবশ্রক। তিনি সম্পূর্ণ অজ্ঞতা সবেও একটি অতি প্রাচীন বিশাস সম্বন্ধে যে নি:সকোচ ফয়তা দিয়াছেন, তাহা Missionary slanderকের পরাভূত ও নিভাত করিয়াছে। হিন্দুশিরের নিন্দাবাদ করিবার সময় মেকলে যে যথেষ্ট ক্লছুসন্ধান ও আলো-চনা न। করিয়াই মত প্রকাশ করিয়াছেন, তাহাতে আর দন্দেহমাত্র নাই। ভারতে স্থাপত্য ও ভাষর্য্যের স্বতম্ব বিকাশ বিশেষ প্রশংসনীয়

নছে: তত্ত্ভরের সংমিশ্রণনৈপুণোই ভারতীয় শিরের ক্রতিত। প্রাচীন যুগে পার্থেনন ও মধ্যবুগে রিমদ কেথিড্রাল যে শিলের আদর্শ. প্রাচীন ভারতে সেই শিল্পই সমাকু বিকশিত ভটরাছিল। যে শিল্পবিকাশ গ্রীস হইতে আরম্ভ করিয়া বেলজিয়াম পর্যান্ত প্রসারিত হয়, তাহার যথেষ্ট আলোচনা যুরোপীয়ের পক্ষে প্রাচ্যশিরের রসগ্রহণচেষ্টা বিভ্রনামাত। কিছ মেকুলে যে গুরুতক ভ্রম করিয়াছেন, উপস্থত উপাদানের উপা-গ্নাভাব ও অনাবিল অভিজ্ঞতার অন্ধি-গ্ম্যতা বিবেচনা করিয়া তাহা ওয়েইমেকট্ ও माकानुलादा मार्कनीय इट्टल वित्नवक অধাপক Lubkeর মত ব্যক্তিতে নিতায় নিন্দনীয়। একান্ত ছংখের বিষয়, অধ্যাপকও এই मिकारक উপনীত इहेशाइन या, हिन्तु-ধর্ম যথন নিন্দনীয়, তথন ভারতীয় plastic শিল্পও নিশানায়। আহ্মণগণ যথন জগংকে মায়া বলিয়া প্রকাশ করিয়াছেন, তখন কোন উত্তেজনার উত্তেজিত হইয়া শিল্প দৈনিক-দীক্ষনর বিচিত্র চিত্র চিত্রিত করিতে প্রবৃত্ত रहेर्द ? अमार्गत द्वारन अधानक मनम् छ वारगटक हिन्दूत (मर्गडा (!) विनिदार्छन। বেধানে অভিজ্ঞতার অভাবে কল্লনার শরণ गरेट इंब, "रमशास अक्रम जम त्वाध इंग्र খনিবার্য্য। যুরোপীয় লেথকদিগের এইরূপ অভিজ্ঞতার অভাব বেঞারতবর্ষসমধ্যে বহু ভ্রাস্ত ধারণার বিস্তারে সাহায্য করিয়াছে ও করি-তেছে, তাহাতে **সন্দেহমাত্র** নাই। আরও হঃথের বিষয়, যথেষ্ট আলোচনার অভাবে এই সকল লাম্ভ মত মুরোপীয়প্রভাবপুট্ট আমাদের নিক্টও ধ্বসত্য বলিবা বিবেচিত হইতেছে।

গ্রীকৃশির ও হিন্দুশিরের একটি প্রধান প্রভেদ এই বে, গ্রীক্ বেথানে অভাস্ত ও স্বিভাক্তের প্রতি দৃষ্টিশীল, হিন্দু দেথানে বৈচিত্রা ও বাহুলা রচনায় সচেই।

ভারতীয় শিল্প হইতে প্রাচীন ভারতের সৌন্দর্য্যের আদর্শ নির্দ্ধারণের পুর্ব্বে একটি विवय উল्लেখযোগ্য। একদল শিল্পমা-লোচক ভারতীয় শিল্পকে বিদেশীয় প্রভাব-পূর্ণ পরাঙ্গপুষ্ট প্রতিপন্ন করিতে সচেষ্ট। তাহাদের মতের আলোচনার স্থান এ নহে। তবে এ কথা নিশ্চয় বলা যাইতে পারে যে. বিদেশী শিল্পের প্রভাবলেশপুত্ত ভারতীয় ' শিল্পের অভাব নাই। দে সকলে বিদেশা প্রভাব কল্পনা করিবার অবসর্মাত নাই। অভিজ্ঞ ভাকার ফাগুসনের মতে ভারতীয় স্থাপত্য ধাধীন বলিয়া এবং ভিন্নদেশীয় স্থাপত্য হইতে স্বতর প্রকারের বলিয়া নির্ভিট ইইয়াছে। তিনি প্রাচীন হিন্দুশিল্লকে শঞ্চধা বিভক্ত, কারয়াছেন:-(১) স্তম্ভ,(২) স্তৃপ,(৩) রুতি, (৪) চৈত্য, (৫) বিহার। এই পঞ্চ বিভাগের মধ্যে কোন ভাগ বিদেশীপ্রভাব-পুষ্ট ? কোন ভাগে বিজ্ঞাতীয় প্রভাব মুদ্রিত 🕈 ভিন্নভিন্নদেশীর শিল্পের সহিত তুলনার পর স্থা রাজা রাজেক্রলাল বলিয়াছেন, "Whatever the origin or the age of ancient Indian architecture, looking to it as a whole it appears perfectly selfevolved, self-contained and independent of all extraneous admixture. It has its peculiar rules, its proportions, its particular features,-all bearing impress of a style that has

grown from within,—a style which expresses in itself what the people, for whom and by whom, it was designed, thought, and felt, and meant, and not what was supplied to them by aliens in creed, colour হিন্দুশিরগ্রন্থের প্রাচুর্যা ও and race." বিবিধ গ্রন্থে তাহার শিল্পরচনার নিয়মের বিষয় জানিতে ইচ্ছুক পাঠককে রামরাজের Architecture of the Hindus' এবং রাজেব্রলাল মিত্রের Antiquities Orissa গ্রন্থন্ন পাঠ করিতে অমুরোধ করি। বৃদ্ধগরা ও বারহতের বৃতিতে (২০০ খৃ: পু:) বিকশিত ভাস্কর্যা বিজ্ঞাতীয় প্রভাবের গেশ-মাত্রবজ্জিত - হিন্দুশিরের স্বাতন্তাচিত্রাহিত। সাঞ্চীর তোরণ বিচিত্রভান্বর্য্যভারাক্রান্ত। বুদ্ধের জীবনের ইতিহাসের বহু চিত্র ব্যতীত, সেই সকল ভোরণে আহার, পান বা প্রেমালাপে রত মানব ও মানবীরও অভাব নাই। গান্ধার ও পশ্চিম পাঞ্চাবের শিল্পে যদিবা বিজাতীর-প্রভাবকলনার অবকাশ থাকে. বোগাই হইতে উড়িবাা পর্যান্ত বিস্তৃত অংশের শিল বিজাতীয় বা বিদেশীয় প্রভাবলেশ বর্জিত। এই সকল শিল্পপ্তিতে বিজাতীয় বা বিলেশীয় প্রভাব কল্পনার সম্ভাবনা নাই, স্বতরাং এই नकेन निवंबहनात पार्लाहना कतिया आहीन ভারতের দৌন্দর্য্যের আদর্শ বুঝিবার চেষ্টা করাই সঙ্গত।

এই সকল শিররচনা হইতে প্রাচীন ভারতের সৌন্দর্য্যের আদর্শ বৃথিতে বিশম্ব ঘটে না। রমণীই বে প্রাচীন ভারতের সৌন্দর্য্যের আদর্শ, তাহাতে আর সন্দেহ

করিবার নাই। অবকাশ রচনায় শিল্পী কোথায়ও স্বভাবকে অতিক্রম करतन नारे. मर्खवरे श्रुणात्वत्र अञ्चलम्ब করিয়াছেন। কিন্তু নারীমর্ত্তিরচনার ছাহা रुष्र नारे. त्रथात स्नोन्नर्गत्रहनात চেষ্টার করনা বাস্তবকে অতিক্রম করিয়াছে. কবিপ্রসিদ্ধির মায়াশিলীকে দেছের কোন অংশের রচনাকালে প্রাকৃতিক সামগ্রন্থের প্রতি অন্ধ করিয়াছে। শিল্পীর নারীমূর্ত্তিতে স্তন স্বাভাবিক হইতে পীনতর, নিতম স্বাভাবিক হইতে প্রভুর, কটি স্বাভাবিক হইতে ক্ষীণ্ডর এবং নর্ম স্বাভাবিক হইতে দীর্ঘতর। এই সকল বিশেষত্ব কোথাও অপেকাকৃত অৱ, কোথাও অভ্যস্ত অধিক-কিন্তু প্রায় সর্বতেই বিভয়ান।

-রাজা রাজেক্রলাল উডিয়ার শিল্পদক্ষে এ কথা অস্বীকার করিতে পারেন নাই। किছ जिन विनशास्त्र, त्य नक्न निश्चत्रहनात्र अहे সকল আতিশ্য লক্ষিত হয়, সে সকল উড়িয়ার শিল্পের উৎক্লপ্ত রচনা নছে। তিনি যাহাকে উৎকৃষ্ট বলিয়াছেন, আহার সংখ্যা একান্ত অর। এইরূপ আভিশ্য প্রায় নারীমূর্ত্তিতেই বিভ্যমান : কোপাও তাহাকে "Full swelling luxurious softness of forms" . খলিমা এপে করা যায়--অন্তত্ত ভাহাকে স্বভাবের ব্যতি-ক্রম ব্যতীত অন্ত কিছু বলা ছ:সাধ্য হইয়া উঠে। বৃদ্ধিচক্র উড়িব্যার এই সকল নারী-মৃর্ত্তিকে "পীবর্ষৌবনভারাবৃনতা" বিশেষণে বিশেষিত করিয়াছেন'৷ অধীকার করিবার উপায় নাই বে, এই পীবরতা বভাবকে অভিক্রম করিয়া গিয়াছে।

বন্দের অতিপীনতাসম্বদ্ধে রাজা রাজেক্রলাল বলিরাছেন, বঙ্গদেশ ও উড়িষ্যার জলবায়ুর প্রভাবে শিলামূর্ত্তিতে যাহা সহসা অস্বাভাবিক বোধ হর, প্রকৃত জীবনে তাহা প্রকৃতই স্বাভা-বিক। কিন্তু রাজার মত স্বদেশের প্রাচীন কীর্ত্তিতে অসাধারণশ্রদাবান্ ব্যক্তিও নিত্বের পূণ্তা, কটির ক্ষীণতা ও নয়নের অতি-বিস্তৃতি সম্বদ্ধে উড়িষ্যার শিলীর ক্রটি অস্বীকার করিতে পারেন নাই।

আবার উড়িয়ার জনবায়ুর প্রভাব ও মহারাষ্ট্রদেশের পূর্বসীমার জলবায়ুর প্রভাব সুম্পূর্ণ প্রতন্ত্র। অথচ উড়িষাার শিরসম্বন্ধে र नकल कथा वला हहेग्राट्ह, स्न. नकल অঞ্চার গুহাচিত্রসম্বন্ধে ও দেখানেও পুরুষচিত্রে অনায়াস স্বাভাবিকতা ও नातीि कि त्योक्स्यात्रहमात महारे किहा পরিক্ট-সেথানেও নারীমর্ত্তিতে উড়িয়ার নারীমুর্ত্তিতে লক্ষিত বিশেষস্বস্কল বর্ত্তমান। সে সকল চিত্রেও নারীমূর্ত্তিতে নর্ম অত্যন্ত গভর্মেণ্টের বিশ্বত। ভারত আদেশে কেষাই শিরবিভালমের ভৃতপূর্ব অধ্যক্ষ মিষ্টার গ্রিকিথ্স্ অবল্টাগুহা-চিত্রাবলী-সহদ্ধে যে পুত্তক রচনা করিয়াছেন, ভাহাতে তিনি লিখিয়াছেন--- "An exaggeration of the feminine hip and breasts has ever been a snare to the Hindu sculptor, who seems to think more of the conventional phrases of poetry than of the actual form." এই সকল চিত্ৰে निज्ञी कि ज्ञन्मत्रक्राश मानवक्षमात्रत्र भेछ छाव করিয়াছেন। শিলীয ক্ষতায় অবিখান করিবার অবকাশনাত্র নাই।

সৌন্দর্য্যরচনার পরিকৃট চেষ্টার করনা বাস্তবকে অবহেলে অভিক্রম করিয়া গিরাছে।

এই নারীমূর্ত্তিতে সৌন্দর্য্যবিকাশকল্পনার প্রভাব ভারতে শিল্পীকে এমনই অভিভূত করিয়াছিল যে, পুরুষের দেছে সৌন্দর্য্যরচনা-কালে তিনি দেহের গঠন নারীস্থকুমার করিয়াছেন। প্রমাণস্বরূপে ভুবনেশ্বরের মন্দিরে কার্ত্তিকেরমূর্ত্তির উল্লেখ করা যাইতে পারে 1 কার্ত্তিকেম্বের অলকার, মাল্য ও বসন বিষয়ে শিল্পী অসাধারণ মনোযোগ দান করিয়াছেন; কিন্তু দেবসেনাপতির দেহ নারীদেহেরই মত। ताष्ट्र, ठत्रण, तक ७ इक मदरे পतिशूर्ण-কোমল, মাংসল। শিল্পীর পক্ষে নারীদেহে সৌন্দর্য্যবিকাশের চেষ্টা এতই অভ্যস্ত হইয়া দাঁড়াইয়াছিল যে, নরদেহে সৌন্দর্য্যবিকাশের চেষ্টা করিবার সময় তিনি নারীদেহে অভ্যস্ত আদুশই গ্রহণ করিয়াছেন-দেবসেনাপতির দেহে শক্তির ও পৌরুষের বিকাশের কথা বিশ্বত হইয়াছেন।

সাঞ্চী ও অমরাবতী উভয়ন্থানেই উলক্ষ
পুরুষমৃত্তির গঠন স্থান্থের বর্জিত, ভ্বনেশরেও
না পুরুষমৃত্তির সংখ্যা অধিক নহে। কিন্ত
এই তিন স্থানেই প্রায়-সকল মারীমুর্তি না।
শিল্পী যে স্থানে সৌন্দর্য্যস্থানে ব্যন্ত, সে স্থানে
আবরণ দিয়া তিনি সৌন্দর্য্যের সম্পূর্ণতা ক্ষুপ্প
করিতে অসম্মত; শিল্পীর মানসকরিত
সৌন্দর্য্যের আদর্শ কেবল "সৌন্দর্য্যের না
আবরণ" ধারণ করিয়া আপনার পূর্ণতা
ও লাবণ্য নিঃসঙ্কোচে ব্যক্ত করিতেছে। এই
সৌন্দর্য্যকরনার বিকাশ কেবল নারীমৃত্তিতে
—নরদেহে নহে।

মূলের সহিত পরিচরের অভাবে আমরা প্রাচীন গ্রীস ও প্রাচীন রোমের সৌলর্য্য-করনার আলোচনাকালে সাহিত্যের আলোচনা করি নাই। সংস্কৃতসাহিত্যের আলোচনা করিলে লক্ষিত হইবে, প্রাচীন ভারতের শিরে যে সৌল্ব্যকরনা লক্ষ্য করা যার, সাহিত্যেও তাহার ব্যতিক্রম ঘটে নাই। শিলার অঙ্গে ও প্রতকের পত্রে—শিরীর রচনার ও করির করনার একই আদর্শ পরিস্ফুট। বেদে উষার বক্ষ অবারিত করিবার দৃষ্টাম্ব আনেকেরই স্মরণ হইবে। সংস্কৃতসাহিত্যে পুরুষের বর্ণনা যে নাই, এমন নহে—

"বাঢ়োরকো ব্ৰক্ষ: শালপ্ৰা:শুৰ্ম হাড্জ:। আয়কৰ্মক্ষ: দেহ: কাতো ধৰ্ম ইবাজিত:॥"

কিত্ত পুরুষের পক্ষে দেহের সৌন্দর্যাই সৌন্দর্যা নহে, দদ্গুণই প্রকৃত সৌন্দর্যা। একটি শ্লোকের একটি চরণে দিলীপের রূপ বর্ণনা করিয়া, কবি পুরবর্ত্তী সপ্তদশ শ্লোকে তাহার শুণ বর্ণনা করিয়াছেন। পুরুষের রূপ-বর্ণনার অপেকা নারীর রূপবর্ণনায় যে কবির আনন্দ, তাহাতে আর সন্দেহ নাই। কবি পুরুষের শুণবর্ণনায় ও নারীর রূপ-বর্ণনায় বর্ণনা হইভাগে বিভক্ত করিয়াছেন। পুরুষের শুণ প্রশংসার বোগ্যা, নারীর রূপ চিত্তবিমোহন।

়র ঘ্বংশের বর্চ সর্গে ইন্দ্মতীর স্বয়ংবর-সভায় বহুদিদেশাগত রাজা ও রাজপ্তদিপের বর্ণনা আছে। সমাগত প্রার্থীদিগের বর্ণনার "প্রেং প্রগল্ভা" স্থননা যে তাঁহাদের 'রূপের বর্ণনা করে নাই, এমন নছে। অস-অ্ধীবর "স্বাসনাপ্রার্থিত্যোবনশ্রী"। ভাহার পর— বিশাল-উরস হের অবস্থি-ঈশরে স্থগোল স্কীণ কটি, দীর্ঘবাহধর; বিশ্বক্মা শানবদ্ধে শানিলে ভাষরে হয়েছিল শোভা তাঁর এমনি স্করে।

অন্পরাজ "গ্রিয়দর্শন;" নাগপুরপতি "রূপে দেবতাসমান"; অজ "সর্কাবয়বানবছ"। কিন্ত ইহাদের বংশ, যশ ও শৌর্যাবীর্য্যাদি গুণাবলীর বর্ণনার নিকট সৌন্দর্যাবর্ণনা নিশ্রভ।

> গন্তীরসভাব এই মগধের পতি, শরণাগতের ইনি আশ্ররের ছান ; প্রজার রঞ্জনে লন্ধপ্রতিষ্ঠ স্থমতি, সার্থক ধরেন রাজা 'পরস্তুপ' নাম

- " অবিভ্ৰাস্থ যক্ত যত অসুঠান করি আনেন নিয়ত রাজা ইক্রে আহ্বানিরা, ইন্রাণীর পাঙ্বর্গ-কপোল-উপরি
- ্ মলার বিহীন কেল রহে ছড়াইরা।

অঙ্গ-অধীশ্বর-সম্বন্ধে:---

এই রাজা অরিকুলে করিলে সংহার মুক্তাফল ফেলি' কাঁদে ভাহাদের নারী, বিনাপতে গাঁথা যেন মুকুভার হার শোভিল তাদের কক্ষে কিবা মনোহারী।

অবস্তি-ঈশর:---

স্কার্থে যথন হাজা করেন গমন অবধ্রে ধ্বিরাশি উড়ি' ঘনাকারে সামস্তন্পতিশিরে মণি স্থোভন ^{*} বুপ্ত করে প্রভা তা'র ঘন অভ্যাবে।

অন্পরাজ---

বেদজপণ্ডিতসেবী এই নরগতি ; লন্দীর 'চঞ্চলা'আখ্যা আধারকারণ— সৈ কলম দুর তার স্বরিলা স্থযতি ।

यूक्कारण अधिरतय ग्रहात है होता।

যজ্ঞামুষ্ঠানতংপর শ্রুদেন-অধিপতি— হিমাংগুর সম কান্তি নরনরঞ্জন বিন্তার করেন রাজা শোভি নিজপুর; অসহস্রতাপে রিপু করে পলায়ন— বিজন ভবনে তা'র জয়ে তৃণাঙ্কুর।

> গর্কড়ের ভরে মণি দিয়া উপহার— কালিয় যমুনাবাসী লইল শরণ ; শোভিতেছে সেই মণি বক্ষেতে ই হার লাঞ্চিয়া মাধ্ববক্ষে কৌষ্টভরতন।

কলিঙ্গরাজের--

হেরি' মৌবর্নীচিক্ত করে এই হর মনে
রিপুরাক্সলন্দ্রী থবে জিনিলা নূপতি—
সক্তমল অক্রধারা ফেলি স্থলোচনে
কাদিরাছে মনোছঃধে বলীকৃতা সতী।
নাগপুরপতি—

হরকাছে দিবা অক্ত লভিলা রাজন; জনস্থান-আক্রমণ শব্দিরা অন্তরে রাজা সনে সন্ধি অত্যে হ্রাপিয়া রাবণ স্থানেবরে জিনিবারে গিয়াছিলা পরে।

বাঁহার জন্ম এই রাজসমাগম, কালিদাস উহার বর্ণনা করেন নাই—কেবল কোথাও অনন্দার সম্বোধনে, কোথাও বা রাজার নিকট হইতে গমনশীলার প্রতি একটি হুপ্রযুক্ত বিশেষণে—কয়টি রেধায়—মনোজ-চিত্ৰ " অঁক্ষিত করিয়াছেন। তিনি-ত্থী, রম্ভোক্স, তামরুসাস্তরাভা, স্থদতী. यमत्री, व्यावर्डमत्माकनान्ति, व्यवातम्मूम्बी, **टरकात्राकी, द्वाहनारशीत्रमंत्रीत्रवृष्टि, हेन्नू-**প্রভা, অরালকেশী, করভোপমোর। ইহার নারদের বীণাপ্রচ্যুত সর্গে ইন্মতীর স্থলভোক্তনকোটতে স্থিতিপ্ৰাপ্ত হইল। শোককাতর অজের বিলাপেও এই সকল কথা গুঁনকুক্ত হইয়াছে।

রাজ্ঞকান্তের অকৃষ্ঠিত আদরে পালিতা ইন্দুমতীর ব্যংবরসভা হইতে স্বচ্ছন্দবর্দিত-তরুলভারিগ্ধ, হোমধুমগন্ধামোদিত তপোবনে প্রবেশ করিলেও এই আদর্শ দৃষ্ট হইবে। দেখানেও প্রিয়ংবদা অতিপিনদ্ধ বন্ধল-বন্ধন-পীড়িতা শকুন্তলাকে সে পীড়ার জন্ম যৌবনা-রন্তের প্রতি তিরস্কার করিতে বলিতেছে। আর বৃক্ষান্তরালবর্তী হল্মন্ত সেই বন্ধলবস্না-বৃত্তাকে পাঙুপত্রোদরপিনদ্ধ কুন্থমের সহিত তুলনা করিতেছেন।

মানবদমাজ ত্যাগ করিয়া কবিকল্পিড ভিন্ন জীবজগতে প্রবেশ করিলেও এই আদর্শ লক্ষিত হইবে। শাপান্তগমিতমহিমা বিরহ-তাপক্লিষ্ট যক্ষের বিরহকে অবলম্বন করিয়া, কালিদাসের প্রতিভা যে সৌন্দর্যা রচনা করিয়াছে, জগতের সাহিত্যে তাহার তুলনা জগতে নিভাসতা বিরহবেদনার এই দদীত দর্বত্র আদৃত। মেঘদূতের তিন-থানি ইংরাজী অমুবাদ প্রকাশিত হইয়াছে; বঙ্গান্থবাদ আটখানি দেখিয়াছি, আরও আছে। এই অমর বিরহকাব্যের প্রাণস্বরূপিণী, পতিবিয়োগরিধুরা, শিশির-মথিতা পদ্মিনীর দশাগ্রস্তা, প্রবলরুদিতোচ্ছন-নেত্রা, বিরহবিশীর্ণা যক্ষবনিতার বর্ণনা বিরহ-বিধুর পদ্মীধ্যাননিরত যক্ষের কথায়-

পঞ্ক-বিশ্বাধর-ওটী, তন্ী, ভাসা, শিধরদশনা, কীণমধ্যা, নিম্নাভি, চকিতহরিণীস্থনরনা, শ্রোণীভারমনা গতি, ভোকনত্রা ভন্মুগভারে; প্রথম রচনা বেব বভনে স্বজ্ঞিলা ধাতা ভারে। এখানে সেই এক্ই কর্মনা পরিস্ফুট।

প্রাচীন ভারতের কবিকরনা দেবীকেও এই সৌন্ধ্যসভূষিতা করিয়া আনন্দলাভ করিয়াছে। মানব দেবতার করনাতেও বড় সহজে আপনাকে ছাড়াইয়া যাইতে পারে না। স্থাসিদ্ধ সমালোচক টেন বিখ্যাত Paradise Lost কাব্যের যে বিলেষণ করিয়াছেন. তাহা মানবের সীমাবদ্ধ কল্লনায় দেবতা ও দেবত রচনার প্রয়াসের উপর তীত্র কশা-*The Hindoo sacred poems, the Biblical prophecies, the Edda, the Olympus of Hesiod and Homer, the visions of Dante, are glowing flowers from which a whole civilisation blooms, and every emotion vanishes before the lightning thought by which they have leapt from the bottom of our heart." কিন্তু মিণ্টনের জিহোভা বেন প্রথম জেম্স ! মিণ্টনের ঈশ্বর "a business man, a schoolmaster, a man for show !" দেবদূতগণ পর্য্যায়ক্রমে তাঁহার সিংহাস্ন-সমীপে ভাঁছার যশোগান করে। বেচারার কি হর্কহ জীবন! অনস্তকাল ধরিয়া আপনার ে যশোগান শ্ৰবণ করা क्ट्रेक्ट्र।

কালিদাস "কুমারসম্ভব"কাব্যে ভবেশভাবিনীর বর্ণনা করিরাছেন। বৌবনাগমে
পার্কতীর দেহ স্থাাংভভির শতদলের শোভা
ধারণ করিল। তাহার পর পার্কতীর রূপবর্ণনার হিন্দুশিরীর সকল রচনার বিশেষত্ব বর্তনান। অসুষ্ঠনথপ্রভা রক্তিযোলগারিণী, তাহাতে
চরপদর স্থলপদ্মের শ্রী আহরণ করিতেছে; গতি

মরালগতির মত; উরুর উপমা নাই, কারণ করিকরচর্মা কর্কশ-কদলীতক বড়ট শীতল-न्थर्न : काकी खनजान-मरहरमत अकनमीत्रहे উপযুক্ত; মধাদেশ বেদির মত; উরোজযুগলের মধ্যে মুণালস্ত্র পর্যান্ত সঞ্চরিতে পারে না ; বাছযুগ শিরীষাধিকস্কুমার; নরন হরিণীর नग्रामत्रहे यठ: हेलानि, हेलानि। हेरान পর উপাদিকা পার্মতী উপাদিতের সমীপ-বার্ত্তনী হইতেছেন। উপাসিত সংসারবিরাগী শস্ত -- যাহার সামান্ত চিত্তচাঞ্চল্য উৎপাদনের পাপে কাম ভন্মীভূত হইয়াছিল, कारक है कालिमान मझीर्गविकत মত এম্বলে পার্বতীর রূপবর্ণনায় প্রবৃত্ত হন নাই। কিন্ত "প্রিয়েবু সৌভাগাফলা হি চাকত।"--এইজন্ত কোথাৰ त्रालत 'वर्गनाम, काथा व वादमत वर्गवर्गन, কোথাও স্থগন্ধিনিশাসলুৰ ভ্রমরের লীলার কথায়—সে রূপের বে मिया-আভাস ছেন, তাহাতেই সে বৰ্ণিত রূপরাশি व्हेशाटक-

> বাসস্তক্ত্রম দেহে শোভে ক্তুমার— পদ্মরাগ উপেক্ষিয়া অশোক উল্লল, ক্তবর্ণের ছাতিসম শোভে কর্ণিকার, সিক্ষুবার শভিয়াছে মুকুতার হল।

ন্তনভারে দেহলতা ঈবৎ আনতা. বালার্ক-বরণ বান শোভে অঙ্গ'গরে পর্যাপ্তকুমুননা পলনিতা লতা সঞ্চরিছে মৃদ্ধ বেন পবনের ভরে।

কেশরে রচিত কাকী নিতবের 'পরে, অত হ'লে করে বালা করিছে ধারণ, উপবুক্ত হান ধেন বিচারি' অভনে অঞ্চতর গুণ কাম করিবা,রকণ্র। হুগৰি নিখাসবায়ে পিয়াসী প্রবল বিখাধরসন্মিকটে সক্রে চক্রী ক্ষণে ক্ষপে চম্কিছে নরন চক্ষ্য নিবারে ভাহারে বালা লীলাপয় ধরি'।

প্রাচীন ভারতের শিক্ষ ও সাহিত্য উভয়ের আলোচনা করিলে স্পষ্টই প্রতীতি জন্মে — প্রাচীন ভারতের সৌন্দর্যকরনা নারীদেহকে অবলঘন করিয়া শিক্ষে ও সাহিত্যে—দেবালয়-প্রাচীরে ও রঙ্গমঞ্চে,—শিুলা-অঙ্গে ও পুস্তক-পত্রে অজ্ঞ সৌন্দর্য্য স্থাষ্ট করিয়াছে! প্রাচীন ভারতের স্থলরের আদর্শ পুরুষে নহে—নারীতে।

ইহা ভারতীয় শিরের স্বাতস্ত্য—এবং ভারতীয় শিরের মৌলিকভা—তাহার দেশজ-ত্বের প্রমাণ! অবাস্তর হইলেও এইস্থানে আর একটি কথা কহিবার প্রলোভন *সংবরণ করিতে পারিতেছি না; প্রাচীন গ্রীসেও রোমে স্থল্পরমুথ সৌলর্ঘ্যের আধার বলিয়া বিবেচিও হইত না; প্রাচীন ভারতে স্থলরমুথ রচনার ও বর্ণনার যথেষ্ট চিত্র বিভ্যমান।

ভিন্ন ভিন্ন দেশের শিরের আদর্শন্ত ভিন্ন

দেশকালপাতভেদে শিলের আদর্শও পরিবর্ত্তিত হয়। শিক্ষা, সংস্কার ও সমাজের প্রভাবে শিল্পীর সৌন্দর্য্যকরনা নিয়ন্ত্রিক হয়। ফরাসীলেথক গীদ মোঁপাসা বলিয়াছেন, জন-माधात्रण मिन्नीत्क बदल- ध माछ, छ माछ: কেবল জনকয়েক chosen spirits ব্লেন তোমার স্থবিধা বৃঝিয়া যে কোন আকারে স্থলর কিছু দাও। বাস্তবিক শিল্পী আপনার সমাজ, সময়, শিক্ষা ও সংস্থার অনুসারে যে আকারে আপনার মানস্বিকাশ করিতে প্রবৃত্ত হন, তাহার উৎকর্ষসাধনই তাঁহার জীবনসাধন হইয়া দাঁড়ায়; দৈই উৎকর্বেই তাঁহার বিচার যুক্তিযুক্ত-তাহাই প্রকৃত শিল্পপ্রতিভা যে প্রকৃত পথা ! আকারেই আপনার করনাকে বিকশিত ও मार्थक क्रिएंड (एड्री) क्रि, म्रक्न इट्रेल তাহাকেই দিবাদী প্রিসমুজ্জল-স্থলর করিয়া ত্রে। তাহার সাফণ্য তাহাতেই। সৌন্দর্য্য-কল্পনা ভিন্ন ভিন্ন হইলেও সার্থক সৌন্দর্য্য-উপভোগ্য---চিত্তবিমোহন--" A thing of beauty is a joy for ever."

শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ।

इेष्ट्रा।

কর্ম মন্থ্যজীবনের স্বাভাবিক ধর্ম। মানুষ বতদিন জীবিত থাকে, ততদিন কোন-না-কোন-প্রকার কর্মান্থচান করিয়া যায়। সামরা বাহাকে বিশ্রাম বলি, তাহাতেও কর্ম-শীণতা বর্ত্তবান আছে। খাসপ্রখাস, হ্লবের ম্পদ্দন, মন্তিকের ক্রিয়া, হস্তপদসঞ্চালন প্রভৃতিও কর্মা। স্থতরাং জীবনে কর্মপ্রোত জ্বিরাম বহিয়া যাইতেছে। সেই কর্ম্ম-প্রোতের উন্মুক্ত টেউগুলি কেবল আমাদের মনোবােগ জাকর্ষণ করে, তাই সেগুলি

আমরা 'কর্ম'নামে অভিহিত করি। আর যে অন্ত:লোভ আমাদের নিবিড় বিলামের মধ্যেও অবিশ্রাম বহিয়া চলিয়াছে, তাহার नित्क महमा मृष्टि आकृष्टे इब्र ना। বধন গভীর চিস্তার নিমন্ত্র, তথন সে স্থেমীন ব্রদের স্থায় প্রতী মান হইতে থাকে। কিন্তু সে হ্রদের মৃত্বকম্পন কখনও একবারে তিরোহিত হর না। চিস্তার সময়ে মস্তিকের যন্ত্র অনবরত জিরা করিতে থাকে। নিদ্রার সময়েও সে ক্রিয়ার বিরাম নাই। স্বপ্দর্শন ত নিজার নিতাসহচর। তত্তির হস্তপদাদিসঞ্চালন, পার্শ-·পরিবর্ত্তন এবং মশকনিবারণ প্রভৃতি হইতে জানা যায় যে, নিদ্রিতাবস্থায় চৈতন্তের একে-বারে বিলোপ হয় না। চৈত্র তথনও ক্রিয়া করিতে থাকে। ঘুমন্তশিশুর হাসি এবং অভিমানক্রিতাধর দেখিলে মনে হয়, ঘুমের বেন একটি রাজ্য আছে। আহা দেখানে জাগ্রত জাবনের, পুনরভিনয় করিয়া হাসি ও অশ্র সৃষ্টি করিয়া থাকে। ইহা হইতে म्में दूबा यात्र (य, कर्म धक कीवनवाभी সাধনা — জীবনে তাহার ইয়তা নাই, শেষ নাই. विनाम नारे। कर्य औरत्नत्र धर्य। জাবন অথবা জীবনই কর্ম। কর্মণ্ডালপর-স্পরায় জীবুন গাঁথা; কর্মবন্ধনে জীবন বাধা: এই কর্মগ্রন্থি যেদিন টুটিয়া গেল, সেদিন জীব-নের গ্রন্থ সমাপ্ত হইল। অনস্তজীবনের কথা বলিতেছি না। পার্থিব জীবন এবং পার্থিব কর্ম একই সময়ে শেষ হয়। স্কুতরাং জীবন কর্ম বই আর কি ? জীবনে কর্মের বিশ্রাম नार ; পूर्विश्राम,--- जित्रविश्राम मत्रत्।

জীবন কি ? জীবজগতের উচ্চতন তর হইতে নিয়তম তর প্রাক্ত বে জবিচ্ছে

জীবস্তা বিশম্বিত রহিয়াছে, তাহার প্রাকৃত স্বরূপ কি ? এ প্রশ্ন চিস্তাশীল ব্যক্তিমাত্রেরই মনে উদিত হয়। কিন্তু এ তত্ত্বের মীমাংসা বড়ই কঠিন। হার্বাট স্পেন্সার 'জীবনে'র সংজ্ঞা নির্দেশ করিতে চেষ্টা করিয়াছেন। বলেন--"বাহ্যপ্রকৃতির সহিত অন্তঃপ্রকৃতির সামঞ্জভাপনের নামই জীবন।" জীবজগতে এই সামঞ্জাস্থাপনের জন্ম সেতের সমীকত জীবন পাসিত সংসারবিরাণার (Environments) মধ্যে বহিত শুলনেখ-মিত হয়। শিশু যে মানসিক, নৈতিক এবং আধিভৌতিক অবস্থার মধ্যে তাহার দৈনন্দিন জীবন অতিবাহিত করিয়াছে, তাহার প্রভাব সে জীবনে অভিক্রম করিতে সমর্থ হয় না। ফলত পারিপার্ষিক অবস্থার হারা জীবন গঠিত। ভাহার সহিত চিরবৈরিত। করিয়া कौवन वरह ना। य कान हेशास इंडेक, জীব তাহার অবস্থাকে, হয় আপনার অমুকৃল कतिया गरेदव, ना इय, जाननात्क त्मरे অবহার অহুরূপ করিয়া তুলিবে। বাস করিতে হইলে বেমন রোমীয়দিপের মত হইতে হয়, সংসারে থাকিতে হইলে, --বাঁচিতে হইলে, তেমনি সংসারের উপযোগী প্রাকৃতি গঠন করিওে হইবে। নহিলে জীবন বহিবে কেন ? সংসারের উপযোগা ইইতে পারিল না বলিয়া যে অসংখ্য জীব বিলয়-প্রাপ্ত হইয়াছে, পৃথিবী কেবল সবত্বে হাদরের অবস্তলে তাহাদের শ্বতি রক্ষা করিতেছেন। অতএব জীবনধারণ করিতে হইলে পারি-পাৰ্ষিক অবৈহার সহিত অনুকুল সৰম স্থাপন করিতে হইবে। কোন কোন জীবাণু এমন অবস্থার মধ্যে বাস করে বে, সামাঞ্চ²চেটা-

তেই দে বাঁচিতে পারে ; কিন্তু একটু অবস্থা-ন্তর ঘটিলেই তাহার বিনাশ। জীবজগতের ন্তুর দিয়া যতই উপরে উঠি. ততই দেখিতে शाहे, अवदा পরিবর্তনশীল, এবং জীবনধারণ ক্রমশই জ্ঞান ও পরিশ্রম সাপেক। জীবজগতের রাজা, সংসারও তাহার পক্ষে অশেষ পরিবর্ত্তন ও জটিলতার আগার। আমাকে বাঁচিতে হইলে জীবিকার সংস্থান করিতে হইবে, সংসারের সহিত বনাইয়া চলিতে হইবে। যদি তাহা না পারি, তবে এ সংসারে আমার স্থান হইবে না। জুলের সহিত অমুকূল সম্বন্ধ স্থাপন করিয়া লইয়াছে, ভাহার অবয়ব, ভাহার প্রকৃতি, नमञ्जे जनकीयदमत अस्कृत श्रेश शिशादः। তাহাকে জল হইতে বাহির করিলে সে কিছু-কণ চেষ্টা করিবে বায়ুজগতে থাকিবার জন্ম –মরিতে কে চায় ? কিন্তু তাহার সে চেষ্টা স্ফল হইবে না। কারণ তাহার অন্ত:-প্রকৃতি ৰাহপ্রকৃতির সহিত বনাইয়া উঠিতে পারিল না। যেখানে এই প্রকৃতিদ্বরের আমামজন্ত, বিরোধ বা প্রতিকুলতা, দেখানেই वाधि, त्रथात्म हे विश्रम्, त्रथात्म हे विमान । কেই ট্রামগাড়ি ইইতে পা ফস্কাইয়া পড়িয়া वाहड इरेन, तकह नोकापूरि इरेश कलमध হইল, কৈই বা আপনার বন্দুকের গুলিতে ষাপনি হত হইল, এ সকলই বাহপ্রকৃতির সহিত আভ্যন্তরীণ প্রকৃতির অসামঞ্জয়ের ফল। যেমন করিয়া ট্রামগাড়িতে উঠিতে হয়, তাহা উঠ নাই.; সম্ভরণ অভ্যাস কর নাই; যে সাবধানতার সহিত বন্দুক ধরিতে হয়, তাহা শিক্ষা কর নাই; তুমি তাহার ফলভোগ করিবে। এইখানেই

বাহ্পপ্রকৃতির সহিত অমুক্ল সহক্ষের অভাব হইল।

স্পেন্সারকর্ত্তক প্রদত্ত সংজ্ঞাটি ঠিক সংজ্ঞা-নামের উপযুক্ত না হইলেও, তিনি প্রকৃত তত্তবিদের স্থাণ জীবনের সমগ্র স্বরূপ প্রণিধান করিতে চেষ্টা করিয়াছেন। বাহ্যপ্রকৃতির সহিত আভান্তরীণ প্রকৃতির সামঞ্জন্তাপনের त्य तिही, जाशां करे वागां विशाहि। বাচিলা থাকিতে হইলে পারিপার্শিক অবস্থাকে আয়ত্তের মধ্যে আনিতে হইবে। আত্মশক্তির সহিত অপরা শক্তির (Non-Ego) সংগ্রামে যে কোন উপায়ে হউক, অপরা শর্ক্তিকে. অফুকুল করিয়া লইতে হইবে। জীবন এবং কর্ম। জীবন এবং কর্ম উভয়েরই मः छानि दर्भ कता आयोगमाध ।। থাকিলে যেমন জীবন কি তাহা বুঝা যায়, তেমনই কর্ম করিতেই কর্ম কি তাহা বুঝা যার। সংজ্ঞার দারা এ উভয়ের বোধসাধন হওয়া কঠিন। আমরা স্পেন্সার মহোদম্বের পদবী অনুসর্ণ করিয়া বলিয়াছি যে, পারি-পার্থিক অবস্থার সহিত আভ্যন্তরীণ অবস্থার সম্বায়সাধনের নামই কর্ম।

উপলব্ধি হইয়া থাকিবে যে, কর্মাশক সাধারণত যে অর্থে ব্যবহৃত হয়, এখানে তদপেকা প্রশন্তভাবে ব্যবহার করিয়াছি। আশা করি, এ স্বাধীনতা মার্ক্জনীয় হইবে। কর্তার দিক্ ছাড়িয়া থাকিলে, বাহুজগতের যে-কোন পরিবর্তনের নামই কর্ম্ম। আমরা বাহুজগতে যে কোন পরিবর্তন সাধিত করি, তাহা আমাদের কর্ম্ম। আমাদের নিমাসে বাযুমগুলে যে সামান্ত কম্পন হয়, ভাহাও আমাদের কর্ম্ম। সমস্ত পরিবর্তনের মূলে

লক্তির বিকাশ। সমস্ত বিশ্বসংসার কর্ম-ত্রোতে প্লাবিত, স্নতরাং সমস্ত বিরাট বিশ শক্তির ৰারা অন্ধুপ্রাণিত। সেই বিশ্বক্ষাও-ব্যাপিনী প্রাণম্বরূপা মহাশক্তি জগতের আদিকারণ বলিয়া আছা শক্তি নামে পুজিতা সে বিশ্বশক্তি এ কুদ্র হইয়া থাকেন। প্রবন্ধের বিষয়ীভূত নহেন। সেই অনন্তশক্তি-मशामपूर्णंत्र এकि विम् - मानवनकि - वर्छ-মান প্রবন্ধে আলোচা। মানবশক্তি মহাশক্তি-সমুদ্রের তুলনার জলবিন্দুসদৃশ। কিন্তু 'তাই বালয় মানবশক্তি তুচ্ছ নহে। ইহা জল-াবিশুর জায় কুদ্র, আবার স্থাকিরণসম্পর্কে বর্ণ বৈচিত্র্যময়ী। হ এ ধহুর চৈতন্মরূপ-জ্ঞাকসংস্পশে মানবের কর্মে যেমন াবচিত্রতা, আমার বোধ হয় এত বিচিত্রতা আর কোথাও নাই। কর্মে চৈতভোর যে আলোকপাত হয়, তাহাকে ইচ্ছা বলা যাইতে পারে। মুম্যের স্কল কর্মে চৈত্তের মাভাদ পাওয়া বায় না। হুতরাং কমকে প্রথমত গ্রহ ভাগে বিভক্ত করা হয়। ইষ্ট ক্স এবং নেষ্ট ক্স (voluntary and non-voluntary actions) i* বে স্কল क्य ई ध्हा अर्गान्छ, তाशान्धरक ्रेड्डेक्य এवः (व मकब कन्म हेम्हा खाना कि नरह, अस्तानग. क दलंड कंब दला यात्र। (ल्ड्याटक्टब फेल्टरबन रक्षांन- व्यक्तिपद्धतः । **छ**त्त्वर । এवः निःना, शास्त्रत अमन, এवर विकृत वर-পুঁখ অবস্কালন প্রভাতর উল্লেখ করা बार्ट्ड भारत्। बाष्ट्रंड ठावि मिट्ड इस्ट्र °মনে পাড়ব ৷ অনান পকেচ হহতে বাক্ষের

চাবি বাহিব করিয়া বাক্স খুলিলাম, ভাহার পর ঘড়িট বাহির করিয়া তাহাতে চাবি দিয়া পুনরায় যথাস্থানে রক্ষা করিলাম। গুলি কাৰ্য্য একমাত্ৰ মননের চাৰি मिव. কেবলমাত্র ইচ্ছার দ্বারা-সম্পাদিত হইল। এইপ্রকার জটিল, পরম্পরাযুক্ত এবং চেতনাপ্রস্ত কর্মাই ইষ্ট কর্ম। নেষ্ট কর্ম অতি সরল, ভাহাতে জটিলভা এবং চৈতভের লেশমাত্র नारे। भिक्र रखभनम्भानन मिथलरे তাহা স্পষ্ট বুঝা যায়। একই ভাবে কলের মত যেন শারীরিক ক্রিয়াগুলি নিষ্পন্ন হই-তেছে। ইটকমে ফলের স্পৃহা বর্তমান। এই দলের স্পৃহাকে আমরা মনন বলিব। মানুষ ফলের স্পৃহা হইতেই কর্ম করিবার জ্ল ধাবিত হয়। জ্ঞান বা চৈত্ত না थाकित करनत्र आकाष्ट्रा इहेर्ड भारत्र ना। জ্ঞানের ঘারা অভীপিত ফলের অভিজ্ঞতা জন্মে। এবং কলের আকাঙ্গা মনোমধ্যে উদিত হইলে, সে ফলের প্রাপ্তিবিষয়ে উপায়ভূত (means) যে সকল শারীরিক ক্রিয়া আবল্পক, নে সকলের আকাজ্যাও উদিত হয়। স্কুতরাং এক একটি আকাজ্ঞা বহু আকাজ্ঞার স্ষ্টি করিয়া দেয়। ফল্লিপা স্থাপিত কমের জননী। নেঠকন্মে ফলালপার অভাব। কিন্তু এই পাৰকাদত্বেও উভয়বিধ কণ্মের মধ্যে অতি নিকট সংক। নেইকশ্ৰ- অৰ্থপুত্ত অঙ্গপ্ৰালন প্রভৃতি—বাতাত ইইকবের উৎপত্তি সম্ভব नटर। देव्हा मदनव निक्र । বারা প্রথমত শরীর্যমকে এবং পরোক্তাবে

^{*} ইট এবং নান্ত বালনের আধকতর ভাগাহানানী হইত কিও ইট এবং ক্রিট স্বভাচর ক্র করে বাবের চাহান বিনা ইট এবং নেট বুল করেবল করিবাতি

বাছজগৎকে নিয়ন্ত্রিত করিতে পারা যায়। কিন্তু এই ইচ্ছাপজির বিকাশ সময়সাপেক। জীবনের প্রথম কতিপয় সপ্তাহে কেবল উদ্দেশ্রহীন অঙ্গর্মণালন প্রত্যক্ষ হয়। চঞ্চলতা জীবনী শক্তির কার্য্যমাত্র। তাহাতে ইচ্ছার লেশ নাই। ক্রমে সেই অর্থশৃন্ত অঙ্গভঙ্গির সহিত বালকের স্থাহঃথ সংস্পৃষ্ট হয়। হাতথানি নাড়িতে নাড়িতে হঠাং তাগার বুকের উপর ঠেকিল, বালকের হইল ৷ তাহাতে আরামবোধ অনেকবার করিয়া বালকের মনে এ ছয়ের মধ্যে অঁতি নিকট সম্বন্ধ স্থাপিত হইল। বালক সেই আরাম আবার পাইবার জন্ম চেষ্টা করিতে লাগিল। তাহার হস্ত বেমন নডিতেছিল, তেমনি নডিতেছে, কিন্তু এবার সে একটু অবহিত। হস্তথানি কেমন করিয়া ইতত্তত সঞ্চালিত হইতেছে, সে তাহা একটু মনোযোগের সহিত দেখিতে লাগিল—ভাহার মনে সেই আরামের স্বৃতি। স্থুগ্ডঃথ কে না বুঝে ? স্থত্থেবোধ সহজাতসংস্থারা-ধীন। স্বতরাং স্থাকে পাইবার জন্ম :এবং তৃঃধ হইতে নিম্বতিলাভ করিবার জন্ম জন্মাব্ধি মাযুষের এক স্বাভাবিক প্রবৃত্তি। সহজাত সংস্থার, সুথের উপল্লি ও স্থতি ও তাহীর অভাববোধ যখন মনোমধ্যে একত হইল, তথনই ইচ্ছার উদ্মেষ। সময়ে ভাহার পূৰ্ণবিকাশ হয়। স্বত এব স্পষ্ট বুঝা ঘাইতেছে त्व, नित्रर्थक, উলেখবিহীন, জীবনশক্তিজনিত সহজাত নেষ্ট কর্ম হইতেই ইছের উৎপত্তি। যে অরপ্রতারস্কালন ইচ্ছার পক্ষে অব্দ্র প্রয়ো-जनींद, जाहा हेक्हांद्र स्ट्रिड नटह, शत्रु जाहा ইছার সঞ্লাত ও উপাদানভূত।

আমরা কর্মকে সাধারণত গ্রই ভাগে বিভক্ত করিয়াছি; ঈঙ্গিত ও অনীঞ্চিত। কিছ এ ছয়ের মাঝামাঝি আর একপ্রকার কর্ম আছে, তাহাও উপেকণীয় নহে। মধুমকিকা মধ্চক্রনির্মাণে অন্তত শিল্পকৌশলের পরিচয় দেয়, কোন কোন পক্ষিশাবক ডিম্ব হইতে বহির্গত ইইবামাত্র থাজাবেষণ ও সম্ভর্ণ করিয়া থাকে, এবং পক্ষিগণের কুলায়নিশ্বাণচাতুর্য্য দেথিয়া বিশ্বিত হইতে হয়। মানবশিভ ভূমিষ্ঠ হইয়াই স্তম্পান করিতে আরম্ভ করে, শিশু ইহার জন্ম শিক্ষার অপেকা করে না। সহজদৃষ্টিতে স্বল্পান অতি ভুচ্ছ বাণার। কিন্তু ইহাই বৈজ্ঞানিক বিশ্বয়ের সহিত এবং দার্শনিক ভব্তির সহিত নিরীক্ষণ করিয়া থাকেন। তত্ত্বিদ্গণ এই সকল কৰ্মকে প্রাক্তনসংস্কার বলিয়া নির্দেশ করেন। অর্থাৎ কুলায়নিশ্মাণকৌশল এবং পক্ষিশাৰকগণের আহার্য্যগ্রহণ পক্ষিগণের বহুষুগ এবং বহুজন্ম বাাপী **কর্ম**পরম্পরার ফল। মানব সহস্ৰ চেষ্টায়ও পক্ষীর ভাগ স্থলর কুলায় নিশ্মাণ করিতে পারে না। মানব এইখানে প্রুটর নিকট পরাজিত। কিন্তু এইজাতীয় ক্রিয়াকে यमि . इष्टेकच्च विषया श्रीकात कतिए তাহা হইলে তত্বপ্যোগী জ্ঞানও এই কে প্রাণীর আছে, স্বীকার করিতে ইইবে। াক % ইহাদের অস্থাতা কার্য্যকলাপ হইতে, শেরপ কেন, তাহার শতাংশের একাংশ বৃদ্ধিরও व्यक्तिक ऐभनकि इस ना। भत्रक्ष मध्य तिक कंपी এবং ইষ্টকর্মের মধ্যে আর একটি বিশেষ পার্থকা লক্ষিত হয়। সংস্কারজ কর্ম ইপ্টকের স্থায় দৈত্যসম্বিত, জটিলতাপুণ, ব্হমণ-কাপী এবং উদ্দেশপূর্ব বলিয়া প্রতীয়মান

হর। পুর্বেই বলিয়াছি, ইষ্টকর্ম্মের বিশেষদ্ উদ্দেশুপূর্বতা। मः कात्रक कर्णा यनि माहे উদ্দেশ্তের বিভয়ানতা দেখিতে পাওয়া যার, ভবে সেই সকল কর্ম ইচ্ছাপ্রণোদিত বলিয়া স্বীকার করিতে হইবে। এই স্থানে এক সমস্তা উপস্থিত হয়। ইতর প্রাণিগণ যে ভাবে জীবনের লক্ষ্য অমুসরণ করে, তাহা একই ভাবে সম্পাদিত এবং অবার্থ। তাহা-দের প্রতি কার্যো আত্মরকা ও জাতিরকার প্রবৃত্তি বর্তমান। আত্মরকা অবশ্র জীবমাত্রেই বুঝে, কিন্তু এই আত্মরক্ষার জন্ম তাহারা বে-প্রকার উপায় অবলম্বন করে— বিপদ্ আগত দেখিলে তাহারা যেমন শীঘ্র তাহা বুঝিতে পারে এবং ধেমন চতুরতা ও সম্বরতার সহিত তাহার প্রতীকার করিতে সচেষ্ট হয়, তাহা বছশিক্ষার ফল বলিয়া বোধ হয়। এক জল্ম কেন, বছজন্মেও সে শিক্ষা, সে সম্বরতা লাভ इद्र कि ना, मल्लह। जामता हेक्हाशृक्षक (य দকল কর্ম করি, তাহাতে :যে বিতর্ক, বে সভর্কতা এবং ষেরূপ আয়াস, প্রাণিগণ আত্মরকাবিবরে यमि সেরপ বিচার করিয়া প্রবৃত্ত হইত, তবে আয়ুরকা যে নিতান্ত কঠিন ব্যাপার হইয়া উঠিত, কাহাতে আর সন্দেহ নাই। আত্মরকাপ্রণোদিত এই সকল কর্ম্মে ইচ্ছা ও উদ্দেশ্যের বিজ্ঞ-মানতা অঁবীকার করিবার উপায় নাই। কিন্তু সে উদ্দেশ্ত জ্ঞানস্বরূপ না হইয়া একলক্ষ্য অন্ধপ্রবৃত্তির মত জীবগণকে পরিচালিত করে। আমাকে মারিবার জন্ম একজন ষ্ট উত্তোলন করিয়াছে, দেখিবামাত্র নিমেষমধ্যে আমার হস্ত উত্তোলিত হুইল—দেই আহান্ত ঠেকাইবার জন্ম। পতনোমুখ মন্তির দর্শন্ম

এবং আমার হত্ত উত্তোলনের মধ্যে মুহূর্ড-মাত্র পর্যাবসিত হইল কি না, সন্দেহ। লখনীয় কর্মের সকল দিক বিচার করা ইচ্ছার কিন্তু এখানে সকল দিক বিচার করিয়া যদি আমার হস্ত উত্তোলন করিতে হইত, তাহা হইলে তাহার বছপুর্বে আমার বিচারপূর্ণ মন্তক চুর্ণ হইরা যাইত। যেন কোন অদৃশ্র দেবতা প্রাণিগণের অন্তরে বিরাজ করিয়া ভাহাদিগকে আত্মরক্ষার দিকে অজ্ঞাতসারে পরিচালিত করিতেছেন। এই-জ্ঞ ডাঃ মার্টিনো বলেন বে, অসহায় অজ্ঞান প্রাণীদিগের সহায় ভগবান। কার্য্যে মাসুষও কিরৎপরিমাণে অসহায় এবং পকান্তরে মাতুৰ ভাবিল কাজ করে, মামুষের স্বাধীনতা আছে। স্থতরাং मार्क्ट्रिय शाम शाम प्राप्त अवः शाम शाम ভাহাকে আপনার জ্ঞানের উপর নির্ভর করিতে হয়। ইতর প্রাণিগণ জ্ঞান এবং স্বাধীনতা হইতে বঞ্চিত। কালেই ভাহাদের ভাবনা ভগবান ভাবিয়া দেন।

সংস্কারজ কর্ম ইটকর্মের ভিত্তিস্করণ।
পূর্ব্বে বলিরাছি, নেষ্ট কর্ম ইচ্ছার উপালানভূত
এবং ইটকর্মের সহিত সংস্কারজ কর্মের বহ
সাদৃশু থাকিলেও, শেবোক্ত কর্ম নেষ্টকর্মেরই,
অন্তর্ভুক্ত। আর এক শ্রেণীর ক্রিয়াঁ আছে,
যাহা অনেক বিষরে সংস্কারজ কর্মের অন্তরপ।
সেগুলির নাম অভ্যাদ। পূনঃপুন এক
ক্রিয়ার অন্তর্হান করিতে করিতে শরীর্ম্ম
ক্রমান্বরে সেই ক্রিয়ার দিকে এত প্রবণতা
লাভ করে যে, সেই ক্রিয়া সাধনের নিমিত্ত
আর আমাদের মনোযোগের প্রভ্রোক্তন হর্ম
না। এই প্রবণতার নাম অভ্যাস। অভ্যাস

ইচ্ছার পরিণতিমাত্র। পুনঃপুন আবৃত্তি-বশত সমত্ত কর্ম অভ্যন্ত হইরা যায়। মনো-যোগ আর সে সকল কর্মে আবশ্রক হর না। সেইজন্ম নৃতন নৃতন কর্মা করিবার এবং নুতন নুতন বিষয় শিক্ষা করিবার স্থবিধা হয়। ম্পেন্সার এই অভ্যাসজনিত কর্মকে সংস্থারজ কর্মের দলে ফেলিয়াছেন, অবশু ইহাদের সৌদাদুখ্য অস্বীকার করিতে পারা যায় না। কিন্তু আমার বোধ হয় অভ্যন্ত ক্রিয়াকে ইষ্ট-কর্মের মধ্যে গণা করা উচিত। কারণ কোন কর্ম নিতান্ত অভাক্ত হইলেও কর্ত্তার ইচ্চা ভাগ হইতে একেবারে তিরোহিত হয় না। আমি যথন প্রথম ক, খ, লিখিতে শিখি, তথন প্রতি অকরের প্রত্যেক ভঙ্গীট আমাকে মনোযোগের সহিত লক্ষ্য করিতে হইত। এখন লিখনব্যাপার আমার অভাত ^{*}হইয়া গিরাছে, ইহাতে আমার মনোযোগের বিশেষ প্রয়োজন নাই। কিন্তু এখনও একটি অকর লিখিতে যদি অন্ত একটি অক্ষর শিখিয়া বসি, অথবা একটি অকরের মাতা যদি অভারপ হইয়া বার, তবে তথনই আমার মনোযোগ ভাহাতে আকুষ্ট হইবে। ভাহা হইলে কেমন করিয়া বলিব যে, অভান্ত কার্য্যে একেবারেই रेफ्शात माक्ठर्श नाहे।

মনিবৈর মনোরাজ্যে ইচ্ছা কতটা স্থান বাাপিরা আছে, তাহা বিচার করিতে গেলে আর একটি বিষরেক্ষবিবেচনা করা আবশুক। আমরা এতকণ কর্মরাজ্যে ইচ্ছার প্রতাবের কথা বলিরা আসিরাছি। অর্থাৎ ইচ্ছার খারা শরীর্যন্ত কিরপে নির্ত্তিত হর, অঞ্চথা লক্ষ্যহীন জড়পিতের মত শরীর ইচ্ছার স্পার্শে কেমন সন্ধীব'হইরা উঠে, তাহাই আমনা সংক্ষেপে আলোচনা করিয়াছি। জ্ঞানের ইচ্ছার প্রভাবসম্বন্ধে তুএকটি কথা বলিয়া বর্ত্তমান প্রবন্ধের উপসংহার করিব। "ইক্সিম জ্ঞানের ঘারস্বরূপ।" দ্রব্যাদির গুণ্সকল-क्रभ-त्रम-भक-शक्क-म्भर्ग- यथन हेन्द्रिरत्रत्र मधा দিয়া মস্তিকে নানাপ্রকার ক্রিয়ার উৎপাদন করে, তথন মনে তত্তৎ দ্রব্যের জ্ঞান উভূত रय। किन ज्ञा हे जिस्सम्मी भवती इहे लाहे त्य জ্ঞানের উদয় হয়, তাহা নহে। আমরা কোন গভীর চিন্তায় নিমগ্ন থাকিয়া मुक्त बाकात्मत नित्क यथन ठाहिता थाकि, তখন তাহার নীলিমা বা অভ্রসমূহ আমরা দেখিয়াও দেখি না। মন তথন বিষয়াজরে ব্যাপত রহিয়াছে। এ সকল দেখিবে কে? চকু দর্শনের উপায়ভূত, দর্শনের কর্তা মন। তোমার চকু, কর্ণ, নাসিকা, সকলই উন্মুক্ত রহিয়াছে, কিন্তু মনোযোগের অভাবে তুমি কিছুই দেখিতে, ভনিতে বা ভাণ করিতে পাইবে না। অতএব দেখা বাইতেছে. মনোযোগ ব্যতিরেকে কোন বিষয়ের জ্ঞান र ७ त्रा व्यमञ्जव । मत्नारयां शे रेक्श्रंत्र व्यक्षीन, ইচ্ছার শাসনে পরিচালিত। ইচ্ছা ব্যতি-রেকে মনোযোগ এবং মনোযোগ ব্যক্তিবেকে জ্ঞান হইতে পারে না। তোমার দৃষ্টিপথ অতিক্রম করিয়া একটি পাথী উড়িয়া গেল. চকুরিজ্রিরের ধারা সে অহভৃতি মর্তিকে मभातिष रहेन। कोजुरन छेभीश रहेन। তখনই তুমি চকুর বারা সেই পক্ষীর গতি লক্ষ্য করিতে প্রবৃত্ত হইলে। অতএব দেখা लान, आमारमञ्ज मर्नरन ७ अवरन, कहारन ७ মননে, হুখে ও হুংখে, চিন্তার ও কার্য্যে, সর্বত এই সর্বব্যাপিনী ইচ্ছার প্রভাব বর্তমান।

এই প্রবদ্ধে ভত্তবিভার হিসাবে ইচ্ছার মূল্য কভ. আমরা সংক্রেপে মনো-আলোচনা করিবার ইচ্ছা স্থান निर्दर्भन করিতে বিজ্ঞানে ইচ্ছার তাহা বারান্তরে পাইয়াছি। চরিত্রনীতি রহিল। প্রয়াস এবং

শ্রীখগেন্দ্রনাথ মিত্র।

চীন-কাহিনী।

नामा रिष्मन् । शकामृति।

২ • শে জানুয়ারি। অদ্য শীত কিছু কম।
ভিনমাসকাল অসহ শীত ভোগ করিয়া আজ
শীতলাঘবে বিদেশীয় সৈম্ভানল কিছু স্বস্থ বোধ
করিয়াছে। শীতভায়ে নীরবকাকলি বিহজম বহদিন পরে আজ আবার স্বমধুর সঙ্গীতলহরীতে প্রভাতাকাশ বিকম্পিত করিয়া
তুলিয়াছে।

পিকিন অধ্বার লোকে ভরিয়া উঠিয়াছে। বে সকল দোকানদার রণারস্তে সহর পরি-ত্যাগ করিয়া পলায়ন করিয়াছিল, তাহারা আবার আসিয়া দোকান সাজাইতে আরম্ভ করিয়াছে। বিদেশীয় সৈম্মদলের পদভরে ধরণী কম্পিত হইতেছে। পিকিনে আসিয়া শুনিয়া-ছিলাম মে, সেথানকার জাপানী বাজারের অর্দ্ধমাইল ব্যবধানে লামা টেম্পন্। এই লামা টেম্পলে হিন্দুর দশমহাবিদ্যামৃত্তি বিরাজিত এবং পঞ্চামুনির প্রকাণ্ড বিগ্রহ প্রতিষ্ঠিত।

স্থতরাং বিদেশে হিন্দুর পরমারাধ্যা দেবী-মুর্দ্তি দর্শনে যে হিন্দুসন্তানের স্বভাবত প্রবল কৌতুহল জন্মিয়াছিল, তাহা বলাই বাছল্য।

কিন্ত এতদিন স্থযোগ ঘটিয়া উঠে নাই। আৰু স্থযোগ ব্ৰিয়া আমুি ছইজন পঞ্চাৰী হদ্পিট্যাল্ অ্যাসিদ্ট্যাণ্ট ও একজন ভবানী-পুরনিবাসী বাঙালীবাব্র সমভিব্যাহারে লামা টেম্পল্ অভিমুখে বাহির হইয়া পড়িলাম।

যথন আমরা মন্দির্ঘারে উপস্থিত হই-লাম, তথন বেলা প্রায় ১০॥ টা। মন্দির সমভাবে সারিবন্দি সন্মিবেশিত-শেষেরটি দর্কোচ্চ। বড় বড় বাড়ী মন্দির-সাতটিকে ঘেরিয়া তাহাদের প্রাচীরের কার্যা করিতেছিল। মন্দিরগুলি কাষ্ঠনির্দ্ধিত এবং আকারে কতকটা আমাদের রথ ও মুসলমাশ-দের গোঁয়ারার তাজিয়ার মত। বাহিরে মিশ্রিত সংস্কৃতভাষায় কি লিখিত। শুনিলাম, উহা বেদভাষা। মন্দিরের অভ্যন্তরে বহু প্রাচীন তৈলচিত্র। মন্দির্ঘার্থে একজন চীনবাসীর সহিত সাক্ষাৎ হইল। ইনি একলন পাণ্ডা আমালের সন্ধারণ করিয়া মন্দিরে লইয়া গেলেন। এইটি প্রথম মন্দির। মন্দিরের অভ্যস্তরে চারিজন শামা বসিয়া-ছिলেন, আমাদের দেখিয়া বিশেষ অভার্থনা করিলেন। লামাগণ ডিব্বতবাসী। ইহা-प्तत आधातवावहात हिन्दूत मछ। · मछक

মুণ্ডিত এবং শরীর গৈরিক আলখালার আয়ত। শীতাধিক্যবশত আলখালার নীচে একটি করিয়া বনাতের পারজামা। কণ্ঠদেশে কাষ্ঠমালা বিলম্বিত—কাহারও হত্তে পিততেলর বলয় এবং কাহারও বা মন্তকে রেশমী বল্লের উষ্টীব পরিশোভিত।

লামাগণ সংস্কৃতভাষার সহিত মিশ্রিত একপ্রকার ভাষার সাহায্যে আমাদিগকে মন্দিরসক্ষে কিছু কিছু বুঝাইয়া দিতে চেষ্টা করিলেন। বহুকটে আমরা বুঝিলাম যে, আমরা বে মন্দিরে প্রবেশ করিয়াছি, হিলু-স্থানের ''ভারা'দেবী ভাহার অধিষ্ঠাতী। পর পর মন্দিরগুলিতে ''কমলা', "বগলা", "ভ্বনেশ্বরী", "ছিল্লমন্তা", "বোড়শা" ইত্যাদি হিলুম্বানের দেবামৃত্তি প্রতিষ্ঠিতা।

প্রথমেই তারাম্তি। চীনশিল্পী ইহার অমধ্যাদা করে নাই। ইহার সমস্ত বন্ধান্তরণ স্থান্দ করে নাই। ইহার সমস্ত বন্ধান্তরণ স্থান্দ শুদিরা বাহির করিয়াছে। দেবীর হস্তত্তিত পদ্দল সদাঃ প্রকৃতিত প্রকৃত পদ্ম করিয়াছিল—পরে দেবিলান, ইহাও শিল্পীর অসাধারণ শিল্পনৈপুণার পরিচারক।

বছদিন পরে স্থাপুর বিদেশে শ্বদেশীয় দেবীমৃত্তিশ্বন্দর্শনে যে মাতৃত্মিচ্যুত সন্তানের চক্ষে তাহার জন্মভূমির বিশাল মহিমা উদ্ভানিত হইরা উঠিয়ছিল, তাহা বলাই বাছলা। ভারতভূমি বৌদ্ধদিগকে ভারত হইতে বিতাড়িত করিবার সময়েও ব্ঝি জননীর প্রশাদ কিছু ভাহাদের সক্ষে দিয়াছিলেন।

প্রথম মৃত্তি দর্শন করিরা আমরা ছিতীয় মলিবের প্রবেশ করিলাম। এই মলিবের "বগলা" মৃত্তি প্রতিষ্ঠিত। দেবী কিছু রূপা-স্তরিতা। দেবী একাকিনী রুদ্রমৃত্তিতে দণ্ডার-মান। আরুষ্যমানজিব্দ গদাপ্রহারভীত অহার দেবীর সক্ষে আসিতে সাহস করে নাই। ইহারও অলকারাদি সমস্তই থোদিত। মৃত্তির সক্ষ্থে ধৃপধ্নার ধ্ম সম্থিত — মন্দিরটি তাহার গল্পে আমোদিত। মন্দিরবাসী লামা ধ্যান-মগ্ন। লামাকে ধ্যানমগ্ন দেখিয়া আমরা তৃতীয় মন্দিরে প্রবেশ করিলাম।

এই মন্দিরের অধিষ্ঠাত্রী "কমলা"দেবী।
শাস্তিমরী কমলাদনা কমলার মৃতি বেন
কিছু উক্তা বলিয়া বোধ হইল। চতুর্জাদেবীকে প্রণাম করিয়া আমরা চতুর্থ মন্দিরে
গেলাম।

মন্দিরের দারদেশে কতকটা শংস্কতের মত অকরে দেবীর নাম লিখিত। তিনটি অকর "ভূবরী" পড়া গেল। অনুমানে বৃঝিলাম, দেবীর নাম ভূবনেশ্বরী। একজন সংস্কৃতজ্ঞ চীনবাসীও আমাদের কথা সম্র্থন করিলেন। ভূবনমোহিনী ভূবনেশ্বরীমৃত্তিও চীনকারিকরের হত্তে কিছু কক্ষতাপ্রাপ্ত । মৃত্তির সন্মুপে ৩জন লামা উপবিষ্ঠ ও একজন প্রভার আব্যোজনো নিয়োজত। মন্দিরে প্রবেশ করিয়া দেবীকে ৫ সেন্ট (১ পয়সা) প্রণামী দিয়া প্রণাম করিলাম। তদশ্বন প্রধান লামা দেবীর শিরঃস্থিত শুকুট শুর্ল করিয়া আমার মস্তক স্পর্শ করিলেন।

আমরা পঞ্চম মনিবে প্রবেশ করিলাম।
এখানেও ছারের উপরে তিনটি অক্ষরে দেবীর
নাম লিখিত। অক্ষরগুলি পড়িতে পারিলাম না। জনৈক পাগুাকে জিজ্ঞাসা করিয়া
জানিলাম, ইনি হিন্দুস্থানের "যোড়নী"দেবী।

মন্দিরের মধ্যস্থলে দেবীমূর্ত্তি। মূর্তির সন্তক-বিত অত্যুজ্জন গিল্টি-করা মৃক্ট হইতে স্বর্ণের স্থায় ভাষর আভা উভাসিত হইয়া মন্দির-টিকে মনোরম করিয়া তুলিয়াছে।

মন্দিরের সর্ব্য প্রাতন চিত্রপট। দেবীর অলঙারগুলি ধাতৃনির্মিত—কঠে কাঠগুছের মালা, কপালে সিন্দ্রতিলক। মন্দিরাত্যস্তব্যে হইজন লামা উপবিষ্ট। পূজার আরোজ্বন সমস্তই প্রস্তত—ধৃপধুনার গজে চতুদিক্
আমোদিত। দেবীকে প্রণাম করিয়া আমরা
সে মন্দির হইতে নিজ্রান্ত হইরা ষঠ মন্দিরে
প্রবেশ করিলাম।

ইহার সম্মুথে তিনজন লামা ঘণ্টা,
কাঁসর ও শব্ধ বাজাইতেছেন—পূজা আরম্ভ
হইয়াছে। সম্মুথেই দেবীমৃত্তি। মৃক্তকেশী
ছিল্লকণ্ঠা রক্তধারাভিষিক্তা ভয়য়য়ী মৃত্তি
দেখিয়া ইংকে ছিল্লমন্তা বলিয়া চিনিয়া
লইতে কোনই কট্ট হইল না।

এধানকার ছিন্নমন্তাস্থিও ভারতের ছিন্নমন্তাস্থি হইতে কিছু পৃথক্। ভারত-বর্ষের মত দেবীর মন্তক ক্ষরবিচ্যত ও হক্ত-বিতে ,নহে। অর্জবিচ্ছিন্ন কণ্ঠদেশ হইতে ক্ষরিরধারা নির্গত হইতেছে। এই পরিবর্জনে চীনকারিকরের ক্ষতির নিলা করিতে পারিলাম না। এই স্থি কতকটা স্বাভাবিক বলিয়া ইহার ভীষণতা আরও ব্দিত হই-সাছে।

দেবীর সর্বাঙ্গ উজ্জ্ব রজতবর্ণে চিত্রিত।
পদতবে চীনে ফুল ও আমাদের বিষপত্র
আপেকা কুদ্রাকৃতি একপ্রকার বিষপত্তের
রাশি তুপীকৃত। সন্থুবে ফ্রুটি ছিরকণ্ঠ মেইশিশু নিগতিত।

পূজা শেষ হইল। প্রধান লামা প্রসাদ-বন্টন করিলেন। পূর্বে আমার প্রসাদ-সম্বন্ধে যেরপ বিভীষিকা জ্মিয়াছিল, এখান-কার প্রসাদ দেখিয়া সে ভাব আর রহিল না।

এখানকার প্রসাদ আমাদের দেশেরই মত –পুষ্পসংযুক্ত চিনির ডেলা—তেলাপোকা বা শৃকরের তরকারি নছে। ভক্তিভরে প্রদাদ ভোজন করিলাম। কিন্তু প্রদাদপুত হস্ত মন্তকে মুছিলাম না বলিয়া লামারা কিছু বিরক্ত হইলেন, মনে হইল। এমন-সমর গভীর নিকণে চড়চড়া বাজিয়া উঠিল। সানাই আনন্দের হার ধরিল—মুত্মুতি শব্ম ধ্বনিত হইতে লাগিল অবিশ্রাম্ভ ঘণ্টারব ভুনা याहेट नाशिन। वामता हमकिया छैठिनाम। দেখিলাম, একএকজন লামা ছরিভপদে मुश्रम मिलादाद पिटक धाविक इटेटक्टरून, আমরাও তাঁহাদের অহুদরণ করিয়া সপ্তম মন্দিরে উপস্থিত হইলাম। বঠ মন্দিরের পশ্চাতেই সপ্তম মন্দির। মন্দিরের সন্মুখেই বাগুধানি হইতেছে। অভ্যন্তরে প্রবেশ করিয়া আমরা অতিশয় বিশ্বিত হইলাম। এমন প্রকাণ্ড মৃত্তি আমি আর কখনও प्रिथ नारे। छनिवाम, देश शकामुनिनामक বিখ্যাত মুনিবরের মূর্তি। মূর্তিটি লখার প্রায ৫০হাত এবং বিস্তারে প্রায় ৭হার্ডা তিনি-লাম, এই মুনিমূর্ত্তি একটি অথও শালবৃক থোদাই করিয়া গঠিত। *

অত্যন্ত দ্রতাবশত নীচে দাঁড়াইয়া মৃর্ত্তির নাক, মৃথ, চোণু, কাণ, কিছুই ভাগ দেখা যায় না।

বৃক্ষটির দৈখ্য সম্পূর্ণ বজার রাখিয়া অমৃ-রূপ হস্তপদাদির সংখোজনে চীনশিলী ^{যবেট} ক্ষমতার পরিচর দিয়াছে। মূর্ত্তি চতুর্ত্ত । প্রত্যেক হস্ত হইতেই ২৫।৩-হাত করিয়া কাঠগুছের মালা লখমান। গলদেশেও মৃগুমালার স্থার গুছুগুছে কাঠনির্মিত মাল্যদাম।

স্থলর কাঠনির্মিত রং-করা একটি বেদীর উপর মুনি দাঁড়াইয়া আছেন-মন্তক প্রায় গগন স্পর্শ করিতেছে। যেন মহাপুরুষ মন্তক উন্নত করিয়া বিস্তৃত সামাজ্যের সর্বতি দর্শন করিতেছেন। মুনির অঙ্গে একটি গেরুরা বর্ণের আল্থালা। আমি প্রথমে উহা বস্ত্র-निर्मिं जाविशाहिनाम, शद्य मिथिनाम, छेशाव কার্চনিশ্রিত --এবং উহার উপরিভাগ কার্চ-নির্মিত মনোরম পুস্পসমূহে শোভিত। মুনির চরণতলে একটি কাঠনিশ্মিত পদাফুল রহি-ग्राष्ट्र, कृत्रि **मनामर्वना** মুনিবরের চরণামতে অভিধিক। অগণিত ভক্তবুন্দ আসিয়া আনন্দের সহিত প্রভুর চরণামৃত नश्खाह—त्कर नहेबा हिन्या सहेदछ है. কেং বা তথার পান করিতেছে।

ত্রকজন লামা ক্লপাপরবশ হইরা আমাকেও

থকটু চরণামৃত দান করিলেন—আমিও উহা

তক্তিভরে পান করিলাম। মনে হইল, এই

চরণাদক তঙ্লচুর্গ ও চিনি মিশ্রিত।

চরণামৃত পান করার পর লামা দর্শনী চাহিলেন, আমি তাঁহাকে ৫ সেণ্ট দিতে গেলাম।

তিনি প্রধান লামাকে দেখাইয়া দিলেন।

এক এক মন্দিরে একএকজন ভারপ্রাপ্ত
লামা থাকেন। সেই সেই মন্দিরের প্রণা
মীতে কেবল তাঁহারই অধিকার।

পঞামুনির এই অপরূপ মূর্ত্তি দেখিরা ^{তাহার} অলৌকিক বিবরণ ভনিতে আমাদের সকলেরই কৌতৃহল জিয়াছিল। একজন সংস্কৃত ও ইংরাজী জানা লামা অনুপ্রাহ্ করিবা আমাদের কৌতৃহল পরিতৃপ্ত করিলেন। তিনি বলিলেন—"পুরাকালে এক চীনদেশীর মরপতি পিকিনের দক্ষিণে বহুদ্রব্যাপী এক অরণ্যের মধ্যে মৃগরা করিতে গিরাছিলেন। সমস্ত দিবসের পর অপরাত্রে এক মৃগের অনুসরণ করিয়া মহারাজ ঐ অরণ্যের পথহীন নিবিড্তার মধ্যে উপস্থিত হন। ক্রমে চতুর্দিক্ অন্ধকারে আছের হইয়া আসিল। সমস্ত দিনের পরিশ্রমে নরপতি অবসর হুইয়াছিলেন। তিনি নিরুপায় হইয়া এক বিশাল-শালর্ক্ষ-তলে আশ্রয় গ্রহণ করিলেন এবং অচিরে নিদ্রাভিতৃত হইয়া পড়িলেন।

"নিজাঘোরে তিনি স্বপ্ন দেখিলেন, যেন এক দীর্ঘশাশ্রু জটাজুটধারী ভীমকায় তাপস আসিয়া বলিতেছেন, 'রাজনু, তুমি যে বৃক্ষের जनप्तर जा अत्र नहेशाह, (महे -तृक्षहे जामि। "পঞ্চামুনি।" নাম মহীকৃহ-বছদিন করিয়া আমি তপস্তা রূপে পরিশাস্ত হইয়াছি। নিরতিশয় দেহ-পরিগ্রেরও কাল উপস্থিত হয় নাই। স্তরাং, তুমি আমায় জনসমাজে লইয়া গিয়া প্রতিষ্ঠিত কর। আমি আপনা হইতেই আমার শাধাপ্রশাধারণ অঙ্গপ্রতাঙ্গ ত্যাগ করি-**जाशास्त्र** स्व (महं शांकितं. দৈর্ঘ্যে-**প্রত্থে তা**হার কিছুমাত্র হ্রাদ না করিয়া আমার প্রতিষ্ঠিত করিবে।

"মহারাজ স্বপ্নযোগে এই আদেশ পাইয়া চমকিয়া জাগিয়া উঠিলেন। দেখিলেন, দ্ভাদভাই বৃক্ষের মোটা মোটা সরস শাখা-গুলি বৃক্ষচ্যুত হইয়া ভূতলে পতিত রহিয়াছে। দেখিয়া রাজা স্বপ্নের সত্যতাসম্বদ্ধে নিঃসন্দিগ্ধ হইলেন।

"পরদিন প্রভাতে তিনি রাজধানীতে যাইয়া লোকজন ও দৈল্লামস্ত লইয়া আদিয়া কৃক্টিকে সম্লে তুলিয়া লইয়া গেলেন এবং ম্নিবরের অহুজ্ঞামত যথাযথ তাঁহার দৈর্ঘা-বিস্তার রক্ষা করিয়া তাঁহাকে প্রভিষ্ঠিত করিলেন। সেই শালবৃক্ষই বর্ত্তমান পঞ্চামুনি।"

লামার মুখে পঞ্চামুনির এই ইতিহাস শ্রবণ করিয়া আমরা বিশ্বিত হইলাম। শেষে বেলা প্রায় ৪টার সময় চীনে হিন্দুদেবতা ও মহাকায় পঞ্চামুনি সহক্ষে নানাবিধ আলোচনা করিতে করিতে বালায় ফিরিয়া আসিলাম।

a:-

প্রস্থ-সমালোচনা।

সোনার কমল ।— উপতাস। শ্রীদামোদর
মুখোপাধ্যায় প্রণীত। মূলা ২১ চই টাকা

দামোদরবার উপভাস বিধিয়া যশসী इंदेशाइन, এवः आमार्टित धात्रेश এहे। যে. তিনি কশোলাভের যথার্থ অবিকারী। বর্তমান ঘটনা-প্রধান উপ্রভাস-লেখকদিগের মধ্যে তাঁহার স্থান অতি উচ্চ। তাঁহার ভাষা সরল, প্রাঞ্জল, চিত্রাকর্যক, অথচ গ্রামাতা-দোষের সংস্পর্শান্ত। তাঁহার ভাব নার্জিত. সংশ্বত, গান্তীর্ঘাসম্পন্ন, অথচ কোণাও একটা ভাগ নাই। বর্ত্তমান উপত্যাস্থানি প্রিয়া প্রীত হইলাম। ইহা ডিটেকটিভের গল্পের छोत्र को ठूंशलाकी शक। विल्ड कि. इंश्र একথানি ভিটেক্টিভেরই গল। তবে ভিটেক-টিভের গল্পে কেবল ঘটনারই বৈচিত্র্য থাকে; ইহাতে ঘটনাবৈচিত্ৰ্য ও খাছে. অথচ ভাৰদল্লিবেশও আচে।

বড় ছংখের বিষয় এই যে, একটু নিন্দা করিতেও হইতেছে! বাচুটীর বধুরা ঠাকুর- বিকে যে সম্পর্কবিরুদ্ধ ও কদর্যা তামাসা করিয়া থাকেন, তাহা আমরাও অবগত আছি। কিন্তু গ্রন্থকারের হাতে পড়িয়াও যদি ঠাকুরবিরা সংস্কৃত এবং মার্ক্তিত হইতে না পারেন, সে অপরাধ ঠাকুরবিদের নহে, গ্রন্থকারের নিজের। গড়ালিকাপ্রবাহের জন্মত গড়ালিকাই আছে, মাহ্ম কেন ? বড়বণুর কুংসিত তামাসার আমরা অহ্মের্রান করিতে পারি না। এতয়াতীত দামোদর-বাবুর এই পুস্তক যে ভালই হইয়াছে, তাহা পুর্নেই বলিয়াছি।

আমিত্বের প্রসার । শুরুষম গও।
কন্তচিং পরিবাজকন্ত। প্রীবহনাথ মজুমদার
এম্. এ বি এল্ কর্তৃত প্রকাশিত। মূল্য
৬০ বার আনা মাত্র।

পুতকথানির নাম 'জামিজের প্রসার'; কিন্তু ইহার প্রতিপাদ্য বিষয়, আমিজের ধ্বংস। বান্তবিকই আমি ও ভূমি এই বে ডেদক্ষান, ইহাই ত সংসারবন্ধন। এই ভেদজ্ঞান লোপের অর্থই মুক্তি। মাহ্যব বেদিন দর্বভূতে ভগবান্কে উপলব্ধি করিতে পারে, দেইদিনই তাহার কর্মবন্ধন ছিন্ন ও মুক্তিলাভ হয়। সমাজপদ্ধতিই সে পথ মুক্ত করিয়া রাখিয়াছে। আমরা সকলেই শৈশবে ও বাল্যে বড় স্বার্থপর, বড় আত্ম-সর্বার্থাকি। বিবাহ হইলেই পরের ভাবনা আসিয়া পড়ে, অর্থাৎ আমিত্বের সক্ষোচ হয়। সন্তানাদি হইলে আমিত্বটা আরও কমিয়া যায়। এইরূপে মাহ্যব উন্নত হইতে উন্নত-তর হয়। হারতি থাকিলে, শেষে আত্মাহ্য-দ্রান ও আত্মনিতা বিল্পু হইতেও পারে। তাহাই মুক্তি।

এই পুস্তকে সেই বিষয় আলোচিত হইয়াছে। পুস্তকথানির জন্ত যহবাবৃক্তে শ্ত
ধনাবাদ দিতেছি। সরল ভাষায় লিখিত দদ্যুক্তিপূর্ণ এমন গ্রন্থের আদর হওয়। সক্তথঃ
বাঞ্নায়।

পাক-প্রণালী।—সম্পৃথ জীবিপ্রদাস মুখোপাধাার প্রণাত। মূলা ২॥ আড়াই টাকা।

• মিফীয়-পাক।— প্রথম ও বিভীর
ভাগ। জীবিপ্রদাস মুখোপাধাার প্রণাত।
মূলা ১ এক টাকা।

আমরা ব্রাহ্মণজাতি—উদরের সহিত্ সম্পর্ক উ-বি আমাদের খুবই ঘনিন্ত, ইহা চির-প্রসিদ্ধ এবং সর্বজনবিদিত। অতএব এই পুত্তক-ছইথানির ভামারা শতমুথে প্রশংসা করিতেছি। পুত্তকের সঙ্গে বিপ্রদাসবাব্ ^{যদি} কিছু-কিছু নমুনা পাঠাইতেন, তাহা ইইলৈ সহস্রমুধে প্রশংসা করিতাম।

'मशित्वटक वित्रा महाकवि वनारेग्राह्म--"मजोजमाधः थन् धर्ममाधनम्।" मजीजजना

করিতে ইইলেই জীবধর্মান্থসারে আঁহারের প্রয়োজন হয়। আর এমন-সকল উপাদের আহার্য্য প্রস্তুত করিবার পদ্ধতি যে পুস্তকে বিবৃত ইইয়াছে, তাহাকে যদি আমরা ধর্ম-পুস্তক বলি, তাহা ইইলে, ভরদা করি, উৎকট ধর্মব্যবদায়ীরা আমাদের জাতি মরণ করিয়া আমাদিগকে মার্জনা করিবেন।

রংস্থ যাউক্। বাস্তবিকই পুতক-ছইথানি দেথিয়া আমরা বড়ই প্রীত হইয়াছি.। ইহাতে নানাবিধ আহার্য্য প্রস্তুত করিবার পদ্ধতি এমন সরলভাবে বিবৃত হইয়াছে যে, রন্ধনবিষয়ে কিছুমাত্র জ্ঞান যাহার আছে. সে-ই ইচ্ছানুসারে নানাবিধ উপাদের খাছ প্রস্তুত করিয়া নিজের ও বন্ধুবান্ধবের তৃপ্তি-সাধন করিতে পারিবে। দ্রব্যাদির গুণা-গুণ, উৎকৃষ্ট দ্রবা নিকাচনের উপায়, পাক-শালা, পাকপাত্র, উনান ও জাল সংখীয় ব্যবস্থা প্রভৃতি সন্নিবেশিত হওুয়ায় পুস্তক-ছুই-इइग्राष्ट्र । থানি স্কাঙ্গস্থন্র পুস্তকের অায়তন বিবেচনা করিলে মূল্যও কিছু অধিক নিদারিত হয় নাই। ভর্সা করি, পুত্তক-**হ্ইথানির আদর হ্ইবে—অম্ভত** উচিত।

রামদাস-গ্রন্থাবলী।—প্রথম ভাগ। ঐতিহাদিক রহস্য। ধরামদাস সেন প্রণীত। মূল্য ২১ হুই টাকা মাত্র।

ইতিপূর্বে রামদাগবাব্র প্রস্তরনির্দিত
মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া বহরমপুর তাহার গুণগ্রাহিতা ও ক্বতজ্ঞতার পরিচয় দিয়াছে।

এক্ষণে রামদাগবাব্র পুরেগণ স্বর্গীর পিতার
গ্রন্থাবদী প্রকাশ করিতে প্রব্ত হইয়া প্রকৃষ্ট
পিতৃভক্তির প্রিচয় দিতেছেন, এবং তৎসঙ্গে

দেশের ও দেশীর সাহিত্যের মহত্পকার সাধন করিতেছেন।

त्रामनामवावृत श्रष्टावनीत श्रे जेशारमत्र সংস্করণ তিন থতে শেষ হইবে। এই প্রথম খণ্ডে তিন ভাগ 'ঐতিহাসিক রহস্য' সন্ধি-বেশিত হইয়াছে। এই সকল প্রবন্ধের त्रहमा विक्रमवावृत अञ्चलाधकरमरे आतक रत्र, অনেকগুলি প্ৰবন্ধ 'বঙ্গদর্শনেই' প্রকাশিত হয়। এই সকল প্রবন্ধে কত যে ध्यम, यद्र, व्यशावमात्र, विष्णास्त्रांग, गटवरणा ও আন্তরিকতার প্রয়োজন হইয়াছে, তাহা मिनि वहे शह शार्थ ना कत्रियन, उाँशाक বুঝান ৰাইতে পারে না-মাসিকপত্রের পাঁচছত্র সমালোচনায় তাহা বুঝান যায় না। তবে, এ कथा धनिया निष्ठ भाता यात्र या, এই সকল প্রবন্ধ প্রকাশের পর যে কেহ ভারত-বর্ষের পুরাতত্ত্বের আলোচনা করিবেন, তাঁহা-কেই এ সকল প্রড়িতে—ভগু পড়িতে নহে, অধ্যয়ন করিতে—হইবে। নতুবা তাঁহার আলোচনা অঙ্গহীন ও অসম্পূর্ণ থাকিয়া बांटेर्द। देश वर्ष कम श्रानंशत कथा नरह। গ্রন্থ বৃহৎ; আকারের হিসাবে ইহার মূল্য ও अब-वानानीत यनि विश्वासूत्राग शारक, छाहा रहेल এहे, छेशाल अभुष्ठक य वहनश्रिमाल বিক্রীত হইবে, এরপ ভরদা করা যায়। তবে ছ:খ এই বে, বাঙ্গালীর বিদ্যাসুরাগ—প্রান্ত

আশ্বভিষের মতনই জিনিব। তথাপি রাম-দাসবাব যে নিজ্ঞগেই চিরত্মরণীয় হইবেন, তাহাতে সন্দেহ নাই।

মজার কথা।—শ্রীদীনেককুমার রায় প্রণীত। মৃশ্য ১।• পাঁচ সিকা।

বালকদিপের চিত্তবিনাদনোদিষ্ট 'Fairy Tales' নামধের অনেকগুলি পুস্তক ইংরেফ্রিন্ডে আছে—ইউরোপীর সকল ভাষাতেই
আছে। এই পুস্তকের গ্রন্থলি প্রধানত
এই সকল পুস্তক হইতে সকলিত। কেবল
ছইটি গল্ল—'মূর্থ পণ্ডিত'ও 'ভূতের বোঝা'—
কোন বৈদেশিক সাহিত্য হইতে গৃহীত নহে।
এই ছইটি আমাদের দেশেরই প্রচলিত গল্প
এবং এই পুস্তকের মধ্যে সর্কোৎকৃষ্ট, অর্থাৎ
স্ক্রাপেক্ষা আমোদজনক। দেশীয় এবং
বিদেশীয় জিনিয়ে প্রভেদ এইখানেই। যাহা
দেশীয়, তাহা আমাদের প্রকৃতির সঙ্গে
আগে হইতেই মিলিয়া বিল্লা থাকে; বাহা
বিদেশীয়, তাহাকে জোর করিয়া টানিয়া
মিলাইতে হয়।

পুত্তকথানির সম্বন্ধে বলিভেছি, ভাপ হইয়াছে, বেশ হইয়াছে। ইহা মুখ্যত বালকদিগের জ্ঞু লিখিত; কিন্ধু গুধু বালক কেন, বালকদিগের পিতামহ-মাতামহের। পর্যান্ত ইহা পড়িয়া আমোদিত ইইবেন —অন্তত আমরা হইয়াছি।

<u> ত্রীচক্রশেবীর মুখোপাধ্যার।</u>



প্রাম।

আমি বারে ভালবাদি দে ছিল এই গাঁরে,
বাঁকা পথের ডাহিন পাশে, ভাঙা ঘাটের বাঁরে।
কে জানে এই গ্রাম,
কে জানে এর নাম,
কেতের ধারে মাঠের পারে বনের খন ছারে!
গুধু সামার হৃদর জানে দে ছিল এই গাঁরে!

বেণুশাথার আড়াল দিয়ে চেয়ে আকাশপানে কত সাঁঝের চাঁদ-ওঠা সে দেখেছে এইখানে !

কত আধান্মাসে
ভিজে মাটর বাসে
বান্লা হাওয়া বরে গেছে তাদের কাঁচা ধানে।
সে সব ঘনঘটার দিনে সে ছিল এইখানে।

এই দীঘি, ঐ আমের বাগান, ঐ যে শিবালর, এই আভিনা ভাক্-নামে তার আনে পরিচয়।

এই পুকুরে তারি
গাঁতার-কাটা বারি;
বাটের পথ-রেখা তারি চরণ-বেথাময়!
এই গাঁবে দে ছিল কে দেই জানে পরিচুয়!

এই যাহারা কলস নিয়ে দাঁড়ায় ঘাটে আসি'
এরা সবাই দেখেছিল তারি মুখের হাসি।
কুশল পুছি তারে
দাঁড়াত তার ছারে
লাঙল কাঁধে চল্চে মাঠে ঐ যে প্রাচীন চাষী।
সে ছিল এই গাঁয়ে আমি যারে ভালবাসি।
পালের তরী কত যে যায় বহি' দখিন বায়ে,
দ্রপ্রবাসের পথিক এসে বসে বকুলছায়ে,
পারের যাত্রিদলে
খেয়ার ঘাটে চলে,
কৈউ গো চেয়ে দেখে না ঐ ভাঙাঘাটের বাঁয়ে !
আমি যারে ভালবাসি সে ছিল এই গায়ে!

ভরত।

উল্লেখ করিয়া রাজা দশরথ কৈক্ষীকে বলিয়াছিলেন—"রামাদপি হি তং মত্যে ধর্মতো বলবন্তরম্।" ভরতের চরিত্র তিনি বিলক্ষণরূপ অবগত ছিলেন, তথাপি রাম বনগমন করিলে তাঁহাকে ত্যাকা পুরু ও चीत्र अर्फरेमहिक कार्र्यात्र अव्वाशा विषत्रा এমন নিৰ্ফোগ -- ভথ निर्फम क्रबन । निर्क्षाय विवादन ठिक रव ना, একমাত্র আদর্শচরিত্র ভাগ্যে যে কি বিড়ম্বনা ঘটি থাছিল, তাহা আলোচনা করিলে আমরা ছ:খিত হই। পিতা তাঁহাকে অস্থায়ভাবে ত্যাগ করিলেন, এমন কি তাঁহাকে আনিবার জন্ম যে সকল কেকররাজ্যে

ভাহারাও অযোধ্যার কুশলসন্ধনীয় প্রশ্নের উত্তরে যেন ঈবং ক্রুর ব্যঙ্গসহকারে বলিয়াছিল—"কুশলান্তে মহাবাহো যেবাং কুশলঃ মিছ্লি"—আপনি যাহাদের কুশল ইছাকরেন, তাঁহারা কুশলে আছেন। অর্থাং ভরত যেন দশরথ-রাম-লক্ষণ প্রভৃতির কুশল বান্তবিক চান না—ভিনি কৈক্ষী ও সম্বার কুশলই শুধু প্রার্থনা করেন। রামবন-বান্যোপলকে অযোধ্যার রাজগৃহে যে ভয়ানক বাগ্বিতগু উপস্থিত হইয়াছিল, তাহার মধ্যেও প্রত্কবার এই নির্দোব রাজকুমারের প্রতি অন্তার কটাক্ষপাত ইইয়াছে। এই সাধু ব্যক্তি নিতান্ত আত্মীরগণের নিকট হইতেও অভি অন্তার গাছনা প্রার্থ হইয়া-

ছেন। রামচক্র ভরতকে এত ভালবাসিতেন যে, "মম প্রাণৈ: প্রিয়তর:" বলিয়া তিনি বারংবার ভরতের উল্লেখ করিয়াছেন। কৌশল্যাকে রাম বলিয়াছিলেন—"ধর্মপ্রাণ ভরতের কথা মনে করিয়া তোমাকে অযোধ্যার রাখিয়া যাইতে আমার কোন চিন্তার কারণ নাই।" অথচ সেই রামচন্দ্রও ভরতের প্রতি ছই একটি সন্দেহের বাণ নিকেপ না করিয়াছেন. এমন নহে। তিনি সীতার নিকট বলিয়া-ছিলেন, "তুমি ভরতের নিকট আমার প্রশংসা করিও না—ঋরিযুক্ত পুরুষেরা পরের প্রশংসা क्षितिए जानवारम् ना।" এই मरम्रहत्र মার্জনা নাই। পিতা দশর্থ রামাভিষেকের উল্লেখ্যের সময় ভরতকে সন্দেহের চকে দেখিয়াছিলেন, রামকে তিনি আহ্বান করিয়া আনিয়া বলিচাছিলেন, "ভরত মাতৃলালয়ে থাকিতে থাকিতেই তোমার অভিযেক সম্পন্ন इटेबा गांब, हेशहे आमात हेक्का ; कातन यनि अ ভরত ধার্মিক ও ভোমার অমুগত, তথাপি মহুয়ের মন বিচলিত হইতে কতকণ!" ইফাকুবংশের চিরাগতপ্রথামুসারে সিংহাসন কোষ্ঠ লাভারই প্রাপ্য. এমত ধার্মিকাগ্রগণ্য ভরতের প্রতি এই সন্দেহের মার্জনা নাই। রাম ভরতের চরিত্রমাহাত্রা এত ব্রিলেন, তথাপি বনবাসাত্তে ভর্মাজা-वम इट्रेंट रसमानक उत्राउद भाठाहेबा विलया मिटनन - "आमात গ্মনসংবাদ ওনিরা ভরতের মুধে কোন বিকৃতি হয় কি না, তাহা ভাল করিয়া লক্ষ্য করিও।" এই সন্দেহও একান্ত অমার্কনীয়। জগতে অনপরাধীর দও অনেকবার হইয়াছে, কিন্তু ভরতের মত আদর্শধার্শিকের প্রতি এইরূপ দত্তের দৃষ্টাস্ত বিরল। লক্ষণ বারংবার "ভরতশ্র বধে দোষং নাহং পশ্রামি রাঘব" বলিয়া আকালন করিয়াছেন, অথচ সেই ভরত অশুরুদ্ধকঠে লক্ষণের কথা বলিয়াছেন — "সিকার্থ: খলু সৌমিত্রির্যন্দক্রবিমলোপমম। মুখং পশুতি রামশু রাজীবাক্ষং মহাত্যতিম্।" প্রকৃতিপুঞ্জের ভরতের প্রতি বিষিষ্ট হওয়ার किছू कात्रण अवशह विश्वमान हिल। বড় ষড়্যস্ত্রটা হইয়া গেল, ভরতের ইহাতে কি পরোকে কোনরপই অমুমোদন ছিল না ? মাতৃল যুধাজিতের সঙ্গে পরামর্শ করিয়া ভরত य पृत हटेट अञ्चलना कतिया देकक्षीएकं নাচাইয়া তোলেন নাই, তাহার প্রমাণ কি ৮ এই সন্দেহের আশকা করিয়া ভরত বিসংজ্ঞ অবস্থায় কৈক্ষীকে বলিয়াছিলেন - "यथन অযোধ্যার প্রকৃতিপুত্র রুদ্ধকঠে সজলনেত্রে আমার দিকে তাকাইবে, আমি তাহা সঞ্ করিতে পারিব না।" কৌশলা ভরতকে ভাকিয়া আনিয়া কটুবাক্য বলিতে লাগি-লেন, সেই সকল বাক্যে ত্রণে স্চিকা বিদ্ধ করিলে যেরূপ কষ্ট হয়, ভরতকে দেইরূপ (यमनां मिश्राहिन। रेमवहरक পड़िया এই দেবভুলাচরিত্র বিশ্বের সকলের সন্দেহের ভাজন হইয়া লাঞ্চিত হইয়াছিলেন। রামচক্রতেক ফিরাইয়া আনিবার জন্ম বিপুক বাহিনী সঙ্গে যথন অগ্রসর ইইতেছিলেন, নিষাদাধিপতি গুহক তথন তাঁহাকে রামের অনিষ্টকামনায় ধাবিত মনে করিয়া পথে লগুড় ধারণপূর্কক দাড়াইয়া ছিলেন, এমন কি ভরদান্ত ঋরি পর্যান্ত তাঁহাকে ভরের চকে দেখিয়া জিজ্ঞাদা করিয়াছিলেন—"আপনি সেই নিশাপ রাজপুত্রের প্রতি কোন পাপ অভিপ্রার বহন করিয়া ত বাইতেছেন না ?"
প্রত্যেকের নিকট কৈন্দিয়ৎ দিতে দিতে
ভরতের প্রাণ ওঠাগত হইতেছিল। ভরত
কৈকরীকে "মাতৃরপে মমামিত্রে" বলিয়া
সংখাধন করিয়াছিলেন—বাস্তবিকই কৈকরী
মাতারূপে তাঁহার মহাশক্রস্বরূপ হইয়া
দাড়াইয়াছিলেন—বিশ্বময় এই যে সন্দেহচক্র বিষবাণ ভরতের উপর পতিত হইতেছিল, তাহার মূল কৈকয়ী।

কিন্ত ঘটনাবলী হতই জটলভাব ধারণ করুক না কেন, ভরতের অপূর্ব ভাতৃষ্ণেহ সমস্ত জটি**নতাকে সহজ করিয়া তুলি**য়াছিল। রামকে আমরা নানা অবস্থায় সুখী হইতে দেবিয়াছি। যথন চিত্রকৃটের প্রেভাল-নিভ এবং কচিৎ ক্ষয়িতপ্রস্তরপ্রান্ত অধিতা-কার বিলম্বিত শৈলশুক এবং বিচিত্র পূপ্প-সভারের প্রতি লক্ষা করিয়া রাম সীতাকে বলিয়াছিলেন, "এই স্থানে তোমার সঙ্গে বিচরণ করিয়া আমি অগোধারে রাজপদ অকিঞ্চিংকর মনে করিতেছি," তথন দম্পতির নির্মাণ আনক্ষর চিত্র আমাদের वर्ड ख्यात ७ ज्थिथा मत्न इहेगाहा। त्रामहत्त्वत्र व्याकां कथन स्मयाब्हन, कंथन প্রদান। ক্রিব্র ভরতের চির্বিষঃ চিত্রটি মর্মান্তিক করণার যোগা। রামকে বধন ভরত দিরাইয়া লইতে আনেন, তখন তাঁহার জটিল, রুশ ও বিবর্ণ মূর্ট্টি দেখিয়া উঠিয়াছিলেন. রামচক্র চমকিয়া करहे উাহাকে চিনিতে পারিয়াছিলেন।

ভ্রতের চিত্র প্রদর্শন ব্রিবার অভি-প্রায়ে কবিশুক বখন সর্বপ্রথম ববনিকা উড্যোলুন করেন, তখনই ঠোহার মূর্দ্তি

বিষয়তাপূর্ণ। এইমাত্র হঃস্বন্ন দেখিয়া তিনি প্রাত:কালে উঠিয়াছেন, নর্তকীগণ তাঁহার धारमात्मत्र क्रम मण्डा क्रिएएह, স্থাগণ ব্যগ্রভাবে কুশল জিজ্ঞাসা করিতে-ছেন, ভরতের চিত্ত ভারাক্রাস্ত, মুখখানি জীহীন। অঘোধ্যার বিষম বিপদের পূর্বা-ভাস যেন তাঁহার মন অধিকার করিয়া রহিয়াছে, তিনি কোনরূপেই স্বস্থ ২ইতে পারিতেছেন না।, এই সময়ে তাঁহাকে नहेबा याहेवात ज्ञ अत्याशा हहेत्छ पृछ আসিল। ব্যগ্রকঠে ভরত দুতগণকে অযো-ধ্যার প্রভেকের কুশল জিজ্ঞাসা করিলেন, দৃতগণ দার্থবাঞ্চক উত্তরে বলিল-"কুল-লান্তে মহাবাহে। যেষাং কুশলমিচ্ছদি।" কিন্তু গতরাত্রের হঃস্থপ্ন ও দুত্রগণের ব্যগ্রতা তাহার নিকট একটা সমস্তার মত মনে হইল। এই হুই ঘটনা তিনি একটি ছল্চিস্তার স্ত্রে গাঁথিয়া একান্ত বিমর্গ ইইলেন—"বভূব হস্ত হৃদয়ে চিন্তা স্থমহতী তদা। ছর্মা চাপি দুতানাং স্বপ্নভাপি চ দুখনাং।"

বহু দেশ, নদনদী ও কাস্তার অতিক্রম করিয়া ভরত দূর হইতে অযোধাার চিরভামল তরুরাজি দেখিতে পাইলেন এবং
আত্তরিতকঠে সার্থিকে জিজ্ঞাসা করিলেন
—"এ যে অযোধাার মত বোধ ইয় না,
নগরীর সেই চিরক্রত তুমুল শক্ষ শুনিতেছি
না কেন? বেদপাঠনিরত বাদ্ধণের কঠধ্বনি ও কার্যলোতে প্রবাহিত নরনারীর
বিপুল হলহলাশক একাস্তরূপে নিক্তর। যে
প্রমোদোগ্রানসমূহে রম্ণী ও পুরুষগণ এক্তর্
বিচরণ করিত, তাহা আজ্ব পরিত্যক।
রাদ্ধণহা চন্দন ও জলনিবেকে পরিত্র ইয়

নাই। রথ, অখ, হত্তী, রাজপথে কিছুই নাই। অসংযত কবাট ও জীহীন রাজপুরী যেন ব্যক্ত করিতেছে, এ ত অবোধ্যা নহে, এ যেন অবোধ্যার অরণ্য।"

প্রকৃতই অযোধ্যার ত্রী অন্তর্হিত হই-চাদের হাট ভাঙিগ গিয়াছে। शर्फ । ত্রিলোকবিশতকীর্তি মহারাজ দশর্থ প্ত-**লোকে প্রাণত্যাগ করিয়াছেন**; স্পতিষেক-मक्ष शासादखानामाञ्च त्यावे तामक्मात বিধিশাপে অভিশপ্ত হইয়া পাগলের বেশে বনে গিয়াছেন; বলয়কস্কণকেয়ুর স্থীগণকে दिनाहेश मित्रा व्यथाधात्र ताक्षवय् भागनिनी-বেশে স্বামিসঙ্গিনী হইয়াছেন; বাঁহার আয়ত এবং সুবৃত্ত বাহ্ছয় অঙ্গদ প্রভৃতি স্ক্র **इवन धातरनत रमागा—"त्नहे स्वर्नम्हिन"** লক্ষণ ভ্রাতাও বধুর পদাক অনুসরণ করিয়া-ছেন। অযোধ্যার গৃহে গৃহে এই তিন দেবতার জন্ম করুণ ক্রন্দনের উৎসব চলিতেছে। বিপণী বন্ধ, রাজপুপ পরিত্যক। স্থায় সভাই বলিয়াছিলেন, সমস্ত অবোধ্যানগরী বেন পুত্রীনা কৌশলার দশা প্রাপ্ত হইয়াছে।

অথচ ভরত এ সকল কিছুই জানেন না।
তিনি মৌন প্রতিহারীদিগের প্রণাম গ্রহণ
করিয়া উৎকলিতিচিত্তে পিতার প্রকোঠে
গেলেন, সেখানে তাঁহাকে দেখিতে পাইলেন
না। রাজা ভবতি ভূরিষ্টমিহাম্বায়া নিবেশনে।
কৈক্যীর গৃহে রাজা অনেক্সময় থাকেন,—
পিতাকে খুঁজিতে ভরত মাতার গৃহে প্রবেশ
করিলেন।

সভোবিধবা কৈকরী আনন্দে কুলা, পতি-ঘাতিনী পুত্রের ভাবী অভিবেকব্যাপারের আর্নন্দের চিত্র মনে মনে অভিত করিয়া সুধী

ভরতকে পাইয়া তিনি হইতেছিলেন। নিতান্ত হুটা হইলেন। ভরত পিতার কথা জিজ্ঞাসা করাতে তিনি বলিলেন—"যা গ্রি: সর্বভূতানাং তাং গতিং তে পিতা গত:।" এই সংবাদে পরগুচ্ছির বস্তুরক্ষের ভাষ ভরত ভুলুটিত हरेबा পডिल्ना। **'ক স পাণি: সুখম্পর্শস্তাত্তাক্লিষ্টকর্মণঃ'**— অক্লিষ্টকর্মা পিতার হাত্তর স্থাধের স্পর্শ কোথায় পাইব ?"--বলিয়া ভরত কাদিতে লাগিলেন। রাজহীন রাজশ্যা তাঁহার নিকট চন্দ্রহীন আকাশের মত. . বোধ इहेन। जिनि किकशीरक वनिरनेन, "इाम কোথায় আছেন ৫ এখন পিতার অভাবে যিনি আমার পিতা, যিনি আমার বন্ধু, আমি থাহার দাস, -- সেই রামচক্রকে দেখিবার জন্ত আমার প্রাণ ব্যাকুল হইতেছে।" রাম, ক্স্মণ ও সীতা নির্বাসিত হইয়াছেন ক্রিয়া ভরত কণকাল শুম্ভিত ইইয়া রহিলেন, ভ্রাতার চরিত্রসংক্ষে আশকা করিয়া তিনি বলিলেন. — 'রাম কি কোন ব্রান্ধণের ধন অপহরণ করিয়াছেন, তিনি কি দরিদ্রদিগকে পীড়ন করিয়াছেন, কিংবা প্রদারে আসক্ত হুইয়াছেন — वैहे निक्शिमनम् ७ (कन हरेन १ किक्यी বলিলেন—"রাম এ সকল কিছুই খরেন নাই।" শেষোক্ত প্রপ্রের উত্তরে তিনি বলিলেন—"ন রাম: পরদারান স চকুর্জ্যামপি পর্ভতি।" শেষে ভরতের উন্নতি ও রাজন্রী কামনান্ত কৈক্ষী যে সকল কাও করিয়াছেন, তাহা বলিয়া পুত্রের গ্রীতি উৎপাদনের প্রতীকার তাঁহার মুখের দিকে চাহিলেন।

নিবিড় মেঘমগুল যেন আকাশ আছর করিয়া ফেলির। ধর্মপ্রাণ বিধন্তু ভ্রাতা

এই হঃসহ সংবাদের মর্ম কণকাল গ্রহণ করিতে সমর্থ হন নাই। তিনি মাতাকে যে ভংগনা করিলেন, তাহা তাঁহার মহা-ছুৰ্গতি স্মরণ করিয়া আমরা সম্পূর্ণরূপে সম-রোপযোগী মনে করি। "তুমি ধাশ্মিকবর অশপতির কন্তা নহ, তাঁহার বংশে রাক্ষ্মী। তুমি আমার ধর্ম্মবংসল পিতাকে বিনাশ করিয়াছ, ভ্রাতাদিগকে পথের ভিথারী করিয়াছ, তুমি নরকে গমন কর।" যথন কাতরকঠে ভরত এই সকল কথা বলিতে-ছिলেন, उथन अभन्न शृह इट्टेंड कोनना স্বৰিত্ৰাকে বলিলেন—"ভরতের ভনা ষাইতেছে, দে আদিয়াছে, তাহাকে আমার নিকট ডাকিয়া আন।" কুশাসী স্থমিত্রা ভরতকে ডাকিয়া আনিলে কৌশল্যা বলিলেন, "তোমার মাতা ভোমাকে লইয়া নিছ-টকে রাজাভোগ করুন, তুমি আমাকে রামের নিকট পাঠাইয়া॰ দেও।" এই কট্রিনতে মর্শ্ববিদ্ধ ভরত কৌশল্যার নিকট অনেক শপথ করিলেন; তিনি এই ব্যাপারের বিশ্বিদর্গও জানিতেন না,—বছপ্রকারে এই कथा कानाइएक एक्ट्री कविता निमाकन শোক ও লজায় অভিভূত ভরত নিঞ্রৈর প্রতি অজ্ঞ অভিসম্পাতবৃষ্টি করিতে লাগি-লেন। বলিতে বলিতে শোকে মুহুমান হইয়া তিনি অঁজান হইয়া পড়িয়া গেলেন। করুণামরী অস্বা কৌশল্যা ধর্মভীরু কুমারের মনের অবস্থা বুৰিতে পারিলেন,—তাঁহাকে ব্ৰুকে লইয়া কাঁদিতে লাগিলেন।

ভরতের শোক এবং ওদাসীন্ত ক্রমেই যেন বাড়িয়া চলিল। খাশানঘাটে মৃত পিতার কঠলগ্ন হইরা কাঁদিতে কাঁদিতে বলিলেন, "পিত, আপনি প্রিয় পুত্রবন্ধকে বনে পাঠাইয়া নিজে কোথায় যাইতেছেন ?" অঞ্পূর্ণকাতরদৃষ্টি রাজকুমারকে বশিষ্ঠ তাড়না করিতে করিতে পিতার উর্জদৈহিক কার্য্য সম্পাদনে প্রবুভ করাইলেন, শোক-বিহ্নলতায় ভরত নিজে একেবারে চেটাশৃস্ক হইয়া পড়িয়াছিলেন।

প্রাতে বন্দিগণ ভরতের স্তবগান আরম্ভ করিল, ভরত পাগলের স্থায় ছুটিনা তাহাদিগকে নিষেধ করিয়া দিলেন। "ইক্ষাক্ৰংশের প্রথামূসারে সিংহাসন জ্যেষ্ঠ রাজকুমারের প্রাণা, তোমরা কাহার বন্দনাগীতি গাহিতেছ ?" রাজমূত্যুর চতুদ্দশ দিবসে
বশিষ্ঠপ্রমুখ সচিবতৃন্দ ভরতকে রাজ্যভার
প্রহণ করিতে অমুরোধ করিলেন। ভরত
বলিলেন—"রামচক্র রাজা হইবেন, অযোধার
সমস্ত প্রজামগুলী লইয়া আমি তাঁহার পা
ধরিয়া সাধিয়া আনিব, নতুবা চতুদ্দশ
বংসরের জন্ত আমিও বনবাসী হইব।"

শক্রম মছরাকে মারিতে গেলেন এবং কৈক্যীকে ভর্জন করিরা অমুসরণ করিলে, ক্ষমার অবতার ভরত তাঁহাকে নিষেধ করিলেন।

সমস্ত অবোধ্যাবাসী রামচক্রকে ফিবাইয়া আনিতে ছুটিল। পুসবেরপুরীতে গুহকের সীক্ষ জরতের সাক্ষাংকার হইল। ভরতকে গুহক প্রথমে সন্দেহ করিয়াছিল, কিন্তু ভরতের মুখ দেখিরা তাঁহার হৃদরের ভাব বুঝিতে বিশ্ব হইল না। ইকুদীমূলে, তৃণপ্র্যার রাম গুধু একটু জলপান করিয়া রাজিবাপন করিয়াছিলেন, সেই তৃণপ্র্যা রাম্বের বিশালবাহপীড়নে নিম্পেষ্টিত হইয়াছিল, সীতার উত্তরীয়প্রকিপ্ত **স্বর্ণ**বিন্দু তৃণের উপর দৃষ্ট হইতেছিল, এই দুখা দেখিতে দেখিতে ভরত মৌনী হইয়া দাঁডাইয়া রহিলেন, গুহক কথা বলিতেছিলেন, ভরত ভানিতে পান নাই। ভরতকে সংজ্ঞাশুরু দেখিয়া শক্রম তাঁহাকে আলিকন করিয়া কাদিতে লাগিলেন,--রাণীগণ এবং সচিব-বন্দের শোক উচ্ছসিত হইয়া উঠিল। বছযত্ত্বে ভরত জ্ঞানলাভ করিয়া গ্লান্সনেতে বলিলেন, "এই নাকি তাঁহার শ্যা,-ষিনি আকাশ-স্পশী রাজপ্রাসাদে চির্দিন বাস করিতে শ্বভার্ত্ত, বাঁহার গৃহ পুশমালা, চিত্র ও চকনে চিরামুর্ঞ্জিত, যে গৃহশেখর নৃত্যশীল গুক ও ষ্টুরের বিহারভূমি, 9 গীতবাদিত্রশঙ্গে নিতামুখরিত ও যাহার কাঞ্চনভিত্তিসমূহ কারুকার্য্যের আদর্শ, সেই গৃহপতি ধূলি-লুটিত হইয়া ইকুদীমূলে পড়িয়া ছিলেন, এ কথা স্বপ্নের স্থায় বোধ হয়, ইহা অবিখাস। আমি কোন মুখে রাজপরিছদ পরিধান করিব, ভোগবিলাদের দ্রবো আমার কাজ नारे, आमि आक श्रेटि कठावकन भतिया ভূতবে শরন করিব ও ফলমূলাহার করিয়া कीरनशायन कवित ।"

এবার জ্টাব্দলপরিছিত শোক্বিম্চ্ রাজ্কুমার ভর্ষাজমূনির আশ্রমে যাইরা রামচক্রের অস্পদান করিয়াছিলেন। এই সর্ক্তির ধবিও প্রথমত সন্দেহ করিয়া ভরতের মনঃপীড়া দিয়াছিলেন। একরাত্রি ভর্ষাক্রের আশ্রমে অতিধাগ্রহণ করিয়া মুনির নির্দ্দেশাহসারে রাজকুমার চিত্রক্টাভিম্থে রওনা ইইলেন। ভর্ষাজ ভরতের শিবিরে আগ্রমন ক্রিয়া রাণীদিগকে চিনিডে চাছিলেন— ভরত এইভাবে মাতাদিগের পরিচয় দিলেন, "ভগবন, ঐ যে শোক এবং অনশনে শীণ-দেহা সৌমামৃত্তি দেবতার স্থায় দেখিতেছেন, ইনিই আমার অগ্রন্থ রামচন্ত্রের মাতা, উঁহার বামবাহ আশ্রয় করিয়া বিমনা অবস্থায় যিনি দাড়াইয়া আছেন, বনাস্তরে ওমপুষ্প কর্ণি-কারতকর ভায় শীর্ণাঙ্গী—ইনি লক্ষণ ও শক্রয়ের জননী স্থমিতা। আর তাঁহার পার্যে যিনি, তিনি অযোধ্যার রাজ্ঞ্সীকৈ বিদায় করিয়া আসিয়াছেন, তিনি পতি-चािजनी ও সমস্ত অনর্থের মূল, বুথা প্রজ্ঞা-मानिनी ও রাজাকামুকা-এই ছুর্ভাগ্যের মাতা।" বলিতে বলিতে ভরতের ছইটি চকু অঞ্পূর্ণ হইরা আদিল এবং কুর দর্পের ভায় একবার জলভরা চকে মাতার প্রতি দৃষ্টিপাত করিলেন।

চিত্রক্টের সমিহিত হইয়া ভরত জননী-বৃন্দ ও সচিবসমূহে পরিবৃত ইইয়া রথ ত্যাগ করিয়া পদত্রকে অগ্রসর হইতে লাগিলেন।

তথন রমণীর চিত্রকৃটে অর্ক ও কেতকী
পুল ফুটিরা উঠিয়াছিল, আয় ও লোঞ্জ দল পক
চইয়া লাখাতো ছলিতেছিল। কিত্রকৃটের
কোন অংশ কতবিক্ষত প্রন্তররাজিতে ধুসর,
নিম্ন অধিত্যকাভূমি পুলসন্তারে প্রমোদউত্থানের ভার স্কলর, কোথাও পর্বতগাত্র
হইতে একটিমাত্র শৈশপৃঙ্গ উর্দ্ধে উঠিয়া
আকাশ চুম্বন করিয়া আছে—অদ্রে মলাকিনী,—কোথাও পুলিনশালিনী, কোথাও
জলরাশির কীণরেখা নীল তক্ররেখার প্রান্তের
বিলীয়মান। তর্ত্বরাজি স্থলরীর পরিত্যক্ত
বল্রের ভার বায়ুকর্তৃক ঘন আন্দোলিত
হইতেছিল, কোথার পার্কত্য ফ্লরাশি স্রোতো-

বেগে ভাসিয়া যাইতেছিল। এই দৃশু দেখিতে দেখিতে রামচক্র দীতাকে বলিলেন —"রাজ্যনাশ ও স্ক্রন্থিরহ আমার দৃষ্টির কোন বাধা জন্মাইতেছে না, আমি এই পার্বভা দৃশ্যানবলীর নির্মাণ আনন্দ সম্পূর্ণরূপে উপভোগ করিতে পারিতেছি।"

এই কথা শেষ না হইতে হইতে সহসা विभूत नास्त नजः आदम् वाकृतिक रहेशा डिकिन, দৈলরেপুতে দিমাওল আচ্ছন্ন হইল, তুমুল भटन প্রপক্ষী চতুর্দিকে প্রাইতে লাগিল। রামচক্র সন্ত্রপ্ত হইয়া লক্ষণকে জিজাসা করিলেন, "দেখ, কোন রাজা বা রাজপুত্র মুগ্যার জন্ত এই বনে আসিয়াছেন কি? কিংবা কোন ভীষণ জন্তুর আগমনে এই সৌমানিকেতনের শাস্তি এভাবে বিশ্বিত হইতেছে ?" লক্ষণ দীর্ঘপুম্পিত সালরকের অত্যে উঠিয়া ইতন্তত দৃষ্টিপাত করিয়া পূর্ব-দিকে সৈক্তভ্ৰেণী দেখিতে পাইলেন এবং বলিলেন, 'অন্নি নির্মাণ করুন, সীতাকে গুহার মধ্যে লুকাইয়া রাধুন এবং অন্ত্রনন্ত্রাদি লইয়া প্রস্তুত হউন।" "কাহার সৈক্ত আসিতেছে, কিছু বুঝিতে পারিলে কি ?" এই প্রবের উত্তরে লক্ষণ বলিলেন, "অদূরে थे य विनान विवेशी एनशा याहेटलाइ, ऐहात्र পত্রাস্তরে ভরতের কোবিদারচিহ্রিত রথধ্যজ **मिथा गोरेटिंट,—अ**जितक প্राथ इहेबा পূর্ণমনোরথ হয় নাই, নিফটকে রাজাত্রী লাভ করিবার জন্ম ভরত আমাদিগের বধ-সুষরে অগ্রসর হইতেছে, আজ এই সম্প্ত অনর্থের মূল ভরতকে আমি বধ করিব।"

রামচক্র বলিলেন—"ভরত আমানিগতে ক্ষিরাইয়া লইরা ঘাইতে আসি্নাছে। সক্ল

অবস্থা অবগত হইয়া আমার প্রতি চিরুস্নেহ-পরায়ণ, আমার প্রাণ হইতে প্রিয় ভরত প্রসন্ন করিয়া স্বেহাক্রান্তহৃদয়ে পিতাকে আসিয়াছে, আমাদিগের উদ্দেশে তাহার প্রতি অন্তায সন্দেহ করিতেছ কেন্ ওরত কখন ত আমাদিগের কোন অপ্রিয় কার্য্য করে নাই, তুমি তাহার প্রতি কেন জুরবাকা প্রয়োগ করিতেছ ? যদি রাজালোভে এরপ করিয়া থাক, ভরতকে কহিয়া আমি নিশ্চয়ই তোমাকে দেওয়াইব। ধর্মণীল ভাতার এই কথা ভূনিয়া লক্ষণ লক্ষায় স্বভিচূতু হইয়া পড়িলেন।

কিছু পরেই ভরত মাসিয়া উপস্থিত इहेलन; अनमनकृष ७ लाक्त्र सौवस-মুর্ত্তি দেবোপম ভরত রামকে তৃণের উপর উপ্ৰিষ্ট দেখিয়া বালকের ফ্লাম্ম উচ্চকণ্ঠে কাঁদিতে লাগিলেন - "হেমছতা থাঁহার মন্তকের উপর শোভা পাইত, দেই রাজন্রী-উজ্জল শিরোদেশে আজ ভটাভার কেন ? আমার অগ্রজের দেহ চন্দন ও অগুরু হারা মার্জিত হইত, আজ সেই অঙ্গরাগবিরহিত কান্তি ধুলিগুসর। গিনি সমস্ত বিশ্বের প্রকৃতিপুঞ্জের আরাধনার বস্তু, তিনি বনে বনে ভিথারীর বেশে বেড়াইতেছেন.—আমার ক্টাই ভূমি धरे मकन करे दश्न कत्रिटाइ, धरे लाक-গহিত নৃশংস জীবনে ধিকু!" বলিতে বলিতে উচ্চস্বরে কাদিয়া ভরত রামচক্রের পাদমূলে নিপতিত হইলেন। এই ছই ভাগী মহা-शूक्ररवत मिलनमृश्च वक् करून। मुथ ಅकारेया शियाहिन, डाहात्र मार्थात्र অটাত্ট, দেহে চীরবাস, তিনি

হইরা অগ্রন্ধের পাদমূলে পুষ্ঠিত। রামচক্র বিবর্ণ ও ক্লণ ভরতকে কটে চিনিতে পারি-লেন, অতি আদরে হাত ধরিরা উঠাইরা মন্তকাঘাণপূর্বক অংক টানিয়া লইলেন, বলিলেন—"বংস, তোমার এ বেশ কেন, তোমার এ বেশে বনে আসা যোগ্য নহে।"

ভরত জোটের পাদতলে লুটাইয়া বলিলেন - "আমার জননী মহাবোর নরকে পতিত হইতেছেন, আপনি তাহাকে রকা করন, আমি আপনার ভাই,-আপনার শিধা,-मामाञ्चाम, व्यानात्र প্রতি প্রসন্ন হউন, ক্লাপনি রাজ্যে আদিয়া অভিধিক হউন।" বিভগ্ন চলিল—ভর্ড কথা, বহু বলিলেন, "আমি চতুদশবংগর বনবাগা रहेत, a अिक्षा जिलानन सामात कर्तता।" কোনরূপে রামকে আনিতে না পারিয়া ভরত অনশনপ্রত ধারণ করিয়া কুটারখারে जृत्वि उ रहेवा পड़िया दिश्लन। এই অবস্থার সান্তর উঠাইরা নিজের পাছকা क्रिट्नम । তাহাকে প্রদান **ভ**টা ভার শোভাৰিত করিরা ভাতৃপাদরকে বিভূষিত পাহক। ঠাহার মুকুটের স্থানীর হইল। সহত্র च्वःन त्व त्वाञा निष्ठ व्यवसर्व, এই পাছका मिरे चतुर्स दावञ्जी कत्र उटक श्रामान कतिन। ভরত বিনারকালে বলিলেন, "রাজাভার এই পাহকার নিবেদন করিয়া চতুর্দশবংসর তোমার প্রতীকার থাকিব, সেই সময়াত্তে ত্মি ন। আসিলে অগ্নিতে জীবন বিসৰ্জন क्तिर।" आरंगधात निक्रित्वी इहेना छत्र विश्वन, "अर्याशा जांत्र अर्याशा नारे, जामि এই সিংহহীন গুহার আবেশ করিতে পারিব ता।" निक्यारम त्रामधानी अधिष्ठि इरेन, উহা রাজধানী নহে— ঋষির আশ্রম। সঁচিববৃন্দ জটাবজ্বপরিহিত ক্লম্লাহারী—রাজার পার্দে কি বলিয়া মহার্থ পরিছেদ পরিয়া বসিবেন, তাঁহারা সকলে কাষায়বস্ত্র পরিতে আরম্ভ করিলেন। সেই কাষায়বস্ত্রপরিহিত সচিববৃন্দে পরিবৃত, ব্রভ ও মনশনে ক্লশাঙ্গ, ভ্যাণী রাজকুমার পাছকার উপর ছত্র ধরিয়া চতুর্দ্দবংসর রাজ্যপালন করিয়াছিলেন।

ভরতের এই বিষণ্ধ মৃত্রিখানি রামের চিত্তে শেলের মত বিদ্ধ হইয়া ছিল। বখন সীতাকে হারাইয়া তিনি উন্মন্তবেশে পুল্পা-তীরে ঘুরিতেছিলেন, তখন বলিয়াছিলেন—"এই পম্পাকীরের রমণীর দৃগ্রাবলি সীতার বিরহে ও ভরতের তঃখ মরণ করিয়া আমার রমণীর বোধ হইতেছে না।" আর একদিন লক্ষার রামচন্দ্র স্থাবিকে বলিয়াছিলেন, "বন্ধু, ভরতের মত ভাতা জগতে কোথার পাইবে ?"

রামচক্র গৃহে প্রভাগত হইলে ভরত বরং তাঁহার পদে সেই পাছকাছর পরাইয়া রতার্থ হইলেন এবং রামের পদে প্রণাম করিয়া বলিলেন, "দেব, তুমি যে অযোগ্য করে রাজ্যভার ভঙ করিয়াছিলে, তাহা গ্রহণ কর । আমি তোমার রাজ্য বন্ধপূর্বক রক্ষা করিয়াছি, রাজকোহে যে অর্থ সঞ্জিত ছিল, এই চতুর্দশবৎসরে তাহা দশগুণ বেশী হইয়াছে।"

রামায়ণে যদি কোন চরিত্র ঠিক আদর্শ বলিরা গ্রহণ করা থার, তবে তাহা একমাত্র ভরতের চরিত্র। সীতা লন্ধণকে যে কট্টুক করিয়াছিলেন, তাহা ক্ষমার্হ নহে। রামচন্দ্রের বালিবধ ইত্যাদি অনেক কার্যাই সমর্থন করা বার না। শক্ষণের কথা অনেকসময় অতি কক্ষ ও ছবিনীত হইয়াছে। কৌশলা দশরথকে বলিয়াছিলেন, "কোন কোন জলজ্জ যেরূপ স্বীয় সস্তানকে ভক্ষণ করে,
তৃমিও সেইরূপ করিয়াছ।" কিন্তু ভরতের চরিত্রে কোন খুঁত নাই। পাছকার উপর হেমছ্ত্রধর জটাবকলধারী এই রাজর্ধির চিত্র রামারণে এক অবিতীয় সৌন্দর্যাপাত করিতেছে। দশরথ সত্যই বলিয়াছিলেন—"রামান্দ্র্পি হি তং মন্তে ধ্রতো বলবত্তর্ম্।"

কৈকরীর সহস্রদোষ **আমরা ক্ষমার্ছ মনে** করি, যথন মনে হর, তিনি এরূপ স্থপুত্রের গর্ভধারিনী। আমরা নিষাদাধিপতি **শুহকের** সঙ্গে একবাকো বলিতে পারি—

"ধন্যবং ন ছয়া তুলাং পশুর্মি কগতীতলে। অবজাদাগতং রাজ্যং ববং ত্যক্তমিকেচ্ছদি।"

অবদাগত রাজা তুমি প্রত্যাধ্যান করিতে ইচ্ছা করিতেছ, তুমি ধন্ত, জগতে তোমার তুল্য কাহাকেও দেখা যায় না।

श्रीमीतमहस्य (मन।

মৃচ্ছকটিক।

শৃক্কটিকের রচনাকালসম্বন্ধে মতভেদ আছে।
কেহ বলেন যে, এই নাটকথানি অতি
প্রাচীন, অর্থাৎ কালিদাসের সময়ের বহপূর্থবর্ত্তী; আবার অন্তপকীয়েরা বলেন যে,
এই নাটকথানি শকুস্তলারচনার বহপরবর্তী
সময়ে রচিত। যথাসাধ্য এ বিষয়ের একটা
মীমাংসা ক্ররিতে চেষ্টা করিব।

রাজশেশর প্রভৃতি আধুনিক নাটককারদিগের পূর্ব্বসমরের যে সকল নাটক পাওরা
বার, তাহার মধ্যে কালিদাস, ভবভূতি, প্রীত্র্ব,
বিশাবদন্ত এবং ভট্টনারারণের গ্রন্থই প্রাচীন
এবং প্রধান। বাণভট্ট স্থকবি হউলেও,
তাহার পার্ব্বতীপরিণয় নাটক (সম্ভবত
ক্বির বালারচনা বলিয়া) কাব্য এবং
নাটাকৌশলের হিসাবে, এত অকিঞ্চিংকর
বে, সংস্কৃতসাহিত্যের আলোচনার উহার
উল্লেখ না করিলেও চলে। কালিদাস বছ

শতালীর কবি বলিয়াই অমুমিত হইতেছেন। এ বিষয়ে অনেক কথা লিথিয়াছি; তথাপি প্রাসন্ধিকভাবে আরও গুইচারিটি কথা বলিব। হুনেরা যে পঞ্চম শতাকীর পূর্বে ভারত-বর্ষে আগমন করে নাই, ইহার মধেষ্ট প্রমাণ পাওয়া याয়। কালিদাদের কাব্যে এই হুনদিগের কথা আছে, স্বতরাং ইনি বে পঞ্চম শতাকীর পূর্বসময়ের কবি নছেন, সে বিষয়ে (कर मत्मर करवन ना। 8·> इहेटल 8>& পর্যান্ত বিতীয় চক্রপ্তপ্ত বিক্রমানিতোর রাজ্য-কাল: কিন্তু ইহার সময়ে বে ছুনেরা আগমন करत नारे अवः हनिराध महिल युक्त स् ইহার সময়ের পরে, ভাহাও ভানিতে পারা যায়। ইহার পৌত্র **হন্দগুগু চুনদিগের** নিকট পরাজিত হইয়াছিলেন ; এবং হয় ত কুমারওও মহেন্দ্রাদিত্যের সময়েও হুনদিগের সহিত युक्त इहेबाहिल। ४३६ इहेट्ड ४६४ न्यांत

कूमात्र खरखंत त्रामचकान ; धदः ऋन खरखंत রাজ্য ৪৫৫ হইতে ৪৬৮ পর্যান্ত। বাঁহারা कानिनामटक थूर थाठीन कतिए । हाट्न. তাঁহারা তাঁহাকে এই যুগে, অর্থাৎ পঞ্চম শতান্দীর শেষভাগে আবিভূতি বলিয়া নির্দ্দেশ करतन। , এই अनुसारनत मुशक्क यांश वला हब, जाहा এই एव, क्रम खर्थ यंथन कवि अवः কাবাপ্রিয় ছিলেন, তথন হুনবুদ্ধের সম-সাময়িক কবি কালিদাদের তাঁহারই সভায় बाकिवात्र कथा। हन्न ७४, कुमात ७४ এवः कम ७४ डेड्डिमीएड वाक् क विरंडन ना : অবং মালবদেশ তথ্য তাঁহাদের শাস্মকর্ত্র-দিগের মারা শাসিত হইত। কিন্তু কালিদাস উজ্ঞাধিনীতে বসিয়া কবিতা লিখিতেন এবং তত্রতা মহাকালের উৎসবে স্বর্চিত নাটক অভিনয়ের জন্ত উপস্থাপিত করিতেন ; অতএব তাহাকে কবিপ্রিয় স্বন্দগুপ্রের সভাপণ্ডিত বলিতে পারি না। চক্রওপ্ত, কুমারওপ্ত व्यथवा क्रम खरबात ममरत खराता अधिता अधिनिधि-শাসিত মালবদেশে একজন খাবীন অবন্তিনাথ কদাপি বৰ্ণিত হইতে পারিতেন না। পৌরাণিক আখ্যায়িকার ক্ৰমবিকাশ হইতে এ বিষয়ে একটি প্ৰমাণ দিতেছি। মহাভারতে মদনভক্মের গল নাই; রামায়ণে ঐ গল্প আছে বটে, কিন্তু সংক্রিপ্ত উল্লেখ হইতে সমুদার বিবরণ পাওয়া যায় না। প্রাণের গল্পে মদনের একটিমাত্র স্ত্রী, তিনি রতি। কালিদানের কাব্যেও এই কথা भाउमा गाम। किंद कूमांत्र खरा थान-ভবের সমতের ঐ পৌরাণিক গরটি যে ভাবে অচলিত হিল, ভাষাতে মননের চ্ইটি পদীর নাম পাই ; — রতি এবং গ্রীতি। কুনার ওপ্তের

মালবদেশের শাসনকতা বন্ধ্বশা পশ্চিমমালবের দশপুরের মন্দিরের প্রতিষ্ঠা এবং
সংস্কার উপলক্ষে ৪৭২ খৃষ্টাব্দে যে প্রস্তর্রলিপি
খোদিত করিয়াছিলেন, তাহাতে ছইটি নদী
ঘারা বেষ্টিত দশপুরনগরের বর্ণনায় লিখিত
হইয়াছে:—

যদ্ভাত্যভিরম্যসরিদ্ধরেন চপলোর্দ্রিণা সমুপগৃঢ়ন। রহদি কুচশালিনীভ্যাং প্রতিরতিভ্যাং ক্মরাঙ্গনিব ॥

অর্থ: —এই (দশপুর) নগর চঞ্চলতরক্ষশালী অতিরমণীয় নদীধ্য়ে আলিকিত হইয়া,
কুচশালিনী প্রীতি এবং রতি কর্তৃক নির্জনে
আলিকিত শ্রের মত শোভা পাইতেছে।

কালিদাদের সময়ের পুরাণ যে ইহার পরবর্ত্তী, তাহাতে সন্দেহ নাই। কারণ অন্তত্ত প্রদর্শিত হইয়াছে; এবং তদ্বারা কালিদাস যে ষষ্ঠ শতাকীর কবি. তাহাই দেখাইতে চেষ্টা করিয়াছি। এইব এবং বাণভট্ট যে সপ্তম শতাব্দীর কবি, তাহা রাজা হর্ষবদ্ধনের প্রস্তর্তিপি এবং বাণভট্টের হর্ষচরিত হইতেই প্রমাণিত। ঠিক সময়টি যথনই হউক, ভবভৃতিও এই যুগের কবি; এবং ইহাদের পরবর্তী হইলেও বিশাপদতত এই যুগের কবি। বেণীসংহারকর্তা ভট্ট-নারায়ণের একখানি দানলিপি পাঁওয়া যায়, मिथानि ৮৪॰ थृष्टीरमत । (य यूग काविनाम হইতে ভটুনারায়ণ পর্যস্ত প্রসারিত, তাহারই মধ্যে ভারবি, স্থবৰু, ধাবক, ভর্তৃহরি প্রভৃতি कविशालत अञ्चामत्र। मृष्ट्किंक रव এই আলমারিক সাহিত্যযুগের মধ্যে রচিত লা হইয়া বহুপুৰ্বের রচিত হইয়াছিল, তাহা বিশাস করিতে হইলে দৃঢ় প্রমাণের প্রবোজন গুপুরাজগণের রাজত্বালো द्य ।

আলমারিক সাহিত্যের যথেষ্ট ক্রিলাভ হইরাছিল, তাহা তাৎকালিক প্রস্তরনিপি পড়িয়াও বৃঝিতে পারা যায়। হইতে পারে বে, মৃদ্ধকটিক অতি প্রাচীন না হইলেও, কালিদাসাদির পূর্বে ৪র্থ বা ৫ম শতান্দীতে রচিত হইয়াছিল। এ অফুমানস্থাপনার অমুক্লেও কোন প্রমাণ পাই নাই; বরং যত ভাবিয়া দেখি, ততই মনে হয় যে, মৃদ্ধকটিক অপেকারত আধুনিক। কারণগুলি এই:—

১ ৷ু নাটকবাবছভ প্রাক্তভাষা-দংবলিত এক প্রকার সময় বে সকল গ্র:ছর নিৰ্ণীত হইয়া গিয়াছে, তাহার কোনখানিই যঠ শতান্দীর পূর্ববর্তী নহে। যে সাহিত্য eম বা ৬g শতাকীর পূর্ববর্ত্তী বলিল প্রমাণিত হ্ইরাছে, তাহার কোনখানিতেই এই শ্রেণার প্রাকৃতভাষা দেখিতে পাওয়া যায় না। প্রাকৃতভাষা বে ঐ সমরের পূর্নে গ্রন্থে ৰ্যবহৃত হইবার উপযোগী হয় নাই, তাহা সালের পৌষমাদের প্রবাদীতে একটি কুদ্র নিবকে লিখিয়াছি। এরপ হলে যদি প্রমান করিতে পারা না বায় যে, চতুর্থ শতান্দীতে অথবা তৎপূর্বে এই ষষ্ঠ শতান্দীর প্রাক্ততারা প্রচলিত ছিল, তাহা হইলে मुद्धकिरिकत थाठीनप थमान कता याह ना।

ই। পালির সহিত প্রথমত সংস্কৃতের
যত নৈকটা ছিল, প্রাকৃতের সহিত ততটা
ছিল না। বে প্রাকৃত যত একালের, তত
ভাহার সহিত সংস্কৃতভাষার দ্রথ। মৃদ্ধ্ কটিক বদি কালিদাসের সমরের পূর্ববর্তী হয়,
ভাহা হইলে মৃদ্ধ্কটিক-ব্যবহৃত প্রাকৃতের,
সংস্কৃতের অধিক অসুরূপ হুইবার কথা। কিন্ত প্রকৃতপক্ষে দেখিতে পাই সমরের প্রত্যেক প্রাক্বত-কালিদাসের শব্দেরই একটি অমুরূপ ব্যুৎপাদক সংস্কৃত-শব্দ আছে; কিন্তু মৃচ্ছকটিকে এমন অনেক প্রাকৃতশব্দ পাওয়া যায় যে, যাহার সংস্কৃত প্রতিশব্দ দিতে হইলে, শ্বতম একটি শব্দ ব্যবহার করিতে হয়। ছিনালিয়াপুত (পুংশ্বীপুত্র), গোড় (পদ), মগ্গিছং (প্রাথিয়িতুম্), কেলছ (ক্ষিণভূ), পোট (উদর), হড়ক (হ্রদয়), পিটছ (বাংলা পেটো বা মারো) প্রভৃতি সম্পূর্ণরূপ ভিন্ন শন্ধ—কালিনাস, ভবভূতি বা জীহর্ষে পাওয়ঃ যায় না। যে সকল সংস্কৃতভাঙা শব্দ প্রাক্তে ব্যবহাত, তাহাতে এই একটা শক্ষণ দেখিতে পাওয়া যায় যে, শব্দগুলি যত প্রাচীন সময়ের, তত সেগুলি সংস্কৃতশব্দের কাছাকাছি। কালিদাসের সময়ে আয়া. আত্মন: প্রভৃতির হলে অতা, অতন প্রভৃতি দেখিতে পাই; কিন্তু সপ্তম শতাৰীর রয়া-বলীতে অগ্না, অগ্নন প্রভৃতি একালের 'আপন'-नरमत्र काहाकाहि नम शाहे। मुक्किंगित ९ তাহাই ; বরং সংস্কৃতের 'ত'এর স্থলে 'প' খুব বেনাপরিমাণে বাবছত। 'কর্তন করিব' কথার প্রাকৃতে 'কল্পেম' দেখিতে পাই। তাহার পর বৃভ্চা (বৃদ্ধ), হলমং (হাদরং), वहेन्न (वनीवर्फ) अङ्डि मक मिथिएन धरे প্রাক্ত যে রক্কাবলীর প্রাক্তরেও পরবর্তী, এইরপই মনে করা সকত। मिशिट शाहेरवन (य, मृष्क्किंग्रिटकंत्र (य गक्न প্রাক্তশন উদ্বত করিয়াছি, ভাহার সকল-श्वनिष्टे धकारणत वाःना, छेफिना, मात्राठी প্রাকৃতি ভাষায় ব্যবহৃত শক্ষের সম্পূর্ণ নিক্ট- বর্ত্তী। 'দয়িদ্দং' কথাটা বাদ দিয়া 'তুম্ভমুডেও গোড়ং দয়িদ্দং' বলিলে, থাঁটি উড়িয়া বলিয়া মনে হয়। 'তুহ বয় কেলকে পবহণং'—ভোর বাপের কেলে গাড়ি—কথাটার গায়েও একালের গদ্ধ আছে।

০। মহাভারতের কোন্ অধ্যায়গুলি প্রক্রিয় বা পরবর্ত্ত্তী সময়ের, তাহা এখনও দ্বির হর নাই। কিন্তু ঐ গ্রন্থের যে অংশ সন্দেহর্ব্রেজ্ঞ , তাহাতে এমন শন্দের ব্যবহার নাই, যাহা স্বভাবজশন্দের অমুক্তিমূলক। থটুবটু, ঠংঠং, ঝন্থন্ প্রভৃত্তি শন্দ আদৌ নাই। প্রক্রিয় অংশেও বড় জোর কোলাহল প্রভৃতি ছইচারিটি শন্দ পাওয়া যায়। পরবর্ত্তী সময়ের রামায়ণেও তিনচারিটি ব্যতীত এই প্রকারের শন্দ নাই, যথা—হলহলা, গন্গদ এবং হুড়া (গাভীর শন্দ)। রামায়ণের সময়ে অমুক্তিমূলক শন্দ প্রায় নৃত্নবাবন্ধত বলিয়া মনে হয়। কারণ পাঝী প্রভৃতির সঠিক ডাক অন্ত কোন গ্রন্থে স্থানে পায় নাই। অরণ্যকাতের ২৩শ সর্ব্যে আছে ভ্রান পায় নাই।

চীন্ট্টি বাক্তে বহুব্তর দারিকা:।
পক্ষ শতানীর পঞ্চতন্ত্রেও তৎপূর্বে সময়ের
অহরণে অমুক্তিমূলক শক্তালি কেবল
বিশেয়া-(সংজ্ঞা)-রূপে ব্যবস্থৃত দেখিতে
পাই। মহাভারত হইতে আরম্ভ করিয়া
কালিদাসের সময় পর্যান্ত কোন সাহিত্যে ঐ
শক্তালি ক্রিয়ারপে ব্যবস্থৃত হয় নাই।
ভারবি এবং কালিদাসে ঐ শক্তালির আনে
ব্যবহার দৃষ্ট হয় না। কেহ হয় ত মনে
করিতে পারেন বে, বড় বড় কাব্যে ভাল
তনার না বলিয়া, ওভালি কেবল নাটকাদিতিই ব্যবহৃত হইয়াছে। ঘ্রার, ঝহার,

ছকার প্রভৃতি লিখিলে যে ভাষার গৌরব কমিয়া যাইত, তাহা মনে হয় না। পরবর্ত্তী সময়ে যথন ঐগুলি ব্যবহৃত হইয়াছে, তথন আলক্ষারিকেরা ভাষায় গ্রাম্যতাদোষ নির্দেশ করেন নাই। বরং ঐ কথাগুলিতে যে যথেষ্ট তেজ আছে, তাহা স্বীকার করিতে হয়। কালিদাস যেন রঘুবংশ বা কুমারসম্ভবে ঐ সকল শব্দ কাব্যগৌরবের জন্ম ব্যবহার করিলেন না, কিন্তু শকুম্বলাদিতেও উহার ব্যবহার নাই কেন? কথা এই যে, প্রথমে বিশুদ্ধ সংস্কৃত চলিয়াছিল, তাহার পর প্রাক্তভাষা দিন দিন প্রবলতা লাভ করিলে নিত্যভাষা দিন দিন প্রবলতা লাভ করিলে নিত্যভাষায় স্থানলাভ করিয়াছে।

स्वक्त ममस्य धेर दिगीत मक्छिन ক্রিয়ারূপে ব্যবস্থত হয় নাই; কিন্তু তাঁহার পরবর্ত্তী সময়ে ভবভৃতি, বাণভট্ট ও শ্রীহর্ষের রচনায় যথেষ্টরূপে উহারা ক্রিয়াপদে ব্যবহৃত। প্রাচীন যে সকল শিলালিপি এবং তাত্র-শাসনাদি পাওয়া যায়, তাহাতেও সপ্তম শতান্দীর পূর্ববর্তী নিপিতে ঐপ্রকার ক্রিয়া-পদের ব্যবহার দেখা যায় না। এটা খুব वित्नैय त्रकरमत्र कथा नट्ट कि ? काट्करे যখন মৃচ্ফেটিকে খটুখটায়তে, ফুর্রায়তি, মড়মড়াম্বি শ্ব প্রভৃতির প্রচুর প্রয়োগ দেখিতে পাই, তথন ঐ গ্রছথানি সপ্তম শতাব্দীর পূর্ববর্ত্তী বলিয়া মনে হয় না। সহিত আমার পরিচয় নাই; পরিচয়লাভ कत्रिवात्र अधिकात्र नारे। अनिवाहि, व ব্যাকরণের কোন হত্ত বারা ঐপ্রকার ক্রিয়া-পদ সাধিবার উপার আছে। ঐ স্ত্র কোন্ সময়ে রচিত, তাহাও জানি না; কিন্ত কোন শ্রেণীর একটি শব্দ প্রচলিত থাকিলেও, ব্যাকরণে তাহার জন্ম স্ত্রে রচিত হইত। অন্তদিকে যথন ধারাবাহিকভাবে একটা শব্দব্যবহারের পদ্ধতি পাওয়া গেল, তথন বিপরীত মত সমর্থন করা সহজ নহে।

৪। মূর্থ শকার যেথানে পাণ্ডিত্য
 দেখাইতেছে, সেখানে বলিতেছে—
 কিংশে শকে বালিপুত্ত মহিল্পে
 লম্ভাপুত্ত কালগেমী স্ববন্ধ।
 লুদ্দে লামা দোণপুত্ত কডাউ

চাণকো বা ধুজুমালে ভিশকু । এখানে চাণক্য, ধুৰ্মার প্রভৃতি সকল নামই मूर्थ भकारतत निकर शोतां विक। যত বড় বড় নাম ভুনিয়াছিল, স্বগুলিই একনিশাসে উচ্চারণ করিয়াছে। ঐ নাম-শুলির মধ্যে চাণক্য এবং স্থবন্ধ বাতীত স্কলগুলিই রামায়ণ এবং মহাভারতে পাওয়া "চাণকোন যথা সীতা" হইতে চাণকাকেও যে মুর্য শকার পৌরাণিক বলিয়া বুঝিয়াছিল, তাহা জানা যায়। স্কুবন্ধ নামটি কবি স্বৰু ব্যতীত অন্ত কাহারও নামে পাওয়া যার না। সকল নামগুলিই ব্ধন প্রকৃত নাম, তখন একটা বুথা নাম উচ্চারিত इहेब्राइ, वना योग्र ना। कवि कोनन ক্রিয়াই নানাশ্রেণীর নাম একসঙ্গে গাপিয়া হাশুরদের সৃষ্টি করিয়াছেন। কবি স্বন্ধ্র খ্যাতি প্রচারিত হইয়াছিল এবং মুর্গ শকার ঐ নামটি পৌরাণিক করিয়া লইয়াছিল, এইরপ মনে করাই সঙ্গত। এ স্থানে এ রুথাও বলিয়া রাখি যে, রাজ্খালকের শকার নাম যথন অলকারগ্রন্থের আ্দর্শাহরপ নাম হইতে গৃহীত, তথন নিশ্চয়ই মৃচ্ছকটিক পুরাতন গ্রন্থ নহে।

৫। ষষ্ঠ শতালীর পূর্ব্বে কোথাও কামদেবের জন্ত মন্দিরস্থি হর নাই। এপর্যান্ত জনেক মন্দিরের লিপি পাওরা গিরাছে, কিন্তু কামদেবের মন্দিরের কথা ষষ্ঠ শতালীর পূর্বে পাওরা যার না। সপ্তম শতালীর জন্ত নাটকে যাহা পাই, মৃচ্ছেন্টকেও তাহাই পাইতেছি; ইহাতে কামদেবের আয়তনের কথা আছে। গৃহে দেবতারা বলি পাইতেছেন এবং দেউলে দেবী প্রতিষ্ঠিত হইতেছেন, এ সকলগুলি হইতেও প্রমাণিত হয় যে, কদাপি মৃচ্ছ্কেটিক দ্বিতীয় শতালীর গ্রন্থ হইতে পারে না। •

৬। মৃদ্ধকটিকে গভাস্ক বা বিক্ষাকাণি
নাই দেখিয়া উহাকে প্রাচীন বলা যায় না।
মুদ্রারাক্ষণেও দীর্ঘ দীর্ঘ অঙ্ক ব্যতীত গর্ভাকবিদ্ধস্তকাদি নাই। মৃদ্ধকটিকের প্রতি
অক্কের শেষে যেমন শ্রবা কাব্যের মত 'ইতি
অমুক নাম, অমুক অঙ্ক' আছে, ভবভূতির
তিনথানি নাটকেও সেইরূপ দেখিতে পাই।
তথন ঐ প্রথাও প্রাচীনতার পক্ষে বলিয়া
কেহ নিদ্দেশ করিতে পারেন না।

মকু-যাজব্দ্যাদির অমুশাসনে যাহাই
পাক্ক, ষষ্ঠ এবং সপ্তম শতাব্দীতে লোকব্যবহারে যে প্রকৃত প্রস্তাবে অনার্য্য রুমণীকে
বিবাহ করিয়া আর্য্যেরা তাহাকে আর্য্যসমাজভুক্ত করিতেন, দশকুমারচরিতে অমুরোভমনন্দিনীর কথা তাহার প্রমাণ। ত্রাহ্মণ
যে ক্রিয়রমণীর পাণিগ্রহণ করিতেন,
ষষ্ঠ শতাব্দীর ভগবন্দোরের পিতা রবিকীর্তি
তাহার দৃষ্টান্ত। ক্লীট্নাহেবের প্রাচীন
লিপিসংগ্রহে এ বিষরে আরও দৃষ্টান্ত আহে।
এরূপ স্থলে অস্ত কোন স্মাক্তিক্রসংবলিত

নাটকের অভাবে, মৃচ্ছকটিকে বসস্তসেনার বিবাহের কথা ছারা, ঐ গ্রাছের সময়নির্ণয় হয় না। যথন অভ্য প্রমাণের বলে মৃচ্ছ-কটিকের কাল নিরূপিত হয়, তথন ঐ-প্রকার লোকবাবহার তৎসময়ে প্রচলিত ছিল বলিয়া সিদ্ধান্ত করিবার স্থানিধা হয় মাতা। সত্য নির্দারিত হউক। যে সকল কারণে মৃচ্ছকটিক ৭ম শতাব্দীর গ্রন্থ বলিয়া মনে হইয়াছে, তাহা লিথিলাম। আমার সিদ্ধান্ত ত্রমায়ক বলিয়া প্রমাণিত হইলে আমি কিছুমাত্র ছঃখিত হইব না; বরং যথার্থ তব্ব নিরূপিত হইলে প্রভৃত আনন্দ লাভ করিব।

ত্রীবিজয়চক্ত মজুমদার।

নৌকাড়বি।

٩

বালিকা বে রমেশের পরিণীতা স্ত্রী নতে, এ কথা রমেশ বৃঝিল, কিছু সে যে কাহার স্ত্রী, ভাহা বাহির করা সহজ হইল না। রমেশ ভাহাকে কৌশল করিয়া জিজ্ঞাস। করিল, "বিবাহের সময় তুমি আমাকে যথন প্রথম দেখিলে, তথন ভোমার কি মনে ইইল ?"

বাণিকা-কহিল, "আমি ত তোমাকে দেখি নাই, আমি চোথ নীচু করিয়া ছিলাম।"

রুমেশ। তুমি আমার নামও তুন নাই p

বালিক। বেদিন ওনিলাম বিবাহ হইবে,
তাহার পরের দিনই বিবাহ হইরা গেল
তোমার নাম আমি ওনিই নাই। মামী
আমাকে তাড়াতাড়ি বিদার করিয়া বাচিয়াছেন। আমি খুব ছাই ছিলাম, আমি ভাহাকে
কেবল আলাতন করিয়াছি।

রমেশ। আচ্ছা, তুমি যে লিথিতে-পড়িতে শিধিরাছ, তোমার নিজের নাম বানান করিয়া লেখ দেখি!—

রমেশ তাহাকে একটু কাগজ, একটা পেশিল্ দিল। সে বলিল, "তা ব্ঝিআমি আর পারি না! আমার নাম বানান করা ধ্ব সহজ।"—বলিয়া বড় বড় অক্ষরে নিজের নাম বিধিল শ্রীমতী কমলা দেবী।

র্মেশ। আছে।, মামার নাম লেখ। কমলা লিখিল, শ্রীযুক্ত তারিণীচরণ চটো-পাধাার।

জিজাসা করিল—"কোথাও ভূল হইয়াছে ?"

রমেশ কহিল—"না। আচ্ছা, ভোমাদের গ্রামের নাম লেখ দেখি!

त्म निश्चिन, दशराभूकृत ।

এইরূপে নানা উপারে অত্যন্ত সাবধানে রমেশ এই বাঁুলিকার যেটুকু জীবনুরুভাঞ্ আবিদার করিল, ভাহাতে বড়-একটা স্থবিধা হইল না।

তাহার পরে রমেশ কর্ত্তবাসম্বন্ধে ভাবিতে বিদিয়া গেল। ধুব সম্ভব, ইহার.স্বামী ডুবিয়া যদি-বা শশুরবাডীর মরিয়াছে। পাওয়া যায়, সেখানে পাঠাইলে তাহারা ইহাকে গ্রহণ করিবে কি না, সন্দেহ। মামার বাড়ী পাঠাইতে গেলেও ইহার প্রতি ন্যায়া-চরণ করা হইবে না। এতকাল বধুভাবে অন্তের বাড়ীতে বাস করার পর আজ যদি প্রকৃত অবস্থা প্রকাশ করা যায়, তবে সমাজে ইহার কি গতি হইবে, কোথায় ইহার স্থান इटेर्व ? श्रामी यनि वाठियारे थाक, जरव সে কি ইহাকে গ্রহণ করিতে ইচ্ছা বা সাহস করিবে ? এখন এই মেয়েটিকে যেখানেই ফেলা হইবে, দেখানেই সে অতল সমুদ্রের মধ্যে পডিবে।

আর একটি কথা। রমেশকে এই বালিকা স্বামী বলিয়া জানিয়াছে। সমস্ত সংসারের প্রতিকূলতার মধ্যে রমেশের আদর্যক পাইয়া তাহার প্রতি সে ভালবাদার সক্ষে নির্ভর করিতেও শিধিয়াছে, এখন ইহাকে কেমন করিয়া রমেশ বলিবে মে, 'আমি তোমার স্বামী নহি, তুমি বিধবা !' তা ছাড়া, ইহাকে স্ত্রী ব্যতীত অন্তকোনরপেই রমেশ নিজের কাছে রাখিতে পারে না, অন্তত্তভ কোথাও ইহাকে রাখিবার স্থান নাই। কিন্ত তাই বলিয়া ইহাকে নিব্দের স্ত্রী বলিয়া গ্রহণ ্রকরাও চলে না। রমেশ এই বালিকাটিকে ভবিষ্যতের পটে নানাবর্ণের স্নেহদিক তুলি षात्रा कलारेबा त्य शृरुवन्त्रीत मृर्डि जाँकिया তুলিতেছিল, তাহা আবার তা্ড়াতাড়ি মুছিতে হইল। মদ্রের ঘারা যে সম্বন্ধ পবিত্র হয় নাই, তাহা দিয়া গৃহদেবতার প্রতিষ্ঠা চলে না। পরের স্ত্রী, এ কথা মনে করিবামাত্র রমেশের সেই করনাচ্ছবির হস্ত হইতে তাহার ঘরের প্রদীপটি খসিয়া পড়িল—তাহার চিরন্ধীবনের ঘরটি অন্ধকার হইয়া গেল।

রমেশ আর তাহার গ্রামে থাকিতে পারিল না। কলিকাতায় লোকের ভিড়ের মধ্যে আছের থাকিয়া একটা কিছু উপায় খুঁজিয়া পাওয়া যাইবে, এই কথা মনে করিয়া রমেশ কমলাকে লইয়া কলিকাতায় আসিল এবং পূর্ব্বে যেথানে ছিল, সেথান হইতে দুর্দ্ধে নৃত্রন এক বাসা ভাড়া করিল।

কলিকাতা দেখিবার জন্ম কমলার আগ্রহের সীমা ছিল না। প্রথমদিন বাসার
মধ্যে প্রবেশ করিয়া সে জান্লায় গিয়া
বিদল—দেখান হইতে জনপ্রোতের অবিলাম
প্রবাহে তাহার মনকে নৃতন নৃতন কৌতৃহলে
ব্যাপ্ত করিয়া রাখিল। ঘরে একজন থি
ছিল, কলিকাতা তাহার পক্ষে অত্যন্ত প্রাতন।
সে বালিকার বিশ্বয়কে নিরর্থক মৃঢ়তা জ্ঞান
করিয়া বিরক্ত হইয়া বলিতে লাগিল—"হাঁগা,
হাঁ৷ করিয়া কি দেখিতেছ ? বেলা যে অনেক
হইল, 'চান' করিবে না ?"

ঝি দিনের বেলায় কাজ করিয়া রাত্রে বাড়ী চলিয়া যাইবে। রাত্রে থাকিবে, এমন লোক পাওয়া গেল না বিমেশ ভাবিতে লাগিল—"কমলাকে এখন ত এক শ্যায় আর রাখিতে পারি না—অপরিচিত জায়গায় সে বালিকা একলাই বা কি করিয়া রাত কাটাইবে ?" কমলা তাহার নিজের ধন নয়, এইজন্য কমলা রমেশের পক্ষে এক বিরম

গুইতে

ভোরের বেলায় রমেশ জাগিয়া চম্কিরা ভার হইয়া উঠিল—ভাহাকে কেলাও বায় না, উঠিল। দেখিল, নিদ্রিত কমলার ডান হাত-তাহাকে রাধাও শক্ত। সম্পূর্ণ পর এবং ্ত্ৰাহার কঠে জড়ানো—সে দিব্য সম্পূর্ণ আপনের মাঝ্যানকার এই সকলি জ্বন্দর ধার, মন্মেণ্ডের 'পরে আপন বিশ্বস্ত **শ্বপল্লবিনী গতার** अभूकी मक्क ममका त्रामान की वन বল লয়ামর : इज़र कीटनज मत्था ककारेजा वीथि राज्या मर्जान गठि, जनानदा (कन दल, কি উপায়ে ইহার নিয়তি, ত श्वित्व क्षत्र। ভাবিয়া পাইল না। না এ প্রাণটুকু, হাররে সংসার তোর, পরম পীযুর যাহা, त्रांट्य आश्रंद्रम् करत्रक्ति (नवन । রমেশ কমন্ত্র কে আছে হে এ ধরায়, ভাররে সংসায় ভোর, অমূল্য রতন যাহা, কহিল, গ্ৰ' কোন জন ? (मर्थिছ (म धन। रुरेजारत विधि, व ट्रम भन्नानी त्कन भीग्रव नत्रन त्जात, त्रज्य ज्यानकानी,-• कतिरम स्थम । তাও-আধ আধ। এ প্রাণ হৃদধে যার, তোমার ভাণ্ডারে ভার, ার্থে মিষ্ট কথা, নিস্তিতের শ্বশ্ন মত. মিটেনা রে সাধ। গুনিতে কুন্দর। •৭ মত

প্রাপ্ত গ্রহের সংকিপ্ত সমালোচন।

ণতি মহোদরগণের বংশের সং-

ং যোগাছেবরা বংশচরিত লি-ইয় ক্রিয়াছেন, ভাল ছইয়াছে। ট্রিভ মোগাহেবের ও লেখা शश व्यामका निक्षेत्र कानि ना ।

ছु-वर्भ-চরিত অর্থাৎ কাকি- প্রথমতঃ "কাকিনীয়াধিপতি মহোদয়-গ্ৰ' এই কয়টা কথা পড়িয়া আমাদের ^{1त्रत}। खेवन अप्रातिहत्व (होधूनी- সम्म्य स्प्र। काकिनी प्राप्त धरिन পত্তি আছেন, এ কণা আমরা এ পর্যান্ত জানিতাম না ; একুরে, জানিলাম (स्, श्रष्टकादात्र जुल क् উপयुक्त वाकिशाता वः नहित्र निष्ठ হয়, ভাহা হইলে উপকার আছে

क्यला, গহিয়া निय । ক্মলা

এडवेड रनेत्र हरेश आमि हेक्टल गरिव ?" পাশ্রম করিরা আরামে ঘুষাইরা পড়িল।

কমলার এই ব্যোমর্য্যাদার অভিমানে রমেশ ঈষৎ হাসিয়া কহিল, "তোমার চেয়েও অনেক বড় মেয়ে ইস্কুলে যায়।"

কমলা তাহার পরে আর কিছু বলিল না, গাড়ি করিয়া একদিন রমেশের দঙ্গে ইস্কুলে গেল। প্রকাণ্ডবাড়ী—তাহার চেয়ে অনেক বড় এবং ছোট কত যে মেয়ে, তাহার ঠিকানা নাই। বিভালয়ের কর্ত্রীর হাতে কমলাকে সমর্পন করিয়া রমেশ যথন চলিয়া আসিতেছে, কমলাও তাহার সঙ্গে সঙ্গে আসিতে লাগিল। রমেশ কৃহিল, "কোথায় আসিতেছ ? তোমাকে ধে এইখানে থাকিতে হইবে।"

কমলা ভীতকঠে কহিল, "তুমি এথানে থাকিবে না ?"

রমেশ। আমি ত এখানে থাকিতে পারিনা।

কমলা রমেশের হাত চাপিয়া-ধরিয়া কহিল, "তবে আমি এখানে থাকিতে পারিব না. আমাকে লইয়া চল।"

রমেশ হাত ছাড়াইয়া কহিল—"ছি কমলা।"

এই ধিকারে কমলা স্তব্ধ হইয়া দাঁড়াইল, তাহার মুখথানি একেবারে ছোট হইয়া গেল। রমেশ ব্যথিতচিত্তে তাড়াতাড়ি প্রস্থান করিল, কিন্তু বালিকার সেই স্তন্তিত অসহায় ভীওমুখগ্রী তাহার মনে মুদ্রিত হইয়া রহিল।

এইবার আলিপুরে ওকালতীর কাজ স্থক করিয়া দিবে, রমেশের এইরূপ সঙ্কর ছিল। কিন্তু তাহার মন ভাঙিয়া গেছে। চিত্ত স্থির করিয়া কাজে হাত দিবার এবং প্রথম কার্যা- রন্তের নানা বাধাবিদ্ন অতিক্রম করিবার মত
ফুর্ত্তি তাহার ছিল না। সে এখন কিছুদিন
গঙ্গার পোলের উপর এবং গোলদীঘিতে
অনাবগুক ঘ্রিয়া বেড়াইতে লাগিল। একবার মনে করিল কিছুদিন পশ্চিমে ভ্রমণ
করিয়া আসি, এমন-সময় অন্নদাবাবুর কাছ
হইতে একথানি চিঠি পাইল।

অন্ধদাবাবু লিখিতেছেন, "গেজেটে দেখিলাম তুমি পাদ্ হুইয়াছ—কিন্তু দে ধবর তোমার নিকট হইতে না পাইয়া ছঃখিত হইলাম। বহুকাল তোমার কোন সংবাদই পাই নাই। তুমি কেমন আছ এবং কবে কলিকাতায় আদিবে, জানাইয়া আমাকে নিশ্চিস্ত ও স্থথী করিবে।"

এখানে বলা অপ্রাসন্থিক হইবে না যে, অন্নদাবার যে বিলাতগত ছেলেটির 'পরে তাঁহার এক চকু রাখিয়াছিলেন, সে ব্যারিপ্তার হইয়া ফিরিয়া আসিয়াছে এবং এক ধনিকভার সহিত তাহার বিবাহের আয়োজন চলিতেছে। স্কতরাং হঠাৎ রমেশের উপরেই অয়দাবার্র হুই চকুর দ্বিধাবিহীন প্রসমৃষ্টি নিপতিত হইল।

ইতিপূর্বে হেমনলিনীর শ্বৃতি বিহাতের মত রমেশের মনে • মাঝে মাঝে থেলিয়া গেছে। কিন্তু রেথাপাত করিয়া দিবার সময় পায় নাই। কমলা যথন বিভালয়ে চলিয়া গেল, তথন হঠাং অয়দাবাব্র এই চিঠি পাইয়া তাহার শৃত্তমনে পূর্বেকার কথা সমস্ত জাগিয়া উঠিল। তথন অধ্যয়নপরা তাহার দেই পূর্বপ্রতিবেশিনীর মুখছবি তাহার মনের মধ্যে জোয়ারের টান ধরাইয়া দিল।

কিন্তু পাঠকগণ রমেশের যেটুকু পরিচয় পাইয়াছেন, তাহাতে এটুকু বৃঝিয়া থাকিবেন, কর্ত্তব্যসম্বন্ধে রমেশের বোধশক্তি অত্যস্ত সচেতন। যেখানে কোনপ্রকার দ্বিধার কারণ আছে, সেথানে সে অতিশয় ক্ষম করিয়া চিন্তা করে। প্রবৃত্তি যথন তাহার প্রবল হয়, তথন তাহার চিস্তার প্রবলতাও বাড়িয়া উঠে। এইজন্ম যেটা সে অত্যস্ত বেশি চায়, সেইটেতে প্রবৃত্ত হইতেই তাহার সব চেয়ে বিলম্ব ঘটে।

ইতিমধ্যে যে সমস্ত ঘটনা ঘটিয়াছে, তাহার পরে হেমনলিনীর সহিত পূর্ব্বের স্থায় সাক্ষাৎ করা তাহার কর্ত্তব্য হইবে কি না, তাহা সে কোনমতেই স্থির করিতে পারিল না। মনে মনে তাহাদের উভয়ের মধ্যে যে সম্বন্ধ বাঁধিয়াছিল, সে বন্ধন সে কি পিতার আদেশে ছিন্ন করে নাই ? সে যে বিবাহ করিতে বাধ্য হইয়াছে, এ সংবাদটুকুও সে হেম-নলিনীর কর্ণগোচর হইতে দেয় নাই। যদিচ দৈবক্রমে তাহার সে বিবাহ হইয়াও না হইবারই মত হইল, তথাপি তাহার অদুষ্টজাল যথেষ্ট জটিল হইয়া পড়িয়াছে। সম্প্রতি কমলার সহিত তাহার যে সম্বন্ধ দাড়াইয়াছে, সে কথা কাহাকেও বলা সে কর্ত্তব্য বোধ করে না । নিরপরাধা কমলাকে সে সংসারের কাছে অপদস্থ করিতে পারে না। অথচ नकल कथा न्लाडे ना वित्रा ट्रमनिनीत নিকট সে তাহার পুর্বের অধিকার লাভ করিবে কি করিয়া ?

কিন্ত অন্নদাবাবুর পত্রের উত্তর দিতে বিশ্বস্থ করা আর ত উচিত হয় না। সে লিখিল, "গুরুতরকারণবশত আপনাদের সহিত সাক্ষাৎ করিতে অক্ষম হইয়াছি, আমাকে মার্জ্জনা করিবেন।" নিজের নৃতন ঠিকানা পত্রে দিল না।

এই চিঠিথানি ডাকে ফেলিয়া তাহার পর-দিনেই রমেশ শাম্লা মাথায় দিয়া আলিপুরের আদালতে হাজিয়া দিতে বাহির হইল।

একদিন সে আদালত হইতে ফিরিবার সময় কতক পথ হাঁটিয়া একটি ঠিকাগাড়ির গাড়োয়ানের সঙ্গে ভাড়ার বন্দোবস্ত করি-তেছে, এমন-সময় একটি পরিচিত ব্যগ্র-কণ্ঠের স্বরে শুনিতে পাইল—"বাবা, ঐ যে রমেশবাব।"

"গাড়োয়ান্, রোখো, রোখো!"

গাড়ি রমেশের পার্শে আসিয়া দাঁড়াইল। সেদিন আলিপুরের পশুশালায় একটি চড়ি-ভাতির নিমন্ত্রণ সারিয়া অন্নদাবার ও তাঁহার কন্তা বাড়ী ফিরিতেছিলেন—এমন সময়ে হঠাৎ এই সাক্ষাৎ।

গাড়িতে হেমনলিনীর সেই মিগ্নগঞ্জীর মুথ, তাহার বিশেষ ধরণের সেই শাড়ীপরা, তাহার চুল বাঁধিবার পরিচিত ভঙ্গী, তাহার হাতের সেই প্লেন্ বালা এবং তারাকাটা ছইগাছি করিয়া সোনার চুড়ি দেখিবামাত্র রমেশের সেই ছাত্রাবস্থার পূর্বজীবন তাহার মনোরাজ্যের রসাতল হইতে কারামুক্ত হইয়া একমুহুর্ত্তে তাহার হৃদয়মুঞ্চের উপর চড়িয়া বিলি—তাহার বুকের মধ্যে একটা ঢেউ যেন একেবারে কণ্ঠ পর্যাপ্ত উচ্ছুসিত হইল।

অন্ধনাবার কহিলেন—"এই যে রমেশ", ভাগ্যে পথে দেখা হইল! আজকাল চিঠি-লেখাই বন্ধ করিয়াছ, যদি-বা লেখ, তবু ঠিকানা দাও না। এখন যাইতেছ কোথায় ? বিশেষ কোন কাজ আছে ?"

রমেশ কহিল—"না, আদালত হইতে ফিরিতেছি।"

অন্নদাবার্। তবে চল, আমাদের ওথানে চা থাইবে চল।

রমেশের হৃদয় ভরিয়। উঠিয়াছিল—
সেথানে আর বিধা করিবার স্থান ছিল না।
সে গাড়িতে চড়িয়া বসিল। একাস্ত চেষ্টায়
সঙ্কোচ কাটাইয়া হেমনলিনীকে জিজ্ঞাসা
করিল—"আপনি ভাল আছেন ?"

• হেমনলিনী কুশলপ্রশ্নের উত্তর না দিয়াই কহিল, "আপনি পাদ্ হইয়া আমাদের যে একবার থবর দিলেন না বড় ৪"

র্মেশ এই প্রশ্নের কোন জবাব খুঁজিয়া না পাইয়া কহিল—"আপনিও পাদ্ হইয়াছেন দেখিলাম।"

হেমনলিনী হাসিয়া কহিল, "তবু ভাল, আমাদের খবর রাখেন।"

সম্মনাবাবু কহিলেন—"তুমি এখন বাসা কোথায় করিয়াছ ?"

রমেশ কহিল—"দৰ্জ্জিপাড়ায়।" অন্নদাবাৰু কহিলেন—"কেন, কলুটোলায় তোমার সাবেক বাসা ত মন্দ ছিল না।"

উত্তরের অপেক্ষায় হেমনলিনী বিশেষ কৌতুহলের সহিত রমেশের দিকে চাহিল। সেই দৃষ্টি রমেশকে আঘাত করিল—সে তৎক্ষণাৎ বলিয়া ফেলিল, "হাঁ, সেই বাসাতেই ফিরিব স্থির করিয়াছি।"

তাহার এই বাসা বদল করার অপরাধ বে হেমনলিনী গ্রহণ করিয়াছে, তাহা রুমেশ বেশ বুঝিল—সাফাই করিবার কোন উপায় নাই জানিয়া সে মনে মনে পীড়িত হইতে লাগিল। অন্ত পক্ষ হইতে আর কোন প্রেশ্ন উঠিল না। হেমনলিনী গাড়ির বাহিরে পথের দিকে চাহিয়া রহিল। রমেশ আর থাকিতে না পারিয়া অকারণে আপনি কহিয়া উঠিল—"আমার একটি আন্তীয় হেহুয়ার কাছে থাকেন, তাঁহার খবর লইবার জন্ম দক্ষিপাডায় বাসা করিয়াছি।"

রমেশ নিতান্ত মিথ্যা বলিল না, কিন্তু কথাটা কেমন অসঙ্গত শুনাইল। মাঝে আত্মীয়ের থবর লইবার পক্ষে কলু-টোলা হেছয়া হইতে এতই कि मृत ? এ প্রশ্ন কি উপস্থিত কাহারো মাথায় উঠিতে পারে না যে, আত্মীয় ছাড়া এ সহরে আর কি কাহারো থবর লইবার নাই ? অতএব রমেশ যাহা বলিল, সেটা জবাবদিহীস্বরূপে कान काष्ट्रे नाशिन ना, रत्रक उन्होंडे হইল। হেমনলিনীর হুই চকু গাড়ির বাহিরে পথের দিকেই নিবিষ্ট হইয়া রহিল। হত-ভাগ্য রমেশ ইহার পরে কি বলিবে, কিছুই ভাবিয়া পাইল না। একবার কেবল জিজ্ঞাসা कतिन, "यारशरनत थवत कि ?" अन्नमावानू কহিলেন, "সে আইনপরীক্ষায় ফেল্ করিয়া পশ্চিমে হাওয়া খাইতে গেছে।"

গাড়ি যথাস্থানে পৌছিলে পর পরিচিত বর ও গৃহসজ্জাগুলি রমেশের উপর মন্ত্রজাগ বিস্তার করিয়া দিল। স্থেপের দিন ছিল! তথনকার প্রত্যেক দিনই সোনার আভায় মণ্ডিত, স্থরের ঝঙ্কারে স্পন্দিত হইয়া রজনীর স্থেপপ্রের মধ্যে বিলীন হইয়া গেছে। রমেশের ব্কের মধ্য হইতে গভীর দীর্ঘনিশাস উথিত হইল।

চায়ের আয়োজন প্রস্তত হইলে হেম-নলিনী একটু যেন দিধার ভাবে রমেশকে জিজ্ঞাসা করিল, "আপনাকে চা দিব কি ?"

রমেশ এই অকারণ প্রশ্নের অর্থ ব্রিতে পারিল। তথন যে ধারা চলিয়া আসিতে-ছিল, তাহা যদি সমস্ত বিচ্ছিন্ন হইয়া থাকে, তবে আর কি চা দিতে হইবে? সবই যদি গিয়া থাকে, তবে এটুকু কি আর আছে?

রমেশ কহিল, "চা দিবেন বৈ কি !"
হেমনলিনী কহিল, "এ অভ্যাস বুঝি
ুআপনার যায় নাই ?"

বড় বড় ব্যাপার বিপর্যন্ত হইয়া যায়, কিন্তু এটুকু থাকে! বন্ধুছের বন্ধন ছিন্ন হয়, কিন্তু চায়ের নেশা বরাবর টিঁকে; চোথে চোথে যে ছিল, সে চিরদিনের মত অন্তরালে পড়িয়া যায়, কিন্তু ধুমপানের ছঁকাটি কোনদিন কাছছাড়া হয় না—মানবজীবনের মধ্যে এই যে একটি বেদনাময় কৌতুক আছে, হেমনলিনীর ঐ তুচ্ছ প্রশ্নের মধ্যে গুড়ভাবে হয় ত তাহারই প্রতি লক্ষ্য ছিল।

রমেশ কিছু না বলিয়া চা থাইতে লাগিল। অমদাবাবু হঠাৎ জিজ্ঞাসা করি-লেন, "এবার ত তুমি অনেকদিন বাড়ীতে ছিলে, কাজ ছিল বুঝি ?"

রমেশ কহিল, "বাবার মৃত্যু হইয়াছে—" অন্নাবাব্। আঁগ, বল কি! সে কি কথা! কেমন করিয়া হইল গ

রমেশ। তিনি পদ্মা বাহিনা নৌকা করিয়া বাড়ী আসিতেছিলেন, হঠাৎ ঝড়ে নৌকা ভূবিয়া তাঁহার মৃত্যু হয়।

প্রবল হাওয়া উঠিলে যেমন অক্সাৎ ঘন মেঘ কাটিয়া আকাশ পরিষার হইরা যায়, তেম্নি এই শোকের সংবাদে রমেশ ও হেমনলিনীর মাঝখানকার গ্লানি মুহুর্তের মধ্যে কাটিয়া গেল। হেমনলিনী এতক্ষণ যে উনাদীন্ত দেখাইবার চেষ্টা করিতেছিল, তাহা আর টি কিল না, তৎমণাৎ তাহার মুখে করণা জাগিয়া উঠিল। সে অনুতাপসহকারে মনে কহিল, "রমেশবাবুকে ভুল বুঝিয়াছিলাম,—তিনি পিতৃবিয়োগের শোকে এবং গোলমালে উদ্ভান্ত হইয়াছিলেন। এথনো হয় ত তাহাই লইয়া উন্দৰা হইয়া আছেন। উ হার সাংসারিক কি সঙ্কট ঘটিয়াছে, উঁহার মনের মধ্যে কি ভার চাপিয়াছে, তাহা किছूरे ना जानिशारे वामता, उँशारक मायी করিতেছিলাম।"

হেমনলিনী এই পিতৃহীনকে বেশি করিয়া
যত্ন করিতে লাগিল। রুমেশের আহারে
অক্তিক্চি ছিল না, হেমনলিনী তাহাকে
বিশেষ পীড়াপীড়ি করিয়া থাওয়াইল।
কহিল, "আপনি বড় রোগা হইয়া গেছেন,
শরীরে অযত্ন করিবেন না!" অয়দাবাবুকে
কহিল—"বাবা, রমেশবাবু আজ রাত্রেও এইথানেই থাইয়া যান না।"

অন্নদাবাবু কহিলেন, "বেশ ত।"

এমন-সময় অক্ষয় আদিয়া উপৃস্থিত।
অন্নদাবাবুর চায়ের টেবিলে কিছুকাল অক্ষয়
একাধিপত্য করিয়া আদিয়াছে। পূর্বাক্থিত
ব্যারিষ্টারটি যথন এ পরিবারের আকর্ষণ
হইতে খালিত হইয়া গেল এবং হঠাৎ দীর্ঘদাল
ধরিয়া যথন মুমেশের সাড়াশক পাওয়া গেল
না, তথন হইতে অক্ষয় অন্নদাবাবুর চায়ের

টেবিলে বিশুণ উৎসাহের সহিত নিজেকে অভিব্যক্ত করিয়া তুলিতেছিল। আজ সহসা রমেশকে দেখিয়া সে থম্কিয়া গেল। আছাসংবরণ করিয়া হাসিয়া কহিল—"একি ! এ যে
রমেশবাব্! আমি বলি, আমাদের বুঝি একেবারেই ভুলিয়া গেলেন।"

রমেশ কোন উত্তর না দিয়া একটুথানি হাসিল। অক্ষয় কহিল, "আপনার বাবা আপ-নাকে যেরকম ভাড়াভাড়ি গ্রেফ্ভার করিয়া লইয়া গেলেন, আমি ভাবিলাম, ভিনি এবার আপনার বিবাহ না দিয়া কিছুতেই ছাড়িবেন না—ফাঁড়া কাটাইয়া আসিয়াছেন ত ?"

হেমনলিনী অক্ষয়কে বিরক্তিদৃষ্টিদারা বিদ্ধ করিল।

অন্নদাবারু কহিলেন, "অক্ষ্ম, রমেশের পিতৃবিয়োগ হইগাছে !"

রমেশ বিবর্ণমুখ নত করিয়া বসিয়া রহিল।
তাহাকে বেদনার উপরে ব্যথা দিল বলিয়া
হেমনলিনী অক্ষয়ের উপর মনে মনে ভারি
রাগ করিল। রমেশকে তাড়াতাড়ি কহিল,
"রমেশবার, আপনাকে আমাদের নৃতল আল্বম্থানা দেখান হয় নাই।" বলিয়া আল্বম্ আনিয়া রমেশকে টেবিলের একপ্রাস্তে লইয়া
গিয়া ছবি লইয়া আলোচনা করিতে লাগিল
এবং একসময়ে আস্তে আস্তে জিজ্ঞাসা
করিল, "রমেশ্বার, আপনি বোধ হয় নৃতন
বাসায় একলা থাকেন।"

त्राम करिन, "दां !"

হেমনশিনী। আমাদের পাশের বাড়ীতে আঁসিতে আপনি দেরি করিবেন না।

রমেশ কহিল, "না, আমি এই দোমবারেই নিশ্চয় আদিব।" হেমনলিনী। মনে করিতেছি, আমা-দের বি.-এ.র ফিলজফি আপনার কাছে মাঝে মাঝে বুঝাইয়া লইব।

রমেশ তাহাতে অত্যন্ত উৎসাহ প্রকাশ করিল। ওদিকে অন্নদাবাবু অক্সমনস্ক অক্ষয়কে ধরিরা তাঁহার অজীর্ণরোগের নানাপ্রকার লক্ষণ বিস্তারিত করিয়া বিবৃত্ত করিতে লাগিলেন। এই কুদ্র পরিবারের মধ্যে অক্ষয় অন্নদাবাবুকে এম্নি করিয়াই বশ করিয়াছিল। প্রায়ই দেখা হইবামাত্র সে উৎকৃষ্টিতভাবে অন্নদাবাবুকে জিজ্ঞাসাকরিত—"আপনাকে অত্যন্ত কাহিল দেখিনতেছি বে!"

তৎক্ষণাৎ অয়দাবাবুরও স্বর ক্ষীণ হইয়া আসিত। তিনি রাত্রের অনিজ্ঞা, সকালের স্বল্লাহার, তিনচারিদিনের স্থানবন্ধ উল্লেখ করিয়া নিজের বর্ত্তমান অবস্থাকে অত্যস্ত শোচনীয় বলিয়া প্রতীয়মান করিয়া তুলিতেন। অক্ষয় মাথা নাড়িয়া বলিত, "কিছুদিন আপনার বায়ুপরিবর্ত্তন করা একাস্ত দরকার হইয়াছে—এথানে আপনার শরীর কিছুতেই সারিবে না।"

তাঁহার স্বাস্থ্যস্বন্ধে এইরূপ নৈরাশ্রজনক কথা শুনিয়া অক্ষয়ের উপরে তিনি খুব খুসি হইতেন—হেমনলিনীর প্রতি অঙ্গুলিনির্দেশ করিয়া বলিতেন—"বায়ুপরিবর্ত্তনেই বা যাই কেমন করিয়া!"

অক্ষর বিমর্থ হইয়া কহিত, "তাও ত দেখিতে পাইতেছি—আপনি গেলে এদিক্-কার চলে কি করিয়া !"

এইরূপে নিজের শরীরসম্বন্ধে সমস্ত আশা এবং উপারের পথ অবরুদ্ধ সপ্রমাণ করিয়া অয়দাবাবু অক্সরকে থাইয়া যাইবার জন্ম পীড়াপীড়ি করিতেন। অধিক পীড়া-পীড়ি করিতে ইইত না।

ઢ

রমেশ পুর্বের বাসায় আসিতে বিলম্ব করিল না।

ইংার আগে হেমনলিনীর দক্ষে রমেশের যতটুকু দ্রভাব ছিল, এবারে তাহা আর রহিল না। দেখিতে দেখিতে উভয়ের মধ্যে স্বজনস্থাভ অসকোচসম্বন্ধ স্থাপিত হইয়া গেল। রমেশ যেন একেবারে যরের লোক। হাসি-রকীতৃক নিমন্ত্রণ-আমন্ত্রণ খুব জমিয়া উঠিল।

অনেককাল অনেক পড়া মুথস্থ করিয়া ইতিপুর্বে হেমনলিনীর চেহারা এক প্রকার কাণভসুর গোছের ছিল। মনে হইত, যেন একটু জোরে হাওয়া লাগিলেই শরীরটা কোমর হইতে হেলিয়া ভাঙিয়া পড়িতে পারে। তথন তাহার কথা অল্প ছিল, এবং তাহার সঙ্গে কথা কহিতেই ভয় হইত পাছে দামান্ত কিছুতেই সে অপরাধ লয়।

আয় কয়েকদিনের মধ্যেই তাহার আশ্রুণ্য পরিবর্ত্তন হইয়াছে। তাহার তকু দেহলতা যেন কোন্ গৃঢ় বদস্তের বাতাসে পল্লবিত মুক্লিত হইয়া উঠিল। তাহার পাংশুবর্ণ কপোলে লাবণ্যের মস্থাতা দেখা দিল। তাহার ছটি চক্ষু এখন কথায় কথায় হাস্ত-চ্ছেটায় নাচিয়া উঠে। আগে সে বেশভ্ষায় মনোযোগ দেওয়াকে চাপলা, এমন কি, অস্তায় মনে করিত। এখনকার বেশবাহলাবিলাসিতা-সম্বন্ধে সে অনেকসম্বে ভীব্র-ভাষায় আপনার প্রতিকৃল মস্তব্য প্রকাশ করিয়া আল্লাবাবুর প্রশংসাভাজন হইয়াছে।

এখন কারো সঙ্গে কোন তর্ক না করিয়া কেমন করিয়া যে তাহার মত ফিরিয়া আদি-তেছে, তাহা অন্তর্গামী ছাড়া আর কেছ বলিতে পারে না। এখন তাহার জামায়-কাপড়ে রেশমের আভা ও রঙের বৈচিত্র্য দেখা যায়, তাহার চুলবাঁধায় নৃতন নৃতন পরিচয় পাওয়া देनश्रुरगात्र যাইতেছে, এমন কি, কোন কোন বিশেষ দিনে তাহার বস্থাঞ্চলসঞ্চলিত বায়ুহিল্লোলে কুঞ্জকাননের পুষ্পদৌরভম্বতি ঘাণেক্রিয়দ্বারে আঘাত করিয়া যায়। নদী যেমন নববর্ষায় ভরিরা উঠিতে থাকে এবং তাহার তটভূমি খ্যামল তৃণে-গুল্মে বিঠিত হইয়া হেমনলিনী হঠাৎ আজকাল আবেগে, স্বাস্থ্যের বিকাশে ও সাজসজ্জার পারিপাটো তেম্নি পরিপূর্ণ হইয়া উঠিল। উপযুক্ত ব্যক্তির কাছে কলেজপাঠ্য ফিল-জফিগ্রন্থের অর্থ বুঝাইয়া সইতে গিয়া যে মাহুষের এমনতর অভূতপূর্ব্ব রূপাস্তর-ভাবা-স্তর ঘটিতে পারে, তাহা চিস্তা করিয়া দেখিলে নিঃসম্পর্ক বাক্তিরা বোধ করি কৌতুক অমুভব করিবেন।

কর্ত্তব্যবোধের দারা ভারাক্রাস্ত রমেশও বড় কম গন্তীর ছিল না। বিচারশক্তির প্রাবল্যে তাহার শরীরমন যেন মছর হইয়া গিয়াছিল। আকাশের জ্যোতির্ময় প্রহঁতারা চলিয়া-ফিরিয়া ঘুরিয়া বেড়াইতেছে, কিন্তু মানমন্দির আপনার যন্ত্রতন্ত্র লইয়া অত্যন্ত সাবধানে স্তর্ক হইয়া বিসয়া থাকে—রমেশ সেইরূপ এই চলমান জগৎসংসারের মাঝথানে আপনার পুঁথিপত্র যুক্তিতর্কের আয়োজনভারে স্তিত্তিত হইয়া ছিল, তাহাকেও আজ এতটা

হান্ধা করিয়া দিল কিসে ? সেও আজকাল সব সময়ে পরিহাদের সহত্তর দিতে না পারিলে হোহো করিয়া হাসিয়া উঠে। তাহার চুলে এখনো চিরুণি উঠে নাই বটে, কিন্তু তাহার চাদর আর পূর্বের মত ময়লা নাই। তাহার দেহে-মনে এখন যেন একটা চলংশক্তির আবির্ভাব হইয়াছে।

এত-বড় শক্তির লীলা বেধানে চলিতেছে, তাহার পাশেই চাহিরা দেখ, সেধানে সৃমস্ত বেমন, তেম্নিই আছে। অরদাবাব্র পাক্যন্ত্র পর্যাপ্তপরিমাণ জারকরসের অভাবে পূর্বের মতই হশ্চিস্তা ও হঃস্বপ্ন রচনা করিতেছে। তাঁহার অতি নিকটেই যে মাধুর্যা উদ্বেলিত হইয়া উঠিয়াছে, তাহা তাঁহাকে স্পর্শন্ত করে নাই। পিতার অবর্ত্তমানে রমেশের বিষয়-সম্পত্তির কিরূপে ব্যবস্থা হইয়াছে ও হওয়া উচিত, তিনি তাহারই আলোচনা করিতে-

ছেন। রমেশকে অন্থরোধ করিয়া কাগজপত্ত আনাইয়া লইয়াছেন—একটি থাতা করিয়া তাহাতে সমস্ত নোট করিয়া লইতেছেন এবং বেথানে থট্কা ঠেকিতেছে, উকীল বন্ধ্র কাছে তাহার মীমাংসার জন্ম ছুটিতেছেন।

আর অক্ষয়! একই হাওয়ায় একদিকে
ফুল ধরিতেছে, আর অক্ষয়ের দিকে কেবল
কণ্টক উদগত হইতেছে। তাহার চকু
দগ্ম হইয়া গেল, তুবু সে রমেশ ও হেমনলিনীর দিক্ হইতে তাহার চোথ ফিরাইতে
পারিতেছে না।

আগে অক্ষয়ের প্রতি হেমনলিনীর একটা স্থাপাষ্ট বিভ্ন্না ছিল, এখন আনন্দের উপার্য্যে হেমনলিনী তাহার সঙ্গেও হাসিয়া কথা কর, কিন্তু এইটুকু অন্তগ্রহের উত্তেজনায় যে কুধা বাড়াইয়া তোলে, তাহা পরিভ্রপ্ত করিতে পারে না।

ক্রমশ।

স্বপ্নতত্ত্ব।

শ্বপ্ন নিদ্রার চিরসহচর। নিদ্রার আবৈশে
শরীর যথন বিবশ ও অবসন্ধ হইতে আরম্ভ
করে, তখন বাহুজগতের জ্ঞান অম্পষ্ট হইতে
অম্পষ্টতর হইরা ক্রমশ বিলীন হইন্না যান্ন,
অবসাদভরে ইক্রিরসকল অবশ ও স্তব্ধ
হইন্না আইসে, স্থতরাং বাহুবস্তর সম্বন্ধে
আমাদের ধারণাও বিলুপ্ত হইতে থাকে।
কারণ ইক্রিরের সহিত পদার্থের যোজনা না
হইলে বাহুবস্তর জ্ঞান জন্মে না। নিদ্রার
কোমলম্পর্শে যথন বাহিরের চঞ্চলতা শাস্ত

হইয়া যায় এবং শারীরিক ও মানসিক রাজ্যের নিয়য়ী ইচ্ছাশক্তি সাময়িক অবসাদে অভিত্ত হইয়া পড়ে, সেই অবস্বরে শ্বপ্র মনোমঞ্চে বাস্তবের এক বিরুত অভিনয় করিয়া লয়। কিন্তু এই দীন অভিনয়ের জন্মও চৈতন্ত আবশুক। শরীরয়ন্ত নিজার প্রভাবে নিজিয় হয়, কিন্তু মন নিজিয় হয় না। নিজা—শরীরের জন্ত, মনের জন্ত নহে। তবে প্রভেদ এই বে, জাগ্রদবস্থায় মন ইচ্ছা-শক্তির ঘারা নিয়মিত, নিজিতাবস্থায় এই

নিয়মিকা শব্দির অভাবে মন শ্লথরশ্রি অধের স্থায় ইতন্তত সঞ্চালিত হইতে থাকে। এইজস্থই স্বপ্নে নানাবিধ অভুত চিত্রের সমা-বেশ দেখিতে পাওয়া যায়। স্থপ্নসকল কিরপে নিমমিত হয়, বর্তমান প্রবদ্ধে আমরা সংক্ষেপে তাহাই বুঝিতে চেষ্টা করিব।

স্বপ্নতত্ত্বিদ্গণের মধ্যে প্রসিদ্ধ দার্শনিক সালির (Sully) স্থান অতি উচ্চে। যে সকল কারণে স্বপ্নদর্শন ঘটিয়া থাকে, সালি তাহাদিগকে হুইভাগে বিভক্ত করিয়াছেন:-(Peripheral) 9 (central)। অর্থাৎ অনেক স্বপ্ন বহিরিন্সি-য়ের উত্তেজনার দারা (প্রান্তঙ্গ) এবং অনেক স্বপ্ন স্বার্থিক যন্ত্র ও মস্তিক্ষের কম্পন ও গতির (movements) দারা (কেন্দ্রজ) উৎপন্ন হইয়া থাকে। নিদ্রিতাবস্থায় শরীরের বহিঃ-প্রদেশে উত্তেজনা হইলে নানাবিধ স্বগ্নের উংপত্তি হয়। ডাঃ মরে এ সম্বন্ধে অনেক পরীকা করিয়াছেন। বাক্তিকে কোন নিদ্রিত করাইয়া তিনি তাহার শরীরে বিভিন্ন প্রকারের উত্তেজনা প্রয়োগ করিতেন: প্রতি উত্তেশনার পরেই নিদ্রিতকে জাগ্রত করিয়া তাহার স্বপ্ন অবগত হইতেন। ডাঃ গ্রেগরি, পায়ের নিকট উষ্ণজল থাকায়, স্বপ্ন দেথিয়াছিলৈন, যেন তিনি ভীষণ এত্নার মুখোদ্গীর্ণ অগ্নিময় পদার্থের উপর ভ্রমণ করিতেছেন। অৰু এক ব্যক্তি নিদ্ৰাকালে জাত্ব অনাবৃত থাকায় স্বপ্ন দেখিয়াছিলেন বে, তিনি গাড়িতে ভ্রমণ করিতেছেন (গাড়িতে বেড়াইবার সময় জালুদেশে ঠাণ্ডা লাগে)। বে সকল উত্তেজনার কথা এখনে वना इंटेन, जाहा वाक्रभमार्थक कुंक उर्भन्न।

কিছ প্রান্তজ উত্তেজনা বাহুপদার্থকর্ত্তক উৎপন্ন না হইতেও পারে। মনোবিজ্ঞান-বিদ্গণের মতে বাহ্য উত্তেজনা ব্যতি-বেকেও অনেকসময় স্বায়বিক উত্তেজিত হয়। নিজাগমের অবাবহিত পূর্বে শরীর যথন তক্রাভরে অবশ হইয়া পড়িতে থাকে, তথন, অনেকে শ্বরণ করিতে পারিবেন, নানাপ্রকার দুগু যেন চকুর সমকে উপনীত হয়। অস্তান্ত ইন্দ্রিয়ের অপেকা চক্র-রিশ্রিষ্ট তথন অধিকতর উত্তেজিত হইয়া উঠে। কারণ জাগ্রদবস্থায় চক্ষুই সকল ইন্দ্রিয়ের অপেক্ষা অধিক ব্যবহৃত হয় এবং অলেই এইজগুই নিদ্রার তাহার উত্তেজনা ঘটে। অব্যবহিত পূর্ব্বে এবং স্মপ্তাবস্থায় নানাবিধ "দৃগ্র"-দর্শন ঘটিয়া থাকে। অত্রুব বাহ্ উত্তে-জনার অভাবেও সায়বিক যন্ত্রের প্রান্তদেশ (চকু, কর্ণ ইত্যাদি) উত্তেজিত হইতে পারে। নিদ্রাকালে শরীরস্থ পেশীসমূহের বিশেষ বিশেষ অবস্থাবশত অনেক প্রান্তজ উত্তে-জনার সৃষ্টি হয় এবং তৎকর্ত্তক অনেক স্বপ্ন নিয়ন্ত্রিত হইয়া থাকে। নি ডিতাবস্থায় অঙ্গদঞ্চালন এবং শরীরের স্থুথকর .অথবা অস্বথকর সংস্থানহেতু শারীরিক স্বপ্ন উৎপন্ন হয়। অর্থাৎ নিদ্রিত ব্যক্তি অনেক শ্রমসাপেক্ষ কার্য্য সম্পন্ন করিতেছেন, এইরূপ স্থপ্ন দেখেন। শরীর্ঘদ্রের বিশেষ অনেক প্রান্তজ বিশেষ অবস্থা জনার সৃষ্টি করে এবং এই সকল উত্তেজনা হইতে বিভিন্ন স্বপ্নের উৎপত্তি হয়। কুধার্ত্ত বাক্তি তৃথিকর ভোজের স্বপ্ন দেখে। স্থলীর অবস্থাবিশেষে এই স্বপ্ন হর। স্বপ্রের সৃহিত শরার্যন্তের ঘনিষ্ঠ সম্বন্ধ

থাকায়, রোগীর স্থপ্ন অনেক সময়ে রোগ-নির্ণয়ে সহায়তা করে।

কেন্দ্রজ উত্তেজনা হুইপ্রকার:-নিরপেক (direct) এবং সাপেক (indirect)। নিরপেক্ষ কেন্দ্রজ উত্তেজনার দারা যে সকল স্থপ্ন উৎপাদিত হয়, তাহা বহিরিশ্রিয়ের উত্তেজনার অপেক্ষা করে না। এই সকল ৰপ্ন মন্তিকের ৰপ্ৰবৰ্ত্তিত (automatic) ক্রিয়ার ফল। কখন কখন বহুকালবিশ্বত लाक वा घटना अक्षरपारंग मुष्टे इर्देश थारक। ইহাই নিরপেক উত্তেজনার দৃষ্টান্ত। সাম্বিক यञ्ज मिर्छिक । वाक्यानार्थित मध्य मः रयोग-সাধন করে,—বাহ্বস্ত স্বায়বিক যন্ত্রকে উত্তেজিত করে, সায়বিক যন্ত্র উত্তেজিত হইয়া মস্তিক্রকে উত্তৈজিত করে—তার পর উক্ত বাহুপদার্থের জ্ঞান হয়। স্নায়বিক যদ্রের স্বভাব এই, একবার উত্তেজিত হইলে সে উত্তেজনাশান্তির পরে অনেকদিন পর্যান্ত সম্মবিশেষে বাহ্যস্ত ব্যতিরেকেও একই ভাবে পুনরায় উত্তেজিত হইতে চাহে। मित्तत्र दिनात्र अकि जिनिम दिनाम। উক্ত জ্বিনিসটি আমার নয়নস্থ স্নায়ু ও তন্মধ্যস্থ কোষসমূহকে উত্তেজিত করিল। কিছুক্ষণ পরে উক্ত উত্তেজনার শাস্তি হইল। কিন্তু মায়বিক্যপ্রস্থ যে সকল কোষ (cells) উত্তৈজিত হইল, কিছুদিন পর্যাস্ত তাহাদিগের আপনিই উত্তেজিত হইবার দিকে কোঁক (tendency) থাকে। রাত্রিতে যথন কোন প্রতিবন্ধক থাকে না, তথন তাংারা উত্তে-জিত হইয়া উক্ত পদার্থটির স্বপ্ন উৎপন্ন করে।

হুইটি পদার্থ একই সমর্মে অথবা উপ্যুদ্দি পরি আমাদের গোচর হুইলে, উভয়ের ভিতর

এক ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপিত হয়। একটি পদার্থ ইন্দ্রিরগোচর হইবামাত্র দিতীয়টির শারণ হইতে থাকে। মেঘ এবং বৃষ্টি, একটি অপরটিকে স্মরণ করাইয়া দেয়। ফুলের রূপ ও গন্ধ এই-ভাবে সম্বন্ধ। এতহভয়ের মধ্যে এরূপ সাহচর্যা যে, দুরে একটি পরিচিত পুপা দেখিলে, তাহার গন্ধ আমাদের নাসিকায় ना शृंहहित्वअ, त्मरे शत्कत्र कथा आमारमत মনে পড়ে। আবার পুষ্পটি আমাদের নয়ন-পথে পতিত না হইলেও, গন্ধ পাইবামাত্র তাহার আকৃতি আমাদের মন-চকুর সমীপে উপস্থিত হয়। এই একতামুভবজনিত সম্বন্ধকে ভাবামুবন্ধিতা (association of ideas) বলে। মনে যেমন ভাবসমূহের ভিতর পরম্পরামুবন্ধিতা স্থাপিত হয়, ভিন্ন ভিন্ন সায়বিক প্রদেশের ভিতরও ঐক্লপ সম্বন্ধ স্থাপিত হয়। এক প্রদেশের উত্তেজনা হইলে অমনি অক্তপ্রদেশের উত্তেজনাও তৎসঙ্গেই হইয়া থাকে। পদার্থের বিভিন্ন-গুণকর্ত্ব বিভিন্ন সায়ুর উত্তেজনা হয়। পদার্থের রূপের বারা যে স্বায়ুদমূহ উত্তেজিত হর, গন্ধের ঘারা সে স্নায়ু উত্তেজিত হর না. তজ্জ্য স্বতন্ত্র সায়ু নিযুক্ত আছে। আলোক-রশি চকুর সায়ুনমুদরকে উত্তেজিত করে. শক্তরঙ্গ কর্ণস্থ স্বায়ুসমূহে আঘাত করে। গরাম্বভূতির উৎপাদক অণুসমূহ নাসিকাস্থিত সায়ুরাজির উত্তেজনা করে। যখন বিভিন্ন গুণ সর্বাদা একতাবস্থান করে এবং একতা বা উপযুত্তবি অন্তত্ত হয়, তখন সেই অমুভূতিবহ স্নায়ুসমুদরের মধ্যে একটা খনিষ্ঠ সম্বন্ধ সংস্থাপিত হইয়া যায়। তন্মধ্যে একটি সায়্র উত্তেজনা হইলে অপর রায়ুসমূহ

একেবারে উত্তেজিত হয়। যেমন পাচক-ৰাহিত স্থাত দূর হইতে দর্শন করিলে, কেবল যে চকুর সায়ু উত্তেজিত হয় এমন নহে, তৎসঙ্গে নাসিকার স্নায়ু, রসনার স্নায়ু এবং হস্তবস্থ সায়ু উত্তেজিত হইয়া উঠে। কেন না, এই সমস্ত স্বায়ু ভোজনের সময় একত্র ক্রিয়া করিয়া থাকে। ভোজনের সময় দর্শন, ছাণ, আস্থাদন এবং থাছগ্রহণ-ব্যাপার যুগপৎ নিষ্পন্হয়। ভাবসম্হের ভিতর এইরূপ অমুবন্ধিতা এবং সাম্বিক প্রদেশের এই একত উত্তেজনার প্রবৃত্তি হইতে "দাপেক" উত্তেজনার সৃষ্টি হইয়া অনেক স্থপ্ন ইয়। বাহ্ন উত্তেজনা অথবা নিরপেক্ষ কেন্দ্রজ উত্তেজনার দ্বারা স্বপ্ন প্রবর্ত্তিত হয়। অতঃপর, স্বপ্নবোগে মনোমধ্যে যে সকল ভাবের আবির্ভাব হয়, ঐ সকল ভাবের সহিত সংশ্লিষ্ট অন্যান্য ভাবপরম্পরা স্বত মনকে অধিকার করে। এই কারণেই জাগ্রদবস্থায় যে বিষয় স্মরণ করা যায় না, অনেকসময় স্বপ্নকালে তাহার স্মরণ হয়।

অনেক স্বপ্নে পূর্বাপরের সহিত সম্বদ্ধাতাব লক্ষিত হয়। এইরপ অসম্বদ্ধ অর্থশৃত্য স্বপ্নের কারণ এই যে, জাগ্রদবস্থায় ইচ্ছাশক্তি ক্রিয়া করে, বিভিন্নপদার্থজাত বিভিন্ন অন্নভূতির ভিতর মন ইচ্ছাশক্তির সাহায্যে সম্বদ্ধাপন করিয়া লয়। জাগ্রদবস্থায় মনোযোগ ইচ্ছাশক্তির বারা পরিচালিত ও নিয়ন্তিত হইয়া বাহ্বস্কজানের মধ্যে একটা অবিচ্ছিন্ন শৃত্যালা স্থাপন করে। স্বপ্নে ইচ্ছাশক্তির অভাব, স্বত্রাং মন স্বপ্নের বিষয়সমূহের মধ্যে শৃত্যালাক্ষার করিতে পারে না, পরন্ত নিজেই তদ্ধারা নিয়ন্তিত হয়। ইচ্ছা-

শক্তির অভাবে মন উচ্ছুখ্লভাবে বিষয় হইতে বিষয়ান্তরে বিক্ষিপ্ত হইতে থাকে। এইরূপ নানা বিষয় হইতে সঞ্চলিত অম্ভূত, অসম্বন্ধ ও অর্থশূতা স্বপ্নের উৎপত্তি এই সকল অসম্বদ্ধ স্বপ্নের দর্শন-কালে যে আমাদের দেশকালের না, তাহা নহে। স্বপ্নে পদার্থকে আমরা স্থানব্যাপী বলিয়াই মনে করি এবং ঘটনাবলীও সময়ে ঘটিতেছে বলিয়াই জ্ঞান হয়। কিন্তু দেশ ও কালের মধ্যে কোন একটি পনার্থের নির্দিষ্ট স্থান বা সমর সম্বন্ধেই আমরা ভুল করি। পদার্থটি অসীম দেশের (space) কতটুকু ব্যাপিয়া রহিয়াছে, এবং ঘটনাটি অনস্তকালের (time) কতটুকু অধিকার করিয়া আছে— তাহাই আমাদের ঠিক ধারণা হয় না। অসম্বন্ধ স্বপ্নে প্রধানত কার্য্যকারণসম্বন্ধের অভাব লক্ষিত হয়। কার্য্যকারণসম্বন্ধজ্ঞানে বিচারশক্তির (reasoning) প্রয়োজন। স্বপ্নে বিচারশক্তি স্থা, কাজেই কার্য্যকারণ-সম্বন্ধের ধারণাও অন্তর্হিত।

অনেক স্বপ্নে পূর্ব্বাপরের ভিতর বেশ সম্বর্ক থাকে। কাড ওয়ার্থ প্রভৃতি অনেকে বলেন যে, মানবাত্মার গুপুশক্তি (occult power) আছে, তদ্বারাই এইরপ সম্বর্ত্ত স্থপ্রের উৎপত্তি হয়। জাগ্রানবস্থার স্থার স্থার্প্র আমানের চিস্তার ভিতর অনেকসময় শৃঙ্খলা দৃষ্ট হয়। স্বপ্নের বিষয়সমূহ অনেক সময়ে আপনা হইতেই শৃঙ্খলাবিস্তস্ত ও সম্বর্দ্ধ হয়া যায়। কাণ্ট বলেন, স্বপ্নের উপাদানাবলীর উপর মনের ছাপ (forms) পড়ে—তাই শৃঙ্খলার উৎপত্তি। কিন্তু নিদ্রাকাশ্বে

ইচ্ছাশক্তি যথন বিলুপ্ত, তথন এই ছাপ দেয়
কে ? এই প্রশ্নের সম্ভোষজনক উত্তর না
হওয়ায়, কেহ কেহ ভাবাহ্যবিদ্ধতার ঘারা
ভাহার মীমাংসা করিতে চেষ্টা করিয়াছেন।
যে সকল ভাব নিত্যসংশ্লিষ্ট, স্বপ্নকালে মনে
ভাহার কোন একটি ভাবের আবির্ভাব হইলে,
সেই সকল ভাবপরস্পরা আপনা হইতেই
আবির্ভূত হয়। স্বপ্নে চিরপরিচিত কোন
বন্ধ্র মুখখানি মনশ্চক্র সমীপে, উপস্থিত
হইল, অমনি ভাহার কঠস্বর, ভাহার ব্যবহার,
ভাহার সহিত সংশ্লিষ্ট অনেক বিষয় যুগপৎ
মনে পড়ে।

উপরে স্বপ্নাবস্থায় মন নিশ্চেষ্ট থাকে, ধরা হইরাছে। কিন্তু অনেক সময়ে মন ক্রিয়াশীল থাকে। ক্রিয়ার্শীন থাকে বটে, কিন্তু ইচ্ছাশক্তির অধীনে নহে-প্রবল ভাবের (স্থথহ:খ, ভয়-ক্রোধ ইত্যাদির) কর্ত্ত্বাধীনে। শৃঙ্খলা ও নিরমের দিকে মনের ঝোঁক আছে। ইচ্ছার দারা নিয়ন্ত্রিত না হইলেও শুঙ্খলাহীনের ভিতর শুঙ্খলা এবং নিয়ম-বিহীনের ভিতর নিয়মের প্রতিষ্ঠা করার জন্ম মনের স্বাভাবিক প্রবৃত্তি রহিয়াছে। ইংরে-জিতে ইহাকে বলে—Feeling for unity বা একত্বের আকাজ্ঞা। এই একত্বের আকাজ্ঞা হইতে অনেক সুসম্বদ্ধ স্বপ্নের সৃষ্টি হয় । অনেক স্বপ্ন স্মরণ করিবার সময় আমা-দের মনে পড়ে,—শৃত্থলাবিহীন ঘটনাবলীর মধ্যে আমরা শৃঙ্খলার অন্তুসন্ধান করিয়া-ছিলাম। একস্বাকাজ্ফার প্রবৃত্তি ব্যতিরেকে আরও একটি প্রবৃত্তি স্বভাবত স্বপ্লসমূহকে নিয়ন্ত্রিত করিয়া থাকে। তাহাকে বলে Emotional harmony-প্রবশভাবের সাম্প্রস্থ-

বিধান। স্থা কথন স্থাপের, কথন ছাথের, কথন ভরের, কথন অভিমানের। এইরপ এক একটি প্রবল ভাবকে আপ্রম করিয়া অনেক সমরে স্থাপকল সভ্যটিত হইয়া থাকে। যে প্রবল ভাবটি যথন মনে জাগে, মন ভাহার বিপরীত ভাবকে প্রতিক্রদ্ধ করিয়া, কেবল সেই প্রবল ভাবের সহিত সমক্ষণীভূত ঘটনাই দর্শন করিতে থাকিবে। কেহ যদি স্থাপের স্থাপ্র দেখিতে থাকে, তবে কেবল স্থাপ্রর স্থাই ভাহার মনে আসিবে। এই বে মনোমধ্যে একই ভাব সংরক্ষণের প্রস্থৃতি, ইহার দারাও অনেক স্থাপদ্ধ স্থাপ্র উৎপত্তি হয়।

পূৰ্বে বলা হইয়াছে, স্বপ্লাবস্থায় জাগ্ৰ-দবস্থাপেকা স্পষ্টতরক্ষপে পদার্থসমূহের অহভূতি হয়। হাটলি ইহার হুই কারণ নির্দেশ করিয়াছেন—(১) দর্শনীয় বিষয়ের স্বাভাবিক অধিক স্পষ্টতা। চকুর দ্বারা যেরূপ স্পষ্টভাবে পদার্থের অহভূতি হয়, অন্ত কোন ইন্দ্রিয়ের দারা দেরপ হয় না। স্বপ্নে সাধারণত पर्भनीय **विषय्**रे अधिक शास्त्र। आमता 'স্বপ্ন দেখাই' বলি—'স্বপ্ন শোনা' বলি না। **८**३ मर्मनीय বিষয়ের আধিক্যবশতই আমাদিগের নিকট স্বপ্ন খুব স্পষ্ট বলিয়া প্রতীয়মান হয়। (২) জাগ্রদবস্থায় মানসিক ভাবকে আমরা বাছপদার্থ হইতে পুথক করিতে পারি। কেন না, তখন উভয়ই বর্তুমান। স্থাবস্থায় বাহাপদার্থের অভাব-বশত আমরা মানসিক ভাবকেই প্রকৃত বলিয়া মনে করি। মানসিক ভাব খভাবত স্পষ্ট নহে। কিন্তু বাহুপদার্থের অনুপশ্বিতি-বশত যথন মানসিক ভাব খুব স্পষ্ট হইয়া উঠে, তথন মানসিক ভাবকেই আমরা প্রাকৃত বহিঃস্থ পদার্থ বিলয়া জ্ঞান করি। নিদ্রাকালে স্বায়্মগুলী অরেই উত্তেজিত হয়।
অপ্রের স্বাভাবিক স্পষ্টতার ইহাও কারণ।
এই কারণেই স্বপ্নে ছোট জিনিসকে বড়,
অর স্থানকে প্রশস্ত স্থান এবং অর কালকে
দীর্ঘকাল বলিয়া বোধ হয়। জাগ্রানবস্থায়
ওঠনেশে আন্তে হস্তম্পর্শ করিলে স্বায়্ময়
সামান্ত উত্তেজিত হয় মাত্র, কিন্তু নিদ্রাকালে ওঠস্পর্শ করিয়া ডাঃ মরে ভয়ানক
দৈহিক কঠের স্বপ্ন উৎপাদন করিয়াছিলেন।

পরিশেষে এক অতি প্রয়োজনীয় বিষয়ের আলোচনা করিয়া আমরা প্রবন্ধের উপসংহার कतिव। अधात्रावानी मार्गनिकगण्यत मण्ड, স্বপ্ন জাগ্রদবস্থারই বিস্তৃতিমাত। মানবাত্মার স্বরূপ চৈতন্ত উভয়ত্রই বর্তমান। স্থপ্রসিদ্ধ नार्गनिक कान्छे वलन. जीवतनत व्यवमात्नरे স্থাের বিরতি সম্ভব। দেকার্ত্ত (Descartes) হইতে আরম্ভ করিয়া হামিণ্টন (Sir W. Hamilton) পর্যান্ত অধিকাংশ দার্শনিকই वर्णन, मानवमन कथनरे निजि रह ना, নিদ্রা কেবল বাহেন্দ্রিয়ের জন্ত। মানবাত্মার স্বরূপ চৈত্ত ; নিদ্রাবস্থায়ও মন ক্রিয়াণীল। যদিও সকল সময়ে আমরা স্বপ্ন স্মরণ করিতে ना পाति, उथानि निक्षिठ इटेलिटे मानव-মন স্বপ্ন দেখিতে থাকে। পরস্ত লক (Locke) প্রভৃতি সন্দেহবাদিগণ ববেন, যদি স্থপ্ন স্থরণ করিতেই না পারি, তবে স্থপ্ন দেখি কিরূপে বলিব ? কিন্তু তাঁহারা বুঝেন না বে, স্বপ্নদর্শনের সমস্ত বাহুলক্ষণ প্রকাশ ক্রিয়াও অনেকে জাগিরা স্বপ্নের বিষয় আদৌ শ্বরণ করিতে পারে না। নিদ্রিত ব্যক্তিকে হান্ত করিতে দেখিলে অথবা কথা

কহিতে ভনিলে, সে যে স্বপ্ন দেখিতেছে, তৎসম্বন্ধে কোন সন্দেহ থাকে না। কিন্তু অনেক সময়ে সে জাগ্রত হইয়া তাহার স্বপ্ন স্মরণ করিতে পারে না। এখন প্রশ্ন এই, দক্র নিদ্রাই কি স্বপ্নময়ী ?—অথবা স্বপ্নশুন্ত निजा कि अमुखद ? शामिन्छेन वर्णन रा. নিদ্রাগমের অব্যবহিত পূর্বে এবং নিদ্রা-ভঙ্গের অব্যবহিত পরে যথন মন কোন-না-কোন বিষয়ের চিন্তায় ব্যাপৃত থাকে দেখা যায়, তথন ইহা হইতে অমুমান করা যায় যে, নিদ্রাবস্থারও চৈতভোর বিলোপ হয় না। কিন্তু ইহার বিৰুদ্ধে অনেকে এই আপত্তি করেন যে, নিদ্রাভঙ্গের সময় অর্থাৎ জাগ-রণের অব্যবহিত পূর্ব্বে যে স্বপ্নের মত চৈতন্তের আভাদ পাওয়া যায়; তাহা জাগরণ ও নিদ্রার মধ্যবর্ত্তী অবস্থা-- অর্থাৎ নিদ্রার অচৈতন্ত হইতে স্বপ্নের অন্ধিচতন্তের, এবং সেই অন্ধিচতত্ত হইতে জাগরণের পূর্ণ-চৈতত্যের উদ্ভব হয়।

বর্ত্তমান সময়ে শারীরতত্ত্বের যথেষ্ট এবং মনোবিজ্ঞানের সহিত সমন প্রতিষ্ঠিত শারীরতত্ত্বের ঘনিষ্ঠ হইরীছে। মনোবিজ্ঞানের কোন শারীরবিভার প্রতিকৃল হইলে এখন আর তাহা সত্য বলিয়া গৃহীত হয় না। এথন প্রত্যেক মানসিক অবস্থার অমুরূপ সামবিক অবস্থা পরীক্ষাদ্বারা আবিষ্কৃত হইতেছে। মস্তিকের সহিত চৈতন্তের যে অতি নিকট সধন্ধ, তাহা বহুশ্রমদাধ্য পরীক্ষার দারা স্থিরী-কৃত হইয়াছে। আমরা যথন কোন বিষয়ে চিন্তা করি, তথন মন্তিষ্কে এবং স্বায়ুমণ্ডলীতে নানারপ ক্রিয়া চলিতে থাকে। স্বতরাং

যথন স্বপ্নদর্শন হয়, তথন মস্তিফের কোনরূপ অবগ্য লক্ষিত হইবে। ট্রপন-(Trepan)-নামক অন্ত্রের ঘারা মন্তিকের অবস্থাবিশেষ প্রত্যক করিবার হইয়াছে। উক্ত উপায়ে দেখা গিয়াছে, ব্রপ্রদর্শনের কোন বাহালকণ থাকে না, তখন মন্তিকের পদার্থ পাওুর (pale), সঙ্কৃচিত এবং রক্তশৃন্ত থাকে। কিন্ত যথন স্বপ্নের বাহলকণ বিভামান, তথন মতিক বর্দ্ধিতায়তন হইরা আধার হইতে বাহির হইয়া পড়ে এবং রক্তপূর্ণ হয়। নিদ্রাবস্থার সকল সময়ে মস্তিকের এইরূপ পরিবর্ত্তন দৃষ্ট হয় না। স্বপ্ন নিদ্রার নিতাসহচর হইলে, মন্তিকের শেষোক্ত-রূপ অবস্থা সকল সময়েই দৃষ্ট হইত। অত-এব মস্তিক্ষের রক্তহীন অবস্থা যদি স্বপ্নহীন নিদ্রার লক্ষণ বলিয়া বিবেচিত তবে স্বপ্নহীন নিজা সম্ভব মনে করিতে ब्हेरव।

শারীরতত্ত্বে যুক্তির দারা আমরা জানিতে পারিলাম যে, স্বপ্নদর্শনসময়ে মন্তিকে রক্ত-সঞ্চালন হইয়া থাকে। অতএব মস্তিকে শোণিতগঞ্চালন স্বপ্নদর্শনের ভিতর 8 যে ঘনিষ্ঠ সম্বন্ধ বিভাষান, তাহাতে আর সন্দেহ নাই। এখন প্রশ্ন এই, এতছভয়ের মধ্যে কোন্টি কারণ এবং কোন্টি কার্য্য ? জড়ব।দিগণ বলেন, স্থপ্ন মন্তিকে রক্তসঞালনের क्न। अधायितानी विलिद्यन, अक्षमर्भानत ফলেই মস্তিফে শোণিত সঞ্চালিত হইতে থাকে। জড়বাদিগণের মতে চৈতক্ত কেবল সামবিক ক্রিয়ার ফল। জড়বাদি অধ্যাত্মবাদি গণের মতসমালোচনা বর্তমান প্রবন্ধের উদ্দেশ্য নহে। তবে ইহা বলিলেই যথেষ্ট হইবে যে, যে জড়ের উপর ভিত্তিস্থাপন করিয়া জড়বাদিগণ আত্মার অন্তিম উড়াইয়া দিতে চাহেন, সে জড়ের কোন অস্তিম্বই নাই। বারাস্তরে জড়বাদিগণের মত সমালোচনা कत्रिवात देव्हा त्रिता।

শ্রীতারকচন্দ্র রায়।

মেঘোদয়ে।

দেখ চেয়ে গিরির শিরে
মেঘ করেছে গগন ঘিরে,
আর কোরো না দেরি!
ওগো আমার মনোহরণ,
ওগো রিশ্ব ঘনবরণ
দাঁড়াও তোমায় হেরি!
দাঁড়াও গো ঐ আকাশকোলে,
দাঁড়াও গো ঐ গুমনত্ন'পরে।
দাঁড়াও গো ঐ গুমনত্ন'পরে।

আকুল চোথের বারি বেয়ে
দাঁড়াও আমার নয়ন ছেয়ে,
দাঁড়াও আমার জয়জয়াস্তরে!
অম্নি করে ঘনিয়ে তুমি এয়,
অম্নি করে তড়িৎহাসি হেয়,
অম্নি করে উড়িয়ে দিয়ো কেম!
অম্নি করে নিবিড় ধারাজলে
অম্নি করে ঘন তিমিরতলে
আমায় তুমি কর নিরুদ্দেশ!

ওগো ভোমার দরশ লাগি', ওগো তোমার পর্শ মাগি', গুমরে মোর হিয়া। রহি রহি পরাণ ব্যেদে আগুনরেখা কেঁপে কেঁপে যায় গো ঝলকিয়া ! আমার চিত্ত-আকাশ জুড়ে বলাকাদল যাচ্চে উডে জানিনে কোন্ দুর সমুদ্রপারে! সজলবায়ু উদাস ছুটে, কোথাত গিয়ে কেঁদে উঠে পথবিহীন গহন অন্ধকারে ! ওগে। তোমার আঁন থেয়ার তরী, তোমার সাথে যাব অকুল'পরি, যাব সকল বাঁধন-বাধা-খোলা। ঝড়ের বেলা তোমার স্মিতহাসি লাগ্বে আমার সর্বদেহে আসি, তরাস-সাথে হরষ দিবে দোলা !

ঐ যেখানে ঈশানকোণে তড়িৎ হানে কণে কণে বিজন উপকূলে, তটের পারে মাথা কুটে'
তরঙ্গদল কেনিয়ে উঠে
গিরির পদম্লে,
ঐ যেথানে মেলের বেণী
জড়িয়ে আছে বনের শ্রেণী
মর্শারিছে নারিকেলের শাখা,
গরুড়সম ঐ যেথানে
উর্জাশিরে গগনপানে
শৈলমালা তুলেছে নীলপাথা,
কন আজি আসে আমার মনে
ঐথানেতে মিলে' তোমার সনে
বেঁধেছিলেম বছকালের ঘর,
হোথায় ঝড়ের নৃত্যমাঝে
টেউরের স্থরে আজো বাজে
মুগাস্তরের মিলনগীতিবর।

কেগো চিরজনম ভরে'
নিয়েছ মোর হৃদয় হরে'
উঠ্ছে মনে জেগে!
নিত্যকালের চেনাশোনা
কর্চে আজি আনাগোনা
নবীন ঘনমেথে!
কত প্রিয়মুথের ছায়া
কোন্ দেহে আজ নিল কায়া,
ছড়িয়ে দিল স্থগছথের রাশি,
আজ্কে যেন দিশে দিশে
কত জন্মের ভালবাসাবাসি!
ডোমার আমার বতদিনের মেলা,
লোকলোকান্তে যত কালের থেলা
একমুহুর্তে আজ কর সার্থক।

এই নিমেধে কেবল তুমি একা জগং জুড়ে দাও আমারে দেখা, জীবন জুড়ে মিলন আজি হোক্!

পাগল হ'মে বাভাস এল, ছিন্ন মেঘে এলোমেলো হচ্চে বরিষণ. জানি না দিগ্দিগস্তরে আকাশ ছেয়ে কিসের তরে চলছে আয়োজন! পথিক গেছে ঘরে ফিরে, পাথীরা দব গেছে নীড়ে তরণী সব বাধা ঘাটের কোলে. আজি পথের ছই কিনারে জাগিছে গ্রাম রুক দারে দিবস আজি নয়ন নাহি খোলে! শান্ত হ'রে শান্ত হ'রে প্রাণ, ক্ষান্ত করিদ্ প্রগল্ভ এই গান, স্তব্ধ করিস্বুকের দোলাছলি! इठार यनि इवात शूरन यात्र, इठार यनि इत्रय लाएग गांब তথন চেয়ে দেখিদ্ আঁখি তুলি!

প্রাচীন-জবলপুর-প্রদঙ্গ।

মধ্যভারতের প্লাচীন ইতিহাস তিমিরে আছের। যে প্রকাণ্ড জনপদ রামারণে দশুকারণা নামে অভিহিত, তাহা কোন্ সমরে প্রথমে লোকালরে পরিণত হইতে আরম্ভ হর, ইছা নির্ণর করা অতীব হংসাধা। রামারণে জ্ঞাত হওয়া যার, এই ভরাবহ হিংশ্রজন্তসঙ্কুল বনস্থলীতে অনেক মহর্ষির
আশ্রম ছিল। তন্মধ্যে জাবালি অভতম।
তাঁহার তপোবন হইতেই 'জাবালিপট্টন'
নামকরণ হয়। আধুনিক জবলপুর সেই
জাবালিপট্টনেশ্ব অপত্রংশমাত্র। মহর্ষি ও
তাঁহার শিশ্বগণের অন্তর্ধানের বহুকাল পরে

এ প্রদেশে বল্লভী ও প্রমার বংশীয় রাজপুতগণ রাজত্ব করিয়াছিলেন। প্রাচীন প্রস্তর-कनकानि इटेटल यलपुत ब्लाल इलमा शिमार्छ, তাহাতে বোধ হয় যে, এই ভূখণ্ড একাদশ ও স্থাদশ শতাব্দীতে হৈহয়বংশীয় রাজপুতগণের করতলগত ছিল এবং যোড়শ শতাব্দীতে গোলওয়ানারাজ্যের অস্তর্ভুক্ত হয়। তৎকালে গোন্দরাজপুত মধ্যভারতে সংগ্রামদাহের ন্ত্ৰায় প্ৰবলপ্ৰতাপশালী নরপতি ছিলেন না। তিনি বাহুবলে জব্বলপুরের স্থায় অর্দ্ধশত গড় বা প্রদেশে রাজ্যবিস্তার করেন। .সেই 'পময় হইতে জব্বলপুরের ইতিহাস গোল্রাজপুতগণের অভ্যুত্থান ও পতনের সহিত লিপ্ত।

ইতিহাসপাঠক অনেকেই অবগভ আছেন যে. গড়মওল (যাহা এক্ষণে মণ্ডলা নামে খ্যাত) পূর্ব্বে অসভ্য গোঁড় বা গোন্দজাতির রাজধানী ছিল। বিখ্যাত ঠগীদমনকারী সার উইলিয়াম শ্লিমান বহু যত্নে ও পরিশ্রমে এ রাজ্যের কথঞ্চিৎ ইতিহাস সংগ্রহ করেন।* কিরূপে এই প্রদেশ পার্বতীয় গোলজাতির নিকট হইতে রাজ-পুতদিগের হস্তগত হয়, তদিষয়ে তাঁহার বর্ণিত একটি স্থন্দর কিংবদন্তী আছে। যাদব রায় নামে এক সামাভ রাজপুত হৈহয়বংশীয় নরপতিদিগের অধীনে কর্মচারী ছিল। একদা সভি পাঠক নামক জনৈক জ্যোতির্বিদ ব্রাহ্মণ তাহার ভবিষ্যৎ গণনা করিয়া বলেন

যে. সে কোনকালে নিশ্চয়ই রাজা হইবে। উক্ত ব্রাহ্মণের উপদেশক্রমেই যাদব রায় পুরাতন প্রভূদিগকে পরিত্যাগপুর্বক গোন-রাজ নাগদেবের অধীনে নিযুক্ত হয় এবং ক্রমে তাঁহার বিলক্ষণ প্রিয়পাত্র হইয়া তাঁহার একমাত্র কন্তার পাণিগ্রহণ করে। নাগদেবের পুত্রসন্তান হইল না; পুত্রকামনায় যাগযজের अञ्चर्छान कताग्र देनववानी इट्टेन त्य, शामव রায়ই তাঁহার উত্তরাধিকারী হইবে। তদম-मारत. ७৫৮ थुः अर्क (मःव९ ४) । नागरनव গতাম্ম হইলে যাদব রায় নির্বিবাদে গোন্দ-ওয়ানার সিংহাসনে অধিরুঢ় হইলেন, এবং সমগ্র গোন্দজাতি তাঁহার অধীনতা স্বীকার করিল। সর্ভি পাঠক তাঁহার ভবিষ্যদ্বাণীর পুরস্কারস্বরূপ মন্ত্রীর পদ প্রাপ্ত হইলেন। এই যাদ্ব রায়ের বংশধরগণই গোন্দরাজপুত নামে বিখ্যাত। তাঁহারা প্রায় চতুর্দশ শতাকী গড়মগুলের সিংহাদনে উপবিষ্ট ছিলেন: এবং এতাবংকাল উক্ত সভি-পাঠকেরও উত্তরাধিকারিগণ মন্ত্রীর পদে প্রতিষ্ঠিত ছিল।

নহাত্মা শ্লিমানের চেষ্টায় রামনগরের কোন দেবমন্দিরের অভ্যস্তরে প্রস্তরফলকে থোদিত যাদররামপ্রমুথ প্রায় অদ্ধশত নরপতির নাম ও নির্দিষ্ট রাজত্কাল পাওয়া গিয়াছিল।

এই বংশের মদনসিংচ স্থপ্রসিদ্ধ মদন-মহলের নির্ম্মাতা। আধুনিক জববলপুরের

^{*} Vide Journal of the Asiatic Society of Bengal Vol. VI. pp. 621—646; also the Gazetteer of the Central Provinces of India edited by Charles Grant, 1870 A. D.

অনতিদুরে গিরিশৃঙ্গের উপর অভাপি এই রুমণীয় ভবন বিভাষান রহিয়াছে। জব্বল-পুর্যাত্রী প্রায় সকলেই এই স্থান দেখিতে যান; কিন্তু কাহার দ্বারা বা কোনু সময়ে ইহা নিশ্মিত হইয়াছিল, অনেকেই তাহার অনুসন্ধান করেন না। প্রকাণ্ড শিলাখণ্ডের স্তুপরাশি ভেদ করিয়া সর্পের স্থায় বক্রগতি পথ অবলম্বনে এস্থানে আরোহণ করিতে হয়। অনেকদুর এই গিরিপথ অতিক্রম প্রস্তররাশিবেষ্টিত এক রমণীয় কুদ্র সরোবর ও তাহার সমীপে একটি সামান্ত গৃহের ভগাবশেষ দেখিতে পাওয়া যায়। ইহা পূর্ব্বে বোধ হয় দাররক্ষকের আবাদ-স্থান ছিল। আরও কিঞ্চিৎ উর্দ্ধে মদন-মহলের সোপান। এই ত্রিতল প্রাসাদ অষ্ট শতাব্দীর ঝঞ্চাবাত ও ভূমিকম্প মস্তকে বহন করিয়া এখনও অভগ্ন অবস্থায় কেবল-মাত্র একথানি শিলাথণ্ডের উপর সমভাবে দগুায়মান আছে। প্রস্তর্থওও নহে, গোলাকার বর্তুলের স্থায়; তাহার উপরে অপূর্ব্ব কৌশলে মূলভিত্তিশৃন্ত এই অট্টালিকা স্থাপিত। এরপ নির্মাণপ্রণালী বোধ হয় আধুনিক স্থাপত্যবিদের বৃদ্ধির অগমা। গৃহের ছাদ ও দেওয়াল ইপ্টক ও প্রস্তরে মিশ্রিত। যে শিলাখণ্ডের উপর অট্টালিকা গ্রথিত, তাহার সংলগ্ন আর স্বরুহৎ শিলার উপরেও বাটীর কিয়দংশ বিস্তৃত। এই ছই শিলার সন্ধিস্থলে ক্ষেক্পংক্তি সোপান এখনও পূর্ববং রহিয়াছে। ইহা অবলম্বনে এক পথে প্রবেশ করিয়া কয়েক পদ অতিক্রম कतिरनं अकि क्ष अरकार्ध मृष्टे इश।

সোপানসাহায্যে আবার দ্বিভলে আরোহণ করিলে সম্থা স্থপ্রশস্ত ছাদ, তাহার পর বারাপ্তা ও একটি রৃহৎ ঘর। স্নানাগার ইহারই সংলগ্ন ও তাহার পশ্চাতে আর একটি কুল্র ঘর। ছাদ হইতে ত্রিতলে উঠিবার সোপান। ত্রিতলের কক্ষটি সর্বাপেক্ষা রৃহৎ; দৈর্ঘ্যে বিংশতি কুটের অধিক এবং প্রস্তে প্রায় দশফুট হইবে। তাহার সম্মুথে আবার একটি দালান। উর্দ্ধে নীল অনস্ত আকাশ—সমুথে যতদুর দৃষ্টিগোচর হয়, বিদ্যাচলের শৈলক্রেণী বিস্তৃত—নিমে স্কুদ্র নগরী ও সংসারের কোলাহল!

প্রবাদ এইরূপ যে, গড়মগুলের নুপতিগণ দারণ গ্রীমের সময় মদনমহলে আসিয়া বাস করিতেন। এখনও এই অট্টালিকার. চৃতু-র্দ্দিকে ভগ্নাবশেষ নিরীক্ষণ করিলে স্পষ্ট প্রতীয়মান হয় যে, ইহা পূর্ব্বে গিরিহর্গের ত্যায় স্থদূঢ়রূপে রক্ষিত ছিল। 'কোন কোন স্থলে ভগ্ন পাষাণময় প্রাচীর ও সিংহদার রহিয়াছে। এখনও বর্ত্তমান প্রাচীরদংলগ্ন রক্ষীদিগের আবাসগৃহ এখনও কিয়দংশ দৃষ্ট হয়। প্রাচীরের নিকটে একটি ভূগর্ভস্থ প্রকোষ্ঠ ও উহাতে অবতরণ করিবার সোপান এখনও ভগ্নাবস্থায় পতিত আছে। ইহা-বোধ হয় উত্তরপশ্চিম প্রদেশের তয়-থানা'র ভাষ রাজাদিগের মঁধ্যাহ্নকালীন বিশ্রামাগার ছিল। পাষাণময় প্রদেশে এরপ হর্ম্মারাজি নির্মাণ করা কিরুপ ব্যয় ও আয়াস সাধ্য, তাহা এস্থান দেখিলেই উপলব্ধি 🗩 হইবে। কিন্তু প্রিতাপের বিষয়, ইহা এক্ষণে জনশৃত্য-বত্যজন্তর বাসস্থান।

যে পর্বতশৃকোপরি মদনমহল নিশ্মিত,

তাহার পদতলে প্রায় হইমাইল বিস্তৃত এক প্রাচীন নগরীর ভগাবশেষ দৃষ্ট হয়। ইহা এককালে গডমগুলরাজ্যের রাজধানী ছিল। যে গ্রাম এক্ষণে সেই ভগাবশেষের উপর গঠিত হইয়াছে, তাহা অভাপি 'গড়' বলিয়া খ্যাত। এখনও এস্থানে সহস্রাধিক বাস-গৃহ আছে ও পঞ্চসহস্র লোক বসতি করে। কোন সময়ে এই পুরাতন নগরী নির্শ্বিত হইয়াছিল, তাহা নির্ণয় করা ছঃদাধ্য; তবে প্রবাদ এইরূপ যে, ইহা ছইনহস্র বৎসরের অধিক বর্ত্তমান আছে। রাজা দলপতিসাহ এস্থান হইতে রাজধানী স্থানান্তরিত করিয়া সিঙ্গোরগড়ে প্রতিষ্ঠিত করেন। সেই সময় হইতেই এই নগরীর অবনতির স্ত্রপাত হয়। এথানে পর্বতের পাদদেশে এখনও গঙ্গাসাগর ও বাইসাগর নামে রাজগণের থনিত ছইটি স্থন্দর সরোবর রহিয়াছে। **फानिएयन निर्के मार्ट्र यथन ১१२० थृः अरम** এই পথে পর্যাটন করেন, তথনও এই নগরী সমৃদ্ধিশালীছিল। তিনি বলিয়া গিয়াছেন বে, এই নগরে প্রস্তুত বালাসাহী মুদ্রা সমস্ত বুন্দেলথণ্ডে ব্যবহৃত হইত।

মদনসিংহের বংশধরগণের মধ্যে সংগ্রামসাহের রাজস্বকালেই এখানকার রাজপুতবংশের অভ্যাদর হইয়াছিল। ইংহারই
বাছবলে জকবলপুর, দামো, সাগর, নরসিংপুর, দিউনি, হোদেঙ্গাবাদ, ভূপাল
প্রভৃতি দ্বিপঞ্চাশং গড় বা প্রদেশ গড়মগুলরাজ্যের অন্তর্ভুক্ত হয়।

ইহার পর দলপতিসাহ। ইনি ১৫৪০ খৃঃ আন্দে জব্বলপুর হইতে প্রায় ২৬মাইল উত্তর্পশ্চিমে সিম্পৌরগড়নামক গিরিহুর্গে রাজধানী স্থাপিত করেন। প্রাতঃশ্বরণীয়া ছগাবতী ইহারই রাণী।

দলপতিসাহের মৃত্যুকালে তাঁহার পুত্র বীরনারায়ণ নিতান্ত নাবালক ছিলেন। স্কুতরাং তাঁহার পঞ্চদশবর্ষব্যাপী রাজত্বকালে রাণী তুর্গাবতীর হতেই শাসনভার গ্রস্ত ছিল। এই সময়েই গড়মগুলের উন্নতির চরম সীমা। রাণী তুর্গাবতী কঠোর অধ্যবসায় সহকারে ও বহুল অর্থবায়ে রাজ্যের স্থেসমূদ্ধি সমাক-প্রকারে পরিবর্দ্ধিত করিয়াছিলেন। অপত্য-নিবিশেষে প্রজাপালন করিয়া তিনি যে অক্ষর কীর্ত্তি সঞ্চয় করিয়া গিয়াছেন, তাহা কালের করাল স্রোতে ধ্বংস হইবার নহে। অভ্যাপি চরণদিগের গীতিকবিতায় তাঁহার গুণগ্রাম কীৰ্ত্তি হইয়া থাকে। এতদ্দেশ-বাসিগণ এ বংশের অস্থান্ত নরপতিগণের নাম পর্যান্ত ভূলিফা গিয়াছে, কিন্তু রাণী চুর্গাবতীর যশঃকাহিনা এপর্যান্ত বিশ্বত হয় নাই। প্রজাদিগের জলকষ্টনিরাকরণের জন্ম এই পাৰতীয় প্ৰদেশে তিনি যে বিশাল দীৰ্ঘিকা খনন করাইয়াছিলেন, তাহা অভাপি রাণী-তলাও নামে প্রসিদ্ধ।

রাণী হুণাবতীর অমূল্য জীবন ভারতের ইতিহাসে উজ্জল রত্ন। অহল্যাবাইএর স্থায় রাজ্যশাসনে তিনি যেরপে দ্রদর্শিতা ও কার্যাপটুতা প্রদর্শন করিয়াছিলেন, যুদ্ধক্ষেত্রেও সেইরপ চাঁদবিবি ও লক্ষীবাইএর স্থায় অমান্থবিক সাহস ও বীরত্ব দেখাইয়া গিয়াছেন। এখনও আদর্শ বীররমণীর দৃষ্টাস্ত-ম্বরূপে তাঁহার নাম উল্লিখিত হইয়া থাকে।

১৫৬৪ খৃঃ অন্দে কারা মাণিকপুরের মুসলমান শাসনকর্তা আসফ থাঁ দিল্লীর

বাদশাহের আজ্ঞামুদারে বহুসংখ্যক দৈল ল্ইয়া গড়মওল আক্রমণ করে। রাণী হুর্গাবতী তৎকালে সিঙ্গোরগড়ে বাদ করিতে-ছিলেন। তাঁহার দৈলসংখ্যা যবনবাহিনীর অপেকা অনেক অন ছিল। তথাপি তিনি অসমসাহদে মুদলমানদেনাপতির সলুথীন হইলেন: কিন্তু তাঁহার রাজধানী আয়-রক্ষার্থে তাদৃশ স্থবিধাজনক হইবে না বিবেচনা করিয়া মণ্ডলার নিকট একটি স্কুঢ় গিরিবত্মে আশ্রয়গ্রহণ করিলেন। প্রথমদিনের যুদ্ধে আসফ গাঁ পরাজিত হইল; कि क श्रविम आवात विश्वन छैश्मार वन-সংথ্যক কামান লইয়া রাণীকে আক্রমণ করিল। রাজপুতদেনা অকুতোভয়ে যুদ্ধ कतिल वटिं, किंछ अमरथा यवस्तत গতিরোধ করিতে সমর্থ হইল না। রাজী খীল যোদ্ধ বৰ্গকে আত্মরকার সময়প্রদানের জন্ম হস্তিপৃষ্ঠে আরোহণ করিয়া গিরিসন্ধটের করিতে লাগিলেন। তাহার সহচরগণ তাঁহাকে প্লাগ্ন করিল আলু-প্রাণ রক্ষা করিতে বছবিধ অম্পুনয় করিল; কিন্তু তিনি সে প্রস্তাবে কোনক্রমেই স্থাত হইলেন না। তাহার কমনীয় দেহ শক্র আঘাতে কতবিক্ষত হইয়া গেল; যবনের তীক্ষতীর তাঁহার চক্ষে বিদ্ধ হইল: তথাপি তিনি বিনুমাত্র পশ্চাৎপদ হইলেন না। কিন্ত হর্ঘটনা একাকী আইসে না: যে গিরিপথে তিনি দৈয় স্থাপিত করিয়াছিলেন, তাহার शक्ताखारण अकि भीर्ग शितिनमीत वान्-সৈকত পড়িয়াছিল। কয়েকদণ্ড পূৰ্বে তথায় বিনুমাত্র জল ছিল না। কিন্তু যথন ্রাজপুত বীরগণ আত্মরকার্থ সেই নদীমুথে

ধাবিত হইল, তথন মুহূর্ত্তমধ্যে কোথাঁ হইতে বক্তার স্তায় দলিলরাশি আদিয়া পড়িয়া ত্বই ক্ল প্লাবিত করিয়া দিল;—দন্তরণেও নদী পার হওয়। হুকর হইয়া উঠিল। তথন স্বীয় দৈশুগণের আদমমূত্যু চিস্তা করিয়া হুর্গাবতীর বীরহৃদয়ও বিচলিত হইল। তিনি আর কালবিলম্ব না করিয়া রাজপুতর্বমণীর চিরপ্রচলিতপ্রথাহুদারে দতীম্ব ও কুলগৌরব রক্ষার্থ হিন্তিচালকের নিকট হইতে তীক্ষ্পার থড়া গ্রহণপূর্ব্বক সেই থড়া স্বহন্তে নিজ বক্ষস্থলে বিদ্ধ করিয়া প্রাণত্যাগ করিলেন।

রাণী হুর্গাবতীর অমূল্য জীবনের স্হিত্ গড়মণ্ডলের স্বাধীনতা চিরদিনের জন্ম বিলুপ্ত হইল। আসাফ থা রাজালুঠন করিয়া আশাতিরিক্ত ধনণাভ করিয়াছিল; কথিত আছে. সহস্রাধিক হন্তী এই সময়ে তাহার হস্তগত হয়। যবন এই সম্পত্তিরাশির ম্পর্দায় এরপ ফীত হইয়া, উঠিল যে, সে গ্ডমগুলের স্বাধীন রাজা হইয়া প্রজাশাসন করিতে ক্বতসঙ্কল হইল। কিন্তু দিলীর সিংহাসনে তথন মোগলগৌরবর্বি আক্বর-শাহ উপবিষ্ট। তাঁহার দোর্দণ্ড প্রতাপে কুর্ম সেনাপতির প্রগল্ভতা অচিরে দমিত আসাফ খাঁ দিল্লীতে অগত্যা প্রত্যাগমন করিয়া বাদশাহের নিকট আত্ম-সমর্পণ করিল। দিলীশর • সংগ্রামশাহের স্থবিস্থত রাজ্যের দশটি বিভাগ করকবলিত করিয়া দলপতিসাহের ভ্রাতা চল্রসাহকে রাজ্যে প্রতিষ্ঠিত করিলেন। এই দশটি বিভাগই পরে ভূপালরাজ্যে পরিণত হয়। আইনি আক্বরীতে গড়মগুলরাজ্য মোগল-সামাজ্যের অন্তর্বর্তী মালবপ্রদেশের অংশ-

বিশেষ বঁলিয়া বৰ্ণিত হইয়াছে, কিন্তু ১৭৮১ খৃঃ অন্ধ পৰ্য্যন্ত রাণী হুৰ্গাবতীর বংশধরগণ দিলী- খরের অধীনতা নামমাত্র স্বীকার করিয়া প্রায় স্বাধীনভাবেই রাজ্যশাসন করিয়াছিলেন।

শ্রীমন্মথনাথ দে।

রদের স্বপ্নদর্শন।*

একরাতে দেখিত্ব স্থপন
বঁড় সাধ পাইতে যৌবন—
নিমেষের উদ্দাম আহ্লাদ
খুব ভাল হ'তে অবসাদ।
প্রুকেশে রাজ্যলাভ চেম্নে
স্থুখ আছে কৃষ্ণকেশে ধেয়ে।

যাক ঘুচে? কালের সন্মান, যাক থ্যাতি বলিয়া বিদ্বান, ছিঁড়ে ফেল জীবনের পাত জ্ঞান, জয় যাহে অঙ্কপাত; ভেঙে ফেল বিজয়পতাকা, মুছেঁ ফেল ললাটের টীকা।

হৃদদেরর উদ্ধাম শোণিত
, ক্ষণতরে, হোক প্রবাহিত
যৌবনের জালাময় স্রোতে
নাহি মানি বাধা কোনমতে।
স্বপ্রময় মাদক জীবন
নিমেরেরা, কর সমর্পণ।

— শুনিল তা দয়াল দেবতা,

মৃত্ব হাসি কহিলেন কথা—

"ছুঁই যদি তব শুত্রকেশ

নিমেষে ফিরিয়া যাবে বেশ।

জীবনযাত্রায় পিছুপানে

ফিরে যাবে গোপনে গোপনে।

"কিন্তু দেখ দেখি পথ চেয়ে
কিছু যদি লও সাথে ব'য়ে;
জীবনের তীর্থযাত্রা হ'তে
কেহ কিগো বারিছে ফিরিতে?
যদি থাকে এই বেলা দেখ,
যতক্ষণ কাছাকাছি থাক।"

— আহা, রমণীর শিরোমণি
 ভোমা বিনা জীবন না গণি !
 এক সাধ পারি না ছাড়িতে,
 হে দেবতা, লব সাথে সাথে
 সরবস্ব, অপর জীবন—
 প্রায় ব্যার অভাব মরণ !

* After Holmes' The Old Man Dreams.

--অগ্নিয় লেখনী লইয়া ইক্রধমুবর্ণে ভিজাইয়া লিখিলেন নীলিমার গায় "এই জন ছোট হ'তে চায়, এতথানি জীবনেতে নামি' তব তা'র হ'তে হ'বে স্বামী।"

- "বল দেখি খুঁজিয়া হৃদয় হাতাড়িয়া নিভূত নিলয়. আরো যদি কিছু থাকে সাধ তাডাতাড়ি পড়ে' গেছে বাদ। জীবনের ফিরে গেলে গতি ফিরে দিতে রবে না শক্তি।"

হাঁ হাঁ, আছে ; পুত্ৰকভাগণ ফেলে গেলে জনকের মন শোকভরে হইবে চঞ্চল. মুছি' স্থ দিবে অশ্ৰজল। আরো জীবনের উপার্জন. ল'ব সাথে তাদের কারণ।

—হাসিয়া দেবতা ফেলি' লেখা বলিলেন—"কোথাকার বোকা. ছেলে হ'তে সাধ গেছে মনে 'বাপ' হওয়া সাজিবে কেমনে, সাথে লবে বার্নক্যের সাধ জরাটুকু শুধু দিবে বাদ ?

"অবিমিশ্র স্থু চাও তুমি যাহা শুধু জানে স্বৰ্গভূমি !" হাসিলাম অপ্রস্তত-হাসি. দিল মোর স্থথনিজা নাশি। প্রাতে উঠে লিখিমু স্বপন প্রকেশ-বালক-কার্ণ।

শ্রীস্থকুমারচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

প্যারীচরণ সরকার।

জীবনরত।] *

বাঙ্লাভাষায় ছইএকথানি করিয়া বাঙালীর বঙ্গশিশু বলণ্টাইন্ জামিরে ডুবালের জীবন-জীবনচরিত - লিখিত হইতেছে; এখন আশা করা অসঙ্গত নহে যে, অচিরাং

চরিত পাঠের বিড়ম্বনা হইতে রক্ষা পাইবে। আমরা বালককালে বুঝিয়াছিলাম যে. ডেল্ট

শ্রীনবকৃষ্ণ যোব বি. এ. বিরচিত। সাহিত্যসেবকসমিতি হইতে প্রকাশিত। বঙ্গীর ছাত্রবুশের করকমলে শৃদ্পিত। ২০ কর্ণভয়। বিস ব্লীট সভুমনার লাইব্রেরীতে প্রাপ্তব্য। মূল্য ১।০ পাঁচ সিকা।

নগরের সারসপাথীর আচরণ দেখিয়া সস্তান-বংস্লতা শিথিতে হয়; আর পরিশ্রম, মিতা-হার, অধ্যবসায় প্রভৃতি গুণের দৃষ্টান্ত— বল্টাইন জামিরে ডুবাল প্রভৃতি কোন অজ্ঞাত সমাজের অজ্ঞাত-আচার ব্যক্তির নিকট হইতে পাওয়া যায়। অর্থাৎ কোন কোন বিষয় সমগ্ৰ মনুয্যুদমাজ হইতেও শিথিবার উপায় নাই; আর আমাদের বঙ্গদমাজ হইতে কোন দদ্ভণের শিক্ষাই হইতে পারে না। তাহাতেই বলিতেছিলাম, যদি ছুইএকথানি করিয়া বাঙালীর জীবন-চারিত লিখিত হয়, তাহা হইলে ঘোরতর শিকাবিজ্যনা হইতে আত্মাবমাননারপ ক্রমে বাঙালী বালকেরারক্ষা পাইতে পারে। বাঁহার৷ এইর প রক্ষক, তাঁহারা ধন্ত,-নবক্ষণবাবু ধন্ত।

আমি প্যারীবাবুকে বড়ই ভক্তি করি। ভক্তি করিতাঁম, লিখিতে পারিলাম না; ভক্তি করি। তাঁহার জীবনহৃত্তর এথনকার কালের মত সমালোচনা, আমার দ্বারা হইতেই পারে না। সিন্ধুক থূলিলেই মায়ের অলঙ্কারগুলি অতি সম্তর্পণে দেখিয়া আবার মুড়িয়া-স্কড়িয়া রাখি, দেগুলির শিল্লচাতুর্য্যের সমালোচনা করিবার শক্তি আমার নাই। প্যারীবাব্র জীবনচরিতও আমি সমালোচনা করিতে পারিব না—এর সবটুকুই ভাল, পবিত্ত, শ্রদ্ধেয়।

প্যারীবাবুর কাষ্ট বুক প্রাকৃতি আমরা পড়ি নাই। প্রবেশিকা-শ্রেণীতে ইংরাজিতে লিখিত তাঁহার ভারতবর্ষের ভূগোল পড়িয়া-ছিলাম। প্যারীবাবুর সহিত সেই আমাদের প্রথম সম্পর্ক। সেই অবধিই ভক্তির স্পৃষ্ট। বি. এ. পাদ্ করিয়া কলিকাতায় গিয়া—
তাঁহার স্থাপিত হিন্দু হোষ্টেলে থাকিতাম,
প্রতি সপ্তাহে তাঁহার দর্শন পাইতাম, তাঁহার
সহাস্থবদনের অমিয়মধুর কথা শুনিতাম,
তাঁহার সরল প্রকৃতিতে আরুষ্ট ইইতাম।
কৈশোরের সেই ভক্তির অম্কুর যৌবনের
প্রারম্ভেই শাখাপ্রশাখাসমন্বিত পাদপে
পরিণত হইল।

আমরা কলেজ ছাড়িতে না ছাড়িতে, ভামনগরে রেলগাডির সজ্ঘর্ষণব্যাপার লইয়া মহাগওগোল হইল। প্যারীবাব নিজসম্পাদিত এডুকেশন গেজেট এই হুর্ঘটনার যেরূপ ভাবে আলোচনা করি-লেন, এবং পরে যেরূপ ভাবে ঐ পত্রের সম্পাদকতা ত্যাগ করিলেন, তাহাতে তাঁহার চরিত্রের কঠোর অংশ দেখিয়া তাঁহার উপর ভক্তি আরও দৃঢ়ীভূত হইল। পূর্বেদেখিয়া-ছিলাম, তিনি সরলে কোমল-এখন বুঝিলাম, তিনি আত্মমর্য্যাদা রক্ষ। করিবার জন্ত কঠোর দৃঢ়ত্রত এবং স্বপদে নির্ভর করিতে সক্ষম। (গ্রন্থের নবম পরিচেছদে জীবনবৃত্তের এই ভাগ পরিক্ট হইয়াছে।)

১২৮২ সালের ১৫ই আখিন ৫০বর্ষ বয়সে প্যারীবাবু মানবলীলা সংবরণ করেন। কার্ত্তিকমাসে আমরা সাধারণীতে লিথিয়া-ছিলাম:—

"আজিকানি এমনই কাল পড়িয়াছে বে, যথার্থ ভদ্রলোকের উন্নতি অতি অন্নই দেখিতে পাওয়া যায়। দেবাস্থরের সেবা না করিয়া এই বিচিক্র ক্ষেত্রে ক্রতিছলাভ করা অতীব স্কঠিন। এখন প্রক্বত ভদ্র-লোককে প্রায়ই নিস্তেঞ্চ, নির্ম্পীব ও নিশ্রত হইয়া কালাতিপাত করিতে হয়। এ হেন সংসারে, এ হেন সময়ে, প্যারীবার অতি ভদ্রলোক হইয়াও নাম্যশ লাভ করিয়া-ছিলেন। সফলতা প্রাপ্ত হইয়াছেন, কৃতিত্ব উপার্জন করিয়াছেন। প্যারীবাব ভদ্র-লোকের ভরসা, দেশের যথার্থ মুখোজ্জল-কারী। প্যারীবাবু আমাদের জয়পতাকা ছিলেন। আমরা এই বয়দে ভদতায় ভর করিয়া সংসারের সহিত যে ঘোর যুদ্ধে প্রবৃত্ত হইয়াছি, তাহাতে বাবু পাারীচরণকে সেই সমরক্ষেত্রে আমাদের পক্ষে একজন শক্তিধর সেনানীরূপে বরণ করিয়াছিলাম। তাঁহাকে হারাইয়া আমর। আজি একজন নেতার অভাব উপলি করিতেছি। আমাদের এই শোকাবেগের কে শান্তিদাধন করিবে গ

">৮२२ সালে বাবু প্রারীচরণ সরকার জন্মপরিগ্রহ করেন। **৫**৩বৎসর ব্যসে তাঁহার মৃত্যু হইয়াছে। তিনি হেয়ার-সাহেবের স্কুলে সাহেবের অতি প্রিয়ছাত্র ছিলেন। ক্রমে হিনুকলেজে ৪০ টাকা বুত্তি প্রাপ্ত হন। ইংলও ও ভারতবর্ষ मध्य वाष्प्रवल त्नोहाननमम्बद्ध भाजीवाव একটি প্রবন্ধ লেখেন, তংকালে তাহা বিলাত সমাদৃত হইয়াছিল। পর্য্যস্ত কিছুদিন পরে প্যারীবাবু আমাদের হুগলী গ্রাঞ্চ বিভালয়ের দিতীয় শিক্ষক হইয়া আদেন; এথান হইতে বারাসতের প্রধান শিক্ষক হইয়া যান; সেই অবধি বারাসতের প্রসিদ্ধ মিত্রগোষ্ঠীর সহিত তাঁহার সৌহার্দ্দ। वाद् कानीकृष भिक, वाद् नवीनकृष भिक অভতির সহিত একত হইয়া, এক যোগে

এক পরামর্শে অনেক সদমুষ্ঠানে ব্রতী হয়েন। বারাসতের উন্নতির মূল এই সকল মহাত্মারা।

"বারাসত হইতে প্যারীবাবু কলিকাতা হেয়ার বিভালয়ের প্রধান শিক্ষক হইয়া যান। সকলেই জানেন, তাঁহার সময়ে হেয়ারস্কুল (বা কলুটোলা ব্রাঞ্চ স্কুল) বাঙ্গালার সকল বিভালয়ের মধ্যে উৎকৃষ্ট বলিয়া প্রতিষ্ঠালাভ করে। ক্রমে গবর্ণমেণ্ট প্যারীবাবুর যোগ্যতার পরিচয় পাইয়া তাঁহাকে শিক্ষাবিভাগে শ্রেণীভুক্ত কর্মচারী করিয়া প্রেসিডেন্সি কলেজের সহকারিইংরাজি-মধ্যাপক-পদে নিযুক্ত করেন। প্যারীবাবু এই সন্মানের কর্ম গৌরবে সাধন করিতে করিতে ইহলোক হইতে অবস্তত হইয়াছেন।

"প্রথমপাঠোপযোগী ইংরাজী গ্রন্থসকল
প্যারীবাবৃকর্তৃক সঙ্কলিত। বিনা অন্থরোধে
সেই সকল গ্রন্থ আমাদের বাঙ্গালার বিত্যালয়সমস্তে প্রচলিত হইরাছে। কলিকাতার
হিন্দু হোষ্টেল প্যারীবাবৃর হাপিত। এরপ
ছাত্রানাস এখন গ্রন্থনেন্টের অন্থ্যোদিত
হইরাছে। প্যারীবাবৃর সদন্ষ্ঠানের স্থলল
এখন সর্ব্বত পরিলক্ষিত হইবে।

"মন্তপাননিবারিণী সভার প্রতিষ্ঠাতা প্যারীবাব। তাঁহার উদেখাগে কতশত অন্ধ
যুবক অকাল নরকভোগ হইতে নিঙ্কৃতিলাভ করিয়াছে। অনন্তকাল অনন্তধামে
প্যারীবাবুর এই সকল কীর্ত্তির কীর্ত্তন ক

প্যারীবাবুকে আমরা অপ্তরের সহিত ভক্তি করি; ওাঁহার প্রতিমূর্ভিচিত্র শুয়ন্দ্রে রাথিরাছি—প্রাণ ভরিরা তাঁহাকে দেখিরা থাকি।

প্যারীবাব্র কীর্দ্তি প্রচুর; কিন্তু তথাপি তাঁহার প্রধান কীর্দ্তি তাঁহার চরিত্র। এখন-কার দিনে কীর্দ্তিমন্তের চরিত্র প্রায়ই বিচিত্র। তাঁহারা ধন-জন-ঐর্ব্য-সন্মুথে নতশিরে জায়ু পাতিয়া বিসিয়া দক্ষিণ হস্তে সেই পরম-পুরুষসকলের পদসেবা করিতেছেন, আর স্থ্যজপৃঠোপরি বৃহৎ ঢকা লইয়া বামহস্তে নিয়ত তাহাই ঘোরতর শক্ষিত করিয়া ইতর-ভদ্র সকলকে স্তম্ভিত বিকুক্ক করিতেছেন। কিন্তু প্যারীবাব্র চিত্র অক্তর্মপ্, তিনি

সোজা দাঁড়াইয়া কর্তব্যপথে ধীরে গম্ভীরে চলিয়াছিলেন। তাঁর না ছিল ঢাক, না ছিল জাঁক। তাহাতেই বলিয়াছিলাম, তিনি-ভদ্রলোকের শক্তিধর সেনানী। তাঁর সহজ সতেজ সরল চরিত্রই তাঁহার প্রধান বল; তাঁহার চরিত্রই তাঁহার প্রধান সহায়; আর তাঁর চরিত্রই তাঁর প্রধান কীর্ত্তি।

আবার বলি, নবরুঞ্বাবু এমন জীবনবৃত্ত সঙ্কলন করিয়া নিজে ধন্ত হইয়াছেন, এবং স্বদেশীয়ের সদৃষ্টাস্ত বঙ্গীয় ছাত্রবৃদ্দের সন্মুখে ধরিয়া অন্তকে ধন্ত হইবার পথ প্রদর্শন করিয়াছেন।

শ্রীতাক্ষয়চন্দ্র সরকার।

দার দত্যের আলোচনা।

শক্তি-ঘটিত এবং জ্ঞান-ঘটিত একা।
গতবারের আলোচনায় আছি'র সহিত
আছি'র ঐক্যের কথা যাহা বলা হইয়াছিল,
তাহা সঁতা-ঘটিত ঐক্য। এথন দেখিতে
হইবে এই যে, সেই সন্তা-ঘটিত ঐক্যের
ভিতরে আর-ত্ইপ্রকার ঐক্য সন্তুক্ত রহিয়াছে;—একটি হ'চে শক্তি-ঘটিত ঐক্য;
আর-একটি হ'চে জ্ঞান-ঘটিত ঐক্য।

শক্তি-ঘটত ঐক্য কি ?—না, কর্তা-কর্ম্মের ঐক্য। জ্ঞান-ঘটিত ঐক্য কি ?—না, জ্ঞাতা-জ্ঞেয়ের ঐক্য। আমি এবং তুমি উভরে যধন সমুধাসমূখি দণ্ডায়মান থাকিয়া পর-স্পারের চক্ষ্র উপরে কার্য্য করিতেছি, তথন আমার কার্য্যের তুমি কর্মাক্ষেত্র, এবং তোমার কার্য্যের তুমি কর্ত্তা; তথৈব তোমার কার্য্যের আমি কর্মক্ষেত্র, এবং আমার কার্য্যের আমি কর্ত্তা। এরপ অবস্থায় তুমিও যেমন, আমিও তেমনি, উভয়েই কর্ত্তা এবং কর্ম্ম হুইই একাধারে। ইহারই নাম কর্ত্তাক্ষের প্রক্যা। তেমনি আবার, তোমার জ্ঞানের তুমি জ্ঞাতা, আমি জ্ঞেয়; আমার জ্ঞানের আমি জ্ঞাতা, তুমি জ্ঞেয়। উভয়েই আমরা জ্ঞাতা এবং জ্ঞেয় হুইই একাধারে। ইহারই নাম জ্ঞাতা-জ্ঞেয়ের প্রক্যা।

উভয়ায়ক ঐক্যের স্থাপ্টরপে ঠিকানা-নির্দেশ করিবার জন্ম হই আমিকে হই দিক্ হইতে যোটপাট করিয়া আনিয়া মুখামুথি দাঁড় করানো হইল। কিন্তু হই আমিকে ছই দিক্ হইতে ডাকিয়া আনা বাড়া'র ভাগ;—এক আমি'র ভিতরেই আমি এবং তুমি, এই চুই আমি মুখামুখি দণ্ডায়মান, আর, সেই সঙ্গে দোঁহার মধ্যে শক্তি-ঘটিত এবং জ্ঞান-ঘটিত ঐক্য স্থুস্পষ্টরূপে প্রতীয়-মান। তার সাক্ষী—রামপ্রসাদের এই একটি গীত:—

> "মন তৃমি কৃষি-কাজ জান না। এমন মানব-জমিন বৈল প'ড়ে, আবাদ ক'লে ফ'লতো সোণা।"

এখানে এক আমি'র ভিতরে তুই আমি'র অর্থাৎ আমি এবং তুমি'র, দোহার সহিত দোহার বোঝাপড়া চলিতেছে।

কর্ত্তাকর্ম্মের ঐক্য।

মনে কর, একজন গায়ক গান করিতেছে। গাওনা হ'চেচ একটি ক্রিয়া, ভাহার মূল হ'চেচ গায়ক স্বয়ং এবং তাহার ফল হ'চ্চে গাঁতধ্বনি। এইরপ যে মূল এবং ফল, কর্ত্তা এবং কর্ম্ম, হুয়ের ঐক্য ব্যতিরেকে গাওনা-ক্রিয়া চলিতে পারে না। গাওনা-ক্রিয়ার বীজ গায়কের কণ্ঠনলীর পথ দিয়া অস্কুরিত হয়, এবং গাওন৷-ক্রিয়ার ফল গায়কের শ্রবণেক্রিয়ের পথ निया फलिए इया। इटे পथरे उन्युक्त थाका চাই, তবেই গাওনা-ক্রিয়া চলিতে পারে। যদি গায়কের প্রবণদারে কপাট পড়িয়া যায়, তাহা रहेटन अ त्यमन ; आंत्र यमि कर्शननीटि क्लाउ পড়িয়া যায়, তাঁহা হইলেও তেমনি; হুয়ের একটিতে কপাট পড়িলেই গাওনা-ক্রিয়া তৎক্ষণাৎ বন্ধ হইয়া যায়। এখন জিজ্ঞাস্ত এই-কোন্থানেই বা গাওনা-ক্রিয়ার বীজাধান হইয়াছে, আর, কোন্থানেই বা গাওনা-্র ক্রিয়ার ফলাধান হইতেছে ? স্পষ্টই দেখিতে

পাওয়া যাইতেছে যে, গায়কের অন্তঃকরণেই গাওনা-ক্রিয়ার বীজ রোপিত হইয়াছে. গায়কের অস্তঃকরণ হইতেই গাওনা-ক্রিয়ার বীজ অঙ্কুরিত হইতেছে, গায়কের অস্ত:-করণেই গাওনা-ক্রিয়ার ফল ফলিত হইতেছে। একই অন্তঃকরণ-ক্ষেত্রে কর্ত্তার কর্তৃত্ব এবং কর্ম্মের ফল একযোগে অভিব্যক্ত হইয়া একীভূত হইয়া যাইতেছে; আর, সেই কারণে গায়কের মনে ছইভাবের আনন্দ গঙ্গাযমুনার স্থায় ছই দিক্ হইতে আসিয়া ছয়ে মিলিয়া এক আনন্দে পরিণত হইতেছে; এক ভাবের আনন্দ হ'চেচ কর্মানন্দ, আর-এক ভাবের আনন্দ হ'চেচ ভোগানন্দ। সাক্ষাৎ কারণ হ'চেচ কর্তার কর্তৃত্ব^ন্তি, ভোগাননের সাক্ষাৎ কারণ হ'চে কর্মের ফলাস্বাদন। গীতধ্বনির উৎসারণে কর্ত্তার কর্তৃত্ব স্ফূর্ত্তি পাইতেছে, গীতধ্বনির রুসা-সাদনে কর্মের ফল ফলিত হইতেছে। গায়কের অন্তঃকরণে গাওনা-ক্রিয়ার বীজ এবং ফল (কর্ত্তার কর্তৃত্ব এবং কর্ম্মের ফল) একীভূত হইবার সঙ্গে সঙ্গে কর্মানন্দ এবং ভোগানন্দ একীভূত হইয়া বোগানন্দে পরিণত হইতেছে। বলিলাম "যোগানন্দ"! তাহার অর্থ আর-কিছু না—কর্ত্তার কর্তৃত্ব-ফুর্ত্তি এবং কর্মের ফলভোগ, এই ছুয়ের যোগজনিত আনন। ফলেও এইরূপ দেখা যায় যে, গায়ক যথন ভাবে মশ্গুল হইয়া গান করে, তথন গাওনা-ক্রিয়ার কর্তা যিনি গায়ক, এবং গাওনা-ক্রিয়ার কর্ম যে গীতধ্বনি, 🗕 ভুষের মধ্যে ব্যবধান বিলুপ্ত হইয়া গিয়া छुट्य मिलिया এक श्हेया यात्र। अमन कि, তেমন একজন প্রতিভাশালী গায়ক যথন

চতুর্দিকের শ্রোতৃমগুলীর সহিত একাথা হইয়া গান করেন, তথন শ্রোতৃমণ্ডলী মনে মনে তাঁহার সহিত গানকার্য্যে যোগ না দিয়া ক্ষান্ত থাকিতে পারে না; আর, তাহাতে রঙ্গণালা দেখিতে ভাথায় এইরূপ—যেন সমস্ত মণ্ডলী একই গায়ক এবং একই শ্রোতা, এবং প্রত্যেক শ্রোতা যেন সমস্ত মণ্ডলী একাধারে। এরূপ মন্ত্রমুগ্ধ অবস্থায় এক গারক একশত শ্রোতার দঙ্গে মিলিয়া একা একশত হইয়া আপনার গানের আপনি রসায়াদন করে, এবং একশত ভোতা এক গায়কের সঙ্গে মনে মনে গানে যোগ দিয়া এক গায়ক হইয়া উঠে; কাচ-পোকার প্রভাবে আর্স্থলা যেমন কাচপোকা হইয়া উঠে, একের প্রভাবে অনেকে তেমনি এক হইয়া উঠে। কর্তা-কর্মের মধ্যে এ যেমন দেখিতে পাওয়া গেল-জাতা-জ্ঞেয়ের মধ্যেও উভয়াত্মক ঐক্যের ফুর্ত্তি ঠিক্ সেইরপই দেখিতে পাওয়া যায়।

জ্ঞাতা-জ্ঞানের ঐক্য। গায়ক যথন গান করিতেছে, তথন গায়ক জানিতেছে যে, আমিই গান করিতেছি।

এরপ স্থলে গায়ক কাহাকে গায়ক বলিয়া জানিতেছে ? জেয় কে ? গায়ক আপনা-গায়ক বলিয়া জানিতেছে---গায়ক আপনিই জ্বো। কে আপনাকে গায়ক বলিয়া জানিতেছে—জ্ঞাতা কে ? গায়ক আপনিই জ্ঞাতা। গায়ক আপনিই জেয়, আপনিই জ্ঞাতা। তা ছাড়া, গায়ক যখন গীতরসের বিহাৎপ্রবাহে শ্রোভূমগুলীর মনকে গলাইয়া আপনার মনের সহিত একীভূত করিয়া ফ্যালে, তথন গায়কের জ্ঞানে আপনি এবং আপনার শ্রোভূমগুলী, এ হয়ের মধ্যস্থিত প্রভেদের প্রাচীর ডগ্ন হইয়া গিয়া জ্ঞাতা-জ্ঞেয়ের উভয়ায়ক ঐকা সমস্ত ঘরময় ব্যাপিয়া ক্তি পাইতে থাকে। এখন জিজ্ঞান্ত এই যে, এইরূপ যথন উভয়া-স্থক ঐক্য ফুর্টি পায়—কর্তাকর্মের মধ্যে ক্র্ত্তিপায় - জাতা-জেয়ের মধ্যে ক্র্ত্তিপায়, তথন সে ঐক্য কি অকস্মাৎ আকাশ হইতে নিপতিত হয়, অথবা যাহা ইভিপুর্বে প্ৰস্থপ ছিল, তাহাই জাগ্ৰত হইয়া উঠে ? বারাস্তরে এ প্রশ্নের মীমাংসায় প্রবৃত্ত হঁওয়া यश्चित ।*

শ্রীদিজেন্দ্রনাথ ঠাকুর।

^{*} পাঠকবর্গের প্রতি নিবেদন।—গ্রীত্মের প্রকোপবশত সার সত্যের আলোচনা গতমাদে ফাঁক দেওরা হইরাছিল এবং বর্তমান মাদে তাহার আয়তন ব্রম্বীকৃত হইল। থণ্ড গণ্ড প্রবন্ধপরক্ষার মধ্যে কিন্ধপ বোগস্ত্র চলিতেছে, তাহার সন্ধান পাইবার জন্তু পাঠক ব্যস্ত হইবেন না। গমান্থানের যতই নিক্টবর্ত্তী হওয়া যাইবে, ততই সমস্তের সহিত সমস্তের যোগ স্পষ্টাকারে অভিব্যক্ত হইতে থাকিবে—এ বিবয়ে তিনি নিশিন্ত গার্ন্। লেথক।

প্রস্থ-সমালোচনা।

e Chican

নিরদ-নীরজা।—শ্রীসতীশচন্দ্র মুথোপাধ্যায় প্রণীত ও প্রকাশিত। মূল্য ॥০ আট আনা।

এথানি নাটক; কেন না, ইহা কথোপকথনের আকারে লিখিত। বোধ করি
আমাদের ইহা একটা রোগ দাঁড়াইয়াছে যে,
কথোপকথনের হিসাবে ছাইভন্ম লিথিয়া
আমরা মনে করি যে, নাটক প্রণয়ন
করিলাম। পুস্তকথানি শ্রীযুক্ত বাবু রবীক্রনাথ
ঠাকুরকে উৎস্ট করা হইয়াছে। গ্রন্থকার
বাঙ্গলা-ভাষা, কি রবীক্রবাবু, কাহার উপর
অধিক অত্যাচার করিয়াছেন, বলা যায় না।

নেপোলিয়ান বোনাপার্ট।— জীদীনেক্রকুমার রায় প্রণীত। মূলা ৬ ছয় টাকা।

জগতে গৌরবলাভ করিতে যাঁহারা সমর্থ হন, তাঁহাদের শত্রুও থাকে, মিত্রও থাকে। নেপোলিয়ানের জীবনচরিত শক্রতেও লিখিয়াছে, মিত্রতেও লিখিয়াছে। মিত্রের লেখা জীবনচরিতই ভাল হয়। কারণ এই যে, যেখানে সহাত্তভূতি नारे, मिथारन हिज्रामोन्सर्ग इरेंडि शास्त्र পৃথিবীতে যত জীবনচরিত লিখিত হইয়াছে, তাহার মধ্যে বোধ হয় যে বস্ওয়েল্-विथिত अन्मरनत जीवनहित्र मर्स्वारकृष्टे। আমাদের দেশেও তাহার পরিচয় পাইয়াছি। শ্রীযুক্ত বাবু শিশিরকুমার ঘোষের অমিয় निगारेह तिराज्य के जिशानिक भूगा

মাত্রই নাই, কিন্তু পড়িতে অতি উপাদের।
যেথানে ভক্তি নাই, সেথানে জীবনচরিত
লিখিত হইতে পারে না। জীবনচরিত
কেবল ভক্তেই লিখিতে পারে।

আবট্দাহেব শুধু ভক্ত নহেন, তিনি
অন্ধ উপাদক। নেপোলিয়ানের যে, কার্য্য
কিছুতেই দমর্থন করা যায় না, তাহাও
তিনি দমর্থন করিয়াছেন। এতটুকু বুঝিবার
ক্ষমতাও তাঁহার হয় নাই যে, জোশেণিনের
পরিত্যাগ তাঁহার রাজ্যনাশের একটা কারণ।
এমন কি, জোশেফিন্কে পরিত্যাগ করা
যতটুকু সমর্থিত হইতে পারে, তাহা তিনি
করিয়াছেন। তথাপি তাঁহার লিথিত পুস্তক
উপাদেয় হইয়াছে।

নেপোলিয়ান যে অসাধারণধীশক্তিসম্পন্ন ও প্রতিভাশালী ছিলেন, এ কথা আমরা প্রীকার করি; কিন্তু তাঁহাকে মহাপুরুষ বলিয়া স্থীকার করা যায় না। যে দিন ফ্রান্স তাঁহার হাতে আদিয়াছিল, ফ্রান্সকে তিনি সে অবস্থায়ও রাখিয়া যাইতে পারেন নাই। আদিয়া যাহা পাইয়াছিলেন, যাইনার সময় ফ্রান্স তদপেক্ষা ক্ষীণতর, হর্বলতর, নিঃস্বতর। ইহাকে মহাপুরুষ বলিতে পারি না। আবট্সাহেব ইহাকে মহাপুরুষরূপে পরিচিত করিতে চেষ্টা করিয়াছেন। সে চেষ্টা ব্যর্থ হইয়াছে। কিন্তু দেখিতে পাই যে, নেপোলিয়ানের জীবনচরিতের, মধ্যে

এই পুস্তকথানিরই আদর আমাদের দেশে সর্বাপেকা বেশী। ভক্তের লেখা বলিয়াই ইহা আদৃত হইবার উপযুক্ত।

দীনেক্রকুমারবাবু অন্থবাদ করিয়াছেন মাত্র। পুস্তকের যাহা কিছু দোষ, তাহা আবটসাহেবের. দীনেক্র বাবুর নহে। এ কথা আমরা স্বীকার করিতেছি, অমুবাদ ভালই হইয়াছে। তবে ছইএকস্থলে এমন ভুগ আছে, যাহা থাকা উচিত ছিল না। তাঁহার পুত্তকের ৪৫ পৃষ্ঠার লিখিত আছে ষে, "তিনি ইউজিন ও হরতেন্স নামক 'পুতাছয় লইয়া।" দীনেক্রবাবুর মত উপযুক্ত লোকের জানা উচিত ছিল যে, হরতেস ক্সা, পুত্র নহে। এমন ভুল আরও ছই-একটা থাকিলৈও এ পুতকের মোটের উপর প্রশংসা করিতেছি এবং বলিতেছি যে, ইহা সমাদৃত হইবার উপযুক্ত।

রঞ্জিনা।— শ্রীস্থরমাস্করী ঘোষ প্রণীত। মূল্য ১১ এক টাকা।

এই গ্রন্থকতীর আর একথানি কবিতাপুত্তকের সমালোচনাস্থলে এই 'বঙ্গদর্শনেই'
তাঁহার ভাষা ও ভাব, উভরেরই প্রশংসা
করিয়াছিলাম। এই পুত্তকের সমালোচনায়
সেই প্রশংসা গাঢ়তর করিয়া করিতে পারি।
ভাষা প্রাঞ্জলতর, কুটতর হইয়াছে; ভাব গভীরতর, উদারতর্ম ইইয়াছে; উচ্ছ্বাস চিন্তিততর,
সংযততর হইয়াছে; মৃতরাং বলিতে হয় য়ে,
'সঙ্গিনীতে' যে ক্ষমতার পরিচয় পাওয়া য়য়,
এই পুত্তকে তাহা অধিকতর উৎকর্ম লাভ
করিয়াছে—অধিকতর পরিণ্ত ও বিকশিত
হইয়াছে। তুই একটি কবিতার কিছু কিছু
উদ্বৃত করিয়া আমরা বুঝাইতেছি।

জ্ঞানবৃদ্ধ ধর্মরত ব্রাহ্মণ ব্রতহোমাদি
পুণ্যাহ্মঠানে নিরত থাকিয়া জীবনযাপন
করেন। একদিন প্রভাতে এক মেছ
ভিথারিণী তাঁহার দ্বারে আদিয়া উপস্থিত।
প্রভাতে অপবিত্র মৃত্তি দেখিয়া ক্রোধান্ধ
ব্রাহ্মণ কমগুলু লইয়া ভীতিবিহ্বলা ভিথারিণীকে তাড়না করিলেন। কল্যাণী ব্রাহ্মণী
কিন্তু সেই অনাথাকে আদর করিয়া, তাহার
হাত ধরিয়া আনিয়া বদাইয়া, তাহার ভিক্ষাপাত্র পূণ করিয়া দিয়া তাহাকে বিদায় করিলেন। তথন—

"বিপ্র উঠে গর্জিমা—
ছু ইলি যবনী ?—ও্যাজ্য। তুই আজ হ'তে,
যাবং না হ'স শুদ্ধ ফিরি পথে পথে
পুণ্য কাশাবামে ?—বাহ্মণী কহিলা হাসি—
পতিপুজা দীনসেবা, তাই মোর কাশী!"

কি স্থলর, উদার, মনোহর ভাব! কোন
প্রথকবি লিখিলেও ইহা প্রশংসাই হইড;
উচ্চজাতীয় হিন্দুমহিলা যে চিরপোষিত
সংস্কারের কঠিন বন্ধন ছিন্ন করিয়া এমন
উদারতায় উপনীত হইতে পারিয়াছেন,
তাহাতে ভাবের উপাদেয়তা শতগুল বৃদ্ধিত
হইয়াছে। যেখানে যাহা প্রত্যাশা করা
যায় না, সেখানে তাহা পাইলে বড়ই আহলাদ
হয়।

'নির্বাসিতা সীতা' শীর্ষক কবিতাটি
বড়ই স্থলর হইয়ছে। লক্ষণ যথন রামচল্লের কঠোর আজ্ঞা নিবেদন করিলেন,
তথন সীতা মৃচ্ছাও গেলেন না, ভাঙিয়াও
পড়িলেন না। মৃহুর্ত্তের জন্ম তাঁহার সতীগর্বা, নিরপরাধে দণ্ডিতার অভিমান, জনিয়া
উঠিল। তিনি লক্ষণকে সম্বোধন করিয়া
বলিলেন—

আপনার মন্দ্রভাগ্য, জেনো, নাহি গণে
নির্ব্বাসিতা সীতা। ভাবিতেছি শুধু মনে—
ধর্ম কি সহিবে, হায়, আজি অকারণে
বাজহন্তে অপমান ?"

বড় ভয়য়র কথা; কিন্তু ইহাই স্বাভাবিক।
বিনা মেঘে বজ্পাতের স্থায় অকস্মাৎ এই
নিদারুণ নির্বাদনাক্তা শুনিয়া সীতা যদি
কিছুমাত্র বিচলিতা না হইতেন, তাহা হইলেই
অসমত ও অস্বাভাবিক হইত। এই স্থলে
ইহাও লক্ষ্য করিতে হইবে যে, উপরের কয়
ছত্রে রামচন্দ্রের উদ্দেশে সীতা কেবল 'রাজা'
শব্দ ব্যবহার করিয়াছেন —'স্বামী' শব্দ ব্যবহার
করেন নাই। কিন্তু ক্ষণমধ্যেই সীতা আয়সংবরণ করিয়া প্রকৃতিস্থ হইলেন। তথন
'রাজা' প্রায় ডুবিয়া গেল; 'স্বামীই' প্রবল
হইল। সীতা বলিলেন—

"ব'লো আযাপ্তপদে দীনা জানকীর
এই নিবেদন,—রাজা তিনি, তিনি স্বামী;
উার কিছু নাহি দোষ; অভাগিনী আমি!
শুনেছি অনলে স্বর্গ ধরে উদ্ধানতা;
ক্রুর্গ না হইত্ব ছাই! উহোর সন্তান
ধরেছি যে গর্ভে আমি, যদি থাকে প্রাণ,
পিত্গুণে বিমণ্ডিয়া তুলিব বাছারে।
আর এক কথা আছে, বলিও ভাহারে—
সাধিব ছুন্চর তপ ল'য়ে মনকাম,
জয়ে জয়ে পতি যেন হ'ন মোর রাম!"

ইহার সৌন্দর্যা ধ্যানগম্য, বচনীয় নহে।
আমাদের বর্ত্তমান্দ বাজারে কবিদিগের হাতে
পড়িলে সীতা যে এই স্থলে কত 'হা হতাত্মি,
হা দগ্ধান্মি' করিতেন; কত যে বক্ষে করাঘাত,
কেশোৎপাটন, ভূপতন, মৃদ্ধ্য প্রভৃতির অবতারণা হইত, তাহা মনে করিলে বিভীবিকার
দৃষ্ণার হয়—কিন্ত একবিন্দু করুণরদের

সঞ্চার হইত না। আর উপরকার এই কয় ছত্রে কত যে মর্শাস্কদ যাতনা, কত যে সতীত্বের গোরব, কত যে স্বামিভক্তি, কত যে আয়-বিসর্জ্জনের সঙ্গে আয় প্রতিষ্ঠা ব্যক্ত হইয়াছে, তাহা ভাবিয়া ব্ঝিতে হইবে, আমরা বলিয়া ব্ঝাইতে অসমর্থ।

'বঙ্গজননী'শীর্ধক কবিতা হইতে আরও একটু উদ্বৃত করিয়া আমরা এই সমালোচনা শেষ করিব।

"ভাই ত ধিকার উঠে হৃদয়মাঝারে, মা যাহারে ছেড়ে আছে, মিছে গর্ম্ব তার।

তাই ছিন্ন হীনবল, তোমার সন্তানদল ! নাই শক্তি ভক্তি, নাই মান-অপমান ; আছে শুধু সহ্যতার লক্ষকোটি ভাণ !"

পুরুষের হাতে এমন লাঞ্ছনা আমরা আনেক পাইয়াছি, এবং ভাল ছেলের মতন আমানবদনে হজম করিয়া ফেলিয়াছি— চৈতন্ত হয় নাই, ধিকার হয় নাই। আজ স্ত্রীলোকের নিকটও লাঞ্ছিত হইয়া ধিকার হইবে কি ?

ভাষাগত প্রাদেশিকতা হইএক স্থানে লক্ষ্য করিয়াছি। হইএকটা , কবিতা আবেগশৃষ্ঠ ; হইএকটা কবিতা পূর্বপ্রকাশিত কবিতার প্রতিধানিমাত্র। কিন্তু যে পুস্তক পড়িয়া আনন্দলাভ করিয়াছি, তাহার ক্ষুদ্র দোষ ধরিব না!

হিন্দু বিজ্ঞানসূত্র ।— শ্রীবিশ্বনিন্দুক রায়, ওরফে বি, এন্, রায় প্রণীত। মূল্য কাগজে ১॥॰ দেড় টাকা, ঐ বাধাই ২১ ছই ু, টাকা।

পুস্তকথানি খুব বৃহৎ না হইলেও, কুজ নহে। সুৰ্বভূদ প্ৰায় তিন্মত পাতা।

কাগজ ভাল, অকর ভাল, ছাপা ভাল-অর্থব্যরের যে ক্রটি হয় নাই, ইহা সহজেই अञ्चलका । होकाही त्य ज्ञात त्यना इरेबाहरू, मिल्ली कन्द्रवादत्र अत् अमन कथा विनटक আমরা অসমর্থ। যাহার নাই. সে-ও যথন ক বিয়া खटन ফেলিতে তথন, যাহার আছে, বা আছে বলিয়াই আমরা ধরিয়া লইতে পারি, সে কেন পারিবে না'? শীযুক্ত বিশ্বনিলুক রায় মহাশয় অর্থ-শালী বটেন কি না, তাহা আমরা অবগত নহি। . হউন, বা, না হউন, তিনি মহা-জনের—আমাদের দেশের মহাজন-পদায়-সরণ করিয়াছেন। স্থতরাং তাঁহার অবলম্বিত পথকে कुপথ বলা চলে ना ।

গ্রন্থের নাম দৈথিয়া যদি কেই মনে করেন যে, ইহাতে বিজ্ঞানের কোন কথা আছে, তাহা ইইলে তিনি নিজে ত তুল করিবেনই, তরাজীত গ্রন্থকারের উপর অবিচার ও অজ্যান্চার করা হইবে। তবে, এই পুস্তকে বাট্ বা ততোধিক পাতা ব্যাপিয়া গ্রন্থকারের বংশের যে যেখানে আছেন, তাঁহাদের বিবরণ দেওয়া ইইয়াছে। গ্রন্থকারের নিজের কথার উপর নিজর করিয়াই আমরা স্বীকার করিতে প্রস্তুত যে—ইহা অবিসংবাদিত সত্য। এই তথ্যের জন্ম যদি পুস্তকথানিকে বিজ্ঞান বলিতে হয়, তাহাতে আপত্তি করিবার কোন কারণ ত দেখা যায় না।

গ্রন্থকার শেষে লিথিয়াছেন—"পাঠকবৃন্দকে প্রণাম, নমস্কার, আশীর্মাদ ইত্যাদি।
হিন্দু বিজ্ঞানস্ত্র সমাধা হইল।" আমাদেরও
যাম দিয়া জর ছাড়িল।

এই গ্রন্থ পাঠ করিতে করিতে একটা কথা আমাদের বারবার মনে হইরাছে, গ্রন্থকারের মন্তিকের কোন বিকৃতি নাই ত ? আমাদের অন্থমানটা সত্য কি না, গ্রন্থকারের বন্ধ্বান্ধব ও পরিচিত্রেরা তাহা নির্ণয় করিবেন। গ্রন্থকার যদি বর্ত্তমান বঙ্গের গ্রন্থকারদিগের অধিকাংশের নজির দেথাইয়া প্রমাণ করাইতে চান যে, মন্তিক্বিকৃতিই গ্রন্থকার্মের প্রধান লক্ষণ, তাহা হইলে আমরা যে নিক্তরের হইব, তাহার আর সন্দেহ নাই। কারণ—

দোষগুণ কব কার !"

रेनर्तिहा। — शिक्षाधत स्मन व्यगीज। मूला ॥ व्यक्ति सामा।

এই পুতকথানি কয়েকটি কুদ্র গল্পের সমষ্টি। গল্পগুলিতে বৈচিত্রা নাই বটে; কিন্তু সরসতা বিলক্ষণ আছে। ঘটনাবৈচিত্রা না থাকিলেও, গল্পগুলি পড়িতে কোথাও একটুমাত্র ইতস্তত করিতে হয় না—সহজে পড়িলা যাইতে হয়, এবং আন্তরিকতার সহিতই পড়িলা যাইতে হয়। "অন্তের কাহিনী"টি আমাদের বড়ই স্থলের লাগিলাছে। বিনি এমন মিষ্ট করিলা ছোট গল্প লিখিতে পারেন, তিনি বড় গল্প লেখেন না কেন ?

শ্রীচন্দ্রশেখর মুখোপাধ্যায়।

বঙ্গদর্শন।

নৌকাডুবি।

58

लागीएन क्रम कार्या य मकन चार्या-জনের ব্যবস্থা আছে, কলিকাতাসহরে তাহা মেলে না। কোথায় প্রফুল অশোক-বকুলের বীথিকা, কোথায় বিকশিত মাধবীর প্রচ্ছন্ন লতাবিতান, কোথায় চূতক্ষায়কণ্ঠ কোকি-লের কুহুকাকলী ? তবু এই শুক্ষকঠিন मोन्नर्याशैन आधुनिक नगरत ভाলবাদার জাত্রবিদ্যা প্রতিহত হইয়া ফিরিয়া যায় না। এথানকার কন্ধরকঠোর পথে কর্মচক্রের অবিশ্রাম ঘর্ষরশব্দের মধ্যেও তাহার অপরূপ রাগিণী কেমন করিয়া বাজিয়া এই গাড়িঘোড়ার বিষম ভিড়ে, এই লোহ-নিগড়বন্ধ ট্রামের রাস্তায় একটি চিরকিশোর প্রাচীন দেবতা তাঁহার ধ্যুকটি গোপন করিয়া লালপাগ্ড়ি প্রহরীদের চক্ষের সমুখ দিয়া কতরাত্রে কতদিনে কতবার কত ঠিকানার যে আুনাগোনা করিতেছেন, তাহা কে জানিতে পারে !

রমেশ ও হেমনলিনী চামড়ার দোকানের সাম্নে মুদির দোকানের পালে কলুটোলার ভাড়াটে বাড়ীতে বাস করিতেছিল বলিয়া প্রণায়বিকাশসম্মে কুঞ্জুকুটীরচারীদের চেরে তাহারা যে কিছুমাত্র পিছাইয়া ছিল, এমন কথা কেহ বলিতে পারে না। বাবুদের চা-রদ-চিহ্নিত মলিন কুদ্র টেবিল্টি পদ্মসরোবর নহে বলিয়া রমেশ কিছুমাত্র অভাব অমুভব করে নাই। হেমনলিনীর পোষা বিড়ালটি কৃষ্ণসার মুগশাবক না হইলেও রমেশ পরিপূর্ণ স্নেহে তাহার গলা চুল্কাইয়া দিত-এবং সে যথন ধহুকের মত পিঠ ফুলাইয়া আলগুত্যাগপুর্বক গাত্র-লেহনদারা প্রসাধনে রত হইত, তথন রমে-শের মুগ্ধদৃষ্টিতে এই প্রাণীটি গৌরবে অন্ত কোন চতুপদের চেয়ে নান বলিয়া প্রতিভাত হইত না। দোতলার বসিবার ঘরে বেতের এবং কাঠের জীর্ণ এবং নৃতন প্রত্যেক চৌকি-কেদারা সহকারমাধবীকুঞ্জেরই মত রমেশের মনে মোহাবেশ সঞ্চার করিয়া मिट्ड नाशिन।

স্বাগতের পর হেমনলিনী ছাদে উঠিয়া পদ্চারণা করিত। রমেশের পক্ষে গোল-দীঘি, ইডেন্গার্ড্ন্, গঙ্গাতীর, সমস্তই স্থগম ও অবারিত ছিল, তব্ নিজের বাসাবাড়ীর সন্ধীর্ণ ছাদের হাওয়াই তাহার স্বাস্থ্যের পক্ষে অমুকূল হইয়া উঠিয়াছিল। হুই ছাদের মধ্যে ফিছু ব্যবধান ছিল, কিন্তু সান্ধাক্লের আকাশ এই ছই ছাদের ছটি নরনারীর মাধার উপরে শুভদৃষ্টির একটিমাত্র নীলাঞ্চল প্রসারিত করিয়া ধরিত। ছই ছাদে ছইটি হাদর জ্যোতিক্ষসভাতলে অনস্তকালের মৃক্সাক্ষী গ্রহতারকাদের অনিমেবনেত্রের সন্মুধে নীরবে মিলনের আসন গ্রহণ করিত।

হেমনলিনী পরীক্ষা পাদ্ করিবার ব্যগ্র-তার সেলাইশিক্ষায় বিশেষ পটুও লাভ ক্রিতে পারে নাই। কিছুদিন হইতে তাহার এক সীবনপটু সথীর কাছে একাগ্র-মনে সে সেলাই শিথিতে প্রবৃত্ত হইয়াছে। দেলাইব্যাপারটাকে রমেশ অত্যন্ত অনা-বশুক ও তুচ্ছ বলিয়া জ্ঞান করে। হেম-নলিনীকে সে ব্রাবর সাহিত্যদর্শনের চর্চা করিতেই দেখিয়া আসিয়াছে, সেই ছবিটাই তাহার মনে অন্ধিত হইয়া গেছে,—সাহিত্যে-দর্শনে হেমনলিনীর সঙ্গে তাহার দেনা-পাওনা চলে-কিন্তু সেলাইব্যাপারে রমেশকে দূরে পড়িয়া থাকিতে হয়। এইজন্ম সে প্রায়ই কিছু অধীর হইয়া বলিত, 'মাজ-কাল সেলাইয়ের কাজ কেন আপনার এত ভাল লাগে! ইহাতে বুদ্ধিবৃত্তির ঝোন চর্চা হয় না. কেবল একঘেয়ে কাজে যমের भाष्ठ साक्ष्म हालाहेशा यहिष्ठ इत्र । याहारमञ्ज সময় কাটাইবার আর কোন সহপায় নাই, তাহাদের পক্ষেই ইহা ভাল।" হেমনলিনী কোন উত্তর না দিয়া ঈষৎ হাশ্রস্থ ছুচে রেশম পরাইতে থাকে। অক্ষয় তীব্রশ্বরে েবলে, "মেয়েরা কেবল মার্টিনোর এথিকৃদ এবং টেনিসনের কবিতা পড়িবে, যে সকল काक मःमादात्र कान श्रामाहत्व गार्भ.

রমেশবাবুর বিধানমতে সে সমত তুক্ছ!
মশায় যত বড়ই তথজানী এবং কবি হোন্
না কেন, তুচ্ছকে বাদ দিয়া একদিনও চলে
না!" রমেশ উত্তেজিত হইয়া ইহার বিরুদ্ধে
তর্ক করিবার জন্ম কোমর বাধিয়া বসে;
হেমনলিনী বাধা দিয়া বলে, "রমেশবাবু,
আপনি সকল কথারই উত্তর দিবার জন্ম
এত ব্যস্ত হন্ কেন ? ইহাতে সংসারে
অনাবশ্রক কথা যে কত বাড়িয়া যায়, তাহার
ঠিক নাই।"—এই পলিয়া সে মাধা নীচু
করিয়া ঘর গণিয়া সাবধানে রেশমস্ত্র চালাইত্তে প্রবৃত্ত হয়।

একদিন সকালে রমেশ তাহার পড়িবার ঘরে আসিয়া দেখে, টেবিলের রেশমের ফুলকাটা মথমলে বাঁধানো একটি বুটিংবহি সাজানে। রহিয়াছে। একটি কোণে "র' অক্ষর লেখা আছে, আর এক কোণে সোনালি জরি দিয়া একটি পদ্ম আঁকা। বইখানির ইতিহাস ও তাৎপর্য্য বুঝিতে রমেশের কণমাত্রও বিলম্ হইল না। তাহার বুক নাচিয়া উঠিল। দেলাই-জিনিষটা যে বিশেষ অবস্থায় তেমন তুচ্ছ নহে, তাহা তাহার অন্তরামা বিনা তর্কে, বিনা প্রতিবাদে স্বীকার করিয়া লইল। বুটিংবইটা বুকে চাপিয়া-ধরিয়া সে অক্ষয়ের কাছেও হার মানিতে রাজি হইল। সেই বুটিংবই খুলিয়া তথনি তাহার উপরে এক-থানি চিঠির কাগজ রাথিয়া সে লিখিল— "আমি যদি কবি হইতাম, তবে কবিতা লিখিয়া প্রতিদান দিতাম, কিন্তু প্রতিভা হইতে আমি বঞ্চিত। ঈশার আমাকে দিবার क्रमण (एन नारे, किंद्र नरेवांत्र क्रमणां

একটা ক্ষমতা। আশাতীত উপহার আমি হৈ কেমন করিয়া গ্রহণ করিলাম, অন্তর্গামী ছাড়া তাহা আর কেহ জানিতে পারিবে না। দান চোথে দেখা যার, কিন্তু আদান হৃদয়ের ভিতরে সুকানো! ইতি। চির্শ্বণী।"

এই লিথনটুকু হেমনলিনীর হাতে পড়িল। তাহার পরে এ সম্বন্ধে উভরের মধ্যে আর কোন কথাই হইল না।

वर्षाकाण घनारेषा व्यामिण। वर्षाश्रञ्जो মোটের উপরে সহকে মনুশ্বসমাব্দের পকে তেমন স্থাকর নহে—ওটা আরণ্যপ্রকৃতিরই উপযোগী। বিশে**ষ** সহরের বাডীগুলা তাহার রুদ্ধ বাতায়ন ও ছাদ वहेगा. পথিক তাহার ছাতা লইয়া, ট্রামগাড়ি তাহার পদা লইয়া বর্ষাকে কেবলি নিষেধ করিবার বার্থ চেষ্টার ক্রেদাক্ত পঞ্চিল হইয়া উঠিতেছে। নদী, পর্বত, অরণ্য, প্রান্তর वर्षात्क मामन कनन्त्र वज् वनिमा आध्वान करत । সেইখানেই বর্ধার যথার্থ সমারোহ-দেখানে প্রাবণে ছালোকভূলোকের আনন-সন্মিলনের মাঝখানে কোন বিরোধ নাই।

কিন্ত নৃত্যন ভালবাসার মাহ্মবকে অরণাপর্বতের সঙ্গেই এক শ্রেণীভূক করিয়া দেয়।
অবিশ্রাম বর্ধার অরদাবাবুর পাক্ষর বিগুণ
বিকল ইইয়া গেল, কিন্তু রমেশ-হেমনলিনীর
চিত্তফুর্তির কোন ব্যতিক্রম দেখা গেল না।
মেঘের ছায়া, বল্লের গর্জন, বর্ধণের কলশন্য
ভাহাদের ছইজনের মনকে যেন ঘনিষ্ঠতর
করিয়া ভূলির। মার্টিনো আর কোনমতেই
চলিল না। সাহিত্যাও আর অবাধে অগ্রসর
হয় না, মাঝে মাঝে নানা বাজে কথা
আসিয়া পড়ে। বৃষ্টির উপলক্ষ্যে রমেশের

व्यानान्यवात्र शाहरे वित्र चिटिक नातिन। একএকদিন সকালে এম্নি চাপিয়া বৃষ্টি व्यात्म त्य, त्रमनिनी डिविध इटेशा वतन, "রমেশবাবু, এ বৃষ্টিতে আপনি বাড়ী যাইবেন কি করিয়া ?" রমেশ নিতান্ত লজ্জার থাতিরে বলে, "এইটুকু বই ত নয়, কোনরকম করিয়া याँहेट পातिय।" ट्रमनिनी वर्ण, "त्कन ভিজিয়া সর্দ্দি করিবেন ? এইখানেই থাইয়া যান না।" সদির জন্ম উৎকণ্ঠা রমেশের কিছুমাত্র ছিল না; অল্লেই যে তাহার সন্ধি হয়, এমন কোন লক্ষণও তাহার আন্মীয়-वन्नुत्रा (मृद्य नारे, किन्छ वर्षां व मिर्टन (ट्यू-নিলনীর ওশ্রষাধীনেই তাহাকে কাটাইতে হইত,—ছইপামাত্র চলিয়াও বাসায় যাওয়া অস্তায় হঃসাহসিকতা বলিয়া গণ্য হইত। কোনদিন বাদ্লার একটু বিশেষ লকণ দেখা দিলেই হেমনলিনীদের ঘরে প্রাত:কালে রমেশের থিচুড়ি এবং অপরাহে ভাজাভূজি থাইবার নিমন্ত্রণ জুটিত। বেশ দেখা গেল, হঠাৎ দর্দ্দি লাগিবার সম্বন্ধে ইহাদের আশকা যত অতিরিক্ত প্রবল ছিল, পরিপাকের বিভাট-সম্বন্ধে তত্টা ছিল না।

এম্নি করিয়া দিন কাটিতে লাগিল।
এই আত্মবিশ্বত হৃদয়াবেগের পরিণাম
কোথায়, সে কথা রমেশ স্পষ্ট করিয়া ভাবে
নাই। কিন্তু অয়দাবাবু ভ্লাবিতেছিলৈন
এবং তাঁছাদের সমাজের আরো পাঁচজন
আলোচনা করিতেছিল। অয়দাবাবু মনে
মনে তাঁহার কন্সার উপর একটু বিরক্ত
হইতেছিলেন; ভাবিতেছিলেন, হেমনলিনীর
উচিত, এই চা-পান ও থিচুড়িসেবনকে
স্থকৌশলে বিবাহের নিমন্ত্রণয়েজ্যের মধ্যে

আকর্ষণ করিয়া আনে। কিন্তু অবোধ বালিকার সে সম্বন্ধে কোন তৎপরতা দেখা মাইতেছে না। একে রমেশের পাণ্ডিত্য মতটা, কাণ্ডজ্ঞান ততটা নাই, তাহাতে তাহার বর্ত্তমান মুগ্ধ অবস্থায় তাহার সাংসারিক বৃদ্ধি আরো অস্পষ্ট হইয়া গেছে। অয়দাবার্ প্রত্যহই বিশেষ প্রত্যাশার সহিত তাহার মুথের দিকে চান, কিন্তু কোন জবাবই পান না।

22

বিবাহের দিনে বরকনে যেমন রাজমর্যাদা লাভ করে—যে ছটি নরনারী পরস্পারকে ভালবাদিতেছে, প্রকৃতির কাছে তাহাদের আদর তেম্নি। তাহারা রাজা,— স্থ্যচন্দ্রতারা বিশেষ করিয়া তাহাদের জন্ম আলো আলো, এবং বিশ্বের সমস্ত সঙ্গীত বিশেষরূপে তাহাদেরই কর্ণ লক্ষ্য করিয়া নহবৎ জমাইয়া তোলে। ইচ্ছুক অনিচ্ছুক সকলেরই কাছ হইতে ইহারা আপনাদের রাজকর্টুকু আদায় করিয়া নেয়। হতভাগ্য অক্ষয়কেও এই নব প্রেমের রদদ জোগাইতে হইয়াছে।

অক্ষের গলা বিশেষ ভাল ছিল না, কিন্তু
সে যথন নিজে বেহালা বাজাইয়া গান গাহিত,
তথন অত্যন্ত কড়া সমজ্লার ছাড়া সাধারণ
শ্রোতার দল আপত্তি করিত :না, এমন কি,
আরো গাহিতে, অন্থরোধ করিত। অরদাবাবুর সঙ্গীতে বিশেষ অন্থরক্তি ছিল না,
কিন্তু সে কথা তিনি কব্ল করিতে পারিতেন
না—তব্ তিনি আত্মরক্ষার কথঞিং চেষ্টা
করিতেন। কেহ অক্যুকে গান গাহিতে
অন্থরোধ করিলে তিনি বলিতেন—"ঐ ভোমাদের পোষ! বেচারা গাহিতে পারে বলিয়াই

কি উহার 'পরে অত্যাচার করিতে হইবে ?"

অক্ষর বিনয় করিয়া বলত—"না না অল্লদাবাবু, সেজভ ভাবিবেন না—অভ্যাচারটা কাহার 'পরে হইবে, সেইটেই বিচার্যা!"

অমুরোধের তরফ হইতে জবাব আসিত, "তবে পরীকা হউক্ !"

সেদিন অপরাছে খুব খনখোর করিয়া মেঘ করিয়া আসিয়াছিল। সন্ধ্যা হইয়া আসিল, তবু বৃষ্টির বিরাম নাই। অক্ষয় আবদ্ধ হইয়া পড়িল। হেমনলিনী কহিল, "অক্ষয়বাবু, একটা গান করুন।"

অন্নদাবাবু কহিলেন—"এমন বাদ্লার দিনে কি গলা কাহারো ভাল থাকিতে পারে ? দেখ না, সর্দিতে আমার গলা দিয়া কথা বাহির হইতেছে না। আজ এই যে একহপ্তা ধরিয়া সর্দি হইয়াছে, কিছুতেই ছাজিতেছে না। প্রথম আরম্ভ হয়, যেদিন প্রবোধের বাড়ীতে নিমন্ত্রণ থাইতে গিয়াছিলাম। যথন গেলাম, তথন বেশ রৌজ উঠিয়াছিল, তার পরে—"

হেমনলিনী। বাবা, তুমি মিধ্যা ভর করিতেছ, অকরবাবুর ত সর্দির কোন লক্ষণ নাই, গলা বেশ আছে। অক্যবাবু, এই বেহালাটা মিলাইয়া নিন্।

এই বলিয়া হেমনলিনী হার্ম্মোনিয়মে স্কর দিল। অন্নদাবাবুর রোগোৎপত্তির ইতিহাস ভাবী সুযোগের অপেক্ষার অসমাপ্ত হুইয়া রহিল।

অক্স বেহালা মিলাইয়া লইয়া হিন্দুস্থানী গান ধরিল—

"वायू वहीं भूत्रदेवना, नीन नही विन देनना।"

গানের সকল কথা স্পষ্ট বুঝা যার না—
কিন্তু একেবারে প্রত্যেক কথার কথার বৃঝিবার কোন প্রয়োজন নাই। মনের মধ্যে
যথন বিরহমিলনের বেদনা সঞ্চিত হইয়া
আছে, তখন একটু আভাসই যথেট। এটুকু
বোঝা গেল যে, বাদল ঝরিতেছে, ময়ৢর
ডাকিতেছে এবং একজনের জন্ম আর একজনের বাাকুলতার অন্ত নাই।

व्यक्त मित्कत मत्रापरे ममख मन पिश গান গাহিতেছিল। স্থুরের ভাষায় সে নিজের অব্যক্ত কথা বলিবার চেষ্টা করিতেছিল-কিন্ত সে ভাষা কাজে লাগিতেছিল আর হুইজনের। র্গুইজনের হৃদয়তরঙ্গ সেই শ্বরণহরীকে আশ্রম করিয়া পরস্পরকে আঘাত-অভিঘাত করিতে ছল। জগতে কিছু আর অকিঞ্চিৎ-কর রহিল না। সব বেন মনোময় হইয়া গেল। পৃথিবীতে এপর্যান্ত যত মামুষ যত ভালবাসিয়াছে, সমস্ত যেন ছটিমাত্র হৃদয়ে বিভক্ত হইয়া অনিৰ্বচনীয় স্থথে-ছঃথে আকাজ্ঞায়-আকুলতায় কম্পিত হইতে नाशिन।

অল্পাবাবু কহিলেন, "অক্ষয়, একটা বাংলা গান গাও না, তোমার ঐ হিন্দিগান আমি বুঝি না।"

হেমনলিনী ব্যস্ত হইয়া কহিল, "কেন বাবা, হিন্দিগানই ত বেশ—আমার বেশ লাগে।"

বাংলা গান বড় বেশি স্পষ্ট—তাহার সমস্তই বোঝা যায়। তাহাতে আক্র থাকে না। প্রেম অন্তঃপুরচারী, বেশি প্রকাশতা তাহার পক্ষে পীড়াদায়ক। সে কতকটা প্রকাশ না হইলেও বাচে না, আবার কতকটা

আড়াল না হইলেও মরিয়া যায়। তাহার পক্ষে কথার চেয়ে স্থরই ভাল, এবং লোক-জনের মধ্যে বাংলার চেয়ে হিন্দিই ভাল। 'প্রাণনাথ' যথন কানে বড় বেশি ঠেকে, তথন 'সেঁয়া' বেশ অনায়াসে চলিয়া যায়, এবং 'প্রিয়া' বলিতে যথন বাধে, তথন 'পিয়া'কথাটা কাজে লাগিতে পারে। বৈষ্ণবপদাবলী এইজন্মই আজ পর্যাস্ত সাদা বাংলা ব্যবহার করিতে পারিল না।

সেদিন মেঘের মধ্যে যেমন ফাঁক ছিল না, গানের মধ্যেও তেম্নি হইয়া উঠিল। হেম-নিলনী কেবলি অস্থনয় করিয়া বলিতে লাগিল—"অক্ষরবাবু, থামিবেন না, আর একটা গান্, আর একটা গান্, আর একটা গান্, আর

উৎসাহে এবং আবেণে অক্ষরের গান অবাধে উৎসারিত হইতে লাগিল। গানের হর স্থাভূত হইল, যেন তাহা স্চিভেছ হইয়া উঠিল, যেন তাহার মধ্যে রহিয়া রহিয়া বিছাৎ থেলিডে লাগিল—বেদনাভূর হৃদয় তাহার মধ্যে আচ্ছয়-আর্ভ হইয়া রহিল।

সেদিন অনেক রাত্রে অক্ষয় চলিয়া গেল। রথেন বিদায় লইবার সময় থেন গানের স্থরের ভিতর দিয়া নীরবে হেমনলিনীর মুখের দিকে একবার চাহিল। হেমনলিনীও চকিতরের মত একবার চাহিল, তাহার দৃষ্টির উপরেও গানের ছায়া।

রমেশ বাড়ী গেল। বৃষ্টি ক্ষণকালমাত্র থামিয়ছিল, আবার ঝুপ্রুপ্শব্দে বৃষ্টি পড়িতে লাগিল। রমেশ সে রাত্রে ঘুমাইতে পারিল না ৮ হেমনলিনীও অনেককণ চুপ করিয়া বসিয়া গভীর অন্ধকারের মধ্যে বৃষ্টি- গাহিতে পার !"

পতনের অবিরাম শব্দ শুনিতেছিল। তাহার কানে বাজিতেছিল—

বারু বহাঁ প্রবৈঞা, নীদ নহাঁ বিন দেঞা।
পরদিন প্রাতে রমেশ দীর্ঘনিশ্বাস ফেলিয়া
ভাবিল, "আমি যদি কেবল গান গাহিতে
পারিতাম, তবে তাহার বদলে আমার অঞ্চ
অনেক বিভা দান করিতে কৃষ্টিত হইতাম
না। গানের যেটুকু সফলতা, সেটুকু ত
অভ্যের মারফং আদার করিয়া লইয়াছিল,
তবু গান গাহিবার যেটুকু পরিভৃত্তি, সেটুকুর
লোভও ছাড়া যায় না। মনে মনে সে
বলিতেছিল, "অক্ষর, তুমি ধন্ত, তুমি গান

অক্ষয় যদি বিবেচনা করিয়া দেখিত, তবে বলিত, "রমেশ, ভূমিই ধন্ত! গান শুনিবার স্থপ তোমারই!"

কিন্ত কোন উপায়ে এবং কোন কালেই
সে যে গান গাহিতে পারিবে, এ ভরদা
রমেশের ছিল না! সে স্থির করিল, "আমি
বাজাইতে শিথিব।" ইতিপূর্কে একদিন
নির্জ্জন অবকাশে সে অন্নদাবাবুর ঘরে বেহালাথানা লইয়া ছড়ির টান দিয়াছিল—সেই
ছড়ির একটিমাত্র আঘাতে সঙ্গীতের সরস্বতী
এম্নি আর্দ্তনাদ করিয়া উঠিয়াছিলেন যে,
তাহার পক্ষে বেহালার চর্চা নিতান্ত নিষ্ঠুরতা
হইবে নিলয়া সে আশা সে পরিত্যাগ করে।
আজ সে ছোট দেখিয়া একটা হার্মোনিয়ম
কিনিয়া আনিল। ঘরের মধ্যে দরজা বন্ধ
করিয়া অতি সাবধানে অঙ্গুলিচালনা করিয়া
উইকু বৃঝিল যে, আর ষাই হোক্, এ যত্তের
সহিষ্কৃতা বেহালার চেয়ে বেশি। ২

পরদিনে অন্দাবাব্র বাড়ী যাইতেই

হেমনলিনী রমেশকে কহিল, "আপনার ঘর হইতে কাল যে হার্মোনিয়মের শব্দ পাওয়া যাইতেছিল!"

রমেশ ভাবিয়ছিল, দরজা বন্ধ থাকিলেই ধরা পড়িবার আশকা নাই। কিন্তু এমন কান আছে, বেথানে রমেশের অবক্রন্ধ ঘরের শব্দও সংবাদ লইয়া আসে। রমেশকে একটুকু লজ্জিত হইয়া কব্ল করিতে হইল বে, সে একটা হার্মোনিয়ম কিনিয়া আনিয়াছে এবং বাজাইতে শেপে, ইহাই তাহার ইছলা।

হাদরের কোন্ বেদনার মধ্যে এই ইচ্ছার
মূল কারণটি, হেমনলিনীর তাহা অগোচর
ছিল না। হেমনলিনী কহিল—"ঘরে দরজা
বন্ধ করিয়া নিজে নিজে কেন মিথা। চেষ্টা
করিবেন! তাহার চেয়ে আপনি আমাদের
এখানে অভ্যাস করুন্—আমি যতটুকু জানি,
সাহায্য করিতে পারিব।"

রমেশ কহিল, "সামি কিন্ত নিতান্ত আনাড়ি, আমাকে লইয়া আপনার অনেক ছঃখভোগ করিতে হইবে।"

হেমনলিনী কহিল, 'আমার ষেটুকু বিছা, তাহাতে আনাড়িকে শেথানই কোন-মতে চলে।'

ক্রমণই প্রমাণ হইতে লাগিল, রমেণ বে
নিজেকে আনাড়ি বলিয়া পরিচয় দিয়াছিল,
তাহা নিভাস্ত বিনয়নহে। এমন শিক্ষকের এত
অথাচিত সহায়তাসত্তে হ্রের জ্ঞান রমেশের
মগজের মধ্যে প্রবেশ করিবার কোন সন্ধি
পুঁজিরা পাইল না। সন্তর্গমূচ জলের মধ্যে
পড়িয়া যেমন উন্নত্তের মৃত হাতপা ছুঁড়িতে
থাকে, রমেশ সঙ্গীতের হাঁটুজলে তেম্নিতর
ব্যবহার করিতে লাগিল। তাহার কোন

আঙুল কখন কোথায় গিয়া পড়ে, তাহার ठिकाना नाहे.-- शाम शाम जूल खूत वार्ज, কিন্তু রমেশের কানে তাহা বাজে না, স্থর-বেস্থরের মধ্যে সে কোনপ্রকার পক্ষপাত না করিয়া দিব্য নিশ্চিস্তমনে রাগরাগিণীকে সর্বত नज्यन कतिया योग । (श्मननिनी (यह वरन, *ও কি করিতেছেন, ভুল হইল যে,"—সমনি অত্যন্ত তাড়াতাড়ি দিতীয় ভূলের দারা প্রথম ভুগটা নিরাকৃত করিয়া দেয়। প্রকৃতি অধ্যবসায়ী রমেশ হাল ছাড়িয়া দিবার রাস্তাতৈরির ছীম্রোলার লোক নহে। যেমন মন্বরগমনে চলিতে থাকে, তাহার ভঁলায় কি যে দলিতপিষ্ট হইতেছে, তাহার প্রতি ক্রক্পেমাত্র করে না, হতভাগ্য স্বর-লিপি এবং হার্মোনিয়মের চাবিগুলার উপর দিয়া রমেশ সেইরূপ অনিবার্য্য অন্ধতার সহিত বারবার যাওয়া-আদা করিতে লাগিল।

রমেশের এই মৃচ্তায় হেমনলিনী হাদে,
রমেশও হাদে। রমেশের ভুল করিবার
অসাধারণ শক্তিতে হেমনলিনীর অত্যস্ত
আমোদ বোধ হয়। ভুল হইতে, বেয়র
হইতে, অক্ষমতা হইতে আনন্দ পাইবার
শক্তি ভালবাসারই আছে। শিশু চলিতে
আরম্ভ করিয়া বারবার ভুল পা ফেলিতে
থাকে, তাহাতেই মাতার মেহ উছেলিত হইয়া
উঠে। বাজনাসম্মে রমেশ যে অছুতরকমের অনভিক্ততা প্রকাশ করে, হেমনলিনীর এই এক বড় কৌতুক।

রমেশ এক একবার বলে, "আচ্ছা, আপনি বে এত হাসিতেছেন, আপনি যথন প্রথম বাজাইতে শিথিতেছিলেন, তথন ভূল করেন নাই ?" হেমনলিনী বলে—"ভূল নিশ্চর্য়ই করি-তাম, কিন্তু সভ্য বলিতেছি রমেশবারু, আপ-নার সঙ্গে ভূলনাই হয় না।"

রমেশ ইহাতে দমিত না, হাসিয়া আবার গোড়া হইতে স্থক করিত। অন্ধদাবাবু সঙ্গীতের ভালমন্দ কিছুই বুঝিতেন না, তিনি একএকবার গন্তীর হইয়া কান থাড়া করিয়া দাঁড়াইয়া কহিতেন—"তাই ত, রমে-শের ক্রমেই হাত বেশ পাকিয়া আসিতেছে।" হেমনলিনী বলিত, "হাত বেসবায়

হেমনলিনী বলিত, "হাত বেস্থরায় পাকিতেছে।"

অন্নদা। না না, প্রথমে যেমদ শুনিয়াছিলাম, এখন তার চেয়ে অনেকটা অভ্যাস
হইয়া আদিয়াছে। আমার ত বােধ হয়,
রমেশ বদি লাগিয়া থাকে, তাহা হইলে উহার
হাত নিতান্ত মন্দ হইবে না। গানবাজনায়
আর কিছু নয়, খুব অভ্যাস করা চাই।
একবার সারেগামার বােধটা জনিয়া গেলেই
তাহার পরে সমন্ত সহজ হইয়া আদে।

এ সকল কথার উপরে প্রতিবাদ চলে
না। সকলকে নিরুত্তর হইয়া ভূনিতে হয়।
১২

প্রার প্রতিবংসর শরংকালে পূজার টিকিট বাহির হইলে হেমনলিনীকে লইয়া অন্ধদা-বাব্ জব্বলপুরে তাঁহার ভগিনীপতির কর্ম-স্থানে বেড়াইতে যাইতেন। পরিপাকশক্তির উন্নতিসাধনের জন্ম তাঁহার এই সাংবংসরিক চেষ্টা।

ভাদ্রমাসের মাঝামাঝি হইয়া আসিল, এবারে পূজার ছুটির আর বড় বেশি বিলম্ব নাই। অন্নদাবাব এখন হইতেই তাঁহার যাত্রার আরোজনে ব্যস্ত হইয়াছেন। আসুর বিচ্ছেদের সম্ভাবনার রমেশ আজ-কাল খুব বেশি করিয়া হার্ম্মোনিয়ম শিথিতে প্রবৃত্ত হইয়াছে। একদিন কথায় কথায় হেমনলিনী কহিল, "রমেশবাবু, আমার বোধ হয়, আপনার অস্তত কিছুদিন বায়্পরিবর্ত্তন দরকার। না বাবা ?"

অন্নদাবাবু ভাবিলেন কথাটা সঙ্গত বটে, কারণ ইতিমধ্যে রমেশের উপর দিয়া শোকছ:থের ছর্যোগ গিয়াছে। কহিলেন, "অন্তত কিছুদিনের জন্ত কোথাও বেড়াইয়া আসা ভাল। বুঝিয়াছ রমেশ, পশ্চিমই বল আর যে দেশই বল, আমি দেখিয়াছি, কেবল কিছুদিনের জন্ত একটু ফল পাওয়া যায়। প্রথম দিনকতক বেশ কুধা বাড়ে, বেশ ধাওয়া যায়, তাহার পরে যে কে সেই! সেই পেটভার হইয়া আসে, বুকজালা করিতে থাকে, যা ধাওয়া যায়, তা-ই—"

হেমনলিনী। রমেশবাবু, আপনি নর্মদা-ঝরণা দেখিয়াছেন ?

রমেশ। না, দেখি নাই।

হেমনলিনী। এ আপনার দেখা উচিত, না বাবা ?

অন্নদা। তাবেশ ত, রমেশ আমার্দের সঙ্গেই আস্থন না কেন? হাওয়া-বদলও হইবে, মার্স্কল-পাহাড়ও দেখিবে।

হাওয়া-বদল করা এবং মার্কল-পাহাড় দেখা, এই ছটিই যেন রমেশের পক্ষে সম্প্রতি সর্কাপেক্ষা প্রয়োজনীয়—ত্বতরাং রমেশকেও রাজি হইতে হইল।

ি সেদিন রমেশের শরীরমন যেন হাওরার উপরে ভাসিকে লাগিল। অপাস্ত হৃদরের আবেগকে কোন-একটা রাস্তায় ছাড়া দিবার জন্ত সে আপনার বাসার ঘরের মধ্যে
ঘার ক্ষম করিয়া হার্ম্মোনির্মটা নইরা পড়িল।
আজ আর তাহার ধ্রুণজ্জান রহিল না—
যন্ত্রটার উপরে তাহার উন্মন্ত আঙুলগুলা তালবেতালের নৃত্য বাধাইয়া দিল। হেমনলিনীর
দ্রে যাইবার সম্ভাবনার ক্যদিন তাহার
হৃদয়টা ভারাক্রান্ত হইয়া ছিল—আজ উল্লান্তর বেগে সঙ্গীতবিত্যাসহক্ষে সর্কপ্রকার স্থায়অভায়-বোধ একেবারে বিসর্জন দিল।

এমন-সময় দরজায় বা পড়িল—"আ সক্ব-নাশ, থামুন, থামুন রমেশবাবু, করি-তেছেন কি ?"

রমেশ অত্যন্ত লজ্জিত হইরা আরক্তমুথে
দরজা ধুলিয়া দিল। অক্ষর ঘরের মধ্যে
প্রবেশ করিয়া কহিল, "রমেশবাবু, গোপনে
বিদিরা এই যে কাগুটি করিতেছেন, আপনাদের ক্রিমিনাল্ কোডের কোন দগুবিধির
মধ্যে কি ইহা পড়ে না ?"

রমেশ হাসিতে লাগিল, কহিল, "অপরাধ কর্ল করিতেছি।"

অক্র কহিল, "রমেশবাবু, আপনি যদি কিছু না মনে করেন, আপনার সঙ্গে আমার একটা কথা আলোচন। করিবার আছে।"

রমেশ উংকণ্টিত হইয়া নীরবে আলোচ্য-বিষয়ের প্রতীক্ষা করিয়া রহিল।

অক্ষ । আপনি এতদিনে এটুকু বুঝিরা-ছেন, হেমনলিনীর ভালমন্দের প্রতি আমি উদাসীন নহি।

রমেশ হাঁ-না কিছু না বলিরা চুপ করিয়া ভনিতে লাগিল।

অক্ষ। তাঁহার সহজে আপনার জডিপ্রায় কি, তাহা জিজ্ঞাসা করিবার অধিকার আমার আছে---আমি অরদাবাব্র বন্ধ।

কথাটা এবং কথার ধরণটা রমেশের অত্যন্ত ধারাণ লাগিল। কিন্ত কড়া জবাব দিবার অভ্যান ও ক্ষমতা রমেশের নাই। সে মৃত্যুরে কহিল—"তাঁহার সহজে আমার কোন মন্দ অভিপ্রায় আছে, এ আশহা আপনার মনে আদিবার কি কোন কারণ ঘটিয়াছে?"

অক্ষ। দেখুন, আপনি হিন্দুপরিবারে আছেন, আপনার পিতা হিন্দু ছিলেন। আমি জানি, পাছে আপনি আন্ধারে বিবাহ করেন, এই আশকায় তিনি আপনাকে অভ্তত্ত্ববিধাহ দিবার জন্ত দেশে লইয়া গিয়াছিলেন।

এই সংবাদটি অক্ষরের জানিবার বিশেষ কারণ ছিল। কারণ অক্ষরই রমেশের পিতার মনে এই আশকা জন্মাইয়া দিয়াছিল। রমেশ কণকালের জন্ত অক্ষরের মুথের দিকে চাহিতে পারিল না।

অক্ষ কহিল, "হঠাৎ আপনার পিতার মৃত্যু ঘটিল বলিয়াই কি আপনি নিজেকে বাধীন মনে করিতেছেন? তাঁহার ইছা কি—"

রমেশ আর সহু করিতে না পারিয়া কহিল—"দেখুন অক্ষরবার, অভ্যের সম্বন্ধে আমাকে উপদেশ দিবার অধিকার যদি আপনার থাকে, তবে দিন, আমি শুনিয়া যাইব—কিন্তু আমার শিতার সহিত আমার বে সম্বন্ধ, তাহাতে আপনার কোন কথা বলিবার নাই।"

অকর কহিল, "আছো বেশ, দে কথা তবে থাক্.। কিন্তু হেমনলিনীকে বিবাহ করিবার

অভিপ্রায় এবং অবস্থা আপনার আছে কি না, সে কথা আপনাকে বলিতে হইবে।"

রমেশ আঘাতের পর আঘাত থাইরা ক্রমশই উত্তেজিত হইরা উঠিতেছিল,—কহিল, "দেখুন অক্ষরবাব, আপনি অরদাবাবুর বন্ধ হই ত পারেন, কিন্তু আমার সহিত্ত আপনার তেমন বেশি ঘনিষ্ঠতা হর নাই। গাঁহাদিগকে আমি একান্তমনে শ্রদ্ধা করিয়া থাকি, তাঁহাদিগকে লইরা আপনার সহিত আমার এইরূপ সওয়ালজবাব চালানো আমার পক্ষে অত্যন্ত সক্ষোচজনক। দয়া করিয়া আপনি এ সব প্রসঙ্গ বন্ধ:কর্মশা।"

অক্ষ। আমি বন্ধ করিলেই যদি স্ব কথা বন্ধ থাকে এবং আপনি এখন যেমন ফলাফলের প্রতি দৃষ্টি না রাথিয়া বেশ আরামে দিন কাটাইতেছেন, এম্নি 'বরাবর কাটাইতে পারিতেন, তাহা হইলে কোন কথা ছিল না। কিন্তু সমাজ আপনাদের মত নিশ্চিন্তপ্রকৃতি লোকের পক্ষে স্থবের স্থান নহে। যদিও আপনারা অত্যন্ত উচ্চুদরের লোক, পৃথিবীর কথা বড় বেশি ভাবেন না, তবু চেষ্টা করিলে হয় ত এটুকুও ব্ঝিতে পারিবেন যে, ভদ্রলোকের কর্মার সহিত আপনি যেরূপ ব্যবহার করিতেছেন, এরূপ করিয়। আপনি বাহিরের লোকের জবাবদিংী হইতে নিজেকে বাঁচাইতে পারেন না—এবং যাঁহাদিগকে আপনি একাগ্রমনে শ্রদা করেন বলিভেছেন, তাঁহাদিগকে লোকসমাজে অশ্রদাভাজন করিবার ইহাই উপায়।

রমেশ। আপনার উপদেশ আমি ক্বতজ্ঞ-তার সহিত গ্রহণ করিলাম। আমার যাহা কর্ত্তব্য, তাহা আমি শীঘই স্থির করিব এবং পালন করিব, এ বিষয়ে আপনি নিশ্চিম্ভ হইবেন—এ সম্বন্ধে আর অধিক আলোচনা করিবার প্রয়োজন নাই।

অকর। আমাকে বাঁতিইলেন রমেশবাবৃ! এত দীর্ঘকাল পরে আপনি যে কর্ত্তব্য
স্থির করিবেন এবং পালন করিবেন বলিতেছেন, ইহাতেই আমি নিশ্চিম্ভ হইলাম—আপনার সঙ্গে আলোচনা করিবার সথ আমার
নাই। আপনার সঙ্গীতচর্চায় বাধা দিয়া
অপরাধী হইয়াছি—মাপ করিবেন। আপনি
পুনর্কার স্থক করুন, আমি বিদায়
হইলাম।

এই বলিয়া অক্ষয় ক্রতবেগে বাহির হইয়া গেল।

ইহার পরে অত্যস্ত বেম্বরো সঙ্গীতচর্চাও
আর চলে না। রমেশ মাথার নীচে গুই
হাত রাথিয়া বিছানার উপরে চিং হইয়া
শুইয়া পড়িল। অনেকক্ষণ এইভাবে গেল।
হঠাং ঘড়িতে টংটং করিয়া পাঁচটা বাজিল
শুনিয়াই সে ক্রুত উঠিয়া পড়িল। কি
কর্তব্য হির করিল, তাহা অন্তর্যামীই জানেন
—কিন্তু আশু প্রতিবেশীর ঘরে গিয়া যে
পেয়ালা-গুরুক চা থাওয়া কর্তব্য, সে সম্বন্ধে
তাহার মনে হিধামাত্র রহিল না।

হেমনলিনী চকিত হইয়া কহিল, "রমেশবাব্; আপনার কি অস্থুথ করিয়াছে ?"

রমেশ কহিল—"বিশেষ কিছু না।"
অন্নদাবাবু কহিলেন—"আর কিছুই নর,
হজ্নের গোল হইয়াছে—পিতাধিকা। আমি
যে পিল্ ব্যবহার করিয়া থাকি, তাহার একটা
খাইয়া দেখ দেখি—"

রমেশ কহিল—"না, পিল্ থাইবার মত কিছুই না—"

অন্নদা। না না, একবার পরীকা করিয়াই দেখনা, ইহাতে অনিষ্ট ত কিছু হইবে না, ভালই হইতে পারে।

অগত্যা রমেশকে পিল্ থাইতে হইল।

হেমনলিনী হাসিয়া কহিল, "বাবা, তোমার ঐ পিল্ থাওয়াও নাই, তোমার এমন আলাপী কেহ দেখি না—কিন্ত তাহাদের এমন কি উপকার হইয়াছে ?"

অন্নদা। অনিষ্ঠ ত হয়-নাই। আমি যে নিজে পরীক্ষা করিয়া দেখিয়াছি —এপর্য্যস্ত যতরক্ম পিল্ থাইয়াছি, এইটেই সব চেয়ে উপকারী।

হেমনলিনী। বাবা, যথনি তুমি একটা ন্তন পিল্ থাইতে আরম্ভ কর, তথনি কিছুদিন তাহার অশেষ গুণ দেখিতে পাও—এমন কত রকমের পিল্ তুমি তোমার কত নিরোগী বন্ধকে থাওয়াইয়াছ বল দেখি।

অন্নদা। তোমরা কিছুই বিশ্বাস কর
না—আছা, অক্ষয়কে জিজ্ঞাসা করিয়ো দেখি,
আমার চিকিৎসায় সে উপকার পাইয়াছে
কিনা।

সেই প্রামাণ্য-সাক্ষীকে তলবের ভরে হেমনলিনীকে নিরুত্তর হইতে হইল। কিন্তু সাক্ষী আপনি আসিয়া হাজির হইল। আসিনাই অন্নদাবাবুকে কহিল—"অন্নদাবাবু, আপনার সেই পিলু আমাকে আর একটি নিতে হইবে। বড় উপকার হইন্নাছে। আৰু শরীর এম্নি হালুকা বোধ হইতেছে।"

অন্নদাবাব সগরের তাঁহার ক্সার মুথের দিকে তাকাইলেন।

•সীতা।

বাম কৈক্যীর নিকট স্পর্কা করিয়া বলিয়া-ছিলেন, "বিদ্ধি মামুষিভিন্তলাং ধর্মাস্থিতম্।" তিনি বনবাসাজ্ঞা অবিকৃত-অবনতশিরে গ্রহণ করিয়াছিলেন, তথন তাঁহার মুথে শাস্তির 🕮 বিলীন হয় নাই। কিন্তু "ইক্রিয়নিগ্রহ" করিয়া যে इ:थ श्रमत्य श्रष्ट्य ताथियाहित्वन, त्कोननात्र নিকট আসিবার সময় তাহা প্রবলবেগে উচ্ছ সিত হইয়া উঠিল, তিনি পরিশ্রাস্ত হন্তীর স্থায় গভীর নিশাসপাত লাগিলেন.—"নিশ্বসন্নিব কুঞ্জরং"। নিকট এই মর্মচেছ্দী সংবাদ বলিবার সময় তাহার কণ্ঠ শক্ষাবিত ও কম্পিত হইয়া উঠিতে-ছিল, তাঁহার কথার স্থচনা পরিভাপবাঞ্জক---"দেবি নৃনং ন জানীষে মহন্তয়মুপস্থিতম্।" মাতার অশু ও শোকের উচ্ছাস তিনি নীরবে দাঁড়াইয়া সন্থ করিয়াছিলেন; অপ্রতিহত অঙ্গীকারের শ্রী তাঁহার কথাগুলিতে এক मश्जी देनिजिकमण्णाम् अमान कतिबाहिन। কিন্তু সীতার সন্ধিহিত হইয়া তাঁহার হৃদয়বেগ প্রবল হইয়া উঠিল, তিনি তাহা রোধ করিতে পারিলেন না। চিরাম্বক্তা স্ত্রীকে সভো-যৌবনের অভৃপ্তকামনার দাকণ ছ:খ্যাগ্রে নিক্ষেপ করিয়া খাইবেন, এ কথা বলিতে यारेश उारात कर्श सन क्रम रहेशा आंतिल। শীতা অভিবৈক্সস্ভারের প্রতীক্ষায় ফুল্লমনে রহিয়াছেন. অক্সাৎ বজাঘাতের ভায় নিদারুণ সংবাদে কুস্থমকোমলা রম্পীর প্রাণকে কিরপে চকিত ও ব্যবিত করিয়া তুলিবেন,

ভাবিয়া তিনি যেন দিশাহারা হই মা পড়িলেন, তাঁহার মুথঞী মলিন হইয়া গেল। সীতা তাঁহাকে দেখিবামাত্র ব্ঝিতে পারিলেন. কি যেন দারুণ অনর্থ ঘটিয়াছে। শতশলাকাযুক্ত জলফেনগুভ ভোমার মাথার উপর শোভা পাইতেছে না। কুঞ্জর, অশারোহী ও বন্দিগণ অত্যে অত্যে আইদে নাই, তোমার মুথ বিষয়, কি ভাবনায় তুমি ক্লিয় ও আকুল হইয়া পড়িয়াছ, তোমার বর্ণ বিবর্ণ হইয়া গিয়াছে।" সেই সভাবসৌমা রামচন্দ্রের প্রশান্ত ভাব! রমণীর অঞ্চলপার্যবন্তী হইয়া তিনি এরূপ বিহবল হইয়া পড়িলেন কেন? তিনি দীতার মহৎ পিতৃকুলের সংযম ও তাঁহার সর্বজনপ্রশংসিত চরিত্রের কথা শ্বরণ করাইয়া দিয়া তাঁহাকে আসন্ন পরীক্ষার উপযোগিনী করিতে চেষ্টা পাইলেন; তিনি বনে গেলে সীতা কি ভাবে রাজগৃহে জীবন-যাপদ করিবেন, তৎসম্বন্ধে নান/-নৈতিক-উপদেশ-সংবলিত একটি নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করিলেন। কিন্তু তাঁহার আশস্কা বুথা-সীতা সে সকল কথা উপহাস করিয়া বলিলেন, "তুমি বনে গেলে তোমার অগ্রে কুশাস্থ্র ও কণ্টকাকীর্ণ পথে পাদচারণ করিয়া আমি বনে যাইব।" যাঁহারা রামের বনগমনের কথা ভনিয়াছিলেন, তাঁহারা সকলেই কত আকেপ করিয়াছেন। রাম সীতার মুথে সেইরূপ কত আক্ষেপ **ভ**নিবার প্রত্যাশা করিয়া আসিয়াছিলেন এবং তাহার

প্রশমনার্থ কড উপদেশ মনে মনে সঙ্কর করিয়া রাখিয়াছিলেন। কিন্তু সীতা একটি আক্রেপের কথা বলিলেন না. একবার দশ-রথকে দ্রৈণ বলিলেন না. কৈক্যীর প্রতি কটাক্ষনিক্ষেপ করিলেন না, এমন কি, রামচক্র যে জটাবকল পরিবেন, ইহা ভনিয়াও শোকে বিদীর্ণ হইয়া পড়িলেন না। পরত তিনি স্বীয় যৌবনকলনার মাধুরী দিয়া বনবাসকে এক স্থরম্যচিত্রে আঁকিয়া ফেলি-লেন, রাজত্বের স্থ্য অতি তৃচ্ছ মনে করিলেন। সাধুপুষ্পিত পদ্মিনীসঙ্কুল সরোবর, ফেন-निर्मानशामिनी नमीत व्यवार, वनाखनीन रेनन-খণ্ড, এই সকল দেখিয়া স্বামীর পার্ষে সোহাগিনী ভ্রমণ করিবেন, এই স্থাপের আশায় যেন আফুল হইয়া উঠিলেন। বয়:-সন্ধির সময়ে একটি হাসির মূল্যে সাম্রাজ্য বিলাইয়া দিতে পারা যাত, স্বর্ণ ও হীরকথও অপেকা একটু সঙ্গপ্তথ বেশী স্পৃহণীয় মনে হয়, তাহা আমাদের বৈষ্ণবকবিগণ গাহিয়া গাহিয়া আমাদিগকে অভিজ্ঞ করিয়া তুলিয়া-ছেন। সীতা স্বামীর সঙ্গে গিরিনির্মর দেখিয়া ও বনের,মুক্তবায়ু দেবন করিয়া বেড়াইবেন, এই আনন্দের উৎসাহে রামের বনগমনের ক্লেশ ভাসিয়া গেল, রামচক্র প্রায় হতবৃদ্ধি रहेश माँड़ाहेश त्रहिलन। এই স্থরম্য অযোধ্যার সমৃদ্ধ সৌধ্মালার ছায়া হইতে স্বামীর পাদচ্চায়াই সীতার নিকট বেশী প্রশংসনীয় বোধ হইতে লাগিল। আনন্দ তথু অনভিজ্ঞতার ফল, পুরনারীগণ তীর্থগমনের জন্য সময়ে সময়ে যেকপ উৎকণ্ঠা প্রকাশ করেন,—এই ইচ্ছা সেই প্রকারের; রামচক্র ভাবিলেন, সীতার নিকট

বনবাদের কট বুঝাইয়া বলিলে তিনি নির্ভ হইবেন। কিন্ত ইহা সামাক্ত পুরনারীর व्यासात नार, देश व्यासात्रहे नार-श्वित প্রতিজ্ঞা। যাহা তিনি অনভিজ্ঞ আনন্দের স্থর মনে করিয়াছিলেন—তাহা সাধ্বীর অটল পণ। রামচক্র বনের কট্ট ভাঁহাকে সহস্রপ্রকারে বুঝাইতে লাগিলেন। কিছ সীতা কি কষ্টকে ভন্ন করেন ? ইহা তীর্থো-শুখী রমণীর বৃথা ঔংস্ক্য নহে, স্বামীর সঙ্গ ছাড়িয়া সাধনী থাকিতে ণারিবেন না—এই তাঁহার ভির সকল। রাম তথন বনের ভীষণতার একটি চিত্র সীতার সম্মুখে উপস্থিত করিলেন; কৃষ্ণ দর্প, বনতক্তর কণ্টকপূর্ণ ব্যাকুল শাথাগ্ৰ, ফলমূলজীবিকা এবং অনশন, পরিল সরোবর, বাাছ, সিংহ ও রাক্ষসগণের উৎপাত প্রভৃতি শত শত বিভীষিকা প্রদর্শন করিয়া দীতার ভীতি উৎপাদনের চেষ্টা পাইলেন। দীতা ঘুণার সহিত দে সকল উপেকা করিয়া বলিয়া উঠিলেন, "তুমি কি व्यामादक कुछ भगामित्रनी मतन कतिशाह, আমি কুলগাংশনী নহি।—"ছামংসেনস্থতং বীরং সত্যব্রতাম। সাবিত্রীমিব মাং পরে বলিলেন, "আমি ব্রহ্মচর্য্য পালন করিয়া তোমার সঙ্গে বনে পর্যাটন করিব। যাহারা ইন্সিরাসক্ত, তাহারাই প্রবাদে কট্ট পায়, আমরা কেন কট্ট পাইতে যাইব ?" রাম তথাপি নানারূপ ভয়ের আশ্বা করিয়া তাঁহাকে প্রতিনিবৃত্ত করি-বার প্রয়াসী হইলেন; সীভা ক্রোধাবিষ্টা হইয়া বলিলেন-"নিজের স্ত্রীকে পার্ষে রাধিতে ভয় পায়, এরপ নারীপ্রকৃতি পুরুষের হতে কেন আমাকে পিতা সমর্পণ করিয়া-

ছেন ?" ইহা হইতেও তিনি অধিকতর কুকথা तामत्क विनिशाहित्नन:-"देनन्य देव माः রাম পরেভ্যো দাতুমিছসি।"—ব্রীজনমূলভ অনেক কমনীয় কথার সংঘটনও এস্থানে দৃষ্ট হয়—"তোমার সঙ্গে থাকিলে, তোমার গ্রীমুথ দেখিলে, আমার সকল জালা দূর হইবে, পথের কুশকণ্টক রাজগৃহের তৃলাজিন অপেকাও আমি কোমলতর মনে করিব।" এইরপ নানা বিনয় ও প্রেমস্টক কথা বলিয়া সীতা স্বামীর কণ্ঠলগ হইয়া কাঁদিতে লাগিলেন; তাঁহার পন্মদলের ভার ছটি চকু জলভারে আছের হইল; তিনি স্বামীর সঙ্গে गाइँटि ना शांत्रित श्रांगे छात्रे क तिर्वे . এই সহল জানাইয়া ব্রততীর স্থায় রামের অঙ্গে হেলিয়া পড়িয়া বিমনা হইয়া অশ্রুপাত করিতে লাগিলেন। সাধ্বীর এই অশ্রত-পূর্ব দৃঢ়তা দর্শনে রাম বাহুধারা তাঁহাকে আলিক্সন করিয়া বলিলেন, "ন দেবি তব ছঃথেন স্বৰ্গমপ্যভিরোচয়ে।" এবং তাঁহাকে সঙ্গে যাইতে অনুমতি দিয়া "তোমার ধনরত্ব যাহা কিছু আছে, তাহা বিতরণ করিয়া প্রস্তুত হও।" অলহারপেটকা শত শত অদুশ্র ও মৌন যকে রক্ষা করিয়া থাকে, কিন্তু সীতা কেমন श्रुवेग्य श्राद्यक्षात्र मश्रीग्राप्य विनारेशा ভাহা দিতেছেন. দেখিবার বশিষ্ঠপুত্র স্থযজ্ঞার পত্নীকে তিনি হেমপুত্র, काकी ও नाना महार्च खवा अमान कतिरान। স্থীগণকে স্বীর পর্যান্ধ, হেমথচিত আন্তরণ ध्वर नाना अनदात श्रान कतिया पृहर्एत मध्य नित्राख्यमा सम्बन्धी वनवास्त्रव প্রস্তুত হইলেন। যথন রাম পিতামাতা ও

জটাবকল পরিধান স্থাদগণের সমকে করিলেন, তখন সীতার পরিধানের জ্ঞ কৈক্ষী তাঁহার হতে চীরবাস প্রদান করিলে, দীতা সজ্পনেত্রে ভীতকণ্ঠে রামের দিকে চাহিয়া বলিলেন, "চীরবাস কেমন করিয়া পরিতে হয়, আমি জানি না, আমাকে শিখা-ইয়া দাও।" স্থমন্ত্র যেদিন রথ লইয়া গঙ্গাতীর হইতে অযোগায় প্রত্যাবর্ত্তন করেন, সেদিন তিনি সীতাকে বলিয়াছিলেন—"অযোধ্যায় কোন সংবাদ কি আপনার দিবার আছে ?" সীতা তখন কিছু বলিতে পারেন নাই, ছটি চকু হইতে তাঁহার অজ্ঞ অঞ্বিন্দু পতিত হইয়াছিল। এই সকল অবস্থার সীতার মূর্ত্তি লজ্জাবতী লতাটির স্থায়, কিন্তু এই বিনয়নমা মধুরভাষিণীর চরিত্রে যে প্রথরতেজ ও দৃঢ়-সঙ্গল বিশ্বমান, তাহার পূর্বভাস ইতিপুর্বেই আমরা পাইয়াছি।

তার পর রাজকুমার্ঘ্য ও রাজবধ্ বনে
যাইতেছেন। যিনি রাজান্তঃপুরীর অবরোধে স্বত্বে রক্ষিতা, যাহার গৃহশিথরে শুক
ও মযুর নৃত্য করিত ও হেমপর্যাঙ্কে স্থকোমলচর্মান্ধাননশাতী আন্তরণ বিরাজিত থাকিত,
নিজিত হইলে যাঁহার রপমাধুরী শুধু অবদীপরাশি নির্নিমেবনেত্রে চাহিয়া দেখিত, আজ
তিনি সকলের দৃষ্টিপথবর্ত্তিনী, পদত্রজে কণ্টকাকীর্ণ পথে চলিতেছেন, পদ্মপ্রস্থানের মত পাদমুগ্ম,—তাহাতে অলক্তকরাগ মলিন হয় নাই,
সেই পাদমুগ্ম লীলান্পুরশব্দে এখনও বনপ্রদেশ মুখরিত করিয়া চলিতেছে, চিত্রকুটের
প্রান্তবর্ত্তিনী হইয়া সীতা খাপদসক্ল গহনে
কৃষ্ণা রক্ষনীত্তে ভীতা হইলেন, রামের বাহআল্রিতা সীতার ভীত ও চকিত পাদক্ষেপ

ক্রমণ মন্থর হইরা আসিল। পরিপ্রাস্ত हरेग्रा यथन रेक्नुगीमृत्न जिनि निजिज रहेग्रा পড়িলেন, তথন তৃণশ্য্যাশায়িনীর স্থন্দর বর্ণ আতপক্লিষ্ট ও অনশনজনিত মুখশীর বিষয়তা দেখিয়া রামচক্র অদৃষ্টকে ধিকার मिट्ड लागिलान। किन्ह कहे सामी श्रा ना,--প্রভাতে চিত্রকৃটের শুঙ্গে বনতরুর পুষ্পসমৃদ্ধি দেখাইয়া রামচন্দ্র সীতাকে আদর করিতে লাগিলেন,—গীতা সেই আদরে ও সোহাগে পুনরায় ফুলা হইয়া উঠিলেন, পদ্ম উত্তোলন করিয়া সীতা মন্দাকিনীদলিলে স্নান করি-লেন, ভটিনীর মন্দমারুত-চালিত-তরঙ্গধানি তাঁহার নিকট স্থীর আহ্বানের স্থায় মৃহ-মনোরম বোধ হইতে লাগিল, --তিনি স্বামীর পার্বে স্বভাবের রম্যুশোভা দর্শন করিয়া অযোধ্যার স্থথ অকিঞ্চিৎকর মনে করিলেন।

বনবাসের অয়োদশ বৎসর অতিবাহিত
হইল, রাজবধু বনদেবতার মত বস্তুল্ল পরিয়া
রামের মনে হর্ব উৎপাদন করিতেন; কেবল
একদিন রামের জ্যানিনাদকস্পিত শাস্ত
বনভূমির চাঞ্চল্য দেখিয়া সাধ্বী রামচক্রকে
বলিয়াছিলেন, "ভূমি অহেভূইবর ত্যাগ ক্র;
ভূমি পারিবাজ্য অবলম্বন করিয়া বনে আসিয়াছ, এখানে রাক্ষসদিগের সঙ্গে শক্রতা
করা সময়োচিত নছে; তোমার নিজ্লক্ষ
চরিত্রে পাছে নিচুরতা বর্ত্তে, আমার এই
আশক্ষা — "কদর্য্যকল্যা বৃদ্ধিজায়তে শস্ত্রসেবনাৎ। পুনর্গ্রা স্ব্রোধ্যায়াং ক্ষত্রধর্মণ্ড
চরিয়াদি।"

কথন ধ্বিক্সা অনস্মার নিকট বদিয়া শীতা কথাবার্তায় নিযুক্তা থান্ধিতেন, কথন গদগদনাদী গোদাবরীতীরে স্বীয় অকে সঞ্জ- মন্তক মৃগয়াশ্রান্ত শ্রীরামচন্দ্রের মূথে ব্যঞ্জন করিতেন, কথন স্থকেশী তাঁহার কর্ণান্তলম্বিত চূর্ণকুন্তল কর্ণিকারপুশাদামে সাজাইয়া দিতেন, —জ্বোধ্যার রাজলন্দ্রী বনলন্দ্রীর বেশে এইভাবে স্থামীর সঙ্গে সময় অতিবাহিত করিয়াছিলেন।

স্থতীকুঋষির সঙ্গে দেখা করিয়া রাম অগস্থাপ্রমে গমন করিলেন। তথন শীত-কাল আসিয়া পড়িয়াছে-- তুষারমিশ্র জ্যোৎন্ম ও মুহুস্থ্য, নিষ্পত্র 'তক্ষ ও যবগোধুমাকীর্ণ প্রান্তর বনের বৈচিত্র্য সম্পাদন করিয়াছে. বিরাধরাক্ষদের হস্ত হইতে নিষ্ণৃতি পাইয়া সীতা স্বামীর সঙ্গে ক্রমশ দাক্ষিণাত্যের নিম্ন-প্রদেশে উপস্থিত হইলেন। তীব্র বন্যপিপ্প-লীর গব্ধে ব্যাবায়ু আকুলিত হইতেছিল; শালিধান্তসকল থক্জ্বপুপাক্ষতি পূর্ণতত্ত্ব শীর্ষসমূহে আনম ও কনকপ্রভ হইয়া শোভা পाইতেছিল। বনোন্মতা মৈথিলী নদীপুলি-নের হিমাছের প্রান্তরে, কাশকুস্থমশোভিত वनारु मुक्टरवी शृष्टं मानाइया कनशूरभत সন্ধানে বেড়াইতে থাকিতেন, কথন বা তাপসকুমারীগণের নিকট স্পর্দ্ধা করিয়া বলিতেন, "আমার স্বামী পরস্তীমাত্রকেই মাতৃবং গণ্য করেন। ধর্মপ্রাণ স্বামীর গুণ-কীর্ত্তন করিতে তাঁহার কণ্ঠ আবেগে -উচ্ছ-পঞ্চবটীতে উপস্থিত সিত হইয়া উঠিত। হইয়া সীতা একেবারে মুদ্দিনীশৃত্যা হইয়া পড়িলেন, দেখানে নিকটে কোন ঋষির আশ্রম ছিল না। এই স্থানে স্পূর্ণধার নাসা-कर्निष्ट्रम ও রামের শরে ধরদূরকাদি চতুর্দশ-সহত্র রাক্ষ নিহত হইল। म ७ कांत्र गात রাক্ষণগণের মধ্যে অভ্তপূর্ক মনুষ্যভরের

সঞ্চার হইল। অকম্পন রাবণের নিকট বলিরাছিল,—"ভয়প্রাপ্ত রাক্ষসগণ যে স্থানেই পলাইরা যার, সেই স্থানেই তাহারা সমূথে ধমুপাণি রামের করাল মৃতি দেখিতে পার।" মারীচ রাবণকে বলিরাছিল—"বৃক্ষের পত্রে আমি পাশহস্ত্যমসদৃশ রামমৃতি দেখিতে পাই।" স্বীয় অধিকারস্থ জনস্থানের এই অবস্থা শুনিরা রাবণ সেই মৃহত্তে সীতাহরণোদেখে দশুকারণ্যাভিমুথে প্রস্থান করিল।

সীতা লক্ষণকৈ তীব্ৰ গঞ্জনা করিয়া তাড়া-ইয়া দিয়াছেন। মায়াবী মারীচ মৃত্যুকালে রামের কণ্ঠধ্বনির অবিকল অমুকরণ করিয়া-ছিল: সেই আর্ত্ত কণ্ঠধ্বনি শুনিয়া সীতা পাগলিনী হইলেন। লক্ষণ রাক্ষসদিগের ছলনার রত্তান্ত বিলক্ষণ অবগত ছিলেন, স্কুতরাং সীতার কথার আ**শ্রম ছা**ড়িয়া যাইতে স্বীকৃত হইলেন না। স্বামীর বিপদাশকাত্রা দীতা লক্ষণের মৌন এবং দৃত্সকল্প কোন গৃত্ ও কুৎসিত অভিপ্রায়ের ছন্মবেশ বলিয়া মনে ক্রিলেন; তথনও সীতার কর্ণে "কোথায় সীতা. কোথায় লক্ষণ" এই আর্ত্ত কণ্ঠের স্বর ধানিত হইতেছিল; উন্মন্তা মৈথিলী লন্ধণকে "প্রচ্ছন্নচারী ভরতের দৃত, কুষভিপ্রায়ে অমুবর্ত্তী" **ভাতৃজা**য়ার পশ্চাৎ প্রভৃতি কঠোর বাক্য বলিতে লাগিলেন। রাম ভিন্ন অন্ত কোন পুরুষকে স্পর্ণ করিব না, অ্যতে প্রাণ বিসর্জন দিব।" সকল হর্মাক্য শ্রবণ করিয়া লক্ষণ একবার উর্দাদিকে চাহিয়া দেবতাদিগের উপর সীতার রক্রি ভার অর্পণ করিলেন এবং রোধকুরিত অধরে আশ্রম ত্যাগ করিয়া রামের সন্ধানে চলিয়া গেলেন। তথন কাষায়বস্ত্রপরিহিত, मिथी. हवी ও উপানহী পরিব্রাজক "ব্রহ্ম"নাম কীর্ত্তন করিয়া সীতার সন্মুখে উপস্থিত হইল। রাবণ সীতাকে সম্বোধন कतियां य मकल कथा कहिल, जाश ठिक শ্ববিজনোচিত নহে। কিন্তু সরলপ্রকৃতি সীতা অতর্কিত ছিলেন। তিনি ব্রহ্মশাপের ভয়ে রাবণের নিকট আগুপরিচয় দিলেন এবং অতিথিবোধে তাঁহাকে আশ্রমে অপেকা করিতে অমুরোধ করিয়া জিজ্ঞাসা করিলেন — "এক-চ দণ্ডকারণ্যে কিমর্থং চরসি দ্বিজ।" রাবণ বাকোর আড়ম্বর না করিয়া একেবারেই অভিপ্ৰায় ব্যক্ত করিল—"আমি রাক্ষসরাজ রাবণ, ত্রিকৃটশীর্ষে লঙ্কা আমার রাজধানী, তথায় নানা স্থান হইতে আমি যোড়শ শত স্থলরী সংগ্রহ করিয়া আনিয়াছি, তোমাকে তাহাদের 'অগ্রমহিধী'রূপে বরণ করিয়া লইব। দশরথ রাজা মন্দ্রীর্যা জ্যেষ্ঠ-পুত্রকে সিংহাসন হইতে তাড়িত করিয়া প্রিয় কনিষ্ঠপুত্র ভরতকে অভিধিক্ত করিয়া-ছেন, তাহাকে ভজনা করায় কোন লাভ নাই। ত্রিকুটণীর্ষস্থিতা বনমালিনী লঙ্কার মুপুষ্পিত তরুচ্ছায়ায় আমার দঙ্গে বাদ করিয়া তুমি রামকে আর মনেও স্থান দিবে না।" দীতাকে আমরা তাপসপত্নীগণের নিকট একটি স্থকুমারী ব্রততীর স্থায় দেখিয়াছি। তাঁহার সলজ্জ স্থলর মুথথানি আতপতাপে ঈষং সান হইয়াছিল, কিন্তু সেই লজ্জিত ও মৃত্ ভদীর মধ্যে যে প্রথর তেজ লুকায়িত ছিল, তাহার পুর্বাভাস আমরা সীতার বন-বাসসম্ভৱে দেখিয়াছি। কিন্তু এবার সেই তেজের পূর্ণবিকাশ দৃষ্ট হইল।

অমিততেজা মহাবীর—তাহার ভরে পঞ্চ-বটীর তরুপত্র নিক্ষপ হইয়া গিয়াছে, পার্শে গোদাবরীর স্রোত মন্দীভূত হইয়া পড়িয়াছে, অন্তচ্ডাবলম্বী সূর্য্যও যেন রাবণের ভয়ে मिथनत्त्रत्र थात्य नुकारेश পড़िशाह्न, এই ভয়ানক অসুর যখন পরিব্রাজকবেশ ত্যাগ করিয়া সহসা রক্তমাল্য পরিয়া তাহার ঐশ্বর্যা ও শক্তির গর্ব করিতে লাগিল,—তথন সীতা পুক্রেশিয়ার ভায় কিংবা ছিন্নলতার ভায় ভূলুষ্ঠিত হইয়া পড়িলেন না। যিনি লতিকার স্থার কোমল, চীরবাস পরিতে যাইরা থিনি সাশ্রনেত্রে স্বামীর মুখের দিকে চাহিয়া অবদন্ন হইয়া পড়িয়াছিলেন, যিনি মুহভাষার নিজের মনের কথা ব্যক্ত করিয়া রামের কর্ণে অমৃতনিষেক করিতেন, সেই তম্বদী পুস্গালমারশোভিনী সহসা বিহালতার ভাষ তেজবিনী হইয়া উঠিলেন। যাহার ভরে জগৎ ভীত, সতী তাহার ভীতিদায়ক হইয়া উঠিলেন। তাঁহার ফুলকুস্থমকোমল রূপে এই বিজয়নী, এই তেজ প্রদান করিল ? কে তাঁহার ভাষায় এই কুদ্ধ অগ্নির স্থায় আলাময় কথা বিচ্ছুরিত করিয়া দিল ?- "আমার স্বামী মহাগিরির স্থায় অটল, ইন্দ্রতুল্য পরাক্রান্ত, আমার यामी कंगरशृकाठित्रवभानी, कंगडीिजनायक-তেৰোদুগু, আমার স্বামী সত্যপ্রতিজ্ঞ, পৃথুকীর্ত্তি; রাক্ষস, তুমি বস্ত্রদারা অগ্নি আহরণ করিতে ইচ্ছা করিয়াছ, জিহবা দারা কুর বেহন করিতে চাহিতেছ, কৈলাসপর্বত হস্তবারা উরোপন করিতে চেষ্টা পাইতেছ। রামের জীকে স্পর্শ কর, এমন শক্তি তোমার नारे। जिश्दर ଓ मुगादन, चर्च ७ मीमदक द

প্রভেদ, রামের সঙ্গে তোমার তদপেকা অধিক প্রভেদ। ইন্দ্রের শচীকে হরণ করিয়াও তোমার রক্ষা পাইবার স্থযোগ থাকিতে পারে, কিন্তু আমাকে স্পর্শ করিলে নিশ্চর তোমার মৃত্য।" বক্র কেশকলাপ সীতার তেলোদুপ্ত মুখের চতুর্দিকে তর্নিত হইয়া পড়িয়াছে, ঈষং গ্রীবা হেলাইয়া,—ফুলকমণ-প্রভ রক্তিম বদনমগুল উন্নমিত করিয়া সীতা যখন রাবণকে তীব্রভাষার ভংসনা করিলেন, তথন আমরা সতীর মূর্ভি দেখিলাম। ভারতের শ্রশানের প্রধৃমিত অগ্নিছায়ায় স্বামীর পার্শ্বে বনফুলমুন্দর স্থিরপ্রতিজ্ঞ বদনে বিচ্ছুরিত যে সতীত্বের শ্রী আমাদের চকে রহিয়াছে, শ্বশানের অগ্নি যে এ ভস্মী-ভূত করিতে পারে নাই, ভারতের প্রত্যেক গ্রাম-প্রত্যেক নদীপুলিনকে এক অশরীরী পুণ্যপ্রবাহে চিরতীর্থ করিয়া রাখিয়াছে, মরণে যে গরিমা সীমস্ত উদ্ভাসিত করিয়া হিন্দু-त्रभगीत मिन्द्रविन्द्र अक्ष सोन्ध्या अभान করিয়াছে-আজি জীবনে সীতার সেই চির-নমস্থ সতীমূর্ত্তি আমরা দেখিয়া ক্বতার্থ হইলাম।

রাবণ এই মৃর্তির জন্ম প্রস্তুত ছিল না;—
সে বতগুলি রমণীর কেশাকর্ষণ করিয়া সর্বানাশিনী লক্ষাপুরীতে লইয়া আমিয়াছে,
তাহাদের প্রত্যেকেই কত কাতরোক্তি ও
বিনয় করিয়া তাহার হস্ত হইতে নিয়তি
ভিক্ষা করিয়াছে,—স্ত্রীলোকের করুণ কর্ঠধ্বনি গুনিতে রাবণ অভ্যন্তঃ কিছু
মাত্র নাই,—পলাশদলমুক্তর চক্ষে একটি
অক্র নাই। রাবণের ভীতিকর প্রভার জীবনে

এই প্রথমবার প্রতিহত হইল। যে জীবনকে ভয় করে, সে জীবননাশককে ভয় করিবে, কিন্তু সীতা স্বীয় নিঃসহায় অবস্থা স্মরণ করিয়া বলিয়াছিলেন, "বন্ধনই কর বা বধই কর, আমার এ দেহ এখন অসাড়;—রাক্ষস, এ দেহ বা এ জীবন রক্ষা করা আমার আর উচিত নয়।"

বিশ্বিত হইয়া "লগাটে ক্রকুটিং কুতা রাবণঃ প্রত্যুবাচ হ।"--সে কুবেরকে জয় করিয়া পুষ্পকরথ আনিয়াছে,—জগতের প্রকৃতিপুঞ্জ তাহাকে মৃত্যুর তুল্য ভয় করে, "অকুল্যান সমো রামো মম যুদ্ধে স মাকুষঃ" প্রভৃতি অনেক বলিল. কথা বাথিতভাগ রুথা সময় নষ্ট করা যুক্তিযুক্ত মনে না করিয়া সে বামহত্তে সীতার কেশমুষ্টি ও দক্ষিণ হস্তে তাঁহার উক্দেশ ধারণ করিয়া তাঁহাকে রথের উপর লইয়া গেল। সহসা সেই পঞ্বটীর বনশ্রী যেন মলিন হইয়া গেল, তরুগুলি যেন নীরবে কাঁদিতে লাগিল. পক্ষিগুলি অবসন্ন হইয়া উড়িতে পারিল ना,--वननन्तीत्क तावन नहेशा रशन, सिह বিপুল অমুগোদপ্রদেশের বনরাজি হতশ্রী रहेया পिएन। শীতার আর্ত্ত চীৎকার-ধানি ভনিয়া সেই নিৰ্জ্জনে ভগু এক মহাজন লগুড় লইয়া দাঁড়াইলেন। তাঁহার কেশকলাপ হংসপক্ষের ভাষ ভত্র হইয়া গিয়াছে, দওকা-রণ্যে বছবৎসর ব্লাস করিয়া বার্দ্ধক্যে তিনি শীর্ণ হইয়া পড়িয়াছেন,—তিনি পরের কলহ মাথায় লইয়া দ্বাবণের সঙ্গে যুদ্ধ করিয়া প্রাণ **मिल्लन। ४ छ छो। इ, आब्द এই हिम्मू इति** এমন কে আছেন-যিনি অস্তায়ের বিরুদ্ধে দাঁড়াইয়া তোমার মত প্রাণ দিতে পারেন ?

সীতা আর্ত্তনাদ করিয়া বলিলেন—
"রাম, তুমি দেখিলে না, বনের মৃগপক্ষীও
আমাকে রক্ষা করিতে ছুটিতেছে।" বে
কর্ণিকারপুপ সংগ্রহের জন্ম তিনি বনে
বনে ছুটিতেন, সেই কর্ণিকারবন লক্ষ্য
করিয়া বলিলেন—"ক্ষিপ্রং রামায় শংসধ্বং
সীতাং হরতি রাবণঃ।" হংস্সারসমন্ধী আবর্ত্তশোভিনী গোদাবরীকে ডাকিয়া বলিলেন,
"ক্ষিপ্রং রামায় শংস ঘং সীতাং হরতি রাবণঃ।"
দিগঙ্গনাদিগকে স্তুতি করিয়া বলিলেন,
"ক্ষিপ্রং রামায় শংসধ্বং সীতাং হরতি রাবণঃ।"

রথ ক্রমশ লকার সরিহিত হইল, সীতা বীয় অলকারগুলি দেহ হইতে ছুড়িয়া ফেলিতে লাগিলেন—তাঁহার চরণের নৃপুর বিহাতের মত, বক্ষোলম্বিত শুভ্র মুক্তাহার ফীণ গঙ্গারেথার স্থায়, আকাশ হইতে পতিত হইল, রাবণের পার্শ্বে তাঁহার মুথখানি দিবসে উদিত চক্রের স্থায় মলিন দেথাইতে লাগিল, সীতার রক্তকোষের বত্তের একার্দ্ধ রাবণের রথের পার্শ্বে উড়িতেছিল। সেই শোক-বিম্টা সতীর হরবস্থা দেথিয়া সমস্ত জগৎ যেন • ক্র্দ্ধ হইয়া মৌনভাবে প্রকাশ করিল—"যে সংসারে রাবণ সীতাকে হরণ করিতে পারে, দেখানে ধর্ম্মের জয় নাই,—দেখানে পুণ্য নাই।"

রাবণ সীতাকে লন্ধাপুরীতে লইরা আদিল। লন্ধার জগতের বিলাদসভার সমস্ত সংগৃহীত, চকুকর্ণের পরিতৃপ্তির জন্ম যাহা কিছু কল্পনায় উপস্থিত হইতে পারে, লন্ধায় তাহার দমস্ত দ্মিলিত; এই ঐশ্ব্যান্যী পুরী দীতাকৈ দেখাইয়া রাবণ বলিল—
"তুমি আমার প্রতি প্রীত হও, এই দমস্ত

ঐর্ব্য ভোমার পদপ্রান্তে.—তোমার অশ্রন্থির মুখপঙ্গু আমাকে পীড়াদান করিতেছে। তোমার স্থলর মুখ কেন শোকার্ত হইয়া থাকিবে ? তোমার স্নিগ্ধ পল্লবকোমল পাদ-যুগ্মের তলে আমার মন্তক রাখিডেছি, রাবণ এমনভাবে এপর্যাম্ভ কোন রমণীর প্রেম-ভিক্ষা করে নাই। তুমি আমার প্রতি প্রসন্ন হও।" সীতা এ সকল কথায় কর্ণপাত ক্রেন নাই। তিনি বিমৃঢ় হইয়া পড়িয়া-ছিলেন, রাবণের প্রতি বারংবার রোষদীপ্ত বিরক্ত চক্ষে চাহিয়া সীতা আরক্তগণ্ডে ও কুরিত অধরে তাহাকে বলিলেন —"যজ্জমধ্য-স্থিত ব্রাহ্মণের মন্ত্রপুত ব্রুগ্ডাওমণ্ডিত বেদী স্পর্শ করিবে, চণ্ডালের কি সাধ্য ? রাক্ষস, তুমি নিজের,মৃত্যু আকাজ্ঞা করিতেছ।" রাবণের দিকে ঘুণায় পৃষ্ঠ ফিরাইয়া সীতা মৌনী হইয়া রহিলেন, অনবভাঙ্গীর সমস্ত শরীর হইতে ঘুণা ও অলৌকিক দীপ্তি বিচ্ছু-রিত হইতে লাগিল। রাবণ অনভোপায় হইয়া রাক্ষ্মীদিগকে বলিল—"ইহাকে অশোকবনে नहेशा यां , दान इडेक, इतन इडेक, মিষ্টবাক্যে হউক, ভয়প্রদর্শনে হউক, ইহাকে আমার বশীভূত করিয়া দাও।

দেই অশোকবনের পুশান্তবকনম শাখা বেন ভূমিচ্বন করিতে চাহিতেছে—অদ্রের বিশাল চৈত্যপ্রাসাদ; তাহার সহস্র কটিকন্তন্তের প্রত্যেকটির উপরে এক একটি ব্যাদ্রের প্রতিমূর্ত্তি। নানা-বিচিত্র-প্রতিমূর্ত্তি-শোভিত উপবন। চম্পক, উদ্দালক, সিন্ধুবার ও কোবিদার রক্ষ মঞ্জম্র পুম্পান্ধ্যে দেই বন্টি সমৃদ্ধ করিয়া রাথিয়াছে। স্কুলর স্থলর মণি-শ্রতিত সোপানপংক্তিতে সংবদ্ধ কৃত্রিম সরোবর

তটান্তশোভী বন্ধতক্ষর পুলাপাতে ঈবৎ কল্পিত। এই রমণীর উন্ধানে সীতার আবাস-হান হির হইল। এই আরণ্যদৃক্তের পার্ছে বিষণ্ণমালিনশ্রী সীতাদেবীর যে মূর্ত্তি বাদ্মীকি আঁকিয়াছেন, তাহা একাস্ত মৌনতার, উৎকট রাক্ষসীগণের সাহচর্য্যে, অটল সতীম্বগর্মে এবং করুণ সৌন্দর্য্যে আমাদিগের চিস্ত একাস্তরূপে আরুষ্ট করে।

তাঁহার সহচারিণীগণ কোন হঃস্থপুটু যমালয়ের চরের স্থায়.—তাহারা বিভীষিকার জীবন্ত মূর্ত্তি—কেহ একাক্ষী, কেহ লম্বিভোঞ্জী, কেহ শত্ত্ৰণাঁ, কেহ ক্ষীতনাসা, কেহ বা "ললাটোচ্ছাসনাসিকা" —নাসার মুথ ললাটের দিকে—তাহাদের পিঙ্গলচকু অবিরত সীতাকে ভীতিপ্রদান করিতেছে। বিনতানামী রাক্ষ্মী বলিতেছে—"সীতে, তোমার স্বামিমেহের পরা কাঠা দেখাইয়াছ, আর প্রয়োজন নাই, এখন 'রাবণং ভজ ভর্তারম,' সন্মত না হইলে 'সর্বাঝাং ভক্ষিয়ামহে বয়ম্।'" শব্বিতস্তনী বিকটা রাক্ষ্মী মৃষ্টি দেখাইয়া দীতাকে তর্জন করিতেছে, আর বলিতেছে—"ইন্দ্রের সাধ্য নাই, এ পুরী হইতে তোমাকে রকা करत्र,-श्रीत्नारकत्र योवन अशात्री-यजिन যৌবন আছে, মদিরেক্ষণে, ততদিন স্থভোগ করিয়া লও,—রারণের দলে স্থরমা উন্থান, উপবন ও পর্বতে বিচরণ কর। অস্বীকৃতা হইলে 'উৎপাট্য বা তে হৃদয়ং ভক্ষরিধ্যামি মৈথিলি।" জুরদর্শনা চণ্ডোদরী এ সময়ে বিপুল শূল দীতার সমুথে খুরাইয়া বলিল- "এই আসোৎকম্পপয়োধরা ছরিণ-শাবাক্ষীকে দেখিয়া আমার বড় रहेर्डि -- रेशंत यक्ट, भीहा ७ त्यांक्रमण

আমি উৎপাটন করিয়া ভক্ষণ করি।" প্রথমা রাক্ষনীও এই কথার অন্থমোদন করিল এবং অজামুখী বলিল, "মন্ত লইরা আইস, আমরা সকলে ইহাকে ভাগ করিয়া থাই।" তৎপরে শূর্পনথা ভাগুবনৃত্য করিয়া বলিল—"ঠিক কথা,—'স্থরা চানীয়তাং ক্ষিপ্রম্।'"

এই বিভীষিকাপূর্ণ রাজ্যে উপবাসক্লশা মৈথিলী এই সকল তর্জন শুনিয়া "ধৈর্যমুৎ-স্বজ্য রোদিতি।"—নেত্রছটি জলভারে আকুল হইল, স্থন্দরী ধৈর্যাহীনা হইয়া কাঁদিতে লাগিলেন।

সীতার স্থলর মুখ অশ্রুকলন্ধিত, যিনি ভূষণ পরিলে শিল্পীর শ্রম সার্থক হয়, তিনি ভূষণহীনা, যিনি চিরস্থাভান্তা, তিনি চির-হৃ:থিনী-"স্থার্হা হৃ:থসম্ভপ্তা, মণ্ডনার্হা অম-ভিতা।" একথানি ক্লিন্ন কৌষেম্বাস তাঁহার উপবাসক্রশ শ্রীত্মঙ্গ ঢাকিয়া রাখিয়াছে। পৌর্ণনাদী জ্যোৎস্বার স্থায় তিনি সমস্ত জগতের অভীপ্সিতা। শোকজালে তাঁহাকে করিয়া রাথিয়াছে,—ধৃমজাল-আচ্ছন্ন সংসক্ত অগ্নিশিখার ञ्जास তাঁহার রূপ প্রকাশ পাইয়াও প্রকাশ পাইতেছে না. সন্দিগ্ধ স্মৃতির স্থায় সে রূপ অস্পষ্ট। অশোকরকে রক্ষিত নি:সংজ্ঞানেহে ধ্যানময়ী কি চিন্তা করিতেছেন ? লকার এই বিষম তেজোবিক্রম, এই অসামান্ত ঐশ্বর্যা,---শক্ত योजन मृत्र कुछोवसनधाती ভাতুমাত্র-সহায় রামচক্র এই হুর্গম স্থানে আসিবেন কিরপে? রাক্সীরা একবাক্যে বলিতেছে, তাহা অসম্ভব হইতেও অসম্ভব। রাবণ তাঁহাকে দ্বাদশমাস সময় দিয়াছিল, তাহার मनमान अठीउ हहेंग्रा शिग्राटक, आंत्र इहे-

মাস পরে পাচকগণ রাবণের প্রাতরাশের (breakfast) জন্ম তাঁহার দেহ খণ্ডখণ্ড করিয়া ফেলিবে। সীতা এই নিঃসহায় রাক্ষস-পুরীতে স্বগণের মুখ দেখিতে পান না, কেবল রাক্ষ্সীরা তাঁহাকে নানাবিধ অপ্রাব্য বিজ্ঞপ ও তাড়না করিতেছে। এদিকে রাবণ প্রায়ই সেস্থানে আসিয়া কথন ভয় দেখাইতেছে. কথন মধুরভাষায় বলিতেছে—"তোমার স্থন্দর অঙ্গের যেথানেই আমার চক্ষ পতিত হয়, **সেথানেই উহা আবদ্ধ হই**য়া থাকে.— তোমার মত সর্বাঙ্গস্থলরী আমি দেখি নাই; তোমার চাক দন্ত এবং মনোহারী নয়ন্ত্র আমাকে উন্মন্ত করিয়া তুলিয়াছে। তোমার ক্লিম্ন কৌষেম্বাসখানি আমার চক্ষুর পীড়া-দায়ক, লন্ধার সমস্ত ঐশ্বর্যা ভোমার পদতলে, বিলাসিনি, তুমি প্রসন্ন হও।" কিন্তু এই অনশনকৃশা, শোকাশ্রুপুরিতনেত্রা, ক্লিম-কৌবেয়বসনা তাপসী ক্রোধরক্তিমমুখে বলি-লেন, "আমার প্রতি যে ছষ্টচক্ষে চাহিতেছ, তাহা এখনও কেন উৎপাটিত হইয়া ভূতলে পভিত হইল না! দশর্থ রাজার প্তব্ধু পুণ্যশ্লোক রামচন্দ্রের ধর্মপত্নীর প্রতি যে জিহ্বায় এই সকল পাপ কথা বলিলে,— তাহা এখনও বিদীর্ণ হইল না কেন ? তোমার কালরপী রামচন্দ্র আদিতেছেন, এই অপ্রমেয়-এম্বর্যাশা লিনী লকা অচিরে চির-नीन হইবে।" এই বলিয়া ন্দুরিতাধরা সীতা সম্বণ উপেক্ষার রাবণের দিকে পৃষ্ঠ ফিরাইয়া বসিয়া রহিলেন, তাঁহার পৃষ্ঠলম্বিত একবেণী রাক্ষসকুলসংহারক মহাসর্পের স্থায় অকুষ্ঠিত श्रेया त्रिशा

রাবণ কোধান হইনা সীতাকে প্রহার করিতে উন্নত হইল, তথন খলিতহেমস্তা, মদবিহবলিতাঙ্গী, ধান্তমালিনীনামী রাবণের স্ত্রী তাহাকে আলিঙ্গন করিয়া গৃহে লইনা গেল।

ইহার পরে সীতার উপর রাক্ষ্সীগণের ক্রেপ তীব্র শাসন চলিল, তাহা অমুভব করা যাইতে পারে। কিন্ত সকল উৎপীড়ন সহিতে হইবে বলিয়া কে এই ক্লিম-দেহা কোমল ব্রততীকে এই অসাধারণ ব্রত-তেজা মণ্ডিত করিয়া রাথিয়াছিল ? কে এই ফুলসম রমণীকে শূলসম কাঠিগু প্রদান করিয়া তাঁহাকে রক্ষা করিয়াছিল ? কে এই অনশন. এই ছিন্নবাস, এই ভূশযাক্লিষ্ট নবনীতকোমল দেহের ভিতর এই অপূর্ক অলোকিক বিহা-তের শক্তি সঞ্চার করিয়া দিয়াছিল ? কোন স্বর্গীয় আশা অসম্ভব রামাগমন ও রাক্ষস-ধ্বংসের পূর্ব্বাভাস তাঁহার কর্ণে গুঞ্জিত করিয়া অশাস্তির মধ্যে তাঁহাকে কথঞ্চিৎ শাস্তিকণা প্রদান করিয়াছিল ? কে এই বিলাস-ঐখ-র্যাকে ঘুণা ও উপেক্ষা করিতে শিখাইয়া সীতাকে পবিত্র যজ্ঞান্নির স্থায় সমৃদীপ্ত করিয়া আমাদের অন্তঃপুরের আদর্শ করিয়া রাথিয়াছে ? এই সকল প্রশ্নের কথায় উত্তর দেওয়া যাইতে পারে, তাহাতে আমাদের ভ্রমের আশকা নাই। এই দৈজের মধ্যে এই আশ্চর্য্য ঐশ্বর্য্য, এই কোমলভার মধ্যে এই অসম্ভব দৃঢ়তা যদারা সঞ্চারিত হইয়াছিল, তাহার নাম বিখাস। বিখাস-ব্রতের ফল অবশ্রম্ভাবী, সীতা সেই বলে যেন দুর ভবিষ্যতের গর্ভ বিদারণ করিয়া পুণ্যের জন্ম প্রতাক করিয়া এত তেজম্বিনী হইয়াছিলেন।

অসামান্তবিপৎসঙ্গ নিপীড়ন সহু করিয়া ধৈর্য্যবক্ষা করা সকল-সময় সম্ভবপর হয় না। কথন কখন সীতা ভূতলে পড়িয়া অজস্ৰ কাঁদিতে থাকিতেন; তিনি হঃথের সীমা দেখিতে না পাইয়া কত-কি ভাবিতেন। কথন মনে হইত, রাবণ-ক্থিত হুইমাস চলিয়া গিয়াছে, স্থপকারগণ তাঁহার দেহ খণ্ডখণ্ড করিয়া রাবণের ভোজ-নের উপযোগী করিতেছে। কথন মনে इंडेंज, हर्ज़र्मन वरमंत्र क भूर्ग इंडेग्रा शिग्नाहरू, রাম হয় ত অযোধ্যায় ফিরিয়া গিয়াছেন: বিশালনেতা রমণীগণের সঙ্গে তিনি আনন্দে কালাতিপাত করিতেছেন। এই কথা ভাবিতে তাঁহার হদয়ে দারুণ আঘাত লাগিত। তিনি বিভন্তমুখী হইয়া নিরাশ্রয়ভাবে চতুর্দিকে দৃষ্টিপাত করিতে থাকিতেন, তথন তাঁহার সৌলগ্য প্রকাশ পাইয়াও যেন প্রকাশ পাইত না—"প্রদানী প্রদিগ্ধেব বিভাতি ন বিভাতি চ।" কথন মনে হইত, রামচক্র হয় ত তাঁহার জন্ম শোকাকুল হন নাই—তাঁহার হৃদয় যোগীর ভায়—সংসারের স্থত্ঃথের উর্জে, তিনি পূজা ও ভালবাদা আকর্ষণ করেন, তিনি নিজে কাহারও জন্ম কথন ব্যাকুল হন নাই-এই ভাবিতে তাঁহার হৃদয় হৃদ-হরু করিয়া উঠিত, তিনি আপনাকে একান্ত নিরাশ্রয় মনে করিতেন। কথন বা রাক্ষ্সী-গণের তাড়না অসহ হইলে তিনি কুদ্ধস্বরে বলিতেন—"রাক্ষসীগণ, তোমরা অধিক কেন वन, आमारक ছिन्नভिन्न वा तिनीर्ग कतिशा ফেল, অথবা অগ্নিতে দগ্ধ কর, আমি কিছু-**তেই রাবণের বশীভূতা হইব না।** " এই ভাবে তিনি একদিন ছ:থের প্রান্তসীমার

উপস্থিত হইয়াছিলেন, অশোকের একটি শাখা অবলম্বন করিয়া দাঁড়াইয়া তিনি ভাবিতে-ছিলেন,—डाँशांत প্রাণ বড় ব্যাকুল হইয়া পডিয়াছিল। এই সময় কে তাঁহাকে শিংশপা-বুকের অগ্রভাগ হইতে চিরমধুর রামনাম ভুনাইল, সেই নাম ভুনিয়া অকুমাৎ জাঁহার চিত্ত মথিত হইয়া চক্ষের প্রান্তে অশ্রুকণা তিনি সঞ্জলচক্ষে বক্র কেশ-(मथा मिल। রাশির ভার এক হন্তে অপস্ত করিয়া উর্জ-চিরেপ্সিত-দরিতনাম-কীর্ত্তনকারীকে মুবে দেখিতে লাগিলেন। অনার্ষ্টিসম্বপ্ত পৃথিবী উৎকন্তিতভাবে জলবিন্দুর জ্ঞ যেরূপ প্রত্যাশা করে, মধুর রামকথা শুনিবার জন্ম তিনি সেইরূপ ব্যগ্র হইয়া অপেকা করিলেন।

रस्मान् कृजाञ्जनि रहेन्ना वनितनन, "(र ক্লিয়কৌষেয়বাসিনি, আপনি কে, অশোকের শাখা অবলম্বন করিয়া দাঁড়াইয়াছেন ? আপনার পদ্মপলাশচক্ষু জলভারে আকুলিত হইয়াছে কেন ? আপনি কি বশিষ্ঠের স্ত্রী অরুদ্ধতী,— স্বামীর দঙ্গে কলহ করিয়া এথানে আসিয়া-ছেন, কিংবা চক্রহীনা হইয়া চক্রের রমণী পৃথিবীতে অবতীর্ণা হইয়াছেন ? আপনি যক্ষ, রক্ষ, বহু, ইহাদের কাহার রমণী ? আপনি ভূমিস্পুর্ণ করিয়া রহিয়াছেন, আপনার অশ্র-যাইতেছে, জল দেখা এজগ্য আপনাকে দেবুতা বলিয়াও বোধ হই-তেছে না। যদি আপনি রামের পত্নী সীতা হন, গ্রামা রাবণ যদি জনস্থান হইতে আনিয়া আপনার এ ছদিশা করিয়া থাকে, তবে সে কথা বলিয়া আমাকে কুতার্থ করুন।" দীত। সংক্ষেপে নিজের পরিচয় দিরা হতু-

মান্কে সমীপবর্ত্তী হইতে আজ্ঞা করিলে দ্ত নিমে অবতরণ করিলেন। তথন হয়মান্কে দেখিয়া তিনি শব্ধিত হইলেন,—সহসা মনে হইল, এ ত ছন্মবেশধারী রাবণ নহে ? যিনি দয়িতের সংবাদপ্রাপ্তির আশার ক্ষণপূর্বে উৎকুলা হইয়া উঠিয়াছিলেন, তিনি সহসা ভয়বিহ্বলা হইয়া পড়িলেন, ভয়ে অশোকের শাধা হইতে বাছলতা খলিত হইয়া পড়িল, তিনি মৃত্তিকার উপর বসিয়া পড়িলেন—"থথা যথা সমীপং স হন্মাহ্পসপতি। তথা তথা রাবণং সা তং সীতা পরিশক্ষতে॥"

কিন্তু এই সন্দেহ দূর করা হতুমানের পক্ষে দহজ হইল। রামের সংবাদ পাইয়া দীতার মুথ প্রফুল্লিত হইয়া উঠিল, কুশাঙ্গীর চকু অশ্রপূর্ণ হইল, তিনি একটি কথা নানা ইঙ্গিতে হমুমানের নিকট বারংবার জানিতে চাহিলেন—রাম তাঁহার জন্ম শোকাতুর হইয়া-ছেন कि ना ? श्रूमान छाशांक कानाहेलन, "যিনি গিরির স্থায় অটল, তিনি শোকে উন্মন্ত হইয়া পড়িয়াছেন, তাঁহার গান্ডীর্য্য চূর্ণ হইয়া গিয়াছে। দিবারাত্রি তাঁহার শাস্তি নাই.-কুস্থ্যতক দেখিলে উন্মন্তভাবে আপনার জন্ম কুম্ম তুলিতে যান,-পদ-প্রস্থাক্তর স্পর্শে মনে করেন, ইহা আপনার মৃহ নিশাস, ত্রীলোকের প্রিয় কোন সামগ্রী দেখিলে তিনি উন্মত্ত ২ইয়া আপনার কথা বলিতে থাকেন, জাগরণে আপ-নার কথা ভিন্ন আর কিছু বলেন না, আবার স্থ হইলেও 'সীতেতি মধুরাং বাণীং ব্যাহরন্ প্রতিবুধাতে।' তিনি প্রায়ই উপবাদে দিন-যাপন করেন- 'ন মাংসং রাঘবো ভূঙ্কে ন চৈব মধু সেবতে।" এই কথা শুনিতে শুনিতে

সীতা আর সহু করিতে পারিলেন না, সাঞ্চ চক্ষে বলিয়া উঠিলেন, "অমৃতং বিষসংপৃক্তং স্বয়া বানর ভাষিতম।"

তৎপরে হমুমান্ রামের করভূষণ অঙ্গুরীয় অভিজ্ঞানম্বরূপে সীতাকে প্রদান করিলেন— "গৃহীত্বা প্রেক্ষমাণা সা ভর্ত্তঃ করবিভূষিতম্। ভর্তারমিব সম্প্রাপ্তা সা সীতা মুদিতাভবং।" তখন সেই চারুমুখীর বহুদিনের ছঃখ ঘুচিয়া যে আনন্দরেখায় গগুরুষ উল্লসিত হইয়া উঠিয়াছিল, তাহা আমরা চিত্রিত করিতে পারিব না, সেই অঙ্গুরীর স্থপ্পর্ণে বহুদিনের ञ्चि, वह अथइ:थ, मिटे शक्शमनािम-शामा-বরীপুলিনের রাম্সঙ্গ, কত আদর ও স্নেহের কথা মনে পড়িল, তাঁহার কৃষ্ণপন্মান্ত চকুর কোণ হইতে অজল অশ্রবিন্দু পতিত হইতে লাগিল। হতুমানু সীতাকে পৃষ্ঠে করিয়া রামের নিকট লইয়া যাইতে চাহিলে সীতা স্বীকৃতা হইলেন না। "রাক্ষসেরা পশ্চাৎ অমুসরণ করিলে আমি সমুদ্রের মধ্যে পড়িয়া যাইব, আর স্বেচ্ছাপূর্বক আমি পরপুরুষ স্পর্শ করিব না।"

আর একদিনের চিত্র মনে পড়ে,—রাক্ষদগণ নিহত হইয়াছে, দীতাকে বিভীষণ
রামের নিকট লইয়া যাইতে আদিলেন। নানা
রক্ষ ও বিচিত্র বস্ত্র দেখিয়া পাংশুগুটিতসর্কান্ধী দীতা বলিলেন—"অমাতা দ্রাই,মিছামি

ভর্তারং রাক্ষসেশর।" হত্মান্ সীতার সন্ধিনী রাক্ষ্যীদিগকে তাড়না করিতে গেলে ক্ষমাশীলা সীতা বারণ করিয়া বলিলেন, "প্রভুর নিয়োগে ইহারা যাহা করিয়াছে, তজ্জন্ত ইহারা দণ্ডাহা নহে।"

তাহার পর বিশাল দৈশুসংঘের সমূথে রাম সীতাকে অতি কঠোর কথা বলিলেন, লজ্জার লজ্জাবতী বেন মরিয়া গেলেন, কিন্তু তেজ্জাবতীর মহিমা ক্ষুরিত হইরা উঠিল;—রামের কঠোর উক্তি প্রাক্তজানাচিত, ইহা বলিতে সাধ্বীর কণ্ঠ বিধাকম্পিত হইল না—তিনি পতির পদে অশেষ প্রণতি জানাইয়া মৃত্যুর জন্ম প্রস্তুত হইলেন এবং উন্থত অশ্রু মার্জ্জনা করিয়া অধােমুথে হিত স্বামীকে প্রদক্ষিণ-পূর্মক জলন্ত চিতায় প্রবেশ করিলেন।

তংপরে ক্ষিতস্থ্বর্ণপ্রতিমার স্থায় এই দেবীকে উঠাইয়া অগ্নি রামের হস্তে অর্পন্ ক্রিয়া বলিলেন,—"বিনি আজনাশুদ্ধা, তাঁহাকে আর আমি কি শুদ্ধ ক্রিব!"

এই সভীচিত্র বাশ্মীকি চিরজীবন্ত করিয়া রাথিয়াছেন, ইঁহার বিশাল আলেথ্য হিন্দুস্থানের গৃহে গৃহে এখনও স্থানো-ভিত রহিয়াছে, অলক্ষিতভাবে সীতার পত্নীত্ব হিন্দুস্থানের পত্নীকুলের মধ্যে অপূর্ব সতীত্ব বৃদ্ধির সঞ্চার করিয়া আমাদের দেশকে প্রবিজ্ঞ করিয়া রাথিয়াছে।

গ্রীদীনেশচন্দ্র সেন।

সাগরমন্থন।

হে জনসমুদ্র, আমি ভাবিতেছি মনে
কে তোমারে আন্দোলিছে বিরাট্ মহনে
অনস্ত বরম ধরি'! দেবদৈত্যদলে
কি রক্ষসন্ধান লাগি' তোমার অতলে
অশাস্ত আবর্ত্ত নিত্য রেখেছে জাগায়ে
পাপে পুণ্যে স্থথে হঃখে ক্ষ্ধান্ন ত্যায়
কেনিল কল্লোলভঙ্গে ? ওগো দাও দাও
কি আছে তোমার গর্ভে —এ ক্ষোভ থামাও!
তোমার অস্তরলন্ধী যে গুভপ্রভাতে
উঠিবেন অমৃতের পাত্র বহি' হাতে
বিশ্বিত ভ্বনমাঝে,—লয়ে বরমালা
জিলোকনাথের কঠে পরাবেন বালা
সেদিন হইবে কাস্ত এ মহামন্থন,
থেমে যাবে সমুদ্রের রুদ্র এ ক্রন্দন।

শ্বশানতলা।

কাটোয়া-অঞ্চলে শ্বশানতলা-নামক স্থান আছে। যোগেশ্বরমন্দির তথায় প্রসিদ্ধ এবং তাহার সমূরত ত্রিশ্লাক্ষিত চূড়া জাহুবীবক্ষ হইতে আজিও নৌকাযাত্রীদের দৃষ্টি আকর্ষণ করে। দেবস্থানের চারিদিকে চক্রাকারে প্রাচীন বটরক্ষের সারি, দেখিলে মনে হয় মূলের বিপুল তক্ত অনেকদিন অন্তর্হিত হইয়াছে এবং বর্ত্তমান পাদপক্রেণী তাহারই জটাজালোৎপদ্ধ সম্ভতিধারা।

এই শ্বশানতবার সঙ্গে ভৃতপ্রেতের

অনেক কাহিনী জড়িত আছে। অতএব সচরাচর এথানে লোকসমাগম বড় বিরল। বংসরের মধ্যে ছইবার এথানে মেলা বসিয়া থাকে, ফাল্পনে শিবচতুর্দশীড়ে, আর চৈত্র-সংক্রাপ্তি উপলক্ষে। শিবরাত্রির ধুমধাম ছই দিনের বেশী থাকে না, কিন্তু গাজন উপলক্ষেদশিন সমান ভিড়। তাহাতে বীরভ্ম-প্রদেশের সাঁওতালেরা পর্যান্ত যোগ দিয়া থাকে।

চল্লিশবৎসর পূর্ব্বে অরবিন্দ গঙ্গোপাধ্যায়

এই मन्दित्रत পृकाती हिलन। गांडुनि-यशानम विवाद हातिनियक मनदकारनेत ভিতর তাঁহাকেই বুঝাইত, কেন না, লোকে বিশ্বাস করিত যে, তিনি সিদ্ধতান্ত্রিক। বাস্ত-বিক তাঁহার স্থদীর্ঘ স্থগোর তমতে, স্থপশন্ত ললাটভলে প্রোচ্বয়সেও যে যুবজনোচিত আনন্জ্যোতি প্রতিবিধিত হইত, সচরাচর বিষয়াসক্ত লোকে তাহা নিতাম্ভ ছল ভ। তাহার উপর অন্যসাধারণ কতক্গুলি শক্তি তাঁহাতে বিকশিত হইয়াছিল। ফলিত জ্যোতিষে এবং করকোষ্ঠীতে তিনি পারদর্শী ছিলেন, তাঁহার টোটুকা ঔষধ কখন বার্থ সকলের উপর সর্পচিকিৎসায় হইত না। তাঁহার সমকক্ষ ব্যক্তি দেখা যাইত না। नर्भमष्टे विखन लाकरक मस्त्रीयधिवरन वैकान ছাড়া সর্পভয়নিবারণের নানা উপায় গাঙ্লি-মহাশয়ের জানাভনা ছিল। তরাধ্যে সস্প গৃহ স্বচকে না দেখিয়াও কেবলমাত্র লোক-মুখে তাহার বর্ণনা শুনিয়া থড়িগণনাপুর্বক বিষধরের অবস্থানস্থান নির্দেশ করার ক্ষমতা সর্ব্বপ্রধান এবং প্রধানত এই গুণে তিনি সকল শ্রেণীর পূজনীয় ছিলেন।

দয়াদাক্ষিণাের জন্তও গাঞ্চাপাধাারমহাশর লােকপ্রিয় ছিলেন। ধনীর দারে
স্বেচ্ছায় বড় যাইতেন না এবং তাঁহার নিয়ােগকর্তা মন্দিরের সেবাইত জমিদারের গৃহেও
গতিবিধি তেমন ছিল না। কিন্তু শানাতলার চতু:সীমায় চারিপাঁচক্রোশের মধ্যে
এমন দীনহঃধী কেহ ছিল না, যাহার ধবয়
তিনি না রাখিতেন। ইহাতে তাঁর কোন
ভেদজ্ঞান ছিল না। পাপপুণাের গৃহে সমভাবে
তিনি করণা বিতরণ করিয়া আসিতেন।

পদ্দীর ভদ্রসমাজে ইহাতে কথা না উঠিত, এমত নহে, কিন্ধ তিনি বলিতেন যে, দেবতার বৃষ্টি উর্ব্বর অমুর্ব্বর ভূমি বিচার করে না। পাপী তাপী সকলকে সমভাবে প্রেমবিতরণের মত ধর্ম আর নাই। সিদ্ধতান্ত্রিক নামে পরিচিত লোকের মুথে প্রকারাস্তরে বৈক্ষবের সাধুবাদ শুনিয়া সকলেই অবাক্ হইত। তাহাতে গাঙুলিমহাশয় কেবল হাসিতেন।

নিবিড বটচ্ছায়াতলে বসিয়া বসিয়া বৈশাখজৈচ্ছের দিনে তাঁহার প্রাণ প্রথব-রৌদ্রন্নিষ্ট জীবমাত্রের জন্ম পুড়িত। প্রকৃতপকে চৈত্রসংক্রান্তির পর হইতেই পরের জন্ম তাঁর ছুটাছুটি স্থক হইত। নিজের অভাব নিতান্ত সামান্ত, কাজেই মন্দিরের আরের যে অংশ তিনি পাইতেন, তাহাতে তাঁহার কিছু কিছু সঞ্চয় হইত। এই অর্থ গাঙ্লিমহাশয় নববর্ষের প্রথমদিন হইতে আরম্ভ করিয়া জৈটের শেষ পর্যান্ত জলছত্তের ব্যবস্থায় বায় করিতেন। লোকে দেখিত, অদূরে কাটোয়ার রাজপথে শ্বশানতলার গাঙ্লিমহাশয় গঙ্গাজলপূর্ণ অনেকগুলি কলস, গুড় ও ভিজা ছোলার রাশি লইয়া বসিয়া আছেন এবং সহাত্যমুখে প্রায় সমস্ত-দিন ভৃষ্ণার্ত্ত পথিকদের ধরিয়া ধরিয়া সেবা করিতেছেন। তাঁহার ব্যবস্থায় গ্লাদির জন্ম বড় বড় ডাবার পৃথকু ভাবে জল রক্ষিত হইত, পক্ষীদের জন্ম প্রত্যেক বৃক্ষমূলে নিব্দে তিনি তণুলকণা ছড়াইয়া দিতেন। তাহা ছাড়া প্রত্যুবে স্নানাস্তে যাতায়াতের পথে স্বহস্তে ছোটবড় সকল গাছের গোড়ার অমবিস্তর জনসেচন, এই সময়ে তাঁহার প্রাতঃকৃত্যের প্রধান অঙ্গ হইয়া **দাডাইত।** যথন-তথন

বলিতেন, "বোগেশ্বর আমাদিগকে ব্রাইর। দেন যে, বংসরের মধ্যে অন্তত চ্ইটি মাস আছে, যথন জড় জীব সকলের ছ:খ একই রক্ষের। শীতল বটের ছায়ার বসিয়া বসিয়া প্রাণ আমার সর্বভৃতের জভ় ছত্ করে, তাই যথাসাধ্য এ ভৃঞানিবারণের ত্রত লইয়াছি।" প্রাত্যহিক জলদানত্রত নিষ্ঠার সহিত সমাধান করিয়া স্ব্যান্তের পর গঙ্গোলান করিয়া আসিতেন এবং তার পর স্বপাক হবিষ্যার গ্রহণ করিতেন।

নিজের জন্ত তাঁহাকে কেছ কথন অন্থগ্রহভিক্ষা করিতে দেখে নাই, কিন্তু কোন গ্রামে
ভলক্ট উপস্থিত হইয়াছে শুনিলে হারে হারে
ভিক্ষা করিয়াও তিনি তাহার ব্যবস্থা করিতেন। কাটোয়া-অঞ্চলে ছোটবড় অনেকগুলি
দীর্ঘিকা গাঙুলিমহালয়ের ভিক্ষা এবং
যত্তের ফল, তাঁহার স্বর্গারোহণের পর
গাঙুলিদীঘি নামে তাহাদের নামকরণ হইয়াছে। তাঁহার জীবিতমানে কেছ তদীয়
নামের সহিত তাহাদিগকে সংযুক্ত করিলে
তিনি ক্ষুক্ক হইতেন। বিনীতভাবে বলিতেন,
"বাপুসকল, মান্থবের নাম করদিন টিকিবে?
তোমরা যোগেশরের নাম কর।"

প্রৌত্বয়য় গলোপাধ্যায়মহাশয়কে কথনকথন পল্লীগ্রামের পাঠশালায় এবং ব্বকদের থেলার আড্ডায় দেখা বাইত। তাহাদিগকে শ্রামাবিষয়ক এবং সন্ধীর্ত্তনের গানে
উৎসাহিত করা তাঁর একটি প্রিয় কার্য্য ছিল।
তিনি বলিতেন, "পরচর্চায় যে আমোদ পায়,
কাজে না হইলেও মনে সে পাপী,—একটুতে
পকে ভ্বিতে পারে।" বিশেষত দ্বীপুরুষের

नीजिठ त्रिवाचिक व्यथनाम त्रोहिशा गाहाता আমোদ পার, তাঁহার কাছে সহজে তাহাদের নিস্তার ছিল না। তাঁহার মতে এই শ্রেণীর জীবেরা সংসারের যত অনিষ্টকারী, আর কেহ তত নহে। বলিতেন, "নিন্দা, ঘুণা, ভয়, তিন থাকৃতে নয়। সন্দেহমাত্র সম্বল করিয়া যাহারা অত্যের চরিত্রে দোষারোপ করে, এই তিনকেই লঘু করিয়া তাহারা নিন্দিতের ভিতর সন্ত্রমের ভাব কমাইয়া আনে। তথন পাপে পড়া কিছু বিচিত্র নয়। অধিকাংশ ক্ষেত্রে অপবাদপ্রচার আগে, কার্য্যত পাপ পরে।" সচরাচর থেলা ও গানের আড্ডায়-বিশেষত এই বাঙ্লাদেশে—এই শ্রেণীর করনা-জরনা যত মুথরোচক, আর কিছুই তেমন নয়। কাজেই গাঙ্লিমহাশয়ের এই প্রকারের উপদেশ অধিকাংশ স্থলে হাস্তরদ উদ্রিক্ত করিত মাত্র এবং ইহা লইয়া তাঁহার অসাক্ষাতে তদীয় যৌবনকালের অজ্ঞাত ইতিহাসের যেরূপ সমালোচনা হইত, একালের গবেষণাপূর্ণ অনেক পুরাত্ত্ব তাহাতে লজ্জা পাইতে পারে।

১২৭০ সালের শারদীয়া মহাষ্টীর রাত্তিবাঙ্গাদেশে চিরশ্বরণীয়। অভ্তপূর্ব প্রবল কটিকার সে ভয়ানক রাত্তি গঙ্গোপাধ্যায়-মহাশয়ের পক্ষে অনেকের মত কাল হইয়া আসিয়াছিল। দিবাবসানে তিনি বৃবিতে পারিয়াছিলেন, মা হুগা সেবার প্রলম্ম ঘটাইতে আসিতেছিলেন। যোগেশরমন্দির যথাসাধ্য স্থরক্ষিত করিয়া ঝড়বৃদ্ধির সঙ্গে সক্ষে তিনি গঙ্গাতীরে আসিয়া বিসয়াছিলেন এবং অস্পষ্টালোকে নৌকা বা মহ্যেদেহ ভাসিয়া যাইতে দেখিলেই নিজের প্রাণের

মারা ত্যাগ করিয়া উত্তাল তাগীরথীতরকে বাঁপাইরা পড়িতেছিলেন। তাহাতে স্ত্রীপুরুষের অনেকগুলি দেহ তীরে উঠিল বটে, কিছ হুর্ভাগ্যবশত কোনটিতেই প্রাণ ছিল না। মধ্যাহ্ররাত্রি পর্যান্ত বড়রার পর অকস্বাৎ তাঁহার মনে হুইল, যোগেশ্বরমন্দিরচুড়া ভূমিসাৎ হুইয়াছে। গঙ্গোপাধ্যায়মহাশয় ক্রতগতি ফিরিয়া চলিলন। দূর হুইতে দেখিলেন, তাঁহার অমুন্মান কতকটা সত্য। মন্দিরশীর্ষ ভাঙিয়া

পড়ে নাই বটে, কিন্তু ভগ্ন বটের ডালে প্রাক্ষণ ছাইয়া গিরাছে। তখন দেবমূর্ত্তির অনিষ্ট-আশকায় তিনি মন্দিরহারাভিমুথে ছুটিয়া চলিলেন।

পরদিন প্রভাতে দেখা গেল, গঙ্গোপা-ধ্যায়মহাশরের জীবনশৃন্ত দেহ মন্দির্বার রোধ করিয়া পড়িয়া আছে—এবং এক প্রকাণ্ড ভগ্ন বটশাখা অপ্রতিহত বেগে আদিয়া দেউলের কিয়দংশসহিত তাঁহার উত্তমাঙ্গ চূর্ণবিচূর্ণ করিয়া দিয়াছে।

শ্রীশাচন্দ্র মন্ত্রমদার।

আজিকার ভারতবর্ষ।

কোন অপ্রকাশিতনামা দাতার অর্থে, পৃথিবী-अनिकन-डेप्सर्म, भगतिम-विश्वविद्यालय भारति বৃত্তিভাণ্ড স্থাপিত হয়। বিশ্ববিভালয়ের পুন্তকাগারে. কোন-বিদেশ-সম্বন্ধে তত্তামু-সন্ধান আরম্ভ করিয়া, যদি কোন অধ্যাপক সেই দেশে স্বয়ং উপস্থিত হইয়া স্বীয় আরক গবেষণার চূড়াম্ভ করিতে চাহেন, তাহা হই-লেই তিনি এই বৃত্তির অধিকারী হইবেন। এই বৃত্তিভাণ্ডের সাহায্যে, অধ্যাপক "আাল্বের মেতাঁা" ভারতবর্ষে ভ্রমণ করিয়া, ভারতবর্ষীয় সামাজিক অবস্থা সম্বন্ধে, "আজিকার ভারত-বৰ্ষ" এই নামে একটি অতীব উপাদের গ্রন্থ সম্প্রতি প্রকাশ করিয়াছেন। এই গ্রন্থের যে অংশগুলি আমাদের কৌতুহলজনক অথবা

শিক্ষাপ্রদ, তাহার সারমর্ম এই প্রবন্ধে উদ্বৃত্ত করা যাইবে। আর-একটি কথা এখানে বলা আবশুক। সর্বপ্রশার পূর্ব্বসংস্কার মন হইতে বিদ্রিত করিয়া, প্রত্যক্ষ দেখিয়া-শুনিয়া গ্রন্থকারের যেরূপ ধারুণা হইবে, ঠিক্ তাহাই তিনি নিরপেক্ষভাবে লিখিবেন, র্ভি-সংস্থাপক মহোদরের এইরূপ স্ফুপ্ট অভিপ্রার ছিল। অধ্যাপক মেতাার লিখিবার ধরণ-ধারণ দেখিয়া মনে হয়, তিনি সেই-অভিপ্রায়-অমুধারী লিখিতে যথাসাধ্য চেটা করিয়াছেন। তবে, কোন বিদেশীয় পর্যাটক, কোন দেশে য়য়কাল অবস্থিতি করিয়া, সেই-দেশ-সম্বন্ধে সব কথা ঠিক্-মতো বলিতে পারিবেন, এরূপ আশা করা যায় না।

গ্রন্থকার,--হিন্দু, মুস্লমান ও পার্সী

^{*} L'Inde d'aujourd'hui-Albert Metin.

প্রভৃতির সহকে এইরপ অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন:—

ভারতবর্ষে হিন্দুর সংখ্যা ২০,৭৭,৩১,৭২৭;
শিখদিপের সংখ্যা ১৯,০৭,৪৩৩; মুসলমানের
সংখ্যা ৫,৭৩,২১,১৬৪; আদিমবাসীদিগের
সংখ্যা ৯২,৪০,৪৬৭; খৃষ্টানদের সংখ্যা
২২,৮৪,৩৪০; পার্সিদের সংখ্যা ৮৯,৯০৪;
এবং ইছদির সংখ্যা ১৭,০০০।

হিল্ ও মুসলমান, এই ছইটিই ভারতবর্ষের সর্বাপেকা বৃহৎ জাতিবিভাগ; এই
ছই জাতিই সমস্ত ভারতবর্ষে পরিব্যাপ্ত;
এবং. এই উভয়ের মধ্যে ভীষণ বিদ্নেবরি
প্রজ্ঞলিত রহিয়াছে। হিল্ কিংবা মুসলমানেরা—এমন কি, তাহাদের মধ্যে যাহারা
স্থান্কিত, তাহারাও মুরোপীয়দিগের সহিত
যে কথন মিশিয়া যাইবে, তাহার কোন
সম্ভাবনা নাই। সে-পক্ষে তাহাদের ধর্মই
বিষম প্রতিবন্ধক। কেবল পার্সীদের মধ্যে
যাহারা শিক্ষিত, তাহারাই ইংরাজ হইয়া
যাইতেছে। তবে কি না, পার্সীদের সংখা
নিতান্তই অর; কিন্তু সংখ্যায় অর হইলেও,
উহারা উল্পমশীল, উদেঘানী ও ধনাতা।

বোষাইনগরে তুলার যে-সকল কলকারথানা আছে,তাহাদের মধ্যে অধিকাংশ স্থাধি
কারী পার্শী। আবার, উহাদের মধ্যে অনেকেই উকীল, ডাক্তার, অধ্যাপক; বোষায়ের
সাহিত্যসভার, রাষ্ট্রীর সভার, পৌরকার্য্যনির্বাহক সভায় উহাদের দেখিতে পাওরা
যার; এমন কি, ভারতবর্ধের যে প্রতিবাদীর
দল ইংরাজের নিকট সমান অধিকারলাভের
জ্যু ও উচ্চপদে নিযুক্ত হইবার জ্যু দাবী
করে, কখন-কখন উহাদিগকে ঐ দলেরও

অগ্রনীরূপে দেখিতে পাওরা বার। এ-দেশীর যে ছইজন পার্লমেণ্টের সভ্য, তাহারা উভয়েই পার্সী ;—একজন রক্ষণশীল ও আর-একজন উদার দলের অন্তর্ভুক্ত। কি রাই-নীতি, কি বিভাবুদ্ধি, কি বাণিজ্যব্যবসায়— সকল বিষয়েই পার্সীরা হিন্দুদিগকে ছাড়াইয়া হিন্দুরাও বৃদ্ধিমান, কার্য্যক্ষম ও স্থাকিত বটে, কিন্তু বর্ণভেদের শৃথ্যলে আবদ্ধ থাকায়, তাহারা যুরোপীয়দিগের সহিত্ মিশিতে পারে না। ইহার বিপরীতে. পার্সীরা পাশ্চাত্য আচারব্যবহার গ্রহণে উবুধ। উহাদের ধুচ্নি-টুপি ক্রমণ উঠিয়া যাইভেছে, তাহার স্থলে একপ্রকার গোলা-কার শিরোবেইন প্রচলিত হইতেছে। খনা যায়, একজন ধনাত্য পাৰ্দী দিপাহি-বিদ্রোহের সমর, রুরোপীয় পরিচ্ছদ পরিধানের দৃষ্টাস্ত সর্বপ্রথমে প্রদর্শন করেন। কেন তিনি বেশ পরিবর্ত্তন করিলেন, জিজ্ঞাসা করার, তিনি নাকি বলিয়াছিলেন :-- "হিন্দুদের জানা আবশ্রক, আমরা চিরকাল ইংরাজের পক্ষেই থাকিব, কথনই তাহাদের প্রতিকূলে यारेव ना ।" व्यत्नकतिन इटेएकरे नक्छि-সম্পন্ন পাসীরা ইংরাজের পরিচ্ছদ পরিধান করিতেছে; ইংরাজের আস্বাবে গৃহ সজ্জিত করিতেছে; ও ইংরাজি ধরণে অভ্যর্থনাদি করিতেছে। কতিপ**য় ধনা**ঢ্য পার্সীর গৃহ দর্শন করিতে গিয়া, চারিদিকে সভ্ঞানয়নে অহুসন্ধান করিয়াও, নিনার কাজ, কাঠের থোদাই কাজ, তাঁবার জিনিস, প্রভৃতি চমৎকার দেশীয় শিল্পামগ্রী দেখিতে পাইলাম না। গৃহের সর্বতেই ইংরাজি আস্বাব, ইংরাজি কাগজ, ইংরাজি কাপড়।

একজন পার্সী মুবক স্বীয় খুল্লতাতের গৃঁই আমাদিগকে দেখাইতেছিলেন; তিনি খুব তারিফ্ করিয়া একটি "ক্রোমোলিথোগ্রাফ্" व्यामात्क त्मथारेमा वितालन:- "এই ছবিটি কি স্থলর!"—ছবিটি হ'চেচ হাইড্পার্কে *চৌঘুড়ি-ক্লবের" সম্মিলনের একটি প্রতিকৃতি। এই "জেণ্টলম্যানটি" বিলক্ষণ ধনী ও যথেষ্ট শিক্ষিত: ঐ ক্লবের সভ্য হইবেন বলিয়া তিনি অনায়াসেই আশা করিতে পারেন: তবে কি না, শ্রামবর্ণের প্রতিকৃলে ইংরান্সের যেরপ কুদংস্কার, তাহাতে দে আশা পূর্ণ না হইতৈও পারে। ভদ্রবংশীয় পার্সীযুব-কেরা ইংরাজসমাজে মিশিবার জন্ম যথাসাধ্য চেষ্টা করিয়া থাকে: শিক্ষা শেষ করিবার জন্ম তাহারা প্রায় সকলেই ইংলতে যাত্রা करत । তाहारात मर्था ज्ञानक रूप पान-পর্য্যটন করিয়াছে, এবং অনেক ভাষায় কথা কহিতে পারে। তাহাদের মধ্যে কেহ-কেহ খুষ্টধর্মাবলম্বী; আবার অনেকেই পাশ্চাত্য-দেশের সংশয়বাদ গ্রহণ করিয়াছে ও স্বীয় প্রাচীন আচারব্যবহারের প্রতি অবজ্ঞা প্রদর্শন করিয়া থাকে। পার্সীদের প্রাচীন-শাস্তাত্মগারে ধুমপান নিষিদ্ধ ও নিদ্দনীয়। জোরোয়াষ্টার এ কথা স্বীকার করেন যে, ভধু রন্ধনের জন্ত অগ্নি ব্যবহার করা যাইতে পারে, কিন্ত বলেন, বিনা-প্রয়োজনে, পঞ্চভূতের মধ্যে যাহা সর্বাপেকা বিশুদ্ধ, **দেই অগ্নিকে নিখাসের স্পর্শে দৃষিত** ও অপবিত্র করা—ইহা অপেক্ষা দেবাবমাননা আর কি হইতে পারে ? পার্নী-ধুনপারীর নিকট এইরূপ আপত্তি উত্থাপিত হইলে তিনি তাহার উত্তরে এইরূপ কৃটতর্ক করেন খে.

ब्बाद्रावाद्वीदात्रत्र भगत्र जागाक्-मामश्रीहे। অজ্ঞাত ছিল; অতএব পার্সী-ধর্মের নিবিদ্ধ সাম্থ্রীর তালিকার মধ্যে উহাকে ধরা যাইতে পারে না। ভারতবর্ষের মধ্যে প্রায় ভুধু পার্সীরাই স্বীয় পত্নীদিগকে শিক্ষা দিয়া থাকে এবং তাহাদিগকে সঙ্গে করিয়া প্রকাশস্থানে লইয়া যায়। সঙ্গতিসম্পন্ন পার্সী-মহিলার। দিচক্র-রথারোহণে ও টেনিস্-ক্রীড়ার ইংরাজ-नननामिरगत महिल ऐकत रमत्र। উहारमत মধ্যে অনেকে বালিকাবিত্যালয়ের শিক্ষ-মিত্রীর পদে নিযুক্ত। এই সকল পার্সী-মহিলারা থর্কাকৃতি, কৃশ, চোথে-চন্মা; উহাদের মুথে জাগ্রৎ-জীবস্ত ভাব ক্দুর্ত্তি পায়; হিন্দুমহিলাদিগের ঔৎস্কাহীন নিতাম্ভ সরল মুখের ভাব ইহার ঠিক্ বিপরীত। যাহা रुष्ठेक, भार्मी-महिलाता अथन ७ तनीय धतरण শাড়ী পরিধান করে। পার্সীদের স্থাপিত বালিকাবিত্যালয়ে পাশ্চাত্যপ্রভাব সর্বাংশে প্রবেশ করিয়াছে। ছাত্রীরা ইংরাজিতে গান গাহে, "God save the King"—এই স্থর পিয়ানোয় বাজায়। পার্সীরা সংখ্যায় নিতান্ত অর না হইলে. উহারা যেরূপ সর্বপ্রকার পাশ্চাত্যপ্রভাব গ্রহণে উন্মুখ, উহারা ভারতবর্ষকে দ্বিতীয় জাপান-কিংবা, অন্তত স্বতন্ত্রশাসনাত্মক একটি উপনিবেশ করিয়া তুলিতে পারিত।

ভারতবর্ষীয়-ধর্ম-সম্বন্ধ , গ্রাছকার এইরূপ বলেন :—

বছ পুরাকাল হইতে, ভারতবর্ব কুট-বৃহৎ নানাবিধ দেবালয়ে সমাচ্ছর। কোন প্রতিমৃত্তি তরুতলে, কোন স্থলধরণে গঠিত প্রস্তরমৃত্তি কোন উৎসের নিকট কিংবা

कान देननभार्ष श्रांभिछ। धै मृर्डिश्रान भाम-পদে স্মরণ করাইয়া দেয় বে. দেবতারা সর্বত্রই অদুশুভাবে বর্ত্তমান, এবং কোন পদার্থ যতই অকিঞ্চিৎকর হউক না কেন. কোলাদের মধ্যেও তাঁহাদের আত্মা বিরাজমান। হিরোডোটাস্ প্রাচীন মিসরবাসীদিগের সম্বন্ধে যে কথা বলিয়াছিলেন, তাহা ভারতবাদী-দিগের সম্বন্ধে বিলক্ষণ থাটে। অর্থাৎ, "মানব-মঞ্জীর মধ্যে ইছারা স্কাপেকা ধর্মপ্রায়ণ। এদিকে আবার শাক্যমুনি প্রচার করেন:--"জীবন যন্ত্ৰণাময়, আত্ম-অন্তিম্ব বিশ্বত হইয়া অনস্তে বিলীন হওয়াই মহুষ্যের পরম হুধ।" যদিও তাঁহার পূর্ব্বর্তী ও তাঁহার সমকালীন हिन्तुमझामीनिरगत्र थहे यठ हिन, किन्न তাহাদের সহিত এইমাত্র প্রভেদ যে, শাক্য-মুনি দেবতার অন্তির ও বর্ণভেদ মানিতেন ना। शृष्टे भूक वर्ष में जाकी श्टेरंड शृष्टोखन পঞ্চ শতান্দী পর্যান্ত এই ধর্ম ভারতবর্ষে প্রবল ছিল। তাহার পর, ষষ্ঠ শতাকীতে বিক্রমাদিতোর রাজত্বকালে আবার ব্রাহ্মণা-ধর্মের পুনক্তান হয়। আধুনিক হিন্দুধর্ম প্রাচীন ব্রাহ্মণ্যধর্শেরই রূপান্তরবিশেষ: উহার মধ্যে বৌদ্ধধ্যের প্রভাবচিত্র এখনও পর্যাস্ত কিছু-কিছু লকিত হয়। পৌরাণিক হিন্দু-ধন্মের মধ্যে এক্ষণে বুদ্ধদেব স্থান পাইয়াছেন; তিনি এক্ষণে বিষ্ণুর একটি অবতার বলিয়া পরিগণিত।

বন্ধা, বিষ্ণু, মহেশর—এই তিম্ভিই পোরাণিক হিন্দুধর্মের কেন্দ্রহল। ইহার মধ্যে বন্ধা তেমন লোকপ্রির হইতে পারেন নাই। সমস্ত ভারতের মধ্যে তাঁহার একটিনাত্র মন্দির বিভ্যমান। ব্যক্ষণাধর্মের অর্থে

उकात धर्म वृकात ना ; डाक्मग्रधर्मात व्यर्थ-ব্রাহ্মণদিগের ধর্ম। শিব ও বিষ্ণুই ভারত-বর্বের লোকপ্রিয় দেবতা। উত্তর-ভারতে বিষ্ণুর ও দক্ষিণ-ভারতে শিবের অপেকারুত অধিক প্রভাব। বাবহারক্ষেত্রে হিন্দুধর্ম অতীব বিস্তৃত—একপ্রকার সর্বধর্মের সার-गःগ্রহ বলিলেও হয়। হিন্দুধর্ম যে-কোন-দেবতাকে আত্মদাৎ করিয়া লইতে পারে-দেবতাকেই বর্জন করে না। रामन একদিকে, "क्यांशिक्" शृष्टेमच्छामारवत ধর্মপ্রচারকেরা খুষ্টানধর্মে নবদীক্ষিত হিন্দু-দিগকে দেবালয়ে যাইতে কিংবা তৎসংক্রান্ত কোন কাজ করিতে নিষেধ করেন, তেমনি তাহার বিপরীতে, স্বধর্মনিষ্ঠ হিন্দুরা থৃষ্টধর্মের কোন উৎসব-যাত্রায় কিংবা কোন পৃষ্টগির্জার সম্মুখে আরাধনায় যোগ দিতে কিছুমাত্র সঙ্কোচ বোধ করে না। অষ্টাদশ শতাকীর কতিপয় খুষ্টধর্মপ্রচারক, যাহাতে উচ্চবর্ণের হিন্দুরা সহজে খৃষ্টধর্ম অবলম্বন করিতে পারে, এই উদ্দেশে আপনাদিগকে যে-সময়ে শেত-গ্রাহ্মণ বলিয়া পরিচয় দেন, বাইবেল-গ্রন্থকে पक्षक दिए दिलशे अंजिभागन करत्न, बन्ता আবাহামের অপভংশ, কৃষ্ণ থৃষ্টের অপভংশ, এইরূপ অভিপ্রায় প্রকাশ করেন, তথন ইহার প্রতিবাদ ব্রাহ্মণেরা করে নাই,—ইহার প্রতিবাদ খৃষ্টানেরাই করিয়াছিল; সাধারণ খুষ্টানদিগের নিকট এই সব কথা অখুষ্টানো-চিত বলিয়া মনে হইয়াছিল। ব্রাহ্মণদিগের মধ্যে ধর্মমতসম্বন্ধে যে তেমন বাঁধাবাঁধি নাই, তাহার কারণ, তাহাদের মধ্যে সেরূপ কোন ধর্মসম্ভীয় শাসনতন্ত্র নাই-পোপ नाइ, विभाश नाइ, विठात्रमण नाइ, मकरण

সমবেত হইরা সর্বসাধারণের জন্ত কোন কার্ব্যের মীমাংসা ও শেবনিশাতি করিবার কোন উপায় নাই।

মুসলমানদিগের সম্বন্ধে গ্রন্থকার এইশ্পণ ববেন:—

বতই বঙ্গদেশ ও দান্দিণাতোর দিকে জ্ঞাসর হওয়া যায়, ততই কাটা-ছাঁটা পরি-চ্ছদের পরিবর্ত্তে সেলাই-হীন ধৃতি-কাপড়ের ব্যবহার দেখিতে পাওয়া যায়। দর্জির শিল; বুটাদার কাজ, এদেশে মুগলমানকর্তৃকই প্রথম প্রবর্ত্তিত হয়। শীতদেশের উপযোগী লকা জামা বা চাপ্কান এবং রেশ্মি কিংবা মধ্মলের জরির-কাজ-করা আঁটা-সাঁটা ক্তুরা এখন ভারতবর্বের সর্বতেই ব্যাপ্ত হইয়াছে। মুসলমানেরা প্রথম এদেশে পাগ্ড়ি প্রবর্তিভ করে। একণে হিন্দুরাও বর্ণ ও শ্রেণী ভেদে বিবিধ-আকারের পাগ্ড়ি গ্রহণ করিয়াছে। দাড়িরাখা অভ্যাসটি মুসলমানেরাই এদেশে আনিয়াছে। এই অভ্যাসটি এখন আর মুসলমানজাতির মধ্যে বন্ধ নাই।

যদিও ছই বৃহৎ মুসলমান-সম্প্রদার মুসলমান-ধর্মের সারাংশ ভারতবর্ষে অবিরুক্ত-ভাবে রক্ষা করিয়া আসিয়াছে এবং যদিও তাহারা মুথে পৌত্তলিকতার প্রতি ঘোরতর ম্বণা প্রকাশ করিয়া থাকে, তথাপি তাহাদের ধর্মের বাহু অমুষ্ঠানে—বিশেষত শিয়াসম্প্রদারের মধ্যে—হিন্দুধর্মের প্রভাব কিছু-কিছু প্রবেশ করিয়াছে দেখিতে পাওয়া যায়। মুসলমান ধর্ম আসলে যার-পর-নাই সাদা-সিধা এবং পৃথিবীর তাবৎ ধর্মের মধ্যে সর্বাপেক্ষা মতীক্রিয় ও স্ক্রধারণা-সাপেক্ষ। কিস্কু ভারতবর্ষে আসিয়া উহা মৃতাবশেষ-চিত্র-পূজা

ও মূর্ত্তিপুলার সহিত যেন একটু জড়িত হইরা পড়িয়াছে। মুদলমান ফকির ভারতে আসিরা কতকটা হিন্দুসন্ন্যাসীর ধরণধারণ অবলম্বন করিয়াছে। শিয়ারা মোহরম্-উৎসবের সময় **"তাজিয়া"** বাহির করে এবং পরিশেষে উহা পুড়াইয়া হিন্দুদিগের স্থায় নদীকলে বিসর্জন করে। আহমদাবাদের সন্নিকটে প্রাচীর-বেষ্টিত একটি পুণারুক্ষ আছে, মুসলমানেরা তাহার অত্যন্ত ভক্ত ; তাহারা সেই বৃক্ষের তলার বলয়াদি স্থাপন করে; এবং তাহাদের বিশাস, রাত্রিযোগে বৃক্টি শাখাহস্ত বাড়াইয়া ঐ বলয়গুলি গ্রহণ করে। কোন কোন मुननमान-शीरतत नमाधिमन्तित हिन्दता जीर्थ-যাত্রা করে। আজমীরে এইরূপ একটি সমাধি-মন্দির আছে; সেথানে হুইটি উৎসৰ-মেলা रहेशा थाटक ;--- এकिं हिन्द्रितित्रत्र, आंत्र-একটি মুসলমানদিগের। अञ्चान नৈবেম-পুষ্পমুকুটসকল সেখানে <u> শামগ্রীর</u> মধ্যে অর্পিত হয়। হিন্দুমন্দিরের প্রবেশহারে বেরপ দীপাবলী দৃষ্ট হয়, তাহারি অত্বরণে ঐ মসজিদের বহি:শ্বিত *মিনার*ভডের धृममिनन कून्त्रिममृत्र मीथ बानाता इहेबां থাকে: ধনী তীর্থযাত্রীদিগের বারে প্রকাশ্ত-প্রকাও কড়ার চাউল, চ্গ্র, ফল ও গরম-মশলাদি মিশ্রিত একপ্রকার পার্স প্রেস্কত করিয়া মসজিদের রক্ষিবর্গকে বিভর্গ করা रय। देशां जनकोका वाय रहेया थां क।

কিন্ত হিন্দু ও মুসলমান ধর্মের মধ্যে কোন-কোন অংশে যে এইরূপ সংস্পর্ণ ও সংস্রব দৃষ্ট হয়, উহা আসলে আভ্যন্তরিক নছে—উহা বাহ্যিক মাত্র। প্রকৃতপক্ষে, মুসলমানদিগের ভারতাক্রমণের আরম্ভ হইডে

এখন-পর্যাক্ত উভয় ধর্মের মধ্যে শক্রতাই চিরজাগরুক রহিয়াছে।

কি ভারতবর্বে, কি অম্বত্র, মুসলমান-দিগের মধ্যে যে অভিন্নভাব দেখা যার, উহাই উহাদের মহাশক্তি। হিন্দুদিগের মধ্যে ইহার ঠিক বিপরীত ;—উহারা বিবিধ বর্ণে বিভক্ত। ভারতবর্ষে, মুসলমানদিগের মধ্যে যে শ্রেণী-বিভাগ একেবারে নাই,তাহা নহে; তাহাদের মধ্যেও মহম্মদের বংশধর, ভারতবিজেতার বংশধর ও মুসলমানীকৃত হিন্দু-এই তিন শ্রেণী দেখিতে পাওয়া যায়। ইঞ্জিপ্ট কিংবা তুর্কিস্থানের মুদলমানদিগের স্থায়, ভারতবর্ষীয় মুসলমানসমাজে যদিও ব্যবহারে ততটা অভিন্নভাব দৃষ্ট হয় না, কিন্তু তথাপি, "সকল মুসলমানই সমান"—এই মূলতব্টির সমকে উহাদের মধ্যে কোন মতভেদ নাই। ওধু ভারতবর্ষে কেন-সমস্ত মুসলমানরাজ্যেই वःশ, জাতি, উৎপত্তি ইত্যাদিবিষয়ক ভেদা-ভেদ তত্টা গুরুতর বলিয়া পরিগণিত হয় না: বিশাদী ও অবিশাদীর মধ্যে যে প্রভেদ, উহাই মুদলমানদিগের নিকট দ্র্বাপেকা গুরুতর। यूग्यमानम्मारक नक्य यस्याहे जाजृशानीय, অন্তত ভ্রাতৃরূপে গৃহীতব্য। মুসলমান-ধর্মাধিষ্ঠিত সর্বদেশীয় রাজ্যমগুলীই তাহাদের यान---हेश-हाजा जाशामत्र आत्र-त्कान সদেশ নাই। ধর্মাধিষ্ঠিত সীমা ভিন্ন তাহাদের দেশের আর-কোন সীমাচিত্র নাই।

ভারতবর্ষে মুসলমানের। রাষ্ট্রসম্বন্ধে
যুরোপীয়দিগের অধীনতা স্বীকার করিয়াছে,
কিন্তু ধর্মসম্বন্ধে কোন অধিকার ভাহাদিগকে
ছাড়িয়া দের নাই। এ বিষয়ে ভাহাদের
কতটা সংকাচ, একটা দৃষ্টাস্ক দিলে

वृक्षा बाहिएव। द्वििं विनाशिंग-नगरत्न, राज्यहर्हे-श्रहोदनत्रा, শিবমন্দিরাধিষ্ঠিত मच्चेमादब्रब শৈলের একটি शाम्यूटन, জমকালো একটি "কালেজ" নির্মাণ করিয়াছে। সেটি হিন্দুদিগের একটি পুণাস্থান ;—তাহার চারি-भार्**ष** हे वह (मवालय । हिन्मधर्त्यत्र এहे श्रधान क्रांष्टिक व्यवस्त्राध कत्रिवात डेस्मर्टन, জেস্থইটেরা ধৈর্ঘ্যসহকারে অনেক কৌশলে ঐ স্থানে আড্ডা গাড়িয়াছে। তাহারা গির্জার জন্ত একটি দেবালয় হিন্দুদিগের নিকট হইতে ক্রম করে। তাহাদের অভিপ্রায় বৃঝিতে পারিয়া বিক্রেভারা ভাহাদের নামে আদালতে মোকদামা আনে: কিন্তু জেমুইটেরা যথন विन त्य, উচ্চবর্ণের हिन्दू-शृष्टीनिप्तरात कन्न সেখানে ভজনাগার স্থাপন করাই তাহাদের উদ্দেশ্য, তথন हिन्दूता मुद्धे हहेन, जात আপত্তি করিল না। কিন্তু কালেজ-সংলগ্ন বিস্তৃত ভূমির মধ্যে মুসলমান-পীরের একটা সামান্ত লক্ষীছাড়া সমাধিমন্দির ছিল: তাহা উঠাইয়া অক্ত স্থানে লইবার জন্ত, ক্ষতিপুরণ-यक्रभ ब्ल्ब्स्ट्रेजा मूमलमानिष्टिशंत निक्छे অনেক টাকা কবুল করে, কিন্তু ভোহারা কিছতেই সন্মত হয় নাই।

বাঙালী মুদলমান-চাকর এদিকে স্বভাবত এত চাপা, কিন্তু ভারতের দীমান্তপ্রদেশে কোন ধর্মান্ধ কাবুলী কোন ইংরাঙ্গকে গুণ্ড-হত্যা করিরাছে, কোন যুরোপীরের মুধে সে যদি শুনিতে পার, জমনি সে বিচলিত হইয়া উঠে; সেই বর্ণিত বৃত্তান্তের মধ্যে যদি কোন ভূলচুক থাকে, জমনি সে শুধরাইয়া দের; হত্যাকারীদের 'ছোরার গঠন কিরূপ ছিল, তা-পর্যন্ত তাহারা বলিয়া দের। ইহাতেই বিলক্ষণ প্রতীতি হয়, ভারতের এক প্রাস্ত হইতে অপর প্রাস্ত পর্যান্ত মুসলমানদিগের মধ্যে পরস্পর কথা-চালাচালি হইরা থাকে। ভারতের সীমান্তপ্রদেশের পরপারে যে-সকল ঘটনা সভ্যটিত হয়, অতীব নিরক্ষর মুসলমানও তাহার থবর রাথে; কাব্লের আমীর যে তাহাদেরি সহধর্মী;—এমন কি, আরো দূরে—ক্লপ্রস্তমধ্যে মুসলমানেরা যে, সেনাধ্যক্ষপদে নিযুক্ত হইয়াছে—এই সকল বিষয়ে তাহারও কতকটা অস্পঠ ধারণা আছে, দেখিতে পাওয়া যায়।

ভারতে মুসলমানরাজত্ব বিলুপ্ত হইরাছে, কিন্তু তাহার স্থতি মুসলমানদিগের মধ্যে জাগরুক রহিয়াছে। একজন সামান্ত মুসলমান-ভৃত্য, সে-ও জানে, একসময়ে মুসলমানেরা ভারতবর্ধের রাজা ছিল এবং তাহাদের বাদ্শারা দিল্লি, আ্রা প্রভৃতি স্থানে জম্কালো স্থতিচিহ্নসকল রাধিয়া গিয়াছেন।

তবে কি মুসলমানদিগের প্রতিশোধ লইবার ইচ্ছা আছে?—পূর্বরাজত্ব আবার তাহাদের হস্তগত হইবে, এরপ আর্শা কি তাহারা এখনও করিয়া থাকে?—ইহা ঠিক্ করিয়া বলিতে পারা যায় না। কেন না, দেখা যায়, মুসলমানেরা সর্বত্রই স্বরভাবী; শুটানদিগের নিকট কোনো কথা উহারা বিখাস করিয়া বলে না। তবে, যতক্ষণ তাহাদের চাক্রি করে, ততক্ষণ তাহাদের প্রতি একপ্রকার মুকসমান প্রদর্শন করে মাত্র। মুসলমানেরা শীর অবিচলিত গান্তীর্যা-আবরণের মধ্যে নিজ মনোভাব গোপন করিয়া রাখে। এই বিষরে হিন্দিগের সহিত

डांशामत्र श्रास्त्र माहिकार निक्छ हा। মুসলমানদের নিকট হইতে এইটুকুমাত্র জানা যার বে. তাহাদের বিশ্বাস-তাহারা হিন্দু কাফেরদের অপেকা অনস্তগুণে ভারতবর্ষের সমস্ত জাতির প্রতিনিধিগণ বে "স্থাশনাল কংগ্রেসে" প্রতিবংসর সমবেত হইয়া থাকেন, সেই কংগ্রেদ-সভায় একজন পরগন্ধরের বংশধর বলিয়াছিলেন যে, "অনতি-काल शृद्ध, हिन्दू िरशत अरशका मूमनमान-দিগের স্বাতস্থ্যপ্রিয়তা, কার্য্যোগ্তম, উৎসাহ-বীৰ্য্য অধিক ছিল।" আরো তিনি এই কথা বলিয়াছিলেন যে, "পূর্বতন জেতৃবংশের বাঁহারা প্রতিনিধি, সেই প্রকৃত মুসলমান-দিগের আন্তরিক সাহায্য না পাইলে, কংগ্রেস্ কিছুই করিরা উঠিতে পারিবে না। আমাদের পূর্বতন যোদ্ধাদিগের বংশধরেরা যদি কংগ্রেসের কাব্দে অস্তরের সহিত যোগ দেন, তবেই কংগ্রেদ সফলতা লাভ করিতে পারিবে।"

যাহারা এইরপ ধরণের কথাবার্তা কহে, তাহাদের কথা ভনিয়া হঠাৎ যাহা মনে হয়, আসলে তাহা নহে—ইংরাজরাজতের বিদ্রোহী হইতে তাহারা আদৌ প্রস্তুত নহে। মনে হয়, আকবর-রাজতের প্রক্রমার করিবার আশা আপাতত তাহারা একেবারেই পরিত্যাগ করিয়াছে। একলে তাহাদের আশাভরসা ভারতের সীমা ছাড়াইয়া সমন্ত ম্সলমানরাজ্যের উপর ক্রস্তু। তাহাদের দৃঢ়বিখাস, এক সময়ে মহম্মদের ধর্ম সমন্ত পৃথিবী জয় করিবে। যদিও আপাতত ক্রশকালের জন্ত উহার গতি স্তম্ভিত হইয়াছে, কিন্তু কোন-এক-সময়ে ভূমগুলের অপর-

কোন অংশে মহম্মীর ধর্মের অরপতাকা লইরা একজন মহাবীর নিশ্চরই সমূখিত হইবেন। এই সর্বদেশীর মুদলমানের একতা-মূলক আন্দোলন, যাহা আপাতত দেখা দিয়াছে, এবং যাহা মৌলবীগণ ও সংবাদপত্রের সম্পাদকগণ তুর্ক-মূলতানের অমূক্লে সর্ব্বত্ত উত্তেজিত করিয়া দিতেছে, ভারতবর্ষে স্থানিসম্পাদরের কোন কোন মুসলমান ঐ আন্দোলনের পক্পাতী হইয়া উঠিতেছে। কি ভাড়িত-বার্তাবহ, কি গোহবর্ম, কি মুদাযন্ত্র—

এই সমস্ত যুরোপীয় বৈজ্ঞানিক কার্য্যোপায়সকলের বিস্তারে, মহম্মনীয় ধর্মের ধ্বংস হওরা
দ্রে থাক্, বরং উহার প্রচারের আরো
স্থবিধাই হইরাছে। ইহার ধারা প্রমাণ হয়,
য়ুরোপের নবোদ্ধাবিত কলকোলল ও পদ্ধতিসমূহ দৃঢ়প্রতিষ্ঠিত প্রাচ্যসমাজে সমানীত
হইলে, পাশ্চাত্যভাব জাগরিত হওয়া দ্রের
কথা, আপাতত তো তৎসম্বন্ধে প্রতিবাদ ও
প্রতিকারের নৃতন উপায়সকল উহাদের
হস্তে অপিত হয়।

ত্রীজ্যোতিরিজনাথ ঠাকুর।

হিমালয়।

হে নিন্তৰ গিরিরাজ, অভ্রভেণী তোমার সঙ্গীত তর্গিয়া চলিয়াছে অফুদাও উদাও শ্বরিত প্রভাতের দার হ'তে সন্ধ্যার পশ্চিম নীড়পানে ছর্গম ত্বরুহ পথে কি জানি কি বাণীর সন্ধানে! ছংসাধ্য উচ্ছাস তব শেষপ্রান্তে উঠি আপনার সহসা মুহুর্ত্তে যেন হারায়ে ফেলেছে কঠ তার, ভূলিয়া গিয়াছে সব স্থর,—সামগীত শব্দহারা নিয়ত চাহিয়া শৃত্তে বরবিছে নির্ধরিণীধারা!

হে গিরি, যৌবন তব বে হুর্দম অগ্নিতাপবেগে আপনারে উৎসারিয়া মরিতে চাহিরাছিল মেঘে—
সে তাপ হারারে গেছে, সে প্রচণ্ড গতি অবসান,
নিরুদ্দেশ চেষ্টা তব হরে গেছে প্রাচীন পাষাণ!
পেরেছ আপন সীমা, তাই আজি মৌন শাস্ত হিরা
সীমাবিহীনের মাঝে আপনারে দিরেছ সঁপিয়া!

ক্ষান্তি

কান্ত করিয়ছ তুমি আপনারে, তাই হের আন্তি
তোমার সর্বাঙ্গ ঘেরি পুলকিছে শ্রাম শম্পরান্তি
প্রেণ্টত পুশজালে; বনম্পতি শত বরষার
আনলবর্ষণকাব্য লিখিতেছে পত্রপুঞ্জ তার
বক্ষলে শৈবালে জটে; স্বত্র্গম তোমার লিখর
নির্ভন্ন বহুল্প যত গীতোলাসে করিছে মুখর।
আসি নরনারীদল তোমার বিপুল বক্ষপটে
নিঃশঙ্ক কুটারগুলি বাধিয়াছে নির্মারিণীতটে।
ঘেদিন উঠিয়াছিলে অগ্নিতেকে ম্পর্জিতে আকাশ,
কম্পমান ভূমগুলে, চক্রম্থ্য করিবারে গ্রাস,—
সে দিন, হে গিরি, তব এক দলী আছিল প্রলম্ম;
ঘখনি থেমেছ তুমি বলিয়াছ, "আর নম্ম, নম্ম,"
চারিদিক্ হ'তে এল তোমা'পরে আনন্দ-নির্মাস,
তোমার সমাপ্তি ঘেরি বিস্তারিল বিশ্বের বিশ্বাস!

गिनानिशि।

আজি হেরিতেছি আমি, হে হিমান্তি, গভীর নির্ক্তনে
পাঠকের মত তুমি বসে আছ অচল আসনে,
সনাতন পুঁথিথানি তুলিরা লয়েছ অন্ত পরে।
পাষাণের পত্রগুলি খুলিরা গিরাছে থরে থরে,
পড়িতেছ একমনে। ভাঙিল গড়িল কত দেশ,
গেল এল কত যুগ—পড়া তব হইল না শেষ!
আলোকের দৃষ্টিপথে এই যে সহস্র থোলা পাতা
ইহাতে কি লেখা আছে ভব-ভবানীর প্রেমগাখা?
নিরাসক্ত নিরাকাজ্য ধ্যানাতীত মহাযোগীরর
কেমনে দিলেন ধরা স্থকোমল হর্কল স্থলর
বাছর করুণ আকর্ষণে? কিছু নাহি চাহি বার,
তিনি কেন চাহিলেন—ভাল বাসিলেন নির্কিকার,—
পরিলেন পরিণয়পাশ? এই যে প্রেমের লীলা
ইহারি কাহিনী বহে, হে শৈল, ভোমার যত শিলা?

হরগৌরী।

হে হিমান্তি, দেবতাত্মা, শৈলে শৈলে আজিও তোমার অভেদার হরগোরী আপনারে বেন বার্থার শৃদ্দে শৃদ্দে বিস্তারিয়া ধরিছেন বিচিত্র মূরতি ! ওই হেরি ধ্যানাসনে নিত্যকাল স্তব্ধ পশুপতি, ছর্গম ছ:সহ মৌন ;—জটাপুঞ্জ তুষারসংঘাত নিঃশব্দে গ্রহণ করে উদয়ান্ত রবিরশ্মিপাত পূজারণপদাদল ! কঠিন প্রস্তরকলেবর महान्-मतिष्ठ, त्रिक, व्याञ्जनशीन मित्रपत ! হের তাঁরে অবে অবে একি লীলা করেছে বেষ্টন-মৌনেরে খিরেছে গান, স্তব্বেরে করেছে আলিঙ্গন मदकनहक्ष्म नृजा, त्रिक किरिनद्र अहे हृत्य কোমৰ খ্রামলশোভা নিত্যনব পল্লবে কুন্থমে ছায়ারৌত্রে মেঘের থেলায়! গিরিশেরে রয়েছেন বিরি পার্বতী মাধুরীচ্ছবি তব শৈলগৃহে হিমগিরি!

তপোমূর্ত্তি।

ভূমি আছ হিমাচল ভারতের অনন্তসঞ্চিত তপভার মত! স্তব্ধ ভূমানন্দ খেন রোমাঞ্চিত নিবিড় নিগৃঢ় ভাবে পথৰুত্ত তোমার নির্জনে, নিকলম্ব নীহারের অভ্রভেদী আত্মবিসর্জনে! তোমার সহস্রপুদ বাহ তুলি কহিছে নীরবে খবির আখাসবাণী—"ওন ওন বিশ্বজন সবে বেনেছি, কেনেছি আমি !" যে ওকার আনন্দ-আলোতে উঠেছিল ভারতের বিরাট্ গভীর বক্ষ হ'তে আদিঅভবিহীনের অধওঅমৃতলোকপানে, সে আজি উঠিছে বাজি, গিরি, তব বিপুল পাষাণে ! একদিন এ ভারতে বনে বনে হোমামি-আছতি ভাষাহারা মহাবার্তা প্রকাশিতে করেছে আকুতি, সেই বহিৰাণী আজি অচল প্ৰস্তৱশিথাৰূপে শৃলে শৃলে কোন্মত্রে উচ্ছাসিছে মেগধ্য তাপে !

সঞ্চিতবাণী।

ভারতসমূদ্র তার বাশোচ্ছ্বাদ নিশ্বসে গগনে আলোক করিরা পান, উদাস দক্ষিণ সমীরণে, অনির্কাচনীয় যেন আনন্দের অব্যক্ত আবেগ! উর্ধবান্থ হিমাচল, তুমি সেই উর্ধাহিত মেঘ শিখরে শিখরে তব ছারাচ্ছর গুহার গুহার রাথিছ নিরুদ্ধ করি,—পুনর্কার উন্মুক্ত ধারার ন্তন আনন্দ্রোতে নব প্রাণে ফিরাইয়া দিতে অসীমজিজ্ঞাসারত দেই মহাসমুদ্রের চিতে! সেইমত ভারতের হলরসমুদ্র এতকাল করিরাছে উচ্চারণ উর্ধপানে যে বাণী বিশাল,—অনন্তের জ্যোতিম্পর্শে অনন্তেরে যা দিয়েছে ফিরেবরেণ্ছ সঞ্চর করি হে হিমাদ্রি তুমি তর্ধশিরে! তব মৌন শৃঙ্গমাঝে ভাই আমি ফিরি অন্তেরণে ভারতের পরিচর শাস্ত শিব অবৈতের সনে!

প্রাচীন আর্মেনীয়ায় হিন্দু-উপনিবেশ।

ইলাকিনান-পুরাকালে সিরিয়াদেশের (Innakinan)-মঠের ধর্মবাঞ্জক প্ৰধান "জিনোবিয়াদ্" মহাত্মা (Zenobius) **ভাঁ**হার সিরিয়াভাষায় লিখিত ইতিহাসে আর্শ্বেনীয়ায় হিন্দু-উপনিবেশ" "প্ৰাচীন সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করিয়াছিলেন। বৎসর গত হইল, মি: আবদাল करेनक लाथक "क्नीन अव पि এদিরাটিক দোনাইটা নামক পত্রে ইংরা-জিতে এ বিষয়ে একটি প্রবন্ধ লেখেন। উক্ত প্রেরই বক্ষ্যাণ প্রবৃত্তের ভিত্তি।

পাদরী "জেনোবিয়াস্" বলেন, এখানকার (আর্মেনীয়ার) অধিবাসীরা দেখিতে অসা-ধারণ কৃষ্ণবর্ণ, তাহাদের শাস্ত্র আবক্ষ লম্বিত, আহুতি অতি কুংসিত। তাহারা আপনা-দিগকে হিন্দুবংশসম্ভূত বলিয়া পরিচয় দেয়। "দেমিতর" (Demeter) ও "কেশিনী" (Keisaney) তাহাদের উপাক্ত দেবতা। ভারতবর্ষেরই কোন রাজার বংশধর হই লাভা সম্ভবত অভি প্রাচীনকালে আর্মেনীয়ার উপস্থিত হয়। ঐ বাজার নাম "দিনাকী" (Dinaskey)। ক্ৰাত্

হুর রাজার বিরুদ্ধে ষ্ড্যন্ত করে বলিয়া রাজা তাহাদের দমনার্থ অন্ত্রশন্ত্রে স্থদজ্জিত কতকগুলি দৈশু প্রেরণ করেন। উহারা আর্শেনীরাদেশে ভালারদেদেশ্ পলাইয়া রাজ্যে যাইয়া (Valarsaces) রাজার আত্মরকা করিয়াছিল। উক্ত রাজা তাহা-দের আশ্রমদান করিয়া "তারণ"-(Taron)-নামক দেশের শাদনভার অর্পণ করেন। এই স্থানে তাহাদের চেষ্টায় বিশাপ (Bishap), वर्डमान पुरान (Dragon), नारम নগর স্থাপিত হয়। তাহার পর তাহারা "অস্থিশত"-(Ashtishat)-নামক স্থানে ভারতবর্ষীয় কতকগুলি যাইয়া দেব-দেবীর প্রতিমূর্ত্তি সংস্থাপিত করে। পঞ্চাশৎ বর্ষ পরে কোন অপরিজ্ঞাত কারণে তথাকার রাজা তাহাদিগকে নিহত করিলে কুয়র (Kaur), মেঘ্তী (Meghti) এবং হোরেন (Horain) নামে তাহাদের তিনটি বংশধর বিষয়ের উত্তরাধিকারী হয়। কুমর তাহার খনামে একটি নগর স্থাপন করে। নগর এখনও কুররনামে বর্তমান। মেঘ্তীও নিজ নামে একটি গ্রাম স্থাপন করে। পালুনীস্ (Paluniss)-প্রদেশে খনামে "হোরেন"গ্রামের নামকরণ করিয়া-যাহা হউক, কিছুকাল খানান্তরে বাস করিতে তাহাদের ইচ্ছা হয়। তথাকার পার্বত্যপ্রদেশের "কার্কী"-(Karki)-नामक ज्ञानहे উद्यापत वामज्ञान নির্দারিত হইল। ঐ স্থান অতি রমণীয়,— প্রকৃতির চিরসৌন্দর্য্যসম্ভারে পরিপূর্ণ। উহার মনোহর প্রাক্কতিক সৌন্দর্য্যে বিমুগ্ধ হইয়াই তাহারা ঐত্থানে বাস করে।

"কেশিনী" ও "দেমিতর" দেবতার প্রতি-মৃর্ট্টি স্থাপিত হইলে দেবদ্বয়ের পূজার বন্দো-বস্তের জন্ম জনৈক আহ্মণ পুরোহিত নিয়ো-জিত হইয়াছিলেন।

এইরূপ বিবরণ দিয়া লেথক বলিতে-যে, উপরি-উক্ত রাজপুত্রদ্বয় ঠিক কোন সময়ে ভারতবর্ষ হইতে বিতাড়িত আর্থেনীয়ায় হইয়া আসিয়া উপনিবেশ স্থাপন করে. ভাহার কোন প্রমাণ পাওয়া যায় না। তবে অনুমানের উপর নির্ভর করিয়া অনেকে খৃষ্টজন্মগ্রহণের প্রায় দেড়শত কি হুইশত বর্ষ পূর্ব্বে 'তাহারা আর্মেনীয়ায় আগমন করে, এইরূপ বলিয়া খুষ্টজগতের স্থপ্রসিদ্ধ পাদরী-পুন্সব "দেণ্ট গ্রিগরী" (St. Gregery) তিনি আর্শ্রে-সময়ের লোক। নীয়া প্রদেশে হিন্দু পৌত্তলিকের বসবাদের কথা ভনিয়াছিলেন। শান্তিসেবক যিভথুষ্ঠের "দেণ্ট গ্রিগরী" श्चिप्रवि বীরশিষা মহম্মনীয় নীতির চিরস্তনপ্রথামুসারে পালু-নীস্প্রদেশবাসীর বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়া-ছিলেন। স্থাসিদ্ধ সোমনাথের মন্দির-লুঠনকারী স্থলতান মামুদের ভার খৃষ্টশিষ্য পাদরী দেণ্ট গ্রিগরী পালুনীস্প্রদেশের शिमुद्रमयदावीध्वः म मनस् कदत्रन। পুর্বেই হস্তিআশ-(Hasteus)-রাজপুত্রের প্রমুখাৎ এই সংবাদ প্রাপ্ত হইয়াছিলেন। সেইদিবস গভীর নিশীথে ভাহারা **সতর্কভাবে** দেবমূর্ত্তিসকল স্থানান্তরিত করে এবং দেবসেবায় নিয়োজিত অস্থাবর সম্পত্তি—টাকাকড়ি প্রভৃতি সমস্তই নিরা-পদে ভূমধ্যে প্রোথিত করিয়া ফেলে।

এই সমস্ত কার্যা সেই রাত্তির মধ্যেই বিশেষ সাবধানে সমাধান করিয়া তাহারা যদের জন্ত প্রস্তুত হইতে লাগিল। তাহারা প্রতিজ্ঞা कतिन, र्य এই यूट्स अभी रहेशा आश्रनात्त्र পিতৃপিতামহের ধর্মবিখাস অকুণ্ণ রাখিবে, না হয় মৃত্যুকে আলিখন করিয়া চিরশান্তি-নিকেতনে গমন করিবে ! এই যুদ্ধে তাহাদের পরাজয় হইল বটে-কিন্ত তাহারা স্বদেশের ও স্বধর্মের জন্ম যে অপুর্ব্ব বীরত্ব দেখাইয়া আপনাদের দেহ বিসর্জন কবিল---বন্ধত তাহা সর্বদেশেই সর্বাথা প্রশংসনীয় ও বিশ্বয়কর। পালুনীস্বাসী পরাজিত হিন্দুরা নিরাশ্রয় হইয়া একে একে প্রাণত্যাগ করিতে नांशिन। ইशापत সংখ্যা নাকি প্রায় ১০৩৮। অবশিষ্ট অধিবাসী হতসর্বস্থ ও বিতাড়িত হইল। অবশেষে সেরিসের (Sennises) রাজপুত্র সন্ধিস্থাপন করিলেন। প্রধান পুরোহিতবংশধর আর্শ্বেনীরাজের নিকট মৃত হিন্দুগণের দেহ সমাহিত করিবার অনুমতি চাহিলেন। রাজপুত্র অনুমতি দিলে, তিনি ঐ সমন্ত মৃতদেহ পুঞ্জীকৃত করিয়া বিশৃত্বলভাবে সমাহিত করিলেন। অবশেষে সেই সকল সমাধিতত্তে জেতৃপক হইতে সিরিয়া, হেলেনীয়া ও ইম্মাইল ভাষায় নিয়-**লিখিত কয়েকছত্ত্ব লিপিবদ্ধ হইল:**—

"প্রথম বৃদ্ধ অতি ভীষণভাবে হইয়াছিল।
এই যুদ্ধের প্রধান পাণ্ডা (সেনাপতি)
অর্জ্জম্-(Arzam)-নামক জনৈক হিন্দুপুরোহিত।

*ইহার সহিত এক হাজার আটত্রিশ জন এইস্থানে সমাহিত হয়।

"আমরা প্রভু বিশুখৃষ্টের পক্ষ হইয়া 'কেশিনী' দেবতার বিরুদ্ধে এই যুদ্ধ ঘোষণা। করি।"

ल्थक "क्ष्यावित्रम्" चत्रः चठत्क मर्गन কবিয়া নাকি এই বিষয় যথায়থ লিপিবছ করিয়াছিলেন। যাহা হউক, সন্ধি স্থাপিত হইলে পাদরী "দেউ গ্রিগরী" পরাজিত হিন্দুদিগকে (প্রায় ৫০৫০ জনকে) বলপুর্বাক খৃষ্টধর্ম্মে দীকিত করেন। এই সকল হিন্দুদের ভিতর অধিকাংশই পুরুষ': তাহার পরে তাহাদের স্ত্রী-ক্সাগণও ছবু ও খুষ্টানের অত্যাচার হইডে মানসভ্ৰমরকার্থ পতিপুত্রের আপনাদের অমুসরণ করে। যাহারা খুটান হইতে অস্বী-কার করিয়াছিল, মন্তক্ষুগুন করিয়া তাহা-দিগকে কারাগারে নিকেপ করা হয়। মন্তক-মুখ্ডনটা 'কেশিনী'-উপাসক হিন্দুগণ অত্যক্ত অপমানজনক বলিয়া घटन কারাগারে নিকিপ্ত এই সকল নিরত হিন্দুর সংখ্যা প্রায় চারিশত।

শ্রীরমেশচন্ত্র বস্থ।

অহ্বাদ।*

এক শ্রেণীর কাব্যামুরাণী লোক আছেন, কাব্যের অমুবাদের উপর তাঁহারা নিতান্ত বিরূপ। অমুবাদমাত্রকেই তাঁহারা অশ্রদা ও অবজ্ঞার চক্ষে দেখির্মা থাকেন; তাঁহারা বলেন যে, উৎক্কট কাব্যের রস ও সৌল্প্যা অমুবাদে রক্ষিত হইতে পারে না—রস বিশ্বাদ হইয়া যায়, সৌল্প্যা মান ও বিক্কত হইয়া পড়ে। সেইজ্বস্ত তাঁহারা উপদেশ দিয়া থাকেন যে, যদি উৎক্কট কোন কাব্যের রস, সৌল্প্যা ও গৌরব যথাযথক্সপে হাদরক্ষম করিতে চাও, তবে তাহা মূলে অধ্যয়ন কর—অমুবাদপাঠ পণ্ডশ্রম মাত্র।

শ্বীকার করি, এইরপ উপদেশ একদিন
সমীচীন ছিল। ষধন সাহিত্যের সংখ্যা অর
ছিল; তাহার অফ্নীলন শ্রেণী বা সম্প্রদায়
বিশেষে নিবদ্ধ ছিল এবং সেই সম্প্রদার বা
শ্রেণী অনন্তকর্মা ছিল, তথন এইপ্রকার উপদেশের সার্থকতা ছিল। ইউরোপে একদিন
গ্রীক্ ও ল্যাটিন্ ব্যতীত অন্ত সাহিত্য ছিল
না। তাহার অফ্নীলন কেবলমাত্র ধর্মন্
যাজকদিগের মধ্যে নিবদ্ধ ছিল। জ্ঞানাজ্জন ও ধর্মান্থটান ব্যতীত তাহাদের অন্ত
কার্য্য ছিল না, অন্ত চিন্তা ছিল না। আমাদের দেশেরও বান্ধণদিগের সম্বন্ধ ঠিক এই
কথা বলিতে পারা যায়। এই সকল জ্ঞানার্থী-

দিগকে উদরের চিস্তা করিতে হইত না; সে ভার সমাজ লইয়াছিল। অন্তিকে সরস্বতী এবং সর্বত্র ভগবান্, ইহাই তাঁহাদের সর্বস্ব ছিল। ইহাদিগকে ছইটার স্থলে পাঁচটা ভাষা শিখিতে বলিলেও অসকত হইত না। এক দিন ছিল, যথন এই উপদেশের সমীচীনতা ছিল।

কিছ আজ ? এই কঠোর ও নিদারুণ জীবনদংগ্রামের দিনে, এই সাধারণ্যে সাহিত্য-প্রসারের দিনে, এই উপদেশ কি চলে চু ইউরোপে গ্রীকৃ ও ল্যাটিনের স্থলে এখন কত সাহিত্য হইয়াছে, এবং তাহার প্রত্যেক-টিতে উপাদের গ্রন্থের সংখ্যাই বা কত। আমাদের দেশে পূর্বে সংস্কৃত ও পালি ছিল; এখন वाकाना, উर्फ, मशताद्वीय, अकताि, হিন্দী, উড়িয়া--কড ভাষায় কত সদ্গ্রন্থের স্ষ্টি হইয়াছে। ইহার উপর পার্সী আছে, षात्रवी षाष्ट्र ; षात्र (य नार्टे, अमन नरह। সকল বা কভকগুলি সদ্গ্রন্থও মূলে পড়িভে হইলে কত ভাষা শিখিতে হয়, ভাব দেখি। তার পর, জীবনসংগ্রাম—আমরা সকলেই উদরান্তের জন্ম, স্ত্রীপুত্রের, আত্মীয়ম্বজনের জন্ম, দিবারাত্র ক্ষিপ্ত সারমেয়ের স্থায় ইতন্তত ছুটাছুটি করিতেছি। এত করার পর নানা ভাষা শিক্ষার সময় হয় কথন্ ?--হয় কয়-

শীবৃক্ত জ্যোতিরিজ্ঞনাথ ঠাকুর মহাশর কর্ত্তক অমুবাদিত নাটকনিচর উপলক্ষে নিথিত। লেথক।

জনের ? বাঁহাদের হইতে পারে, তাঁহাদের মধ্যে ক্ষমতা আছে ক্ষমজনের ? লক্ষ্মী এবং সরস্বতীর একতাবস্থান দেখিতে পাওয়া মাম কত স্থলে ? এমন অবস্থায় এমন আদেশ বিনি করেন, তাঁহাকে—পাগল না হয় না-ই বলিলাম।

অতএব বুঝা গেল বে, এই কঠোর জীবন-সংগ্রামের দিনে পাঁচটা ভাষা শিক্ষা করা পোনে বোলআনা লোকের পক্ষে অসম্ভব। কিন্তু তাই বলিয়া কি তাহাদিগকে উৎকৃষ্ট-কাব্যরসাম্বাদে বঞ্চিত থাকিতে হইবে? তাহা যদি না হয়, তাহা হইলে ত অন্বাদের আপ্রগ্রহণ ব্যতীত আর উপায় নাই।

তার পর, অমুবাদ হইলেই যে তাহাতে मृत्नत त्रम, त्मीन्नर्धा ও গরিমার অপচয় ও বিকৃতি ঘটে, ইহা কি সতা ? অবশ্ৰই, সকল বিষয়ের স্থায়, অমুবাদ ভালও হইতে পারে, মন্দও হইতে পারে। যেখানে অহুবাদ উদ্দেশ্খে বা পুস্তকবিক্রেতার উপহারের আদেশে ক্বত হয়, সেথানে তাহা মন্দ হওয়াই সম্ভব। আজকাল আমাদের দেশে তাহার পরিচয়েরও অভাব নাই। কিন্তু যেখানে ক্ষমতা আছে, ভাষার উপর আধিপত্য আছে, কাব্যরদগ্রাহিণী শক্তি আছে, আন্তরিকতা আছে, দেখানে অমুবাদে মূলের মাহান্ম্য অনেকটাই রক্ষিত হয়। হয় যে, আলোচ্য গ্রন্থনিচরই তাহার প্রমাণ-মন্ত প্রমাণ নির্দেশ করা নিপ্রয়োজন।

অনেকে বলেন, কাব্যের যাহা উৎকৃষ্টাংশ, তাহার অমুবাদ হইতে পারে না। আমরা বলি, কাব্যের যাহা উৎকৃষ্টাংশ, তাহাই অমু-বাদসহনশীল। যেথানে মূলে স্থানকালের

<u>সীমাবদ্ধতা</u> আছে, ব্যক্তিছের সহীর্ণতা আছে, সেখানে অমুবাদ সার্থক না-ও হইতে পারে, না হইবারই কথা। কিন্তু বেথানে ব্যক্তিত্ব লুপ্তপ্রায় এবং প্রকাণ্ড মানবত্বের বিশালতা সপ্রকাশ--বেথানে আমি নাই, আমরা আছে; ব্যক্তিত্ব নাই, মানবত্ব আছে; তোমার আমার ছ:থের কথা নাই, মহুযা-জাতির অন্তর্কেদনার কথা আছে; খণ্ড সত্য নহে, বিরাট সত্যের অভিব্যক্তি আছে-তাহার স্থলর অমুবাদ হইতে পারে; হইয়াও থাকে। রামায়ণ ও মহাভারতের বঙ্গামুবাদ আমি দেখিয়াছি;—দেখিয়াছি যে, মূলের গরিমা দর্বত এবং দর্বপা রক্ষিত হইয়াছে। বাইবেলের অমুবাদসম্বন্ধে এমার্সন লিখিয়া-ছেন যে—কোথাও মূলভাবের ব্যত্যয় হয় নাই। অতএব বুঝা গেল যে, যাহা ভাল, তাহাকে লোকের কাছে উপস্থাপিত করা যায়; যাহা ভাল নহে, তাহাকে-ব্যক্ত না कतिरमरे जान रग्न।

যে সকল পুস্তকের উপলক্ষে এত কথা বলিলাম, তাহার থানিকটা বিস্তৃত পরিচয়ের প্রয়োজন হয়। তাহা দিতেছি। ভবভূতি লিথিয়াছেন—

"ইয়ং গেহে লন্দ্মীরিয়মমূতবর্ত্তির্নন্ধনরোরুদাবস্তা: স্পর্নো বপুবি বহলকন্দনরদ:।
অরং কঠে বাহু: লিশিরমস্থা মৌক্তিক্সরঃ
কিমস্তা ন প্রেরো যদি পুনরস্থো ন বিরহঃ ।"
ক্যোতিরিক্রনাথবাব্ অমুবাদ করিয়াছেন---

"ইনি শন্মী গৃহে মোর নয়নের অমৃত-অঞ্জন ও-অঙ্গ-পরশে গাত্তে মাথা হয় স্বিগধ চন্দন। ওই বাছ কঠে মোর মুক্তাহার, মত্থ-শীতল প্রিরার বা সবই থ্রির অসম্ভ সে বিরহ কেবল।"

ইহা অতি স্থলর অমুবাদ। মূলে 'অঞ্নের' কথা নাই; কিন্তু অমুবাদে 'বর্ত্তি'র স্থানে 'অঞ্জন' ব্যবহার করায় সৌলর্য্যের বিকাশ অধিকতর হইয়াছে।

কোন কোন স্থানে অমুবাদ ঠিক হয় নাই। কালিদাস লিখিয়াছেন—

"সর্সিজমত্মবিদ্ধং শৈবলেনাপি রম্যশ্"—ইত্যাদি। জ্যোতিরিক্সনাথবাবু অন্ত্বাদ করিয়া-ছেন—

"রচার শৈবালে চাকা বধা সরোজিনী"—ইত্যাদি।
'অস্থবিদ্ধের' অর্থ কি 'ঢাকা' ?
আরও একটু উদ্ধৃত করি। রাজা হয়স্ত
দক্ষিণবাছস্পন্দন উপলক্ষে বলিতেছেন—
"শান্তমিদমাশ্রমণদং ক্রতি চ বাহু: কুড: কলমিহান্ত"
ইত্যাদি।

ইহা আশার কথা।
জ্যোতিরিক্রনাথবাবু লিথিতেছেন—
"গ্রশান্ত আশ্রমদেশ—বাহ কেন তবে
স্পান্দন করিছে হেন !—না লানি কি হবে।"
ইত্যাদি।

ইহা বে নিরাশার কথা। ভরদা করি, বিতীয় সংকরণে জ্যোতিরিক্রনাথবার্ এ সব সামান্ত ভূল সংশোধন করিবেন।

কাব্য বা নাটকের যথায়থ অন্থবাদ যতটা मरक्रमाधा विनिष्ठा माधात्रभित्र धात्रभा चाहि, বাস্তবিক তাহা তত সহজ নহে। মূলভাষার রস ও সৌন্দর্য্য যোলআনা সর্বত্র অমুবাদে রক্ষা করা একপ্রকার অসম্ভব—তবু যতটা সম্ভব, জ্যোতিরিক্সবাবু তাহা করিয়াছেন, অনুবাদে তিনি সিদ্ধহন্ত। বঙ্গসাহিত্যে জ্যোতিবাব ছাড়া এই হুরুহ ব্যাপারে এরূপ কৃতকার্য্য বোধ হয় আর কেহই হইতে পারিতেন না। তিনি বঙ্গভাষার অপূর্ণ ভাণ্ডারে এইপ্রকার "রত্বরাজি" উপহার দিয়া বন্ধীয় পাঠক-সমাজকে চির্থাণী করিয়াছেন—সেজ্য তিনি সাধারণের নিকট হইতে অবশ্রই অনেক ধ্রুবাদ পাইতেছেন ও পাইবেন। একণে প্রবন্ধ-শেষে আমার ব্যক্তিগত কথা এই যে, আমি তাহার উপহার এই অমুবাদ-গ্রন্থগুলি পাঠ করিয়া বড়ই প্রীতিলাভ করিয়াছি ও সেজন্ম তাঁহাকে শতমুখে ধন্তবাদ দিতেছি,—তিনি हेहा शहर कतित्व स्थी हहेत।

ত্রীচন্দ্রশেশর মুখোপাধ্যায়।

শার সত্ত্যের আলোচনা।

রহৎ ব্রক্ষাণ্ড এবং ক্ষুদ্র ব্রক্ষাণ্ড। গত মাসের প্রবদ্ধে কর্তা-কর্মের এবং জাতা-জ্ঞেরের উভয়াত্মক ঐক্য কিরূপ, তাহা প্রদর্শন করিরা শেষে একটি প্রশ্ন জিজানিত হইরাছিল এই বে, সে বে উভরাত্মক ঐক্য, ভাহা কি অকন্মাৎ আকাশ হইতে নিপতিত হয়, অথবা, পূর্বেব বাহা প্রস্থপ্ত ছিল, ভাহাই জাগ্রত হয়। এ প্রশ্নের রীতিমত মীমাংসা করিতে হইলে—র্হৎ বন্ধাও এবং কুদ বন্ধাওের মধ্যে ঐক্য কিরূপ, এবং সে ঐক্য র্হৎ বন্ধাও হইতে কুদ্র বন্ধাওে কিরূপেই বা সংক্রামিত হয়, তাহার প্রতি বিধিমতে অফ্লমন্ধান প্রয়োগ করা কর্তব্য।

আমরা প্রত্যেকে এক-একটি কুদ্র বন্ধাও; এবং সমস্ত কুদ্র ব্রহ্মাণ্ড ক্রোড়ে করিয়া যে এক নিখিল বিশ্বক্রাণ্ড স্বৰ্গমন্ত্যপাতাল याপিয়া বিরাজমান, তাহাই বৃহৎ বন্ধাও। কাজেই দাঁড়াইভেছে যে, কুদ্র ব্রহ্মাণ্ডের যথা-সর্বায় বাহা কিছু আছে, সমস্তই বৃহৎ ব্রহ্মাণ্ড হইতে ধার করিয়া পাওয়া। তার সাকী মহুবোর উদরভাতে যে তণুলার রহিয়াছে, তাহা ধান্তক্ষেত্রেরই তঙুল; মহুষ্যের রক্তে त्य क्ल द्रशिषां , छारा नमूर्यदरे क्ल; মহুব্যের শরীরে যে তেজ রহিয়াছে, তাহা অগ্নিরই তেজ; মনুষ্যের নাসিকাপথ দিয়া ষে বায়ু যাতায়াত করিতেছে, তাহা বহি-ব্লাকাশেরই বায়। এ তো সকলেরই এক-প্রকার দেখা কথা; তা ছাড়া, বৈজ্ঞানিক পণ্ডিতেরা বলেন এই যে, প্রথমে পৃথিবী উচ্ছুখুল ভৌতিক শক্তিসকলের ক্রীড়াক্ষেত্র ছিল। ক্রমে পৃথিবীতে ভৌতিক শক্তির উন্মন্ত নৃত্যুলীলার সঙ্গে সঙ্গে অল্ল করিয়া জীবনা শক্তির উন্মেষ হইতে লাগিল। উদ্ভিদ জন্মিবার পুর্ব্বে পৃথিবীতে গুদ্ধকেবল ভৌতিক শক্তির দল, সংক্ষেপে—ভূতের দল, দাপাদাপি করিয়া বেড়াইতেছিল, তাহার পরে যথন উদ্ভিদের আদিম স্তর পঙ্কশয়া হইতে আরে অলে গাত্রোখান করিয়া জ্বস্থবের অন্ধিসন্ধি প্রদেশসকল শ্রামলচ্ছদে আবরণ করিতে লাগিল এবং তাহার পরে সেই নূতন ব্যাপারটি যথন

জলের কিনারা হইতে ক্রমে ক্রমে ডাঙা বাহিয়া উঠিয়া দেশবিদেশ ব্যাপিয়া সাজিয়া দাঁড়াইতে লাগিল, তথন পৃথিৰী একবিধ শক্তির পরিবর্জে ছিবিধ শক্তির লীলা-ক্ষেত্ৰ হইল—ভৌতিক শক্তি এবং জীবনী শক্তি, এই হুইপ্রকার শক্তির লীলাকেত্র হুইল। তাহার পরে যথন উদ্ভিদশ্রেণী নানা বর্ণের ফলফুলপল্লবের বিচিত্র বেশে সজ্জিত হইতে লাগিল এবং জলচর, ভূচর, থেচর প্রভৃতি নানা জন্ত পদ হইতে, অও হইতে. জরায় হইতে, কালে-কালে বাহির হইয়া পালে-পালে বিচরণ করিতে লাগিল, আর. সেই সঙ্গে গিরি-গুহা-অরণ্য গর্জনরবে এবং বংহিত-রবে, গহন বন ঝিল্লী-রবে, পুষ্পমঞ্চরী গুঞ্জরিত রবে, লতাকুঞ্জ কৃঞ্জিত রবে, তৃণ-ভূমি হম্বারবে, বিস্তীর্ণ প্রান্তর হেষারবে শকায়মান হইতে লাগিল, তথন পৃথিবী দ্বিধ শক্তির পরিবর্ত্তে ত্রিবিধ শক্তির লীলাকেত্র হইল—ভৌতিক শক্তি, জীবনী শক্তি এবং চেতনাশক্তি, এই তিনপ্রকার শক্তির লীলাক্ষেত্র হুইল। সর্বলেষে যথন মনুষ্য বাহির হইয়া প্রথমে হামাগুড়ি দিতে লাগিল, এবং ক্রমে উন্নতমন্তকে দণ্ডায়-মান হইয়া চারিদিক নিরীক্ষণ করিয়া গস্তব্য-পথে চলিতে লাগিল এবং ভাছার পরে যখন বিচারবিবেচনা এবং বুক্তি খাটাইরা সমন্ত বিষয়ের তত্তাবধারণ করিতে আরম্ভ করিল. তথন পৃথিবী ত্রিবিধ শক্তির পরিবর্ত্তে চতুর্বিধ শক্তির শীলাকেত্র হইল—ভৌতিক শক্তি, স্বীবনী শক্তি, চেতনাশক্তি এবং ধীশক্তি, এই চারিপ্রকার শক্তির ক্রীড়াকের হইল। এই বে চারিপ্রকার শক্তি—ভৌতিক শক্তি, ৰীবনী শক্তি, চেতনাশক্তি এবং ধীশক্তি, এ

চারিপ্রকার শক্তির প্রথমে প্রথমটি একাকী. ভাহার পরে প্রথম এবং বিতীর যুগ বাঁধিয়া, তাহার পরে প্রথম দিতীয় এবং তৃতীয় যোট বাধিয়া, পৃথিবীতে যথাক্রমে পরে পরে আবি-ভুত হইল, এবং পরিশেষে যখন প্রথম দিতীয় এবং ততীয়ের উপরে চতুর্থ আবিভূতি হইল, তখন সর্বপ্রকার শক্তি একত্র সমবেত হইয়া মমুষ্য শরীরের আশ্রয় গ্রহণ করিল। অর্থাৎ বহৎ ব্রনাতে যতপ্রকার শক্তি আছে—ভৌতিক শক্তি, জীবনী শক্তি, চেতনাশক্তি এবং धीनिक-ममद्यत्रहे किছू-ना-किছू निपर्गन कुष्र ব্রহ্মাণ্ডে পুঞ্জীভূত হইল; কোনো প্রকারেরই সংগ্রহকার্যা অবশিষ্ট রহিল না। প্রতাষের হ'ব হ'ব সময়ে পক্ষিকুলের নিদ্রা-**७**त्र हरेगा गांग, हेश नकरनंत्रहे (मथा कथा। সেই দিবা এবং রাত্রির সন্ধিস্থানে সুর্য্যের উৰোধনী শক্তি (অর্থাৎ ঘুমভাঙানি শক্তি) একাকী অভিব্যক্ত হয়; ছোতনাশক্তি, তাপনী শক্তি এবং দাহিকা শক্তি অনভিব্যক্ত থাকে। তাহার কিছুকাল পরে যথন প্রত্যুষ ফুটিয়া বাহির হয়, তথন সুর্য্যের উল্লোধনী শক্তির উপরে আর-একটি শক্তি অভিব্যক্ত হয়-সেটি হ'চেচ ছোতনাশক্তি। এই সময়টিতে অর্থাৎ প্রত্যুষের দিবালোকে সুর্য্যের হুই-প্রকার শক্তি অভিব্যক্ত হয় এবং..ছইপ্রকার শক্তি অনভিবাক্ত থাকে ;—উদোধনী শক্তি এবং ছোতনাশক্তি অভিব্যক্ত হয়, তাপনী শক্তি এবং দাহিকা শক্তি অনভিব্যক্ত থাকে। মধ্যাহ্রদিবালোকে সূর্য্যের ভিনপ্রকার শক্তি অভিব্যক্ত হয়-একপ্রকার শক্তি অনৃতি-ব্যক্ত থাকে; উদ্বোধনী শক্তি, ছোতনাশক্তি এবং তাপনী শক্তি মভিব্যক্ত হয়-দাহিকা

শক্তি অনভিব্যক্ত থাকে। তাহার পরে यिन अनाहक कारहत (Burning glasson) মধ্য দিয়া স্থ্যরশ্মিকে বস্তাদির উপরে পুঞ্জী-ভূত করা যায়, তাহা হইলে সেই পুঞ্জীভূত সূর্য্য-রশ্মিতে সুর্য্যের সর্বাঙ্গীণ শক্তি অভিব্যক্ত হয় —উদ্বোধনী শক্তি, ছোতনাশক্তি,তাপনীশক্তি এবং দাহিকা শক্তি, এই চারিপ্রকার শক্তি এক-যোগে অভিব্যক্ত হয়। কুদ্র ব্রসাত্তে তেমনি (অর্থাৎ মন্থ্যারাজ্যে তেমনি) বৃহৎ ব্রহ্মাণ্ডের দৰ্মান্বাণ শক্তি অভিব্যক্ত হইয়াছে—ভৌতিক শক্তি, জীবনী শক্তি, চেতনাশক্তি, এবং ধী-শক্তি, এই চারিপ্রকার শক্তি অভিব্যক্ত হইরাছে। বৃহৎ বন্ধাণ্ডের চারি কোব হ'চেচ (১) ভৌতিক শক্তির আধার—ভূতকোষ: (২) ভৌতিক শক্তি এবং জীবনী শক্তি হয়ের একাধার—উদ্ভিদকোষ; (৩) ভৌতিকশক্তি, জীবনী শক্তি এবং চেতনাশক্তি তিনের একা-ধার-পশাদিকোষ; (৪) ভৌতিকশক্তি, জীবনী শক্তি, চেতনাশক্তি এবং ধীশক্তি, এই চতুর্বিধ শক্তির একাধার-মানবকোষ। তেমনি কুদ্র ব্রহ্মাণ্ডের চারি কোষ হ'চেচ (১)ভৌতিক শক্তির আধার অন্থিমাংস প্রভৃতি অন্নময় কোষ; (২)ভৌতিকশক্তি এবং জীবনী শক্তি হয়ের একাধার-প্রাণময় কোষ (বলা যাইতে পারে Vegitative system); (৩) ভৌতিকশক্তি, জীবনীশক্তি-এবং চেত্রনাশক্তি তিনের একাধার—মনোময় কোষ (Animal system বা Nervous system); (৪) ভৌতিকশক্তি, জীবনী শক্তি, চেতনাশক্তি এবং ধীশক্তি—এই চতুর্বিধ শক্তির একা-ধার—বিজ্ঞানময় কোষ (Brain)। ইহাই হিরশায় কোষ। বৃহৎ ত্রন্ধাণ্ডের হিরশার কোষ হ'চে জগতের আদিম-প্রকাশ বা আদি-স্থ্য। । । তা ছাড়া, চতুর্বিধ শক্তির সামঞ্জের এবং ঐক্যের একটি কেন্দ্রহান বা সন্ধিষ্ঠান বা লরস্থান বা সমাধিস্থান আছে—সেটা হ'চে আনলমর কোষ। বৃহৎ ব্রহ্মাণ্ডের সহিত কুল্র ব্রহ্মাণ্ডের এইরূপ থাপে-থাপে মিল রহিয়াছে—মিল যথন রহিয়াছে, আর, কুল ব্রহ্মাণ্ডের যথাসর্বাস্থ বাহা কিছু আছে সমস্তই যথন বৃহৎ ব্রহ্মাণ্ড হইতে আদিরাছে, তথন, পঞ্চকোষের একতা সমাবেশজনিত যে এক জ্ঞাত্তেরের

এবং কর্তাকর্শের উভয়াদ্মক ঐক্য অন্তত্ত্ত্বর ও সেই ঐক্যে ভর দিরা বে এক "আমি আছি" দণ্ডারমান হর, সেই বে উভয়াদ্মক ঐক্য এবং সেই বে "আমি আছি", গুইই বৃহৎ প্রস্নাণ্ডের সার্কাদ্মিক ঐক্য এবং সর্কব্যাপী আমি আছি হইতে আসিয়াছে—তা বই,তাহা অকসাৎ আকাশ হইতে নিপতিত হয় নাই —ইহা বৃদ্ধিতেই পারা যাইতেছে। এবারে বাহা অতীব সংক্রেপে বলা হইল, আগামী বারে তাহা বিস্তারপূর্কক ভাঙিয়া বলিবার ইচ্ছা রহিল।

এী বিজেন্দ্রনাথ ঠাকুর।

প্রস্থ-সমালোচনা।

নারীধর্ম নর্মগাধা, প্রেমগাধা প্রভৃতির কবি শ্রীমতী নগেন্ধবালা সরস্বতী প্রশীত। এ গ্রন্থধানি যে কি উদ্দেশ্যে রচিত, তাহা গ্রন্থ-কর্ত্রীর ভূমিকা হইতেই উদ্ধৃত করিয়া দিতেছি—

"সংসারে রমণীগণ প্রেম-প্রীতির আকরস্বরূপ। ভাঁহাদেরই স্বেছ-মমতা-পবিত্রতার
সংসার শান্তিমর। এইজ্ঞাই হিন্দুসংসারে

রমণীগণ দেবীবং প্জনীয়া। কিরূপে রমণীগণ
নিজ নিজ কর্ত্তর্য পালনপূর্বক নারীধর্ম রক্ষা
করিয়া—সংসারে অমৃতল্রোত প্রবাহিত
করিতে পারেন, কিরূপ নারীচরিত্তো প্রকৃত
দেবীচরিত্ত প্রতিভাত হইতে পারে, এই নারীধর্মে তাহারই আলোচনা করিয়াছি।"

উপবৃক্ত হল্তে উপবৃক্ত আলোচনাই হই-বাছে—গ্রন্থকর্ত্তী নিজে একজন শিক্ষিতা

এরূপ ধারণার কারণ কি, তাহা ভাডিরা বলিতে হইলে অনেক কথা বলিতে হয় : বর্ডনান প্রবাদ ভাহার বানসক্লান হওয়া ছবঁটা ইপনিবদে আছে —"হির্মরে পরে কোবে বিরন্ধ প্রক্ষ প্রক্ষ নিক্ষণন্ । উচ্চুলং ল্যোতিবাং ল্যোতিভিত দ্বদাস্থান হওয়া ছবঁটা ইপরিবদ পরে কোবে বিরন্ধ অবাহিতি করেন—সেই গুল্ল জ্যোতিব ল্যোতিভিত বাহাকে আন্ধবিদেরা জানেন । ইহাতেই ইসিত করা হইয়াছে বে, বৃহৎ প্রক্ষাও এবং ক্ষুদ্র প্রক্ষাও ছবেরই হির্মর কোবে প্রক্ষ অবস্থিতি করেন, বেহেতু তিনি অথও । এটাও ভাবে বলা হইয়াছে বে, হির্ময় কোব এক হির্মাবে বেন্দ্র সর্প্রক্ষণতের কেন্দ্রসান, আর-এক হির্মাবে তেমনি সর্প্রক্ষণতে পরিব্যাপ্ত । কলে, উহা সেইক্ষণ-এক অনিক্রচনীর জ্যোত্রপ্রতা, বাহার উপলক্ষে পাল্টাত্যপ্রদেশীয় Augustine থবি বলিয়াছেন—"whose centre is every-where but circumfer-n e no where" কেন্দ্র বাহার সঞ্চল হানেই—পরিধি বাহার কোনো হানেই কাই ।

নুৱানা—নবাৰকের রমণীর প্রতি তিনি যে সকল छेशालन निवादहन, छोटा दिन नमंद्रांशद्यांशीहे হইরাছে। অন্তঃপুরের উপদেশে পুরুবের মন যে সহজে বিচলিত হয়, ইহার অনেক প্রমাণ ইতিহাস ও সংসারে দেখা গিয়াছে; কিন্তু পুরু-বের চেপ্তার শুদ্ধান্তের শোধন সচরাচর বড়-একটা দৃষ্টিপথে পড়ে না-সেখানে গৃহিণী-কুলেরই প্রাধান্ত, স্থতরাং অস্ত:পুরের সংস্থার অন্ত:পুর হইতেই সহজে সম্ভব। আমাদের রমণীকুলের চরম ও স্বাভাবিক বিকাশ মাতৃত্বে, যে কারণেই হোক. মহিলাকুলের সে মাতৃভাব ক্রমে হাসপ্রাপ্ত रहेरज्ञ, करव वा এकেवादत नम्न भाम সম্বর্থ বঙ্গসম্ভানের জুড়াইবার স্থান অরে অনে উত্তপ্ত হইয়া উঠিতেছে, বাঙালীর পোড়া অদৃষ্টের গুণে না জানি কবে বা তাহা একে-বারে পুড়িরা যার। এই ছঃসমরে সমর বুঝিয়া সরস্বতী মহাশরা নবীনাদিগকে প্রকৃত গৃহলন্মী হইবার পথ দেখাইতে প্রবৃত্ত, ইহা বড় হথের কথা---আশার কথাও বটে।

তবে এখানে একটি কথা বলিবার আছে. এ গ্রন্থে নবীনা গ্রন্থকর্ত্রীর বক্তব্যে তাঁহার মাতৃভাবটা মাঝে অতিমাত্রায় ফুটিয়াছে, যেন উপরে উঠিয়াছে, স্থানে স্থানে কিছ এই দোষে একটুসাধটু অশোভনও হই-য়াছে, এ সকল দোৰ কিন্তু অতি সামান্ত। মোটের উপর এ গ্রন্থ পাঠে আমরা বড় প্রীত হইয়াছি-প্রীত হইবার আর একটি বিশেষ কারণ এই যে, এমতী নগেক্সবালা এতদিন কবিভার আলোচনা করিয়া যশংসঞ্চয়ে ব্রতিনী ছিলেন-এখন তিনি সংসারধর্মের সংস্থারে মন দিয়াছেন ; নিরবচ্ছিয় কবিতারচনাই যে त्रभीकीवानत न्त्रम नका नाइ, এवः छाशास्त्र যে রমণীর ভৃপ্তি হয় না, ইহা তিনি বুঝিয়া-ছেন—বুঝিয়া অন্তকে তাহা বুঝিবার অবসর আজকাল কবিতাসংক্রমণের मित्राट्य । স্ত্রীকবির নিকট হইতে मित्न क्लान এ শিক্ষার মূল্য অনেক অধিক বলিয়া মনে করিতে আমরা বাধ্য হইতেছি। অলমতি-বিস্তরেণ।

হেমচন্দ্র।

বঙ্গের কবি হেমচক্র ইহধাম হইতে চলিরা গিরাছেন। সকলকেই সে পথে বাইতে হর, তিনিও সেই পথে গিরাছেন। লেবাবস্থার তিনি বেরূপ বিপন্ন হইরাছিলেন, তাহাতে তাঁহার পক্রে মৃত্যুর অর্থ নিক্ষ্তি। শোক করিবার কথাই নহে, অথচ এই কলিকাতাসহরে আমরা ভ ভাঁহার করা অনেক শোক-

সভার ব্যবস্থা করিয়াছি। ইহার অর্থ এই যে, মাহ্ম মায়ার বড়ই অধীন, সেইজস্থ আমরা তাঁহার জন্ত শোক করিতেছি, নতুবা বিনি বৈকুঠে গিয়াছেন, তাঁহার জন্ত শোক করিতে হয় কেন ?

আমি আজ তাঁহার গ্রন্থাদির সমালোচনা করিতে বসি নাই; কখন যে করিব, সে সম্ভাবনাও নাই। কেবল তাঁহাকে মনে করিয়া শতই বাহা আমার মনে উদয় হই-তেছে, তাহাই নিধিতেছি।

হেমবাবু যে বঙ্গভাষাকে অম্ল্য সম্পদ্দান করিয়াছেন, ইহা বৃদ্ধিমান্ মাত্রেই স্থীকার করেন। তাঁহার "বৃত্তসংহার" ও "দশমহাবিদ্ধা"র স্থার কাব্য বঙ্গভাষার পূর্বের আর লিখিত হয় নাই। তাঁহার মৃত্যুর পর এই ক্লয় দিনে এই কলিকাতাসহরে তাঁহার সম্বন্ধে আনেক আলোচনা হইয়াছে। কেবল একটি কথা কেহ আলোচনা করেন নাই। সেই কথা আমি বলিব মনে করিয়াছি।

হেমবাবুর কবিতার আমরা তাঁহার মান-সিক বিকাশের যে একটি পদ্ধতি দেখিতে পাই, আৰু শুধু আমরা তাহারই আলোচনা করিব। व्यथरमंहे धत्र, छांशात "कविछावनी"। हेशाल দেখিতে পাওয়া যায় যে, তাঁহার দৃষ্টি নিজের ভিতরেই নিবদ্ধ-কোথায় প্রতিভার পরিচয়. কোথাও বিস্থার পরিচয়। তাঁহার "মদন-পারিজাত" য়ালেক্জাণ্ডার পোপের Eloisa to Abelardoর নকল: তাঁহার "কমল-বিলাদী" টেনিদনের Lotos-Eaters এর নকল; তাঁহার 'ইল্রের স্থাপান" ডাইডেনের Alexander's Feastএর অমুকরণ; তাঁহার "হতাশের আক্ষেপ" এবং "কোন একটি গাঁথীর প্রতি" কেবল ব্যক্তিবিশেষের অন্তরের হাহাকার। ইহাতে এই বুঝিলাম যে, যে সমরে তিনি "কবিতাবলী" প্রণয়ন করিয়াছিলেন, তথনও তাঁহার প্রতিভা আপনাতেই সম্বদ্ধ।

ভাহার পর দেখিতে পাইবে, ভাঁহার শ্রেভিভা ইহসংসারের ব্যাখ্যার নিযুক্ত। জগতে যে, শক্তিরই জয়, তাহা ত আমরা প্রতিনিয়ত প্রাত্যক করিতেছি। "বৃত্তসংহারে" সেই চিত্রই চিত্রিত হইয়াছে।

শক্তির জয়ের, ঐতিহাসিক কালেও পরিচয় পাইয়াছি নেপোলিয়নের জীবনে, কিছ
শক্তি কি সর্বজন্মী ? বৃত্তাস্থরে এবং নেপোলিয়নে কোথাও ত সেরূপ পরিচয় পাওয়া
যায় না। দেখিতে পাওয়া যায় য়ে, অধর্ম
আসিয়া জুটিলেই শক্তির ধ্বংস হয়। বৃত্তাস্থর
এবং নেপোলিয়ন, উভয়েই জগতে শক্তিতে
অজয়ে। অধর্মাচরাণ উভয়েরই ধ্বংস হইল।
শেষে উভয়েকই কাঁদিতে হইয়াছে। একজনকে কাঁদিয়া বলিতে হইল—

"হা শস্তু, তুমিও বাম !" আর জনকেও কাঁদিয়া বলিতে হইয়াছিল— St. Helena was written in destiny.

চিরদিনই অধর্মে এইরূপ বিলাপ করিতে হয়। সংসারে শক্তির জয় হইবে, ইহা যেমন সত্য; অধার্মিক শক্তির ক্ষয়ও তেমনি সত্য। হেমবাবু তাঁহার "বুত্রসংহারে" এই প্রগাঢ় নীতির অবতারণা করিয়াছেন।

তাহার পর দেখিতে পাই বে, হেমবাবুর প্রতিভা সংসারকেও ছাড়াইয়া বিশ্বকে আলিকন করিয়াছে—তাহার পরিচর "দশমহাবিভার"। প্রতিভার এইরূপ পরিণতি সচরাচর দেখা যায় না। পূর্বেই বলিয়াছি, আমি আন্ধ তাঁহার সমালোচনা করিতে প্রবৃত্ত নহি; তাঁহাকে যে হারাইয়াছি, আন্ধ সেই ছংথের কথাই বলিতেছি। যেমন যায়, তেমনটি আয় পাওয়া যায় না, ইহা আমাদের দেশের চিয়প্রতিলত কথা। হেমচক্র ত চলিয়া গেলেন; আবার কি আমরা তেমন পাইব ? অগদীখর জানেন।

ত্রীচক্রশেখর মুখোপাধ্যায়।

অন্নদাবার কথাটাকে গম্ভীরভাবে লইয়া বিস্তারিতরূপে প্রমাণ করিতে বসিলেন যে, ভারক হইলেও হজম করাটা চাইই।

त्रत्म नीत्रत्व वित्रया सत्न मत्न पक्ष इटेर्ड नाजिन।

অক্ষ কহিল, "রমেশবাবু, আমার পরামর্শ শুস্ন্—অন্নাবাব্র পিল্ থাইয়া একটু সকাল-সকাল শুইতে যান্!

রমেশ কহিল, "অন্নদাবাব্র সঙ্গে আজ আমার একটু বিশেষ কথা আছে, দেইজন্ত আমি অপেকা করিয়া আছি।"

অক্ষয় চৌকি ছাড়িয়া উঠিয়া কহিল—
"এই দেখুন্, এ কথা পুর্ব্বে বলিলেই হইত।
রমেশবাবু সকল কথা পেটে রাখিয়া দেন,
শেষকালে সময় যথন প্রায় উত্তীর্ণ হইয়া
যায়, তথন বাস্ত হইয়া উঠেন।"

অকষ চলিয়া গেলে রমেশ নিজের জুতা-জোড়াটার প্রতি গৃই নতচকু বন্ধ রাথিয়া বলিতে লাগিল—"অরদাবাবু, আপনি আমাকে আত্মীয়ের মত আপনার ঘরের মধ্যে যাতা-য়াত করিবার অধিকার দিয়াছেন, ইহা আমি যে কত সৌভাগ্যের বিষয় বলিয়া জ্ঞান করি, তাহা আপনাকে মুথে বলিয়া শেষ করিতে পারিব না।"

অন্ধণাবাব কহিলেন—"বিলক্ষণ! তুমি আমাদের যোগেনের বন্ধু, তোমাকে ঘরের ছেলে বলিয়া মনে করিব না ত কি করিব ?"

ভূমিকা ত হইল, তাহার পরে কি বলিতে হইবে, রমেল কিছুতেই ভাবিয়া পায় না। রমেণের আরক্তবর্ণ মুখ দেখিরা অল্লানার ব্যাপারখানা বৃঝিতে পারিলেন। তিনি রমেশের পথ স্থগম করিয়া দিবার

জন্ম কহিলেন — "রুমেশ, তোমার মত ছেলেকে ঘরের ছেলে করিতে পারা আমারই কি কম সৌভাগ্য!"

ইহার পরেও রমেশের কথা জোগাইক না।

অন্নদাবার কহিলেন—"দেখ না, তোমা-দের সম্বন্ধে বাহিরের লোক অনেক কথা বলিতে আরম্ভ করিয়াছে। তাহারা বলে, হেমনলিনীর বিবাহের বয়দ হইয়াছে, এখন তাহার সঙ্গিনির্বাচনসম্বন্ধে বিশেষ সতর্ক হওয়া আবশুক। আমি তাহাদিগকে বলি, রমেশকে আমি খুব বিশ্বাস করি—দে আমা-দের উপরে কথনই অস্তায় ব্যবহার করিতে পারিবে না! এই সেদিন তারক আমাকে বলিতেছিল, 'রমেশবাবু তোমাদের সঙ্গে যেরূপ মেশামেশি করিতে আরম্ভ করিয়াছেন, তাঁহার অভিপ্রায় স্পষ্ট করিয়া জানা উচিত-লোকে এ সম্বন্ধে আলোচনা করিতে আরম্ভ করিয়াছে।' আমি কহিলাম, 'রমেশ স্পষ্ট করিয়া কোন কথা বলুক্ বা না বলুক, ভাহার দারা হেমনলিনীর যে লেশমাত্র অনিষ্ঠ হইবে না, সে আমি নিশ্চয়ই জানি।"

রমেশ। অল্পাবাবু, আমার সম্বন্ধে আপনি সমস্তই ত জানেন, আপনি যদি আমাকে যোগ্যপাত্র বলিয়া মনে করেন, তবে—

আন্ধা। সে কথা বলাই বাহল্য।
আমরা ত একপ্রকার ঠিক করিয়াই রাখিরাছি—কেবল তোমার দাংসারিক ছর্ঘটনার
ব্যাপারে দিন স্থির করিতে পারি নাই। কিন্তু
বাপু, আর বিলম্ব করা উচিত হয় না। সমাজে
এ লইয়া ক্রমেই নানা কথার সৃষ্টি ইইতেছে—

সেটা যত শীঘ্র হয়, বন্ধ করিয়া দেওয়া কর্তব্য। কি বল ?

রমেশ। আপনি যেরপ আদেশ করি-বেন, তাহাই হইবে। অবশু সর্বপ্রথমে আপনার ক্যার মত ভানা আবশুক।

অন্নদা। সেত ঠিক কথা। কিছু সে একপ্রকার জানাই আছে। তবু কাল সকালেই সে কথাটা পাকা করিয়া লইব।

রমেশ। আপনার ভইতে যাইবার বিলম্ব হুইতেছে, আজ তবে আসি।

অন্নদা। একটু দাঁড়াও। আমি বলি
কি, আমরা জবলপুরে যাইবার আগেই
তোমাদের বিবাহটা হইয়া গেলে ভাল হয়।

রমেশ। সে ত আর বেশি দেরি নাই।
অরদা। না, এথমো দিনদশেক আছে।
আগামী রবিবারে যদি তোমাদের বিবাহ
হইয়া যায়, তাহা হইলে তাহার পরেও যাতার
আয়োজনের জন্ত ত্তিনদিন সময় পাওয়া
য়াইবে। বৃঝিয়াছ রমেশ, এত তাড়া করিতাম
না,—কিন্ত আমার শরীরের জন্তই ভাবনা।
আনজকাল পিল্টা খাইয়া কিছু ভাল আছি,
কিন্ত বলা ত যায় না। আমি যদি পড়ি,
তাহা হইলে বন্দোবন্ত সমন্তই গোল হইয়া
যাইবে—কেবল এক অক্ষয় ছাড়া আমাকে
সাহায়্য করিবার লোক আর কেহ নাই।

রমেশ সমত হইল এবং আর-একটা পিল্ গিলিয়া বাড়ী চলিয়া গেল।

28

বিবাহপরিণামটা এতদিন অক্ট আকারে ছিল। অবশু হেমনলিনীকে বিবাহ করিতে তাহার ধর্মসঙ্গত কোন বাধা নাই, এ কথা মনের মধ্যে নিশ্চয় করিয়াই রমেশ এমন নিশ্চিম্বভাবে ভালবাসার টানে হাল ছাড়িয়া দিয়াছিল। বিবাহের প্রস্তাবটা যথনি স্পষ্ট হইল, তথনি নানা কর্ত্তব্যাকর্ত্তব্যের কথা তাহার মনে জাগিয়া উঠিল। আর একবার কমলাসম্বন্ধে ভাল করিয়া মনোযোগ করিবার সময় আসিল। কিন্তু সময় অত্যস্ত অয়।

বিত্যালয়ের ছুটি নিকটবর্তী। ছুটির সময়ে কমলাকে বিত্যালয়েই রাথিবার জন্ত রমেশ কর্ত্রীর সহিত পূর্বেই ঠিক করিয়াছিল।

রমেশ প্রত্যুবে উঠিয়া ময়দানের নির্জ্জন রাস্তায় পদচারণা করিতে করিতে স্থির করিল, বিবাহের পর সে কমলাসম্বন্ধে হেমনলিনীকে সমস্ত ঘটনা আগাগোড়া বিস্তারিত করিয়া বলিবে। তাহার পরে কমলাকেও সমস্ত কথা বলিবার অবকাশ হইবে। এইরূপ সকল পক্ষে বোঝাপড়া হইয়া গেলে কমলা স্বচ্ছন্দে বন্ধুভাবে হেমনলিনীর সঙ্গেই বাস করিতে পারিবে। দেশে ইহা লইয়া নানা কথা উঠিতে পারে, ইহাই মনে করিয়া সে হাজারিবাগে গিয়া প্র্যাক্টিস্ করিবে স্থির করিয়াছে।

ময়দান হইতে ফিরিয়া আসিয়া রমেশ
অয়দাবারুর বাড়ী গেল। সিঁড়িতে হঠাৎ
হেমনলিনীর সঙ্গে দেখা হইল। অস্তদিন
হইলে এরূপ সাক্ষাতে একটু-কিছু আলাপ
হইত। আজ হেমনলিনীর মুখ লাল হইয়া
উঠিল,—সেই রক্তিমার মধ্য দিয়া একটা
হাসির আভা উষার আলোকের মত দীপ্তি
পাইল—হেলনলিনী মুখ ফিরাইয়া চোখ নীচ্
করিয়া জতবেগে চলিয়া গেল। হেমনলিনীর
এই লজ্জিত আনন্দের নীর্ব রশ্বি-অভিঘাতে
রমেশের সমস্ত হাদয় পুলকে কাঁপিতে লাগিল।

তাহার সকল ছল্ডিস্তা কুরাশার মত কাটিয়া গেল। পৃথিবীতে কিছুর জন্মই যে কোন-প্রকার ভয়ভাবনা হইতে পারে, তাহা তাহার मत्नहे हहेल ना। याशक किइका शृद्ध হিমালয় মনে হইয়াছিল, সে তাহার পায়ের কাছে দেখিতে দেখিতে মেঘের মত হালা হইয়া গেল-ভাহার জীবনপথের সমুখে সমস্তই সহজ, স্থানর, স্থাসল বলিয়া বোধ হইল। সে চারিদিকে চাহিয়া মনে মনে कहिन, "ट्र महाञ्चलत निथिन विश्व, जामि আপনাকে নিঃশেষে তোমার কাছে উৎসর্গ করিলাম।" আর সেই লজ্জিত পুলকিত মুখচ্ছবি বারবার স্মরণ করিয়া বলিতে লাগিল —"পৃথিবীর মাটির উপর দিয়া তোমাকে কেন চলিতে হয় - তোমার চলিবার পথে আমি আমার হৃদ্য বিছাইয়া দিতে চাই ৷ তোমার প্রত্যেক পদক্ষেপ আমার ভালবাদার মধ্যে অমূভব করিলে তবে আমি কুতার্থ হইতে পারি।"

রমেশ যে গংটা হেমনলিনীর কাছ হইতে হার্মোনিয়মে শিখিয়াছিল, বাসায় গিয়া সেইটে খ্ব করিয়া বাজাইতে লাগিল। কিন্তু একটিনাত্র গং সমন্তদিন বাজানো চলে না। কবিতার বই পড়িতে চেষ্টা করিল—মনে হইল, তাহার ভালবাসার স্বর্থে স্থদ্র উচ্চে উঠিতেছে, কোনো কবিতা সে পর্যন্ত নাগাল পাইতেছে না।

আর হেমনলিনী অশ্রাস্ত আনন্দের সহিত তাহার গৃহকর্ম সমস্ত সারিয়া নিভ্ত দ্বিপ্রহরে শয়ন্মরের দার বন্ধ করিয়া তাহার সেলাইটি লইয়া বসিয়াছে। মুখের উপরে একটি পরি-পূর্ণ প্রসম্ভার শাস্তি। একটি সর্বাঙ্গীণ মার্থকতা তাহাকে জননীর মত স্থিরবাহপাশে বেষ্টন করিয়া রহিয়াছে—আজ তাহার অস্তরেবাহিরে কোথাও কিছুমাত্র শৃগুতা নাই, তাহার আনন্দের মধ্যে কোথাও অবকাশ নাই। ইতিপূর্ব্দে, কথন্ রমেশ আসিবে, কথন্ চায়ের সময় হইবে, কথন্ ছাদে যাইবে, ইহা লইয়া হেমনলিনীর চিত্ত সমস্তদিন উৎস্থক হইয়া থাকিত, আজ তাহার আর সেচঞ্চলতা নাই। আজ তাহার আর ভিছ্ককভাব নহে—তাহার হদয়ের শেষসীমা পর্যাস্ত ভরিয়া আজ স্থা সঞ্চিত হইয়া উঠিয়াছে—প্রেমের যজে প্রিয়জনের হস্তে তাহা স্ম্পূর্ণ সমর্পন করিবার জন্তা সে আজ একাস্তমনে অর্ঘারিণী পূজার্থিনীর মত নীরবে অপেক্ষা করিয়া আছে।

চায়ের সময়ের পূর্ব্বেই কবিতার বই এবং হার্ম্মোনিয়ম ফেলিয়া রমেশ অয়দাবাব্র বাসায় আসিয়া উপস্থিত হইল। অস্তদিন হেমনলিনীর সহিত দেখা হইতে বড় বিলম্ব হইত না। কিন্তু আজ চায়ের ঘরে দেখিল সে ঘর শৃষ্তা, হেমনলিনী এখনো তাহার শয়নগৃহ ছাড়িয়া নামে নাই।

অন্ধদাবাব যথাসময়ে আসিয়া টেবিল্
অধিকার করিয়া বসিলেন, এবং নানা বিষয়ে,
বিশেষত স্বাস্থ্যতত্ত্বসম্বকে উপদেশপূর্ণ স্থানীর্ঘ
আলোচনা করিতে লাগিলেন। রমেশ
নিরীহের মত কদাচিৎ তাহার ছটা-একটা
উত্তর দিল এবং ক্ষণে ক্ষণে চকিতভাবে
দরজার দিকে দৃষ্টিপাত করিতে লাগিল।

পদশব্দ হইল, কিন্তু ঘরে প্রবেশ করিল অক্ষয়। যথেষ্ট ছগুতা দেখাইয়া কহিল— ^eএই যে রমেশবাব্, আমি আপনার বাসাতেই গিয়াছিলাম।"

শুনিরাই রমেশের মুখে উদ্বেগের ছারা পড়িল।

অক্ষ হাসিয়া কহিল—"ভয় কিসের রমেশবাবৃ? আপনাকে আক্রমণ করিতে যাই নাই। গুভসংবাদে অভিনন্দন প্রকাশ করা বন্ধ্বাশ্ধবের কর্ত্তব্য—তাহাই পালন করিতে গিয়াছিলাম।"

এই কথায় অন্নদাবাব্র মনে পড়িল, হেমনলিনী উপস্থিত নাই। হেমনলিনীকে ডাক দিলেন—উত্তর না পাইয়া তিনি নিজে উপরে গিয়া কহিলেন, "হেম, একি, এখনো সেলাই লইয়া বসিয়া আছ ? চা তৈরি যে! রমেশ-অক্ষয় আসিয়াছে।"

হেমনলিনী মুথ ঈবৎ লাল করিয়া কহিল,
"বাবা, আমার চা উপরে পাঠাইয়া দাও—
আজ আমি দেলাইটা শেষ করিতে চাই।"

অন্নদা। ঐ তোমার দোষ হেম! যখন যেটা লইয়া পড়, তথন আর-কিছুই থেয়াল কর না। যথন পড়া লইয়া ছিলে, তথন বই কোল হইতে নামিত না—এখন শেলাই লইয়া পড়িয়াছ, এখন আর-সমস্তই বন্ধ! না না, সে হইবে না—চল, নীচে গিয়া চা খাইবে চল!

এই বলিয়া অল্পাবাবু জোর করিয়াই হেমনলিনীকে নীচে লইয়া আসিলেন। সে আসিয়াই কাহারো দিকে দৃষ্টি না করিয়া ভাড়াভাড়ি চা ঢালিবার ব্যাপারে ভারি ব্যস্ত হইয়া উঠিল।

অন্নদাবাব অধীর হইয়া কহিলেন, "হেম, ওকি ক্রিতেছ? আমার পেরালার চিনি দিতেছ কেন ? আমি ত কোনোকালেই চিনি দিয়া চা থাই না।"

অক্ষর টিপিটিপি হাসিয়া কহিল—"আৰু উনি ওদার্য্য ক্ষের্বণ করিতে পারিতেছেন না —আজ সকলকেই মিষ্ট বিতরণ করিবেন।"

হেমনলিনীর প্রতি এই প্রছের বিজ্ঞপ রমেশের মনে মনে অসহ হইল। সে তৎ-ক্ষণাৎ স্থির করিল—'আর যাই হউক্, বিবা-হের পরে অক্ষয়ের সহিত কোন সম্পর্ক রাধা হইবে না।'

অক্ষ কহিল, "রমেশবাবু, আপনার নামটা বদ্লাইয়া ফেলুন্।"

রমেশ এই রসিকতার চেষ্টায় অধিকতর বিরক্ত হইয়া কহিল—"কেন বলুন দেখি?"

অক্ষ থবরের কাগজ থুলিয়া কহিল—
"এই দেখুন, আপনার নামের একজন ছাত্র
অন্তলোককে নিজের নামে চালাইয়া পরীক্ষা
দেওয়াইয়া পাদ্ হইয়াছিল—হঠাৎ ধরা
পড়িয়াছে।"

হেমনলিনী জানে, রমেশ মুথের উপর
উত্তর দিতে পারে না—সেইজন্ত এতকাল
অক্ষয় রমেশকে যত আঘাত করিয়াছে, সে-ই
তাহার প্রতিঘাত দিয়া আদিয়াছে। আজও
থাকিতে পারিল না। গুঢ় ক্রোধের লক্ষণ
চাপিয়া ঈষৎ হাস্ত করিয়া কহিল—"য়৾কয়
বিলয়া ঢের লোক বোধ হয় জেলখানায়
আছে।"

অক্ষ কহিল, "ঐ দেখুন্, বন্ধভাবে সং-পরামর্শ দিতে গেলে আপনারা রাগ করেন। তবে সমস্ত ইতিহাসটা বলি। ' আপনি ত জানেন, আমার ছোট বোন শরং বালিকা-বিভালয়ে পড়িতে যার। সে কাল সন্ধার সময় আসিয়া কহিল—'দাদা, তোমাদের রমেশবাবুর স্ত্রী আমাদের ইক্লে পড়েন।'

"আমি বলিলাম, 'দ্র পাগ্লি! আমাদের রমেশবাবু ছাড়া কি আর ক্রীয় রমেশবাবু জগতে নাই!' শরৎ কহিল, 'তা যেই হোন, তিনি তাঁর স্ত্রীর উপরে ভারি অক্তায় করিতেছেন। ছুটিতে প্রায় সব মেয়েই বাড়ী যাইতেছে,—তিনি তাঁর স্ত্রীকে বোর্ডিঙে রাথিবার বন্দোবস্ত করিয়াছেন। সে বেচারা কাঁদিয়াকাটিয়া অনর্থপাত করিতেছে।' আমি তথনি মনে মনে কহিলাম, 'এ ত ভাল কথা নহে, শরৎ যেমন ভূল করিয়াছিল, এমন ভূল আরোত কেহ কেহ করিতে পারে!'

অন্নদাবাব হাসিয়া উঠিয়া কহিলেন—
"অক্ষয়, তুমি কী পাগলের মত কথা কহিতেছ!
কোন্রমেশের স্ত্রী ইক্লে পড়িয়া কাঁদিতেছে
বলিয়া আমাদের রমেশ নাম বদ্লাইবে নাকি ?"

এমন সময়ে হঠাৎ বিবর্ণমুখে রমেশ ঘর হইতে উঠিয়া চলিয়া গেল। অক্লয় বলিয়া উঠিল, "ওকি রমেশবারু, আপনি রাগ করিয়া চলিয়া গেলেন নাকি ? দেখুন্ দেখি, আপনি কি মনে করেন আপনাকে আমি সন্দেহ করিতেছি ?"—বলিয়া বমেশের পশ্চাৎ গশ্চাৎ বাহির হইয়া গেল।

আয়দাবাবু কহিলেন—"একি কাও !"
হেমনলিনী কাঁদিয়া ফেলিল। আয়দাবাবু ব্যস্ত হইয়া কহিলেন, "ওকি হেম,
কাঁদিম্ কেন ?"

সে উচ্ছ্বিত রোদনের মধ্যে ক্র্রুক্তে কহিল, "বাবা, অক্লয়বাবুর ভারি অন্তায়! কেন উনি আমাদের বাড়ীতে ভদ্রলোককে এমন করিয়া অপমান করেন ?" অরদাবারু কহিলেন—"অক্স ঠাটা করিমা একটা কি বলিমাছে, ইহাতে এত অস্থির হইবার কি দরকার ছিল ?"

"এরকম ঠাটা অসহ !"—বলিয়া ক্রতপদে হেমনলিনী উপরে চলিয়া গেল।

এইবার কলিকাতার আসার পর রমেশ বিশেষ যত্নের সহিত কমলার স্বামীর সন্ধান করিতেছিল। বছকটে, ধোবাপুকুরটা কোন্ জারগায়, তাহা বাহির করিয়া কমলার মামা তারিণীচরণকে এক পত্র লিথিয়া-ছিল।

রমেশ আজ প্রাতঃকালে দেই প্রের জবাব পাইয়াছে। তারিণীচরণ লিখিতেছেন—
'হর্ঘটনার পরে তাঁছার জামাতা ত্রী মান্
নলিনাক্ষের কোন সংবাদই পাওয়া যায় নাই।
রংপুরে তিনি ডাক্তারি করিতেন— দেখানে
চিঠি লিখিয়া তারিণীচরণ জানিয়াছেন,
দেখানেও কেহ আজ পর্যান্ত তাঁহার কোন
খবর পায় নাই। তাঁহার জন্মহান কোথায়,
তাহা তারিণীচরণের জানা নাই।'

ক্মলার স্বামী নলিনাক্ষ যে বাঁচিয়া আছেন, এ আশা আজ রমেশের মন হইতে একেবারে দূর হইল। কারণ বাঁচিয়া থাকিলে তিনি নিশ্চয়ই তারিণীচরণকে সংবাদ দিতেন এবং সেধানে তাঁহার স্তীর সম্বন্ধে সংবাদ লইবার চেষ্টা করিতেন।

সকালে রমেশের হাতে আরো অনেক-গুলা চিঠি আসিয়া পড়িল। বিবাহের সংবাদ পাইয়া তাহার আলাপী পরিচিত অনেকে তাহাকে অভিনন্দনপত্র লিথিয়াছে। কেহ বা আহারের দাবী জানাইয়াছে, কেহ বা, এতদিন সমস্ত ব্যাপারটা সে গোপন রাথি- শ্বাছে বলিয়া রমেশকে সকৌতুক তিরস্কার করিয়াছে।

কিন্তু রমেশের ভারাক্রান্ত মনে এই চিঠি-শুলা আরো ভার বাড়াইতে লাগিল। যে ফাঁদ তাহার গলায় জড়াইয়াছে, অল্লেতেই তাহাতে টান পড়িতেছে এবং বেদনায় রমেশ চকিত হইয়া উঠিতেছে।

এমন সময়ে অয়দাবাবুর বাড়ী হইতে
চাকর একথানি চিঠি লইয়া রমেশের হাতে
দিল। হাতের অক্ষর দেখিয়া রমেশের
বুকের ভিতরটা ছলিয়া উঠিল।

হেমনলিনীর চিঠি। রমেশ মনে করিল, 'অক্ষরের কথা শুনিরা হেমনলিনীর মনে সন্দেহ জন্মিয়াছে এবং তাহাই দ্র করিবার জন্ম সে রমেশকে পত্র লিখিয়াছে।'

চিঠি খুলিয়া দেখিল, তাহাতে কেবল এই ক'ট কথা লেখা আছে—

"অক্ষরবাবু কাল আপনার উপর ভারি
অন্তায় করিয়াছেন। মনে করিয়াছিলাম,
আজ সকালেই আপনি আসিবেন, কেন
আসিলেন না ? অক্ষয়বাবুর কথা কেন
আপনি এত করিয়া মনে লইতেছেন ? •
আপনি ত জানেন, আমি তাঁর কথা গ্রাহাই
করি না। আপনি আজ সকাল-সকাল
আসিবেন—আমি আজ সেলাই ফেলিয়া
রাখিব ।"

এই ক'টি কথার মধ্যে হেমনলিনীর সাম্বনাস্থ্যপূর্ণ কোমল হৃদরের ব্যথা অঞ্ভব করিয়া রমেশের চোথে জল আসিল। রমেশ ক্রিল, কাল হইতেই হেমনলিনী রমেশের বেদনা শাস্ত করিবার জন্ত তাহার সমৃত্ত অঞ্চ-সিক্ত ভালবাসা লইয়া ব্যগ্রহৃদরে প্রতীক্ষা করিয়া আছে। এম্নি করিয়া রাত গিয়াছে, এম্নি করিয়া সকালটা কাটিয়াছে, অবশেষে আর থাকিতে না পারিয়া এই চিঠিখানি লিখিয়াছে।

রমেশ কাল হইতে ভাবিতেছে, আর বিলম্ব না করিয়া এইবার হেমনলিনীকে সকল কথা খুলিয়া বলা আবশুক হইয়াছে। কিন্তু কল্যকার ব্যাপারের পর বলা কঠিন হইয়া উঠিয়াছে। এখন ঠিক শুনাইবে, যেন অপরাধ ধরা পড়িয়া জবাবদিহির চেষ্টা হই-তেছে। শুধু তাহাই নহে, অক্ষরের যে কতকটা জয় হইবে, সে-ও অসহা। সকলে যে বলিবে, তাই ত, অক্ষয়কে ত নিতান্ত দোষ দেওয়া যায় না—রমেশের পক্ষে সেটা বড় কঠিন।

রমেশ ভাবিতে লাগিল, "কমলার স্বামী যে আর-কোন রমেশ, নিশ্চরই অক্ষরের মনে সেই ধারণাই আছে—নহিলে সে এতক্ষণে কেবল ইঙ্গিত করিয়া থামিয়া থাকিত না, পাড়াম্বদ্ধ গোল করিয়া বেড়াইত। অতএব এই বেলা যাহা-হয়-একটা উপায় অবলম্বন করা দরকার।"

উপায় কি করা যায়, ভাবিতে লাগিল।
ইতিমধ্যে অম্বাবাবুর বাড়ীতে একটি পরিচিত ভৈরবীস্থর হার্মোনিয়মে বার্মিতে
আরম্ভ করিল। হেমনলিনী জানে যে, এই
ভৈরবী রমেশের প্রিয় রাগিণী। এই রাগিগীর পাথা মেলিয়া দিয়া বিরহিণী আপনার
হাদয়টিকে ঘর হইতে বাহির করিয়া কোথায়
কাহার কাছে কি সংবাদ লইতে একলা পাঠাইয়া দিল গ কোথায় ভাহার নীড়, কোথায়
ভাহার সাথী, কাহার অভাবে স্মস্ত বিশের .

জনতার মধ্যে দে একাকী! হার রমেশ, এমন
স্থার পৃথিবীতে যাহাকে কেহ ডাকিতে পারে,
তাহার কিদের চিন্তা, কিসের বাধা!

রমেশ এই স্থর শুনিয়া শুক্ক হইয়া বদিল।
তাহার মনে হইতে লাগিল, জগওটৈ বেন
অত্যন্ত নিভ্ত—ইহার মধ্যে কেবল একটি
ভালবাদা আছে; রাজার রাজ্য নাই,
জীবিকার সংগ্রাম নাই, হংথীর ছরাশা নাই।
স্থলর শরতের দিন, স্থাম্য নির্মাল নীলাকাশ, পরিপূর্ণ জীবন, ভালবাদা স্থমধুর!
অনস্ত স্পষ্টর মধ্যে আর-কিছু থাকিবার আর
কোন দরকার নাই! থাক্ কেবল একটিমাত্র
অবাধ অবকাশ,—তাহা অনস্ত, তাহা অথশু,
—তাহা কেবল ভালবাদিবার। তাহার
কপালে দোনার রৌদ্রালোক, গলায় শেফালীর মালা, কানে দ্রাগত ভৈরবীর
তান।

এমন-সময় আর-একটা ডাকের চিঠি আদিল। রমেশ খুলিয়া দেখিল, সে চিঠি জীবিতালয়ের কর্ত্রীর নিকট হইতে আদিয়াছে। তিনি লিখিয়াছেন, কমলা অত্যস্ত কাতর হইয়া পড়িয়াছে, তাহাকে এ অবস্থায় ছুটির সময় বিত্যালয়ের বোর্ডিঙে রাখা তিনি সঙ্গত বোধ করেন না। আগামী শনিবারে ইকুল ইইয়া ছুটি হইবে, সেই সময়ে তাহাকে বিত্যালয় হইতে বাড়ী লইয়া ঘাইবার ব্যবহা করা নিতায় আবশ্রক।

আগামী শনিবারে কমলাকে বিশ্বালয় হইতে লইরা আদিতে হইবে! আগামী রবিবারে রমেশের বিবাহ!

বে ভৈরবী জগতের সমস্ত বিপুল চেষ্টা-চিস্তা-কর্ম আছের করিয়া ফেলিয়াছিল, সেই ভৈরবী এক মুহুর্ভে ঢাকা পড়িয়া গেল। তাহার স্বর স্বার কানে পৌছিল না।

"রমেশবাবু, আমাকে মাপ করিতে হইবে" এই বলিয়া অক্ষয় খরের মধ্যে প্রবেশ করিল। কহিল, "এমন একটা সামান্ত ঠাট্রায় আপনি যে এত রাগ করিবেন, তাহা আথে জানিলে আমি ও কথা তুলিতাম না। ঠাটার মধ্যে কিছু সত্য থাকিলেই লোকে চটিয়া ওঠে, কিন্তু যাহা একেবারে অমূলক, তাহা বুইরা আপনি সকলের সাক্ষাতে এত রাগা-রাগি করিলেন কেন ? অন্নদাবাবুত কাল হইতে আমাকে ভর্মনা করিতেছেন—হেমনলিনী আমার সঙ্গে কথা বন্ধ করিয়াচেন। আৰু স্কালে তাঁহাদের ওথানে গিয়াছিলাম. তিনি ঘর ছাড়িয়া চলিয়াই গেলেন। আমি এমন কি অপরাধ করিয়াছিলাম বলুন্ দেখি ?" রমেশ কহিল-"এ সমস্ত বিচার যথাসময়ে হইবে। এখন আমাকে মাপ করিবেন-

অক্ষয়। রস্থনচৌকির বায়না দিতে চলিয়াছেন বৃঝি। এদিকে সময় সংক্ষেপ। আমি আপনার শুভকর্মে বাধা দিব না, চলিলাম।

আমার বিশেষ একটা প্রয়োজন আছে।"

অকয় চলিয়া গেলে রমেশ অয়দাবাব্র
বাদায় গিয়া উপস্থিত হইল। ঘরে চুকিতেই
হেমনলিনীর সহিত তাহার সাক্ষাৎ হইল।
আজ রমেশ সকাল-সকাল আসিবে, ইহা
হেমনলিনী নিশ্চয় ঠিক করিয়া প্রস্তুত হইয়া
বিদিয়া ছিল। ভাহার সেলাইয়ের ব্যাপারটি
ভাঁজ করিয়া ক্রমানে বাধিয়া টেবিলের উপরে
রাধিয়া দিয়াছিল। পাশে হার্মোনিয়ম-য়য়টি
ছিল। আজ থানিকটা সঙ্গীত-আলোচনা

হুইতে পারিবে, এইরূপ ভাহার আশা ছিল, তা ছাড়া অব্যক্ত সঙ্গীত ত আছেই।

রমেশ ঘরে ঢুকিতেই হেমনলিনীর মুখে
একটি উজ্জ্ব-কোমল আভা পড়িল। কিন্তু
সে আভা মুহুর্ত্তেই মান হইয়া গেল যথন
রমেশ আর-কোন কথা না বলিয়া প্রথমেই
জিজ্ঞাসা করিল—"অল্লাবাব কোথার প

হেমনবিনী উত্তর করিল—"বাবা তাঁহার বৃসিবার বরে আছেন। কেন? তাঁহাকে কি এথনি প্রয়োজন আছে? তিনি ত সেই চা থাইবার সময় নামিয়া আসিবেন।"

রমেশ। না, আমার বিশেষ প্রয়োজন আছে। আর বিলম্ব করা উচিত হইবে না। হেমনলিনী। তবে বান্, তিনি ঘরেই আছেন। রমেশ চলিয়া গেল। প্রয়োজন আছে!
প্রয়োজনের চেয়ে বেশি কিছুই নাই! সংসারে
প্রয়োজনেরই কেবল সব্র সয় না! আর্
ভালবাসাকেই ছারের বাহিরে অবকাশ
প্রতীক্ষা করিয়া বসিয়া থাকিতে হয়।

শরতের এই অমান দিন যেন নিশাদ ফেলিয়া আপন আনন্দভাগুারের সোনার সিংহ্লারটি বন্ধ করিয়া দিল। হেমনলিনী হার্মোনিয়মের নিক্ট হইতে চৌকি সরাইয়া লইয়া টেবিলের কাছে বসিয়া একমনে সেলাই করিতে প্রবৃত্ত হইল। ছুঁচ ফুটিতে লাগিল কেবল বাহিরে নহে, ভিতরেও। রমেশের প্রয়োজনও শীঘ্র শেষ হইল না। প্রয়োজন রাজার মত আপনার পুরা সময় লয়—আর ভালবাসা কাঙাল!

ক্রেমশ।

विवि

ना कानि काद्य (मिथ्रशहि,

দেখেছি কার মুধ!

প্রভাতে আজ পেয়েছি ভার চিঠি ! পেয়েছি এই স্থথে আছি.

পেয়েছি এই স্থৰ !

কারেও আমি দেখাবনাক সেট !

লিখন আমি নাহি জানি,
বুঝি না কি যে আছে বাণী,
যা আছে থাক্ আমারি থাক্ তাহা !
পেয়েছি এই স্থথে আজি
পবনে উঠে বেণু বাজি',
পেয়েছি সুখে প্রাণ গাহে আহা !

পণ্ডিত সে কোথা আছে,

ভনেছি নাকি তিনি

পড়িয়া দেন লিখন নানামত ! যাব না আমি তাঁর কাছে,

তাঁহারে নাহি চিনি,

থাকুন্ ল'মে পুরাণো পুঁথি যত !
ভনিয়া কথা পাব না দিশে,
বুঝেন কি না বুঝিব কিনে !
ধন্দ ল'মে পড়িব মহাগোলে !
ভাহার চেমে এ লিপিখানি
মাথায় কভু রাথিব আনি
বতনে কভু তুলিব ধরি কোলে !

ब्रजनी यदव आधातिया

আসিবে চারিধারে

গগনে যবে উঠিবে গ্রহতারা, খবিব লিপি প্রসারিয়া

বসিয়া গৃহদ্বারে

পুলকে র'ব হ'য়ে পলকহারা।
তথন নদী চলিবে ব।হি'
যা আছে লেখা তাহাই গাহি',
লিপির গান গাবে বনের পাঁতা!

আকাশ হ'তে সপ্তৰ্ববি গাহিবে ভেদি' গহন নিশি গভীর ভানে গোপন এই গাখা।

বুঝি না বুঝি পেদ কিবা,

র'ব অবোধসম !

পেরেছি যাহা কে ল'বে তাহা কাড়ি'! রয়েছে যাহা নিশিদিবা

রহিবে ভাহা মদ,

वूदकत थन यादव ना वूक ছाड़िं!

শ্ জিতে গিয়া বৃথা শ্ জি,
বৃঝিতে গিয়া তুল বৃঝি,
ঘুরিতে গিয়া কাছেরে করি দ্র!
না-বোঝা মোর লিপিথানি
প্রাণের বোঝা দিল টানি,
সকল গানে লাগায়ে দিল স্ব!

नक्मा।

বালকাণ্ডে লিখিত হইয়াছে, লক্ষণ রামচক্রের
"প্রাণ ইবাপরঃ"—অপর প্রাণের ভায়। ভরত
ছাড়া আমরা রামকে কল্পনা করিতে পারি,
এমন কি, সীতা ছাড়া রামচিত্র কল্পনা করিবার স্থবিধাও কবিগুরু দিয়াছেন, কিন্তু
লক্ষ্মণ ছাড়া রামচিত্র একান্ত অসম্পূর্ণ।

লক্ষণের ভাতৃভক্তি কতকটা মৌন এবং ছায়ার স্থায় অমুগামী। লক্ষণ রামের প্রতি ভালবাদা কথায় জানাইবার জন্ম বাাকুল ছিলেন না, নিতাস্ত কোনরপ অবস্থার সমটে না পড়িলে তিনি তাঁহার ক্লম্মের স্থগভীর মেহের আভাদ দিতে ইচ্ছুক হইতেন না; বাধ্য হইরা হই-এক স্থলে তিনি ইক্লিড-মাত্রে তাঁহার ক্লম্মের ভাব ব্যক্ত করিয়াছেন, কিন্তু তাঁহার অপরিদীম রামপ্রেম মৌন-ভাবেই আমাদিগের নিকট সর্ব্বত্র ব্যক্ত হইয়া পড়িয়াছে।

ভরত এবং সীতা মনের আবেগ সংবরণ করিতে জানিতেন না; কিন্তু শঙ্গন ক্লেহ-সম্বন্ধে সংযমী—সে মেহ পরিপূর্ণ, অথচ তাহা আবেগে উচ্চুসিত হইয়া উঠে নাই; এই মৌন মেহচিত্র আমাদিগকে সর্বত্যাগ্রী কষ্টসহিষ্ণু ভ্রাতৃভক্তির অশেষ কথা জানাই-তেছে।

লক্ষণ আজন্ম রামচক্রের ছায়ার স্থায় অমুগামী। "ন চ তেন বিনা নিদ্রাং লভতে পুরুষোত্তম:। মৃষ্টমন্নমুপানীতমন্নাতি ন হি তং বিনা #" রামের কাছে না ভুইলে তাঁহার রাত্রে ঘুম হয় না, রামের প্রসাদ ভিন্ন কোন উপাদের খাছে তাঁহার তৃপ্তি হয় না। "যদা হি হয়মারুঢ়ো মৃগয়াং যাতি রাঘবঃ। অথৈনং পৃষ্ঠতোহভ্যেতি সধয়: পরিপালয়ন ॥" त्रोम यथन अचाद्रांहरण मृशग्राग्र याजा करतन, অমনি ধহুহন্তে তাঁহার শরীররকা করিয়া বিশ্বস্ত অহুচর তাঁহার পিছনে পিছনে যাইতে থাকেন। যেদিন বিশ্বামিত্রের সঙ্গে রাম রাক্স-বধকল্পে নিবিড় বনপথে যাইতেছেন, সেদিনও কাকপক্ষর লক্ষণ সঙ্গে সঙ্গে। শৈশবদৃখা-বলীর এই সকল চিত্তের মধ্যে আত্মহারা লক্ষণের ভ্রাভৃভক্তির ছবি মৌনভাবে ফুটিয়া উঠিয়াছে।

রামের অভিবেকসংবাদে সকলেই কড সস্তোষপ্রকাশের জন্ত বাস্ত হইলেন, কিন্ত শক্ষণের মুথে আহ্লাদস্চক কথা নাই, নীর্বে রামের ছায়ার ভায় লক্ষণ পশ্চাঘর্তী। কিন্তু
রাম শ্বরভাষী প্রাতার হাদর জানিতেন,
অভিষেকসংবাদে শ্বথী হইয়া সর্বপ্রথমেই
লক্ষণের কণ্ঠলয় হইয়া বলিলেন, "জীবিতঞাপি
রাজ্যঞ্চ ওদর্থমভিকাময়ে"—আমি জীবন
ও রাজ্য তোমার জভই কামনা করি।
প্রাতার এইরূপ হইএকটি কথাই লক্ষণের
অপূর্ব স্নেহের একমাত্র প্রস্কার ও পরম
পরিতৃপ্তি। আমরা কল্পনান্যনে দেখিতে
পাই, রামের এই মিগ্র আদরে "শ্বর্ণচ্ছবি"
লক্ষণের গণ্ডছয় নীরব প্রফুলতায় রক্তিমাত
হইয়া উঠিয়াছে!

কিন্ত এই মৌন শ্বলভাষী যুবক, রামের প্রতি কেহ অভায় করিলে, তাহা ক্ষমা করিতে জানিতেন না। যেদিন কৈক্ষী অভিষেক্রতােজ্বল প্রফুল্ল রামচক্রকে মৃত্যু-তুল্য বনবাসাজ্ঞা শুনাইলেন, রামের মৃর্তি সহসা বৈরাগ্যের শ্রীতে ভূষিত হইরা উঠিল, তিনি ঋষিবং নিশিপ্তভাবে শুক্তর বন্বাসাজ্ঞা মাথায় তুলিয়া লইলেন, অভিষেক্ষারের সমস্ত আয়োজন যেন তাহাকে বাঙ্গ করিতে লাগিল, সেইদিন সেই উৎকট মৃহুর্ত্তেও তাঁহার আর-কোন সঙ্গী ছিল না, তাঁহার পশ্চান্তােগে চিরক্ষশ্বং ভক্ত ক্ষ্ম হইয়া দাঁড়াইয়া ছিলেন, বাশ্মীকি ফুইটি ছত্রে সেই মৌনচিত্রটি আঁকিয়াছেন—

"তং বালপরিপ্রণিক: পৃষ্ঠ হোহত অসাম হ।
লক্ষণ: পরমকুদ্ধ: প্রমিত্র নিশবর্ধ ন: ।"
লক্ষণ—ক্ষতিমাত্তে কুদ্ধ হইরা বাল্পপূর্ণচক্ষে
ভাতার পকাৎ পকাৎ যাইতে লাগিলেন।

এই অস্থার আদেশ তিনি সহু করিতে পারেন নাই। রামচক্র বাঁহাদিগকে অকুটিত-

চিত্তে ক্ষমা করিয়াছেন, লক্ষণ ভাঁহাদিগকে ক্ষমা করিতে পারেন নাই। রামের বনবাস লইয়া ভিনি কৌশলার সমুখে অনেক বাখিততা করিয়াছিলেন, কুদ্ধ হইয়া তিনি সমস্ত অবোধ্যাপুরী নষ্ট করিতে চাহিয়া-তিনি কর্তব্যবৃদ্ধির রামের প্রশংসা করেন নাই-এই গর্হিত আদেশ-পালন ধর্মসঙ্গত নহে, ইহাই বুঝাইতে চেষ্টা করিয়াছিলেন। এই অগ্নিসূর্ত্তি যুবক যথন দেখিতে পাইলেন, রামচন্দ্র একান্তই বনবাদে যাইবেন, তখন কোথা হইতে এক অপূর্ব্ব কোমলতা তাঁহাকে অধিকার করিয়া,বিদল: তিনি বালকের ভার রামের পদর্গে লুষ্ঠিত কাঁদিতে লাগিলেন—"ঐশ্বর্যাঞ্চাপি লোকানাং কাময়ে ন তথা বিনা।" অমরত কিংবা ত্রিলোকের ঐর্যাও আমি তোমা ভিন্ন আকাজ্ঞা করি না। রামের পাদপীড়নপূর্ব্বক উহা অশ্রসক্ত করিয়া নববধৃটির ভাষ ক্ষাত্ৰতেজোদীপিত মুর্ত্তি স্থকোমল হইয়া সঙ্গে যাইবার অনুমতি প্রাথনা করিল। এই ভিক্ষা স্নেহস্টক দীর্ঘ বক্তায় অভিব্যক্ত হয় নাই, অতি অল কথায় তিনি রামের সঙ্গী হইবার জন্ম অমুমতি চাহিলেন. কিন্ত কথায় মেহগভীর আত্মত্যাগী क्रमरमञ्जू क्षामा পডিরাছে। রাম হাতে ধরিয়া তাঁহাকে जुनिया नहेरनन, "आगमम खिय," "वण", "সখা" প্রভৃতি ক্ষেহ্মধুর সম্ভাষণে তাঁহাকে সম্ভষ্ট করিয়া বনবাত্রা হইতে প্রতিনিবৃত্ত করিতে চেষ্টা পাইলেন, কিন্তু লক্ষণ ছই- -একটি দৃঢ়ক্থায় তাঁহার ঘটন সমল জ্ঞাপন করিলেন, "আপনি শৈশব হইতে আমার

নিকট প্রতিশ্রত, আমি আপনার আজন্ম-সহচর, আজ তাহার ব্যতিক্রম করিডে চাহিতেছেন কেন ?"

नचन मक्त हिल्लन। এই আত্মত্যাগী দেবতার জন্ত কেহ বিলাপ করিল না। বেদিন বিশামিত রামকে লইয়া যাইবার জন্ত দশরথের নিক্ট প্রার্থনা করিয়াছিলেন, সেদিন "উনবোডশবর্বো মে রামো রাজীবলোচন: " বলিয়া বৃদ্ধ রাজা ভীত হইয়া পড়িয়াছিলেন, কিন্তু তৎকনিষ্ঠ আর একটি রাজীবলোচন যে ছরম্বরাক্ষ্যবধকরে ভ্রাতার অমুবর্জী হইয়া চলিলেন, তজ্জন্ত কেহ আক্ষেপ করেন নাই। আজ রাম-লক্ষণ-সীতা বনে চলিয়াছেন. অযোধ্যার যত নয়নাশ্র, তাহা রহিয়া রহিয়া রামসীতার জন্ম বর্ষিত হইতেছে। সীতার পাদপদ্মের অলক্তকরাগ মুছিয়া যাইবে, তাহা কণ্টকে কতবিক্ত হইবে, মহার্ঘশয়নোচিত রামচন্দ্র বৃক্ষমূলে পাংশুশ্যায় শুইয়া মত্ত-ध्निन्छिउएमर् প্রাভে মাতকের স্থায় গাত্রোপান করিবেন, ষিনি বন্দিগণের স্কুপ্রাব্য-গীতিমুখর গগনস্পর্লী প্রাসাদে বাস করিতে অভ্যন্ত, তিনি কেমন করিয়া চীরবাস পরিয়া বনে বনে তক্তল খুঁজিয়া বেড়াইবেন—এই আক্রেপোক্তি দশর্থ-কৌশল্যা হইতে আরম্ভ অযোধ্যাবাসী প্রত্যেকের কঠে কবিয়া ধ্বনিত হইতেছিল। প্রজাগণ রথের চক্র বলিয়াছিল-- "সংযক্ত স্থ মন্ত্ৰকে বাজিনাং রশ্বীনৃ হত যাহি শনৈ: শনৈ:। মুধং জক্যামো রামশু ছর্দর্শলো ভবিষ্যতি॥" 'সারথি, অবের রশ্মি সংযত করিয়া ধীরে च्य. আমরা त्रारमत् मूथशनि ভাব করিয়া দেখিয়া লই, আর আমরা উহা

সহজে দেখিতে পাইব না।' কিন্তু লক্ষণের জন্ত কেহ আক্ষেপ করেন নাই, এমন কি, স্থমিত্রাও বিদায়কালে পুত্রের কঠলয় হইয়া ক্রেন্দন করেন নাই, তিনি দৃঢ় অথচ স্নেহার্দ্র-কঠে লক্ষণকে বলিয়াছিলেন—

"রামং দশরখং বিদ্ধি মাং বিদ্ধি জনকান্ধলান্।
অবোধ্যাসটবীং বিদ্ধি গচ্ছ তাত যথাস্থবন্।"
'বাও বৎস, স্বচ্ছেলমনে বনে যাও—রামকে
দশরথের স্থায় দেখিও, সীতাকে আমার
স্থায় মনে করিও এবং বনকে অবোধ্যা বিলিয়া
গণ্য করিও।' মাতার চকুর অপ্রতিক্
লক্ষ্ণ পাইলেন না, বরং স্থমিত্রা তাঁহাকে
যেন কর্তব্যপালনের জন্ম আগ্রহসহকারে
হরান্বিত করিয়া দিলেন—"স্থমিত্রা গচ্ছ
সচ্ছেতি পুনংপুনরুবাচ তম্।" স্থমিত্রা
তাঁহাকে পুনংপুন "যাও যাও" এই কথা
বলিতে লাগিলেন।

মৌন সয়াগাঁ আত্মীয় হ্রছদ্বর্নের উপেক।
পাইয়াছিলেন, কিন্তু তাহা তিনি মনেও
করেন নাই, রামচক্রের জন্ত যে শোকাচ্ছাস,
তাহার মধ্যেই তিনি আত্মহারা হইয়া
পাঁড়য়াছিলেন। তিনি কাহারও নিকটে
বিলাপ প্রত্যাশা করেন নাই, রামপ্রেমে
তাঁহার নিজের সভা লুপ্ত হইয়া গিয়াছিল।

আরণ্যজীবনের যাহা কিছু কঠোরতা,
তাহার সমধিক ভাগ লক্ষণের উপর পড়িয়াছিল,—কিংবা তাহা তিনি আফলাদ সহকারে
মাথায় তুলিয়া লইয়াছিলেন। গিরিসায়দেশের পুলিত বন্যতকরাজি হইতে কুম্মচয়ন করিয়া রামচক্র দীতার চুর্ণকুম্বলে
পরাইতেন; গৈরিকরেণু ছারা দীতার স্থানর
ললাটে তিলক রচনা করিয়া দিতেন;
পশ্ম তুলিয়া দীতার সহিত মন্লাকিনীনীরে

অবগাহন করিতেন, কিংবা গোদাবরী-তীরস্থ বেতসকুঞ্জে সীতার উৎসঙ্গে মন্তক রক্ষা করিয়া স্থাথে নিজা যাইভেন : আর এদিকে মৌন मद्यामी धनिज चात्रा मुखिका धनन করিয়া পর্ণশালা নির্মাণ করিতেন, কখনও পর্ভহন্তে শাল্শাথা কর্ত্তন করিতেন, কথনও অস্ত্রশস্ত্র এবং সীতার পরিচ্চদ ও অলম্ভারাদিতে পূর্ণ বিপুল বংশপেটিকা হত্তে লইয়া এক স্থান হইতে স্থানাম্ভরে যাত্রা করিতেন,কথনও বা মহিষ ও বৃষের করীষ সংগ্রহ করিয়া অগ্নি জালিবার বন্দোবন্ত করিতেন। একদিন দেখিতে পাই. শীতকালের ত্যারমলিন জ্যোৎসায় শেষরাত্রিতে যবগোধুমাচ্ছন্ন বন-প্রায় নাল্পেয-নলিনী-শোভিত স্র্সীতে কলস লইয়া তিনি জল তুলিতেছেন। অন্ত একদিন দেখিতে পাই, চিত্রকৃটপর্বতের পূর্ণশালা হইতে সর্মীতটে যাইবার পথটি চিহ্নিত করিবার জন্ম তিনি পথে পথে উচ্চ তরুশাখায় চীরখণ্ড বন্ধ করিয়া রাখিতেছেন। এই সংযমী ক্ষেহবীর ভাতুসেবায় তাঁহার নিজসভা হারাইয়া ফেলিয়াছিলেন। রামচক্র পঞ্বটীতে উপস্থিত হইয়া লক্ষণকে বলিয়া-ছিলেন—"এই সুন্দর তরুরাজিপুর্ণ প্রদেশে পর্ণশালারচনার জন্ম একটি স্থান খুঁজিয়া বাহির করিয়া লও।" লক্ষণ বলিলেন, "আপনি যে স্থানটি ভালবাদেন, তাহাই দেখাইয়া দিন, সেবকের উপর নির্বাচনের ভার দিবেন না।" প্রভূদেবার এরূপ আত্মহারা ভূত্য,—এমন আর কোধার দেখিয়াছেন। রামচক্র স্থান নির্দেশ করিয়া দিলে লক্ষণ ভূমির সমতা मण्णामन कतिया धनिजहत्य मृखिकाधनत्न প্রবৃত হইলেন।

আর-এক দিনের দুখ্য মনে পড়ে,—গভীর व्यवर्ता हात्रिपिरक क्रक्षमर्भ विहरत कवि-তেছে, পথহারা বিপন্ন পথিকত্রয় রাত্রিবাসের জর জন্দেরে নিভ্তে বক্ষনিয়ে আছেন, সীতার বদনশী অনশন ও পর্যা-টনে একটু হতশ্রী হইয়া পড়িয়াছে। রাম-চন্দ্রের এই হঃখময়ী রজনীর কট্ট অসহ হইল, তিনি লক্ষণকে অযোধ্যায় ফিরিয়া যাইবার জন্ম বারংবার পীড়াপীড়ি করিতে লাগিলেন, "এ কষ্ট আমার এবং দীতারই হউক, তুমি ফিরিয়া যাও, শোকের অবস্থায় সাভনাদান করিয়া আমার মাতাদিগতে পালন कत्रि ।" वन्त्र । श्रीय-स्थर-मद्यक त्वी कंशा কহিতে জানিতেন না, রামের এবংবিধ কাত-রোক্তিতে হু: খিত হইয়া বলিলেন---

"ন হি তাতং ন শক্রমং ন স্বমিত্রাং পরস্তুপ।
উট্নিচ্ছেরমণাহং বর্গলিপি দরা বিনা॥"
'আমি পিতা, স্থমিত্রা, শক্রম, এমন কি স্বর্গও
তোমাকে ছাড়িয়া দেখিতে ইচ্ছা করি না।'

কবন্ধ মরিল, জটারু মরিলেন; আমরা দেখিতে পাই, লক্ষণ নিঃশব্দে সমাধিত্বল ধনন করিয়া কাঠ আহরণপূর্বক কবন্ধ ও জটারুর সংকার করিতেছেন। দিবারাত্র তাঁহার বিশ্রাম ছিল না—এই ল্রাভ্সেবাই তাঁহার জীবনের পরম আকাজ্জার বিষয় ছিল। বনে আদিবার সময় তাহাই তিনি বলিয়া আদিয়াছিলেন—

"ভবাংন্ত সহ বৈদেছা গিরিসাহ্ব রংস্যাসে। অহং সর্বাং করিবানি আগ্রতঃ বপতক তে। ধহুরাদার সভাং খনিত্রপিটকাধরঃ।" 'দেবী জানকীর সঙ্গে আপনি গিরিসাহ্ন-দেশে বিহার করিবেন, জাগরিত বা নিস্তিতই ধাকুন, আপনার সকল কর্মা আমিই করিয়া দিব। থনিজ, পেটক এবং ধস্থ হত্তে আমি আপনার সঙ্গে সঙ্গে ফিরিব।'

বনবাসের শেষ বৎসর বিপদ্ আসিরা উপস্থিত হইল; রাবণ সীতাকে হরণ করিরা লইরা গেল। সীতার শোকে রাম ক্ষিপ্ত-প্রায় হইরা পড়িলেন, লাতার এই দারণ কষ্ট দেখিরা লক্ষণ ও পাগলের মত সীতাকে ইতন্তত খুঁজিরা বেড়াইতে লাগিলেন। রামের অম্প্রভায় তিনি বারংবার গোদাবরীর তীরভূমি খুঁজিরা আসিলেন। এইমাত্র গোদাবরীতীর তর করিরা দেখিরা আসিয়াছেন, রাম তথনই শ্বাবার বলিলেন—

'শীত্রং লক্ষণ জানীহি গছা গোদাবরীং নদীম্।
অপি গোদাবরীং দীতা পদ্মান্যান্যিত্বং গতা।"
প্নরায় গোদাবরীর তটদেশে যাইয়া লক্ষণ
দীতাকে ডাকিতে লাগিলেন, কিন্তু তাঁহার
সন্ধান না পাইয়া ভয়ে ভয়ে রামের নিকট
উপস্থিত হইয়া আর্ত্রস্বরে বলিলেন—

"ৰং ছু দা দেশমাপন্ন। বৈদেহী ক্লেশনাশিনী।" 'কোন্ দেশে ক্লেশনাশিনী বৈদেহী গিন্ধা-ছেন—ভাহা বুঝিতে পারিলাম না'—

"নৈতাং পঞ্চামি তীর্ষের কোশতো ন দুণোতি মে।" 'গোদাবরীর অবতরণস্থানসমূহের কোথাও ভাঁহাকে দেখিতে পাইলাম না—ডাফিলাম, কোন উত্তর পাইলাম না।'

লক্ষণন্ত বচঃ ক্ষরা দীনঃ সন্তাগমোহিতঃ। রামঃ সমভিচক্রাম স্বরং গোদাবরীং নদীন ।" লক্ষণের কথা শুনিরা ফ্রিরমাণচিত্তে রাম স্বরং দেই গোদাবরীর অভিমুথে ছুটিরা গোলেন।

প্রতার এই উদাম শোক দেখিরা লক্ষণ বেরূপ কট পাইতেছিলেন, তাহা অনুসূত্রনীয়। কত করিয়া তিনি রামকে সাম্বনা দিবার চেঠা করিতেছেন, রাম কিছুতেই শাব্ত হইডে-ছেন না। শহ্মণের কণ্ঠলগ্ন হইয়া রাষ্ বারংবার বলিতেছেন—

"হা লক্ষণ মহাবাহো পশ্যসে ছং প্রিয়াং কচিং।" 'লক্ষণ, তুমি কি সীতাকে কোথাও দেখিতে পাইতেছ ?' এই শোকাকুল কণ্ঠের আর্ভিতে লক্ষণের চক্ষু জলে ভরিয়া আসিত, তাঁহার মুধ শুকাইয়া যাইত।

দমনামক শাপগ্রস্ত যক্ষের নির্দেশামু-সারে রাম লক্ষণের সহিত পম্পাতীরে স্থগ্রী-বের সন্ধানে গেলেন। রাম কথনও বেগে পথপর্যটন করেন, কথনও মৃচ্ছিত হইয়া বসিয়া পড়েন; কথনও "সীতা সীতা" বলিয়া আকুলকঠে ডাকিতে থাকেন, কথনও "হা দেবি, একবার এস, তোমার দৃত্য পর্ণশালার অবস্থা দেখিয়া যাও" এই বলিয়া কাঁদিতে কাঁদিতে বিলুপ্তসংজ্ঞ হইয়া পড়েন, কখনও পম্পা-নীরবর্ত্তি-পদ্মকোষ-নিজ্ঞান্ত-পরনম্পর্শে উল্ল-শিত হইয়া বলিয়া উঠেন, "নিশ্বাস ইব শীতায়ার্বাতি বায়ুম নোহর:।" স্কলনেত্রে চিরস্থাৎ চিরসেবক লক্ষণ রামকে এই অব-স্থার যথন পম্পাতীরে লইয়া আসিলেন, তথন হত্নমান স্থগ্রীবকর্ত্তক প্রেরিত হইয়া সেখানে উপস্থিত হইলেন এবং তাঁহাদের পরিচয় ব্দিক্তাসা করিলেন। হত্তমান সম্ভ্রম ও আদরের সহিত বলিলেন, "আপনারা পৃথিবীজ্যের শক্তিসম্পন্ন, আপনারা চীর ও বছল ধারণ করিয়াছেন কেন? আপনাদের বৃত্তায়িত মহাবাছ সর্বভূষণে ভূষিত হইবার যোগ্য, সে বাছ ভূবণহীন কেন ?" এই-আদরের কঠ-বর শুনিয়া লক্ষণের চিরক্তর ছঃখ উচ্চু সিত হইয়া উঠিল। যিনি চিবছিন মৌনভাবে

লেহার্ড ছদর বহন করিরা আসিরাছেন, আজ তিনি মেহের ছন্দ ও ভাষা রোধ করিতে পারিলেন না। পরিচয়প্রদানের তিনি বলিলেন—"দমুর নির্দেশে আজ আমরা মুগ্রীবের শরণাপর হইতে আসিয়াছি। যে রাম শরণাগভদিগকে অগণিত ৰিত্ত অকুষ্ঠিত-চিত্তে দান করিয়াছেন, সেই জগংপুজা রাম আল বানরাধিপতির শরণ পাইবার ৰয় এখানে উপস্থিত। ত্রিগোকবিশ্রত-কীর্ত্তি দশরথের জ্যেষ্ঠ পুত্র আমার গুরু রাম-চক্র বরং বানরাধিপতির পরণ লইবার জন্ম এখানে আসিরাছেন। সর্বলোক যাঁহার আশ্রালাভে কুতার্থ হইত, বিনি প্রদা-পুঞ্জের রক্ষক ও পালক ছিলেন, আজ তিনি আশ্রমভিকা করিয়া স্থগীবের নিকট উপ-হিত। তিনি শোকাভিতৃত ও আর্ত, স্থগ্রীব অবশ্রই প্রসন্ন হইয়া তাঁহাকে শরণ দান করিবেন।"-বলিতে বলিতে লক্ষণের চির-নিক্ষ অঞ উচ্চিত হইয়া উঠিল, তিনি कां नित्रा स्थीन इहेटनन। রামের ছরবস্থা-দর্শনে লক্ষণ একান্তরূপে অভিভূত হইয়া-हिलन, छाहात्र मुस्तित्व चार्क ও कक्न হইয়া পডিয়াছিল।

এই নিত্য ছ:খসহায় ভৃত্য, সথা ও কনির্চ লাতা রামের প্রাণপ্রির ছিলেন, তাহা বলা বাহল্য। অলোকবনে হত্নমানের নিকট সীতা বলিয়াছিলেন, "ল্রাভা লক্ষণ আমা অপেকা রামের নিরত প্রিয়তর।" রাবণের শেলে বিদ্ধ লক্ষণ বেদিন যুদ্ধক্ষেত্রে মৃতক্র ইইয়া পড়িয়া ছিলেন, সেদিন আমরা দেখিতে গাই, আহত শাবককে ব্যাত্রী বেরূপ রক্ষা করে, রাম কনিষ্ঠকে সেইরূপ আগুলিয়া

বসিরা আছেন:--রাবণের অসংখ্য শর রামের পৃষ্ঠদেশ ছিন্নভিন্ন করিতেছিল, সেদিকে দুক্পাত না করিয়া রাম লক্ষণের প্রতি স্কুল চকু স্বস্ত করিয়া তাঁহাকে রক্ষা করিতে-বানরদৈত্য লক্ষণের রক্ষাভার গ্রহণ করিলে তিনি যুদ্ধে প্রব্রত হইলেন. এবং রাবণ পৃষ্ঠভঙ্গ দিয়া চলিয়া গেলে মৃত-কর ভাতাকে অতি স্থকোমলভাবে আলিঙ্গন করিয়া রাম বলিলেন—"তুমি যেরূপ আমাকে বনে অমুগমন করিয়াছিলে, আজ আমিও তেমনি তোমাকে যমালয়ে অমুগমন ক্রিব, তোমাকে ছাড়িয়া আমি বাঁচিতে পারিব [°]না। শীতার মত স্ত্রী অনেক খুঁ জিলে পাওয়া হাইতে পারে, কিন্তু তোমার মত ভাই, মন্ত্রী ও সহায় भा अत्रा या देख ना। *प्रताम प्राच*ी ७ वक् পাওয়া যাইতে পারে, কিন্তু এমন দেশ দেখিতে পাই না, যেখানে তোমার মত ভাই জুটিবে। এখন উঠ, নয়ন উন্মীলন করিয়া আমায় একবার দেখ: আমি পর্বতে বা বন-মধ্যে শোকার্ত্ত, প্রমন্ত বা বিষয় হইলে, তুমিই প্রবোধবাক্যে আমায় সাম্বনা দিতে, এখন কেন এইরূপ নীর্ব হইয়া আছ ?"

রামের আজ্ঞাপালনে লক্ষণ কোনকালে দিরুক্তি করেন নাই, স্থায়সঙ্গত হউক বা না হউক, লক্ষণ সর্বাদা মৌনভাবে তাহা পালনু করিয়াছেন। রাম দীতাকে বিপুল সৈপ্তসংঘের মধ্য দিয়া শিবিকা ত্যাগ করিয়া পদত্রজে আদিতে আজ্ঞা করিলেন। শতশত দৃষ্টির গোচরীভূত হইয়া সীতা লজ্জায় যেন মরিয়া যাইতেছিলেন, ঐাড়াময়ীর সর্বাঙ্গ কম্পিত হইতেছিল। লক্ষণ এই দৃশ্য দেখিয়া ব্যথিত হইলেন, কিন্তু রামের কার্য্যের

যথন সীতা প্রতিবাদ করিলেন না। অগ্নিতে প্রাণবিসর্জন দিতে ক্রতসঙ্করা হইয়া প্রস্তুত করিতে আদেশ লক্ষণকে চিতা করিলেন-তথন লক্ষণ রামের অভিপ্রায় বুঝিয়া সজলচকে চিতা প্রস্তুত করিলেন, কিছ কোন প্রতিবাদ করিলেন না। প্রাত-ন্নেহে তিনি স্বীয়-অন্তিত্ব-শূত্র হইয়া গিয়া-ছিলেন। ভরতের, এমন কি সীতারও, মুহ অপচ তেজোবাঞ্জক ব্যক্তিত্ব তাঁহাদের স্থগভীর ভালবাদার মধ্যেও আমরা উপলব্ধি করিতে পারি, কিন্তু রামের প্রতি লক্ষণের স্নেহ লম্পূর্ণরূপে আত্মহারা। ভরত রামচক্রের জক্ত যে সকল কষ্ট স্বীকার করিয়াছেন, তাহা আমাদের প্রাণে আঘাত দেয়, তাদৃশ ব্যক্তির পক্ষে ঐরপ আয়ত্যাগ আমাদের निकर्षे ष्वशृद्धिंभगर्थ विनिष्ठा त्वां इम ; ভরত স্বর্গের দেবতার স্থায়, তাঁহার ক্রিয়া-कनाभ ठिक राम পृथिवीरात्रीत नरह, छेश সর্বদাই ভাবের এক উচ্চগ্রামে আমাদিগের মনোযোগ সবলে আকর্ষণ করিয়া রাথে। কিন্তু লক্ষণের আত্মত্যাগ এত সহজভাবে হইয়া আসিয়াছে, উহা বায়ু ও জলের মত এত সহজ্ঞাপ্য যে, অনেক সময় ভরতের আত্মত্যাগের পার্ষে লক্ষণের খনিত্রদারা মুত্তিকাথনন প্রভৃতি সেবাবৃত্তির **মধ্যে** আমরা তাঁহার স্থগভীর প্রেমের গুরুত্ব অমুভব করিতে ভূলিয়া যাই। অত্যস্ত সহজে প্রাপ্ত বলিয়া যেন উহা উপেক্ষা পাইয়া থাকে। ভথাপি ইহা স্থির যে, লক্ষণ ভিন্ন রামকে আমরা একেবারেই কয়না করিতে পারি না। তিনি রামের প্রাণ ও দেহের সহিত একীভূত रहेश शिशां हिलन। **मीर्थ** तकनीत भरत

অকসাৎ তৰুণ অৰুণালোকে যেরূপ জগৎ উদ্ভাসিত হইয়া উঠে,—ধরাবাসিগণ সেই স্বর্গ-ভ্ৰষ্ট আলোকচ্ছটায় পুলকে উন্মন্ত হইয়া উঠে, ভ্ৰাতৃপ্ৰীতি কতকটা কৈক্যীর ষড়্যন্ত ও রামবনবাসাদির পরে ভরতের অচিন্তিতপূর্ব প্রীতি বিচ্ছুরিত হইয়া আমাদিগকে সহসা সেইরূপ চমৎকৃত করিয়া তুলে, আমরা ঠিক যেন ততটা প্রত্যাশা করি না। কিন্তু লক্ষণের প্রেম আমাদের निजाधारमाननीय वायुधवार, धरे विभान অপরিদীম নেহতরক আমাদিগকে সঞ্জীবিত রাথিয়াছে, অথচ প্রতিক্ষণে আমরা ইহা ভূলিয়া যাইতেছি। লক্ষণ রামকে বলিয়াছিলেন-"জল হইতে উদ্ধৃত মীনের স্থায় আপনাকে ছাড়িয়া আমি এক মুহুর্ত্তও বাচিতে পারিব না। এই অসীম ক্ষেহের তিনি কোন সুল্য চান নাই, ইহা আপনিই আপনার প্রম পরিতোষ, ইহা আপনাতেই আপনি সম্পূর্ণ. ইহা প্রত্যাশী নহে, ইহা দাতা। বহুক্তুসাধনে অবসর লম্মণকে রাম একটি সেহের কথা বলিয়াছেন, কিংবা একবার আলিক্স দিয়াছেন, লক্ষণের নেত্রপ্রান্তে একটি প্লকাঞ ফ্টিয়া উঠিয়াছে, কিছ ভিনি রামের কাছে তাহা প্রত্যাশা করিয়া অপেকা করেন নাই।

র্ন লক্ষণের চরিত্রের একদিক্ মাত্র প্রদর্শিত
হইল, কিন্তু তাঁহার চরিত্রের আর একটা
দিক্ আছে। পূর্ববর্তী বৃত্তান্ত পাঠ করিরা
কেহ কেহ মনে করিতে পারেন, লক্ষণ
বিশেষ তীক্ষধীসম্পন্ন ছিলেন না! তিনি
অমুগত লাতা ছিলেন সভ্যা, কিন্তু হর ত রাম
ভিন্ন তাঁহার গক্ষে নিজেকে হারাইরা কেলিবার

আশকা ছিল। চিরদিন রামের বৃদ্ধিবারা পরিচালিত হইরা আসিয়াছেন, সহসা একাকী সংসারের পথ পর্যাটন করা তাঁহার পক্ষে ছক্ষহ হইত, এইজন্তই তিনি রামগতপ্রাণ হইরা বনগমন করিয়াছিলেন। এ কথা ত মানিবই না, বরং ভাল করিয়া আলোচনা করিলে দেখা যাইবে যে, সুস্থাই রামায়ণে পুরুষকারের একমাত্র জীবস্ত চিত্র। তাঁহার বৃদ্ধির সঙ্গে রামের বৃদ্ধির যে সর্ব্ধাই ঐক্য হইরাছে, তাহা নহে, পরস্ত যে হানে ঐক্য না হইত, সে হানে তিনি খীয় বৃদ্ধিকে রামের প্রতিভার নিকট হতবল হইতে দেন নাই।

বনবাসাজ্ঞা তাঁহার নিকট অভ্যন্ত অন্যায় বলিয়া বোধ হইয়াছিল এবং রামের পিতৃ-আদেশ-পালন তিনি ধর্মবিক্র বলিয়া মনে রাম লক্ষণকে বলিয়া-করিয়াছিলেন। ছিলেন, "তুমি कि এই कांग्र देनत-मक्तित्र क्ष्म विषया श्रीकात कत्रिय ना ? আরম কার্যা নষ্ট করিয়া যদি কোন অসঙ্গলিত পথে কার্য্যপ্রবাহ প্রবর্ত্তিত হয়, তবে তাহা रिएटवर कर्य विश्व। मत्न कतिरव। रमथ, কৈক্ষী চির্নিন্ট আমাকে ভরতের আয় ভাল বাদিয়াছেন, তাঁহার আর গুণশালিনী মংংকুলজাতা রাজপুত্রী আমাকে পীড়াদান ক্রিবার জন্ম ইতর ব্যক্তির স্থায় এইরূপ প্রতিশ্রতিতে রাজাকে কেনই বা আবদ্ধ করি-বেন ? ইহা স্পষ্ট দৈবের কর্ম, ইহাতে মাহুষের कान राज नाहे।" नच्चन উखरत्र दलियान, "अठि मीनं ও जनक वाकिताই দৈবের **मिश पाक, श्रक्रका**त्र यैशिता रिएर्वत अधिकृत्व मधात्रमान इन, তাঁহারা আপনার স্তান্ন অবসন্ন হইরা পড়েন

ना। पृश् वाकितारे मर्सना निर्धाणन श्राश হন-"মুহুর্হি পরিভূয়তে"। ধর্ম ও সত্যের ভাণ করিয়া পিতা যে যোরতর করিতেছেন, তাহা কি আপনি পারিতেছেন না ? আপনি দেবতুল্য, ঋজু ও দান্ত এবং রিপুরাও আপনার প্রশংসা করিয়া থাকে। এমন পুত্রকে তিনি কি অপরাধে বনে তাড়াইয়া দিতেছেন ? আপনি যে ধর্ম পালন করিতে ব্যাকুল, ঐ ধর্ম আমার নিকট নিতান্ত অধর্ম বলিয়া মনে হয়। স্ত্রীর বশীভূত হইয়া নিরপরাধ পুত্রকে বনবাদ দেওয়া---ইহাই কি সত্য, ইহাই কি ধর্ম ? আমি আজই বাহুবলে আপনার অভিষেক সম্পাদন করিব। দেখি, কাহার সাধ্য আমার শক্তি প্রতিরোধ করে ? আজ পুরুষকারের অঙ্কুশ দিয়া উদাম দৈবহন্তীকে আমি স্ববশে আনিব। যাহা আপনি দৈৰসংজ্ঞায় অভি-হিত করিতেছেন, তাহা আপনি অনায়াসে প্রত্যাখ্যান করিতে পারেন, তবে কি নিমিত্ত তৃচ্ছ অকিঞ্চিৎকর দৈবের প্রশংসা করিতে-ছেন ?" সাঞ্রনেত্র লক্ষণ এই সকল উক্তির পর 'হনিষ্যে পিতরং বৃদ্ধং কৈক্যাসক্তমান-দন্" বলিয়া কুদ্ধ হইয়া উঠিলেন। রাম তথন হস্তধারণ করিয়া তাঁহার ক্রোধপ্রশমনের চেষ্টা পাইয়াছিলেন। এই গহিত-আদেশ-পালন যে ধর্মসঙ্গত, ইহা তিনি কোন-ক্রমেই লক্ষণকে বুঝাইতে পারেন নাই। লক্ষা-কাণ্ডে মায়াসীতার মন্তক দর্শনে শোকাকুল রামচক্রকে লক্ষণ বলিয়াছিলেন—"হর্ষ, কাম, मर्भ, त्काध, माञ्जि ও ইक्रियनिश्रह, धरे ममञ्जरे অর্থের আয়ত্ত। আমার এই মত, ইহাই ধর্ম ; কিন্তু আপনি সেই অর্থমূলক ধর্ম পরি-

ত্যাগ করিয়া সমূলে ধর্মলোপ করিয়াছেন।
আপনি পিতৃ-আজ্ঞা শিরোধার্য্য করিয়া বনবাসী হওয়াতেই আপনার প্রাণাধিকা পত্নীকে
রাক্ষসেরা অপহরণ করিয়াছে।" এই প্রথরব্যক্তিত্বশালী ধ্বক শুধু সেহগুণেই একাত্তরূপে ব্যক্তিত্বশারা হইয়া পড়িয়াছিলেন।

ভরতের চরিত্র রমণীজনোচিত কোমল মধুরতায় ভূষিত, উহা সাত্ত্বিক বৃত্তির উপর অধিষ্ঠিত। রামের মত বলশালী চরিত্র রামা-য়ণে আর নাই এবং রামের মত হর্মণও বোধ হয় রামায়ণে আর কেহ নহে। রামচরিত্র বড জটিক। কিন্তু লক্ষণের চরিত্রে আছন্ত পুরুষ-কারের মহিমা দৃষ্ট হয়। উহাতে ভরতের মত করুণরসের বিশ্বতা ও স্ত্রীলোকস্থলভ খেদমুখর কোমলতা নাই। দুঢ়, পুরুষোচিত ও বিপদে নির্ভীক। অবস্থার কোন বিপর্যায়েই নমিত হইয়া পড়েন নাই। বিরাধরাক্ষসের হস্তে সীতাকে নিঃসহায়ভাবে পতিত দেখিয়া 'হায়, আৰু মাতা কৈক্যীর আশা পূর্ণ **रहेल"** वित्रा व्यवमद रहेश পড़िलन। লক্ষণ ভ্ৰাতাকে তদবস্থ দেখিয়া কৃদ্ধ সৰ্পের স্তায় নিবাসত্যাগ করিয়া বলিলেন—"ইন্ত-ভুল্য-পরাক্রান্ত হইয়া আপনি কেন অনাথের ক্লায় পরিতাপ করিতেছেন ? আমুন, আমরা রাক্ষদকে বধ করি।"

শেলবিদ্ধ লক্ষণ পুনর্জীবন লাভ করিয়া
যখন দেখিতে পাইলেন, রাম তাঁহার শোকে
অধীর হইয়া সজলচক্ষে স্ত্রীলোকের মত
বিলাপ করিতেছেন, তথন তিনি সেই
কাতর অবস্থাতেই রামকে এরূপ পৌরুষহীন
মোহপ্রাপ্তির জন্ম তিরস্কার করিয়াছিলেন।

বিরহের অবস্থার রামের একান্ত বিহবলতা দেখিয়া তিনি বাণিতচিত্তে রামকে কত উপদেশ দিয়াছিলেন—তাহা একদিকে যেমন স্থগভীর ভালবাসার वाक्षक, ज्ञानत विदक সেইরূপ তাঁহার চরিত্রের দুঢ়তাস্থচক। "আপনি উৎসাহশুক্ত হইবেন না", "আপ-নার এরপ দৌর্বল্যপ্রদর্শন উচিত নছে". পুরুষকার অবলম্বন ক্রন" ইত্যাদিরূপ নানাবিধ স্নেহের গঞ্জনা করিয়া তিনি এক-দিন বলিয়াছিলেন —"দেবগণের অমৃতলাভের ন্থায় বহু তপস্থা ও কৃদ্দ্সাধন করিয়া মহা-রাজ দশরথ আপনাকে লাভ করিয়াছিলেন. সে সকল কথা আমি ভরতের মুখে শুনিরাছি —আপনি তপভার ফলম্বরপ। যদি বিপদে পড়িয়া আপনার স্থায় ধর্মাত্মা সহু করিতে না পারেন, তবে অল্লসম্ব ইতর ব্যক্তিরা কিরপে সহা করিবে ?"

রামের প্রতি জ্ঞাতসারে হউক বা অজ্ঞাতসারে হউক, যে কেহ অস্তার করিয়াছে, লক্ষণ
তাহা ক্ষমা করেন নাই, এ কথা পূর্বেই বলিয়াছি। দশরথের গুণরাশি তাহার সমস্তই
বিদিত ছিল, ক্রোধের উত্তেজনার তিনি
য়াহাই বলুন না কেন, দশরথ যে পুত্রশোকে
প্রাণত্যাগ করিবেন, এ কথাও তিনি পূর্বেই
অমুমান করিয়াছিলেন, তথাপি তিনি দশরথকে মনে মনে ক্ষমা করেন নাই। স্থমস্ত্র
বিদারকালে যথন লক্ষণকে জিজ্ঞাসা করিলেন, "কুমার, পিতৃসকাশে আপনার কিছু
বক্তবা আছে কি ?" তথন লক্ষণ বলিলেন,
"রাজাকে বলিও, রামকে তিনি কেন বনে
পাঠাইলেন, নিরপরাধ জ্যেষ্ঠপুত্রকে কেন
পরিত্যাগ করিলেন, তাহা আমি চিত্তা

করিরাও ব্রিতে পারি নাই। আমি মহারাজের চরিত্রে পিতৃত্বের কোন নিদর্শন দেখিতে
পাইতেছি না। আমার ভ্রাতা, বন্ধু, ভর্ত্তা ও
পিতা, সকলই রামচন্দ্র।"—"অহং তাবন্মহারাজে পিতৃত্বং নোপলক্ষরে। ভ্রাতা ভর্ত্তা
চ বন্ধুল্চ পিতা চ মম রাঘবঃ।"

ভরতের প্রতি তাঁহার গভীর সন্দেহ ছিল। কৈকরীর পুত্র ভরত যে মাতার ভাবে অমুপ্রাণিত হইবেন, এ সুষদ্ধে তাঁহার অটল ধারণা ছিল, কেবল রামের ভং সনার ভরে তিনি ভরতের প্রতি কঠোরবাকাপ্রয়োগে নির্ভ থাকিতেন। কিন্তু যথন জটাবছকেশকলাপ অনশনক্লা ভরত রামের চরণপ্রান্তে পডিয়া ধ্লিলুটিত হইলেন, তথন লক্ষণ তাঁহাকে চিনিতে পারিয়া সলজ্জ মেহপরিতাপে ডিয়-মাণ হইলেন। একদিন শীতকালের রাত্রে বড় তুষার পড়িতেছিল, শীতাধিকো পক্ষিগণ কুলায়ে শুষ্ঠিত হইয়া ছিল, ভরতের জন্ম সেই সময় লক্ষণের প্রাণ কাঁদিয়া উঠিল, তিনি রামকে বলিলেন—"এই ভীব্রশীভ করিয়া ধর্মাত্মা ভরত আপনার ভব্তির করিতেছেন। পালন রাজ্য. ভোগ, মান, বিলাস, সমস্ত ত্যাপ করিয়া নিয়তাহারী ভরত এই বিষম শীতকালের রাত্রিতে মৃত্রিকার শরন করিতেছেন। পারি-অন্যের নিয়ম পালন করিয়া প্রভাত পেব-রাত্রিতে ভর্ত সর্বুতে অবগাহন করিয়া থাকেন। চিরস্থগোচিত রাজকুমার শেষ-রাত্তের ভীত্রশীতে কিরুপে সরবৃতে স্নান করেন !" এই লক্ষণই পুর্বে "ভর্তত বধে দোবং নাহং পঞ্জামি কঞ্চন" বলিয়া ক্রোধ-প্রকাশ করিবাছিলেন। যেদিন বুঝিতে পারি- লেন, তিনি বনে বনে খুরিয়া রামের বেরপ সেবার নিরত, অবোধ্যার মহাসমৃদ্ধির মধ্যে ু বাস করিয়াও ভরত রামভক্তিতে সেই-রূপ রুচ্ছুসাধন করিতেছেন, সেই দিন হইতে তাঁহার শ্বর এইরপ স্নেহার্দ্র ও বিনম্র হইয়া পড়িরাছিল। কিন্তু তিনি কৈক্সীকে কখনই ক্ষমা করেন নাই, রামের নিকট একদিন বলিয়াছিলেন — দশর্থ ঘাঁহার স্বামী, সাধু ভরত ঘাঁহার পুত্র, সেই কৈক্সী এরপ নিচুর হইলেন কেন ?"

লন্ধণের ক্ষত্তিয়বৃত্তিটা একটু অভিরিক্ত মাজার প্রকাশ পাইত। তিনি রামের প্রতি অন্তারকারীদিগের প্রসঙ্গে সহসা অগ্নির ন্তার জলিয়া উঠিতেন। পিতা, মাতা, লাতা, কাহাকেও তিনি এই অপরাধে ক্ষমা ক্রিতে ইচ্ছুক ছিলেন না।

শরৎকালে অসন ও সপ্তপর্ণের ফুলরাশি ফুটিয়া উঠিল, রক্তিমাভ কোবিদার বিকশিত रहेन। मानावान পर्वराज्य উপকঠে তর क्रिनीदा মন্দগতি হইল, কুমুমশোভী সপ্তচ্ছদ-বুক্ষকে গীতশীল ষট্পদগণ ঘিরিয়া ধরিল, গিরি-সাহদেশে বন্ধীবের খ্রামাভ ফল দেখা वाशिव। বর্ষার চারিটি বিরহী রামচক্রের নিকট শতবৎসরের প্রায় मीर्ष तोध इ**देशां हिल। नेत्र**कारन नमी खनि শীর্ণ হইলে বানরবাহিনীর সীতাকে সন্ধান করা गरक **रहेरव, ऋ**छताः—"ऋशीवश्र नहीनाकः প্রসাদমভিকাজ্ঞগর-"—স্থগ্রীব কুলের প্রসাদ আকাজ্যা করিয়া রামচক্র শরংকালের প্রতীকা করিতেছিলেন। সেই শরংকাল উপস্থিত হইল, কিন্তু প্রতিশ্রুতির अञ्चात्री উদেবাগের কোন চিহ্ন না পাইরা

রাম স্থগ্রীবের প্রতি কুদ্ধ হইলেন,-গ্রাম্য-স্থবে রত মূর্থ স্থগ্রীব উপকার পাইয়া প্রত্যুপ-কারে অবহেলা করিতেছে। লক্ষ গকে তিনি স্থগীবের নিক্ট পাঠাইয়া দিলেন-বন্ধুকে স্বীয় কর্ত্তব্যের কথা স্মরণ করাইয়া উদেয়াগে প্রবর্ত্তিত করিবার জন্ম যে সকল কথা কহিয়া দিলেন, তমধ্যে ক্রোধস্চক কয়েকটি কথা ছিল—"ন স সঙ্গিতঃ পছা যেন বালী হতো গতঃ। সময়ে তিষ্ঠ স্থঞীব वालिभश्मवृशाः।"—'(य भर्ष वानी গিয়াছে. সে পথ সম্কৃতিত হয় নাই; স্থাীব, বে প্রতিজ্ঞা করিয়াছ, তাহাতে স্কপ্রতিষ্ঠ হও, বালীর পথ অনুসরণ করিও না।' কিন্তু শক্ষণের চরিত্র জানিয়া রাম একটা "পুন=চ" ছুড়িয়া লক্ষণকে সাবধান করিয়া দিলেন-"তাং প্রীতিমম্বর্ত্তম পূর্ববৃত্তঞ সঙ্গতম্। সামোপহিতয়া বাচা রুক্ষাণি পরিবর্জয়ন্॥" 'প্রীতির অমুসরণ ও পূর্ব্বস্থ্য স্মরণ করিয়া ৰুক্ষতা পরিত্যাগপুর্বক সাম্বাক্যে স্থগ্রীবের সঙ্গে কথা কহিও।" এই সাবধানতার কারণ ছিল। কারণ কিছু পূর্বেই লক্ষণ विविश्वाक्तित, "आब मिश्रावानीत्क বিনাশ করিব, বালির পুত্র অঙ্গদ এখন বানরগণকে লইয়া জানকীর অন্বেষণ করুন।"

লন্ধণের তীক্ষ অন্তারবোধ রামের কথার প্রশমিত হয় নাই। তিনি স্থাীবকে জ্রুকঠে ভংসনা করিয়া রোষক্ষরিতাধরে ধয় লইয়া দাঁড়াইয়া ছিলেন। ভয়ে বানরাধিপতি তাঁহার কঠবিদম্বিভ বিচিত্র জীড়ামাল্য ছেদনপূর্বক তথনই রামচক্রের উদ্দেশে যাত্রা করিলেন। এতাদৃশ তেজনী ক্রিরকে তেজ-বিনী সীতা, যে কঠোর বাক্য প্রয়োগ

করেন, সে কঠোর বাক্য তিনি কিরূপে সহু করিয়াছিলেন, তাহা জানিতে কৌতৃহক হইতে পারে। মারীচরাক্ষ্য রামের স্বর বিপন্নকণ্ঠে "কোথা রে অতুকরণ করিয়া লক্ষণ" বলিয়া চীৎকার করিয়া উঠিল। দীতা ব্যাকুল হইয়া তথনই লক্ষণকে রামের<u>:</u> নিকট যাইতে আদেশ করিলেন। লক্ষ্মণ রামের আদেশ বজ্বন করিয়া যাইতে অসমত হইলেন এবং মারীচ যে এরূপ স্বর-বিকৃতি করিয়া কোন ছরভিসন্ধিদাধনের চেষ্টা পাইতেছে, তাহা দীতাকে বুঝাইতে চেষ্টা করিলেন। কিন্তু সীতা তথন স্বামীর বিপদা-শহায় জ্ঞানশুন্তা, লক্ষণকে সাঞ্চনেত্রে ও সক্রোধে বলিলেন, "তুমি ভরতের চর, প্রচ্ছ জ্ঞাতিশক্র, আমার ণোভে রামের অমুবর্তী হইয়াছ, রামের কোন অভভ হইলে আমি অগ্রিতে প্রবেশ করিব।" এ কথা গুনিয়া লক্ষণ কণকাল শুন্তিত ও বিমৃঢ় হইয়া দাড়াইয়া বহিলেন, ক্রোধে ও লজ্জায় তাহার গণ্ড আর্রক্রিম হইয়া উঠিল। বলিলেন— "দেবি, তুমি আমার নিকট দেবতা-শ্বরূপা, তোমাকে আমার কিছু বলা উচিত নহে। শ্রীলোকের বৃদ্ধি স্বভাবতই ভেদকরী; তাহারা বিমুক্তধর্মা, জুর ও চপলা। তোমার কথা তপ্ত লোহশেলের মত আমার কর্ণে প্রবেশ করিতেছে, আমি কোনক্রমেই তাহা সহ করিতে পারিতেছি না। তোমার আজ নিশ্চরই মৃত্যু উপস্থিত, চারিদিকে অন্তলকণ দেখিতে পাইতেছি—"এই বলিয়া প্রস্থান করিবার পূর্বে সীতাকে বলিলেন, "বিশালাকি, এখন সমগ্ৰ তোমাকে রকা করুন।" কোধকুরিতাধরে

এই বলিয়া লক্ষণ রামের সন্ধানে চলিয়া গেলেন।

লন্মণের পুরুষোচিত চরিত্র সর্বত সতেজ, ठाँशंत्र शोक्षपृथ महिमा नर्वेख व्यनाविन, —ভ্র শেফালিকার ভার স্থনির্মণ ও স্পবিত্র। সীতাকর্তৃক বিক্ষিপ্ত অলঙার-গুলি স্থতীব সংগ্রহ করিয়া রাখিয়াছিলেন; সে সকল রাম এবং লক্ষণের নিকট উপস্থিত করা হইলে লক্ষণ বলিলেন, "আমি হার ও কেয়রের প্রতি লক্ষ্য করি নাই, স্কুতরাং তাহা চিনিতে পারিতেছি না। নিত্য পদ-বন্দনাকালে তাঁহার নৃপুর্যুগ্ম দর্শন করিয়াছি এবং তাহাই চিনিতে পারিতেছি। কিকিয়ার গিরিগুহান্থিত রাজধানীতে প্রবেশ করিয়া গিরিবাসিনী রমণীগণের নৃপ্র ও কাঞ্চীর বিলাসমুখর নিম্বন শুনিয়া "সৌমিত্রিলজ্জিতো-১ভবং।" এই লঙ্গা প্রকৃত পৌক্ষের লকণ, চরিত্রবান্ সাধুপুরুষেরাই লজা দেখাইতে পারেন। यथन मन-বিহবলাকী নমিতাক্ষ্টি তারা তাঁহার নিক্ট উপস্থিত হইল,—তাহার বিশালশ্রোণীখালিত কাঞ্চীর হেমস্ত্র লক্ষণের সমুথে মৃহতরঙ্গিত হইয়া উঠিল, তখন "অবামুখোহভবৎ মমুজ-প्जः"-- नम्म नज्जात्र अर्थामूथ इहेरनन। এইরাপ ছইএকটি ইঙ্গিতবাক্যে পরিবাক্ত লক্ষণের নৈতিক সাধুত্বের ছবি আমাদের চক্ষের নিকট উপস্থিত হয়। তথন প্রকৃতই ठाँशक प्रवात भाग शृकाई मत्न इम ।

রামারণে লক্ষণের মত পুরুষকারের উজ্জল চিত্র আর বিতীর নাই। ইনি সতত নির্তীক, বিপদে অকৃষ্টিত, স্বীর ক্ষুর্ধার তীক্ষ-বৃদ্ধি সংস্থেও ভ্রাতৃক্ষেহের বশবর্তী হইরা একে- বারে আত্মহারা হইয়া পড়িয়াছিলেন। নিতান্ত বিপদেও তাঁহার কঠবর স্ত্রীলোকের স্থান্ন কোমল হইয়া পড়ে নাই। যথন তিনি কবন্ধের বিশালহন্তের সম্পূর্ণরূপ আয়ত হইয়া পড়িয়াছিলেন, তথন রামের প্রতি দৃষ্টি করিয়া এইমাত্র তিনি বলিয়াছিলেন—"দেখুন আমি রাক্ষদের অধীন হইয়া পড়িতেছি, আপনি আমাকেই বলিস্বরূপ রাক্ষদের হন্তে প্রদান করিয়া পলায়ন করন। আমার দৃঢ় বিখাস, আপনি সীতাকে শীত্র ফিরিয়া পাইবেন। তাঁহাকে লাভ করিয়া পৈতৃক রাজ্যে পুনরবিষ্টিত হইয়া আমাকে ত্মরণ রাখিবেন।" এই কথায় বিলাপের ছন্দ নাই। ইহাতে রামের প্রতি অসীম প্রীতি ও স্বীয় আব্যোৎসর্গের অতুল্য ধৈর্য্য স্চিত হইয়াছে।

কাত্রতেজের এই জলন্ত মূর্ন্তি; এই মৌন ভ্রাতৃভক্তির আদর্শ, হিন্দুস্থানে চিরদিন পূজা পাইয়া আদিয়াছেন। "রাম-দীতা" এই কথা অপেকাও বোধ হয় "রাম-লক্ষণ" এই কথা এতদ্দেশে বেশী পরিচিত। সৌভ্রাত্তের কথা মনে হইলে "লক্ষণ" অপেকা প্রশংসার্হ উপমান আমরা কল্পনা করিতে পারি না। ভরত ভ্রাতৃভক্তির প্লায়,—স্থকোমল ভাবের সমুদ্ধ উদাহরণ। কিন্তু লক্ষণ ভ্রাতৃভক্তির অন্নব্যঞ্জন, জীবিকার সংস্থান। আজ আমরা স্বেচ্ছার আমাদের গৃহগুলিকে লক্ষণ-শৃক্ত করিতেছি। আজ বহুস্থানে সহধর্মিণীর স্থলে স্বার্থরূপিণী, অলঙ্কারপেটকার ষক্ষীগণ আমাদিগকে ঘিরিয়া গৃহে একাধিপত্য স্থাপন করিতেছে; यांशां अक उनत्त शान भारेबाहितन, তাঁহারা আৰু এক গৃহে স্থান পাইতেছেন ना। हात्र, कि देवविक्चना, याहाविशदक বিশ্বনিমন্তা মাতৃগর্ভ হইতে পরম স্বহৃদ্রপে পড়িরা দিরা আমাদিগকে প্রকৃত সৌহার্দ শিখাইবেন, তাঁহাদিগকে বিদার দিরা পঞ্চাব ও পুণা হইতে আমরা স্বহুৎ সংগ্রহ করিব, এ কথা কি বিশাস্ত শুজ আমাদের রাম বনবাদী, লক্ষণ প্রাসাদশীর্ষ হইতে সেই দৃশ্য উপভোগ করেন; আজ লক্ষণের অর জ্টি-তেছে না, রাম স্বর্ণালে উপাদের আহার করিতেছেন। আজ আমাদের কই, দৈশ্য, বনবাদের হংখ, সমস্তই বিগুণতর পীড়াদারক।
লক্ষণগণকে আমাদের হংখের সহার ও চিরসঙ্গী মনে ভাবিতে ভূলিরা যাইতেছি। হে
ভাতৃবৎসল, মহর্ষি বান্ধীকি ভোমাকে আঁকিরা
গিরাছেন—চিত্রহিসাবে নহে; হিন্দুর গৃহদেবতাস্বরূপ তৃমি এপর্যস্ত প্রতিষ্ঠিত ছিলে।
আবার তৃমি হিন্দুর বরে ফিরিরা এস, আমাদের দক্ষিণবাহ অভিনববলদ্প্র হইরা উঠিবে
—আমরা এ হ্র্দিনের অস্ত দেখিতে পাইব।

শ্রীদীনেশচকর সেন।

আজিকার ভারতবর্ষ।

২

ইংরাজের শাসনপদ্ধতি।]

ভারতপর্যাটক অ্যাল্বের্ মেত্যা, করাসী পদ্ধক্রির সহিত তুলনা করিয়া, ইংরাজের
শাসনপদ্ধতির বেরূপ সমালোচনা করিয়াছেন, তাহার সার-মর্ম নিমে দেওয়া যাইতেছে:

—

ভারতবর্ধে ইংরাজ শাসনতর-সম্বন্ধে কাহারো
বা অমুক্ল, কাহারো বা প্রতিকূল
অভিমত থাকিতে পারে, কিন্ত ইহা সকলকেই শীকার করিতে হইবে, কার্য্যত অতীব
লৃচ ও স্থশৃত্বল ভাবে ইহার প্রয়োগ হইরা
থাকে এবং বাঁহারা ইহার প্রয়োগ করিরা
থাকেন, ভাঁহাদের হত্তে প্রভৃত কর্তৃত্বও
দেওরা হইরা থাকে।

এই রাজ্যতক্ষের তলদেশে "দেশীয়গণ" ও উপরিভাগে ইংরাজেরা অধিষ্ঠিত। ইংরাজ রাজপুরুষেরা সবিভব অন্ত্রবর্গে পরিবৃত;
দেশীর ভাষায় এতটা অভিজ্ঞ যে, তাঁহারা
অধীনস্থ কর্মচারীদিগের কার্য্য স্বরং তত্বাবধান
ও নিরমিত করিতে পারেন। সেই সকল
কর্মচারীদিগকে রীতিমত নিরমে আবদ্ধ
করিরা, স্থানীর স্বার্থ, স্থানীর প্রতিহন্দিতা
ও স্থানীয় দলাদলির বাহিরে তাঁহাদিগকে
স্থাপন করা হর; সর্কাশেবে, তাঁহাদের পূর্চবলম্বরুপ স্থানহত সৈক্তমগুলী অবস্থিত।
এইপ্রকারে, তাঁহারা দেড়শত বংসর বাবং,
বিশ কোটরও অধিক লোক শাসন করিতে
সমর্থ ইইয়াছেন, এবং অস্টাদশ শতাকীর
অরাজকভার পর, ভারতে বিটেনীর শান্তি
স্থাপন করিরাছেন। এই ভালের মধ্যে,
১৮৫৭ অবের বিপাহীবিক্রোই ছাড়া আর

কোন শুরুতর বিদ্রোহ উপস্থিত হর নাই।

টংরাজের ভারতরাজ্য দেখিয়া যেরূপ একটি অধপ্ততার ভাব মনে আইদে, ফরাসী-অধিকত ভারত-ভূখওগুলি দেখিয়া---রাজা-হীন তথু পাঁচটি নগর দেখিয়া, সে ভাব মনে ইংরাজদিগের স্থায় ফরাসী-আইসে না। मिश्रित मध्य ७, कृष्ण्यर्ग मिनी प्र लाकित বিষেধী, নিষ্ঠুর অবজ্ঞাপরায়ণ ব্যক্তি কখন-কখন দৃষ্ট হয়। কিন্তু সাধারণত ফরাসীরা धनाठा "(मनीय" विश्विमित्रात निक्ठे ছाठे-খাটো-বিষয়ে অনুগ্রহের প্রার্থী হইতে ইত-স্তত করে না, "দেশীয়" উপপত্নী গ্রহণ করে, দোভাষীয় সাহায্য ব্যতীত রাজকার্য্য নির্কাহ করিতে পারে না। এই সকল কারণে, অজ্ঞাতসারেও অনেকসময় স্থানীয় বিবাদে তাহাদিগকে লিপ্ত হইতে হয়। ফরাসীদিগের মধ্যে একদল কর্ম্মচারী এমনও দেখা যায় (সংখ্যার অব্ধ)—যাহারা উৎকৃষ্ট रे शाक-मिलियादनत ममकक, किंद्ध मम्पूर्व ভিন্ন ভাবের লোক। ইহারা আধুনিক ফ্রান্সের মর্শ্মগত বিশেষ-ভাব ও চিস্তা-প্রবাহ ভারতবর্ষে আনম্বন করিতে সচেষ্ট। ইহাদের মধ্যে কেহ-কেহ, কোন সরকারী কাজকর্ম थानि रहेटन, উচ্চकाजी व हिन्दू मिर गत अजिवान শৰেও, কোন স্থযোগ্য নীচজাতীয় "পারিয়া"কে **শেই কর্মে মনোনীত করা শ্লাঘার বিষয়** कदत्रन : কেহ বা, ভারতবর্ষের সমাজ ও ধর্ম সংক্রোক্ত ইতিহাস অনুশীলনে উৎস্ক্য প্রদর্শন করিয়া থাকেন, ত্রান্ধণ-দিগকে. অগৃহে নিমন্ত্রণ করেন, মুরোপীর পাদ্রি ও স্থীবর্গের প্রতি ষেরূপ—ইহা-

দিগেরও প্রতি সেইরূপ দন্মান প্রদর্শন করিয়া থাকেন। এইরূপে, উচ্চদরের দেশীয়দিগের মধ্যে তাঁহারা লোকপ্রিয় হইয়া উঠেন। কেহ বা, ফরাসী খুটীয় মঠের মঠধারিণীর অতি-ধর্মোৎসাহের বিরুদ্ধে, হাঁসপাতালের রোগীদিগের পক্ষসমর্থন করেন,—অপৌতলিক মুসলমানদিগকে যাহাতে "পেগ্যান" নামে অভিহিত না করা হয়, তিহ্বিয়ে মঠধারিণীকে অনুরোধ করেন।

ফরাসী-অধিকারস্থ এই পঞ্চ নগরে, ফরাসীবিধানাস্থসারেই, সার্ব্ধজনিক শিক্ষা-প্রণালী স্থাপিত হইরাছে; এবং তত্ত্বস্থ বিচ্ছা-লয়সকলকে, ইংরাজ-ভারতের উন্নততম প্রদেশস্থ বিচ্ছালয়ের সহিত অক্লেশে তুলনা করা বাইতে পারে।

ইংলওের স্থায় ফ্রান্সের সরকারী কাজ-কর্ম তত উচ্চপদের নহে: সেইজ্ন্স ফরাসী রাজধানীর উচ্চশ্রেণীর লোকদিগের তংপ্রতি বড়-একটা আকর্ষণ নাই। অমুগ্রহবিতরণের হিসাবে কর্মচারিনি হয়; মন্ত্রিগণ তাহার প্রতিবাদ করা দুরে থাক, কথন-কথন তাঁহারাও অমাব্যুক পদের সৃষ্টি করিবার দিকে উন্মুখ। হেতু, ফরাসী-ভারতবর্ষে সর্ব্বজাতীয় ও সর্ব্ব-শ্রেণীয় সরকারী কর্মচারী ও ভূত্যের সংখ্যা চৌদশত। সমস্ত ফরাসী-ভারতের লোক-সংখ্যা একটা সামান্ত ইংরাজ "ডিস্টিুক্টের" সমান হইবে। অতএব, লোকসংখ্যার जूननाय, कर्माठातीत मःशा वड़ दवनी विनया মনে হর। ফরাসী-ভারতে বিচার-কার্য্যের একটি সর্বাঙ্গসম্পূর্ণ ব্যবস্থাপ্রণালী প্রতিষ্ঠিত আছে; আপীল-আদালৎ পণ্ডিচরিতে অধি-

ষ্ঠিত। সমস্ত "দেশীয়" কর্ম্মপ্রার্থীদিগকে স্থাদেশে কর্ম্ম দিয়া পরিতৃষ্ট করা যায় না; স্থতরাং কতকগুলি দেশীয়কে ম্যাজিস্ট্রেটর পদে নিযুক্ত করিয়া হিন্দ-চীনে পাঠান হইয়া থাকে। সব-সময়ে যে তাহাদের বিচার-কার্য্যে, ফরাদী-ভায়বিচার-সম্বন্ধে তত্রস্থ অধিবাসীদিগের মনে উচ্চ ধারণা হয়, এরূপ বলা যায় না। যে দিন হইতে ভারতবর্ষের জ্লভ্ত একজন স্বতন্ত্র "সেনেটার" ও "ভেপ্টি" নির্দিষ্ট,হইন্মাছে, সেই দিন হইতেই কর্ম্মচারীর সংখ্যাও বাড়িয়া গিয়াছে। ফ্রান্সের রাষ্ট্রীয় স্বাধীনতা হইতে ভারতের ফরাদী-উপনিবেশ এই-টুকুমাত্র ফল লাভ করিয়াছে।

হিলুদিগকে "হ্বোট্" দিবার অধিকার প্রদত্ত হইয়াছে, কিন্তু তাহাদের মধ্যে সাম্য স্থাপিত হয় নাই। করাদীদিগের মধ্যে ব্যক্তিবিশেষ, হিন্দুদিগের চিরাগত সামাজিক বিভাগের কঠোরতা কথন-কথন করিতে কতকটা সমর্থ হইয়াছেন; কিন্তু বর্ণভেদের বিরুদ্ধে এপর্যান্ত কোনপ্রকার সমবেত চেষ্টা হয় নাই। ধনাতা হিন্দুদিগের क्टब्ड . "ट्वांठे"-मःथा-निर्णयकार्या হইয়া থাকে; সে সম্বন্ধে আর কেহ তত্তাব-ধান করে না; স্বতরাং, সেই প্রভাবশালী দেশীয়েরাই নিজ ইচ্ছামত "হ্বোটে"র ফ্লা-ফল লিপিবদ্ধ করিয়া থাকেন। ফরাসী কর্ত্রপক্ষীয়েরা এ বিষয়ে হস্তক্ষেপ করেন, কিন্তু আইন-সঙ্গত কাজ হইতেছে কি না, সে বিষয়ে দৃষ্টি করা দূরে থাকুক, বরং তাঁহারা স্বয়ং কোন এক বিশেষ দলের পক ব্দবশ্বন করেন। এইরূপ নির্বাচক-ব্যতীত নিৰ্বাচনে কখন-কখন বিষম গণ্ডগোল

বাধিয়া বার, এবং ইহার দক্ষণ কোন-কোন ফরাসী রাজপুক্ষের কডকটা প্রতিপত্তিরও হানি হয়।

ফ্রান্স ও ইংলগুর জনসাধারণের মতামত ত্লনা না করিলে ফরাসী ও ইংরাজি শাসন-পদ্ধতির একটা সম্পূর্ণ চিত্র দেওয়া যাইতে পারে না। আমাদের ফরাসী দেশে, কোন কর্মচারী স্বীয় শক্তির অপব্যবহার করিলে সংবাদপত্রাদিতে ও পার্লেমেন্টসভায় নিন্দিত ও তিরক্ষত হইয়া থাকে; এবং দেশীয়দিগের পক্ষ (এমন কি, বিদ্রোহী হইলেও) অবলম্বন কবিবাব জন্মও ফরাসী জনসাধারণের মধ্যে এकि वृहर मन आছে। क्राहिव ७ ७ शास्त्रन् হেস্টিংসের সময় হইতে আরম্ভ করিয়া, ইংলতে অনেকবার লোক-মত "দেশীয়"-স্বার্থের অমুকুলে পরিবাক্ত হইয়াছে; কিন্ত "সামাজ্যিকতা"র বৃদ্ধিসহকারে, ছভিক্ষসম্বন্ধে ও অন্তারপূর্বক কাহাকে ধৃত করা কিংবা দমন করা সম্বন্ধে, গ্রথমেণ্টের নিকট কৈফিয়ৎ চাহে, এরূপ সংবাদপত্রপ্রকাশক ও রাষ্ট্রনৈতিক लांदकत्र मःशा षिन-पिन কমিয়া আসিতেছে। অধিকাংশ লোকে একণে প্রায় সকল হলেই ইংরাজ-কর্মচারীর ও ভারতবাসি-ই:রাজের পক্ষ অবলম্বন করিয়া থাকে। আমাদিগের অপেকা ইংরাজদিগের একটা বিশেষ স্থবিধা এই ষে, উহাদের দারা যে শাসনতম্র স্ট হইয়াছে, ভাহা একটা বিশেষ পদ্ধতি-অনুসাৱে বথাৰৰ পরিচালিত হইয়া থাকে। তা ছাড়া, শাসনকার্য্য নির্কাহ করা উহাদের পক্ষে অপেকাক্ষত সহজ; কেন ना, हेरब्राटकवा मत्न करव. श्राधीनछा-वश्रुणी রপ্তানীর সামগ্রী নহে; তাহাদের অধিকৃত

দেশসমূহে কি নিরমে কাজ চলিতেছে, দে বিষয়ে ভাহারা সহজে অমুসদ্ধান ক্রিতে চাহে না ; তাহারা দর্বএই গতামুগতিক এবং এেট্-ব্রিটেনের বাহিরে অনিয়ন্ত্রিত প্রভূ।*

শ্রীজ্যোতিরিক্সনাথ ঠাকুর।:

বীরকুঙর।

খাস বাঙ্লায় গোপজাতির বাছবলস্থন্ধে य स्नाम हिन, हेमानीः ठाश त्नां सहेया আসিতেছে। গৌড় বা গোড়ো পোয়ালারা বঙ্গীয় জমিদারশ্রেণীর লাঠিয়াল সৈতাদলের মেরুদ গুস্তরূপ ছিল এবং ২৫।৩০ বৎসর পুর্বেপ্ত বিত্তর দালাহালামা প্রধানত তাহাদের সহ-কারিতার ঘটিরাছে। দওাবিধির কঠোরতা অথবা ম্যালেরিয়ার বিষ,কাহার প্রতাপ বেশী, বলা যায় না; কিন্তু যে কারণেই হউক, বাঙ্লার এই শূরবীর জাতি অধুনা দলিত-ফণাভুজন্বং কেমন নিজ্জীব হইয়া গিয়াছে। এখন আর গোয়ালা শুরোচিত বাহুৰলের ধার ধারে না, তবে সাধারণত পুর্কের মতই কাওজানবৰ্জিত। গোয়ালিনী-কি স্ক ঠাকুরাণীর চিরদিনের যশটুকু আঞ্চিও অকুগ্ন আছে। তিনি ককে হগ্মভাত অথবা শিরো-**ए**न्स्य प्रिक्त भाषा नहेशा शृक्ववरहे किति করিয়া বেড়াইতেছেন। কথায় ছল এবং হথ্বে ৰূপ কিন্তু আগেকার চেমে মাতায় বাড়িয়াছে !

বেহার,এবং ছোটনাগপুরে গোপজাতির ইতিহার্গ পূর্বাপর সমান। তাহাদের অনেকে

সেই পুরাকালের মত কৌপীন বা নাম্মাত্র বস্ত্রথত্তে কটিদেশ আবৃত করিয়া গোমহিক চরাইয়া 'বাথানে' বিনিদ্র রজনী যাপন कतिराउटह। वानक, यूवा, वृक्ष, क्युव्यूईएः শৈলমালার সামুদেশে, নিবিড় বনজন্পলের নিভূতে, নিৰ্ভয়ে কঠে শ্ৰায়মান ধাত্ৰ অথৰা দারুনির্মিত ঘণ্টা পরিহিত 'ধুরজানোয়ারের" 'রাথোয়ারি' করিয়। ফিরিতেছে, তাহার সময়-অসময় নাই। সচরাচর দেখা যায়. গোপদন্তান চারণরত-মহিদপুঠে অবলীলা-ক্রমে উপবেশন বা শগন করিয়া নিজের সম্পাদন করিতেছে। কদাচিৎ তাহার কণ্ঠনিঃস্ত 'লোরিক' মলের বীর-গাথা বিচিত্রস্থরে পাহাড়জঙ্গল প্রতিধ্বনিত করিয়া তুলিতেছে। দেখিয়া শনে হয়, সমাজস্তীর প্রভাতে ইহাদের যে অবস্থা ছিল, কাল জয় করিয়া তাহা অব্যাহত আছে i ভারতবর্ষের প্রায় সর্বত্ত গোপজাতির শ্রেণীতে বিভক্ত। ইহারা পাচ

ভারতবর্ষের প্রায় দর্মত গোপজাতির বাস। ইহারা পাঁচ শ্রেণীতে বিভক্ত। ঘোষী, কিষণোৎ, মজরোট, চোঠাহা এবং গোড়িয়া। ইহার ভিতর আচারে-বাবহারে ঘোষীদের প্রাধান্ত, অক্সান্ত শ্রেণীর মত ইহা-

^{*}গত আবদের "আজিকার ভারতবর্ব" প্রবন্ধের ১৮৫ পৃষ্ঠার দ্বিতীয় কলমের ১৫শ ছত্রে ভোজনাগার স্থলে অম-ক্ষম ভুজনাগার হইরাছে।

দের মধ্যে বিধবাবিবাহ প্রচলিত নাই।
কিন্তু চালচলনের খুঁটিনাটি ধরিলে পাঁচ
শ্রেণীকে সম্পূর্ণ বিভিন্ন বলিয়াই মনে হর,
কিন্তু এক বিষয়ে ইহাদের মধ্যে চমৎকার
প্রক্য বন্ধন আছে।—তাহা শোর্যবীর্য্যের
উপাসনা। যে কয়টি বাৎসরিক পর্ক শ্রেণীনির্কিশেষে তাহাদের ভিতর অমুষ্ঠিত হয়,
সকলই শ্রবীরের কাহিনীর সঙ্গে জড়িত।
'লোরিকে'র গান যতই অভুত হউক, তাহার
প্রতিপদে কেবল শক্তিসামর্থ্যের জরোচ্চারণ।
বীরকুঙর গোয়ালাদের আর একটি দেবতা
এবং নির্ভীক সাহসিকতার জন্তুই তাহার
প্রসিদ্ধি।

তিলকোনায়ী গোপকভার গর্ভে মংরি বাধান গ্রামে বীরক্ভরের জন্ম হয়। বধানসময়ে কুমদার গ্রামের বদান ক্ষীরহের কভার সহিত তাহার বিবাহ হইয়াছিল। কিন্তু বার বংসর উত্তীর্ণ হইয়া গেল, 'গওনা' বা দিরাগমন হইল না। ইহাতে খণ্ডর চিন্তিত হইয়া জামাতাকে চিঠি লিখিলেন। ছইতিনবার পত্র লিখিয়া উত্তর না পাওয়ায় বদান ক্ষীরহর একটা শক্ত দিব্য দিয়া জামাতাকে নিমন্ত্রণ করিয়া পাঠাইল।

বার বরিষ বিতলো গওনা ও বিরা কড়ু নহি আইলা কুমদার বন্তরার।

কিন্তু মাতা সহজে পুত্রকে খণ্ডরালয়ে যাইতে দিবেন না। এখন তাড়াতাড়ি কি, চৈত্রমাস আহকে, 'হধিয়া গহম' পাকিয়া উঠুক, তখন মাল্লেপুর বাজারে দইহুধ বেচিয়া গহম কিনিব, তাহা দিয়া 'পুগা' (পিঠা) প্রস্তুত করিয়া দিব, তখন বভরার যাদ্ বাপ্ আমার!

মাইদে আইলো পুছে মন হামার
উলরল কুমদর খণ্ডরার
থণের পং ভেজাওল বসন ক্ষীরহর
লুরে বাথান, হামরা বড়া বুঝা গ্রান্।
মাই বোলা কি দিন বিতা স্বদিন
আপ্রাদে চৈৎ মাহিনা,
ছবিয়া গহম উপজেহে এ দেশমে বহৎ,
মান্নেপুর বাজারদে লাইব ছ্র্থদহি বেচকে
ছবিরা গহম,
ওক্রে দেব পুয়া পাকার
প্রেণ হেলিতা কুমদের কো সল্লেশ।

কিন্ত বীরক্তর মাতার আদেশ গ্রাহ্থ না করিয়া যাওয়াই স্থির করিল এবং গৃছে বল-প্রকাশ করিয়া পাথেয় সংগ্রহ করিয়া লইল। গানের কয়টি ছত্রে কাণ্ডজ্ঞানহীন গোপষ্বার চরিত্র কেমন সুটিয়া উঠিয়াছে:—

> জবরদন্তি হেলল বীরকুঙর শিরাঘর ভাগুার, গারদা কড়ি খা সে কাঢ় লেল গেঁঠ লাখার ।

এইরপে প্রস্তুত হইরা বীরকুঙর খণ্ডর-গৃহে যাত্রা করিতেছে, এমন-সমর ছারপথে হাঁচি পড়িল। মা অকুশল আশঙ্কা করিয়া আবার ছেলেকে বারণ করিল এবং প্রতিশ্রুত হইল, তাহার পিতাকে পাঠাইরা হিরাগমন করাইবে।

নিকসল বীরকুঙর গরওয়াজেকে
নজীগ্ছিক পড়লক।
মাই কহে লাগলই রে বেটা
মং বাও, কুমদার খণ্ডরার।
তোরা বাপ্কে ভেলাগেকে
রোক সোদি করারকে লাগেহে।
ছিক পড়লক, তুমহারা জান্সে
ওয়ারা নহি ছার।

পথে প্রাণের ভর আছে, মাতার মুথে শুনিরা বীরকুঙর বলিল, পৃথিবীতে কে এমন মান্ত্র আছে, যে আমার মারিবে! বীরকুঙর কহলক, ধরিতামে কে জনম লেল বরিয়ার মান্ত্র

ভনম লেল বরিয়ার মাতু সে হমারা মারত্।

তথন মাতার কাছে বিদায় হইয়া যাইতে পথে মহিষেরা তাহার পথ আগুলিরা দাঁড়াইল—কুমদার খণ্ডরার যাওয়া হইবে না। কে আমাদের সেবা 'বরদান্ত' করিবে? বীরকুঙর রাথালদের উপর তাহাদের সেবাশুশ্রমার ভার দিয়া ছইচারি প্রহরের জ্ঞা
রওনা হইয়া গেল!

এত্না কহেকে হ'রাসে চলল বীরকুঙর,
রাত্তাপর গোলত ভাইস সব ছেঁকে
মং যাও তু কুমদার খণ্ডরার।
কে হামারা সেবা বরদাত্ত করেপা।
বীরকুঙর ভাইসকে হাঁককে
লে আওল বাগান।
আকর, বাগরেং সবকে কহা যে
ছইচার পহর হামারা ভাইরা রামকো
রাখো বিলমাকে।
হাম্কুমদার খণ্ডরার সে চল আও
ছচার পহরকে লোট্কে।

এখন মধ্যক্ নামে ভূঁইয়া কুমদার অঞ্লে শ্রবীর বলিয়া প্রাসিদ্ধ ছিল। বারবৎসর পূর্বে মরিয়া সে ভূত হইয়াছে। তাহার প্রেতায়া বীরকুঙরের সঙ্গ লইল। মামুবের রূপ ধরিয়া সে পথে বীরকুঙরের সহিত আলাপপরিচয় করিয়া লইল এবং একটু 'থইনি' তামাক ভিকা করিল—"একথিলি খইনি থিলায় লেও ত যাও।" বীরকুঙর তাহার প্রার্থনা ত পূর্ব করিলই না, তার

উপর কুমদারের সীমানায় পৌছিয়া খুব এক-চোট কুন্তি থেলিল।

মারে তাল বীরক্তর সম্সে কুমদার উঠে আক্ষকাল।
ইহাতে মহুযার পী ভূতের বড় রাগ হইল।
মধুযক্ আকর কহে মারল গেল মাৎ
আওর হরল তোর গেরান।
বারবরিধ মধুযক্কে মরণা ভেলই
কভি নেহী কই হাঁত রোপাই, সরম ধেলইল
মুন্তি তোর জীব আনু মারল ঘাইতো।

এই অভিশাপ ও ভরপ্রদর্শন বীরকুঙ্র গ্রাহ্য করিল না দেখিয়া মধুযক্ বসান ক্ষীরহরের বাথানে গেল এবং তাহার সর্কোৎকৃষ্ট মহিষ চুরি করিয়া জললে বাধিয়া রাথিল। ইহাতে শশুরের মন থারাপ হওয়ায় সে জামাতাকে ভালরপ আদর-অভ্যর্থনা করিল না। বীরকুঙর সকল শুনিয়া জললে চলিয়া গেল এবং মহিষকে উদ্ধার করিয়া ফিরিয়া আসিতেছিল, এমন সমরে মধ্যকের প্রেতাক্মা দেই বনবাসী এক ব্যান্তকে বলিয়া দিল যে, তাহার মুথের শীকার কে কাড়িয়া লইয়া যাইতেছে। তথন বাঘ আসিয়া বীরক্তরের পথরোধ করিল এবং উভয়ে তর্ক আরম্ভ হল।

তব বীরকুওর বোলাকি জানকে ডর স্থার তো জালগ হো যাও। তব না বোলা বাঘ কি হাম্হ বাঘিনকে হুধ পিলোঁ।, আর ডোহো আহীরীন্কো হুধ পিলে তব্ হামারাসে লড়কে লে যাও।

বুদ্ধে পরাস্ত হইয়া ব্যাদ্র বীরক্তরের হত্তে প্রাণত্যাগ করিল। দেখিয়া ভূত ব্যাদ্রপদ্ধীর—নাম তাহার পুলি—নিকট উপস্থিত হইল এবং কহিল—

সন্থা কি তোর শিরকে সিদ্র হরলে আহীরা চলল বাও, তোঁ কি বৈঠল হৈ নিচিত্ বদলী আইল, মার দে।

বাঘিনীও বীরকুঙরের সঙ্গে লড়াইরে হারিয়া স্বামীর সহগামিনী হইল। তথন বীরকুঙর শশুরের হস্তে মহিষ সমর্পণ করিল। আহারাদি করিয়া গৃহে শয়ন করিয়াছে, এমন-সময়

> আদ্মীকে স্বরূপ হোকে মধুযক্ বোলে বীরকুঙরকে বৃঝার, নরদকে জনমল হোর দে বীরকুঙর বাধান যাকে শুডে।

আর কেহ হইলে মন্ত্র্যরূপী ভূতের এই গালি গায় মাধিত না, কিন্তু গোপবীর বীর-কুঙর ইহাতে অধীর হইয়া উঠিল এবং সেই রাত্রে গৃহ ছাড়িয়া বাথানে গিয়া শয়নকরিল। ভূত তথন বাবেদের "বাচ্চা"কে উজেজিত করিয়া বাথানে আনিল। ব্যাঘশিশু ভয়ে কাছে আসিতেছে না দেথিয়া মধুষক্ বীরকুঙরের নিজাভঙ্গ করিল এবং তাহার চক্ষে ধূলিমৃষ্টি ছড়াইয়া দিল। অভঃপর "বাঘকে বাচ্চা" অনায়াসে বীরকুঙরের বুকে উঠিয়া তাহার কঠনালী বিদীর্ণ করিয়া দিল। বীরকুঙর মন্ত্র্যাদেহ ত্যাগ করিল।

তার পর সেও ভ্তযোনি প্রাপ্ত ১ইল। সেই অবস্থার স্ত্রীর সহিত দাক্ষাং করিয়া বীরকুঙর শশুরকে নিজের হত্যাকারী বলিয়া অভিযোগ করিতে ছাড়িল না। কিন্ত স্ত্রীর কাছে দম্দর বৃত্তান্ত শুনিয়া অমুরোধ করিল বে, কাত্যায়নী মাতার নিকট হইতে তাহার প্রত্যাগমন প্রয়ন্ত থেন মৃতদেহ দমাধিত্ব না করা হর্।

এত্না শুন বীরকুঙর কছে তিরিয়াকে কি হামার মাটাকে আভি মজলিস মৎ করেদে হাম দেবী মাই কাতানেকা আস্থান বাই। 'আস্থানে' গিয়া কাত্যায়নী মাতার ভূতরূপী বীরকুঙর কিছু-কিছু উপত্রব আরম্ভ করিল। কাত্যায়নীর দাসী — ভিরগ-বেটা তিরায়েন—দে গৃহমার্জনা করিতে যাইতে-ছিল, তাহার জলের কলস ভাঙিয়া দিল; মালিনী ফুল লইয়া আসিয়াছিল, তাহার ফুল टक लिया फिल। কিন্ত কাত্যায়নী মাতা পীতাম্বরমণ্ডিত অপরূপ শৃত্তমার্গে মোরঙ্গদেশ যাত্রা করিতেছিলেন, বীরকুঙরের কথা ভনিয়াও তাহাকে দর্শন पिट्यम ना।

> এ সব শুন্কে দেবী মাই কাতানে মোরঙ্গ দেশ করে চড়াহেন। লালি লালি ডোলিয়। আওর শীতাখর পড়ে প্রার, বিসু কাহারকে ডোলি লাগে আকাশ।

পাধীর রূপ ধরিয়া বীরকুঙরও আকাশে উঠিল এবং ডুলির লখা বাঁশ ধরিয়া ফেলিল। ইহাতে দেবা কাত্যায়নী বড় বিরক্ত হইলেন।

> কোন্ ঐছন মরত। ভ্বনমে জনম লেল যে হামার ডোলি দেলক বিল্মাকে।

বীরকুঙর কাতর প্রাথনা করিণ—"মা কাত্যায়নি, তুমি মোরঙ্গদেশ চলিলে, আমার মৃতদেহ এখনও কুমদার বাথানে পচিতেছে। মাগো, আমায় যশ দিয়া যাও।" দেবী প্রতিশ্রুত হইলেন মোরঙ্গদেশে মোগল-পাঠানদের জয় ও নিজের পূজা প্রচার করিয়া আসিয়া তাহাকে বর দিবেন'। বীরকুঙর তথাপি ছাড়িল না, দেবীর সঙ্গে সঙ্গে মোরঙ্গ-দেশ গেল। সেথানে যুদ্ধ করিয়া অনেক বাছা বাছা মোগলপাঠানকে হারাইয়া দিল।
মহামারীর স্পৃষ্টি করিয়া কাত্যায়নী মাতা
মোরক্দদেশ উৎসন্ধ দিবেন শুনিয়া সহজেই
তাহারা পরাক্ষর স্বীকার করিল। তথন
বীরকুঙর দেবীমাইয়ের নিকট প্রার্থনা করিল
যে, তাঁহার দাসী তিরগ-্বেটা তিরায়েনের
সহিত তাহার বিবাহ দিয়া দেন। ভূতে
এবং মায়ুষে কি করিয়া সংসারধর্ম চলিতে
পারে, এই আপত্তি ভূলিয়া কাত্যায়নী প্রথমত
বর দিতে অসম্মত হইয়াছিলেন, কিন্তু শেষে
আর উপেক্ষা করিতে পারিলেন না। কেন না,
তব্ বোলে বীরকুঙর, পে মাই

দে হামারা সঙ্গ লাগার, হম ভুড বানায় লেব।

তথন বিবাহ করিয়া বীরকুঙর পত্নীকে লাঠির নৌকায় গঙ্গাপার করিতে গেল।
ইহাতে তিরগ্-বেটী তিরায়েন জ্বলে ডুবিয়া
মরিল। স্ক্তরাং বীরকুঙরের অভীষ্ট সিদ্দ ইইল। কেন না, সে সহধর্মিণীকে ভূত বানাইয়া লইতে পারিয়াছিল।

এই কাহিনীকে ভিত্তি করিয়া গোপজাতি প্রতিবৎসর কার্ত্তিকী অমাবস্থার
পরদিন যে পর্ব্বাহ্ণান করে, তাহার নাম
সোহরাই। সেদিন বেহার এবং ছোটনাগপুরের প্রত্যেক পর্নী পর্ব্বোৎসবে মাতিয়া
উঠে। প্রভাতে ঢাকঢোলের যে দক্ষ গ্রামপ্রাম্ভ হইতে উথিত হয়, মধ্যাহ্রের পর তাহা
সর্ব্বে প্রতিধ্বনিত হইয়া উঠে। তথন সকলে
একট গৃহপালিত শৃকরকে ভূত মধুযকের
প্রতিনিধি করিয়া বাঁধিয়া প্রভার স্থানে
লইয়া আ্রে, এবং গোমহিবদের নিকট হইতে
তাহাদের বৎসগুলি বিচ্ছিন্ন করিয়া তফাতে

রাখিয়া দেয়। পূজা শেষ হইলে গাভীদের ছাড়িয়া দেওয়া হয়। পরে রক্ষ্ বন্ধ বরাহটিকে টানিয়া কাছে এরূপ ভাবে লইয়া যাওয়া হয়. যাহাতে মাতার দল তাহাদের অনিষ্টাশকা সহজেই উন্মত্তবৎ হইয়া উঠে। তথন সেই সমবেত গাভীর দল একযোগে শুকরের প্রতি ধাবিত হয় এবং মুভ্রু ভ তাহাকে শৃঙ্গাঘাত করিতে থাকে। শকর যন্ত্রণায় যত চীৎকার করে. বাজোগুমের ঘটা তত বাডিয়া উঠে এবং সেই সঙ্গে গোপসম্ভানগণের আনন্ধ্বনিতে চারিদিক কম্পিত হইতে থাকে। জন্তমধ্যে বরাতের প্রাণ বোধ করি সকলের চেয়ে কঠিন, সহজে বাহির হয় না। অতএব এই বীভংশ দুখা হুৰ্যান্ত পর্যান্ত থাকে।

কর বৎসর হইল, কোয়েলনদীর তীরে এই নিষ্ঠর পর্কোৎসব দেখিয়াছিলাম। ক্ষীণ-স্রোত কল্লোলিনীর উত্তর তীরে মহুয়াকুঞ্বের ঘনচ্চায়ায় বদিয়া বদিয়া জলক্রীডারত পক্ষী-দের প্রতি অভ্যমনস্কভাবে চাহিয়া ছিলাম।--দুরে পালামৌর কুদ্র স্থনীল শৈলমালা;তাহার পশ্চাতে রোহিতাশ্ব-পর্বতশ্রেণীর ঘনকৃষ্ণ ছায়া-সহসা অপর পারে বাগ্যভাও বাজিয়া উঠিল, এবং সৈকতভূমিতে অসহায় রজ্জুবদ্ধ শৃকরের দিকে রোষপরায়ণ গাভীর দল বেগে আমার সেধানে অপেকা ধাবিত হইল। করার সময় বা প্রবৃত্তি ছিল না। অপরাছে পথে যাইতে যত গ্রাম অতিক্রম করিলাম, সর্বত্য ঢাকঢোলের শব্দ এবং আর্ত্তপশুর চীংকার কানে বাজিতেছিল।

শ্রীশাচক্র মজুমদার।

অপূৰ্ৰ মিলন।

1712 CH

কাছে যতদিন থাক ততদিন কতটুকু তোরে পাই ? তোমার রূপের আডালে স্থিরে তোমারে হারারে যাই ! মুরতির মাঝে খুঁ জিয়া তোমারে মিলে না তোমার দেখা; তোমারে বেড়িয়া রূপটি তোমার দাঁড়াইয়া থাকে একা। ঘনাইয়া আসে মোহের আবেশ, ভরে' আসে ছটি মাঁখি;---মুঢ়ের মত বিশ্বরে হত विश्वन श्रम थाकि। বুঝিতে পারি না বুঝাতে পারি না, कहिएक পात्रि ना कथा; চোখে জাগে তথু ছবিখানি তোর हिर्देश कारण अधू वाथा। ছবির আড়ালে রূপের আড়ালে তোমারে হারায়ে যাই: কাছে যতদিন থাক ততদিন তোমার দেখা না পাই।

দ্রে, কতদ্রে আছ তুমি আজি
হেথার আমি যে একা,—
তব্ তোর সাথে দিবসের মাঝে
শতবার করি দেখা।
পিরীতি তোমার ম্রতি ধরিয়া
আরতি করিছে মোরে;

রস-অনুরাগ-অগুরুগন্ধে
হাদয় উঠিছে ভ'রে।
কাছে থাক ববে মিলে না মিলন
দূরে গেলে মিলে তবে;
অপরূপ এই মিলনের রীতি
কে ভনেছে বল কবে?
চোথের দেখায় দেখা হয় না য়ে,
মরমের মাঝে দেখা;
হিয়ার পরতে তপ্ত নোণিতে
মরণ-অধিক লেখা।
পরাণের সাথে পরাণের দেখা
নাম সে বাহার প্রেম—
মূলা যাহার পরশ্যাণিক
তুলা নহে সে হেম।

প্রীয়তীন্দ্রমোহন বাগচী।

বক্তিয়ার খিলিজির বঙ্গবিজয়।

সচরাচর যে সকল গ্রন্থ বাঙ্লার ইতিহাস বলিয়া বিস্থালরে অধ্যাপিত হইয়া থাকে, তাহাতে দেখিতে পাওয়া যায়,—>২০৩ ইষ্টান্দে পাঠান-সেনাপতি বক্তিয়ার খিলিজি সগুদল অখারোহী লইয়া বাঙ্লার রাজধানী নবহীপনগরে উপনীত হইবামাত্র, নব-দীপাধিপতি বৃদ্ধ লাক্ষণ্য সেন রাজ্য ও রাজধানী পরিত্যাগ করিয়া, অস্তঃপুর হইতে উর্দ্বাদে প্লায়ন করেন।

এই কাহিনী বাঙালীর পুরাতন সাহিত্যে দেখিতে পাওরা বার না। কিন্ত ইহা আধু- নিক বঙ্গসাহিত্যের পঞ্চে-গতে গল্লে-উপভাসে পাঠকসমাজে স্থপরিচিত হইয়াছে। বঙ্গ-দেশের পুরাতন জনশ্রতি হইতে এই কাহিনী গৃহীত হইলে, পুরাতন সাহিত্যেও ইহার আভাস থাকিত। অভ্য কোন প্রমাণ না থাকিলেও, এ দেশের পুরাতন জনশ্রতি বলিয়া ইহাকে ঐতিহাসিক সত্য বলিয়া মানিয়া লইতে হইত।

কোন্ সময়ে কি হতে এই কাহিনী বন্ধ-সাহিত্যে প্রথমে স্থান প্রাপ্ত হয়, তাহা নির্ণয় করা কঠিন নহে। যাঁহারা বন্ধসাহিত্যের ইতিহাস আলোচনা করিয়া দেখিবেন, তাঁহারা সকলেই স্বীকার করিবেন,—আধুনিক বঙ্গবিভালয় প্রতিষ্ঠিত হইয়া তাহাতে
ইতিহাস অধ্যাপিত হইবার পূর্ব্বে এই
কাহিনী বঙ্গসাহিত্যে প্রবেশলাভ করে
নাই। প্রথমে বিভালয়ে, পরে শিক্ষিতসমাজে এবং ধীরে ধীরে জনসাধারণের মধ্যে
এই কাহিনী ক্রমশ বিস্তৃতিলাভ করিয়াছে।

যাঁহারা প্রাচীন গ্রীক 9 সামাজ্যের ইতিহাস অধ্যয়ন করিয়া, বাঙালীর ইতিহাদ না জানিয়া, বাঙালীকে ভীক ও কাপুরুষ বলিয়া গ্রন্থরচনা করিতে ব্যস্ত रहेमां डिठियाছिलन, ठांशता এই कारिनीत উল্লেখ করিয়া স্থমত-সমর্থনের স্থযোগ প্রাপ্ত হন। যাঁহারা তাহাতে মর্মাহত, তাঁহারা নব্ৰীপাধিপতির নামোল্লেথ করিয়া নানা কটু-কাটবাপ্রয়োগে মর্মাদাহ শাস্ত করিবার কেই। করেন। যাহারা এরূপ অসম্ভব কথা মানিয়া লইতে অসমত, অথচ প্রমাণপ্রয়োগে প্রতিবাদ করিবার জন্ম চেষ্টাশূন্স, তাঁহারা একজন হিন্দুনরপতির এরপ গুরপনেয় কলঙ্ক কিয়ৎপরিমাণে অপনোদন করিবার আশায় লিথিয়া ্যান,--বুদ্ধ নরপতির বিশেষ অপরাধ ছিল না; কৃতম মন্ত্রিদলের বিশ্বাসঘাতকতার এবং ব্রাহ্মণগণের উপদেশে এরূপ ঘটনা সংঘটিত হইয়াছিল। এইরূপে বঙ্গদাহিত্যে বক্তিয়ার থিলিজির বঙ্গবিজয়ব্যাপার নানা-ভাবে কীৰ্ত্তিত হইয়া বাঙালীর পরাজয়কলঙ্ক ত্রপনের করিয়া তুলিয়াছে।

বাঁহারা বঙ্গাহিত্যের অধিনায়ক, সেই সকল থাতনামা লেথক এইরপে বাঙ্লার শেষ স্বাধীন হিন্দুনরপতির কলঙ্কঘোষণা করায়, তাঁহা এক্ষণে প্রবাদবাক্যের স্থায়

সর্বত স্বীকৃত হইয়া পড়িয়াছে। এ কলঙ্ক আদৌ সত্য কি না এবং সত্য হইলে ইহার কতটুকু সত্য, এখন আর সে কথার বিচার করিবার জন্ম বিশেষ আগ্রহ দেখিতে পাওয়া যায় না। ইতিহাস যাহার ললাটে ভীক ও কাপুরুষ বলিয়া গুরপনেয় কলন্ধচিত্র অন্ধিত করিয়া দিয়াছে, সে সভ্যব্দগতের নিকট লজ্জায় মুথ তুলিয়া দাঁড়াইবার সাহস হারা-ইয়া, মুথ ফুটিয়া প্রতিবাদ করিতে না পারায়. এ বিষয়ের প্রকৃত তথ্য নির্ণীত হইবার অস্ত্রবিধা হইয়াছে। এই কাহিনী যথন বঙ্গসাহিত্যে প্রথমে প্রবেশলাভ করে. তথন ঐতিহাসিক তথাাত্মদ্বানের আগ্রহ সমুচিতভাবে বিকশিত হয় নাই। অনেকের নিকট হস্তলিখিত বা মুদ্রিত পুস্তকের কথা অকাট্য প্রমাণ বলিয়া পরি-চিত। কোন পুরাতন পুত্তকে কিছু লিখিত থাকিলেই হইল, তাহার সত্যমিথ্যার আলো-চনা অনাবশুক, মিথ্যা হইলে পুপ্তকে লিখিত বা মুদ্রিত হইবে কেন,—অনেকে এখনও এরূপ তর্ক উত্থাপন করিয়া থাকেন। স্বতরাং এই কাহিনী বঙ্গদাহিত্যে প্রবেশ করিবার সময়ে ইহার সভামিথ্যার বিচার হয় নাই বলিয়া বিশ্বিত হইবার কারণ নাই।

বিচারে বিলম্ব ঘটিয়া তথানির্ণয়ের 'অম্ববিধা ইইয়াছে। কিন্তু বিলম্ব ঘটিয়াছে বলিয়া
তথ্যনির্ণয়ের আশা একেবারে তিরোহিত হয়
নাই। বিচারে প্রবৃত্ত হইলে, যে সকল
প্রশ্নের মীমাংসা করা প্রয়োজন হইবে, তাহা
এই:—

(১) এই কাহিনীর মূল কোথার?
(২) বৃদ্ধ পলায়নপর নব্দীপাধিপতির নাম

কি ? (৩) কোন্ সময়ে এই ঘটনা সংঘটিত হয় ? (৪) তৎকালে নবদ্বীপে রাজধানী ছিল কি না ? (৫) নবদ্বীপ কোন্ সময়ে কি স্ত্রে মুসলমানের হস্তগত হয় ?

এই দক্ল প্রশ্ন জটিল হইলেও, পুরা-তরানুদন্ধানপরারণ পণ্ডিতবর্গের অধ্যবদায়ে এপর্যান্ত যে দক্ল প্রমাণ আবিষ্কৃত হইরাছে, তাহা এই কলঙ্কশালনের পক্ষে যথেষ্ট।*

বক্তিরার থিলিজি সম্বন্ধে শিশুপাঠ্য ইতিহানে বিশেষ কিছু জানিবার উপায় নাই। স্থতরাং তাঁহার নামে কেহ কোন রচা-কথা প্রভার করিলেও, তাহার প্রতিবাদ করা কঠিন হইয়া পড়ে। বক্তিয়ার থিলিজির বঙ্গবিজয়দম্বন্ধে ঐতিহাদিক-তথ্য-নির্ণয়ের উপযোগী যে দকল প্রমাণ এপর্য্যন্ত আবিষ্কৃত হইয়াছে, তন্দ্বারা যে দকল দিক্কান্ত অনিবার্য্য বলিয়া স্বীকার করিতে হয়, তাহা এই:—

(ক) সপ্তদশ অশ্বারোহীর নবরীপ-অধিকারের কাহিনী জনৈক বৃদ্ধ মুসলমান দৈনিকের মুথে প্রবণ করিয়া মিন্হাজ উদ্দীন
স্বকৃত "তবকাং-ই-নাদেরী"নামক ঐতিহাসিক গ্রন্থে সন্নিবিপ্ত করেন। তাহার অভ্য কোন প্রমাণ নাই। সেই প্রথম, সেই
শেষ। পরবর্ত্তী গ্রন্থকারগণ তাহারই প্নফুলিক করিয়া গিয়াচেন।

(থ) লাক্ষণ্যনামক কোন নরপতির বঙ্গ-^{দেশে}র অধিপত্তি থাকার প্রমাণ নাই। সেনরাজবংশে এই নামের কেহ সিংহাসনে আরোহণ করেন নাই।

- (গ) ১২০৩ খৃষ্টান্দে বক্তিয়ারের বঙ্গাগমন বিশ্বাস করা যায় না। কারণ, মুসলমান ইতিহাসলেথকের মতে বক্তিয়ার দ্বাদশ-বৎসর বঙ্গদেশ শাসন করিয়া ১২০৫ খৃষ্টান্দে বঙ্গদেশেই পরলোকগমন করেন। স্থতরাং ১২০৩ খৃষ্টান্দের পূর্বেই বক্তিয়ার বঙ্গদেশে উপনীত হন।
- (ঘ) বক্তিয়ার থিলিজির মৃত্যুকালঃ
 পর্য্যস্ত নবদীপ হিলুরাজ্যভুক্ত একটি বিভাগঃ
 বা "বিষয়" ছিল, তথায় কোন রাজা বা
 রাজধানী ছিল না। লক্ষ্মণাবতী, লক্ষ্মের ও
 বিক্রমপুরে তিনটি রাজধানী ছিল।
- (৬) বক্তিয়ার খিলিজি সম্রাট্ কুতব-উদ্দীনের নিকট যে সনন্দ প্রাপ্ত হন,তাহাতেও তাহাকে লক্ষণাবতী অধিকারের ক্ষমতা প্রদান করা হয়। তাহাতে নবদ্বীপের নামোল্লেখ নাই।
- (চ) তৎকালে লক্ষণাবতীর অধীন বরেক্সভূমি, লক্ষোর রাজধানীর অধীন রাচ্ভূমি ও
 বিক্রমপুরের অধীন বঙ্গভূমি (পূর্ববঙ্গ)
 অবস্থিত ছিল। বাগ্ড়ি অর্থাৎ মধ্য ও দক্ষিণ
 বঙ্গের কিয়দংশ রাচ্ ও কিয়দংশ বঙ্গের অন্তর্গত
 ছিল। স্থতরাং সেকালের নবদ্বীপ রাচ্যের অধিকারভূক্ত ছিল। তাহা কোন সময়েই বরেক্সভূমির বা লক্ষণাবতীর অন্তর্গত ছিল না।

^{*} কলককাহিনী বঙ্গণাহিত্যে স্থপনিচিত ছইলেও, এই সকল প্রমাণ স্থপরিচিত নহে। ডজ্জ্জ্ব এখনও গল্পে-উপফাসে এবং মাসিকপ্রের প্রবৃদ্ধ অনেক বাঙালী লেগক এই কাহিনীকে ঐতিহাসিক সভারূপে বিবৃত করিয়া ভবিদ্যংকালের ইতিহাসলেখকের সমালোচনা-শ্রম বিদ্ধিত করিতেছেন। বিগত চৈত্রসংখ্যার "নবপ্রভা" পত্রে খ্যাতনামা লেখক শ্রীধর্মানক মহাভারতী মহাশয় 'বিহাল দেন' শাবক প্রবৃদ্ধেও এই পুরাতন কাহিনীকে ঐতিহাসিক সভারূপে মানিয়া লইয়াছেন।

(ছ) বক্তিয়ার খিলিজি জীবিত থাকিতে বরেক্রের কিয়দংশমাত্রই মুসলমানের অধিকারভুক্ত হয়। তাঁহার মৃত্যুর পর রাঢ় পরাজিত হয় এবং বক্তিয়ারের বঙ্গাগমনের ৬০ বংসর পরেও মুসলমান ইতিহাসলেথক বঙ্গ (পূর্ক্বঙ্গ) হিলুরাজার অধিকারভুক্ত থাকে, ইহা স্বচক্তে দর্শন করিয়া স্বরচিত ইতিহাসে লিপিবজ্ব করিয়া গিয়াছেন।

এই সকল সিদ্ধান্ত কোন কোন প্রমাণ-মূলে কিরূপে পণ্ডিত্রমাজে স্বীরুত হইয়াছে, তাহার আলোচনায় প্রবৃত্ত হইবার পূর্বে বক্তিয়ার থিলিজির সংক্ষিপ্ত জীবনকাহিনীর আলোচনা করা আবগ্রক। এই আলো-চনায় প্রবৃত্ত হইবার পূর্বেই বলিয়া রাখি,— মুদলমানলিখিত ইতিহাদে বাঙালীর পুরাবৃত্ত নিতান্ত সংক্ষিপ্তভাবে আলোচিত হইয়াছে; তাহাতে অনুসন্ধিৎসা পরিতৃপ্ত হয় না। সে ধুগে বাঁহারা ইতিহাসরচনা করিয়া গিয়াছেন. তাঁহারা বিচারবুদ্ধির সহায়তা গ্রহণ করেন नारे; यारा अनियाद्यन, यारा आनियाद्यन, যাহা দেখিয়াছেন এবং যাহা অনুমান করিয়া-ছেন, তাহাই অবলীলাক্রমে লিপিবর করিয়া গিয়াছেন। ভারতবর্ষের ইতিহাসে প্রসক-ক্রমে যিনি বঙ্গভূমির কথা যতটুকু লিখিয়া গিয়া-ছেন, তাহাই বাঙ্লার ইতিহাসের অবলম্বন। বক্তিরার খিলিজির সমসময়ে কোন মুসলমান লেথক বাঙ্লার স্বতম্ব ইতিহাস লিপিবদ্ধ করেন নাই; করিয়া থাকিলেও সেরূপ গ্রন্থ বর্ত্তমান নাই। স্বতরাং বক্তিয়ার থিলিজির দিখিজয়দম্বন্ধে অধিক কিছু জানিবার উপান্ন নাই।

5 २७० थृष्टीत्मत ममकात्न व्यात्-छमत्र-

মিন্হাজ উদ্দীন "তবকাৎ-ই-নাদেরী"নামক ইতিহাসের বিংশতিতম অধ্যায়ে বঙ্গভূমির যে সংক্ষিপ্ত বিবরণ প্রদান করিয়া গিয়াছেন. তাহাই মুসলমানলিখিত বাঙ্লার ইতিহাসের আদিগ্রন্থ। অষ্টাদশ শতানীর শেষভাগে মালদহপ্রবাসী গোলাম-হোসেন-সঙ্কলিত "রিয়াজ-উস্-সলাতিন"নামক বাঙলার আগুম্ভের ধারাবাহিক আর কোন গ্রন্থ মুদলমানকর্ত্ক,লিখিত হয় নাই। মিন্-হাজের গ্রন্থের ইংরাজী ও গোলাম হোসে-নের গ্রন্থের বাঙ্লা অমুবাদ প্রকাশিত হই-য়াছে। কিন্তু ইহার কোন গ্রন্থেই গৌডীয় হিন্দুদাত্রাজ্যের বিশাসযোগ্য ইতিহাস প্রাপ্ত হওয়া যায় না। অন্তান্ত প্রমাণবলে সেকালের ইতিহাদের ছায়ামাত্র ঈষৎ প্রতিভাত হইতে পারে।

মুদলমান-শাসন প্রবর্ত্তিত হইবার অব্যব-হিত পূর্বে আর্য্যাবর্ত্তর পূর্বাঞ্চলে নানা রাষ্ট্রবিপ্লব সংঘটিত হইয়াছিল। পুরাতন মগধ, কান্তকুজ ও গৌড়ীয় হিন্দু-সাম্রাজ্যের সীমা ও অধিকার বছবার বিপর্যান্ত ও পরিবর্ত্তিত হইয়া যায়। কান্তকুজ প্ৰৰণ इरेबा मगर्थत পশ্চিমাঞ্চল অপহরণ করার, পলায়নপর মগধেশার গৌড়ের কিয়দংশু অধি-কার করেন, পরে গৌড়ীয় হিন্দুসাম্রাজ্যে পাল ও সেন বংশীয় নরপালবর্গের কলহবিবাদ নিরস্ত হইলে, গোড়ীয় হিন্দুসাম্রাজ্য সেনরাজ-বংশের অধিকারভুক্ত হয়। সেনরাজবংশের অধিকারসময়েই বক্তিয়ার থিলিজি গৌড়-রাজ্য আক্রমণ করেন।

তৎকালে গৌড়ীয় হিন্দুসাদ্রাজ্য রাচ, বরেক্স ও বঙ্গ নামক তিনট প্রধান বিভাগে বিভক্ত ছিল এবং লক্ষণাবতী, লক্ষোর ও শ্রীবিক্রমপুরে এই তিন বিভাগের রাজধানী ছিল। সমগ্র গৌড়ীয় সাম্রাজ্য নানা উপ-বিভাগে অর্থাৎ "বিষয়"নামক পগুরাজ্যে বিভক্ত ছিল। এই সকল বিষয় বা উপ-বিভাগ বিষয়পতির দারা শাসিত হইত। রাজধানীতে বাস গৌডেশ্বর সাধারণত করিতেন। তিনটি রাজধানীর মধ্যে লক্ষণা-বতী গলাতীরে অবস্থিত থাকার এবং পুরাতন গৌডবাজোর রাজধানী বলিয়া সর্বতে সমা-দর লাভ করায়, লক্ষণসেনদেব শেষজীবন তথায় বাস করিয়া নিজনামান্স্সারে তাহাকে "লক্ষণাবতী" নাম প্রদান করেন। মুসলমানের व्यानि इंजिशारम नचनावजी "नक्कोंजि" नात्म পরিচিত; তাহাতে গৌড়নামের উল্লেখ নাই।

মিন্হাজের গ্রন্থ রচিত হইবার সময়ে এই তিনটি পুরাতন হিন্দ্রাজধানীর মধ্যে প্রীবিক্রমপুর হিন্দ্রাজার অধিকারভুক্ত ছিল; অপর ছইটি মুসলমানের হস্তগত হইয়ছিল। মুসলমানলিখিত ইতিহাসে দেখিতে পাওয়া যায়, বক্তিয়ার খিলিজি লক্ষোতি অধিকার করেন, এবং তাঁহার মৃত্যুর পর তাঁহার সেনাপতি মহম্মদ শেরান কর্তৃক লক্ষোর অধিকত হয়। কিরপে এই দিখিজয় সাধিত হইয়াছিল, তাহার বিজ্ত বিবরণ প্রাপ্ত হইয়ার উপায় নাই। মিন্হাজ ও তাঁহার পরবর্তী মুসলমান ইতিহাসলেখকগণের গ্রন্থে বক্তিয়ার খিলিজি ও তাঁহার রাজ্যবিস্তারের যতদ্র বিবরণ প্রাপ্ত হওয়া বায়, তাহাই আমাদদের প্রধান অবলম্বন।

শহমদ ঘোরীর ক্রীতদাস ও প্রধান দেনা-পতি কুতবউদীন দিল্লীর সিংহাসনে উপ- বেশন করিবার সময়ে এদেশে কি অভূতপূর্ব্ব পরিবর্ত্তনই না সাধিত হইয়াছিল! ভূর্কি-স্থানের কোন এক অজ্ঞাতকুলশীল দরিদ্র পরিবারে কৃতবের জন্ম হয়। তাঁহাকে শৈশবে দাসবিপণীতে বিক্রীত হইতে হইয়া-ছিল। ভারতবর্ষের প্রথম মুসলমান সম্রাট্ এইরূপে দাসবিপণী হইতে প্রভূগৃহে ও তথা হইতে ক্রীতদাসরূপে ক্রমে মহম্মদঘোরীর নিকট উপঢৌকনদ্রব্যের সঙ্গে প্রেরিত হইয়াছিলেন। তাঁহার কনিষ্ঠাঙ্গুলি নই হইয়া-ছিল বলিয়া স্থলতান তাঁহাকে "আইবক্" বলিয়া ভাকিতেন। আইবক্ যে একদিন দিল্লীর সিংহাসনে উপবেশন করিবেন, তাহা কে জানিত ?

বক্তিয়ার খিলিজির বালাজীবনও কুতব-উদ্দীনের স্থায় অজ্ঞাত। তিনি খোর-প্রদে-শের থিলিজিবংশে জন্মগ্রহণ করেন, কিন্তু কদাকার বলিয়া কোনস্থলেই তাঁহার প্রতি-ভার সমাদর হইত না। মহম্মদঘোরী এবং কুতবউদ্দীন উভয়েই কুলশীল অপেক্ষা প্রতিভার সমাদর করিতেন বলিয়া বক্তিয়ার বড় আশা করিয়া প্রথমে খোরীর নিকট, পরে কুতবের নিকট উপনীত হইয়াছিলেন। কিন্তু তাঁহার থর্ক সূল কদাকার দেহ উভয় স্থলেই তাঁহার সকল আশা নষ্ট করিয়া দিয়াছিল। তাঁহার मारम छिल, वारुवन छिल, त्रशंकी मल छिल, কিন্তু কদাকার বলিয়া তিনি স্থলতানের বা দিল্লীখরের সেনাদলে প্রবেশ করিতে পারেন नारे। अवरनरा पात्रावश्राप्तान अखिनव मूननमानदादका. जिनि कामगीत প्राश इहेमा প্রতিভার পরিচয়দানের অবসর লাভ করিয়া-ছिলেन।

ভারতবর্ষে মুদলমান-শাদন বিস্তৃত হইবার সময়ে জায়গীর ও সনন্দ দানের প্রথাই রাজ্য-বিস্তারের প্রধান সহায় হইয়া উঠিয়াছিল। এখন ইউরোপীয়গণ যেমন অসভাদেশগুলি আপনাদের রাজ্য মনে করিয়া আপনাদের মধ্যে তাহার অধিকার বণ্টন করিয়া লইতে-ছেন, সেকালে মুসলমান স্থলতানও সেইরূপ করিয়াছিলেন। স্থলতান মহম্মদঘোরী কুতবউদ্দীনকে সমগ্র ভারতবর্ষ দান করেন। বাহুল্য, তথ্ন পর্যাস্ত ভারতের অতার ভাগই মুদলমানের অধিকারভুক্ত কুতবউদ্দীন আবার নিজ श्रेग्राष्ट्रिण। পাত্রমিত্র, সেনাপতি বা সাহসী মুসলমান-বীরকে ভারতের নানা অংশ দান করিতে আরম্ভ করেন। বক্তিয়ার খিলিজি একজন সমরকুশল সেনাপতিরূপে পরিচিত হইবা-মাত্র, সমাট্ ভাঁহাকে লাহোরে আহ্বান করিয়া, তাঁহাকে বিহার ও মুঙ্গেরের শাসন-कर्ज्राष्ट्रत मनन मान कतिरामन। वना वाहना, বিহার বা মুঙ্গেরে তথনও মুসলমানশাসন প্রবর্ত্তিত হয় নাই।

বক্তিয়ার এইরূপে প্রথমে ভায়ণীর এবং পরে বিহার ও মুদ্ধেরের শাসনকর্তৃত্ব লাভ করিয়া যুদ্ধসজ্জায় নিযুক্ত হন। সমাট্ তাঁহাকে ডাকিয়া লইয়া সনন্দ না দিলে, তিনি জায়ণীরদার থাকিয়াই জীবনবিসর্জ্জন করিতেন। বক্তিয়ার সনন্দলাভ করিয়া কিরূপে কভদিনে বিহারজয় করেন, মুসল্মান-লিখিত ইতিহাদে তাহার ছইটি ভিল্ল তিল্ল বিবরণ দেখিতে পাওয়া, যায়; তাহার একটি মিন্হাজকর্তৃক সঙ্কলিত জনশ্রুতি; অপরটি সুমগামরিক লেখকগণের স্থবিজ্ঞাত

ঐতিহাসিক তথা। মিন্হাজের সঙ্কলিত জনশ্রতি এদেশের জনশ্রতি নহে; তিনি বক্তিয়ারের বিহারবিজয়ের প্রোয় শতाकी পরে (১২৪৩ খৃষ্টাকে) নিজামুদীন ও সামস্থদীন নামক বক্তিয়ারের সেনাদলভুক্ত ত্ই ভাতার নিকট গল ভনিয়াছিলেন,---"বক্তিয়ার হুইশত অশ্বারোহী লইয়া হুর্গদ্বারে উপনীত হইবামাত্র বিহারজয় স্থদম্পন্ন হয়।" অক্তান্ত ইতিহানে দেখিতে পাওয়া যায়, বিহার-জয় এরূপ অবলীলাক্রমে সম্পন্ন হয় নাই; ছই বংসরের অবিশ্রান্ত বধ, যুদ্ধ ও লুঠনের পর বিহার বক্তিয়ারের করতলগত হইয়াছিল. তাহাকে সম্পূর্ণরূপে অধিকারভুক্ত করিয়া মুসলমান-শাসন প্রবৃত্তিত করিতে আরও এক বংসর অতীত হইয়াছিল। তিন-বংসরব্যাপী অসংখ্য সংগ্রামকলহের বিস্তৃত বিবরণ প্রাপ্ত হইবার উপায় নাই; কিন্তু মুসলমানলিখিত ইতিহাসেও দেখিতে পাওয়া যায়—বিহাররকার্থ লক্ষ লক্ষ লোক জীবন-বিসর্জন করিয়াছিল। অবশেষে তোরণ, প্রাচীর, ছর্গ, প্রাসাদ, সমস্ত চূর্ণবিচুর্ণ হইলে, বিহার বিজেতার করতলগত হয়। অখারোহীর এত কার্য্য সম্পন্ন করা আরব্যোপ-ক্যাদের গল্পে শোভা পায়; ইতিহাস তাহাকে সতা ঘটনা বলিয়া গ্রহণ করিতে হইবে না।

মিন্হাজের ইতিহাসের অমুবাদক মেজর রাভাটি ও অধ্যাপক ব্রক্ম্যান উভরেই স্থা-তানের সনন্দবলে বক্তিয়ারের রাজ্যবিস্তারের কথার আস্থাস্থাপন করেন নাই। তাঁহারা বলেন,—বক্তিয়ার স্বতন্ত্রভাবেই দেশজ্য করিয়াছিলেন; কেবল স্থাতানের প্রশা বলিয়া তিনি উপঢৌকনাদি প্রেরণ করিয়া মৌথিক অধীনতা স্বীকার করেন। যাহা হউক, বিহারবিজ্ঞয়ের পর বক্তিয়ার থিলিজির সম্বন্ধ মিন্হাজের গ্রন্থে আর একটি গল্লের উল্লেখ পাওয়া যায়; তাহা অনেক পরবর্তী মুদলমানলেথকের গ্রন্থে এবং বাঙালীর উপস্থাসে স্থান প্রাপ্ত হইয়া স্থপরিচিত হইয়াছে। গোলাম হোসেন উক্ত কাহিনী এইরপে বর্ণনা করিয়াছেন:—

"মহম্মদ বক্তিয়ার বিহার জয় করিয়া স্থলতানের নিকট আগমন করিলেন প্রধান-অমাতাশ্রেণীভুক্ত ইইলেন। তাঁহার বীরকীরি অলোকসামান্ত সৌভাগ্যন্ত্রী সাত্রাজ্যের স্তম্ভতুল্য প্রধান রাজ-পুরুষগণেরও বিষম ঈর্যার বিষয় হইয়া পড়িল। তাহারা বক্তিয়ারের সর্বনাশ্যাধনে একমত হইলেন। একদিন রাজসভায় বক্তিয়ারের শোর্যা ও কার্যাপটুতার বিশ্বয়কর বিবরণ কথিত হইতেছিল, এমন সময়ে বক্তিয়ারের প্রতি ঈর্ষাপরায়ণ অমাত্যগণ কৌশলে তাঁহার ধ্বংস্যাধনের নিমিত্ত স্থলতানের নিক্ট একবাক্যে কহিলেন, 'মহম্মদ বক্তিয়ার সীয় অগীম শক্তির পরিচয়প্রদানের জন্ত মন্তহন্তীর সহিত যুদ্ধ করিতে ইচ্ছা করেন।' কুতব-উদীন বিশ্বিত হইয়া জিজ্ঞাসা করিলেন, --'পতাই কি বক্তিয়ার মহুয়োর অসাধা-সাধনে ইচ্ছুক হইয়াছেন ?' গৌরবলোপভয়ে মূর্যতা-^{বশত} বক্তিয়ার তাহা অস্বীকার করিতে পারিলেন না। কিন্তু পরিশেষে জানিতে পারিলেন যে, তাঁহারই বিনাশসাধনের জন্ম অমাত্যগণ এই চক্রাস্ত করিয়াছেন। হউক, অতঃপর নির্দিষ্টদিবদে সম্ভাস্ত ও দাধা- রণ জনগণ দরবারে উপস্থিত হইলেন। এক বলবান্ মত্তহন্তীকে সাদা কুঠীতে (কদবে সফেদ) উপস্থিত করা হইল। সসজ্জ হইয়া গদাহন্তে হস্তীর সহিত যুদ্ধে প্রবুত হইয়া তাহার ভুতে বিষম প্রহার করি-লেন। সে আঘাতে চীৎকার করিয়া হস্তী রণভূমি ত্যাগ করিল। দর্শকগণ উচ্চৈঃ বক্তিয়ারের বিজয়শ্রীর সমর্দ্ধনা করিলেন। স্থলতান কুতবউদ্দীন লোকাতীত পরাক্রম দর্শন করিয়া বিস্ময় ও আননের সহিত বক্তিয়ারকে বছ মহার্ঘ উপহার ও প্রচুর অর্থ প্রদান করিলেন। সন্ত্রান্ত রাজ-পুরুষগণও সমাটের আদেশে বক্তিয়ারকে বহু অর্থ উপহার দিতে বাধ্য হইলেন। মহ-শ্বন বক্তিয়ার নিজ হইতে আরও কিছু অর্থ দিয়া ঐ দকল অর্থ ও দ্রবাদি সমাগত জন-গণকে বিতরণ করিলেন। বক্তিয়ারের বীর্ত্ব ওমহর দর্শনে কুতবউদীন বিহার ও লক্ষো-তির অধিকার তাঁহার হত্তে অর্পণ করিয়া নি-চিন্তমনে দিল্লী-অভিমুখে গমন লেন।"

এই কাহিনীর মূল কোথায়, তাহা এতকাল পরে নির্ণয় করা অসম্ভব। ইহার মূলে
কোন সত্য থাকিলে, তাহা অতিরঞ্জিত
আকারে ইতিহাসে স্থানলাভ করায়, তন্থারা
কোন সিন্ধান্তে উপনীত হইতে সাহস হয় না।
তথাপি তর্কস্থলে বলা যাইতে পারে, স্থলতান
কুত্রউদ্দীন বিহার ও লক্ষ্ণাবতী জয়ের ভার
প্রদানের জক্ত অলৌকিক বীরত্বের অপেক্ষা
করিতেছিলেন; বক্তিয়ার খিলিজি সেইরপ
বীর বলিয়া পরিচয় পাইবার পর তাঁহাকে
সনন্দ দান করেন। এই অনুমান সত্য

হইলে, তাহা বাঙালীর বাহুবলের ও বঙ্গবিজ্ঞরে মুসলমানের পক্ষে অলোকিক শৌর্যাবীর্য্য প্রদর্শনের প্রয়োজন থাকা প্রকাশিত করে।

প্রকৃতপ্রভাবে হুই বংসরের রণশ্রমে বিহার অধিকৃত হইলেও, হইজন সৈনিকের অতিরঞ্জিত গল্পজবে মিন্হাজ ছুইশুভ মারা বিহারবিজয় অবাবোহীর লিপিবন্ধ করিয়া ইতিহাসে যে অলৌকিকত্বের স্থানদান করিয়াছেন, বঙ্গ-বিজ্ঞরের বর্ণনা করিবার সময়েও সেইরূপ সৈনিকের গরগুজব অবলম্বন করিয়া সপ্তদশ অখারোহীর নবদ্বীপ-অধিকারের এক অসম্ভব কাহিনী ইতিহাসে লিপিবন্ধ করিয়া গিয়াছেন। প্রকৃতপ্রভাবে কতদিনে কি উপারে বঙ্গভূমির কোন অংশ অধিকার করিতে বক্তিয়ার থিলিজি কুতকার্য্য হন, তাহার আলোচনা করিলে সপ্রদশ অখারোহীর অলৌকিক বীরত নিভান্ত গরগুজব বলিয়াই প্রতিভাত হয়।

যে কারণেই হউক, বিহারবিজ্যের পরেই যে বক্তিয়ার বাঙ্লার সনন্দলাভ করেন, সে কথা মুসলমানের ইতিহাসে সর্ক-বাদিসমত ঐতিহাসিক সত্যরূপে স্বীকৃত। এই সনন্দ লাভ করিবার সময়ে বঙ্গভূমি স্বাধীন; লন্ধাবতী বা গোড়সে স্বাধীন-রাজ্যের ভারতবিধ্যাত রাজধানী; তজ্জ্ঞ বক্তিয়ারের সনন্দে নবদীপের পরিবর্জে লক্ষোতী অর্থাৎ লন্ধাবতীর উল্লেখ দেখিতে পাওয়া যায়। এই লন্ধাবতী মধিকারের জ্ঞাই সনন্দ প্রদত্ত হয়। নবরীপ রাজধানী থাকিলে সনন্দে নবদীপের নামই উল্লিখিত হইত।

লক্ষণাবতী উত্তরবঙ্গের স্থবিখ্যাত রাজ-ধানী। তাহার পশ্চিমে মিথিলা এবং কাল্প-কুজান্তর্গত জয়চক্রের কাশীরাজ্য। জয়চক্রের রাজ্য ইতিপুর্বে মুদলমানের ভুক্ত হওয়ায়, মিথিলার সীমা পর্যান্ত মুদল-মানসেনার আক্রমণপথ পরিকৃত হইরা-ছিল। বিহার এবং মুদের মুদলমানের কর-তলগত হওয়ায়, লক্ষণাবতীর নিতান্ত নিকট-বর্ত্তী স্থানে দেনাসমাবেশ করিবারও স্থােগ উপন্তিত হইয়াছিল। নবন্বীপ-আক্রমণের পক্ষে এরপ স্থবোগ বর্ত্তমান ছিল না। তাহা বাগ্ড়ীর সম্বর্গত বলিয়া, উত্তরে লক্ষণাবতী ও পশ্চিমে রাঢ়রাজ্য দারা স্বভাবতই স্কর্মিত ছিল। প্রথমে উত্তরবঙ্গ বা পশ্চিমবঙ্গ অধি-कात ना कतिरत, नवबीप आक्रमण ও अधि-কার করিবার উপার ছিল না। वक्र इभित्र मरक्षा अथरम नवदील मूनलमान-কর্ত্তক সহসা আক্রান্ত হওরার কথা 'নিতান্তই রচা-কথা। বক্তিয়ার জীবিত থাকিতে রাচ অধিকার করিতে না পারার, তাঁহার ঘারা নব্দীপ অধিকৃত হওয়ার কাহিনীও নিতান্ত অবিশ্বাসজনক বলিয়া বোধ হয়। त्राक्धानी थाका मठा इट्टल, मूमलमानवीत ৰজিয়ার খিলিজি নব্বীপেই রাজধানী স্থাপন क्त्रिएन। किन्नु मूमनमात्नत्र हेिछ्शात्म দেখিতে পাওয়া যায়,—লক্ষণাবতীতেই মুসল-মানের প্রথম রাজধানী প্রতিষ্ঠিত হইয়াছিল। অতঃপর বক্তিয়ার খিলিজি যে যে হানে यूक कनारः निश्च इहेबाहित्नन, तम ममछहे উত্তরবঙ্গে; মুসলমানগণ দেশক্ষ করিরা পাত্রমিত্র ও সেনানারকগণকে জারগীর দিয়া দেশ শাসন করিতেন; উত্তরবঙ্কেই এইরূপ

অতি পুরাতন মুদলমান জারগীরের সন্ধান প্রাপ্ত হওরা যায়। এই প্রেদেশ প্রথমে মুদলমানের করতলগত হইলেও, সহসা সমস্ত স্থান অবলীলাক্রমে অধিকৃত হয় নাই; দ্বাদশ বংসরের আক্রমণ ও রণকোলাহলেও উত্তর ও পৃর্বাংশ স্বাধীন থাকিয়া বক্তিয়ারের অলোকিক শৌর্যাবীর্য প্রতিহত করিতে সক্ষম হইয়াছিল। মুসলমানের ইতিহাস অবলম্বন করিয়া এখনও তাহার সংক্ষিপ্ত বিবরণ সঙ্কলন করা যাইতে পারে।

শ্রীসক্ষয়কুমার মৈত্রেয়।

দার দত্যের আলোচনা।

ভেরয়ন্তানের কেন্দ্র।

পূর্ব পূর্ব প্রবন্ধে আছি'র সহিত আছে'র প্রকা এবং তাহার অন্তর্ভু জ্ঞাতার সহিত জেরের এবং কর্তার সহিত কর্ম্মের একা— এই সকল প্রক্রোর বিষয় আলোচনা করা হইরাছে; এবং বিগত প্রবন্ধে প্র সকল প্রক্রোর গোঢ়া'র বন্ধনগুছি কোন্ধানটিতে, তাহার ঠিকানা নির্দেশ করিবার অভিপ্রায়ে বৃহৎ ক্রমাণ্ড এবং ক্ষুদ্র বন্ধানেন্ত আমর্যান্ত প্রক্রোর প্রতি পাঠকের অনুসন্ধানন্তি আকর্ষণ করা হইয়াছে। এখন জিজ্ঞান্ত এই যে, বৃহৎ বন্ধান্ত এবং ক্ষুদ্র বন্ধাণ্ড জ্ডিয়া সেই যে এক সর্বভ্রমাণ্ড অবং ক্ষুদ্র বন্ধাণ্ড জ্ডিয়া সেই যে এক সর্বভ্রমাণ্ড অবং ক্ষুদ্র বন্ধান্ত জ্বণ্ডনীয় প্রক্রা প্রভাল্প প্রক্রেণ সর্ব্বন্ধ ওতপ্রোত, তাহার নামই বা কি, আর তাহা পদার্থটাই বা কি ?

উপরি-উক ঐক্যের একটা নাম দিতে হইলে "সার্কাত্মিক ঐক্য" এই নামটি আপা-তত চলিতে পারে। সার্কাত্মিক ঐক্য কি ? না, ইংরাজিতে যাহাকে বলে Organic Unity-

উচ্চশ্রেণীর জীবশরীরে, বিশেষত মুমুষ্য-শরীরে, এইরূপ দেখিতে পাওয়া যায় যে, নব-ধার-পুরের ঘাটতে ঘাটতে মন্তিকের স্তান-সম্ভতির পাহারা বসানো রহিয়াছে। তার माकी वाहबंख (मथ, मिथिदव-এक श्रवही বাহুর মূলগ্রন্থিতে, এক প্রহুরী কমুইস্থানে. এক প্রহরী মণিবন্ধে, পাচ-পাচ প্রহরী পাঁচ-পাঁচ অঙ্গুলিমূলে—নির্নিমেষনয়নে জাগি-তেছে | এক-এক প্রহরী এক-একটি কুদ্র মন্তিফ্পিও। বাছখডে আনখাগ্ৰ এ যেমন দেখা গেল—আপাদমন্তক সর্ধা-শরীরেই তেমনি। মস্তকের মূলতম মস্তিফ হইতে বাহির হইয়া মেরুদণ্ডের কুদ্র কুদ্র মন্তিকপিণ্ডের মধ্য দিয়া বিংশতি অঙ্গুলির বিংশতি কুদ্র কুদ্র মন্তিফনিকর পর্যান্ত যে একটি নিরবচ্ছিন্ন অথও ঐক্য পুঝারুপুঝরূপে পরিব্যাপ্ত রহিয়াছে, তাহারই নাম দেওয়া হইল সার্ব্বান্থিক ঐক্য। সহস্রদল প্রশ্নে সে ঐক্য যোগাদনে-বিরাজমান

হুৎপদ্মে সে ঐক্য সিংহা-ঋষি তপোধন। সনে-বিরাজমান ক্ষত্রিয় মহারাজ। নাভিপদ্মে সে ঐক্য আহরণ-ব্যাহরণ (আমদানি-রপ্তানি) প্রভৃতি বাণিজ্যকার্য্যের ত্রবাবধায়ক বৈশ্র महाक्त। तम धेका-ताका, मन्नी, कर्माठाती; রথী, সারথি, পদাতিক; যোগী, ভোগী, জ্ঞানী, কর্ম্বী; সমস্তই একাধারে। সে ঐক্যের চকু मकन शार्तारे-- रुख मकन कार्जरे। शामत ক্ৰিষ্ঠ অঙ্গুলিতে যদি আঘাত লাগে, তবে সে ঐক্যের তৎক্ষণাৎ তাহা গোচরে আসিবে; ब्द यिन बाचां नात्म, जाहा हहेत्व जाहे; বক্ষে যদি আঘাত লাগে, তাহা হইলেও তাই। তেমনি আবার, হস্ত হইতে যদি অক্ষররাজি বাহির হয়, ভবে ইহা স্থনিশ্চিত যে, তাহা শরীরের সার্বাত্মিক ঐক্য হইতেই বাহির হুইতেছে; পদ হুইতে যদি ভ্রমণকার্য্য বাহির इत्र. जाहा इरेला उ जारे; कर्छ इरेट यनि গীতধ্বনি বাহির হয়, তাহা হইলেও তাই। এই যে এক সার্বাত্মিক ঐক্য, যাহা শরীরের মাথা হইতে পা পর্যান্ত সমন্ত অঙ্গপ্রত্যাকের প্রত্যেকের অভাব সমস্তকে দিয়া এবং সম-ত্তের অভাব প্রত্যেককে দিয়া যুগপং পূরণ করাইয়া লইতেছে—এ ঐক্য কি কেবল ক্ষুদ্র वकारखरे चाट्ह, तृह९ वकारख नारे ? तृह९ बकाए यनि नारे-कृष बकाए धार्यन कतिन তবে কোথা দিয়া ? गाशक वना যাইতেছে কুদ্ৰ ব্ৰহ্মাণ্ড, তাহা আর-তো কিছু না-কেবল রুহৎ ব্রহ্মাণ্ডের একস্থানের একটা শাথা। শাথাতে রদের সঞ্চার হয় কোথা হইতে ? অবগ্ৰ মূল হইতে।

তুমি হয় তো বলিবে যে, কুদ্র ব্রহ্মাণ্ডের মন্তক হইতে পদপ্রান্ত বড়-জোর সাত-হাত

দুরে অবস্থিতি করে; কিন্তু বৃহৎ ভ্রন্ধাণ্ডের নভন্তল হইতে রুগাতল কোটি-কোটি-যোজন দুরে অবস্থিতি করে। সাত-হাত স্থানের অবকাশ-রন্ধ্র-নিকর অর্থাৎ ঝাঁঝুরি ঐক্যের প্রলেপদারা ভরাট করিবার পক্ষে বিশেষ कारना वाशा मुद्दे इस ना, किन्द कां हि त्यान-নের ব্যবধান পুরণ করা সোজা কথা নহে। কোটি যোজনের ছই পারের ছই বস্তকে আঁকড়িয়া পাইতে হইলে—তাহা যিনি করি-বেন, তাঁহার দৃষ্টি স্বর্গমর্ক্ত্যপাতাল ভেদ করিতে পারিবার মতো তীক্ষ হওয়া চাই; তাঁহার বাহুবয় স্বর্গমস্তাপাতাল পরিবেট্টন করিতে পারিবার মতো দীর্ঘ হওয়া চাই। ইহার উত্তর এই যে, কিছুই চাই না-কেবল চক্ষু-গুটা উন্মীলন করা চাই। সবিতা দেব কি শতকোটিযোজন দুর হইতে পৃথিবীকে অবলোকন করিতেছেন ना १ नैज्याहि-যোজন দূরে থাকিয়াও পৃথিবীর হস্তধারণ করিয়া রাশিচক্রে দৌড়াদৌড়ি করাইতেছেন ना १

পিপীলিকার মন্তক এবং পদতলের মধ্যে যেরপ অর ব্যবধান, তাহাতে পিপীলিকা বলিলেও বলিতে পারে যে, হস্তীর পদাসূলি হস্তীর ললাটশিথর হইতে কোটিযোজন দূরে অবস্থিতি করে, স্থতরাং ছ্রের- মধ্যে কোনোপ্রকার ঐক্যের বন্ধন স্থান পাইতে পারে না। তবে কিনা—পিপীলিকার মুক্তি পিপীলিকাকেই শোভা পার—বিজ্ঞানবিং পশুতকে শোভা পার না। কেন না, বিজ্ঞানবিং পশুতের নিকটে একথা গোপন থাকিতে পারে না যে, হস্তীর মন্তক এবং পদের মধ্যে বিশাল ব্যবধান সংস্কৃত্ত ছ্রের মধ্যে ঐক্যের

বন্ধন যথেষ্ট দৃঢ়, আর, পিপীলিকার মন্তক এবং উদরের মধ্যে অতীব অল ব্যবধান দক্তেও চুয়ের মধ্যে বন্ধনের আঁটি খুবই আলগা।

यमि अमन इत्र त्य, अकान्नवर्जी পরিবারের मधा श्टेट मण जारे मण मिटक छ्ऐिकश পডিলে ভ্রাতাদিগের কাহারো তাহা বড়-একটা গারে লাগে না, তবে তাহাতে প্রমাণ হয় এই যে, ভ্রাতাদিগের মধ্যে ঐক্যের বাধুনি বড আল্গা। কিন্তু যদি এমন হয় যে, দশ ভাইদ্বের মধ্য হইতে এক ভাই পুথক হইলে তাহার তো মর্শ্মবেদনা উপস্থিত হয়ই, তা চাড়া অপর নয় ভাইয়ের প্রত্যেকেরই প্রাণে আঘাত লাগে, তবে তাহাতে প্রমাণ হয় এই যে, ভ্রাতাদিগের মধ্যে ঐক্যের বাঁধুনি অতান্ত স্থান । অতএব এটা যথন সকলেরই দেখা কথা যে, পিপীলিকার কিংবা বোল্তার শরীর মধাদেশে বিধণ্ডিত হইলে তাহার পূর্বাদ্ধ এবং পশ্চাদ্ধ উভয় মিনিট-দশেক ধরিয়া জীবিত থাকে: পক্ষা-স্তরে, হন্তীর সেরূপ হইলে উভয় খণ্ডেরই যুগপং প্রাণবিষোগ হয়; তথন তাহাতেই প্রমাণ হইতেছে বে, দার্কাশ্মিক ঐক্যের বন্ধ-त्तत्र बाँठे शिशीनिकास्त्र वज्हे बान्त्रा, হতিদেহে রীতিমত দৃঢ়। তা ছাড়া, বিজ্ঞান-বিং পণ্ডিতদিগের মতে এটা একটা নির্ঘাত रामवाका त्य, शृथिवी। इहेट र्शा मल्टकारि-যোজন দূরে অবস্থিতি করে, ইহা সত্য হইলেও एर्यात कोवनरे शृषिवीत कीवन, न्यूर्यात षालाकरे, पृथिवीत षालाक, सर्वात वनरे পৃথিবীর বৃদ ৷ এইজন্ম বলিতেছি বে, সার্বা-থিক ঐক্যের নিকটে স্থানাস্থান-নাই, কালা-कान नाहे, भा बाभाज नाहे, मृत-निक्र नाहे,

বড়-ছোটো নাই। কিন্তু কি হিসাবে নাই ? मजा-हिमादवरे नारे। मिक्क-हिमादव---स्नाना-স্থানও আছে, কালাকালও আছে, পাত্রাপাত্রও আছে, দুর-নিকটও আছে, বড়-ছোটোও আছে। তার সাকী-সন্তা-হিসাবে (অর্থাৎ ভদ্ধকেবল 'অন্তি-নান্তি'বিবেচনায়) শরীরের সার্বাত্মিক ঐকা মন্তকের উচ্চ শিখরেও যেমন—পদের কনিষ্ঠ অঙ্গুলিতেও তেমনি —উভয় স্থানেই সমান। কিন্তু শক্তিহিসাবে (অর্থাৎ শক্তির কর্তৃত্বানই বা কোথায় এবং কর্মস্থানই বা কোথায়; কে চালক, কে চালিত; এইরপ চাল্য-চালক-বিবেচনায়) শরীরের মধ্যে মন্তকই সার্বায়িক ঐকোর প্রধান আসন। সর্বশরীর ব্যাপিয়া সার্বাত্মিক ঐক্য একই ঐক্য —এ কথা খুবই সত্য; কিন্তু এ ক্থাও তেমনিই সত্য যে. সেই একই ঐক্য মন্তকের উচ্চমঞ্চে সার্থিরূপে অধ্যাসীন রহিয়াছে এবং পদ্যুগে অশ্বযুগলরূপে যোজিত রহিয়াছে। ফলেও এইরূপ দেখিতে পাওয়া যায় যে. আপনাকে এক বলিয়া ভাবনা করিবার সময় আমরা'মস্তিকমগুলেই মন:সমাধান করি— পদ্বুপে মন:সমাধান করি না।

মন্তিক্ষমগুল যেমন কুদ্র ব্রহ্মাণ্ডের সার্বাথ্যিক ঐক্যের প্রধান আসন, দৃশ্রমান স্থ্য তেমনি সৌরজগতের সার্বাগ্মিক ঐক্যের প্রধান আসন; আদিস্থ্য তেমনি বৃহৎ ব্রহ্মাণ্ডের সার্বাগ্মিক ঐক্যের প্রধান আসন। এইজন্ম সৌরজগৎকে এক বলিয়া ভাবনা করিতে হইলে স্থ্যমগুলের প্রতি প্রধান নত লক্ষ্যসমাধান করা আবশ্যক হয়;— বিজ্ঞান্বিৎ পণ্ডিভেরা করেনও ভাই। বিজ্ঞান্বিৎ পণ্ডিভেরা ববেন বে, স্কুদ্ধ পুরাকালে সমন্ত সৌরজগৎ ব্যাপিয়া স্থ্য একাকী অবস্থিতি করিতেছিলেন; কাল-ক্রমে স্থ্য হইতে গ্রহগণ এবং তাহাদের এক ভন্নী আমাদের এই পৃথিবী মাতা প্রস্তু হইলেন। স্থ্য হইতে পৃথিব্যাদি প্রস্তু হইয়াছে বলিয়া স্থ্যের আর-এক নাম সবিতা কিনা প্রস্বিতা।

এ তো গেল পুরাণো কালের পুরাণো কথা। তা ছাড়া, বর্ত্তমানে আমাদের চকের সম্মুখে কি হইতেছে- সে কথাটিরও ধবর রাখা চাই: কেন না, সেইটিই কাজের কথা। বর্ত্ত-যানের সৌর-সমাচার বিজ্ঞানকে জিজাসা করিলে বিজ্ঞান তাঁহার তান্ত্রিকী ভাষায়—এক-প্রকার ছেঁদো কথায়--্যে-সকল অন্তত রহস্ত-কাহিনী বলিতে আরম্ভ করেন, তাহা বিধিমত টীকা এবং ভাষ্যের দ্যোতনা ব্যতিরেকে বুঝিতে পারা স্থকঠিন। তাহার মধ্যে প্রধান একটি রহস্তকথা এই যে, থনিগর্ডন্তিত অঙ্গারের ভিতরে স্থ্যরিমি পুঞ্জীভূত রহিয়াছে;— অঙ্গারকে যথনি প্রজালিত করিয়া কাঞ্জে লাগানো যায়, তথনি তাহার সেই বহু-পুরা-তনকালের সঞ্চিত ওপ্তথন অগ্নি-আকারে প্রকাশ্রে বাহির হইয়া পডে। কিন্তু আমা-मित्र विकामा এইখানেই থামিতেছে ना; • অধিক্ত : আমরা জানিতে চাই এই যে, সূর্য্য-রশ্মি কি কেবল অঙ্গারের ভিতরেই সংগোপিত রহিয়াছে—আর কোথাও সংগোপিত নাই ? विकान वर्णन धहे त्य, मक्न वस्त्रहे

বিজ্ঞান বলেন এই বে, সকল বস্তুরই
স্বস্তুপুরে তড়িতের প্রকৃতিপুরুষাত্মিকা

বুগলমূর্ত্তি (Negative এবং Positive Electricity) একত্তে নিলীন রহিয়াছে। অস্তঃপুর হইতে বহিঃক্ষেত্রে বাহির হইবার সময় জোড় ভাঙিয়া দোঁহে ছই দিকে মুধ ফিরাইয়া দাঁড়ায়। তাহার পরে কোনো-প্রকার সন্ধীর্ণ ব্যবধানের ছই পারে দাড়াইয়া দোহার সহিত দোহার যথন চোখোচোথি হয়, তথন হতাশন প্ৰজ্ঞানত হইয়া উঠে, এবং সেই প্ৰছলিত হতাশুনে যুগল-তড়িৎ একীভূত হইয়া যায়। তার সাক্ষী—আকাশের বিহাৎ। বিহাতের উদ্ভাসনে নর-তড়িং এবং নারী-তড়িং কেমন আগ্রহের সহিত বিচ্ছেদের বাঁধ ভাঙিয়া-ফেলিয়া একতা দশিলিত হয়, আর, কেমন তেজের সহিত উভয়ের অন্ত-র্নিগৃঢ় অগ্নি প্রজনিত হইয়া উঠে। ফলে, সকল বস্তুতেই যুগল তড়িৎ একত্রে নিলীন রহিয়াছে বলাও যা. আর. সকল বস্তুতে নিগঢ় রহিয়াছে বলাও এकरे कथा। । এই यে अग्नि, याश मकन নিগৃঢ় রহিয়াছে, অভ্যন্তরে তাহা পদার্থট। আর-কিছু না-স্থোরই অ্য একপ্রকার পৃথিবীস্থ প্রভাবাংশ। স্থা। তবেই হইতেছে যে, স্থার পুরা-কালেও যেমন, এখনো তেমনি, সুর্য্যের প্রভা-বাগ্নি সমন্ত সৌরজগৎ ব্যাপিরা জলেঁ-ছলে-অনলে-অনিলে সর্বাত্র পুমারুপুমরূপে অমু-প্রবিষ্ট রহিয়াছে। আসন জটানো থাকিলেও আসন, বিছানো থাকিলেও আসন: তেমনি, সৌরজগৎ সুর্য্যে বিলীন থাকিলেও

^{*} শক্তির বহরপিতা (Transformation of forces) বিজ্ঞানের একটি স্প্রাতিষ্ঠিত দিয়ার। এক আগ্নি— উত্তাপ, আলোক এবং তড়িৎ, তিনের একাধার। বস্তু-পক্ষে তিনের মধ্যে প্রভেদ নাই।

তাহা সুর্য্যেরই প্রভাব, সুর্য্য হইতে ছট্কিয়া বাহির হইলেও তাহা সুর্য্যেরই প্রভাব।

ছটুকিয়া বাহির হওয়ার নামই প্রকটিত হওয়া বা প্রকাশিত হওয়া বা আবিভূতি হওয়া; আর, আবিভূতির প্রকরণ-পদ্ধতি হ'চেচ ছন্দের প্রতিযোগ। ৰূপ ডাঙার প্রতিযোগে প্রকাশিত হয়'; ডাঙা জলের প্রতিযোগে প্রকাশিত হয়; বনকানন-গিরি-নদী-সাগরের বিচিত্র বর্ণসকল পরম্পরের প্রকাশিত হয়। বৰ্ণবৈচিত্ৰ্য প্রতিবোগে প্রতিযোগে প্রকাশিত হয়; আলোকের আলোকও তেমনি আবার বর্ণবৈচিত্র্যের প্রতিযোগে প্রকাশিত হয়। গোডা'র প্রতিযোগ হ'চে-প্রকাশ এবং অপ্রকাশের প্রতিযোগ. অথবা, আলোক এবং অন্ধকারের প্রতিযোগ, আর. তাহার আছুবলিক আর-গুইটি অবাস্তরশ্রেণীর **अफिरवान इटक-(>)** जात्नाक এवः वर्ष-বৈচিত্ত্ব্যের প্রতিযোগ; (২) অন্ধকার এবং বৰ্ণ বৈশ্বিত্তার প্রতিবোগ: নিমে দেখ:-

(১) প্রতিযোগ

আর্দোক বর্ণবৈচিত্র্য অন্ধকার (২) প্রতিযোগ (৩) প্রতিযোগ

'প্রতিবোণের মৃধ্য প্রবোজনীয়ত। প্রকাশেরই জন্ত । কিন্ধ প্রকাশের সঙ্গে আনন্দের যোগ থাকা চাই, তা নহিলে প্রকাশের সম্চিত সার্থকতা হয় না। প্রতিযোগের পথ দিয়া যেমন প্রকাশ কৃটিয়া বাহির হয়, সংযোগের পথ দিয়া তেমনি আনন্দ কৃটিয়া বাহির হয়। শাল্রের মতার্হসারে প্রকাশণ্ড যেমন—আনন্দপ্ত তেমনি, ছইই সন্বাধ্যের

ধর্ম। সম্বন্ধণ বলিতে সন্তা প্রকাশ এবং আনন্দ, তিনই একসঙ্গে বুঝায়। সম্বপ্তণ যে সন্তাবাচক, তাহা তাহার গারে লেখা রহি-য়াছে। কবিত্ব এবং কবিতা যেমন একই কথা, সৰু এবং সন্তাও তেমনি। তা ছাড়া, সত্তপ্তের মুখ্য ধর্ম ছইটি; একটি হ'চেচ প্রকাশ এবং আর-একটি হ'চেচ আনন। থাণছাড়া রকমের প্রকাশে আনন্দ হয় না, চৌকোষ রকমের প্রকাশেই আনন্দ হয়। অন্ধকার এবং আলোকের প্রতিযোগ মাত্রা-তীত হইলে একদিকে আলোকের প্রকাশ অতিশয় তীব্রভাব ধারণ করে, আর-এক দিকে অন্ধকারের প্রকাশ অতিশয় ভীষণভাব ধারণ করে। ভাহাতে দর্শকের মন ব্যথিত হয়। প্রতিযোগ দর্শকের চক্ষে-অঙ্গুলি দিয়া দুখ্র-বস্তুসকলের প্রভেদলকণ দেখাইয়া স্থায়, আর সেই সঙ্গে প্রত্যেকের বিশেষত্ব ফুটাইয়া তোলে। সংযোগ সকলের মধ্যে সম্ভাব, সামঞ্জ এবং শাস্তি স্থাপন করিয়া প্রত্যে-কের অভাব সকলকে দিয়া এবং সকলের অভাব প্রত্যেককে দিয়া পুরণ করাইয়া षात्नाक, वर्गदेविष्ठ्या व्यवः ष्यक्र-স্থাবস্থাৰতো সংযোগ বৰ্ণবৈচিত্যের মধ্য দিয়া আক্ষার হইতে **जारमारक এবং जारमाक इहेरड जन्नकार**व ওঠা-নাবার পথ স্থাম এবং স্থাবহ হইয়া যার, আর, সেই-গতিকে তিনের (কিনা व्यात्नाक, वर्गदेविष्ठिका धवः व्यक्तकारवन्न) প্রকাশও সর্বাঙ্গত্বনর হয়, আর, প্রকাশের মধ্য দিয়া আনন্দও ফুটিয়া বাহির হইতে পথ পার। আলোক এবং অন্ধকারের মধ্যে-প্রকাশ এবং অপ্রকাশের মধ্যে—প্রতিবোগের

উপলি খুবই সহজ; কিন্তু হয়ের মধ্যে সংযোগের উপলি সাধন-সাপেক। আলোক এবং অন্ধকার, অথবা অব্যক্ত এবং ব্যক্ত, ছইকে এক করিয়া দ্যাথা-ও যা, আর, জ্ঞাতা এবং জ্ঞের ছইকে এক করিয়া দ্যাথা-ও তা—একই কথা। জ্ঞাতা এবং জ্ঞেরকে এক দৃষ্টিতে দ্যাথা প্রথম উন্থমেই সাধকের পক্ষে সন্ভাবনীয় নহে; তাহার পূর্ব্বে জ্ঞের-জ্ঞাৎকে একীভূত করিয়া দেখিতে শেখা চাই। প্রথমে আত্মার জ্ঞেরজানে (অর্থাৎ জ্ঞানচ্কুর সন্মুথে) সার্ব্বাম্থিক একত্বের দর্শন পাওয়া চাই; তাহা হইলেই বৃক্ষানলে বৃক্ষানল মিশিয়া যেমন দাবানল হইয়া উঠে, তেমনি সন্মুথে বিরাজমান জ্ঞেরজানের একঙ্ব

এবং পশ্চাতে পুরুষিত জ্ঞাতৃস্থানের একস্ব, এই হুই একত্ব একত্রে মিলিয়া আত্মার नर्सात्रीन এক पारितामान इरेगा उठिता। তাই বলিতেছি যে, প্রথম উপক্রমে আত্মার একত্ব জ্ঞেয়ন্থানে অর্থাৎ জ্ঞানচকুর সন্মুখে দেখিতে : হইবে। বৃহৎ একীভূত করিয়া .দেখিতে হইবে। ব্ৰহ্মাণ্ডকে একীভূত করিয়া **इ**हेरल दूह९ ब्रक्तारखत्र কেব্ৰস্থানে বা সমষ্টিস্থানে বা হির্পায় কোবে লক্ষ্য নিবিষ্ট শেষের এই কথাগুলি করা আবশ্রক। অতীব সংক্ষেপে বলিলাম; সবিস্তরে পর্যালোচনা ভাহা কর यादेख।

শ্রীদ্বিজেন্দ্র নাথ ঠাকুর।

শিশু।

さりのふ

তোমার কটিতটের ধটি
কৈ দিল রাভিয়া ?
কোমল গারে দিল পরায়ে
রভিন্ আভিয়া !
বিহান-বেলা আভিনা-তলে
এসেছ তুমি কি খেলাছলে,
চরণ ছটি চলিতে ছুটি
পড়িছে ভাভিয়া !
ভোমার কটিতটের ধটি
কৈ দিল রাভিয়া ?

কিদের স্থাপে সহাসমুখে নাচিছ বাছনি! ছয়ারপাশে জননী হাসে
হেরিয়া নাচনি!
তাথেই থেই তালির সাথে
কাঁকণ বাজে মায়ের হাতে,
রাথালবেশে ধরেছ হেসে
বেণুর পাচনি!
কিসের স্থে সহাসমূথে
নাচিছ বাছনি!

ভিথারি ওরে, অমন করে'
সরম ভূলিয়া
মাগিদ্ কিবা মায়ের গ্রীবা
আাকড়ি' ঝুলিয়া !
ওরেরে লোভি, ভ্বনথানি
গগন হতে উপাড়ি আনি
ভরিয়া ছটি ললিত মুঠি
দিব কি ভূলিয়া ?
কি চাদ্ ওরে অমন করে'
সরম ভূলিয়া ?

নিখিল শোনে আকুল মনে
নৃপুর-বাজনা।
তপন-শলী হেরিছে বদি
তোমার সাজনা।
ঘুমাও যবে মারের বুকে
আকাল চেরে রহে ও মুখে,
জাগিলে পরে প্রভাত করে
নরন-মাজনা!
নিখিল শোনে আকুল মনে
নুপুর-বাজনা।

মুমের বুড়ি আসিছে উড়ি নরন-ঢ়লানী, গারের-পরে-কোমল-করে-পরশ-ব্লানী!
মারের প্রাণে তোমারি লাগি
জগৎ-মাতা ররেছে জাগি,
ভ্বনমাঝে নিয়ত রাজে
ভ্বন-ভ্লানী!
ঘুমের বৃদ্ধি আসিছে উড়ি
নয়ন-তুলানী!

ঘুষাঘুষি।

গত বৈশাধমাসের বঙ্গদর্শনে 'রাজকুট্রু'শীর্ষক্ প্রবন্ধে নিয়ুইপ্তিয়ায় প্রকাশিত কোন
রচনার সমালোচনা করা হইয়াছিল। নিয়ুইপ্তিয়ার সম্পাদকমহাশয় আমাদিগকে ভূল
ব্বিয়াছেন। তিনি স্থির করিয়াছেন, এক
গালে চড় ধাইয়া অভ্য গাল ফিরাইয়া দেওয়া
যদি-বা আমাদের মত না হয়, অস্তত অশ্রক্তনপ্রবাহে আহতগণ্ডের আঘাতবেদনার উপশমচেটাই আমাদের মতে শ্রেয়।

ইংরাজের ঘূষিঘাষা ধাইরা নাকিশ্বরে নালিশ করা এদেশে কিছুকাল পূর্বে অত্যন্ত অধিকমাত্রার প্রচলিত ছিল। একটা কাককে ঢেলা মারিলে পৃথিবী হব্দ কাক ষেমন চীংকার করিয়া মরে, দেশি লোকের মার ধাইবার ধবরে আমাদের ধবরের কাগজগুলি তেম্নি করিয়া অবিশ্রাম বিলাপপরিতাপে আকাশ বিদীর্শ করিত।

শামরাই সর্বপ্রথমে 'সাধনা'পত্রিকার এই নাকিকারার বিক্লে বারংবার আপত্তি উত্থাপন করিয়াছি—এবং কথঞ্চিং ফলনাভ করিয়াছি, তাহাও দেখা ফাইতেছে। আজ হঠাং আত্মপ্রতিবাদের যে কোন কারণ ঘটিয়াছে, তাহা বোধ হয় না।

ছবিতে যেমন চৌকা জিনিষের চারিটা পাশই একসঙ্গে দেখান যায় না, তেম্নি প্রবন্ধেও এক সঙ্গে একটা বিষয়ের একটা, বড় জোর, ছইটি দিকু দেখান চলে। রাজকুট্র প্রবন্ধেও আমাদের বক্তবা বিষয় খুব ফলাও নহে। নিযুইগুরার সম্পাদকমহাশয় যথন ভূল বুঝিয়াছেন, তখন সম্ভবত আমাদের রচনায় কোন ক্রটি থাকিতে পারে। এবারে ছোট করিয়া এবং স্পষ্ট করিয়া বলিবার চেটা করিয়।

ভারতবর্ষে যে মারে এবং বে মার থার, এই ছই পক্ষের অবহা লইরা আমরা কিঞিৎ তত্বালোচনা করিরাছিলাম মার্কা। আমরা কোন পক্ষকেই কর্ত্তব্যসন্থকে কোন উপদেশ দিই নাই। যে লোক কলে পড়িরাছে, ডাঙা হইতে তাহাকে ঢিল ছুঁড়িয়া মারা সহজ। অপর-পক্ষের সে মার ফিরাইয়া দেওয়া শক্ত। এরূপ ছলে কোন্পক্ষকে কাপুরুষ বলিব? যে মারে, না যে মার ফিরাইয়া দেয় না ?

ইংরাজের পক্ষে ভারতবর্ষীয়কে মারা
নিতান্ত সহজ—কেবল তাহার গায়ে জাের
আছে বলিয়া যে, তাহা নহে। সেও একটা
কারণ বটে, কিন্তু সে কারণকে উপেক্ষা করা
যাইতে পারে। তাহার বাছবল বেশি, কিন্তু
তাহার পশ্চাতের বল কাারো অনেক বেশি।
তাহার দৃশুশক্তির সক্ষে লড়াই চলে, কিন্তু
তাহার মদ্পুশক্তি অতান্ত প্রবল। আমি
যেমন একটি মান্ত্র, সে-ও যদি তেম্নি একটি
মান্ত্রমাত্র হইত, তবে আমেরা কতকটা
সমক্ষ হইতাম। কিন্তু এইলে আমি একটি
বাক্তিমাত্র, আর সে ইংরাজ, সে রাজশক্তি।
বিচারকালে, মান্ত্র বরিয়া আমার বিচার হইবে,
আর তাহার বিচার হইবে ইংরাজ বলিয়া।

আর, সামি যথন ইংরাজকে মারি, তথন বিচারক সেটাকে এই বলিয়া দেখে যে, ভারত-বর্টের রাজশক্তিকে আমি আঘাত করিলাম— ইংরাজের প্রেষ্টিজ্কে আমি ক্ষুত্র করিলাম— অতএব সামান্ত আঘাতকারী বলিয়া আমার বিচার হয় না।

আনাদের মধ্যে এই গুরুতর অসমকক্ষতা আছে বলিয়াই যে মার থায়, তাহার চেয়ে যে নারে, সেই কাপুরুষ বেশি। এই কাপুরুষতার জন্ম ইংরাজ আঘাতকারী বিচারে নিয়তি পাইয়াও যদি অজাতির কাছে ধিকারলাভ করিত, তাহা হইলে তাহাতেও আমরা একটুবন পাইতাম। কিন্তু দেখিতে পাই, উল্টা

তাহারা বেশি করিয়া সোহাগ পাইয়া থাকে।
তাহাদের জন্ম চাঁদা ওঠে, স্বজাতীয় কাগজে
আহা-উত্তর অন্ত থাকে না। অ্যাংলোইণ্ডিয়ায় এইরূপ কাপুরুষতার জন্ম কেবল
প্রকাশ্যে ভিক্টোরিয়া ক্রেস্ দেওয়া হয় না,
এই পর্যান্ত!

দম্প্রতি একজন দেশি লোককে খুন্
করিয়া মার্টিন বলিয়া একজন ইংরাজের
বিতীয়বার বিচারে তিনবংসর জেল হইয়াছে। ইহার পর হইতে ইংলিশমান্
প্রভৃতি কাগজে কিরপ আতঙ্কের আর্দ্রনাদ
উঠিয়াছে, তাহার নিয়লিথিত নম্নাটি
কৌতুকজনকঃ—

There are some things that foreign Governments, and even Native States in India, manage better than we do; 'one of these is the protection of their own kith and kin, and the maintenance of that prestige so necessary for upholding constituted authority. To the disinterested observer in India, it seems that the white man is becoming very much discounted under the ægis of the British "Raj." Time was when the Brittsher, as conqueror and ruler of this land, enjoyed certain rights and privileges, and one of these was his right to be tried by jury. Quite recently we have had the spectacle of the unanimous verdicts of juries, acquitting Europeans, charged with offences triable by these tribunals, set aside, not because there was any outcry against such acquittals, or on the application of the prosecution, but on appeal by the Government against the acquittal. To quote one specific instance, we may refer to the trial of Mr. Rose,

of Dulu Tea Estate, Cachar. The relations between Europeans and natives are becoming acutely antagonistic, and this recial gulf is being widened by the violent writings of the native press. The time has arrived to look into this question a little more closely. The unprovoked assaults on Europeans, especially soldiers, are becoming increasingly frequent. Europeans are insulted, abused and jeered at by the lowest type of natives and if they retaliate, they are set upon by a mob. European gets badly mauled, nothing is done, no one cares, but if in the brawl he happens to seriously hurt one of his numerous assailants, in the exercise of his right of self-defence, he is tried for his life and liberty. This we say is one-sided and it behoves the Government to look a little deeper into the causes at work that bring about these frequent conflicts between Europeans and natives.

দেধ, এই একটি সামান্ত ঘটনায় ইংলিশ্ম্যান্ কম্পাবিত। অন্তায় করিবার অপ্রতিহত ক্ষমতা যদি কোন উপায়ে একটু থর্ক হয়,
তবে কি আতহের বিষয়! ইহা হইতে এই
প্রেমাণ হয় যে, এদেশে ইংরাজ অবিচারের
রলেই আপনাকে বলী মনে করে। সেই
বলের পশ্চাতে নিরাপদে আশ্রয় গ্রহণ করিয়া
ভাহারা অভ্যাচার করিবার সহজ স্বছকে
চিরস্থায়ী করিতে চাহে। করিতে পারে
করুক্—কিন্ত ইহার পরে ভীরুভার অপবাদ
আমাদিগকে দেওয়া আর চলে না।

ইংরাজ ও ভারতবর্ষীয়ের মধ্যে অপক্ষ-পাত বিচারে "কম্বরর্" ও "রুলর্শদের বে

প্রেষ্টিজের হানি হয়, এ আশকা এ দেশের সাধারণ ইংরাজের মনে জাগিয়া আছে—জজু এবং জুরি নিতাস্ত অসাধারণ না হইলে ইহার অপক্পাতে স্থবিচার ব্যতিক্রম হয় না। क्तिए याशांत्रा छन्न करत्र, जाशांत्रा अकिनिरक আমাদের পক্ষে ভয়ানক, তেম্নি আর এক-निरक তाहारनत এই ভীকতাই आमारनत কাছে তাহাদের হর্পলতা প্রতিপন্ন করে। व्यामात्मत्र काट्य इंशांख जाशानत्र मधााना এখন আমরা ইংরাজকে কমিয়া গেছে। ঘরে-ঘরে এবং মনে-মনে থাট করিতেছি। পাশ্চাতা সভাতার প্রতি অন্ধভক্তি একসময়ে আমাদিগকে যেরূপ সম্পূর্ণ অভিভূত করিয়া দিয়াছিল, এখন আমরা ক্রমশই তাহা হইতে মুক্তিলাভ করিতেছি। আমাদের দেশের চিরমন ধর্মনীতির যে আদর্শ, তাহা প্রত্যহ আমাদের কাছে উজ্জ্বতর হইয়া আসিতেছে। আমরা পাশ্চাত্য বর্ষরতার নগ্নমূর্ত্তি যতই দেখিতেছি, ততই আশ্রয়ণাভের জ্ঞ আমা-रमत्र चरमनीव कुलारमत्र मरधारे अरक्अरक ফিবিয়া আসিবার উপক্রম করিতেছি। রূপে আমাদের অপ্যানের মধা দিয়াও আত্ম-সন্মানের পথ কিরুপে উদ্ঘাটিত হইয়াছে, আমার প্রবন্ধে তাহার আভাদ ছিল।

আর একট কথা ছিল, বোধ হর "নিয়্-ইণ্ডিয়া"সম্পাদকমহাশর সেইটেতেই আপত্তি করিয়াছেন। আমি বলিয়াছিলাম, আমাদের দেশে একারবর্তি-পরিবার-প্রথা এমন যে, বাল্যকাল হইতে আমাদিগকে সর্বপ্রকারে বিরোধের অপেকা মিলনের জন্তই. প্রস্তুত করে। আমাদিগকে আত্মত্যাগ এবং ধৈর্যাই শিক্ষা দিতে থাকে। আমরা মদি ক্ষার

দীক্ষিত না হই. তবে এতগুলি লোকের একত্রে পাকা অসম্ভব হয়। অতএব আমরা যে **খ**পু করিয়া কাহারো নাক-চোথের উপর ঘুষি মারিতে, বা ভূপতিত বাব্জির মুখের উপর বা রাগ করিয়া কাহারো তলপেটে উপর্যাপরি লাথি মারিতে পারি না, তাহার কারণ আমা-দের সাহসের অভাব নহে-তাহার প্রধান কারণ, আমাদের দেশের সামাজিক আদর্শে আমাদিগকে নিরীহ করিয়াছে। কথঞিৎ পরিহাসের ভঁঙ্গীতে আমাদিগকে "mild Hindu" বলিয়া থাকে—বন্ধতই আমরা মাইল্ড্ হিন্দু। ইহাতে আমাদের অস্ত্র-বিধা ঘটতেছে, তাহা দেখিতেছি এবং এখন বৰ্জ-মান অবস্থায় কি করা কর্ত্তবা, তাহাও বিচার্য্য —কিন্তু মাইলড় বলিয়া **আ্**মানের লজ্জায় ঘাড হেঁট করিবার কথা নহে। ভারতবাদী মৃত্যুকে ভয় করে বলিয়া যে কাহাকেও আক্রমণ করে না. তাহা নহে--বোয়ারযুদ্ধে ভারতবর্ষীয় ডুলিবাহকেরাও দেখাইয়াছে যে, তাহারা বিনা উত্তেজনাতেও অবিচলিতভাবে মৃত্যুর মুথের সমুথে আপনার কাজ করিয়া **যাইতে** পারে -- * কিন্তু তাহার ধর্ম, তাহার সমা**ল, তা**হার হিংস্পর্ত্তি লোপ করিয়া দিয়াছে-এতদূর করিয়াছে যে, তাহাতে তাহার স্বার্থহানি ও অম্ববিধা ঘটে এবং তাহার মানহানি ঘট-তেছে। এই নিরীহতাকে যদি তিরস্কার করিতে হয়, তবে ভীক্তাকে যে ভাষায় করিবে, ইহা-কেও কি সেই ভাষায় করিবে ?

যাহাই হউক, ইংরাজের মার থাইয়া মার ফিরাইয়া দেওয়া আমাদের পক্ষে কি কি কারণে সহজ নহে. "রাজকুট্র"প্রবদ্ধে তাহারই আলো-চনার চেষ্টা করিয়াছিলাম। ফিরাইয়া দেওয়া উচিত কি না, সে কথা তুলি নাই। কর্ত্তব্য इ:माधा इटेलि कर्खवा-वत्रक तम कर्खरवात्र গৌরব বেশি। এলাহাবাদের কোন দেশীয় ধনী ব্যান্ধর স্বত্তরকা উপলক্ষো তাঁহার কোন ইংরাজ ভাড়াটিয়াকে ফুলগাছের টবু লইতে ভূত্যদের ছারা বাধা দেন-সেই স্পর্দায় তাঁহার কারাদও হয়। স্বত্তরকা বা আত্ম-রক্ষা বা মানরক্ষার পাতিরে কোন ইংরাজের গায়ে হাত তুলিলে তাহার পরিণাম স্থেজনক না হইতে পারে, এ আশস্কা স্বীকার করিয়াও যথন আমাদের দেশের লোক আঘাতের পরি-বর্ত্তে আঘাত করিতে শিথিবে, তথনি ইংরা-জের কাপুরুষতার সংশোধন হইবে-এই অত্যস্ত সহজ্ব কথাটি যদি অশ্বীকার করি, তবে স্বভাবের নিয়মসম্বন্ধে আমার স্বগভীর অজ্ঞতা প্রকাশ পাইবে।

শৃভাবের নিয়মের অপেকা উচ্চতর নীতি আছে। কিন্তু দে নীতি যতকণ পর্যন্ত না সমস্ত বাধা পরাভূত করিয়া নিজেকে ছনিবার-ভাবে প্রত্যক্ষ করিয়া তোলে, ততক্ষণ পর্যন্ত শ্বভাবের নিয়মকেই আশ্রয় করিতে হয়!

কিন্তু এ কথা স্বীকার করিতেই হইবে যে, এই যে ঘুষাঘুষির উত্তেজনা আমাদের মনে জাগ্রত হইয়া উঠিতেছে, ইহা আমাদের ধর্ম-

^{*} ভাভেজ্ল্যাওর-নামক অমণকারী বথন তিক্ষতঅমণে গিয়াছিলেন, তথন তাঁহার সম্পন্ন ভৃত্যই প্রাণভরে তাঁহাকে পরিভাগে করিয়া পলায়ন করে, কেবল চন্দনসিং ও মানসিং বলিয়া তাঁহার যে ছটিমাত্র হিন্দুভত্য ছিল, তাহারা কথনো পলায়নের চেষ্টামাত্রও করে নাই—তাহারা আগলমুত্যুর শকায় এবং অসহা উৎপীড়নেও অবিচলিত থাকে—অথচ নুত্তন দেশ আবিকারের উত্তেজনা, সমাজে যশের প্রত্যাশা বা অমণবৃত্তান্ত ছাপাইয়া অর্থলাভের প্রলোভন, তাহাদের কিছুই ছিল না। তাহাদের প্রভূত বিদেশী এবং অয়দিনের—কিন্ত তাহারা হিন্দু, অভ্যকে মারিবার ক্ষান্ত তাহারা স্কর্শাই উদ্যুত নয়, অথচ সরিতে ভারা করে না।

নীতিতে আঘাত না করিয়া থাকিতে পারে অভভপ্রতি প্রয়োজনটুকু সিদ্ধ করিয়াই অন্তর্জান করে না। তাহাকে দাস-ছের ছুতায় আহ্বান করিলেও শেষে সে রাজত্ব করিতে চায়। কোন কোন হর্ত্ত মদ না খাইলে যেমন কাজ করিতে পারে না, বিদ্বেষ সেইরূপ অরু না হইলে পুরাদ্দে কাজ করিতে পারে না। গুণ্ডাগিরিকে যদি একবার রীতিমত জাগাইয়া তুলি, তবে সে অন্ধ-বিদ্বেষের নেশায় না মাতিয়া থাকিতে পারিবে না। তথন সে উঠিয়া-পড়িরা কাজ আরম্ভ ক্রিবে বটে, কিন্তু আমাদের উচ্চতন মনুবাবের বুকের রক্ত হইতে সে প্রতিদিন তাহার খোবাক আদায় কবিতে থাকিবে। গিরি বল পাইয়া উঠিয়া মন্ত্রাভবে শোষণ कहत - वाहाइतित तम्मा जाणिया अतं।

এ কথা স্বীকার করিতেই হইবে, গুদ্ধ উপদেশে কোন ফল হয় না—অভ্যাস তাহা
অপেকা দরকারী জিনিব। মারা উচিত
বলিলেই মারা যায় না, মারা অভ্যাস করা
চাই। যাহাদের ঘূষি প্রস্তত হইরা ছাছে,
তাহান্ধা শিশুকালে প্রতিবেশার ছেলেকে
মারে, বিভালয়ে সহপাঠীকে নারে, কলেকে
gownsman হইরা townsmanকে মারে—
এম্নি করিরা একেবারে এমন পাকিয়া যায়
যে, তাহাদের ধর্মগ্রন্থের উপদেশ অরণ্যে
রোলনে পরিণত হয়। তাই হবাট স্পেন্সার
তাহার Facts and Comments গ্রন্থের
৩০তম প্রচার লিথিতেছেনঃ—

But the refusal to recognize the futility of mere instruction as a means to moralization, is most strikingly shown by ignoring the conspicuous

fact that after two thousand years of Christian exhortations, uttered by a hundred thousand priests throughout Europe, pagan ideas and sentiments remain rampant, from emperors down to tramps. Principles admitted in theory are seorned in practice. Forgiveness is voted dishonourable. An insult must be wiped out by blood: the obligation being so peremptory that an officer is expelled the army for even daring to question it. And in international affairs the sacred duty of revenge, supreme with the savage, is supreme also with the so-called civilized.

ইহা না হইয়া দায় না। চালের একটি থড় পোড়াইতে গেলেও সমস্ত চালে আগুন লাগে। কাড়াকাঁড়ি-ঘুনাঘুনিকে সমাজের সর্বতি প্রচলিত করিলে, তবেই আবিশ্রকের সময় তাহা অনায়াস্প্রাপ্য হয়।

টুথ প্রান্থতি বিলাতি কাগজে পুলিশআদালতের বিবরণে নিজের স্থীকে, পুত্রকন্তাকে, আগ্রীয় প্রতিবেশীকে যেরপ নির্মাণ
পাশবভাবে আঘাত করার উদাহরণ দেখিতে
পাই, আমাদের হিন্দুসমাজে তাহার সিকির
সিকিও দেখা গায় না। শিকারী বিড়ালের
গোফ দেখিতেই চেনা যায়;—কে পীলা
ফাটাইবে এবং কাহার পীলা ফাটিবে, এই
পুলিশের বিবরণী হইতেই তাহা স্পষ্ট দেখা
ঘাইবে।

আনাদের দেশে ছেলেতে-ছেলেতে ঝগড়া যদি মারামারি পর্যান্ত ওঠে, তবে যাহাতে আঘাত গুরুতর না হয়, লড়াইকারীর সে চেষ্টা বরাবর থাকে—গালে চড়, পিঠে চাপড়ের উর্জে প্রায় ওঠে না। সে আমাদের সমাজের শিক্ষা; দূর হইতে স্থদ্রে আশ্মীয়তা বিস্তার করাই আমাদের অভ্যাদ,—আমরা খনিষ্ঠ হইয়া বাদ করি — আমরা যদি ক্ষমা না করি, ধৈর্য্য না ধরি, তবে আমাদের দমাজ ভাঙিয়া যায়, শারের শিক্ষা বার্থ হয়।

অতএব আমাদের ছই জাতের ছইরকম আচরণ। যুরোপে শাল্পের শিক্ষা ও সমীজের ব্যবহার পরস্পর-বিরোধী। আমাদের সমাজ কমা, ধৈর্য্য, সস্তোষ ও সর্বভৃতে দয়া, এই শাল্পমতের অন্থক্লে প্রতিষ্ঠিত। এই সমাজে স্থানিকাল হইতে আমাদের চরিত্র গঠিত। অতএব মারামারিতে আমাদিগকে ইংরাজের কাছে হঠিতে হয়—কেবল ভয়ে নহে, অনভাাদে।

যদি হঠিতে না চাও, তবে শিশুকাল হইতে ঘরে-পরে সর্বত্র তাহার আয়োজন করিতে হয়। যাহা আমার, তাহাতে কাহাতে ওও অংশ বসাইতে দিব না; যাহা পরের, তাহা জবরদথল করিতে চেটা করিব; ছর্বল সহপাঠার উপর মহ্যায় অত্যাচার করিব; ঘুরি মারিবার সময় কাহারো নাকচোথ বাচাইয়া চলিব না, এবং নিধুরতায় বিমুথ হওয়াকে পৌক্ষের অভাব বলিয়া গণা করিব।

এইরপে যথন আনাদের আমৃল পরিবর্তন
হংকে, তথন ইংরাজে-দেশীতে হাতাহাতি
সনানভাবে চলিবে। বাঘে-সিংহে থাবানারানারি যেমন অতাস্ত আমোদজনক দৃশু,
আনাদেরও দাঁতভাঙাভাঙি সেইরূপ পরম
কোতুকাবহ হইতে পারিবে।

নতুবা কি হইবে ? যে ব্যক্তি শিক্ষায় ও অভ্যানে ও পুক্ষাহক্তমে স্বভাববর্ধর নহে, দে যদি কর্তব্যের অন্তরোধে চোধকান বুজিয়া প্রকৃতিবিক্তম্ব উদেবাগে প্রবৃত্ত হয়, তবে যে ভীষণ বর্করতাকে জাগাইয়া তুলিবে, তাহার সহিত প্রতিযোগিতা করিবার উপযুক্ত নথদন্ত কোথায় মিলিবে ? আমরা উপদেশের ভাড়নায় অত্যন্ত হর্কলভাবে কাজ আরম্ভ করিব, কিন্তু যে নিপুর বিদ্বেষ উন্মথিত হইয়া উঠিবে, সেই হলাহল অনামানে গলাধঃকরণ করিবার শক্তি ও অভ্যাস আমাদের নাই।

আমি এ কথা ভর হইতে বলিতেছি না।
দাঁতভাঙা, নাক-থাবিড়ানো, জেলে যাওয়া
অত্যস্ত শুরুতর অশুভ বলিয়া গণ্য না-ই
হইল। কিন্তু যে গরলকে পরিপাক করিতে
আমরা স্বাভাবিক কারণেই অক্ষম, সেই
গরলকে উদ্রিক্ত করিয়া তোলা দেশের পক্ষে
মঙ্গলজনক কি না,জানি না।

কিন্তু একটা অবস্থা আছে, যথন ফলাফল বিচার অসঙ্গত এবং অস্তায়। ইংরাজ যথন অস্তায় করিয়া আমাকে অপমান করে, তথন যতটুকু আমার সামর্থা আছে, তৎক্ষণাৎ তাহার প্রতিকার করিয়া জেলে যাওয়া এবং মরাও উচিত। ইহা নিশ্চয় জানিতে হইবে যে, হয় ত ঘুষায় পারিব না এবং হয় ত বিচার-শালাতেও দোষী সাব্যস্ত হইব; তথাপি অন্তায় দমন করিবার জন্ম প্রত্যেক মানুষের যে স্বৰ্গীয় অধিকার আছে, যথাসময়ে তাহা যদি না খাটাইতে পারি, তবে মহুযোর নিকট হেয় এবং ধর্মের নিকট পতিত হইব। নিজের ছঃখ ও ক্ষতি আমরা গণ্য না করিতে পারি, কিন্তু যাহা অন্তাঃ, তাহা সমস্ত জাতির প্রতি এবং সমস্ত মাহুষের প্রতি অন্তায় এবং বিধা-তার স্থায়দণ্ডের ভার আমাদের প্রত্যেকের উপরেই আছে। বিদেষ হইতে, বাহাছরি হইতে,

শ্রুপার্কা ইইতে নিজেকে সর্বপ্রয়ে বাঁচাইরা, স্থারনীতির সীমার মধ্যে কঠিনভাবে নিজেকে সংবরণ করিরা হুইশাসনের কর্ত্তবা আমানিগকে গ্রহণ করিতেই হইবে। শারীরিক কষ্ট, ক্ষতি বা অক্তকার্য্যতা ভরের বিষয় নহে—ভরের বিষয় এই যে, ধর্মকে বিস্মৃত হইরা প্রবৃত্তির হাতে পাছে আত্মসমর্পণ করি, পরকে দণ্ড দিতে গিয়া পাছে আপনাকে কলুষিত করি, বিচারক হইতে গিয়া পাছে শুণ্ডা হইরা উঠি। আমরা দেখিরাছি, ছই-দিক্ বাঁচাইরা চলা সাধারণ মান্থবের পক্ষে অত্যন্ত কঠিন, এইজন্ম ভালমন্দ ওজন করিয়া অনেকসময় আমাদিগকে একটা দিকু অবলম্বন করিতে হয়। কিস্ত ধর্মের

সঙ্গে সেরপ রফা করিতে গেলেই সেই ছিজযোগে শনি প্রবেশ করে—প্রবৃত্তি ও
নির্ভির যে সামঞ্চপথ আছে, তাহা অত্যন্ত
হরহ হইলেও তাহাই আমাদিগকে নিরতয়ে
অফুসন্ধান ও অবলম্বন করিতে হইবে—নতুবা
বিনাশপ্রাপ্ত হইতেই হইবে। ধর্মের এই
অমেশি নিরম হইতে যুরোপ বা এসিয়া
কাহারো নিম্নতি নাই।

অভএব ঘুষাঘূষি-মারামারির কথা যথন
ওঠে, তথন সাবধান হইতে বলি। দেবতার
ভূণেও অস্ত্র আছে, দানবের ভূণও শৃত্ত নহে
—অপ্রমন্ত হইয়া অস্ত্রনির্কাচন যদি করিতে
পারি, তবেই যুদ্ধের অধিকার জন্মে, তথন—
কর্মাণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।

मज़ला (मरी।

*>>

ম্ভদা সার্থি হয়ে কি অক্র করে
চালাইলা জয়রথ ! কি দৃগু ভঙ্গীতে
য়ফা সংহরিলা বেণী তৃপু গর্মভরে !
কি উদ্দীপু.চপুতেজে জনার ইঙ্গিতে
যুমেছিলা ক্র্দ্র সেনা ! যেদিন রমণী
রচি' দিত ধয়পুর্ণ নিজ কেশপালে,—
পতিরে পরাত বর্ম স্বহস্তে আপনি,
সেদিন শমনজাস মরিত তরাসে !
তৃমি শক্তিরপা দেবী, তব মাতৃতাবা
এ বঙ্গে অভয়মত্র কয়ক্ প্রচার !
কটাক্ষেতে কর চূর্ণ দীন্তা নিরাশা—
কার্য্যে কার্য্যে কর পূর্ণ জীবন-প্রসার !
তোমার তরুণ তেজে নবীন গৌরবে
প্রভাত-অরণ-রশ্ম জাপুক্ পূরবে !

শ্রীস্থরেশচক্র চৌধুরী।

वक्रमर्भन।

ধর্মবোধের দৃষ্টান্ত।

জুরির বিচার একবার এদেশ হইতে উঠা-ইয়া দিবার কথা হইয়াছিল—তাহা লইয়া আমাদের কাগজে-পত্রে সভাসমিতিতে খুব একটা কলরব ওঠে।

সেইসময় আমাদের দেশীয় একজন উচ্চ-পদস্ত ব্যক্তির বাড়ীতে কোন নিমন্ত্রণে আমি উপস্থিত থাকি। সেথানে কোন কলেজের ইংরাজ প্রিন্সিপাল্ও নিমন্ত্রিত ছিলেন।

তিনি নিজে ইচ্ছা করিয়া এই জুরির কণাটা তুলিলেন। নিমন্ত্রণকর্ত্তা জুরিবিচার এদেশে টেকে, এমন ইচ্ছা প্রকাশ করাতে অধ্যাপক কহিলেন, যে দেশের অর্জগভা লোক প্রাণের মাহান্ত্রা (Sanctity of Life) বোঝে না, তাহাদের হাতে জুরিবিচারের অধিকার দেওয়া অভায়।

় ইংরাজের এই কথাটি সইয়া চিস্তা করিবার বিষয় অনেকগুলি ছিল। গুরুতর চিস্তার বিষয় এই যে, আমাদের ছেলেদের শিক্ষার ভার ইহার হাতে! উপনিষদে আছে "শ্রদ্ধয়া দেয়ম্ অশ্রদ্ধয়া অদেয়ম্"—শ্রদার সহিত দান করিবে, অশ্রদ্ধার সহিত দান করিবে না। ভিক্ষাদানসম্বন্ধ যদি এ কথার

মূল্য থাকে, তবে শিক্ষাদানসম্বন্ধে এ কথা আরো কত থাটে! কেবল ইংরাজি কথার ইংরাজি মানে শেখাই পরম লাভ, তাহা মহে— আঘ্রসম্মানটা একটা মস্ত জিনিষ। কিন্তু ইহা আমরা প্রত্যহ দেখিতে পাই, সমস্ত বাধানিবেধ-অপমান স্বীকার করিয়াও ছেলেকে ইংরাজের ইস্কুলে দিবার জন্ম আমাদের অভিভাবকেরা লালাধ্বিত হইয়া ফেরেন; তাহার কারণ, বিশুদ্ধ ইংরাজি উচ্চারণকে ইংরার বিশুদ্ধ মন্থযুদ্ধের চেয়ে দামী বলিয়া ব্রিয়াচ্ছন। এই অভিভাবকণণ সম্ভবত রায়বাহাত্র হইয়া স্থথে মরিতে পারিবেন, কিন্তু অপমানে দীক্ষিত হতভাগ্য ছেলেগুলির জন্ম হংথ হয়।

আর একটি কথা এই যে, নিমন্ত্রণকারী ভদ্রলোকটি বাঙালি বলিরা, যে বিদেশী গানান্ত শিষ্টতাটুকু ভূলিরা যার, বাঙালির প্রতি স্থবিচার করিতে সে কি পারে ? প্রাণের মাহাত্ম্য যেমন একটা আছে, মানের মাহাত্মাও তেম্নি আছে। ছটো প্রায় এক-সঙ্গেই থাকে। তোমার কাছে যাহার মানের মাহাত্মা কম, তাহার প্রাণের মাহাত্মাও অল্প,

প্রতিদিনই তাহার প্রমাণ পাওয়া বাই-তেছে।

প্রাণের মাহান্ম্য ইংরাজ আমাদের চেম্নে বেশি বোঝে, দে কথা না হয় স্বীকার করিন্নাই লগুয়া গেল। অতএব সেই ইংরাজ যথন প্রাণ হনন করে, তথন তাহার অপরাধের শুরুত্ব আমাদের মত অর্দ্ধসভ্যের চেয়ে বেশি। অথচ দেখিতে পাই, দেশীয়কে হত্যা করিয়া কোনো ইংরাজ খুনি, ইংরাজ জ্ব ও ইংরাজ জ্বির বিচারে ফাঁসি যায় নাই। প্রাণের মাহান্ম্যসম্বন্ধে তাহাদের বোধশক্তিযে অত্যন্ত হক্ষ, ইংরাজ অপরাধী হয় ত তাহার প্রমাণ পায়, কিন্তু সে প্রমাণ দেশায় লোকদের কাছে কিছু অসম্পূর্ণ বলিয়াই ঠেকে।

এইরপ বিচার আমাদিগকে ছই দিক্

ইইতে আঘাত করে। প্রাণ যা যাবার, সে ত

যারই, ও দিকে মানও নট হয়। ইহাতে

আমাদের জাতির প্রতি যে ,অবজ্ঞা প্রকাশ

পার, তাহা আমাদের সকলেরই গায়ে বাজে।

ইংলণ্ড মোব্ বলিয়া একটি সংবাদপত্ত্ত্ব আছে। সেটা সেথানকার ভদ্রলাকেরই কাগজ —তাহাতে লিথিয়াছে, টমি আট্কিন্ (অর্থাৎ পন্টনের গোরা) দেশি লোককে মারিয়া ফেলিবে বলিয়া মারে না, কিন্তু মার থাইলেই দেশি লোকগুলা নরিয়া যার—এইজ্সু টমি-বেচারার লঘুদ্ও হইলেই দেশি থবরের কাগজগুলা চীংকার করিয়া মরে।

টমি আট্কিনের প্রতি দরদ্ থব দেখি-তেছি, কিন্তু সাক্টিটি অফ্লাইফ্কোন্থানে!
যে পাশব আঘাতে আমাদের পালা ফাটে,
এই ভদ্রকাগজের ক্ষত্রের মধ্যেও কি সেই
আঘাতেরই বেগ নাই ? বছাতিকত খুনকে

কোমল স্নেহের সহিত দেখিয়া হতব্যক্তির আত্মীয়সম্প্রদায়ের বিলাপকে যাহারা বিরক্তির সহিত ধিকার দেয়, তাহারাও কি খুন পোষণ করিতেছে না ?

কিছুকাল হইতে আমরা দেখিতেছি, মুরো-পীয় সভ্যতায় ধর্মনীতির আদর্শ সাধারণত অভ্যাদের উপরেই প্রতিষ্ঠিত—ধর্মবোধশক্তি এই সভ্যতার অন্তঃকরণের মধ্যে উদ্ভাসিত হয় নাই। এইজন্ম অভ্যাদের গণ্ডির বাহিরে এই আদর্শ পথ খুঁজিয়া পায় না, অনেকসময় বিপথে মারা যায়।

যুরোপীয় সমাজে ঘরে-ঘরে কাটাকাটিখুনাখুনি হইতে পারে না—এরপ ব্যবহার
সেথানকার সাধারণ স্বার্থের বিরোধী। বিষপ্রয়োগ বা অপ্রাঘাতের ছারা খুন করাটা
যুরোপের পক্ষে কয়েক শতাকী হইতে ক্রমশ
অনভাস্ত হইয়া আদিয়াছে।

কিন্তু খুন বিনা অস্ত্রাঘাতে— বিনা রক্ত-পাতে হইতে পারে। ধন্মবোধ গদি অকৃত্রিম আভ্যক্তরিক হয়, তবে সেরূপ খুনও নিলনীয় এবং অসম্ভব হইয়া পডে।

একটি বিশেষ দৃষ্টান্ত অবলম্বন করিয়া এ কথাটা স্পষ্ট করিয়া তোলা যাক।

হেন্রি ভাভেছ্ ল্যাপ্তর্ একজন বিখ্যাত ভ্রমণকারী। তিকতের তীর্থস্থান লাগার যাইবার জন্ম তাঁহার ছনিবার ঔৎস্ক্র জন্ম। সকলেই জানেন, তিক্বতীরা যুরোপীয় ভ্রমণ-কারী ও মিশনারী প্রভৃতিকে সন্দেহ করিয়া থাকে। তাহাদের হুর্গম পথঘাট বিদেশীর কাছে পরিচিত নহে, ইহাই ভাহাদের আয়-রক্ষার প্রধান অন্ধ—সেই অন্ত্রটি যদি ভাহারা লিওগ্রাফিকাল্ সোগাইটির হস্তে সমর্পণ করিয়া নিশ্তিত্ত হইয়া বসিতে অনিচ্ছুক হয়, তবে তাহাদিগকে দোষ দেওয়া যায় না।

কিছ অত্যে তাহার নিষেধ মানিবে, সে কাহারো নিষেধ মানিবে না, মুরোপের এই ধর্ম। কোন প্রয়োজন থাক্ বা না থাক্, শুদ্ধনাত্র বিপদ্ লজ্মন করিয়া বাহাছরি করিলে মুরোপে এত বাহবা মিলে যে, আনেকের পক্ষে সে একটা প্রলোভন। মুরোপের বাহাছর লোকরা দেশে-বিদেশে বিপদ্ সন্ধান করিয়া ফেরে। যে কোন উপাণ্টে হোক্, লাসায় যে মুরোপীয় পদার্পন করিবে, সমাজে তাহার থাতি-প্রতিপত্তির সীমা থাকিবে না।

অতএব তুষারগিরি ও তিব্বতীর নিষেধকে ফাঁকি দিয়া শাসায় যাইতে হইবে। লাওের-সাহেব কুমায়ুনে আল্মোড়া হইতে যাত্রা আরম্ভ করিলেন। সঙ্গে এক হিন্দু চাকর আসিয়া জুটিল, তাহার নাম চন্দন সিং।

কুমায়্নের প্রান্তে তিব্বতের সীমানায় রটশরাজ্যে শোকা বলিয়া এক পাহাড়ি জাত আছে। তিব্বতীদের ভয়ে ও উপদ্রবে তাহারা কম্পমান। রটশরাক্ষ তিব্বতীদের পীড়ন হইতে তাহাদিগকে রক্ষা করিতে পারেন না বলিয়া ল্যাওর্-সাহেব বারংবার আক্ষেপ-প্রকাশ করিয়াছেন। সেই শোকাদের মধ্য হইতে সাহেবকে কুলিমজ্ব সংগ্রহ করিয়ালইতে হইবে। বহুকত্তে ত্রিশঙ্কন কুলি জুটল।

ইংার পর হইতে যাত্রাকালে সাহেবের এক প্রধান চিন্তা ও চেষ্টা—কিসে কুলিরা না পালায়। তাহাদের পালাইবার যথেষ্ট কারণ ছিল। ল্যাওর্ তাঁহার ভ্রমণর্ত্তান্তের পচিশ-পরিচ্ছেদে লিথিরাছেন:—"এই বাহকদল

যথন নিঃশক্ষ গন্তীরভাবে বোঝা পিঠে লইয়া করণাজনক শ্বাসকটের সহিত হাঁপাইতে হাঁপাইতে উচ্চে হাঁতে উচ্চে আরোহণ করিতেছিল, তথন এই ভয় মনে হইতেছিল, ইহাদের মধ্যে কয়জনই বা কোনকালে ফিরিয়া যাইতে পারিবে!"

আমাদের জিজ্ঞান্ত এই যে, এ শদ্ধা যথন তোমার মনে আছে, তথন এই অনিচ্ছুক হতভাগ্যদিগকে মৃত্যুমুথে তাড়না করিয়া লইয়া যাওয়াকে কি নাম দেওয়া যাইতে পারে ? ভূমি পাইবে গৌরব এবং তাহার সঙ্গে অর্থলাভের সন্তাবনাও যথেই আছে—ভূমি তাহার প্রত্যাশার প্রাণপণ করিতে পার, কিন্ত ইহাদের সম্মুথে কোন্ প্রলোভন আছে ?

বিজ্ঞানের উন্নতিকল্পে জীবচ্ছেদ (vivisection) লইয়া যুরোপে অনেক তর্কবিতর্ক হইয়া থাকে। সজীব জন্তুদিগকে লইয়া পরীকা করিবার সময়ে যন্ত্রণানাশক ঔষধ প্রদোগ করিবার ঔচিতাও আলোচিত হয়। কিন্তু বাহাছরি করিয়া বাহবা লইবার উদ্দেশে দীর্ঘকাল ধরিয়া অনিচ্ছুক মামুষদের উপরে যে অসহা পীড়ন চলে, ভ্রমণবৃত্তান্তের গ্রন্থে তাহার বিবরণ প্রকাশ হয়, সমালোচকেরা করতালি দেন, সংস্করণের পর সংস্করণ নি:শেষিত হইয়া যায়, হাজার হাজার পাঠক ও পাঠিকা এই সকল বর্ণনা বিশ্বয়ের সহিত পাঠ ও আনন্দের সহিত আলোচনা করেন। হুর্গম তুষারপথে নিরীহ শোকা-বাহকদল দিবারাত্র যে অসহ কষ্টভোগ করিয়াছে— তাহার পরিণাম কি ? ল্যাওর্-সাহেব না হয় লাদায় পৌছিলেন, তাহাতে জগতের

এমন কি উপকার হওয়া সম্ভব, যাহাতে এই
সকল তীত-পীড়িত পলায়নেচ্ছু মাস্থদিগকে
অহরহ এত কট্ট দিয়া মৃত্যুর পথে তাড়না
করা লেশমাত্র বিহিত বলিয়া গণ্য হইতে
পারে ? কিন্তু কই, এজন্ম ত লেখকের সঙ্কোচ
নাই, পাঠকের অন্তবন্দা নাই ?

তিব্বতীরা কিরপ নিষ্ঠ্রভাবে পীড়ন ও হত্যা করিতে পারে, শোকারা দেই কারণে তিব্বতীদিগকে কিরপ ভয় করে, এবং তাহাদিগকে তিব্বতীদের হস্ত হইতে রক্ষা করিতে বিট্শরাজ কিরপ অক্ষম, তাহা ল্যাওর্ জানিতেন—ইহাও তিনি জানিতেন, তাঁহার মধ্যে যে উৎসাহ-উত্তেজনা ও প্রলোভন কাজ করিতেছে, শোকাদের মধ্যে তাহার লেশমাত্র নাই। তৎসত্বেও ল্যাওর্ তাঁহার গ্রন্থের স্থায় যে ভাবে তাঁহার বাহকদের ভয়ভংধের বর্ণনা করিয়াছেন, তাহা তর্জমা করিয়া দিলাম:—

"তাহারা প্রত্যেকে হাতে মৃথ ঢাকিয়া
ব্যাকুল হইয়া কাঁদিতেছিল। কাচির ছই
গাল বাহিয়া চোথের জল করিয়া পড়িতেছিল-—দোলা ফোঁপাইয়া কাঁদিতেছিল, এবং
ডাকু ও অভ যে একটি তিকাতা আমার
কাল লইয়াছিল, যাহারা ভয়ে ছয়বেশ গ্রহণ
করিয়াছিল, তাহারা তাহাদের বোঝার
পশ্চাতে লুকাইয়া বিদিয়া ছিল। আমাদের
অবস্থা যদিও সকটাপর ছিল, তব্ আমাদের
লোকজনদের এই আতুরদশা দেখিয়া আমি
না হাসিয়া পাকিতে পারিলাম না।"—

ইহার পরে এই ছর্ভাগারা পলায়নের চেষ্টা করিলে ল্যাগুর্ ভাহাদিগকে এই বলিয়া শান্ত করেন বে, যে কেহ পলায়নের বা বিজোহের চেষ্টা করিবে, তাহাকে গুলি করিয়া মারিব !

কিরূপ তুচ্ছ কারণেই ল্যাগুর্-সাহেবের গুলি করিবার উত্তেজনা জন্মে, অক্সত্র তাহার পরিচয় পাওয়া গেছে। তিববতী কর্ত্তপক্ষের निक्र हरेट ना ७३ यथन व्यथम नित्यध প্রাপ্ত হইলেন, তখন তিনি ভাগ করিলেন, যেন ফিরিয়া যাইতেছেন। একটা উপত্য-কার নামিয়া আসিয়া দুরবীণ ক্ষিয়া 'দেখি-লেন, পাহাড়ের শৃঙ্গের উপর হইতে প্রায় ত্রিশটা মাথা পাথরের আডালে উ কি মাকি-তেছে। সাহেব লিখিতেছেন—"আমার বঙ বিরক্তিবোধ হইল। যদি ইচ্ছা হয় ত ইহারা প্রকাশভাবেই আমাদের অমুদরণ করে না কেন-দুর হইতে পাহারা দিবার দরকার কি। অতএব আমি আমার আটশ'-গল্পী वाहेरकन् नहेवा गाँठित्छ চ্যাপ্টা হইয়া ভুইলাম এবং যে মাথাটাকে অন্তদের চেয়ে স্পষ্ট দেখা যাইতেছিল, তাহার প্রতি লক্ষ্য স্তির করিলাম।"

এই "অতএব"-এর বাহার আছে!
লুকাচ্রিকে ল্যাওর্-সাহেব কি মুণাই করেন!
তিনি এবং তাঁহার সঙ্গের আর একটা মিশনারি-সাহেব নিজেদের হিন্দু তীর্থবাতী বলিয়া
পরিচয় দিয়াছেন, প্রকাশ্রে ভারতবর্ধ ফিরিবার ভাণ করিয়া গোপনে লাসায় ঘাইবার
উদ্যোগ করিতেছেন, কিন্তু পরের লুকাচ্রি
ইহার এতই অসহ যে, ভূমিতে চ্যাপ্টা হইয়া
ভইয়া আয়গোপনপূর্বক তৎক্ষণাৎ আটশ'গজী রাইফেল্ বাগাইয়া কহিকেন, "I only
wish to teach these cowards a
lesson.—য়ামি এই কাপুরুষদিগকে শিকা

দিতে ইচ্ছা করি!" দ্র হইতে সুকাইয়া রাইফেল্-চালনার সাহেব যে পৌরুবের পরিচয় দিতেছিলেন, তাহার বিচার করিবার কেহ ছিল না। আমাদের ওরিয়েণ্টাল্দের অনেক হর্পাতার কথা আমরা শুনিয়াছি, কিন্তু চালুনি হইয়া ছুঁচ্কে বিচার করিবার প্রবৃত্তি পাশ্চাত্যদের মত আমাদের নাই। আসল কথা, গায়ের জার থাকিলে বিচারাসনের দথল একচেটে করিয়া লওয়া যায়—তথন অস্তকে ছণা করিবার অভ্যাসটাই বদ্ধ্ল হইয়া যায়, নিজেকে বিচার করিবার অবসর পাওয়া যায় না।

আসিয়ায়-আফ্রিকায় ভ্রমণকারীরা অনি-বাহকদের প্রতি চচু ক ভূত্য অত্যাচার করিয়া পাকেন, দেশ-আবিফারের উত্তেজনায় ছলে-বলে-কৌশলে তাহাদিগকে যে করিয়া বিপদ্ ও মৃত্যুর মূখে ঠেলিয়া লইয়া যান, তাহা কাহারো অগোচর নাই। অথচ Sanctity of Life সম্বন্ধে এই সকল পাশ্চাত্য সভাজাতির বোধশক্তি অতাস্ত মুতীর হইলেও কোণাও কোন আপত্তি ভনিতে পাই না। তাহার কারণ, ধর্মবোধ পাশ্চাত্য সভাতার আভান্তরিক নহে— স্বার্থরকার প্রাকৃতিক নিয়মে তাহা বাহির হইতৈ অভিবাক্ত হইয়া উঠিয়াছে। এইজয় যুরোপীর গণ্ডির বাহিরে ভাছা বিষ্কৃত হইতে থাকে। এমন কি, সে গণ্ডির মধ্যেও যেখানে সার্থবোধ প্রবল, সেখানে দরাধর্ম রক্ষা করার চেষ্টাকে যুরোপ ছর্মলতা বলিক্সা দ্বণা করিতে আরম্ভ করিয়াছে। যুদ্ধের সময় বিরুদ্ধ-পকের সর্বাধ আলাইরা দেওরা, তাহাদের ष्यनाथ भि उ जीत्नाकिनगरक वनी कत्रांत्र বিরুদ্ধে কথা কহা "সেন্টিমেন্টালিটি"। যুরোপে সাধারণত অসত্যপরতা দৃষ্ণীয়, কিন্তু পলিটিয়ে একপক্ষ অপরপক্ষকে অসত্যের অপবাদ সর্বাদাই দিতেছে। মাড্টোন্ও এই অপবাদ হইতে নিঙ্কৃতি পান নাই। এই কারণেই চীনযুদ্ধে যুরোপীয় সৈন্ডের উপদ্রব বর্ষরতারও সীমা লজ্মন করিয়াছিল এবং কংগো-প্রদেশে সার্থোন্মন্ত বেল্জিয়ামের ব্যবহার পেশাচি-কভায় গিয়া পৌছিয়াছে।

দক্ষিণ আমেরিকায় নিগ্রোদের প্রতি কিরূপ আচরণ চলিতেছে, তাহা নিউইয়র্কে প্রকাশিত "পোদ্ট"দংবাদপত্র হইতে গত ২রা জুলাই তারিখের বিলাতী ডেলিনিউসে সঙ্কলিত হট-য়াছে। তুচ্ছ অপরাধের অছিলায় নিগ্রো স্ত্রী-পুরুষকে পুলিদকোর্টে হাজির করা হয়-সেথানে ম্যাজিট্রেট তাহাদিগকে জরিমানা করে. সেই জরিমানা আদালতে উপস্থিত শ্বেতা-বেরা শুধিয়া দেয় এবং এই সামাভ টাকার পরিবর্ত্তে তাহারা সেই নিগ্রোদিগকে দাসত্বে ব্রতী করে। তাহার পর হইতে চাবুক, লোহশুঙ্খল এবং অন্ত্ৰাক্ত উপায়েই তাহাদিগকে অবাধ্যতা ও পলায়ন হইতে রকা করা হয়। একটি নিগ্ৰো স্ত্রীলোককে ত চাবুক মারিতে মারিতে মারিয়া एक्ना रहेग्राष्ट्र। এकि निर्धा श्वीत्नाकरक হৈধব্য-(bigamy)-অপরাধে গ্রেফ্তার করা হইয়াছিল। হাজতে থাকার সময় একজন ব্যারিষ্টার তাহার পক্ষ অবলম্বন করিতে স্বীকার করে। কিন্তু কোন বিচার না হই-शांटे निर्फायी विनश এटे खीरनाकि थानाम পার। বাারিষ্টার ফি-এর দাবি করিয়া তাহার প্রাপ্য টাকার পরিবর্ত্তে এই নিগ্রো স্ত্রীলোক-

টিকে ম্যাক্রি-ক্যাম্পে চোদমাস কাজ করিবার জন্ত পাঠার। সেখানে তাহাকে নরমাস চাবিতালা দিয়া বন্ধ করিয়া থাটানো হইরাছে, জোর করিয়া আর-এক ব্যক্তির সহিত তাহার বিবাহ দিয়া বলা হইয়াছে যে, তোমার বৈধ-স্থামীর সহিত তোমার কোনকালে মিলন হইবে না—পলায়নের আশক্ষা করিয়া তাহার পশ্চাতে কুকুর ছাড়িয়া দেওয়া হইয়াছে, তাহার প্রভু ম্যাক্রিরা তাহাকে নিজের হাতে চাবুক মারিয়াছে এবং তাহাকে শপথ করাইয়া লইয়াছে যে, থালাস পাইলে তাহাকে স্বীকার করিতে হইবে যে, সেমাসে পাঁচডলার করিয়া বেতন পাইত।

ডেলিনিযুদ্ বলিতেছেন, রাশিয়ায় ইছদি-হত্যা, কংগোয় বেল্জিয়ামের অভাচার প্রভৃতি লইয়া প্রতিবেশীদের প্রতি দোষারোপ করা হরহ হইয়াছে। After all, no great Power is entirely innocent of the charge of treating with barbarous harshness the alien races which are subject to its rule.

আমাদের দেশে ধর্ম্মের যে আদর্শ আছে, তাহা অস্তরের সামগ্রী, তাহা বাহিরে গণ্ডির মধ্যে প্রতিষ্ঠিত করিবার নহে। আমরা যদি Sanctity of Life একবার স্বীকার করি, তবে পশুপক্ষিকীটপতঙ্গ কোণাও তাহার সীমাস্থাপন করি না। ভারতবর্ষ

একসময়ে মাংসাণী ছিল-মাংস আৰু তাহার পক্ষে নিষিদ্ধ। মাংসাশী জাতি নিজেকে বঞ্চিত করিয়া মাংসাহার একেবারে পরিত্যাগ করিয়াছে, জগতে বোধ হয় ইহার আর দ্বিতীয় দৃষ্টান্ত নাই। ভারতবর্ষে দেখিতে পাই, অতান্ত দরিদ্র ব্যক্তিও যাহা উপার্জন করে, তাহা দুর আত্মীয়দের মধ্যে ভাগ করিয়া দিতে কৃষ্টিত হয় না-স্বার্থেরও যে একটা স্থায় অধিকার আছে, এ কথাটাকে আমরা দর্ব্ধ প্রকার অস্থবিধা স্বীকার করিয়া যতদূর সম্ভব থর্ক করিয়াছি। আমাদের দেশে বলে. প্লাতক, শ্রণাগত শক্রর প্রতি আমাদের ক্ষতিয়দের যেরূপ বাবহার ধর্মবিহিত বলিয়া নিৰ্দিষ্ট হইয়াছে, যুরোপে তাহা হাতকর বলিয়া গণ্য হইবে। তাহার একমাত্র কারণ, ধর্মকে আমরা অন্তরের ধন করিতে চাহিয়া-ছিলাম। স্বার্থের প্রাকৃতিক নিয়ম আমাদের ধর্মকে গড়িয়া তোলে নাই ধর্মের নিয়মই আমাদের স্বার্থকে সংযত করিবার চেষ্টা করিয়াছে। সেজন্ত আমরা যদি বহিবিষয়ে ত্র্বল হইয়া থাকি,—সেইজন্তই বহি:শক্রর काष्ट्र यनि यामारमत भत्रामत चर्छे, ज्थानि আমরা স্বার্থ ও স্থবিধার উপরে ধর্ম্মের व्यामर्गिक अग्री कतिवात छिट्टोत एव शोतव-লাভ করিয়াছি, তাহা কথনই বার্থ হইবে না-একদিন তাহারে। দিন আসিবে।

রমেশ অরদাবাবুর ঘরের মধ্যে প্রবেশ করিল। তথন অরদাবাবু মুথের উপরে থবরের কাগজ চাপা দিয়া কেদারার পড়িয়া নিদ্রা দিতেছিলেন। রমেশ ঘরে প্রবেশ করিয়া কাশিতেই তিনি চকিত হইয়া উঠিয়া থবরের কাগজটা তুলিয়া ধরিয়াই কহিলেন, "দেথিয়াছ রমেশ, এবারে ওলাউঠায় কত লোক মরিয়াহে ৪°

অয়দাবাবু নিজের ভয়ষাত্য ও শারীরিক
তুর্বলতার কথা প্রচার করিতে কথনে। কুটিত
হইতেন না. কিন্তু নিদা যে তাঁহাকে অসমরে
অভিভূত করিতে পারে, ইহা স্বীকার করা
তাঁহার পক্ষে কঠিন ছিল। তিনি যে সহরের
মৃত্যুতালিকা লইয়া অতান্ত নিবিইচিত্তে
মনে মনে আলোচনা করিতেছিলেন, রমেশের
নিকট ইহাই প্রতিপন্ন করিতে বাগ্র
হইয়া উঠিলেন। সহরের আবর্জনা দূর করিবার প্রতি ম্যানিসিপালিটির উদাসীতা যে
কিন্নপ দৃত্বজম্ল, অত্যন্ত গন্তীর উদ্বেশের
সহিত ইহাই তিনি রমেশের সহিত আলোচনা
করিতে উৎসাহসহকারে প্রস্ত হইলেন।

রমেশ অত্যন্ত ক্ষীণভাবে ছই একবার সায় দিল। যদিও রমেশের মুথ দেখিরা মনে ইইতে পারিত যে, ওলাউঠার জন্ম কলিকাতা-সহরের সমক্ত উৎকণ্ঠা তাহারি মাথায় চাপি-য়াছে, কিন্তু আলোচনায় তাহার শৈথিলা দেখিলে স্পষ্টই বুঝা যাইত, মৃত্যুতালিকার চেয়েও গুরুতর চিস্তার কারণ তাহার ছিল।

অন্ধদাবাব তাহা বৃঝিলেন না। তিনি কহিলেন — শহরের যেরপ অবস্থা দেখিতেছি, বিবাহে থা ওয়া-দা ওয়ার আয়োজনটা সংক্ষেপ করিতে হইবে।"

দ্ধিত জলে মাছ বাস করে এবং সেই
মাছ ঝোলের বাটিযোগে ঘরে-ঘরে মহামারী
বন্টন করিয়া দেয়, অতএব রোগভয়ের সময়
লঘুপাক পরিমিত নিরামিষ ভোজই যে ব্যবস্থা,
অয়দাবাবু এই সম্বন্ধে আপনার বক্তব্য বিবৃত্ত
করিতেছিলেন। এই স্থাযোগ অবলম্বন করিয়া
রন্দেশ কহিল, "বিবাহটা আর কিছুদিন
পিছাইয়া দিলেই ভাল হয়।"

অন্ধদাবারু কহিলেন—"পাগল হইয়াছ রমেশ ? ব্যামোকে কি অত ভয় করিলে চলে ? তাহ। হইলে কলিকাতা-সহরে লোকের বিবাহ করা একেবারে বর্ধই করিতে হয়। আখোদের যে ম্যুনিসিপালিটি! কমিশনারগুলি যম-দ্ত!"

নিজের এই রসিকতায় অয়দাবাব্ বিশেষ্
আমোদ প্রকাশ করিলেন, কিন্তু অন্তমনস্ক
রমেশের নিকট সমস্তই বার্থ হইল।

রমেশ কহিল, "বিবাহ এখন কিছুদিন বন্ধ রাখিতে হইবে—আমার বিশেষ কাজ আছে।"

অন্নদাবাব্র মাথা হইতে সহরের মৃত্যুতালিকার বিবরণ একেবানে লুগু হইয়া গেল।

ক্ষণকাল রমেশের মুথের দিকে তাকাইরা কহিলেন—"সে কি কথা রমেশ! নিমন্ত্রণ বে হইয়া গেছে!"

রমেশ কহিল, এই রবিবারের পরের রবিবারে দিন পিছাইয়া দিয়া আজই পত্র বিলি করিয়া দেওয়া যাইতে পারে।"

রমেশ। সে অত্যন্ত বিশেষ প্রয়োজন, বিলম্ব করিলে চলিবে না!

অন্নদাবাবু বাতাহত কদলীরুক্ষের মত কেদারার উপর হেলান্ দিয়া পড়িলেন— কহিলেন—"বিলম্ব করিলে চলিবে না! বেশ কথা, অতি উত্তম কথা! এখন তোনার যাহা ইচ্ছা হয় কর! নিমন্ত্রণ ফিরাইয়া লইবার ব্যবস্থা তোমার বৃদ্ধিতে যাহা আদে, তাহাই হোক্! লোকে যখন আমাকে জিজ্ঞাসা করিবে, আমি বলিব, 'আমি ও সব কিছুই জানি আ,—তাঁহার কি আবিশুক, সে তিনিই জানেন, আর কবে তাঁহার স্থবিধা হইবে, সে তিনিই বলিতে পারেন!"

ুরুমেশ উত্তর না করিয়া নতমুথে বসিয়া রহিল। অন্নদাবাবুকহিলেন, "হেমনণিনীকে সব কথা বলা হইয়াছে ?"

রমেশ। না, তিনি এখনো জানেন না। অন্নদা। তাঁহার ত জানা আবস্তক। তোমার ত একগার বিবাহ নয়!

রমেশ। আপনাকে আগে জানাইরা তাঁহাকে জানাইব স্থির করিয়াছি। অন্নদাবাৰু ডাকিয়া উঠিলেন—"হেম, হেম !"

হেমনলিনী ঘরের মধ্যে প্রবেশ করিয়া কহিল, "কি বাবা!"

অন্নদা। রমেশ বলিতেছেন, উঁহার কি একটা বিশেষ কাজ পড়িরাছে, এখন উঁহার বিবাহ করিবার অবকাশ হইবে না!

হেমনলিনী একবার বিবর্ণমুখে রমেশের মুখের দিকে চাহিল। রমেশ অপরাধীর মত নিক্তরে বসিয়া রহিল।

হেমনলিনীর কাছে এ ধবরটা যে এমন করিয়া দেওয়া হইবে, রমেশ তাহা প্রত্যাশা করে নাই। সে যে কি করিয়া আন্তে আন্তে কণাটা পাড়িবে, তাহা নানা রকম করিয়া ভাবিয়া রাখিয়াছিল। ভালবাসার মৃত্ব দক্ষিণ-হাওয়াকে রমেশ দুত করিবে স্থির করিয়া-ছিল, হঠাং বছ্রমক্রিত কালবৈশাখী তাহার মুখের কথা ছিনাইয়া লইয়া গেল। অপপ্রিয়-বার্ত্তা অকম্মাং এইরূপ নিতান্ত রুচভাবে হেম-নলিনীকে যে কিরূপ মর্মান্তিকরূপে আঘাত করিল, রমেশ তাহা নিজের ব্যথিত অন্ত:-করণের মধ্যেই সম্পূর্ণ অমুভব করিতে পারিল। কিন্তু যে তীর একবার নিকিপ্ত হয়, তাহা আর ফেরে না,--রমেশ ফেন স্পষ্ট দেখিতে পাইল, এই নিষুর তীর হেমনলিনীর হৃদুরের ठिक माक्यात्न शिश्रा विधिन्ना त्रहिल !

এখন কথাটা কোনমতে আর নরম করিয়া লইবার উপায় নাই। সবই সত্য— বিবাহ এখন স্থগিত রাখিতে হইবে, রমেশের বিশেষ প্রয়োজন আছে, কি প্ররোজন, তাহাও সে বলিতে ইচ্ছা করে না। ইহার উপরে এখন আর নৃতন ব্যাখ্যা কি হইতে পারে!

অন্নদাবার হেমনলিনীর দিকে চাহিয়া
কহিলেন—"তোমাদেরই কাজ, এখন
তোমরাই ইহার যা হয় একটা মীমাংসা করিয়া
লও।"

হেমনলিনী মুথ নত করিয়া বলিল—"বাবা, আমি ইহার কিছুই জানি না।" এই বলিয়া, ঝড়ের মেঘের মুথে স্থানতের মান আভাটুকু যেনন মিলাইয়া যায়, তেন্নি করিয়া সে চলিয়া গেল।

অরদাবার থবরের কাগজ মুথের উপর তুলিয়া পড়িবার ভাগ করিয়া ভাবিতে লাগি-লেন। রমেশ নিস্তর্ক হইরা বসিয়া রহিল।

হঠাং রমেশ একসময় চম্কিয়া উঠিয়া চলিয়। গেল। বদিবার বড় ঘরে গিয়া দেখিল, হেমনলিনী জানলার কাছে চুপ করিয়। দাড়া-ইয়া আছে। তাহার দৃষ্টির ললুখে আদর প্রার-ছুটির কলিকাতা জোয়ারের নদার মত তাহার সমন্ত রাজা ও গলির মধ্যে ক্ষীত জন-প্রবাহে চঞ্চল-মুখর ছইয়া উঠিয়াছে।

রমেশ একেবারে তাহার পার্ষে যাইতে
কৃতিত হইল। পশ্চাং হইতে কিছুক্ষণের
জন্ত হিরদৃষ্টিতে তাহাকে দেখিতে লাগিল।
শরতের অপরাছ-আলোকে বাতায়নবতিনা
এই স্তরমৃতিটি রমেশের মনের মধ্যে একটি
চিরহায়ী ছবি আঁকিয়া দিল। ঐ স্কুমার
কপোলের একটি অংশ, ঐ সবছরচিত কবরীর
ভঙ্গী, ঐ গ্রীবার উপরে কোমল-বিরল
কেশগুলি, তাহারি নীচে সোনার হারের
একট্থানি আভাস, বামক্ক হইতে লবিত
অঞ্চলের বিশ্বম প্রাস্ত, সমস্তই রেথায়-রেথায়
তাহার প্রীড়ত চিত্তের মধ্যে যেন কাটিয়াকাটিয়া বিশ্বা গেল। বার্থ বেশবিভাগের

আক্ষেপ বহন করিয়া একটি মৃত্ সুগন্ধ ঘরমর ভাসিয়া বেড়াইতেছিল। এই গন্ধটুকু, ঐ ছবিটি রমেশের কত ভবিষাৎ শার্দীয় অব-কাশকে আবিষ্ট করিয়া ভূলিবার জন্ম স্থতির মধ্যে সঞ্চিত হইয়া রহিল।

রমেশ আত্তে আতে হেমনলিনীর কাছে আদিয়া দাঁড়াইল। কেমনলিনী রমেশের চেয়ে রাস্তার লোকদের জন্ম যেন বেশি ওৎ- স্থক্য বোধ করিতে লাগিল। রমেশ বাষ্প্রকর্মকঠে কহিল, "আপনার কাছে আমার্মা একটি ভিক্ষা আছে।"

রনেশের কণ্ঠস্বরে উদ্বেল বেদনার আবাত অন্থতন করিয়া মুহুর্ত্তের মধ্যে হেম-নিলনীর মুথ ফিরিয়া আদিল। রনেশ বলিয়া উঠিল —"তুমি আমাকে অবিখাদ করিয়োনা!" রমেশ এই প্রথম হেমনিলনীকে 'তুমি' বলিল। "এই কথা আমাকে বল যে, তুমি আমাকে কথনো অবিখাদ করিবে না! আমিও অন্তর্যামীকে অন্তরে সাক্ষী রাধিয়া বলিতেছি, তোমার কাছে আমি কথনো অবিখ্যা হইব না।"

রনেশের আর কথা বাহির হইল না,
তাহার চোথের প্রান্তে জল দেখা দিল।
তথন হেমনলিনী তাহার সিম্বকরণ ছই চকু
তুলিয়া রমেশের মুথের দিকে স্থির করিয়া
রাখিল। সেই অনিমেষ দৃষ্টি রমেশের প্রতি
নারবে সংশয়লেশহান জববিশ্বাস নিবেদন
করিল—তাহার পরে সহসা বিগলিত অশ্রুধারা হেমনলিনার ছই কপোল বাহিয়া
ঝরিয়া পড়িতে লাগিল। দেখিতে দেখিতে
সেই নিভ্ত বাতায়নতলে ছইজনের মধ্যে
একটি বাক্যবিহীন শাস্তি ও সাম্বার স্বর্গথপ্ত

ভাজিত হইয়া গেল—জনসমূদ্রের কলোল-কোলাহল, ধর্ম্রোত সংসারের আঘাত-অভি-ঘাত কণকালের জন্ম তাহাকে স্পর্শ করিতে গারিল না।

কিছুকণ এই অঞ্জলপ্লাবিত স্থগভীর মোনের মধ্যে স্থলয়মন নিমগ্ন রাথিয়া একটি আরামের দীর্ঘনিশ্বাস কেলিয়া রমেশ কহিল— "কেন আমি এখন সপ্তাহের জন্ম বিবাহ স্থগিত রাখিবার প্রস্তাব করিয়াছি, তাহার কারণ কি ভূমি জানিতে চাও ?"

হেমনলিনী নীরবে মাথা নাড়িল—সে জানিতে চায় না।

রমেশ কহিল, "বিবাহের পরে আমি তেমাকে সব কথা খুলিয়া বলিব।"

এই কথাটার হেমনলিনীর কপোলের কাছটা একটুথানি রাঙা হইয়া উঠিল।

আজ আহারান্তে হেমনলিনী যখন রমেশের সহিত মিলনপ্রত্যাশায় উৎস্কুক-চিত্তে সাজ করিতেছিল, তথন সে অনেক হাসিগল, অনেক নিভৃত পরামর্শ, অনেক ছোটথাট স্থথের ছবি কল্পনায় সঞ্জন করিয়া नरेटि हिन। किंद्र এरे य अब कम्र मूंश्रर्ख छूटे क्षप्रवेत माथा विश्वारमत माला वनल इहेबा বেল—এই যে চোথের জল করিয়া পড়িল. কথাবার্ডা কিছুই হইল না, কিছুক্তবের জ্ঞু হুইজনে পাশাপাশি দাঁড়াইয়া রহিল—ইহার निविष् चानम, देशंत्र गजीत मास्ति. देशात পরম আখাস সে কল্লনাও করিতে পাবে নাই। চতুর্দিক্ প্রসর হইয়া গেল, সমস্ত শংসার মেব্যুক্ত আনন্দরশ্মিতে উদ্ভাসিত হইয়া উঠিল—উদার আকাশ ত্রেহপূর্ণ পিতৃ-ক্রোডের মত উভয়কে বেষ্টন করিয়া ধরিল।

হেমনলিনী কহিল, "তুমি একবার বাবার কাছে যাও, তিনি বিরক্ত ইইরা আছেন।"

রমেশ প্রেক্রচিত্তে সংসারের ছোট-বড় আঘাত-সংঘাত বুক পাতিয়া লইবার জঞ্জ চলিয়া গেল।

26

অন্ধানাব্ সমস্ত উবেগ-উৎকণ্ঠাকে ভন্ন করিতেন—পাছে তাহাতে তাঁহার পরিপাকের বিপাক বৃদ্ধি পায়; আজিকার গোলমালের পর তিনি একটা শারীরিক হুর্যোগ আশহা করিয়া হতাশ হইয়া বসিন্না ছিলেন, এমন-সময় রমেশ পুনরায় গৃহে প্রবেশ করিল। উৎস্ক হইয়া তিনি তাহার মুথের দিকে চাহিলেন।

রমেশ কহিল, "নিষয়ণের ফর্দটা যদি আমার হাতে দেন, তবে দিনপরিবর্তনের চিঠিগুলি আঙ্কই রওনা করিয়া দিতে পারি।"

অন্নদাবার্ কহিলেন, "তবে দিনপরিবর্ত্তনই স্থির বহিল ?"

রমেশ কহিল, "হাঁ, অস্ত উপার আর কিছুই দেখি না !"

অন্ননাব্ কহিলেন, "দেখ বাপু,
তবে আমি ইহার মধ্যে নাই। যাহা
কিছু বন্দোবত করিবার, সে তুমিই করিয়ো।
আমি লোক হাসাইতে পারিব না। বিবাহব্যাপারটাকে যদি নিজের মর্জি অনুসারে
ছেলেখেলা করিয়া তোল, তবে আমার
মত বয়সের লোকের ইহার মধ্যে না
থাকাই ভাল। এই লও ভোমার নিমন্ত্রণের
কর্দা। ইতিমধ্যে আমি কতকগুলা
টাকা খরচ করিয়া কেলিরাছি, ভাহার

অনেকটাই নই হইকে। এন্নি করিয়া বার-বার টাকা জলে কেলিয়া দিতে পারি, এমন সঙ্গতি আমার নাই !"

নিজেকে ক্রিয়াকর্মের গোলমাল হইতে বাঁচাইবার এই স্থযোগটুকু পাইয়া অয়দাবাবু ভিতরে-ভিতরে কিছু যে আশস্ত হন নাই, তাহা 'বলিভে পারি না। পরের প্রতি দোবারোপ করিবার স্থথ এবং কর্মের ঝঞাট্ হইতে নিম্বৃতি পাইবার আরাম, ছটাই তাঁহার পক্ষে উপাদেয়। ইহাতে ব্যয়সংক্ষেপেরও সম্ভাবনা আছে।

রমেশ সমস্ত ব্যয় ও ব্যক্তার ভার নিজের রক্ষে লইতেই প্রস্তুত হইল। সে উঠিবার উপক্রেম করিতেছে, এমন-সময় অয়দাবারু কহিলেন—"রমেশ, বিবাহের পরে তুমি কোথায় প্রাাক্টিন্ করিবে, কিছু স্থির করি-য়াছ ? কলিকাভার নয় ?"

রমেশ কহিল—"না। পশ্চিমে একটা ভাল জারগার সন্ধান করিতেছি।"

অন্ধদাবাব্। সেই ভাল, পশ্চিমই ভাল।
এটোরা ত মল জারগা নর। সেধানকার
জল হলমের পক্ষে অতি উত্তম—মামি
সেধানে মাসধানেক ছিলাম—সেই একমাসে
আমার আহারের পরিমাণ ভবণ বাড়িয়া
গিয়াছিল। দেখ বাপু, সংসারে আমার ঐ
একটিমাত্র মেরে—আমি সর্বাদা উহার কাছেকাছে না থাকিলে সে-ও স্থবী হইবে না,
আমিও নিশ্চিস্ত হইতে পারিব না। তাই
আমার ইচ্ছা, ভোমাকে একটা স্বাস্থাকর
জারগা বাছিয়া লইতে হইবে।

অনুদাবার রুমেশের একটা অপরাধের অবকাশ পাইরা সেই স্থবোগে নিজের বড় বড় দাবী গুলা উপস্থিত করিতে আরম্ভ করিলেন। সে সময়ে রমেশকে তিনি যদি
এটোয়া না বলিয়া গান্রো বা চেরাপুঞ্জির কথা
বলিতেন, তবে তৎক্ষণাৎ সে রাজি হইত।
সে কহিল, "যে আজ্ঞা, আমি এটোয়াতেই
প্রাাক্টিদ্ করিব।"—এই বলিয়া রমেশ
নিমন্ত্রণ-প্রত্যাধ্যানের কার্য্যভার লইয়া প্রস্থান
করিল।

অনতিকাল পরে অক্ষর ঘরে ঢুকিয়াই কহিল, "অরদাবাবু, আজকের খনরের কাগজে দেথিয়াছেন ত—কাল সহরে ২৩৫ জন লোগে মরিয়াছে।"

অন্নদাবাৰু কহিলেন—"মক্তক্ না, আমার: তাহাতে কি ?"

অক্ষর ভাবিল, "একি হইল—আজ এতবড় মৃত্যুতালিকাতেও অক্সদাবাব্র ক্লচি নাই ? নিশ্চয় একটা গুরুতর অনর্থপাত কিছু ঘটনাছে।"

অক্ষ মৃহস্বরে বলিতে আরম্ভ করিল, "আপনার শরীর—"

অল্পাবার কহিলেন, "আমার শরীর চুলোয় যাক গো—এদিকে রমেশ তাহার বিবাহের দিন একসপ্তাহ পিছাইয়া দিয়াছে!"

অক্ষ। না না, আপনি বলেন কি ! সে কি কখনো হইতে পারে ? পর্ভ যে বিবাহ।

অন্নদা। হইতে ত না পারাই উচিত ছিল—সাধারণ লোকের ত এমনতর হয় না। কিন্ত আজকাল তোমাদের যে-রকম কাণ্ড দেখিতেছি, দবই সম্ভব।

অক্ষর অত্যন্ত মুথ গন্তীর করিয়া আড়-ঘর-সহকারে চিস্তা করিতে লাগিল। কিছু- ক্ষণ পরে কহিল, "আপনারা যাহাকে একবার সংপাত্র বলিয়া ঠাওরাইয়াছেন, ভাহার সম্বদ্ধে ছটি চকু বুজিয়া থাকেন। মেয়েকে যাহার হাতে চিরদিনের মত সমর্পণ করিতে যাইতে- ছেন, ভাল করিয়া ভাহার সম্বদ্ধে থোঁজ্ববর রাথা উচিত। হোক্ না কেন সে স্বর্ণের দেবতা, তবু সাবধানের বিনাশ নাই।"

অন্নদা। রমেশের মত ছেলেকেও যদি সন্দেহ করিয়া চলিতে হয়, তবে ত সংসারে কাহারো সঙ্গে কোন সমন্ধ রাথা অসম্ভব হইয়া পড়ে।

অক্র। আচ্ছা, এই যে, দিন পিছাইয়া দিতেছেন, রনেশবাবু তাহার কারণ কিছু বলিয়াছেন ?

অন্নদাবাবু মাথায় হাত বুলাইতে বুলাইতে কহিলেন—"না, কারণ ত কিছুই বলিল না— জিজ্ঞাসা করিলে বলে, বিশেষ দরকার মাছে।"

অক্ষর মুথ ফিরাইয়া ঈবং একটু হাসিল মাত্র। তাহার পরে কহিল, "বোধ হয় আপ-নার মেয়ের কাছে রমেশবাবু একটা কারণ নিশ্চয় কিছু বলিয়াছেন।"

জ্লদাবাবু। সম্ভব বটে।

অক্ষ। তাঁথাকে একবার ডাকিয়া জিজ্ঞাসা করিয়া দেখিলে ভাল হয় না ?

"ঠিক বলিয়াছ" বলিয়া অন্নদাবাৰু উচৈত-প্ৰৱে হেমনলিনীকে ভাক দিলেন। হেম-নলিনী ঘরে ঢুকিয়া অক্ষরকে দেখিল। তাহার বাপের পাশে এমন করিয়া দাঁড়াইল, মাহাতে অক্ষয় তাহার মুখ না দেখিতে পায়।

অন্ধাবার্ জিজ্ঞাদা করিলেন—"বিবাহের দিন বে হঠাৎ পিছাইল গেল, রমেশ তাহার কারণ তোনাকে কিছু বলিরাছেন ?" হেমৰলিনী ঘাড় নাড়িয়া কহিল—"না।" অন্নদাবাৰু। তুমি তাহাকে কারণ জিজ্ঞাসা কর মাই ?

(रमनिनी। ना।

অন্নদাবাব্। আশ্চর্যা ব্যাপার! বেমন রমেশ, তুমিও দেখি তেম্নি। তিনি আসিরা বলিলেন, 'আমার বিবাহে ফুরসং হইতেছে না'—তুমিও বলিলে, 'বেশ ভাল, আর এক-দিন হইবে!' বাস্, আর কোন কথাবার্তা নাই!

অক্ষ হেমনলিনীর পক্ষ লইয়া কহিল,
"একজন লোক যথন স্পাইই কারণ গোপন
করিতেছে, তথন সে কথা লইয়া ভাহাকে কি
কোন প্রশ্ন করা ভাল দেখায়
 যদি বলিবার
মত কিছু ২ইত, তবে ত রমেশবাব্ আপনিই
বলিতেন!"

হেমনলিনীর মুখ লাল হইয়া উঠিল—দে কহিল, "এই বিষয় লইয়া আমি বাহিরের লোকের কাছে কোন কথাই ওনিতে চাই না। বাহা ঘটিরাছে, তাহাতে আমার মনে কোন কোভ নাই, সংশয় নাই—অভালোকের যদি অতান্ত চশ্চিত্তা জ্বিয়া থাকে, তবে সেটা আমি সম্পূর্ণ অনাবশুক বলিয়া জ্ঞান করি।"

এই বলিয়া হেমনলিনী ক্রতপদে ঘর হইতে বাহির হইয়া গেল।

অকর পাতে মুথে হাসি টানিরা আনিরা কহিল—"সংসারে বকুর কাজটাতেই সব চেরে লাজনা বেশি। সেইজন্তই আমি বকুত্বের গৌরব বেশি অমূভব করি। আপনারা আমাকে ঘণা কর্পন আর গালি দিন, রমেশকে সন্দেহ করাই আমি বকুর কর্ত্তব্য বলিয়া জ্ঞান করি। আপনাদের যেখানে কোনে। বিপদের স্থান বনা দেখি, সেখানে আমি অসংশরে থাকিতে পারি না—আমার এই একটা মন্ত ত্র্বলতা আছে, এ কথা আমাকে স্বীকার করিতেই হইবে। যাই হোক্, যোগেন্ ত কালই আসিতেছে, সে-ও যদি সমন্ত দেখিয়া-শুনিরা নিজের বোনের সম্বন্ধে নিশ্চিন্ত থাকে, তবে এ বিষয়ে আমি আর কোন কথা কহিব না।"

त्रात्मत वावशात्रमश्यक अन्न कतिवात मगर यामिशारह, वन्नमावावू এ कथा এक वादत বোঝেন না, তাহা নহে - कि ह मत्लर ना করিলেই নিশ্চিন্ত থাকা সম্ভব এবং নিশ্চিম্ব থাকিলেই স্কুত্থাকিবার আশা করা যায়। যাহা অগোচরে আছে, তাহাকে বলপুর্নক আলোডিত করিয়া তাহার মধ্য হইতে হঠাং একটা ঝঞা আবিদ্যারের সম্ভাবনার তিনি স্বভা-বত তাহাতে কিছুমাত্র আগ্রহবোধ করেন না। मानिमिभानिष्ठित आहत्रगमभास आनका अ আত্ত্বকে প্রশ্র দিতে তিনি উৎসাহ অহুভব করেন, কারণ, কলিকাতা-সহর তাঁহার ক্তা নহে-কিন্তু উদ্বেগকে তিনি যে-কোন প্রকারে হউক নিজের ঘরের মধা হইতে ঠেকাইয়া রাখিতে চান। কারণ দেখানে তাহার আবিভাব হইলে বনুবান্ধবদের সহিত তাহার সম্বন্ধে কেবল আলোচনা করিয়া কান্ত থাকিবার জো থাকে না-্সে তাহার হুরুল পাক থলী এবং অনি দ্রাপীতিত ললাটফলককে থাতির করিয়া চলিবে না, ইহা তিনি নিশ্চয় कारनन। এই कात्रण अन्नमावाव यथान নিশ্চিত্তমনে সন্দেহ করিতে পারেন, সেথানে गत्नर कतिराउरे ভानदारमन এবং यथान চিন্তা করা উচিত ও বাভাবিক, সেধানেই তিনি निःमन्त्रिश्च थाकिए हैक्स करत्न।

অক্ষয়ের উপর তাঁহার অত্যন্ত রাগ হইল। তিনি কহিলেন, অক্ষর, তোমার স্বভাবটা বড় সন্দিগ্ধ! প্রমাণ না পাইয়া কেন তুমি—"

অক্য আপনাকে দমন করিতে জানে. কিন্তু উত্তরোত্তর আঘাতে আজ তাহার ধৈর্ঘ্য ভাঙিয়া গেল। সে উত্তেজিত হইয়া কহিল. "দেখুন অল্পাবাৰ, আমার অনেক দোষ আছে! আমি সংপাত্রের প্রতি ঈর্ষা করি, আমি সাধুলোককে সন্দেহ করি। ভদ্রলোকের মেয়েদের ফিলজ্ঞফি পড়াইবার মত বিস্থা আমার নাই এবং তাঁহাদের সহিত কাব্য মালোচনা করিবার স্পর্দ্ধাও আমি রাখি না-আমি সাধারণ দশজনের মধ্যেই গণা-কিন্ত চিরদিন আমি আপনাদের প্রতি অমুরক্ত. আপনাদের অহুগত। রমেশবাবর আর-কোন বিষয়ে আমার তুলনা হইতে পারে না-কিন্তু এইটুকুমাত্র অহন্ধার আমার আছে. আপনাদের কাছে কোনদিন আমার কিছু লুকাইবার নাই! আপনাদের কাছে আমার সমস্ত দৈল্য প্রকাশ করিয়া আমি ভিকা চাহিতে পারি, কিন্তু সিঁদ কাটিয়া চুরি করা আমার স্বভাব নহে। এ কথার কি অর্থ, তাহা কালই আপনারা বৃঝিতে পারিবেন।" 19

চিঠি বিলি করিয়া দিতে রাত হইয়া পড়িল। রমেশ শুইতে গেল, কিন্তু ঘুম হইল না। তাহার মনের ভিতরে গঙ্গাথমুনার মত শাদা-কালো হই রঙের চিস্তাধারা প্রবা-হিত হইতেছিল। হুইটার কল্লোল একসঙ্গে মিশিয়া তাহার বিশ্রামন্ত্রণতেছিল। বারকরেক পাশ ফিরিয়া সে উঠিয়া
পড়িল। জানলার কাছে দাড়াইয়া দেখিল,
শরৎরাত্রির নিস্তব্ধ আকাশ চাঁদের আলোতে
বিহুবল হইয়া গেছে। তাহাদের জনশুন্তগলির এক পাশে বাড়ীগুলির ছায়া, আরএক পাশে শুল্ল জ্যোৎস্নার রেখা। একদিকের গৃংশ্রেণী সহাত্ত নিদ্রিত গৌরতম্ব
উলঙ্গ শিশুদের মত ধব্ধব্ করিতেছে, আর
তাহার সম্মুধদিকের বাড়ীগুলি কালো-কাপড়পরা জাগ্রত প্রহরীর মত অন্ধকারে চুপ
করিয়া দাঁডাইয়া আছে।

নিশীথরাত্রে স্থপ্ত রাজধানীর উপর যথন জ্যোতিকলোক হইতে জ্যোৎসা নামিয়া আদে, তথন তাহার মধ্যে মাধুরীমিশ্রিত একটি অপরপ গান্তীর্য্য বিরাজ করে। স্থপ্তঃথ লাভ-ক্তির এতবড় বিরাট উদাম চেষ্টা যথন একেবারে পরাভব মানিয়া শিশুর মত অনস্তের ক্রোড়ে আত্মসমর্পণ করে—তথন সেই অভিভূত বিপুল কম্মালার উপরে একাকী যোগাসনে আসীন সেই অনস্তের অবিচলিত মুথ্পী সৌধশিথরসমূল আকাশতলে যেরূপ প্রত্যক্ষ দেখিতে পাওয়া যায়, এরূপ অরণ্যে-সমুচ্দ্র-গিরিশিথরে দেখা যায় না।

রমেশ শুক হইয়া ধাড়াইয়া রহিল। যাহা
নিজ্য, যাহা শাস্ত, যাহা বিশ্বব্যাপী, যাহার
মধ্যে দক্ষ নাই, দিধা নাই, রমেশের সমস্ত
অন্ত:প্রকৃতি বিগলিত হইয়া তাহার মধ্যে
পরিব্যাপ্ত হইয়া গেল। যে শক্ষবিহীন সীমাবিহীন মহালোকের নেপথ্য হইতে চিরকাল
ধরিয়া জন্ম এবং মৃত্যু, কর্ম.এবং বিশ্রাম,
আরম্ভ এবং অবসান, কোনু অশ্রত সঙ্গীতের

অপরপ তালে বিশ্বরুভ্মির মধ্যে প্রবেশ করিতেছে—রমেশ সেই আলো-অদ্ধকারের অতীত দেশ হইতে নরনারীর যুগল প্রেমকে এই নক্ষএদীপালোকিত নিথিলের মধ্যে আবিত্তি হইতে দেখিল। রমেশ কণকালের জন্ত আপন ভালবাদাকে সংসার হইতে প্রদ্রে বিচ্ছির করিরা এক বিশ্ববিস্তৃত মহিন্মার মধ্যে শাস্ত শুদ্ধ স্কান প্রেমের চারিদ্রিতে দেখিতে পাইল। সেই অমান প্রেমের চারিদ্রিতে পাইল। সেই অমান প্রেমের চারিদ্রিত হইতে কৃদ্ধ জন্সমাজের সমস্ত ভর্ম, সংশ্ম, ঈর্ষা, বিরোধ, ভ্রান্তি শ্বিতি হইয়া পড়িল, বাধা ও বিচ্ছেশ কুহেলিকার মত বিলীন হইয়া গেল।

রমেশ তথন ধীরে ধীরে ছাদের উপর উঠিল। অন্নগাবার বাড়ীর দিকে চাহিল। সমস্ত নিতক। বাড়ীর দেরালের উপরে, কার্ণিশের নীচে, জান্লা-দরজার খাঁজের মধ্যে, চ্নবালিথদা ভিতের গায়ে জ্যোৎসা এবং ছায়া বিচিত্র আকারের রেখা ফেলি-য়াছে।

আজ অপরাত্নে রমেশ ও হেমনলিনী যে জানলার কাছে দাঁড়াইয়ছিল, সেই জানলাটি তথন ছায়ার মধ্যে অবগুঠিত হইয়াছিল। সেই জানলার দিকে চাছিয়া রমেশ হাঁটু গাড়িয়া জাড় হাত করিয়া বিসয়া সেই জােংলাংলাভিবিক নিজক আকাশের নীচে নিজের ললাট ভূতলে লুঠিত করিল। তাহার প্রেম একটি রহৎ ভক্তিতে প্রসারিত হইয়া গেল। একি বিশ্বয়! এই জনপূর্ণ নগরের মধ্যে ঐ সামান্ত গৃহের ভিতরে একটি মানরীর বেশে একি বিশ্বয়! এই রাজধানীতে কত ছাত্র, কত উকীল, কত প্রবাদী ও নিবাদী আছে,

ভাহার মধ্যে রমেশের মত একজন সাধারণ লোক কোথা হইতে একদিন আখিনের পীতাভ রোদ্রে ঐ বাতায়নে একটি বালিকার পাশে নীরবে দাঁডাইয়া জীবনকে ও জগংকে এক অপরিদীম আনন্দময় রহস্তের মাঝখানে ভাসমান দেখিল-একি বিশ্বর! হৃদয়ের ভিতরে আজ একি বিশ্বয়, হৃদয়ের বাহিরে আজ একি বিশ্বয় ! বিশের যে নিগৃচ অন্তস্তলে প্রাণ ও প্রেম ও সৌন্দর্যা অনাদি-কাল হইতে অহোরাত্র শ্বত ইংগারিত হইয়া উঠিতেছে, সংসারের সমস্ত বন্ধন, জীবনের সমস্ত ভুচ্ছতা অতিক্রম করিয়া আজ কেমন করিয়া রমেশ সেই নির্জন অমৃতনির্ধরের তটে আসিয়া দণ্ডায়মান হইল। সেজ্ঞ রমেশ আজ রাত্রে কাহার কাছে জীবন সম-র্ণণ করিবে, কাহার কাছে আপনাকে নত করিয়া, লুপ্তিত করিয়া, লুপ্ত করিয়া নিবেদন कविशा मिटव ।

অনেক রাত্রি পর্যান্ত রমেশ ছাদে বেড়াইল। ধীরে ধীরে কথন্ একসময়ে থণ্ড
চাঁদ সম্প্রের বাড়ীর আড়ালে নামিয়া গেল।
পৃথিবীতলে রাত্রির কালিমা ঘনীভূত হইল —
আকাশ তথনো বিদায়োশ্ব আলোকের
আলিঙ্গনে পাড়্বর্গ। অল্ল একট্রথানি বাতাস
জ্যাগিয়া উঠিল—সে বাতাসে শিশিরের শিশ্ জড়িত। ছটো-একটা গাড়ির চাকার শক্তনা
যাইতেছে। গ্রাম হইতে তরকারীবোঝাই
গাড়ি সহরের বাজারে যাত্রা করিয়াছে।

রমেশের ক্লান্ত শরীর শাঁতে শিহরিয়া উঠিল। হঠাং একটা আশক্ষা থাকিয়া-থাকিয়া তাহার হুংপিওকে চাপিরা ধরিতে লাগিল। মনে পড়িয়া গেল, জীবনের রণ- ক্ষেত্রে কাল আবার সংগ্রাম করিতে বাহির হইতে হইবে। ঐ আকাশে যদিও চিন্তার রেখা নাই, জ্যোৎসার মধ্যে চেষ্টার চাঞ্চল্য নাই, রাত্রি যদিও নিস্তব্ধ শাস্ত, বিশ্বপ্রকৃতি ঐ অগণ্য নক্ষত্রলোকের চিরকর্মের মধ্যে চির-বিশ্রামে বিলীন—তবু মাত্মবের আনাগোনা-যোঝাযুঝির অন্ত নাই, স্থথে-ছঃথে বাধায়-বিদ্নে সমস্ত জনসমাজ তরঙ্গিত। অনস্তকালের নির্লিপ্ত উদাদীত্তে, অনস্ত আকাশের নির্মাক নিস্তর্কতায় মানবের এই ক্রুজীবনের হুই-দিনকার ক্ষোভও নিমগ্ন করিয়া দিতে পারিল না। একদিকে অনস্তের ঐ নিতা শান্তি, আর-এক দিকে সংসারের এই নিতা সংগ্রাম— তুই একইকালে একদঙ্গে কেমন করিয়া থাকিতে পারে, ছন্চিন্তার মধ্যেও রমেশের মনে এই প্রশ্নের উদয় হইল। কিছুক্ণ পূর্বে রমেশ বিশ্বলোকের অন্ত:পুরের মধ্যে প্রেমের যে একটি শাশ্বত সম্পূর্ণ শাস্তমূর্ত্তি দেখিয়া-ছিল, সেই প্রেমকেই ক্ষণকাল পরে সংসারের मःघर्ष, कीवरनत किंगजात्र, भरत भरत कृत-কুণ্ণ দেখিতে লাগিল! ইহার মধ্যে কোন্টা मठा, दकान्छ। भाषा ! त्रदम भदन भदन कहिल, "বদি বিষ্ণ ঘটে, আশার প্রতিমা বদি চুর্ণ হইয়া যায়, জীবন যদি ব্যৰ্থ হইতে থাকে, তবে জগং-চরাচরের মধ্যে প্রেমের এই যে প্রশাস্ত বিশ্ব-রূপ দেখিয়াছি,—যাহাকে ভালবাসি, অনত্তের বক্ষের মধ্যে তাহার যে চিরন্তন প্রসন্নমূর্ত্তি দেখিয়াছি, তাহাকে ভূলিব না, ছাড়িব না, তাহাকে সংসারের সমস্ত বিরোধ-বিচ্ছেদ-ব্যর্থতার অন্তরালে মানসমন্দিরে প্রতিষ্ঠিত করিয়া রাখিব'—তাহা হইতে আমাকে কেহ বঞ্চিত করিতে পারিবে না।

আমার সেই আশা, সেই স্থথ, সেই মামুষ্টিকে তোমার মধ্যে তুলিয়া রাখিলাম—সেধানে তাহার আর ক্ষয় নাই, বিকার নাই, অস্ত নাই।"—এই বলিরা সেই জনশৃত অন্ধকার ছাদের উপরে আবার সে জোড়হাত করিরা মস্তক ভূমিতলে অবলুষ্ঠিত করিল।

ক্রমশ।

কৌশল্যা।

ভরবাজমুনি দশরথের মহিবীবৃদ্দের পরিচয় জানিতে ইচ্ছুক হইলে ভরত অঙ্গুলীভারা কৌশল্যাকে দেখাইরা বলিলেন, "ভগবন্, ঐ যে দীনা, অনশনরূপা, দেবতার স্থায় দৌম্যশাস্ত মূর্ত্তি দেখিতেছেন, উনিই আমার জােষ্ঠা অধা কৌশল্যা।"

এই বে দীনহীনা ব্রতে:প্রাদক্রিটা দেবীর চিত্র দেখিলাম, ইহাই কৌশল্যার চিরন্ধন মূর্ত্তি। ইনি দশর্থ রাজার অগ্রমহিনী হইয়াও স্থানীর আদরে বঞ্চিতা। রামচক্রের বনবাস-সংবাদে ইহার মনে রুদ্ধ কটের বেগ উচ্ছৃদ্তিত হইয়া উঠিয়াছিল, তথন তিনি স্থামীর স্থানান্দরের কথা বলিয়া ফেলিয়াছিলেন—

"ন দৃইপূর্কং কল্যাণং হগং বা পতিপৌকরে।" 'ব্রীলোকের শ্রেষ্ঠহ্বথ সামীর অহরাগ, আমি ভাহা লাভ করিতে পারি নাই।'

'ঝামী প্রতিক্ল, এজত আমি কৈক্যীর
পরিবারবর্গকর্ভৃক নিতান্ত নিগৃহীত হইয়া
আদিতেছি।'—

"অতো ছংবতরং কিছু গ্রমদানাং ভবিদতি।" 'সপদ্মীর এরূপ লাঞ্চনা হইতে স্ত্রীলোকের আর বেণী কি কন্ত হইতে পারে।' 'বে আমার দেবা করে, কৈক্ষীর ভরে সে একান্ত শক্ষিত হয়। আমি কৈক্ষীর কিক্রীবর্ণের সমান অথবা উহাদের অপেক্ষাও অধম হইয়া আছি।'

একমাত্র রামের স্থায় পুত্র লাভ করিয়া ठिनि कीवान क्रार्थ इटेग्राहित्वन। পুত্র সহজে তিনি লাভ করেন নাই,-পুত্র-কামনা করিয়া বহু তপস্থা ও নানাপ্রকার শারীরিক রুচ্চু সাধন করিরাছিলেন। আমরা রামারণের আদিকাতে দেখিতে পাই, পুত্র-কামনার তিনি একদা স্বয়ং যজের অখের পরি-চর্য্যা করিয়া সারারাত্রি অতিবাহিত করিয়া-ছিলেন। এই ব্রভনিরতা কৌমবাসা সাধ্বী চিরনমুমধুর প্রকৃতিসম্পন্ন। ভন্নীবৎ স্নিগ্দ ব্যবহার ছারা তিনি কৈক্ষীর নিষ্ঠুরতার শোধ দিয়াছিলেন; ভরত কৈক্ষীকে ভর্পনা कतिया वित्राहित्नन, "कोनना ि वित्रिनिरे ভোনাকে ভগীর ভার মেহ করিয়া আসিয়া-ছেন, তুমি তাঁহার প্রতি এরপ বক্সাঘাত क्रमानीनां कोनना क्न कत्रिल?" অভ্যাচার ও স্কাণেকা কৈক্ষীর শত অধিক অত্যাচার স্বামীর চিত্তে একাধিপত্য- ভাপন সত্ত্বেও তাঁহাকে ভগীর মত ভাল-বাসিতেন। জ্যেষ্ঠা মহিধীর এই ক্ষমা ও উদার বিশ্বতার তুলনা কোথায় ? দশর্থ অনেক সময়েই কৈক্ষীর গৃহে বিশ্রাম করিতেন. তাহাও আমরা ভরতের কথাতেই জানিতে পারি।—"রাজা ভবতি ভুরিষ্ঠমিহাম্বায়া নিবেশনে।" স্থতরাং কৌশল্যাকে আমরা যথনই দেখিতে পাই, তথনই তাঁহাকে ব্ৰত ও পূজার্চনাদিতে রত দেখি, স্বামিকর্তৃক নিগহীতা কেবল এক স্থানেই শাস্তি পাইতে পারেন। জগতে তাঁহার দাঁডাইবার স্থান नाहे. किन पिनि अनारशत आश्रय, गांहात মেহকোমল বাছ বাথিতকে আদরে ক্রোডে नहेशा भाखिनान करत्र, स्मरे भत्रमस्विज्ञारक করিয়াছিলেন, তাই কৌশল্যা আশ্রয় সংসারের হ:খ সহ করিয়া তাঁহার চরিত্র কঠোর কিংবা কটু হইখা যায় নাই, উহা যেন আরও অমৃতরদে ভরপুর হইয়া উঠিয়াছিল। রামায়ণে দেবদেবানিরতা কৌশল্যাকে দেখিয়া মনে হয়, যেন তিনি সর্বাদা সংসারের তাড়না ভূলিবার জন্ম ভগবানের আত্রয়ভিকা করিয়া কানাতিপাত করিতেন।

এই ছংধিনীর একমাত্র শ্বং রামের মত প্রলাভ। যেদিন রামচক্র তাঁহাকে বীয় অভিষেকের সংবাদ দিলেন, সেদিন তিনি দেবতাদিগের প্রীতিতে একাস্তরপ আয়ায়াপন করিলেন। ভাবিলেন, তাঁহার পূঞা-অর্চনা সমস্তই এতদিনে সার্থক হইল। তিনি, রামচক্রের শত শত গুলের মধ্যে যে মহাগুণে তিনি পিতৃত্বেহ লাভ করিতে পারিয়াছিলেন, সেই গুণ শ্বরণেই একাস্ত প্রীত ও বিশ্বিত হইয়াছিলেন—

"কল্যাণে বত নক্ষত্রে ময়া জাতোংসি পুত্রক। বেন দ্বয়া দশরথো 'গুণৈরারাধিতঃ পিতা।।"

'ত্মি অতি শুভক্ষণে জন্মগ্রহণ করিয়াছ, তাই ত্মি স্বগুণে দশরথ রাজার প্রীতিলাভ করিতে পারিয়াছ।' দশরথ রাজার স্বেহ-লাভ যে কি হুর্লভ ভাগ্যের ফল, সাধ্বী তাহা আজীবন তপস্থা করিয়া জানিয়াছিলেন। শুভাভিষেকশ্বরণে রাণী গলদশ্রু ব্যাঞ্চলাগ্রে মার্জ্জনা করিয়া রামচক্রকে আশীর্কাদ করিলেন।

অভিষেক-উৎসব; এতদিনে রামের হঃখিনী মাতা আজু আনন্দের আহ্বানে আমি প্রতি হইয়াছেন। কিন্তু তিনি মহার্থ বন্ত্রালকারে শোভিত হইয়া হর্ষগর্কফুরিতাধরে এই প্রদক্ষে প্রগল্ভা রমণীর ভার আচরণ করিলেন না। মছরা-দাসী শশাক্ষসকাশ-थामाम-नीर्य मां पार्टेश मत्न मत्न जिल-"রামমাতা ধনং কিলু জনেভ্যঃ সম্প্রহছতি।" कोनना पतिज्ञ, बाञ्चन ও याहकपिशक धन-দান করিতেছিলেন। রাম দেখিলেন, তিনি পবিত্র পট্টবন্ধ পরিয়া অগ্নিতে আছতি দিতে-ছেন ও একমনে বিষ্ণুপ্জায় রত রহিয়া-ছেন। ধর্মিষ্ঠা কৌশল্যা দেবদেবা করিয়া সফলকামা হইয়াছেন, সেই দেবদেবায় তিনি আরও আগ্রহসহকারে নিযুক্ত হইলেন।

এই স্থানে রামচক্র মাতাকে নিষ্ঠুর বনবাস-সংবাদ শুনাইলেন; সে সংবাদ পুত্রসম্বল জননীর হাদর বিদীর্ণ করিল।

"সা নিকৃত্তেব শালভ য**টি:** পরগুনা বনে । পপাত সহসা দেবী দেবতেব দিবলচ্যতা।"

অরণ্যে কুঠারাঘাতে কর্ত্তিত শাল্যষ্টির স্থায়,—স্বর্গচ্যুত্ত দেবতার স্থায় দেবী কৌশল্যা সহসা ভূতলে পড়িয়া গেলেন;—পড়িয়া গেলেন, কিন্তু দশরথের মত প্রাণত্যাগ করিলেন না।

দশর্থ স্বকৃত পাপের ফলে প্রাণত্যাগ ক্রিয়াছিলেন, রামকে বনে পাঠাইয়া তাঁহার গভীর শোক হইয়াছিল, কিন্তু বিনা অপরাধে এই কার্য্য করার জন্ম তাঁহার তদপেকা গভীরতর মনস্তাপ ঘটিয়াছিল। তিনি শোকে মরিলেন, কি লজ্জায় মরিলেন, চিরস্থাভাত কুমারকে জ্বটা ও চীরবাস পরিহিত দেখিয়া সেই কট্টই তাঁহার অসহনীয় হইল কিংবা যিনি কোন অপরাধে অপরাধী নহেন, তাঁহাকে অপরাধিনীর বাক্যে এই নির্কাসনদণ্ড দে ওয়ার লজ্জা তাঁহাকে অভিভূত করিল, নিশ্চয় করিয়া বলা সুকঠিন। আজন্মতপশ্বিনী कोनवाद भूविदार भडीत भाक हरेन, কিছ দশর্থের মত অনুত্থ হইবার তাহার কোন কারণ ছিল না। বিশেষত দশরথ চিরস্থাভ্যস্ত, গার্হস্থানীবনে সেহের অভি-শাপ তিনি এই প্রথমবার পাইলেন, বৃদ-বয়সে ভাহা সভ করিবার শক্তি হইল না। কৌশল্যা চিরত্ব:থিনী, চিরলেহবঞ্চিতা, দেবতায় বিশ্বাসপরায়ণা। এই হৃ:খ **পূর্ব্ধ**-বর্ত্তী ছঃখরাশির প্রকারভেদ মাত্র, তিনি ন্নেহজনিত কষ্ট অনেক সহিয়াছিলেন, তাহা সহিতে সহিতে ধর্মশীলার অপূর্ব সহিষ্ণুতা জনিয়াছিল; তিনি এই মহাচ:থের সময় যে অপুর্ব সহিষ্ণুতা দেখাইয়াছেন, তাহা আমাদিগকে চমৎকৃত করিয়া তুলে।

বনগমনসম্বন্ধে তিনি রামচক্রকে বলি-লেন, "তুমি পিতৃসত্যরক্ষণার্থ বনে যাওয়া স্থির করিয়াছ, কিন্তু মাতার নিকট কি তোমার কোন ঋণ নাই! আমি অমুজ্ঞা করিতেছি, তুমি এখানে থাকিয়া এই বৃদ্ধ-কালে আমার পরিচর্যা। কর, তাহাতে তুমি ধর্মে পতিত হইবে না। পিড়-আজা পালন করিতে যাইয়া মাতৃ-আজ্ঞা শঙ্মন করা ধর্ম-সঙ্গত হইবে না।" এীরামচক্র বলিলেন, "আমি পুর্বেই প্রতিশ্রত হইয়াছি, বিশেষ পিতা তোমার এবং আমার উভয়েরই প্রতাক দেৰতা, পিতৃ-আদেশে ঋষি কণ্ড গোহতা করিয়াছিলেন, জামদগ্ম খীয় মাতা রেণুকার শিরশ্ছেদ করিয়াছিলেন, আমাদের পূর্বপুরুষ সাগরের পুত্রগণ পিতৃ-আদেশে চুরুছ ব্রত অবলম্বন করিয়া অপুর্বারূপে করিয়াছিলেন, পিতৃ-আদেশ আমি লঙ্ঘন কবিতে পারিব না। তিনি কাম কিংবা মোহ বশত যদি এই প্রতিশ্রতি প্রদান করিয়া পাকেন, তাহা আমার বিচার্য্য নহে. -- তাঁহার প্রতিশ্রতিপালন আমার অবখ-कर्खवा।" कोनना विनातन, "(मथ, वरनव গাভীগুলিও তাহাদের মংদের করিয়া থাকে, তোমাকে ছাড়িয়া আমি কিরূপে বাঁচিব ? তুমি আমাকে সঙ্গে শইয়া চল, তোমার মুখ দেখিয়া তৃণ খাইয়া জীবন-ধারণ করাও আমার পকে শ্রের।" রাম বলিলেন, "পিতা তোমারও প্রত্যক্ষদেবতা, ভাঁহার পরিচ্য্যাই তোমার জীবনের শ্রেষ্ঠ ব্ৰত, তুমি সংযতাহারী হইয়া ধর্মাত্মহানে এই চতুর্দশবংসর অভিবাহিত কর, এই-সময়-অস্তে শীঘ্র আমি ফিব্রিয়া আসিয়া তোমার ঘোর শ্রীচরণবন্দনা করিব।" বাঘিততা উত্থাপিত করিয়া রামচক্রকে এই অভায়-আদেশ-প্রতিপালন হইতে প্রতিনির্ত করিতে চেষ্টা পাইতেছিলেন; সজল নেত্ৰ-প্রান্তের অঞ্চ অঞ্চলাগ্রে মুছিতে মুছিতে কৌশল্যা সকলই শুনিতেছিলেন--তাঁহার পার্শে ধর্মাবভার সৌমামূর্ত্তি মাতৃছ:থে বিষয় রামচক্র ধর্মের জন্ত, পবিত্র প্রতিশ্রুতিপালনের জন্ত প্রাণ উৎদর্গ করিবার অটল সক্ষর স্বেহবশী-ভূত অথচ দৃঢ় কঠে জ্ঞাপন করিতেছিলেন, এবং কুর লক্ষণের হস্তধারণপূর্বক তাঁহার উদ্ভে জনা প্রশমনার্থ অমুনয় করিয়া ছिल्म ;--- (मनीक्रिंभिली कोनना (मनक्रिंभी পুত্রের অপূর্ব্ধ ধর্মভাক দেখিয়া অপূর্ব্বভাবে गहिकू इहेग्रा डिंडिलन ;---भर्त्यंत्र कथा कोन-लाात क्रमस्य वार्थ इहेवात नरह। महमा পুত্রশোকার্রা মহিনী ধীরগন্তীর মুর্ভিতে উঠিয়া দাভাইলেন এবং রামের বনগমন षश्रामन कतिया षळाशनानकर्छ यानीर्वाम করিতে লাগিলেন--

"গছে পুর ব্যাকারো ভন্ততেংক সদা বিভা। পুনব্য নিবৃত্তে তু ভবিষামি গতরমা। পিতুরানুগাভাং প্রাপ্তে ক্পিয়ো পরমং ক্থম্। গছেলানীং মহাবাভো ক্ষেমেণ পুনরাগভঃ। নক্ষিয়াদি মাং পুর সায়া ক্ষেম্ব চারণা। ম"

শ্র, তুমি একাগ্রমনে বনগমন কর,
তোমার মঙ্গল হউক, তুমি ফিরিগা আসিলে
আনার সমস্ত ছংখ অপনাদিত হইবে।
তুমি এই চতুর্দশ্বংসর ব্রতপালনপৃথক পিতৃখাইব। বংস, এখন প্রস্থান কর, নির্পিন্দে
পুনরাগত হইরা হালয়হারী নিয়াল সাম্বনাবাক্যে আমাকে আনন্দিত করিও।" সেই
করণ শোকধ্বনি, ধর্মপূর্ণ সম্বন্ধ ও ক্রোধের
নানাক্থায় মুখ্রিত প্রকোঠে কৌশ্লাদেবীর

এই চিত্র সহসা মহরগৌরবে আপুরিত হইয়া कोननारमयी त्य तमयजानिशतक রামের অভিবেকের জন্ত পূজা করিতেছিলেন, ठाँशिनिशंक्टे वत्न द्रास्मत्र अज्यल्लानत्त्रः জন্ম প্রার্থনা করিয়া পুনরায় পূজা করিতে লাগিলেন। কুতাঞ্চলি হইয়া রামের বনবাসে ভভকামনা করিয়া বলিতে লাগিলেন—"হে ধর্ম, তোমাকে আমার বালক আশ্রয় করি-রাছে, তুমি ইহাকে রক্ষা করিও। দেবগণ, চৈত্য ও আয়তন সমূহে রাম তোমা-দিগকে নিত্য পূজা করিয়াছে, তোমরা ইহাকে রক্ষা করিও। হে বিশ্বমিত্রপ্রদক্ত দেবপ্রভাব অস্ত্রপকল তোমরা রামকে রকা-করিও। পিতৃমাতৃদেবা ছারা যে পুণ্যসঞ্চয় করিয়াছে, দেই সকল পুণ্য যেন বনাশ্রিত রামকে রক্ষা করে।" অঞ্পূর্ণচক্ষে ধর্মশীলা কৌশল্যা একটি একটি করিয়া সমস্ত দেবতার নিকট রামচন্ত্রের মঙ্গলকামনা করিলেন। পুত্রের মন্তকে শুভাশিষপ্রদায়ী হত্ত অর্পণ कतिया विनित्न- "आगात मूनिव्यथाती ফলমূলোপজীবী কুমার যেন রাক্ষদ ও দানব-দিগের হস্ত হইতে রক্ষিত হয়; দংশ, মশক, বুশ্চিক, কীট ও সরীস্থপেরা যেন ইহার শরীর ल्लानं ना करत्र ; मिश्रू, वााख, मशकाय रखी, বরাহ, শৃঙ্গী ও মহিষেরা এবং নরথাদক রাক্ষদ-গণ েন ধর্মাশ্রিত পিতৃসতাপালনরত ত্যুগী বালকের দ্রোহাচরণ না করে। তোমার পথ স্থকর হউক, তোমার পরাক্রম সতত সিদ্ধ হউক,—তুমি বনে গম্ম কর, আমি অমুমতি দিতেছি।"—বলিতে বলিতে ধর্মশীলা রাণী গৌরবদৃপ্ত হইয়া পূজার উপকরণ লইয়া ধ্যানস্থ হইলেন, তাহার ধর্মবিশ্লাস এতটুকুও

শিথিল হইল না। যে পবিত্র যজ্ঞায়ি অভিযেকের শুভকামনায় প্রজালিত করিয়াছিলেন, তাহাতে তিনি পুত্রের বনপ্রস্থানকল্পে করিয়া পুনরায় ঘৃতাহতি দিতে লাগিলেন এবং বদ্ধাঞ্চলি হইয়া পুনরায় প্রার্থনা করিয়া विलिन. "वुजनांगकात्न ভगवान हेक्राक যে মঙ্গল আশ্রয় করিয়াছিলেন, সেই মঙ্গল রামচক্রকে আশ্রয় করুন; দেবগণ অমুত-লাভোদ্দেশে কঠোর তপঃসাধন করিবার পর যে মঙ্গল তাঁহাদিগকে আশ্রয় করিয়া-ছিলেন, রামচন্ত্রকে সেই মঙ্গল আগ্রয় করুন: ·স্বর্গ, মর্ত্তা ও পাতাল আক্রমণ করিবার সময় বামনরপী বিষ্ণুকে যে মঙ্গল আশ্রয় করিয়া-ছিলেন, সেই মঙ্গল বনবাসী রামচক্রকে আশ্র করুন।" সহসাধর্মপ্রাণা কৌশল্যা ধর্ম্মের অপূর্ব্ধ ও গন্তীর শান্তি লাভ করিলেন। তিনি স্থির ও স্নেহগলাদ কর্থে রামচক্রকে বলিলেন, "পুত্র, তুমি স্থাথে বনগমন কর, রোগশনা শরীরে অযোধ্যায় ফিরিয়া আসিও। এই চতুর্দশবংসর নিবিড় রুঞ্চারজনীর ন্যায় কাটিয়া যাইবে, অযোধনার রাজপথে তুমি পূর্ণচক্রের ন্যায় উদিত इट्टेंद, जामि ভোমাকে লাভ করিয়া স্থী হইন। পিতাকে ঋণ হইতে উদ্ধার করিয়া, দর্মদিদ্ধি লাভ করিয়া তুমি পুন:প্রত্যাগত হইবে, আমি সেই ভভদিনের প্রতীকায় জীবন ধারণ করিয়া রহিলাম।"

তংপরে বধন রামচন্দ্র শেষ-বিদায়-গ্রহণের জন্য রাজসকাশে উপস্থিত হন, তধন সমস্ত মহিদীবর্গ ও সচিবসগুলী উপস্থিত ছিলেন। তাঁহারা কৈক্ষীকে নিন্দা করিয়া ও দশরধের জন্মার প্রতিশ্রতির উপর কটাক্ষপাত করিয়া ঘোর বাখিতভা উপস্থিত করিলেন, কত জনে কত কথা বলিতে লাগিলেন,—
রাজকুমারদ্বয় ও সীতার হত্তে কেঁক্রী চীরবাদ প্রদান করিলেন; সেই অভিষেক্রতোজ্জন রাজকুমার রাজপরিচ্ছদ খুলিয়া জটাবকবাধারী হইয়া দাঁড়াইলেন, এই মর্শ্ববিদারক দৃশু বৃদ্ধ সচিব দিদ্ধার্থ, স্থমন্ত্র এবং কুলপুরোহিত বদিত্রের চক্ষে অসহা হইল— তাঁহারা কৈক্রীর তীত্র নিন্দা করিতে লাগিলেন, সেই ঘোর তর্ক ও বাখিতভা পূর্ণ গৃহের এক প্রাস্থে অশ্রমুখী কৌশল্যা উপবিষ্ট ছিলেন, তিনি কোন কথা বলেন নাই। তাঁহার দিকে চাহিয়া রাম রাজাকে বলিলেন—

"ইয়ং ধার্মিক কৌশলা। মম মাত। যশ্থিনী।
বৃদ্ধা চাকুত্রশালা চ নচ ছাং দেব গ্রহতে ॥
ময়: বিহীনাং বরদ প্রপল্লাং শোকসাগরন্।
অদৃষ্টপুক্বিসনাং ভূষ: সংমন্তমহসি॥"

'আমার উদারস্বভাবা যশস্বিনী বৃদ্ধা মাতা আপনার কোনরপ নিন্দাবাদ করিতেছেন না। আমার বিয়োগে ইনি শোকসাগরে পতিত ইইবেন, ইনি এরপ হুঃখ আর পান নাই, আপনি ইহাকে অধিকতর সন্মান প্রদর্শন করিবেন।"

এই দেবী দশরবের অনাদৃতা ছিলেন;
কিন্তু দশরথ কি ইহার প্রকৃত মর্যাদা ব্ঝিতে
পারেন নাই
প কৌশল্যা তাঁহার কিরুপ
আদরণীরা, দশরথ তাহা জানিতেন।
কৈক্ষীর নিক্ট তিনি বলিয়াছিলেন—

'আমি রামকে বনে পাঠাইলে কৌশলা। আমাকে কি বলিবেন ? এক্লপ অপ্রিয় কার্য্য করিয়া আমি জাঁহাকে কি উত্তর দিব ?' "বদা বদা চ কৌললা দাদীবচ্চ সধীব চ।
ভাগ্যাবস্কদিনীবচ্চ মাতৃৰচ্চোপতিঠতে ॥
দততং প্রিয়কামা মে বিয়পুত্রা প্রিয়ংবদা।
ন ময়া সংকৃতা দেবী সংকারাহা কৃতে তব ॥"

"কৌশল্যা দাণীর স্থায়, সধীর স্থায়, স্ত্রীর স্থায়, ভগিনীর স্থায় এবং মাতার স্থায় আমার অমুবৃত্তি করিয়া থাকেন। তিনি আমার নিয়ত হিতৈষিণী এবং প্রেয়ভাষিণী ও প্রেয় জননী। তিনি সর্বতোভাবে সমাদরের যোগ্যা, আমি ভোমার জন্ম তাঁহাকে আদর করিতে পারি নাই।" কৈকয়ী কুদ্ধা হইয়া বলিয়াছিলেন—

"সহ কৌশলায়া নিতাং রন্তমিচ্ছসি দুর্মতে।" কিন্ত অযোধ্যা ছাডিয়া রামচক্র যথন চলিয়া গেলেন, যথন মৌনভাবে কৌশল্যা দশরথের সঙ্গে সঙ্গে রামের রূপের অফুবতিনী হইল নিসংজ্ঞ হইয়া পড়িলেন, তখন হইতে দশরথের कीवरमव स्था करबक्ति मिवरम कोशलाव প্রতি তাহার আদর ও ক্লেহ অদীম হইলা উঠিরাছিল। দশর্থ পথে মৃত্রিত হইয়া পড়িয়া-ছিলেন, किन्न জ्वानलाज कतिया विलालन, "মানাকে মহারাণী কৌশলাার গৃহে লইখা চল, আমি অন্তত্র শাস্তি পাইব না।" অর্দ্ধরাত্তে শোকাবেগে আচ্ছন্ন হইয়া কৌশ-ল্যাকৈ তিনি বলিলেন,—"দেবি, রামের রথের ধূলির দিকে চাহিয়া থাকিতে থাকিতে আমি দৃষ্টিংবা হইয়াছি, আমি তোমাকে দেখিতে পাইতেছি না, তুমি আমাকে হস্তবারা স্পর্ণ কর।"

নিভ্ত প্রকোঠে দশরণকে পাইরা কৌশলা তাঁহাকে কটুক্তি করিয়াছিলেন। মাত্পাণের এই নিদারণ বেদনা, সপরীর

বশীভূত স্বামীর এই ব্যবহার লোক-সমক্ষে তিনি মৌনভাবে সহিয়াছিলেন, কিন্ত আৰু সেই কট্ট তিনি আর সহিতে পারিলেন না। কাঁদিতে কাঁদিতে দশর্থকে বলিলেন---"পৃথিবীর সর্বত্র তুমি যশসী, প্রিয়বাদী ও বদান্ত বলিয়া কীৰ্ত্তিত। কি বলিয়া তুমি পুত্রম্বয় ও দীতাকে ত্যাগ করিলে ?— স্কুমারী চিরস্থােচিতা জানকী কিরূপে শীতাতপ সহিবেন! স্পকারগণের প্রস্তত বিবিধ উপাদের খান্ত যিনি আহার করিতে অভান্ত, তিনি বনের ক্যায় ফল থাইয়া किकार कीवनधात्र कतिरवन ! त्रामंहरक्तत স্থকেশাস্ত পদাবৰ্ণ ও পদাগন্ধিনিখাসযুক্ত সুধ আমি জীবনে আর কি দেখিতে পাইব ?" এইরূপ বিলাপ করিতে করিতে কৌশলা। অধীর হইয়া স্বামীর প্ৰতি কটুবাক্য প্রয়োগ করিলেন—"জলজন্তরা যেরূপ স্বীয় ত্যাগ করে, তুমি সস্তানকে করিয়াছ। তুমি রাজানাশ ও পৌর-জনের সর্বনাশ করিলে। মন্ত্রীরা একেবারে নিশ্চেষ্ট ও বিমৃঢ় হইয়া পড়িয়াছেন, আমিও পুত্রের সহিত উৎসন্ন হইলাম।

> গতিরেকা পতির্নাখা দিতীরা গতিরাস্থজঃ। ভৃতীয়া জ্ঞাতরো রাজন্ চতুর্থী নৈব বিদ্যতে॥"

কৌশল্যার মুথে এই নিদারণ বাক্য শুনিয়াদশরথ মুহুর্জনাল হংথিতভাবে মৌন হইয়া রহিলেন, তাঁহার যেন সংজ্ঞা লুগু হইয়া আসিল। জ্ঞানলাভান্তে তিনি সাক্র্যন্ত্রে তপ্ত দীর্ঘনিয়াস ত্যাগ করিয়া পার্মে কৌশ-ল্যাকে দেখিয়া পুনরায় চিন্তিত ও মৌন হইলেন। তিনি স্বীয় পূর্কাপরাধ মরণ করিয়া শোকে দগ্ধ হইতে লাগিলেন এবং অঞ্জ-

পূর্ণচক্ষে অধোমুথে ক্লতাঞ্চলি হইয়া কম্পিত-দেহে কৌশল্যার প্রসাদভিক্ষা করিয়া বলি-লেন, "দেবি, তুমি আমার প্রতি প্রসন্না হও, তুমি স্বেহশীলা ও শক্রগণের প্রতিও ক্রমা প্রদর্শন করিয়া থাক। স্বামী গুণবান বা নির্পুণ হউন, স্ত্রীলোকের নিত্য গুরু। আমি ছঃখদাগরে পতিত হইয়াছি এবং তোমার স্বামী, এই মনে করিয়া আমার প্রতি অপ্রিয়কথাপ্রয়োগে বিরত হও।* রাজা বদ্ধাঞ্চলি, তাঁহার অঞ ও করুণ रिम्छ पर्नात कोमनात कर्छ क्य इहेन. তাঁহার চকু হইতে অবিরল জলধারা বিগলিত হইতে লাগিল। তিনি রাজার অঞ্চলিবদ্ধ ধারণ করিয়া স্মীয রাখিলেন এবং ত্রন্ত হইয়া ভীতকর্চে বলিলেন - "দেব, আমি তোমার পদতলে আত্রিতা,-প্রার্থনা করিতেছি, আমার প্রতি প্রদর হও। তুমি আমার নিকট কুতাঞ্জলি হইলে সেই পাপে আমার ইহকাল-পরকাল তুইই যাইবে. আমি তোমার কমার বোগা। হইব না। চিরা-রাধ্য স্বামী যাহাকে এইরূপে প্রদর করিতে हान, त्म कुनञ्जीत मर्ग्यामा नज्यन कत्रि-য়াছে,—সে আর কুলন্ত্রী বলিয়া পরিচয় দিতে পারে না। ধর্ম কি, আমি তাহা জানি,--তুমি সত্যের অবতার্থরূপ, ভাহা ও বুৰিতেছি। পুত্রশোকে বিহবল হইয়া আমি তোমার প্রতি ছর্মাক্য প্রয়োগ করিয়াছি — · শার্মার প্রতি প্রসন্ন হও। শোকে ধৈর্মা নষ্ট হয়, শোকে ধর্মজ্ঞান অন্তর্জান করে. সর্বনাশ হয়. শোকের মত রিপু নাই। পঞ্রাতি অতীত হইল রাম **ष्ट्रा**क्षा इरेट शिवारह, এই পঞ রাত্রি

আমার নিকট পঞ্চ বংসরের মত দীর্ঘ বোধ হইরাছে।" এই সমরে হর্য্যদেব মন্দরশ্মি হইরা নভঃপ্রান্তে বিলীন হইলেন এবং ধীরে ধীরে রাত্রি আসিরা উপস্থিত হইল—দশর্প কৌশল্যার কথার আশস্ত হইরা নিদ্রিত হইলেন।

এই দাম্পত্যচিত্তে কৌশল্যার অপূর্ব স্থামিভক্তি প্রদর্শিত হইয়াছে। দৃশুটি সংক্ষেপে সঙ্গলিত হইল, আমরা মূলকাব্যের এই অংশ অশ্রুবেগে পড়িতে পারি নাই।

পররাত্রে দশরধের জীবন শেষ হয়, তথন কৌশল্যা পুত্রশাকে আকুল হইয়া নিদ্রার আক্রাস্তা, তিনি পতির মৃত্যু জানিতে পারেন নাই। পরদিন প্রত্যুবে সেই হঃখময় রাজ-প্রাসাদের চিরপ্রথাস্থারে বন্দিগণ গান আরম্ভ করিল, বীণার মধুর নিরুণে প্রবৃদ্ধ হইয়া শাথাবিহারী ও পিঞ্লরাবদ্ধ বিহগকুল কাকলি করিয়া উঠিল, প্রস্থপ্তা কৌশল্যার মুখে বিবর্ণতা ও শোক অভিত হইয়াছিল—

> "নিজ্ঞভা চ বিবর্ণ। চ সরা লোকেন সরতা। ন ব্যরাজত কৌশল্যা তারেব তিমিরাবৃতা॥"

গত ভীষণ রজনীর ছ্বটনার চিত্র উদ্বাচন করিয়া যখন উষাদেবী দুর্শন দিলেন, তথন মৃত স্বামীকে দেখিয়া মহিষীগণ আকু-লিত হইয়া কাঁদিতে লাগিলেন। বাস্পুর্ণচক্ষে কৌশল্যা স্বামীর মন্তক ধারণ করিয়া কৈক্মীর দিকে চাহিয়া বলিলেন—

"সকামা তব কৈকেয়ি ভূক্ত রাজ্যমকটকন্।"
"রাম বনবাসী হইয়াছেন, রাজা ছাড়িয়া গেলেন, এথন আমি আর কি লইয়া পাঁকিব?

—ইনং শরীরমালিক্য, এবেক্যানি হতাশন্য।"
'এই প্রিয়দেহ সালিপুন ক্রিয়া স্মামি

অগ্নিতে প্রাণ বিসর্জন দিব।' ইহার পরে ভরত আদিয়া উপস্থিত হইলেন। তিনি গ্র্মট-নার কোন সংবাদ জানিতেন না: কৈক্যীর মুৰে সমস্ত সংবাদ অবগত হইয়া তাঁহাকে শোকার্ত্রকণ্ঠে,ভং সনা করিয়া বিলাপ করিতে-ছিলেন, অপর প্রকোষ্ঠ হইতে কৌশলা তাঁহার কণ্ঠবর গুনিয়া স্থমিতার দারা তাঁহাকে ডাকিয়া পাঠাইলেন। ভরত কৌশলাার নিকট উপস্থিত হইলে তিনি বলিলেন. "ভোষার মাত৷ রাজাকামনায় আমার পুত্রকে চীর ও বক্তন পরাইয়া বনে পাঠাইয়া দিয়াছেন, রাজ। স্বর্গত হইয়াছেন, আমি এথানে কোনরপেই থাকিতে পারিতেছি না. তুমি ধনবান্তশালিনী অংগাধ্যাপুরী অধিকার কর, আমাকে বনে রামের নিকট পাঠাইয়া দাও।" ভরত নিতান্ত ছংখিত হইয়া বলিলেন. "মার্য্যে, আপনি কেন না জানিয়া আমার প্রতি এরপ বাকা প্রয়োগ করিতেছেন.— রামের আমি চির-অন্বর্গী, আমাকে সন্দেহ করিবেন না।" এই বলিয়া উদ্বিচিত্তে ভবত নানাপ্রকার শপথ করিতে লাগিলেন। রামের প্রতি যদি তাঁহার বিবেষবৃদ্ধি পাকে, তবে মহাপাতকীদের সঙ্গে খেন অনপ্ত নরকে ठांशांत हान हम, हेशहे विविधक्यकारत विनाभ করিয়া বলিতে লাগিলেন: বলিতে বলিতে অঞ্ধারায় অভিবিক্ত হইয়া পরিপ্রাক্ত ভরত **ला**क्कारम सोनी इहेग्रा त्रिक्टनन । कोनना वनितन-- दश्म, जुमि नभथ कतिया কেন আমাকে মর্মবেদনা প্রদান করিতেছ ? ভাগাক্রমে ভোমার খভাব ধর্মভাই হর নাই, व्यागात है: थरवश अथन व्यात्र अवन हरेगा উठिन।" এই वनिया कोनना जाउँदःमन

ভরতকে সম্নেহে ক্রোড়ে লইয়া উচ্চৈ: বরে কাঁদিতে লাগিলেন।

ভরত অ্যোধ্যার সমস্ত পৌরজনে পরিবৃত হইয়া রামকে আনিতে গেলেন; শোককর্শিতা কৌশল্যা সঙ্গে গিয়াছিলেন। শৃঙ্গবেরপুরীতে ভরত রামের তৃণশ্যা দেখিয়া শোকে অজ্ঞান হইয়া পড়িয়াছিলেন, তাঁহার মুথ শুকাইয়া গিয়াছিল, তিনি অনেকক্ষণ কথা কহিতে পারেন নাই। ভরত ভূলুটিত হইয়া অঞ্---বিসর্জন করিতেছিলেন,—কেহ কিছু জিজ্ঞাদা করিলে উত্তর করিতে পারিতেছিলেন না,—কৌশল্যা ভরতকে তদবহু দেখিয়া দীন ও আর্ত্র ব্রের ও বিশ্বসম্ভাষণে তাঁহাকে বলিলে—

"পুত্র ব্যাধির্ন তে কচ্চিচ্ছরীরং প্রতিবাধতে। ডাং দৃষ্ট্য পুত্র জাবামি রামে সভাতৃকে গতে।•

'পুত্র, তোমার শরীরে ত কোন বাাধি উপস্থিত হয় নাই। রাম লাতার সহিত বন-বাদী হইয়াছেন, এখন তোমার মুখখানি দেখিয়াই আমি জীবনধারণ করিতেছি।'

প্রকৃতপক্ষেও রামের বনগমনের পরে ভরত কৌশল্যারই যেন গর্জ্জাত পুত্রের হানীয় হইয়াছিলেন—কৈকয়ী তাঁহার বিমাতার স্তার হইয়া পড়িয়াছিলেন। চিত্রক্টপর্কতে রামের সঙ্গে মিলন সভ্যটিত হইল!
কৌশল্যা সীতার মুখের উজ্জ্ব প্রী আতপক্লিপ্ট
দেখিয়া কাঁদিতে লাগিলেন। অশ্রুপূর্ণাক্ষী
সীতা শ্রুমাতাকে প্রণাম করিয়া নীরকে
একপার্শে দাঁড়াইয়া ছিলেন, কৌশল্যা বলিলেন—শ্মিনি মিধিলাধিপতির ক্স্তা, মহারাজ
দশরধের পুত্রবর্ধ এবং রামচক্রের স্ত্রী, তিনি
বিক্ষনবনে কেন এত ছংখ পাইতেছেন?

বংসে, আতপদস্তপ্ত পদ্মের স্থায়, ধ্লিধ্বস্ত কাঞ্চনের স্থায় তোমার মুথের ছটা বিবর্ণ হইয়া গিয়াছে, তোমার এ মলিন মুথ দেখিয়া আমার হৃদয় দগ্ধ হইয়া যাইতেছে।"

নাম ইঙ্গুদীফল দিয়া পিতৃপিও প্রদান করিয়াছিলেন,—ভৃতলে দক্ষিণাগ্র দর্ভের উপর প্রদত্ত সেই ইঙ্গুদীফলের পিও দেখিয়া কৌশলাা বিলাপ করিয়া বলিলেন —"রাম এই ইঙ্গুদীফলে পিতৃপিও দান করিয়াছেন, এ দুগু আমার সহু হয় না—"

"চতুরাস্তাং মহীং ভুজ্। মহেন্দ্রসদৃশো ভূবি। কথমিঙ্গুনিপিণ্যাকং স ভুঙ্জে বস্থাবিপঃ ॥ অতো হংবতরং লোকে ন কিকিং প্রতিভাতি মে। যত্র রামঃ পিতুর্ন্যাদিঙ্গুনীকোনমূদ্ধমান্॥"

"ইক্রত্লাপরাক্রান্ত মহারাজ দশরথ সসাগরা পৃথিবী ভোগ করিয়া এই ইঙ্গুনীফল কিরুপে ভক্ষণ করিবেন? রামচক্র ইঙ্গুনীফলের পিও পিতাকে প্রদান করিলেন, ইহা হইতে আমার অধিকতর হংথ আর কিছুই নাই।" সামান্ত বিষয় লইয়া এই সকল বিলাপপূর্ণ উক্তির একদিকে পুত্রের বনবাদে জ্ননীর দারুণ হংথ, অপরদিকে স্থামিবিয়োগে সাধ্বীর স্থগভীর মর্ম্মবেদনা কৃটিয়া উঠি-য়াছে।

এই কৌশলাচিত্র হিন্দৃহানের আদর্শ-জননীর চিত্র—স্বাদর্শ প্রীচরিত্র। প্রতি পল্লী-

গৃহের হিন্দুবালক এখনও এই স্নেহ ও আত্ম-ত্যাগ উপলব্ধি করিয়া ধন্ত হইতেছেন। এখনও শত শত স্নেহময়ী কৌশল্যা হিন্দু-স্থানের প্রতি তরুপল্লবচ্ছায়ায় স্থীয় কোমণ আশ্রিত বাহুবন্ধনে শিশুগণকে পালন করিতেছেন ও তাহাদের শুভকামনায় কঠোর ত্রত-উপবাস ও দেবারাধনা করিয়া নির্বর মেহার্থ আত্মবিদর্জন করিতেছেন। এখনও বঙ্গদেশের কবি "কে আসে ধীরে ধীরে আকুল নয়ননীরে" প্রভৃতি স্থমিষ্ট বন্দনা-গীতে দেই স্নেহপ্রতিমার অর্চনা করিতেছেন। কিন্তু কৌশলার মত কয়ন্ত্রন জননী এখন ধর্মত্রতে আয়ম্বথবিদর্জনকারী বন্ধগারী পুত্রকে বলিতে পারেন —

"ন শক্তে বাররিত্ং গচ্ছেদানীং রব্তম। শীঅক বিনিবর্ত্তব বর্ত্তব চ সতাং ক্রমে । বং পালয়দি ধর্ম: বং এীতা। চ নির্মেন চ। স বৈ রাঘবশার্মি ধর্মবামভিরক্ষ্তু ॥"

'বংদ, তোমাকে আমি কিছুতেই নিবারণ করিয়া রাখিতে পারিলাম না, একণে তুমি প্রহান কর, কিন্তু লাছিই ফিরিয়া আদিও এবং দংপথে প্রতিষ্ঠিত থাকিও। তুমি প্রীতির সহিত—নিরমের দহিত যে ধ্রমপালনে প্রবৃত্ত হইয়াছ, সেই ধর্ম তোমার রক্ষা করুন।" আমাদের চিরপূজার্হা শচীমাতাও বৃক্ বাধিয়া এমন কথা বলিতে পারেন নাই।

वीमीत्नमहक्त रमन्।

আমাদের নিবাস।

'আপনার নিবাস ?'—প্রশ্নটি সকলেরই পরিচিত। কিন্তু সকল স্থলে উত্তর একপ্রকার
হয় না। উত্তর দিবার সময় প্রশ্নকর্তার
দেশবিদেশের জ্ঞান অফুনান করিয়া লইতে
হয়। তিনি দ্রদেশবাসী হইলে তাঁহাকে
গ্রামের নাম" কলা নিছে; জেলার নাম
করিলেও প্রশ্নকর্তা নিবাস ঠিক বৃথিতে
পারেন না। হগলি কিংবা বন্ধনান জেলায়
বাস হইলেও বলিতে হয়, নিবাস কলিকাতা,
কিংবা বস্তদেশ।

আমেরিক।, যুরোপ প্রাচৃতি দেশের লোক আমাদের নিবাদ জিজ্ঞাসা করিলে বঙ্গদেশ বলিলেও চলে না। হয় ত বলিতে হুইবে, নিবাদ ভারতথতে।

কিন্তু মনে করুন, বৃহস্পতিগ্রহের কোন অধিবাদীকে আমাদের নিবাদ বলিতে হইবে। তাঁহার নিকট ভারতবর্ষের নাম করা মিছে। হয় ত বলিতে হইবে, নিবাদ পৃথিবীতে। বৃহস্পতিবাদী নিশ্চয়ই স্থাকে জানেন। সতরাং বলিতে হইবে, আমাদের নিবাদ দেই পৃথিবীতে, যে পৃথিবী স্থা হইতে নয়কাটি ত্রিশলক মাইল দ্রে থাকিয়া ভাহার দমস্তাৎ ভ্রমণ করিতেছে। বৃহস্পতিবাদী দেশবিদেশে অভিজ্ঞ হইলে আর একটু বলিতে খারা যায়। বলিতে পারা যায়, ভক্র ও মঙ্গল গ্রহের মধাবর্জী আকাশে পৃথিবী।

কিন্ত পুৰুক-(Sirius)-তারার অধিবাসীকে এই উত্তর দিলে চলিবে না। হয় ত
তিনি জিজ্ঞাসা করিয়া বসিবেন, স্গাটা
কোথায় ? আকাশে ? ব্রহ্মাণ্ড ? ব্রহ্মাণ্ডমধ্যে স্থা কোথায় ? আপনার ব্রহ্মাণ্ডই
বা কোথায় ?

উপরে যে প্রশ্ন-প্রতিপ্রশ্নের আভাস দেওয়া গেল, তাহা একটি কঠিন সমস্থার ভূমিকামাত্র। প্রশ্নটি বহু পুরাতন, কিন্তু মুরোপে গত তুইশত বংসর চাপা ছিল। কয়েকমাস হইল, স্থনামখ্যাত প্রাণিবেত্তা ডাঃ রাসেল্ বালেদ্ উহাকে জাগাইয়া তুলিয়া-ছেন। ইনি যে-দে লোক নহেন; যে দার্বিন্ সভাসমাজের চিন্তাপথ আমূল পরিবর্ত্তন করিয়া গিয়াছেন, সেই দার্বিনের প্রায়তুল্য আসনে ইনি উপবেশন করিতে পারেন।

প্রাচীনেরা তথু এদেশে নহে, অস্তাস্থ দেশেও ভাবিতেন, এই ভূমগুল ব্রহ্মাণ্ডের মধান্থলে অবস্থিত। ভূমগুলের জীবসমূহের মধাে মানব শ্রেষ্ঠ; স্কুতরাং মানবের নিমিত্ত ভূমগুল, স্থা, তারা, ব্রহ্মাণ্ড প্রভৃতি যাবতীয় মগুল স্থাই ইইয়াছে। আমাদের প্রাচীন, জ্যোতিষিগণ ব্রহ্মাণ্ডের পরিধি পরিমাণ করিতেও নিরস্ত হন নাই। তাঁহারা ব্রহ্মাণ্ডকে দাস্ত ভাবিয়া উহার অপর পারে লোকালোক-পর্বাত ব্যাইয়াছিলেন। তাঁহারা মনে করিতেন, স্থা্রের রশিতেই গ্রহতারা প্রভৃতি

मीखिमीथ स्टेमाएइ, এবং यञ्जूत त्रविकरत সমুভাসিত, ততদুর ব্রহাও। পরিধি আছে শুনিয়া ভাস্করাচার্য্য অবাক হইয়াছিলেন। কিন্তু যাঁহাদিগের নিকট ন্তকাণ্ড করামলকবং অমল বোধ হইত, তাঁহাদিগের কথা থণ্ডন করিতে ভান্ধরের সাধ্য ছিল না। ফলত তিনি कथां मानियां अ मानिस नाहे, अवर नृजन ব্যাখ্যা কল্পনা করিয়া কথাটার একটা সঙ্গত অর্থ দিতে প্রয়াসী হইয়াছিলেন। আমাদের কোন কোন পৌরাণিক ব্রহ্মাও কোটি কোট বলিয়াও ব্রহ্মাণ্ডের উৎপত্তি-বর্ণনম্বলে উহাকে স্থাম ভাবিয়াছিলেন। ডা: বালেদ্ এই প্রাচীন বিশ্বাদ আধুনিক -জ্যোতির্বিভার সাহায্যে পুনঃস্থাপিত করিতে চেষ্টা করিয়াছেন।

তিনি বলেন, এবং আধুনিক জ্যোতিষ হুইতে প্রমাণ্ড দিয়াছেন বে, তারাময় ব্রহ্মাণ্ড স্থীম, স্থ্য ছায়াপথের ঠিক তলে (plane) এবং প্রায় মধ্যস্থলে অবস্থিত। সুৰ্য্য সমগ্ৰ দুখা ব্রহ্মাণ্ডের মধ্যস্থিত ব্রিয়া সম্ভবত সমগ্র জড়ময় ব্রহ্মাণ্ডের কেন্দ্রে অবস্থিত। তদনস্তর তিনি জীবদগারের অমুকূল অবস্থা-সকল অনুসন্ধান করিয়া বলেন যে, একমাত্র পৃথিবীই জীবের বাদোপযোগ হইয়াছে। শত শত নহে, দহল্ৰ সহল্ৰ নহে, কোটি কোটি বৎদর কোন গ্রহের পৃষ্ঠদেশ দমমাত্রার উষ্ণ না থাকিলে জীবের বাদোপদোগী হইতে জীবের আবিভাবপক্ষে এই পারে না। পৃথিবীতে অনেব গুলি অমুকূল অবস্থা বিশ্ব-

মান ছিল। হুৰ্য্য হইতে পৃথিবীর এমন অন্তর যে, পৃথিবীর উক্ষতার সমভাৰ সম্পাদিত হইতে পারিরাছে। পৃথিবীকে পরিবেষ্টন করিয়া আবশুক্মত ঘন আবহ রহিয়াছে; পৃথিবীতে গভীর বিস্তীর্ণ সমুদ্র রহিয়াছে; মকভূমি ও আগ্নেয়গিরি সমুহ রহিয়াছে। হুর্য্য তারাময় ব্রহ্মাণ্ডের মধান্থলে অবস্থিত বলিয়াই পৃথিবীর অবস্থা এরূপ হইতে পারিয়াছে। ব্রহ্মাণ্ডের প্রান্তে এমন কোন তারারূপ হুর্যা নাই, যাহার গ্রহদকলে জীবস্ঞাণরের অনুকুল অবস্থা থাকিতে পারে।

বলা বাহলা, ডাঃ বালেদের জ্যোতিষিক আধার শিথিল হইলে তাঁহার জীবসঞ্চার-বিষয়ক অমুমান নির্থক হইবে। ইহাও বলা বাহুলা, এমন একটা কথা বিনা আলোচনায় বিষংসমাজে স্থান পাইতে পারে না। করেকজন জ্যোতিষী ঘোরতর আপত্তি তুলিয়াছেন। তন্মধাে ইংলত্তের মণ্ডর-সাহেব এবং ফরাসীদেশের প্রসিদ্ধ সুমাারিয়েঁ৷-সাহেব মেসকল সুক্তি দারা বালেদের অমুমান খণ্ডন করিয়াছেন, তংসমুদ্রের সারাংশ সক্ষতিত হইল। বন্ধা ওসমুদ্রের আধুনিক জ্যোতিষের মত কি, তাহার কিঞ্ছিৎ আভাস পাওয়া যাইবে।

অবশ্র কথাটা হাসিয়া উড়াইয়া দিবার
নহে। হাসিয়া সকল তর্কের মীমাংসা করা
ঘাইতে পারে। বিচারে, প্রমাণপ্রয়োগে
বিমুথ হইয়া স্ব সংস্থারের বেশবর্তী হইলে
কোন বিষরেরই বিচার আবশ্রক হয় না।
বন্ধাও সাস্ত না অনস্ত, এ প্রেল্ল আধুনিক

কোন কোন জ্যোতিষীর মনে স্থান পাই-য়াছে।*

প্রথমেই দেখা যায়, ত্রন্ধাপ্ত সসীম না ছইলে তাহার মধাস্থল নির্দেশ করিতে পারা যার না। বস্তত ত্রন্ধাপ্ত সসীম, না অসীম ? বালেসের তর্ক এই যে, ত্রন্ধাপ্ত অসীম হইলে তারা অসংখ্য হইত। কিস্তু দ্রবীক্ষণের ক্ষমতারন্ধির সঙ্গে সঙ্গে তারাসংখ্যা বৃদ্ধি পাইতে দেখা যার না। অর ক্ষমতায় তারাসংখ্যা যে অস্থপাতে বৃদ্ধি পার, অধিক ক্ষমতার সে অস্থপাতে পার না, ন্ন অন্থপাতে পার। তারা অসংখ্য হইলে এরূপ হইত না। অত্রব মনে হয় যে, সমধিক-ক্ষমতাশালী দ্রবীক্ষণ ঘারা ত্রন্ধাপ্তের সমুদ্র তারা দ্পিগোচর হইতে পারে। তবে, ত্রন্ধাপ্ত অন্ত কই ৪

কিন্তু এ যুক্তি নির্দেষ নহে। দুর্বীকণ বত রহং বা ক্ষমতাশালী হয়, তাহার কাচ তত রহং ও স্থান হয়। কাচ্যারা আলোক শোবিত হয়; এবং কাচ যত স্থান হয়। স্মতরাং দূর-বীক্ষণের ক্ষমতার্থির অমুপাতে তারার সংখানর্হি হইতে পারে না। কিন্তু ভারাগণনার নিমিত্ত দূর্বীকণই একমাত্র উপায় নহে। ফটোগ্রাফীর কাচ আকাশের দিকে উন্তুক্ত রাখিলে কাচে তারাসকল অন্ধিত হয়। পনর্বানিট উন্তুক্ত রাখিলে যত তারার চিহ্ন পাওয়া যায়, তিন্ধ বিশ্বণ পাওয়া যায় না।

* বদ্ধাওশন প্ন:পুন আলোগ করা বাইভেছে। আনাদের আচীন জ্যোতিবিক অর্থ। কলনায় কি আসে, এত্যক ইউতেছে, তাহাই বিবেচা। অবশ্ব অপেকারুত উজ্জ্বল তারাসম্বন্ধে কোন কথা নাই; ক্ষীণ তারা লইয়াই কথা। কিন্তু ফটোগ্রাফীর কাচে আলোকদানের (exposure) কালবৃদ্ধির অন্থপাতে যে অতিশয় স্ক্র্যু তারার সংখ্যা বৃদ্ধি পাইবে, এমন নিয়ম নাই। অতএব কি দূরবীক্ষণ, কি ফটোগ্রাফীর কাচ, কোন উপায়ে নভোমগুলের সমুদ্য তারা দৃষ্ট হইতে পারে না।

বালেদের দ্বিতীয় তর্ক এই যে, এক এক তারা বিশালদেহ প্রদীপ্ত স্থা; এই সকল স্থা অ-সংখা হইলে তাহাদিগের নিকট হটতে অসীম উদ্ধাল মালোক আদিত, এবং গগনমগুল মধ্যাদ্ধের স্থায় সর্বাদা প্রদীপ্ত থাকিত।

কিন্তু এরপ প্রথর মালোক না পাইবার মনেক কারণ থাকিতে পারে। (১) দ্রছরহির বর্গাস্থারে মালোকের প্রাথ্য হাস
পার বটে, কিন্তু মালোকবহ পদার্থের স্বচ্ছভার কিঞ্চিং ন্যান্তার উক্ত নিয়মে হাস পার্
না। কে জানে, কিরুপ পদার্থে দিবাস্থান
পরিবাপ্তি আছে ? (২) ভারা গণিবার সমর
কেবল উচ্ছল ভারাসকল গণি কেন ?
প্রদীপ্ত ভারা বাতীত নিম্প্রভ অদৃশ্র বহু ভারা
থাকিতে পারে। এরূপ ভারা যে আছে, ভাহাতে
সন্দেহ নাই। সময়ে সময়ে ন্তন ভারা
প্রকাশিত হয়। এরূপ ভারা কত আছে,
কে জানে ? সংখায় দৃশ্র ও অদ্শ্র ভারা
দ্রান হইতে পারে, এবং এই সকল অদ্শ্র
ভারা ঘারা আলোক প্রতিরুদ্ধ হইতে পারে।

এত দারা আমাদের দৃষ্ঠ ব্রহ্মতে ব্রিতে হইবে। ইহাই কিনা আনসে,—সে তর্ক তুলিবার স্রবোগ নাই। কি (৩) নীহারিকা (Nebula) দারা দিবালোক
পূর্ণ। ফটোগ্রাফী এ বিষয়ের সাক্ষী। কিন্তু
সমুদর নীহারিকা প্রকাশমান না হইতে
পারে। বরং প্রথম অবস্থায় নীহারিকার
অদৃশু থাকিবার সন্তাবনা। এই সকল
নীহারিকাও আলোক শোষণ করিতে পারে।
(৪) দিবা রজঃ যাহার জন্ত পরিঘের *
(Zodiacal Light) উৎপত্তি, এবং উদ্ধা,
যাহা বংসরে ভূতলেই কোটি কোটি পতিত
হয়,—ইহারাও তারাসমূহের আলোক শোষণ
করিতেছে।

বালেদের আর এক তর্ক এই যে, ব্রহ্মাণ্ড व्यन् इहेटन मकन मि.कहे ममानमःथाक তারা দেখিতে পাওয়া যাইত। তর্কটি নৃতন নহে; অনেক জ্যোতিধী তারাময় ব্রহ্মাণ্ডের রূপ অনুস্রানে বাস্ত আছেন। এ নিমিত্ত কথাটা কিঞ্চিৎ বিভারিতভাবে বলা ঘাই-তেছে। বস্তুত আমাদিগের সকল দিকে একইসংখাক ভারা দেখা যায় না। স্বর্গসা বা ছায়াপথের দিকেই তারা অধিক, ছায়া-পথের তির্যাক্ দিকে অল। ছারাপথের যত নিকটের আকাশে দুষ্টিপাত করা যায়, তত অধিক ও সর্পাবিধ উজ্জল তারা নয়ন-গোচর হয়। আরও আশ্চর্যোর বিষয় এই যে. দুরবীকণ দারা প্রায় ছয়সহস্র তারাপঞ্জ ও নীহারিকা দেখা গিয়াছে, কিন্তু অধিকাংশ তারাপুঞ্ল ছায়াপথের তলে (plane), এবং অধিকাংশ বাষ্পানয় নীহারিকা উক্ত তল হইতে দূরে, এমন কি, ছায়াপথের মেকুর নিকটে দেখা গিণাছে। অভএব তারাময়

ব্রন্ধাণ্ডের একটা গঠন আছে। তারা ও তারাপুঞ্জ আকাশের সর্বত্র সমান ঘনসন্নিবিষ্ট নহে। ছায়াপথেরও একটা বিশেষ গঠন আছে। রাত্রিকালে নির্মাণ আকাশে ছায়া-পথ নিরীকণ করিলে উহাতে সমঘন তারা-मित्रित्म पृष्टिर्गाहत इत्र. ना ; मत्न इत्र, ছায়াপথ সৌরজগতের স্তায় কোন নিয়তাকার চক্র নহে। আমরা দেখি, উহা হংস (Cygnus) এবং বৃশ্চিক নক্ষত্তে ছই অসম শাখায় বিভক্ত হইয়াছে: দেখি, উহা স্থানে স্থানে যেন বিদীর্ণ হইয়াছে। কোন ঋজুনদী দূর হইতে দেখিলে যেমন উহার ছই তীর পরস্পর নিকটস্থ বোধ হয়, ছায়াপথের তারা কল আমরা বহু-বহু দুর হইতে দেখি বলিয়া ভাহারা পরস্পর নিকটস্থ বোধ হয়, এবং ছায়াপথ চক্রকার দেখায়।

এ সকল কথাই সতা। তারাময় রক্ষা
ওের একটা রূপ আছে; তারাসমূহ সকল
দিকে সমান সংখ্যার দেখিতে পাই না। কিন্তু
তা বলিয়া তাহারা যে সমান দূরে আছে,
এ কথা বলিতে পারা যায় না। বস্তত

হায়াপথের তারাসমূহের পরস্পর অস্তর

সমান নহে। সেখানে বহু-২হু দূরে দূরে
পশ্চাতে পশ্চাতে অনেক তারা আছে;
উপরের দৃষ্টাস্তের নদীর ভায় দূরদৃষ্টি (per
spective) হেতু তৎসমুদ্য নিকটে নিকটে

স্ববিভ্ত মনে হয়।

স্থা ছারাপথের মধ্যস্থলে এবং তাহার তলে কি না, তাহা পর্যাবেক্ষণসাপেক। ছারাপথ ঠিক চক্রাকার নহে; স্থতরাং ব্রাইত কি না, সে ভর্কে প্রয়োজন নাই। একটা শক

[🌞] সংস্ত 'পরিঘ'লন ধারা Zodiacal Light চাই। নানা কারণে এই শক্টি ভাল বোৰ হইয়াছে।

উহার মধ্যস্থল কিংবা তল সম্বন্ধে কিছুই বলিতে পারা যার না। স্থলত বলা যাইতে পারে, ছারাপথের অধিকাংশ তিনশত আলোক-বর্ষ পথ দূরে রহিয়াছে। দক্ষিণ আকাশের জহুনু (বা কিয়র—Centaurus)-নক্ষত্রের ক-তারা চারি আলোকবর্ষ অপেকা কিছিৎ অধিক দূরে আছে। স্থতরাং আমরা ছায়াপথের মধ্যস্থলের নিকটে না থাকিয়া বরং জহুনক্ষত্রের নিকটে আছি।

তাছ। ড়া, সুর্যাও ও স্থির নহে। উহা যে বেগে চলিতেছে, সেই বেগে চলিলে উহা প্রষ্টিসহস্র বংসরে জন্নক্ষত্রের ক-ভারাতে উপস্থিত হইতে পারে। পুথিবীর বয়ক্রমের তুলনায় এই কাল কণ্মাত্র বলিতে চইবে। যদি অতীতকালেও স্থা এই বেগে চলিয়া থাকে, তাহা হইলে স্থা পঞ্চাশলক বংসর পুর্বে ছায়াপথে ছিল, এবং ভবিষাতে ঐ বেগে চলিলে উহা ছায়াপথের অপর সীমায় গিয়া পড়িবে। ভূবিসা ও জীববিতা বিং পণ্ডিতগণের অভুমানে পাথিবস্টির পকে একশত লক্ষ বংসর গণনার যোগা নহে। তবে, স্থাকে ছায়াপথের মধাশ্বলৈ অবস্থিত বলা যাইতে পারে না। এইরূপ, অপর কোন তারাকেও বলিতে পারা যায় না।

• অপর তারা অপেকা ক্যা-তারা গুরুও
নহে। জয়ুনকতে যুগ্মতারা আছে; তাহাদের জড়মান ক্যোর জড়মানের প্রায় বিওপ।
লুক্কের জড়মান চারিটি ক্যোর তুলা।

স্থা তাদৃশ উজ্জনও নহে। ১ম প্রভার তারাসকল যত দ্বে আছে, তত দ্বে থাকিলে সুৰ্যা ৩য়, ৪র্থ, ৫ম কিংবা ৬৯ প্রভা তারার তুল্য ক্ষীণ দেখাইত। ৬ঠ প্রভার তারা আমাদের প্রায় দৃষ্টিগোচর হয় না। অগন্ত্য-তারা (Canopus) হইতে সূর্য্য দেখাই যাইত না। অথচ অগন্তা ১ম প্রভার তারা। অভিজিৎ (Vega) সন্তর্টি স্বা্রের তুলা উজ্জ্বল, এবং অগন্তা দশসহস্র হ্যা অপেকাও দীপ্তিশালী। এই সকল কারণে ফ্লামারিয়েঁ।-সাহেব বলেন যে, ডা:. বালেস্ লুক্ক কিংবা অক্ষ্ড্র (Capella) কিংবা জোষ্ঠা (Antares) নক্ষত্ৰ লইয়া তাঁখার কল্পনা বিস্তার করিলে বরং তাহা একদিন শোভা পাইত, আমাদের পৃথিবীর খায় কুদ্র পন্নীর পকে কথাটা আদৌ সাজে না। কোন স্থা একাণ্ডের মধাস্থলে অবস্থিত নহে, আমাদের স্থাও নহে; বালেসের কল্পনায় মোহিত হইবার কারণ সৌরজগতে রাজা স্থা। তারাময় ত্রনাতে রাজা-প্রজার সমন্ধ নাই: সকলেই রাজা, সকলেই প্রজা।

তারাসকল আকাশে স্থির নহে। তাহাদের স্ব স্থ গতি (proper motion)
আছে। অনেকের স্থাতি পরিমিত হইনাছে।
লউ কেল্ভিন্ তারাসকলের স্থাতি লইয়া
গণনা ঘারা জানাইয়াছেন যে, আমাদের
তারামর ব্রহ্মাণ্ডের স্থাের সংখাা একশ্ত
কোটির অধিক হইবে না। ইহাদের মাধাাকর্ষণশক্তি গড়ে আমাদের স্থাের তুলা
হইলে, ইহাদের বেগ সেকেণ্ডে বার মাইল
হইতে ঘাট-মাইল পর্যান্ত হইবে। কিন্তু এই

^{*} আলোক বে পথ এক বৰ্ধে অভিক্রম করে। এক সেকেন্তে আলোক পৃথিবীকে সাতআটবার প্রদক্ষিণ করিছে পারে।

বেগ অধিক দৃষ্ট হইলে ভারাসংখ্যাও বাজিয়া
যাইবে। অধিকন্ত ভারাসংখ্যা শত-কোটি
অঙ্গীকার করিলেও এমন বুঝায় না যে,
কেবল এই শত-কোটিই আছে, এবং ইহাদের পরে দিতীয় শত-কোটি, তৃতীয় শতকোটি, চতুর্থ শত-কোটি, কিংবা আরও
অধিক নাই। আকাশের বিস্তার যতই হউক,
ছায়াপথ ভাহার বিন্দুমাত্র। আমাদের দৃশ্য
বেধা হয়। অধ্যাপক স্থাকোম্ এরপ ভারার
সংবাদ শুনাইয়াছেন। তেমনই কয়েকটি
গোলাকার ভারাপুঞ্জও আমাদের ব্লমাণ্ডের
নহে বলিয়া বোধ হইয়াছে।

বালেসের জ্যোতিষিক আধার ভ্রমপূর্ণ।
অতএব তাঁহার জীবসঞ্চারবিষয়ক অন্ধান
দৃঢ় নহে। ফুামারিয়োঁ-জ্যোতিষী বলেন,
পৃথিবী প্রকৃতি হইতে কোন বিশেষ অন্ধ্রগ্রহ
লাভ করে নাই; কোন যে বিশেষ কালে
উপস্থিত হইয়াছে, এমনও নহে। সৌরজগতের সকল গ্রহের অবতা এক নহে। চক্র
ভূতকালের গৌরবের সাক্ষী; রহম্পতি
ভবিষ্যৎকালের অপেকা করিতেচে। আধুনিক জ্যোতিষ প্রাচীন জ্যোতিষের স্ক্ষীর্ণতা

ভেদ করিয়া আমাদের দৃষ্টি বছ-বছ দূরে শইয়া গিয়াছে। অথচ তাহা বাস্তবের ছায়ামাত্র। আমরা অনন্তে ডুবিয়া আছি; জীবস্ষ্টি अनामि ও সার্কাত্রিক; আমাদের পৃথিবী সংখাতীত দিব্য দীপপুঞ্জের একটি কুদ্র দীপ। আকাশ (space) অনস্ত ; উহার উচ্চতা নাই, গভীরতা নাই; বাম নাই, দক্ষিণ নাই। সেই-রূপ কালেরও আদি নাই, অন্ত নাই। অতএক আমাদের যংকিঞিং পার্থিব জ্ঞান লইয়া প্রকৃতির শক্তির সীমানির্দেশ করিতে যাওয়া আমাদের পক্ষে ধৃষ্টতা। আকাশে শিশুর দোলা আছে, বুদ্ধের সমাধিস্থান আছে। গতকলা চক্র, আজ পৃথিবী, আগামী কলা বৃহস্পতি, কালচক্রে অবস্থান্তর প্রাপ্ত হইতেছে। রক্তবর্ণ ভারাদকল অচিরে দমাধিত্ব ইবে; লুকক ও অভিছিতের ভার তারাসকল ভবিষাতে জাগ্রত হুইবে; প্রশা (Procyon), ব্রশ্ব-হাদয় (Capella) ও স্বাতীর (Arcturus) স্থায় তারাসকল বর্ত্তমানে যৌবন ভোগ করি-তেছে। রোহিণী (Aldebaran) প্রায় গতাস্থ হইতে বসিয়াছে, সূর্যা এখনও থৌবনে রহিয়াছে। আবার কোন কোন মৃত তারা কণকালের নিমিত্র পুনর্জীবিত্র হইয়াছে।

শ্রীযোগেশচক্র রায়।

সাহিত্য-সমালোচনা।

মরে বিদিয়া আনন্দে বপদ স্থাসি এবং ছংখে যথন কাঁদি, তথন এ কথা কখনো মনে উদয় হয় না বৈ, আরো একটু বেশি করিয়া হাসা দরকার বা কালাটা ওজনে কিছু কম পড়ি-রাছে। কিন্তু পরের কাছে যথন আনন্দ বা হঃথ দেখানো আবক্লক হইয়া পড়ে, ত্থন মনের ভাবটা সত্য হইলেও বাহিরের প্রকাশটা সম্পূর্ণ তাহার অন্থায়ী না হইতে পারে।

এমন কি, মা-ও যথন সশক বিলাপে পরীর নিজাতন্ত্রা দ্র করিয়া দেয়, তথন সে যে তদমাত্র প্রশোক প্রকাশ করে, তাহা নয়, প্রশোকের গৌরব প্রকাশ করিতেও চায়। নিজের কাছে হঃখ-মথ প্রমাণ করিবার কোন প্রয়েজন হয় না—পরের কাছে তাহা প্রমাণ করিতে হয়। স্বতরাং শোকপ্রকাশের জন্ত তাহার চেয়ের হর চড়াইয়। না দিলে চলে না।

ইহাকে ক্লব্রিমতা বলিয়া উড়াইয়া দিলে অত্যায় হইবে। শোকপ্রমাণ শোক প্রকাশের একটা স্বাভাবিক অঙ্গ। আমার ছেলের মূল্য যে কেবল আমারি কাছে বেশি, তাংার বিছেদ যে কত্যান মন্মান্তিক বাপার, তাহা পৃথিবীর আর কেহই যে বৃথিবে না, তাহার অভাবসন্থেও পৃথিবীর আর সকলেই যে অভান্ত স্বছলিতেও আহারনিদ্রা ও আপিন-যাভারাতে প্রবৃত্ত থাকিবে, শোকাতুর মাতাকে তাহার পুত্রের প্রতি ক্গতের এই অবজ্ঞা আঘাত করিতে থাকে। তথন সেনিজের শোকের প্রবশ্বতার দ্বারা এই ক্রতির প্রাচুর্যাকে বিশ্বের কাছে ঘোষণা করিয়া তাহার পুত্রকে যেন গৌরবান্বিত ক্রিডে চায়।

যে অংশে শোক নিজের, সে অংশে তাহার একটি স্বাভাবিক সংযম থাকে, যে অংশে তাহা পরের কাছে ঘোষণা, তাহা অনেক সময়েই সঙ্গতির সীমা লজ্মন করে। পরের অসাড়চিত্রকে নিজের শোকের ছারা বিচলিত করিবার স্বাভাবিক ইচ্ছায় তাহার চেষ্টা অস্বাভাবিক উত্তম অবলম্বন করে।

কেবল শোক নহে, আমাদের অধিকাংশ কদয়ভাবেরই এই ছইটা দিক্ই আছে, একটা নিজের জন্ম, একটা পরের জন্ম। আমার কারতে পারিলে তাহার একটা সাম্বনা, একটা গৌরব আছে। আমি যাহাতে বিচলিত, তুমি তাহাতে উলাসীন, ইহা আমাদের কাছে। ভাল লাগে না।

কারণ, নানা লোকের কাছে প্রমাণিত না হইলে সতাতার প্রতিষ্ঠা হয় না। আমিই যদি আকাশকে হল্দে দেখি, আর দশজনে না দেখে, তবে তাহাতে আমার বাাধিই স্প্র-মাণ হয়। সেটা আমারই হুর্বশ্তা।

আমার জ্নয়বেদনায় পৃথিবীর যত বেশি লোক সমবেদনা অফুভব করিবে, ততই তাহার সভাতা প্রতিষ্ঠিত হইবে। আমি যাহা একান্তভাবে অফুভব করিতেছি, তাহা যে আমার ভ্র্মলতা, আমার বাাধি, আমার গার্গনামি নহে, তাহা যে সত্যা, তাহা সর্মন-সাধারণের জ্নয়ের মধ্যে প্রমাণিত করিয়া আমি বিশেষভাবে সাস্থনা ও স্থ গাই।

যাহা নীল, তাহা দশজনের কাছে নীল বলিয়া প্রচার করা কঠিন নহে, কিন্তু যাহা আমার কাছে স্থুখ বা ছঃখ, প্রিয় বা অপ্রিয়, তাহা দশজনের কাছে স্থুখ বা ছঃখ, প্রিয় বা অপ্রিয় বলিয়া প্রতীত করা ছরহ। সে অবস্থায় নিজের ভাবকে কেবলমাত প্রকাশ করিয়াই খালাস পাওয়া যায় না; নিজের ভাবকে এমন করিয়া প্রকাশ করিতে হয়, ষাহাতে পরের কাছেও তাহা যথার্থ বলিয়া অহুভূত হইতে পারে।

স্তরাং এইথানেই বাড়াবাড়ি হইবার
সন্তাবনা। দূর হইতে যে জিনিষটা দেখাইতে
হয়, তাহা কতকটা বড় করিয়াই দেখান
আবশ্রক। সেটুকু বড়, সত্যের অমুরোধেই
করিতে হয়। নহিলে জিনিষটা যে পরিমাণে
ছোট দেখায়, সেই পরিমাণেই মিথাা দেখায়।
বড় করিয়াই তাহাকে সত্য করিতে হয়।

আমার স্থহ:থ আমার কাছে অব্যব-হিত, তোমার কাছে তাহা অব্যবহিত নয়। আমি হইতে তুমি দুরে আছে। সেই দুর্বটুকু হিসাব করিয়া আমার কথা তোমার কাছে কিছু বড় করিয়াই বলিতে হয়।

সভারক্ষাপুর্বক এই বড় করির: তুলিবার ক্ষমভার সাহিত্যকারের যথার্থ পরিচর পা ওয়। বার। যেমনটি ঠিক, তেম্নি লিপিবদ্ধ করা সাহিত্য নহে।

কারণ, প্রকৃতিতে যাহা দেখি, তাহা
আমার কাছে প্রত্যক্ষ, আমার ই ক্রিয় তাহার
দাক্ষ্য দেয়। দাহিত্যে যাহা দেখার, তাহা
প্রাকৃতিক হইলেও তাহা প্রত্যক্ষ নহে।
স্তরাং দাহিত্যে দেই প্রত্যক্ষতার অভাব
পূরণ করিতে হয়।

পাকেত পড়ে এবং সাহিত্য প্রত্থানেই তকাং আরম্ভ হয়। সাহিত্যের মা বেমন করিয়া কাঁদে, প্রাকৃত মা তেমন করিয়া কাঁদে না। তাই বলিয়া সাহিত্যে মার কারা মিথ্যা নহে। প্রথমত প্রাকৃত রোদন এমন প্রত্যক্ষ যে, তাহার বেদনা আ্কারে-ইঙ্গিতে, কণ্ঠবরে, চারিদিকের দৃখ্যে এবং শোক্ষটনার নিশ্চর প্রমাণে আমাদের প্রতীতি ও সমবেদনা উদ্রেক করিয়া দিতে বিশ্ব করে না। বিতীয়ত প্রাক্ত মা আপনার শোক সম্পূর্ণ ব্যক্ত করিতে পারে না, সে ক্ষমতা তাহার নাই, সে অবস্থাও তাহার নর।

এইজন্তই সাহিত্য ঠিক প্রকৃতির আরশি
নহে। কেবল সাহিত্য কেন, কোনো
কলাবিত্যাই প্রকৃতির যথাযথ অমুকরণ নহে।
প্রকৃতিতে প্রত্যক্ষকে আমরা প্রতীতি করি,
সাহিত্যে এবং ললিতকলায় অপ্রত্যক্ষ আমাদের কাছে প্রতীয়মান। অতএব এস্থলে
একটি অপরটির আরশি হইয়া কোন কাজ
করিতে পারে না।

এই প্রত।ক্ষতার অভাববশত সাহিত্যে ছলোবন্ধ-ভাষাভঙ্গীর নানাপ্রকার কল-বল আশ্রয় করিতে হয়। এইরূপে রচনার বিবরটি বাহিরে ক্ষত্রিম হইয়া অন্তরে প্রাকৃত অপেকা অধিকতর সত্য হইয়া উঠে।

এখানে "অধিকতর সত্য" এই কথাটা বাবহার করিবার বিশেষ তাংপর্য্য আছে।
মাস্থবের ভাবসংক্ষে প্রাকৃত সত্য জড়িতমিপ্রিত, ভগ্গথন্ত, কণন্থারী। সংসারের টেউ
ক্রমাগতই ওঠাপড়া করিতেছে—দেখিতে
দেখিতে একটার ঘাড়ে আর একটা আসিয়া
পড়িতেছে—তাহার মধ্যে প্রধান-অপ্রধানের
বিচার নাই—তুছে ও অসামান্ত গারে-গারে
ঠেলাঠেলি করিয়া বেড়াইতেছে। প্রকৃতির এই
বিরাট্ রঙ্গশালার যথন মান্থবের ভাবাতিন্য
আমরা দেখি, তখন আমরা ক্তাবতই অনেক
বাদসাদ দিয়া বাছিয়া লইয়া আক্ষান্তের
ঘারা অনেকটা ভর্তি করিয়া, কর্মনার ঘারা
অনেকটা গড়িয়া তুলিয়া থাকি। আমাদের
একজন পরমারীয়ও ভাহার সমন্তটা লইয়া

আমাদের কাছে পরিচিত নহেন। আমাদের স্থাতি নিপুণ সাহিত্যরচয়িতার মত তাঁহার অধিকাংশই বাদ দিয়া ফেলে। তাঁহার ছোটবড় সমস্ত অংশই যদি ঠিক সমান অপক্ষণাতের সহিত আমাদের স্থাতি অধিকার করিয়া থাকে, তবে এই স্তুপের মধ্যে আসল চেহারাটি মারা পড়ে ও সবটা রক্ষা করিতে গেলে আমাদের পরমান্ত্রীয়কে আমরা যথার্থভাবে দেখিতে পাই না। পরিচয়ের অর্থই এই যে, যাহা বর্জন করিবার তাহা বর্জন করিয়া, যাহা গ্রহণ করিবার তাহা

একটু বাড়াইতেও হয়। আমাদের প্রমান্ত্রীয়কেও আমরা মোটের উপরে অলই দেখিয়া থাকি। তাঁহার জীবনের অধিকাংশ আমাদের অগোচর। আমরা তাহার ছায়া নহি, আমরা তাহার অন্তর্গামীও নই। তাহার অনেক্থানিই যে আমরা দেখিতে পাই না, সেই শুনাতার উপরে আমাদের क्त्रना काक करता कांक छनि श्राहेत्रा লইয়া আমরা মনের মধ্যে একটা পূর্ণ ছবি আঁকিয়া তুলি। যে লোকের সম্বন্ধ আমা-प्तत कन्नना (थरण ना, योशत कीक बामाप्तत কাছে দাঁক থাকিয়া বায়, বাহার প্রতাক-গোচর অংশই আমাদের কাছে বর্তমান, অপ্রত্যক অংশ আমাদের কাছে অস্পষ্ট অগোচর, তাছাকে আমরা জানি না, অলই कानि। शृथिवीत अधिकाः म मासूबरे এरेज्ञल व्यागात्तव कारक कावा, व्यागात्तव कारक অগত্যপ্রায় ৷ তাহাদের অনেককেই আমরা **डेक्नि वनिश्र कानि, डाउनात्र वनिश्र कानि, मिकानमात्र विका जानि—मासूव विनामा** জানি না। অর্থাৎ আমাদের সজে বে বহিবিধরে তাহাদের সংস্রব, সেইটেকেই সর্ব্বাপেকা বড় করিয়া জানি—তাহাদের মধ্যে তদপেকা বড় বাহা আছে, তাহা আমাদের কাছে কোন আমল পায় না।

সাহিত্য যাহা আমাদিগকে জানাইতে চার, তাহা সম্পূর্ণভাবে জানার—অর্থাৎ হারীকে রক্ষা করিয়া, অবাস্তরকে বাদ দিয়া, ছোটকে ছোট করিয়া, বড়কে বড় করিয়া, কাঁককে ভরাট করিয়া, আল্গাকে জমাট করিয়া দাঁড় করায়! প্রকৃতির অপক্ষণাত প্রাচুর্যোর মধ্যে মন যাহা করিতে চার, সাহিত্য তাহাই করিতে থাকে। মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে। মন প্রাকৃতিক জিনিষকে মানসিক করিয়া শয়—সাহিত্য সেই মানসিক ভিনিষকে সাহিত্যিক করিয়া তুলে।

হুদের কার্যাপ্রণালী প্রায় একইরকম।
কেবল হুদের মধ্যে করেকটা বিশেষ কারণে
তকাং ঘটিরাছে। মন যাহা গড়িয়া ভোলে,
তাহা •িনিজের আবশুকের জন্ত—সাহিত্য
যাহা গড়িয়া তোলে, তাহা দকলের আনন্দির
ভন্ত। নিজের জন্ত একটা মোটাম্টি নোট্
করিয়া রাখিলেও চলে—সকলের জন্ত আগাগোড়া স্থামন্ধ করিয়া তুলিতে হয়। এবং
তাহাকে এমন জারগায় এমন আলোকে
এমন করিয়া ধরিতে হয়, যাহাতে সম্পূর্ণভাবে
সকলের দৃষ্টিগোচর হয়। মন সাধারণত
প্রকৃতির মধ্য হইতে সংগ্রহ করে—সাহিত্য
মনের মধ্য হইতে সঞ্চয় করে। মনের
জিনিধকে বাহিরে কলাইয়া তুলিতে গেলে
বিশেষভাবে স্প্রনশক্তির আবশ্রক হয়।

এইরূপে প্রকৃতি হইতে মনে ও মন হইতে সাহিত্যে যাহা প্রতিফলিত হইয়া উঠে, তাহা অন্তকরণ হইতে বহুদুরবর্ত্তী।

প্রকৃত সাহিত্যে আমরা আমাদের করনাকে, আমাদের স্থগ্রংথকে, শুদ্ধ বর্ত্তমান কাল নহে, চিরস্তন কালের মধ্যে প্রতিষ্ঠিত করিতে চাহি। স্কতরাং দেই স্থবিশাল প্রতিষ্ঠা-ক্ষেত্রের সহিত তাহার পরিমাণসামঞ্জস্ত করিতে হয়! ক্ষণকালের মধ্য হইতে উপকরণ সংগ্রহ করিয়া তাহাকে যথন চিরকালের জ্ঞ গড়িয়া তোলা যায়, তথন ক্ষণকালের মাপকাঠি লইয়া কাজ চলে না। এই কারণে প্রচলিত কালের সহিত, সঙ্কীর্ণ সংসারের সহিত, উচ্চসাহিত্যের পরিমাণের প্রভেদ প্রকিয়া যায়।

অন্তরের জিনিষকে বাহিবের, ভাবের জিনিষকে ভাষার, নিজের জিনিষকে বিখ-মানবের এবং ক্ষণকালের জিনিষকে চির-কালের করিয়া তোলা সাহিত্যের কাজ।

জগতের সহিত মনের যে সম্বন্ধ, মনের সহিত সাহিত্যকারের প্রতিভার সেই সম্বন্ধ। এই 'প্রতিভাকে বিশ্বমানব্যন নাম দিলে ক্ষতি নাই। জগং হইতে মন আপনার জিনিব সংগ্রহ করিতেছে, সেই মন হইতে। বিশ্বমানব্যন প্রশাস নিজের জভা গড়িয়া লইতেছে।

বুঝিতেছি কথাটা বেশ ঝাপ্সা হইরা

শৈষাসিরাছে। আর একটু পরিফুট করিতে

চেষ্টা করিব। ক্বতকার্য্য হইব কি না,

জানি না।

আমরা আমাদের অন্তরের মধ্যে ছইটা আংশের অন্তিহ অমুভব করিতে পারি। একটা অংশ আমার নিজম্ব, আর একটা অংশ আমার মানবন্ধ। আমার ঘরটা যদি সচেতন হইত, তবে সে নিজের ভিতরকার থগুকাশ ও তাহারই সহিত পরিবাাপ্ত মহাকাশ, এই ছটাকে ধ্যানের ধারা উপলব্ধি করিতে পারিত। আমাদের ভিতরকার নিজম্ব ও মানবন্ধ সেইপ্রকার। যদি ছয়ের মধ্যে ছর্ভেগ্ন দেয়াল তোলা থাকে, তব্বে আত্মা অরুকুপের মধ্যে বাস করে।

প্রকৃত সাহিত্যকারের অন্ত:করণে যদি তাহার নিজত্ব ও মানবছের মধ্যে কোন ব্যবধান থাকে, তবে তাহা করানার কাচের সাশির অছে ব্যবধান। তাহার মধ্য দিয়া পরস্পরের চেনা-পরিচয়ের ব্যাঘাত ঘটে না। এমন কি, এই কাচ দ্রবীক্ষণ ও অণুবীক্ষণের কাচের কাজ করিয়া থাকে—ইহা অদৃশুকে দৃশু, দূরকে নিকট করে।

সাহিত্যকারের সেই মানবৃত্তই স্ক্রেক্রা। লেথকের নিজ্হকে সে আপনার করিয়া লয়, ক্ষণিককে সে অমর করিয়া তোলে, থওকে সে সম্পূর্ণতা দান করে।

জগতের উপরে মনের কারখানা বসি-য়াছে—এবং মনের উপরে বিশ্বমনের কার-খানা—সেই উপরের তলা হইতে সাহিত্যের উংপত্তি।

পূর্বেই বলিয়াছি, মনোরাজ্যের কথা আসিয়া পড়িলে সভ্যতা বিচার করা কঠিন হইরা পড়ে। কালোকে কালো প্রমাণ করা সহজ, কারণ অধিকাংশের কাছেই তাহা নিশ্চর কালো—কিন্তু ভালোকে ভালো প্রমাণ করা তেমন সহজ্ব নহে, কারণ এথানে অধিকাংশের একমত সাক্ষ্য সংগ্রহ করা কঠিন।

এধানে অনেকগুলি মুদ্ধিলের কথা আসিয়া পড়ে। অধিকাংশের কাছেই যাহা ভাল, তাহাই কি সত্য ভাল, না, বিশিষ্ট সম্প্রদায়ের কাছে যাহা ভাল, তাহাই সভ্য ভাল গ

বদি বিজ্ঞানের কথা ছাড়িয়া দেওয়া যায়, তবে প্রাক্তবস্তসম্বন্ধে এ কথা নিশ্চয় বলিতে হয় যে, অধিকাংশের কাছে যাহা কালো, তাহাই সত্য কালো। পরীক্ষার হারা দেখা গেছে, এ সম্বন্ধে মতভেদের সন্তাবনা এত অল্ল যে, অধিক সাক্ষ্য সংগ্রহ করিবার কোন প্রয়োজন হয় না।

কিন্তু ভালো যে ভালোই এবং কত ভালো, তাহা লইয়া মতের এত অনৈক্য ঘটিল থাকে যে, সে সম্বন্ধে কিন্তুপ দাক্য লওয়া উচিত, তাহা স্থির করা কঠিন হয়।

বিশেষ কঠিন এই জন্ত, সাহিত্যকারদের শ্রেষ্ট চেষ্টা কেবল বর্ত্তমান কালের জন্ত নহে। চিরকালের মনুষ্যসমাজই তাহাদের লক্ষ্য। যাহা বর্ত্তমান ও ভবিষাংকালের জন্ত লিখিত, তাহার অধিকাংশ সাক্ষী ও বিচারক বর্ত্তমান কাল হইতে কেমন করিয়া মিলিবে ৪

ইহা প্রায়ই দেখা যায় যে, যাহা তংসান্মিক ও তংশানিক, তাহাই অধিকাংশ
লোকের কাছে সর্বপ্রধান আসন অধিকার
করে। কোন একটি বিশেষ সময়ের সাক্ষিসংখ্যা গণনা করিয়া সাহিত্যের বিচার
করিতে গেলে অবিচার হইবার সম্পূর্ণ সন্তাবনা আছে। এইজন্ত বর্তমান কালকে
অতিক্রম করিয়া সর্বাকালের দিকেই
সাহিত্যকে লক্ষ্যনিবেশ করিতে হয়।

কালে কালে মান্ন্ধের বিচিত্র শিক্ষা, ভাব ও অবস্থার পরিবর্তনসত্ত্বেও যে সকল রচনা আপন মহিমা রক্ষা করিয়া চলিয়াছে, তাহাদেরই অগ্নিপরীক্ষা হইয়া গেছে। মন আমাদের সহজ্বগোচর নয় এবং অল্ল সময়ের মধ্যে আবদ্ধ করিয়া দেখিলে অবিশ্রাম গতির মধ্যে তাহার নিত্যানিত্য সংগ্রহ করিয়ালওয়া আমাদের পক্ষে ছংসাধ্য হয়। এইজন্ত স্থিপুল কালের পরিদর্শনশালার মধ্যেই মান্ন্ধের মানসিক বস্তুর পরীক্ষা করিয়া দেখিতে হয়—ইহা ছাড়া নিশ্চয় অবধারণের চূড়াস্ত উপায় নাই।

কিন্তু কাজ চলিবার মত উপায় না থাকিলে সাহিত্যে অরাজকতা উপস্থিত হইত। হাইকোর্টের আপিল-আদালতে যে জজ-আদালতের সমস্ত বিচারই পর্যান্ত হইয়া যায়, তাহা নহে। সাহিত্যেও সেইরপ জজ-আদালতের কাজ বন্ধ থাকিতে পারে না। আপিলের শেষনীমাংসা অতিদীর্ঘকাল-সাপেক—ততক্ষণ মোটামুটি বিচার একরকম পাওয়া যায় এবং অবিচার পাইলেও উপায় নাই।

যেমন সাহিত্যের স্বাধীন রচনায় একএকজনের প্রতিভা সর্ব্ধকালের প্রতিনিধিত্ব
গ্রহণ করে,—সর্ব্ধকালের আসন অধিকার
করে, তেম্নি সমালোচনার প্রতিভাও আছে।
একএকজনের পরথ করিবার শক্তিও
স্বভাবতই অসামান্ত হইয়া থাকে। যাহা
কণিক, যাহা সন্ধীণ, তাহা তাঁহাদিগকে ফাঁকি
দিতে পারে না; যাহা ধ্বব, যাহা চিরস্তন,
এক মুহুর্জেই তাহা তাঁহারা চিনিতে পারেন।
সাহিত্যের নিতাবস্তর সহিত পরিচয়লাত

করিয়া নিত্যত্বের লক্ষণগুলি তাঁহারা জ্ঞাত-সারে এবং অলক্ষ্যে অন্তঃকরণের সহিত মিলাইয়া লইয়াছেন—স্বভাবে এবং শিক্ষার তাঁহারা সর্বকালীন বিচারকের পদ গ্রহণ করিবার যোগা।

আবার ব্যবদাদার সমালোচকও আছে।
তাহাদের পুঁণিগত বিদ্যা। তাহারা সারস্বতপ্রাসাদের দেউড়িতে বিদ্যা হাঁকডাক,
তর্জনগর্জন, ঘূব ও ঘূষির কারবার করিয়া
থাকে—অন্তঃপুরের সহিত তাহাদের পরিচয়
নাই। তাহারা অনেক সময়েই গাড়িছ্ড়ি
ও ঘড়ির চেন দেথিয়াই ভোলে। কিন্তু
বীণাপাণির অনেক অন্তঃপুরচারী আত্মীয়
বিরলবেশে দীনের মত মার কাছে যায় এবং

তিনি তাহাদিগকে কোলে লইয়া মন্তকালাণ করেন। তাহারা কথন-কথন তাঁহার শুক্র অঞ্চলে কিছু-কিছু ধ্লিক্ষেপও করে—তিনি তাহা হাসিয়া ঝাড়িয়া ফেলেন। এই সমন্ত ধ্লা-মাট-সব্বেও দেবী বাহাদিগকে আপনার বলিয়াকোলে ভূলিয়ালন—দেউড়ির দরোয়ান-শুলা তাহাদিগকে চিনিবে কোন্ লক্ষণ দেখিয়া ? তাহারা পোষাক চেনে, তাহারা মাহ্মর চেনে না। তাহারা উৎপাত করিতে পারে, কিন্তু বিচার করিবার ভার তাহাদের উপর নাই। সারস্বতদিগকে অভ্যর্থনা করিয়া লইবার ভার বাহাদের উপরে আছে, তাঁহারাও নিজে সরস্বতীর সন্তান—তাঁহারা ঘরের লোক, ব্রের লোকের মর্যাদা বোঝেন।

আবাহন।

(>)

জাগিয়া উঠেছে এ প্রাণের মাঝে
শতেক হুংখের কাহিনী
শুনিতে সে কথা আসিবে কি নামি'
জননি হ্যুলোকবাসিনি ?
শুক্তছে নয়নে
ঝরিছে অঝোরে গোপনে
নিত্য এ মোর অঞ্জর মেলা
নির্থিবে কেগো নয়নে ?
(২)

কতই বেদনা উঠিছে নিভ্য কন্ধ হুদর ভেদিয়া উদাস মুক্ত বায়ুর মাঝারে

ম্বিছে নিভ্য ভ্রমিরা।

শীর্ণ পাংশু— আপুত আঁথি

ধ্লিতে রেথেছে আবরি'
কে আর ভাহাতে সিঞ্চিবে বারি
সদম হৃদরে আহরি'।

(😕)

অন্তিম কালে ভূলিরা যাতনা
আমারি তৃঃথ ভেবেছ
সজল নরনে আশিবপুশ
এ শিরে বরষি' দিয়েছ।
অপার-করুণা— সাগররূপিণি!
সাগর শুকাল কেমনে ?
ভনয়ের তব পূজার অর্থ্য
কেমনে দলিলে চরণে ?

(8)

যতই তোমার করণার আঁথি
নেহারি মানসনয়নে
ততই কঠিন থল ছলভরা
নির্থি নিথিল ভূবনে।
তব স্থৃতি হ'তে যত দুরে আসি'
কালের কঠিন তাড়নে
তত ছত্তর নেহারি জননি!
খন সংসারগহনে।

(¢)

হবে না কি শেষ হবে না কি শেষ
হংখ তামদী যামিনী
শত-বৃশ্চিক— দংশনে নিতি
অনিয়া মরিব জননি ?
বরগবাসিনি এ ধরা ত্যক্ষেছ
কাট্যাছ মায়া-শিক্লি,

```
তনম্বের তরে রাখিয়া গিয়াছ
    বিষাদ-দৈশু কেবলি!
          ( ७ )
থেখানে জাগে না তোমার হাস্ত
    সে গৃহ কেমনে গণিব ?
যেখানে রাজে না তোমার অভয়
    ভবন কি তারে বলিব ?
সে যদি গো গেহ শাস্ত-মধুর
    অরণা কারে কহে গো ?
তোমারে হারায়ে শুশানে রহিতে
    হৃদয়ে কি সাধ রহে গো ?
     ( 9 )
তরণ জীবনে সব সাধ মোর
   মিটিয়াছে সব কামনা
গরলে দিগ্ধ মরণ আসিয়া
   সহসা হরেছে চেতনা।
জীবনপাত্র উঠেছে ভরিয়া
   স্নীল তীত্র গরলে
ঘোর জালাময় দীর্ঘ জীবন
   वहिष्ठ इहेरव विवरत।
      · ( ৮ )
এস নেমে এস শাস্তিরূপিণি
   জননি! জালার জগতে
বিতর শান্তি করুণার বারি
   তাপছঃসহ মরতে।
শান্ত প্রদর ব
   আরুত কর তনয়ে
হঃসহ শোক দূর কর ত্রা
   উরি' এ মরতে অভরে !
        ( > )
                 ভিকু তনম
ভश्रक्षमग्र
   পড়িয়া অকুল পাণারে
```

চিরবিশ্রাম লভেছ যথার
তুলে লহ তথা তাহারে।
অমির শিশির কোমল পরশে
মুছাও হৃদয়বেদনা
হর হংসহ পাপতাপরাশি
হর হংসহ যাতনা।

শ্রীনরেন্দ্রনাথ ভট্টাচার্য্য।

মেঘচ্ছবি।

4504574

আমাদের প্রাস্তরে মেঘবৃষ্টির ক্রীড়া আরম্ভ হইগছে।

এই প্রাম্থরই বটে শৃখ্যনমুক্ত বর্ষাপ্রক-তির স্থােগ্য ক্রীড়াঙ্গন। মুক্ত আকাশ এবং মৃক্ত প্রান্তর মুখোমুখী হইয়া চাহিয়া থাকে; তক্লেখাশুল চক্রবালে, যেখানে মুত্তিকা অদীম আকাশসমূদ্রের প্রান্তে স্তন্তিত হইয়া त्यन थामिया माजाहेबाटक, मुख्यपटित त्यहे দুরান্ত সীমায়, - শৃন্তভার অবাধ-বিভারে এক অগাধ এবং কঠোর উদাসীতা ব্যক্তিত দেখিতে পार्ट ; - आत्र এक निरक, यथारन धत्री-आका-শের সঙ্গমরেথায় এই স্থানুর হুইতে লক্ষাগোচর একসারি চিত্রবং স্পন্দহীন তালগাছ দাড়া-ইয়া থাকিয়া ওই অগাধ শৃক্তভাকে প্রতিহত করিতেছে, ওথানকার দৃখ্যটি কি সকরুণ! ঐ দূরলকা কীণ তালগাছ-ক'টি দেখিয়া আমার মনে কেমন-একটু অসহায়তার ভাবের সঙ্গে একটি করুণা আবিভূতি হয়। বিখ- গ্রাদী শৃন্ম তার মধ্যে ওই ঋজুকীণ জীবনরেধা-করেকটি বাস্তবিকই বড় সকরুণ।

কিন্ত চারিদিকেই, উনাসীস্ত এবং কারুণ্যে সকলি ভরিষা আজ বাাকুলতার নিবিড় সঞ্চার। ঐ যে তালীশ্রেণীর পশ্চাতে ঘননিবদ্ধ মেঘন্তর বিলম্বিত হইয়া তালীবনশ্রীতে ক্ষকোমল সজলম্পর্শে গভীরতর কারুণা অর্পণ করিয়াছে। এবং পশ্চিম দিগস্তেও ঐ নির্লিপ্ত শৃত্যতার অন্তর আজ বৃহৎ বাম্পোচ্ছাসতরক্ষে গলাদ এবং বাাকুল।

আমাদের ধরাতলের বাস্পোচ্ছ্বাসে বৃঝি.
আজ গগনের জ্যোতির্লোক অবরুদ্ধ; দীর্ঘায়িত
গুরুগুরু মেঘধনিতে বৃঝি আজ পৃথিবীর
মন্মবেদনা আকাশপ্রাঙ্গণে শব্দায়মান। শৃত্ততার উদাসীন ললাটে চিস্তাকালিমা, জ্যোতিশ্মর স্বর্লোক নিরুদ্ধ, আকাশপ্রাঙ্গণে সিন্ধ্নির্ঘোষ, ধরণীর বনে-প্রাপ্তরে নিবিড়তর
মলিনমা—আজ ধরণী-গগনের সহামুভূতির

দিন, আজ অপেকার দিন, আজ অশ্রুজনে মিলনের দিন, আজিকার দিনান্তের পরিব্যাপ্ত আককারে ধরাতলে অভিসারের একরজনী আবিভূতি হইবে।

কোথা হইতে কোথা চলিলাম ? কিন্তু আজিকার দিনে সহজেই রাত্রির কথা মনে পডে। দিন আজ রাত্রির মত প্রায়, সমস্ত সুধ আৰু ছ:থের মত প্রায়। নীপ প্রশার-শ্বিত৷ স্থলরি—তোমার হাত আজি সিদ্ধ-তলের রভের মত অন্ধকার। শ্বরচাপ-জ-বিলসিতা, তোমার উজ্জ্ব চকুতারকা আজ ঘনঘোর আকাশের মত বাশময় অনকারে ষ্মাবিষ্ট। কোথায় রাত্রি? কোথায় রাত্রি-মুখে সন্ধা ? আজ কিরূপে তাহাকে চিনিয়া লইব তাহার নীলাকাশভরা কোমলতা নীলাভা হইতে নীলাভার বিগলিত হইয়া আজ কথন কোথায় অন্তহিত হই গ্ৰা যাইবে !— ঘনবিক্তস্ত মেঘের রঙ্গে, কোণাও তাহাকে দেখিতে পাইব কি? কিন্তু না, -- আজিকার সন্ধা অপূর্বতর। একি অভিনব সন্ধা। विक6-कवाभूष्य-त्रागत्रक ५३ मात्राङ्काल। ক্ষণকালের জন্ম একটি রক্তমেদ **इ**टेट्ड কোমলতর রজাভা নিগত হইয়া তীব্র উজ্জ্বলতা ধারণ করিল যে, মনে হইতেছে, যেন বিশ্বকর্মার অগ্রিকুণ্ডে দেবদেনাপতির वङ्किष्य कठिन लोहवर्ष निर्धाण इहेटछाइ। রক্তাভার নিমদেশে পৃথিবীও একটি বনচ্ছবি भिनारेया निन, वृष्टिर्धां अध्यक्षायाठिक छ নিবাত-নিক্ষ্প বনচ্ছবি এমনি প্রগাঢ় সবুজ ষে, ঐ ছবিটিকেও যেন কার্ত্তিকেরের

একটি কঠিন তাম্র-ঢালের উপরে উৎকীর্ণ বলিয়াই মনে হইতেছে। মেঘে এবং বনে মিলিয়া একথানি রক্ত-পীত-নীল-হরিত-তরকারিত প্রগাঢ়বর্ণ তাম্রপত্তে খচিত বৃহৎ ছবি।

এই চিত্রধানির, এই প্রতিমাধানির বেদিকা-এই অপার মুক্তপ্রান্তর,- এই ছারা-মলিন সিক্ত-স্থান্ধি তৃণক্ষেত্র। ধীরে ধীরে সিক্ত মাঠের প্রতি অণুটিতে সন্ধারাগ প্রবেশ कतिशाष्ट्र । কোথাও কালো ছায়া পডিয়া রহিয়াছে। ক্ষেতের স্থানে স্থানে বর্ষার জল-वानि मक्षित इहेबा **बाह्— वै**थान्**हे बाका**न्ब বর্ণে ভূবেদিকা অভিশয় স্থরঞ্জিত। ঐ যে বাধের বর্ষাফীত তীরতক্ষুণচুষিত জলরাশি দেখিতে দেখিতে সমস্ত অবয়বে সিন্দুর হইয়া উঠিয়াছে, কোথাও বা জলকান্তি জমুরদ-क्याग्रिङ्यः द्रेयः (व धनी । ধরণী-গগনের সহাস্তৃতির মধ্যে, পরস্পরের সিন্দুরী অমু-तक्षत्वत्र मत्था विषया मत्न इहेर्फ्ट्. त्यन আমার চারিদিকে নানাবর্ণদক্তর একটি বিরাট দাড়িমফল ফাটিয়া ভাঙিয়া পড়িয়াছে-চারিদিকেই এই স্বচ্ছতা, সরসতা এবং বর্ণ-বিলাস। আৰু আমার ন্তব্সিত চংখিত হৃদর। তাহা না হইলে চিত্তপটে এই মেঘছবি বিধিত হইয়া, শত উপমায় জীবন্ত হইয়া-এক অলকাপুরী নির্মাণ করিয়া কেলিত। তাহা ट्टेन ना,-- मक्तात हामात्र व्यामात व्याप वीशा পদতলে ফেলিয়া দিয়া নিস্তব্ধ হইরা বসিয়া व्याहि। त्रिमृतल्था क्राय प्रानिमाय विनीन इहेमा याहेट उद्धा

অতিপ্রাকৃত।

অতিপ্রাক্তে বিখাস করিব কি না, একালের একটা প্রধান সমস্থা। সেকালের লোক নির্বিবাদে বিশাস করিত। একালের ও এত লোকে বিখাস করে যে, অতিপারুতে विश्वामिटोर मान्यस्य नार्क चालाविक অবিখাদটাই অস্বাভাবিক বলিয়া বোধ হয়। অস্বাভাবিক হইলেও একালের বৈজ্ঞানিকেরা অতিপ্রাক্তে অবিশ্বাস করেন। আর বাঁহারা আপনাদের অবৈজ্ঞানিকতা-স্বীকারে কুটিত, তাহারাও একালের বিজ্ঞানের খাতিরে অতি-প্রাকৃতে বিশ্বাস প্রকাশ করিতে লচ্ছিত इन। किन्नु यथन (माना यात्र, प्रदेशक छन বড় বড় বৈজ্ঞানিক অভিপ্রাকৃতে বিশাস করেন, তখন বড়ই খট্কা দীড়ায়। স্ফিষ্টদের সহিত তর্ক উপস্থিত হইলেই তাঁহারা উন্নাসের সহিত ওয়ালাল, ক্রুক্স ও লব্লের নাম করিয়া ফেলেন। তথন জাহাদের দশন-প্রভায় আঁগার ঘর আলো হটয়া পডে। আনাদের মত অপণ্ডিত লোক, বাঁহারা উক্ত পণ্ডিতদের পাণ্ডিত্যমহিমার আছেন. তাহারা তখন কিংকর্ত্তবাবিষ্ रहेशा शर्फन।

অগত্যা তথন বলা বার, বিজ্ঞানের রাজে রাজশাসন নাই। যিনি যত বড় বৈজ্ঞানিক হউন না কেন, তাঁহার কথা বেদবাক্য বলিয়া যানিতে আমরা বাধ্য নহি। তিনি যথোচিত প্রমাণ উপস্থিত করুন, তথন তাঁহার কথা

তনিব। নাম দেখিরা ভর বৈজ্ঞানিকের রীতি নহে।

বলা বাছল্য, এইরূপ উত্তর দেওর। যার বটে, কিন্তু মনের ভিতর গোল থাকিলা যায়। কথাটা যদি নিতান্তই অমূলক হইবে, তবে ওয়ালাশ-সাহেব মানেন কেন ? আর কেহ নহে,—যে-সে নহে,—ওয়ালাশ কেন মানেন ?

বড় কঠিন সমস্থা। হিউম নাকি বলিয়া গিয়াছেন অতিপ্রাক্ত,—বাহার ইংরাজি নাম মিরাক্ল,—তাহা ঘটতে পারে না। টিগুল নাকি বলিয়াছেন, জগতে মিরাক্লের স্থান নাই। এখন কোন্পথে যাই ?

থিয়দফিষ্ট বন্ধুগণকে খুদী করিতে পারিব না জানি, তথাপি একবার বিচারসমূদ্রে অব-গাংন করা থাক।

ইংরাজি মিরাক্ল্ শব্দের অর্থ কি ঠিক জানি না; অতিপ্রাক্ত শব্দের অর্থ জানি। প্রাক্ত অর্থে বাহা প্রকৃতির অঙ্গ, বাহা প্রকৃতিতে ঘটে; অতিপ্রাক্ত অর্থে, প্রকৃতিকে বাহা অতিক্রম করে, বাহা প্রকৃতির বাহির।

যাহা কিছু ঘটে, তাহাই প্রকৃতির অঙ্গী-ভূত—তা সে যতই অঙুত হউক না কেন। অঙুত হইলেও তাহা যথন ঘটিতেছে, তথন তাহা প্রাকৃত, তাহা অভিপ্রাকৃত নহে।

বাইবেলে গল্প আছে, জোওরার আদেশে পূর্যা আকাশে স্থির হইয়াছিল। যীওর্থ মৃত্যুর পর অনেককে দেখা দিয়াছিলেন।

থৈ ঐ গন হয় সত্য, নয় মিধ্যা। হয় উহা
ঘটিয়াছিল, নয় ঘটে নাই। যদি ঘটিয়া
খাকে—তবে উহা প্রাক্ত—অতিপ্রাক্কত
নহে—অত্যক্ত হইলেও অতিপ্রাক্কত নহে।
মদি না ঘটিয়া থাকে ত কথাই নাই।

যাহা ঘটে, তাহাই যথন প্রাক্তত, তথন ক্ষতিপ্রাক্কত ঘটনা অর্থপৃক্ত প্রলাপবাক্য। উহা বন্ধ্যাপুত্রের ন্তার নির্থক শব্দ। কাব্দেই ক্ষতিপ্রাক্কতে বিশাস করার প্রয়োজন নাই।

এইরপে ভাষাগত বা ব্যাকরণগত তর্ক ভূলিয়া প্রতিপক্ষকে নিরস্ত করা চলে। কিন্তু ভোহাতে আসল কথার মীমাংসা হর না। আসল কথা এই, জোওয়ার আদেশে সুর্য্যের গাতিরোধে বিশ্বাস করিব কি না ? ঐ ব্যাপার ঘটিয়াছিল কি না ? যীওপৃষ্টের প্রেত্তমূর্ত্তি লোকে দেখিয়াছিল কি না ? ভূত মানিব কি না ?

কেহ কেহ বলিবেন, না, মানিব না!

ঐ সকল ব্যাপার অসম্ভব; উহা প্রক্নতির
নিরমবিক্দ। বাহা প্রকৃতির নিরমবিক্দ,
তাহা ঘটতে পারে না। টি গুল হয় ত ঐরপ
বলিতেন।

ভাল; কিন্তু উহা প্রকৃতির নিরমবিক্রছ,

তাহা জানিলে কিরুপে? প্রকৃতির নিরম কি ?

হর ত বলিবে, ঐ ব্যাপার অতি অব্তুত,

অতি নৃতন; বাইবেলের গরে ছাড়া এরপ

বটনা কেহ কথন দেখে নাই, শোনে নাই।
উহা অতি অব্তুত, অতি অসাধারণ, অতি

নৃতন—কাজেই উহা প্রকৃতির নিরমবিক্রছ।

এরপ বলিতে পার না। এই করেক-

ৰংসর্মধ্যে বিজ্ঞানশাস্ত্র কত মন্ত্র

কাপ্ত আবিকার করিয়াছে। বার্মধ্যে আর্গন, ক্রিপটন প্রভৃতি কড-কি অঙুত নৃতন পদার্থ বাহির হইল; কড-কি-রক্ষ অঙুত আলো বাহির হইল, তাহা কাঠ-পাথর মানে না, তাহার ভিতর দিয়া অনা-য়াদে চলিয়া যায়;—এই সকল অতাত্ত্ত, অতি নৃতন, স্বপ্লের অগোচর ব্যাপারে বিশাস কর, আর বাইবেলের গরে বিশাস করিবে না ?

ইহার উত্তর নাই। নৃতন বলিরা, অন্ত বলিরা, অদৃষ্টপূর্ক বলিরা, অবিবাস করিবার জো নাই। অজ্ঞাতপূর্ক হইলেই বা অন্ত হইলেই প্রকৃতির নিরমবিক্লক হয় না।

তার চেয়েও সন্ম তর্ক আছে। প্রকৃতির नियम कि १ श्रृङ्खिए या परि, जाहा नहें या है ত প্রকৃতির নিয়ম। যাহা ঘটে, ভাহা নিয়ম-বিৰুদ্ধ হইতেই পাৰে না। আমি ৰলিতেছি সুর্য্যের গতিরোধ যথন ঘটয়াছিল, তথন উহা নিয়মসঙ্গত। তুমি यपि বল, উহা नियमितिकक, छाहा इहेरन याहा विচाद्यत विषय, यांश विद्याध्यन, यांशांक अमञ्जव প্রমাণ করিতে হইবে, ভাহাকে আগেই অসম্ভব ধরিরা লইতেছ। এ কিরূপ যুক্তি? স্থারশাল্পে এরপ বৃক্তি টিকে না। তুমি হয় ত विवाद, विवकान धवित्रा साम्राय यथन वर्गाप्क গতিশাল দেখিয়া আসিতেছে, তথ্ন স্থোর অবিরাম গমনই নির্ম: এত সহস্র বংসর-মধ্যে কেবল একবারমাত্র গতির রোধ নির্ম-4461

বিখ্যাত ব্যাবেজ-সাহেব ইহার উত্তর দিয়াছিলেন। তিনি নানাবিধ আঁক-ক্যা যৱের উত্তাবন করেন। নির্দিষ্ট নির্মবলে সেই বন্ধ লাঁক কবিয়া উত্তর বাহির করিয়া

দিতে পারে। একটি যত্র এইরপ। এক, তই. তিন, এইরূপে আরম্ভ করিয়া পর পর সংখ্যা যন্ত্র হইতে বাহির হইতেছে। এগার হাজার সাত শ বাইশ পর্যান্ত বাহির হইয়াছে। তুমি এগার হাজার সাত শ তেইশের অপেকার বসিয়া আছ, এমন সময়ে অকন্মাৎ বাহির হইল তেত্রিশ হাজার পাচ। তার পর আবার নির্মমত যন্ত্র চলিতে লাগিল। এই ঘটনাটা যন্ত্রের মিরা-কল বটে, তবে নিয়মের বহিতৃতি নহে। यञ्ज এরপ কৌশলে নির্দ্মিত যে, ঐ সময়ে এই म:शा वाहित ना इहेशा औ मःशाह वाहित হইবে। তবে যন্ত্রটির নির্মাতা অপর লোককে त्व र्वेकारेट भारत्न। य कान्न ना, त्र गम् विकल इदेशांहि, मत्न क्तिएंड शास्त्र।

এইরপ জগদ্যস্ত্রসহদেও বলা যাইতে পারে। স্থা দিনের পর দিন যথানিগমে উঠিতেছেন ও আকাশপথে ভ্রমণ করিতেছেন। একদিন অক্সাৎ যদি থামিয়া যান, তাহা হইলে জগদ্যস্ত্র বিকল হইয়াছে মনে করিবার কারণ নাই। যিনি যত্রের নিশাতা, তিনি এইরূপ ব্যবস্থাই করিয়া রাথিয়াছেন। স্থা চলিতে চলিতে সহসা একএকবার থামিবেন, যত্রের বন্দোবস্ত এইরূপই আছে।

বস্তুত ব্যাবেজ-সাহেবের আপত্তির উত্তর নাই। মহুষোর অভিজ্ঞতা বখন সীমাবজ, তথন এইটা প্রকৃতির নিরম, ঐটা প্রকৃতির নিরম, উহার কোথাও ব্যভিচার নাই বা হইতে পারে না, এরপ নির্দেশ অস্তার, অসমত, অসমীচীন, অবৈজ্ঞানিক। এরপ হংসাংগিকতা বৃদ্ধিমানকে সাজে না।

মাধ্যাকর্বণ, জড়ের অনখরতা, শক্তির অনশরতা প্রভৃতি করেকটি ঘোরতর প্রাক্ত তিক নিয়ম লইয়া কিছুদিন পূর্ব্বে বৈজ্ঞানিক পণ্ডিতেরা বড়ই বাবদুক্তা প্রদর্শন করি-তেন। আজিকালি অনেকে সাবধান হইয়া কথা কহেন। যতটুকু আমাদের অভিজ্ঞতা, তাহার সীমা ছাডাইয়া কোন কথা বলিবার আমাদের অধিকার নাই। যে কালটুকু ও य मिन्द्रेक् वाशिशा आमत्रा के नकन नित्र-মের অন্তিম দেখি, উহারা ততটুকুর মধ্যেই ঠিক। তাহার বেশী আমরা বলিতে পারিব না। ঐ সকল নিয়মের ব্যভিচার অকল্পনীয় नर्ट, अमञ्चव नर्ट। इय ७ कि इपिन भर्त्र ভনিতে পাইব, অমুক নক্ষত্রপুঞ্চমধ্যে জড়ের নুতন সৃষ্টি ঘটিতেছে, শক্তির ধ্বংস ঘটিতেছে; তাহাতে বিশ্বিত হইতে পারি, কিন্তু যদি ঘটে. তাহার অপলাপ করিতে পারিব না। প্রকৃতিতে যাহা ঘটিবে, তাহাকেই প্রাকৃত ও প্রাকৃতিক-নিয়ম-সঙ্গত বলিয়া মানিয়া লইতে **२**हेरव। श्रक्कां जिल्ला निष्य ना । শক্তিকে অনশ্বর জানিয়া এতদিন নিশ্চিন্ত ছিলাম ও কত বক্তুতা করিয়াছি; 'এখন উহাকে স্থলবিশেষে নশ্বর দেখিলে ছ:খিত इरेव, किंख इ: थरे मात्र हरेटव। যেখানে নথর, তাহা আমার থাতিরে সেখানে অন্থর হইবে না।

তাই যদি ব্যাবেজের কলের মত স্ব্যু লাধ-বংসর অন্তর একবার করিয়া কাহারও আদেশমত থামিয়া বার, ভাহা হইলে ভাহাই প্রাকৃতিক নিয়ম বলিয়া গ্রাহ্ম করিতে হইবে। অসম্ভব বলিয়া প্রাকৃতিক ঘটনাকে উড়াইতে পারিব না। কোন নৃতন ধরণের সামুদ্রিক জীব যদি
মাঝে মাঝে জাহাজের নিকট ভাসিয়া উঠে,
তাহাতে কোন প্রাকৃতিক নির্মের ভঙ্গ হয়
কি ? তবে মাঝে মাঝে যদি কোন নৃতন
ধরণের জীব তাহার ইথরীয় হায়াময় শরীয়
লইয়া আসিয়া দেখা দেয় বা ভয় দেখায় বা
নাকি-স্বরে কথা কয়, তাহাতেই বা প্রাকৃতিক নিয়মের ভঙ্গ হইবে কোথায় ?

কথনই না। প্রকৃতির নিয়ম ভঙ্গ করে, অতএব অসম্ভব, - এটা কোন কাজের কথাই নর। প্রকৃতির নিয়ম কি, তাহাই হথন পূরা সাহসে বলিতে পারি না, তথন ঐ উক্তি হঠোকিমাত্র। প্রকৃতির এক দেশের সহিত আমার পরিচয়, লেনাদেনা, কারবার রহিন্যাছে; কিন্তু সেই পরিচিত প্রদেশের বাহির হইতে যদি কোন নৃতন ঘটনা অকন্মাং ইন্দ্রিরণাচর হয়, তাহাকে প্রাকৃতিক-নিয়ম-বিজন্ধ বলিবার কাহারও অধিকার নাই। তবে কি আজ হইতে ভূত মানিব? বাই-বেলের যত অমুত গরে বিখাস করিব?

ইহার উত্তর হক্দলি স্পটভাবে দিয়াছেন। জগতে একবারে অদন্তব কিছুই
নাই, স্থোর গতিরোধ হইতে লৃতের উৎপাত
পর্যান্ত কিছুই অসন্তব বলিতে পারা যায়
না। তেমনি গুলিপোরের সভায় বত গরের
স্পটি হয়, তাহারও কোনটাও হয় ত অসন্তব
নহে। তথাপি এই ক্ষেত্রে আনরা ঐ সকল
গরে বিখাস করা আবশ্রক বিবেচনা করি
না। ঘটনা সন্তব হইলেই সত্য হয় না। সত্যতার প্রমাণ আবশ্রক হয়। বাইবেলের গরের
বিশাস্থ ক্রিতে প্রস্তুত আছি।

প্রমাণ কিন্তু যথোচিত হওরা আবশ্রক;

কৈ যথোচিত কথাটাতেই যত গোল। সর্বসাধারণে যে প্রমাণে সন্তঃ থাকেন, বৈজ্ঞানিক পশুতেরা ভাহাতে সন্তঃ থাকেন না।
বৈজ্ঞানিকদের মধ্যেও মতভেদ ঘটে। কতচুক্
প্রমাণ হইলে সভ্যভার বিশ্বাস করা বাইবে,
এ বিষয়ে স্থায়শাস্ত্র নীরব। ইক্তিরকে বিশ্বাস
করিবার জো নাই; চোধে ভুল দেখে, কান
ভুল শোনে, বৃদ্ধি বিক্তত হয়।

সর্বাপেক। মহুধাচরিত্র হুর্বোধা। কাহার
মনে কি আছে বলা অসাধা। নিজের উপরেই
যথন সর্বান বিশাস চলে না। সাকীর
কথায়—তিনি মত-বড় সাকীই হউন, সাকীর
কথায় নির্তার করিয়া অনেক সময়ে ঠকিতে
হয়।

মোটের উপর কথা এই, কতটুকু প্রমাণের উপর নির্ভর করা চলিতে পারে, এ বিষয়ে ব্যক্তিভেদে আদর্শতেদ রহিয়াছে। সকলের আদর্শ সমান নহে; সমান হইবারও উপায় নাই। কাজেই বে কথার তুমি অবদীলাক্রমে বিষাস কর, আমি তাহাতে আদৌ আতা করি না। পরস্পর গালিগালাজ করিয়া শাস্থিভঙ্গ করি। ফল কিছু হয় না।

বৈজ্ঞানিকদের বিক্লছে ওপক্লের একটা অভিযোগ আছে। তাঁহারা বলেন, প্রমাণ আমরা দিতে প্রস্তত্ত ক্লেছেত তামরা ধীর-ভাবে প্রমাণ গ্রহণ করিতেই অসম্প্রত ; তোমরা গোড়াতেই আমানিগকে মিথ্যাবাদী, প্রভারক বা অন্ধ-প্রভারিত বলিয়া ধ্রব জানিয়া রাধিয়াছ। আমাদের প্রমাণ না দেখিয়াই, না জানিয়াই, তোমরা রায় বাহাল রাধিতেছ, এটা নিভান্ত অবৈজ্ঞানিক প্রথা।

বৈজ্ঞানিকের পক্ষে সাফাই এই বে, আমরা বারবার প্রমাণ শুনিরা ও সাক্ষ্য শুনিরা এত বিরক্ত হইরাছি বে, আর ও মিছা মন্তিনর ভাল লাগে না। জীবন চিরস্থারী নহে, আমাদের অনেক কাজ আছে; আর প্রংপুন সময় নই করিয়া ঠকিতে প্রস্তুত নহি।

সাফাই নিভান্ত ফেলিবার নছে। এত-वात देवळानिकिंगिरक ठेकिए इहेब्राइ (य. তাহারা পুনরায় ঠকিতে কৃষ্টিত হইলে তাঁহা-দিগকে দোষ দেওয়া উচিত হয় না। তবে তাহারা প্রতিপক্ষকে একবারে না চটাইয়া এইরূপ জ্বাব দিলেই বোধ করি সঙ্গত হয়। বন্ধু, মনুব্যের ক্ষমতা সীমাবন্ধ, জীবনও অচির-স্থায়ী; একজনেই যে জগতের যত সতা বাহির করিবে, এরপ আশা করা যায় না। আমার কাজ আমি করিতেছি: তোমার কাল তুমি কর। আমরা উভয়েই প্রকৃতির সানাজ্যে সত্যাত্মকানে নিযুক্ত আছি। যে যাহা আপন চেষ্টার পারে, সে তাহা করক। তুমি বে সকল অজ্ঞাতপূর্ব অদৃষ্টচর অত্ত ঘট-নার সংবাদ সংগ্রহ করিতেছ, তাহা সমস্তই সতা হইতে পারে। তোমাকে আমি মিগা-বাদী বলিতেছি না; তবে বলি, তোমার সংগ্-হীত প্রমাণ জনসমাজে উপস্থিত কর, আরও নৃতন প্রমাণ সংগ্রহ করিতে থাক, যদি তোমার আবিষ্ণত সংবাদ সভা হয়, একদিন না এক-দিন তাহা গৃহীত হইবেই। সভ্যমেব জন্মতে-मराजात अब इहेरवहे। छरव छिका धहे, নিতান্ত অধীর হইও না—সভোর জন্ম হন্ন বটে, কিন্তু যত শীল্ল হওয়া-উচিত্ত, তাহা হয় না—কি করিবে, সংসারের বন্দোবস্তটাই এইরূপ। আর ভিকা-জামি আমার কালে নিতাত বাাপ্ত

থাকার নিতান্ত অবকাশের অভাবে বদি তোমার আবিষ্কৃত নৃতন তথ্যে মনোযোগ দিবার অবকাশ না পাই, আমাকে গালি দিও না।

আদল কথাটা এই, জগতে সময়ে সময়ে এমন একএকটা ঘটনা ঘটে, তাহা আমাদের পরিচিত জগৎ-প্রণালীর সঙ্গে সমঞ্জস হয় না: উহার সহিত ঠিক খাপ খার না। যাঁহারা বৈজ্ঞানিক, তাঁহাদের পক্ষে এইরূপ খাপছাড়া ঘটনার সাকাংলাভ সদাসকলাই देवज्ञानिदक्या पिनपिन (य मकल নৃতন তথ্য আবিষ্কার করেন, তাহার অধি-কাংশই বোধ করি খাপছাডা। রস্তুগেনের ও অস্তান্ত পণ্ডিতের আবিষ্কৃত নৃতন রশ্মিগুলি এইরূপ থাপছাড়া: আমাদের চিরপরিচিত আলোকরশ্মির সহিত উহাদের মিল নাই; উহার। কি, আমরা ঠিক বুঝিতে পারি না। সেইরূপ আর্গন ক্রিপটনাদি বাযুগুলিও কতকটা থাপছাড়া; আমাদের চিরপরিচিত জড়পদার্থসজ্বের মধ্যে উহারা কোথায় স্থান পাইবে, ভজ্জন্ত রাসায়নিক পণ্ডিতেরা আকুল হইয়া আছেন। এইরূপ থাপ-ছাড়া ব্যাপার নিত্য নৃতন আবিষ্কার করিতে-ছেন বলিয়াই বৈজ্ঞানিকের এতটা বাহাছরি; অন্তে যাহা দেখিতে পায় না, বৈজ্ঞানিক তাহা দেখিতে পান; ইহাতেই উঁহার এত. मर्भ। ज्यलं मह देवळानि क्तारे जदेवळा-নিকদের আবিষ্ণত একটা নৃতন তথ্যের সংবাদ পাইলে তাহাতে বিশ্বাস করিতে চার্ন ना এবং সহসা উহাকে মিথা। विषय क्रिया তাহাই অবৈজ্ঞানিকদের পক্ষে ক্ষোভের হেতু হয়। আপাতত ইহা একটা সমস্তা ঠেকে। किन्न এक हे भीत्र आरलाहना कतिहल देश

ৰাপছাড়া নুতন তথ্য লইয়া বৈজ্ঞানিকের কারবার বটে; কিন্তু যতকণ তিনি খাপছাড়াকে খাপে পুরিতে না পারেন, যতক্ষণ অসমজ্ঞদকে সমঞ্জদ করিতে না পারেন, যতক্ষণ অপরিচিত নৃতন সত্যকে পুরাণ পূর্ব-পরিচিত সত্যের সঙ্গে মিলাইয়া, সম্বন্ধ আবি-**ছার করিয়া, তাহার কোঠায় না ফেলিতে** পারেন, ততক্ষণ তাঁহার তৃপ্তি হয় না। চেষ্টার বলে ও বুদ্ধিবলে তিনি কালে সম্বদ্ধের আবি-**ছার করিতে সমর্থ হন, তথন তাহা আর অস-**মঞ্জস থাপছাড়া থাকে না। বিজ্ঞানশাস্ত্রের ইতিহাসই তাহাই, যাহা এককালে খাপছাড়া ঠেকিত, তাহা কালে খাপের মধ্যে আসে। যাহা ধুমকেতুর মত অকস্মাৎ প্রত্যক্ষগোচর হইয়া বিভীষিকা দেখাইত, ভাহা সৌর-জগতের পরিচিত প্রণালীবন জড়পিতে পরিণত হয়। এইরূপে অস্থ্র অসমঞ্জস জগতে দামঞ্জ ও দমকের পুন:পুন আবিহারে সমর্থ হইয়া বৈজ্ঞানিকের সেই সামঞ্জের প্রতি একটা মজ্জাগত প্রীতি জনিয়া যায়। তথন যদি সহসা কেহ একটা নুতন সংবাদ আনিয়া দেয়, যে সংবাদ তাঁহার পরিচিত জগৎপ্রণালীর সঙ্গে মিলে না বা ভাহাকে বিপর্যান্ত করিয়া দিতে চাহে, তথন টাহার মনে -একটা ব্যাকুলতা আদে। তিনি ও তাঁহার পূর্ববর্ত্তিগণ উৎকট পরিশ্রমে যে সৌধবানি নিশাণ করিয়াছেন, কোথায় তাখা ভাঙিয়া ষাইবে, সেই ভয়ে কতকটা ব্যাকুল হন। সেই সৌধের কোন প্রকোষ্ঠমধ্যে এই নৃতন জিনিধ-টাকে স্থান দিতে না পারাম তাহার সামঞ্চত-বুদ্ধিতে, তাঁহার সৌন্দর্যাবুদ্ধিতে আঘাত লাগে। এই নুত্ৰ জিনিধটাকে কতকটা সংশ্রের,

কতকটা ভরের চোধে দেখেন, এবং যদি কোনরূপে উহার অশীকতা প্রতিপন্ন করিতে পারেন,
তাহা হইলে যেন হাঁফ ছাড়িবার অবসর
পান। তাঁহার অবস্থা বৃষিয়া তাঁহাকে
মার্ক্তনা করা যাইতে পারে।

বস্তুত এ বিষয়ে বৈজ্ঞানিকে ও অবৈজ্ঞা-नित्क (य क्रांजिशंज (छम चाह्न, जोशं नद्द। বৈজ্ঞানিক ও সাধারণ মানুষ বস্তুতই এক-এলোমেলো, শুঝলারহিত, একটা গওগোল-যাত্র হইত, তাহা হইলে সাধারণ মানুবেরও জীবন্যাত্রা স্থকর হইত না। জগদ্যন্তে বেশ একটা শৃথালা আছে।ভাত খাইলে সুধা-निवृद्धि दश ; इठा शिष এই निष्मि विष्ना-ইয়া যায়, এবং যত থাবে, তত কুধা ৰাড়িবে, এইরূপই যদি বন্দোবস্ত উপস্থিত হয়, তাহা হইলে মহুষোর বুদ্ধি ছুর্ভিক্ষনিবারণের উপায়-নির্মারণে একবারে অসমর্থ হইয়া পড়ে। অতি-প্রাক্তর প্রতি বা মিরাক্লের প্রতি ধাহার यं ठेकि थाक, कान्यदा यमि कानकप नुधना ना थाकि उ, डाहा इट्टेल काशांकि उ क्त्रिंड इहेड ধরাপ্রটে বিচরণ काःबहे कडको। **কভক**টা সাম গুল প্রীতিকর **भरक** ह শুঝলা মহুদামাত্রের না হইলে চলে না। সামঞ্জের প্রতি, সুঝ-লার প্রতি মনুষামাত্রেরই কতকটা আন্তরিক অসুরাগ রহিয়াছে। রহিয়াছে বলিয়াই মাসুষ পশুর উপরে; রহিয়াছে বলিয়াই সভা মাহ্য মহুবামাতেই অসভ্য নাহুষের উপরে। ন্যনাধিক মাআৰ বৈজ্ঞানিক।

ন্নাধিক মাত্রায় কেন **ণু না, সাম**গ্রহের প্রীতি সকলের পক্ষে সমান নহে, সকলের জগৎ ঠিক স্মান্মাত্রায় স্মঞ্স নহে। ব্যাবহারিক হিসাব ছাড়িয়া একটু পরমার্থের হিসাবে দেখিলে ব্রিতে হয়, আমরা আপন আপন জগৎ আপনার আপনার মত করিয়া গড়িয়া লইয়াছি। প্রতাক জগংকে কতকগুলি প্রত্যয়ের সমষ্টি ভিন্ন আর কিছু বস্তুতই বলা বলিতে পারা যায় না। हत्व मा। এই প্রভায়গুলি মানসিক **शनार्थ** : ব্যক্তি উহাদিগকে প্রত্যেক নানাভাবে সাজাইয়া জাপন আপন জগং নির্মাণ করিয়া লয়। সকলের প্রতায় ঠিক সমান নছে, সেইজন্ম সকলের জগং ঠিক এক নহে; প্রায় এক; কিন্তু ঠিক এক নহে।

দর্শনশাস্ত্র হইতে জাগরণ, স্বপ্ন ও সুগুপ্তি এই তিনটা শব্দ গ্রহণ করিলে বৃথিবার কতকটা স্থবিধা হইতে পারে। প্রত্যেক ব্যক্তির চেতনার তিন অবস্থা:--জাগরণের, স্বপ্নের ও সুষ্পির অবস্থা। জাগরণের অবস্থায় জগং স্পূঙ্াল, স্থবিক্তন্ত, সমঞ্চল; স্বপ্লাবভার জগৎ मुद्धानाम्स, वाममक्षम, वालाप्माला-कार्य যতক্ৰ স্থাবন্ধা পাকে, ততক্ৰ উহা স্থ-बान विनिवाहे द्वास हव। आत स्वृधित अव-श्राम कर्र श्राम नाखिए नीन स्टेम गात्र। অবস্থা এই তিনটা, কিছ চেতনা যুগপং এই जिन व्यवशास्त्र व्याभव कतिवा थारक। চেতনা পূৰ্ণ জাগ্ৰত, বা পূৰ্ণ স্বপ্লাবস্থ, বা পূৰ্ণ স্বুপ্ত কথনও থাকে, ভাহা বোধ হয় না। कांगत्रत्न, यद्ध ९ स्थिष्ठ मिलारेश-मिनारेशां চেতনার প্রকাশ। জাগরণের সঙ্গে সঙ্গে **(5) जनात्र कित्रमः म यश्च (मर्थ ७ कित्रमः म** স্বস্থীন ঘুমে থাকে। আৰকাল subliminal self বা subliminal consciousness নামে একটা কথা ভনা যায়। প্রেততাত্তিকেরা ঐ শব্দের বছল ব্যবহার করেন, এবং উহার দারা নানাবিধ মানসিক বিকারাবস্থার করেন। ঐ শব্দের অর্থ এইরূপে বুঝান যাইতে পারে। মাতুষের চেতনার একটা প্রকোষ্ঠমাত্র পূৰ্ণ-চেতন বা পূৰ্ণ-জাগ্ৰত; যাহা দেই প্ৰকো-ছের অন্তর্মতী, তাহাই আমাদের স্পষ্ট প্রতাক। সেই প্রকোষ্ঠের দার দিয়া প্রতায়গুলি যাতা-য়াত করিতেছে: যতক্ষণ উহা সেই দারের বাহিরে থাকে, ততকণ উহা প্রত্যক্ষ হয় না, ততক্ষণ উহা subliminal, ততক্ষণ উহা জ্ঞানের বিষয় হয় না। সেই subliminal অবস্থাকে আমরা স্থপ্ত অবস্থা, এবং যহি। ভিতরে আসিয়াছে, প্রকোষ্টের জানের বিষয়, যাহা স্পষ্ট প্রত্যক্ষ, মায়ার্স-সাহেব যাহাকে supraliminal কলেন তাহাকে জাগ্রদবন্থা বলিতে পারি। সুপ্ত অবহায় যে সকল প্রভায় জাগ্রভ চেতনার প্রকোষ্টের ছারে আদিয়া উ'কিঝুকি মারে. কথন ক্ষণেকের মত দারের ভিতর প্রবেশ ক্রিয়া আবার তথ্নই প্লাইয়া যায়, তাহা-দিগকে স্বপ্নাবস্থ মনে করিতে পারি। মামু-ষের ঘুমন্ত অবস্থায় বা মন্ত্রমুগ্ধ অবস্থায় (ইংরা-জিতে যাহাকে হিপ্নটিক অবস্থা বলে, তাহাতে), বা ওষ্ধিমুগ্ধ অবস্থায় (অর্থাং নেশার অবস্থায়) এই আকস্মিক, আগন্তক, অপরিচিত বা অরপরিচিত প্রতায়গুলি আসিয়া উ কি মারে। তথন উহাদিগকে আমরা নেখি; কিন্তু জাগ্রদবস্থার পরিচিত পূর্ণপ্রকাশ প্রত্যয়গুলির সহিত উহাদের সাম-ঞ্জ রাধিতে পারি না। প্রেততান্বিকের ভাষায় আমানের পূর্ণ জাগ্রনবন্থাতেও এই subliminal—প্রকোঠের বহিন্থ—চেতনা কাজ করে ও মাঝে মাঝে দেখা দেয়। আমরা তাহাদিগকে দেখিয়া বিশ্বিত হই বা স্তন্তিত হই ও তাহাদের সহিত পূরা সাহসে কারবার চালাইতে, তাহাদিগকে জীবনের কাজে লাগাইতে সাহস করি না। তাহাদের সহিত কিরূপ ব্যবহার করিতে হইবে, তাহা ঠিক বৃঝি না; কাজেই আশক্ষা ও আতক্ষের সহিত তাহাদিগকে গ্রহণ করি বা প্রতাধ্যান করিতে উপ্তত হই।

ব্যাখ্যার ভাষাটা যাহাই হউক, কথাটা किंद्र क्रिक। আমাদের চেতনায় সর্বদা জাগরণ, স্বপ্ন ও স্ব্রি মিলিয়া অবস্থান করি-তেছে। তিনের তারতম্যাসুসারে চেতনার অবস্থাভেদ ঘটে। আমরা যাহাকে পূর্ণ-জাগরণ वनि, जाहा भून-कागत्र नत्र--जाहात्ज স্বপ্নের অভাব নাই; এবং তথন চৈতঞ্জের कियमः म (य निम्रिक नदर, कारां अ वना यात्र না। যাহা জাগরণে দেখি, তাহা স্থশুৰাল, ষধাবিক্তস্ত : যাহা স্বপ্নে দেখি, তাহা শৃন্ধলা-হীন, বিপর্যান্ত; তাহা জাগ্রদায়ভান্ত পরি-চিত প্রণালীর সহিত অসম্বন। কিন্ত যাহা এইরপ অসম্বন্ধ ও অসংযত, তাহাকে সংযমের শুঝলার আবদ্ধ করাই চেতনার কাজ। অন্তত তাহাতেই চেতনার অভিব্যক্তি। •প্রেততাবিকেরাও অধীকার করিবেন না। করিলে তাঁহারা দেহমুক্ত প্রেতপুরুষের সহিত ঘনিষ্ঠ কারবারের বস্তু এত উৎস্কুক হইতেন না। তাহাদের সহিত কথাবার্ত্তা, চিঠিচালাচালির জন্ত এত ব্যগ্র হইতেন না। তাহাদের ফটো-আফ তুলিবার জন্ম এত ব্যাকুল হইতেন না। এইরপ স্বপ্পকে জাগরণে লইয়া আসিবার

জন্তই চেতনা ব্যাকুল। স্বপ্নের জাগরণে পরিণতিতেই চেতনার ক্র্রিও সার্থকতা।

প্রস্ন উঠে, কেন এমন হয় ? জাগরণের অবস্থাতেই প্রত্যয়গুলি কেন সংযত, স্থূত্যন, ও স্বপ্নাবস্থাতেই বা কেন অসংযত ? ব্যাবহারিক हिमादव हेरात উखत এই यে, अगरअगानीत অস্তত থানিকটা সংযত, নিয়মবদ্ধ, সমঞ্চস না হইলে মাত্র্য ধরাধামে টিকিত না। পর্যায়ের জীবে মাহুষের মত স্থনিয়ত দেখে না, তাহা ঠিক। মানুষ দেখে वित्राहे मारूव डिक्ट भर्गारवत कीत: জীবনসংগ্রামে জয়ী। এবং যে মামুষ জগৎকে যত সুশুঝল, যত স্থানিয়ত দেখে, সে তত জীবনসংগ্রামে যোগ্য, সে তত উন্নত। মনুষ্যের ইতিহাস তাহার সাকী; বিজ্ঞানের ইতিহাস তাহার সাকী। স্বপ্ন জীবনসংগ্রামে অমুকুল নহে; তাহার সাকী পাগল। কেবল খগ্ন দেখে—তাহার জগতে শৃথকা नाहे-- (म कीवनमभाव वनक। বলিতে পারা যার, প্রত্যেক মনুব্য আপনার জীবনসংগ্রামে স্থবিধার জগংকে যথাসাধা আপন শক্তি অনুসারে নিয়মিত, সংযত, শৃন্থলাবদ্ধ করিয়া গড়িয়া লইয়াছে: আপনার গঠিত জগতে, আপনার কলিত জগতে নিয়মের প্রতিষ্ঠা করিয়াছে। নিম্নের প্রতিষ্ঠা করিয়াছে বলিয়াই সে জাগ্রত; নির্মের প্রতিষ্ঠা করিয়াছে বলিয়াই সে জীবনসংগ্রামে সমর্থ।

অনিরমের প্রতি, বিশৃত্যলার প্রতি বৈজ্ঞানিকের বিষদৃষ্টির মৃল এইখানন। অতিপ্রাক্ত লইয়া কোলাহলের মৃলও এইখানে।
শ্রীরামেক্সস্থলের ত্রিবেদী।

वञ्चमर्भन।

নৌকাডুবি।

29

পরদিন সকালের গাড়িতে যোগেক্স পশ্চিম হুইতে ফিরিয়া সাসিল। আজ শনিবার, কাল রবিবারে হেমনলিনীর বিবাহের কথা। কিন্তু যোগেক্স তাহাদের বাসার বারের কাছে আসিয়া উৎসবের স্বাদগন্ধ কিছুই পাইল না। বোগেক্স মনে করিয়া আসিতেছিল, এতক্ষণে তাহাদের বাসার বারান্দার উপর দেবদার-পাতার মালা ঝোলানো স্থক হইয়াছে— কাছে আসিয়া দেখিল, শ্রীহীন মালিনো পাশের বাড়ীর সঙ্গে তাহাদের বাড়ীর কোন প্রভেদ নাই।

ভর হইল, পাছে কাহারো অস্থ্য-বিস্থ্য করিয়া থাকে। বাড়ীতে প্রবেশ করিয়া দেখিল, চায়ের টেবিলে ভাহার জন্ত আহারাদি প্রস্তুত রহিয়াছে এবং অন্ধদাবাব্ অর্কভুক্ত চায়ের পেয়ালা সমূধে রাধিয়া ধবরের কাগজ পড়িতেছেন।

বোগেজ বরে চুকিরাই জিজাসা করিল, "হেম কেমন আছে ?"

ष्वज्ञनांवाव्। जान। .त्यारशक्तः। विवाद्दं कि इहेन ? অন্নদাবার্। কাল রবিবারের পরের রবিবারে হইবে।

যোগেন । কেন ?

আয়দাবাব। কেন, তাহা তোমার বন্ধুকে
জিজ্ঞানা কর। রমেশ আমাদের কেবল
এইটুকু জানাইয়াছে যে, তাহার বিশেষ
প্রয়োজন আছে,—এ রবিবারে বিবাহ বন্ধ
রাধিতে হইবে।

যোগেক তাহার অকম বাপের উপরে মনে মনে বিরক্ত হইয়া কহিল—"বাবা, আমি না থাকিলে তোমাদের নানান্ গলদ্ ঘটে। রমেশের আবার প্রয়োজন কিসের ? সে স্বাধীন। তাহার আত্মীয় বলিতে কেহ নাই বলিলেই হয়। যদি তাহার বৈষরিক বিশেষ কোন গোল্যোগ ঘটিয়া থাকে, সে কথা খুলিয়া বিনার কোন বাধা দেখি না! রমেশকে তুমি এত সহজে ছাড়িয়া দিবে কেন?"

অরদাবার। আছো বেশ ত, সে ত এখনো পালায় নাই—তুমিই তাহাকে প্রশ্ন করিয়া দেখ না!

যোগেক্স শুনিয়া ভৎক্ষণাৎ এক-পেয়ালা

গরম চা তাড়াতাড়ি নিঃশেষ করিয়া বাহির হইয়া গেল।

অল্পনাবার্ কহিলেন—"আহা, যোগেন, এত তাড়াতাড়ি কিসের! তোমার যে খাওয়া হইল না।"

সে কথা বোণেক্সের কানে পৌছিল না।
সে রমেশের বাদায় চুকিয়া সশব্দ ক্রতপদে
সিঁড়ি বাহিয়া উপরে উঠিয়া গেল। "রমেশ!
রমেশ!" রমেশের কোন সাড়া নাই। ঘরেঘরে খুঁজিয়া দেখিল, রমেশ শুইবার ঘরে নাই,
বিদিবার ঘরে নাই, ছাদে নাই, এক তলায়
নাই। অনেক ডাকাডাকির পর বেহারাটাকে
সন্ধান করিয়া লইয়া জিজ্ঞাদা করিল—
"বাবু কোথায় ?"

বেহারা কহিল- - "বাবু ত ভোরে বাহির হইয়া গেছেন।"

যোগেল। কথন আসিবে ?

বেহারা জানাইল— বাবু তাঁহার কতক-কতক কাপড়-চোপড় লইয়া চলিয়া গেছেন। বলিয়া গেছেন, ফিরিয়া আসিতে তাঁহার চারপাঁচদিন দেরি হইতে পারে। কোথায় গেছেন, তাহা বেহারা ভাবেন।।

যোগেক্স গভীর হইয়া চায়ের টেবিলে ফিরিয়া আসিল। অর্লাবার্জিজ্ঞাসা করি-লেন—"কি হইল ?"

বোণেক কির জ হইরা কহিল—"হইবে আর কি, যাহার দক্ষে আজ-বাদে-কাল নৈরের বিবাহ দিবে, তাহার কি কাজ পড়ি-রাছে, সে কথন্ কোথার পাকে, তাহার খোঁজ-থবর তোমশ কিছুই রাথ না! অথচ তোমার বাড়ীর পাশেই তাহার বাদা!"

অন্নদাবার কহিলেন, "কেন, কাল রাত্ত্রেও ত রমেশ ঐ বাসাতেই ছিল !"

বোগেল্ফ উত্তেজিত হইয়া কহিল, "তোমরা জান না সে কোথায় ঘাইবে, তাহার বেহারা জানে না সে কোথায় গেছে, এ কি-রকম লুকাচুরি ব্যাপার চলিতেছে ? আমার কাছে এত কিছুই ভাল ঠেকিতেছে না ! বাবা, তুমি এমন নিশ্চিত্ত আছ কি করিয়া ?"

অন্নদাবাব এই ভর্সনার হঠাৎ অত্যস্ত চিস্তিত হইবার চেষ্টা করিলেন। গন্তীর মুখ করিয়া কহিলেন, "তাই ত, এ সব কি ?"

কাওজানহীন রমেশ অনায়াসে কাল রাত্রে অয়দাবাব্র কাছে বিদায় লইয়া যাইতে পারিত। কিন্তু সে কথা তাহার মনে উদয়ও হয় নাই। ঐ যেসে বিশেষ প্রয়োজন আছে বলিয়া রাঝিয়াছে, তাহার মধোই তাহার সকল কথা বলা হইয়া গেছে, এইয়প য়মেশের ধারণা। ঐ এক কথাতেই আপাতত সকল রকমের ছুটি পাইয়াছে ভানিয়া, সে তাহার উপস্থিত কর্ত্রসাধনে বিব্রত হইয়া বেড়াইতেছে।

শ্যোগের। হেমনলিনী কোথার ?
অল্লণাবার। সে আজ সকাল-স্কাল

চা খাইয়া উপরেই গেছে।

যোগেল কহিল—"রমেশের এই সমস্ত অদৃত আচরণে বেচারা বোধ হর অত্যস্ত লক্ষিত হইরা আছে—সেইলভ সে আমার সঙ্গে দেখা হইবার ভরে পালাইরা রহিরাছে!"

সঙ্চিত ও বাধিত হেমনলিনীকে আখাদ দিবার জন্ত গোগেক উপরে গেল। হেমনলিনী তাহাদের বড় ঘরে চৌকির উপরে চুপ করিয়া একা বদিয়া ছিল। বোপেক্সের পদশস্ শুনিয়াই সে তাড়াভাড়ি একটা বই টানিয়া
লইয়া পড়িবার ভাগ করিল। যোগেল ঘরে
আসিতেই বই রাখিয়া উঠিয়া দাঁড়াইয়া হাসিমুখে কহিল—"এই বে, দাদা কথন্ এলে ?
ভোমাকে ত ভেমন বিশেষ ভাল দেথাইতেছে
না।"

যোগেক চৌকিতে বসিয়া-পড়িয়া কহিল,
"ভাল দেখাইবার ত কথা নয়! আমি সব কথা
ভনিয়াছি হেম! কিন্তু ম সম্বন্ধে ভূমি কোন
চিন্তা করিয়ো না। আমি ছিলাম না বলিয়াই এই-রকম গোলমাল ঘটতে পারিয়াছে!
আমি সমন্ত ঠিক করিয়া দিব! আচ্চা হেম,
রনেশ ভোমাকে কোন কারণ বলে নাই ?"

হেমনলিনী মুক্তিলে পড়িল। রমেশসম্বন্ধে এই সকল সন্দিয় আলোচনা তাহার পজে অসহ হইয়া উঠিয়াছে। রমেশ তাহাকে বিবাহদিন পিছাইবার কোন কারণ বলে নাই, একণা যোগেন্দ্রকে বলিতে তাহার ইচ্ছা নাই, অথচ মিণ্যা বলাও তাহার পজে অসভ্যব। হেমনলিনী কহিল, "তিনি আনাকে কারণ বলিতে প্রস্তুত ছিলেন, আমি শোনা দরকার মনে করি নাই।"

বোণেক্স মনে করিল, 'ইহা গুরুতর অভিনানের কথা এবং এরপ অভিমান সম্পূর্ণ আভাবিক।' কহিল, "আছো, তুমি কিছুই ভর করিয়ো না, 'কারণ' আমি আছেই বাহির করিয়া আনিব।"

হেমনলিনী কোলের বইধানার পাতা জনাবখন উণ্টাইতে উণ্টাইতে কহিল— দানা, জামি ভ্রুম কিছুই করি না! 'কারণ' বাহির ক্ষিবার জন্ত তুমি তাঁহাকে পীড়াপীড়ি কর, এমন আমার ইছো নর!"

যোগেক্স ভাবিল, 'ইহাও অভিমানের কথা !' কছিল, 'আছো, সে তোমাকে কিছুই ভাবিতে হইবে না !"—বলিয়া তথনি চলিয়া যাইতে উন্নত হইল।

হেমনলিনী তথনি চৌকি ছাড়িয়া উঠিয়া কহিল—"না দাদা, একথা লইয়া তুমি তাঁহার সঙ্গে আলোচনা করিতে যাইতে পারিবে না! তোমরা তাঁহাকে যাহাই মনে কর না কেন, আমি তাঁহাকে কিছুনাত্র সন্দেহ করি না!"

তথন যোগেলের হঠাৎ মনে হইল, এ ত অভিমানের মত শুনাইতেছে না ৷ তথন স্লেছ-মিশ্রিত করুণায় তাহার মনে মনে হাসি পাইল। ভাবিল, 'ইহাদের সংসারের জ্ঞান কিছুই নাই। এদিকে পড়াগুনা এত করি-য়াছে, পৃথিবীর খোঁজখবরও অনেক রাখে: কিন্তু কোনখানে সন্দেহ করিতে হইবে, সে অভিজ্ঞতাটুকুও ইহার হয় নাই।' এই নি:সংশয় নির্ভরের সহিত রমেশের ছন্মবাব-হারের তুলনা করিয়া যোগেক্ত মনে মনে রমেশের উপর আরো চটিয়া উঠিল ! 'কারণ' বাহির করিবার প্রতিজ্ঞা তাহার মনে আরো দ্য হইল। যোগেক্র দিতীয়বার চলিয়া যাই-বার উপক্রম করিলে হেমন্থিনী কাছে গিয়া তাহার হাত ধরিয়া কহিল—"দাদা, তুমি প্রতিক্তা কর যে, তাঁহার কাছে এসব কথা একেবারে উত্থাপনমাত্র করিবে না।"

বোণেক্স কহিল—"দে দেখা যাইবে।" ।
হেমনলিনী। না দাদা, দেখা যাইবে
না! আমার কাছে কথা দিয়া যাও! আমি
তোমাদের নিশ্চর ৰলিতেছি, তোমাদের কোন
চিন্তার বিষয় নাই! একটিবার আমার এই
একটি কথা রাখ!

হেমনলিনীর এইরূপ দৃচ্তা দেখিয়া
বোগেক্স ভাবিল, 'তবে নিশ্চর রমেশ হেমের
কাছে সকল কথা বলিয়াছে! কিন্তু হেমকে
যাহা-তাহা বলিয়া ভূলানো ত শক্ত নয়।'
কহিল—"দেখহেম, অবিশ্বাসের কথা হইতেছে
না। ক্যাপক্ষের অভিভাবকদের যাহা
কর্ত্তব্য, তাহা করিতে হইবে ত। ভোমার
সঙ্গের যদি কিছু বোঝাপড়া হইয়া থাকে,
সে তোমরাই জান, কিন্তু সেই হইলেই ত
যথেষ্ট হইল না—আমাদের সঙ্গেও তাহার
বোঝাপড়া করিবার আছে। মতা কথা
বলিতে কি হেম, এখন ভোমার চেয়ে আমাদেরি সঙ্গে তাহার বোঝাপড়ার সম্পর্ক বেশি—
বিবাহ হইয়া গেলে জ্বেন আমাদের বেশি
কথা, বলিবার থাকিবে না।"

এই বলিয়া বোগেক্স তাড়াভাড়ি চলিয়া
গেল। ভালবাসা বে আড়াল, যে আবরণ
বোঁজে, সে আর রহিল না। হেমনলিনী ও
রমেশের যে সম্বন্ধ ক্রমে বিশেষভাবে ঘনিষ্ঠ
হইয়া ছইজনকে কেবল ছইজনেরই করিয়া
দিবে; আজ ভাহারই উপরে দশজনের সক্ষেহের কঠিন স্পর্শ আসিয়া বারংবার আঘাত
করিতেছে। চারিদিকের এই সকল আন্দোলনের অভিঘাতে হেমনলিনী এমনি ব্যাধিত
হইয়া আছে যে, আয়ীয়বকুদের সহিত্ত
সাক্ষাংমাত্রও তাহাকে কৃতিত করিয়া তুলিভেছে। যোগেন্দ্র চলিয়া গেলে হেমনলিনী
চৌকিতে চুপ করিয়া বসিয়া রহিল।

বোণেক বাহিরে বাইতেই অক্যু আসিয়া কহিল—"এই দে, গোগেন আসিয়াছ! সব কথা শুনিয়াছ ত ? এখন ভোমার কি মনে ক্ইতেছে: ?" যোগেল । মনে ত আনেকরকম ছই-তেছে, সে সমস্ত অনুমান লইয়া মিণা বাদামু-বাদ করিয়া কি হইবে ? এখন কি দায়ের টেবিলে বসিয়া মনস্তব্যের স্ক আলোচনার সময় ?

অকর। তুমি ত জানই ক্ল আলোচনাটা আমার বভাব নর, তা মনস্তব্ই বল, দর্শনই বল, আর কাব্যই বল। আমি কাজের কথাই বুঝি ভাল—তোমার সঙ্গে সেইকথাই বলিতে আসিয়াছি।

অধীরসভাব যোগেক্স কহিল, "আচ্ছা, কাজের কথা হবে। এখন বলিতে পার, রনেশ কোথায় গেছে ?"

অক্ষয় কহিল, "পারি।" যোগেক এল করিল, "কোপায় ?"

অক্ষ কহিল, "এখন সে আমি তোমাকে বলিব না—আজ তিনটার সময় একেবারে তোমাকে রমেশের সঙ্গে দেখা করাইয়। দিব।"

যোগেল কহিল—"কাওখানা কি বল দেখি ? তোমরা গবাই যে মৃতিমান্ হেঁয়ালি হটয়া উঠিলে ? আমি এই ক'দিনমাত্র বেড়া-ইতে গেছি, সেই স্থবোগে পৃথিবীটা এমন ভরানক রহস্তমর হইলা উঠিল ? না না অক্য, অমন ঢাকাঢাকি করিলে চলিবে না।"

অকর। শুনিরা খুসি হইলাম। ঢাকাচাকি করি নাই বলিরা আমার পক্ষে একপ্রকার অচল হইরা উঠিয়াছে—ভোমার বোন
ত আমার মূপ দেখা বন্ধ করিয়াছেন, তোমার
বাবা আমাকে সন্দিগুপ্রকৃতি বুলিয়া গালি
দেন, আর রমেশবাবুও আমার সঙ্গে সাকাং
হইলে আনন্দে রোমাঞ্চিত হইরা উঠেন না।
এখন কেবল তুমিই বাকি আছে। তোমাকে

আমি ভর করি—ভূমি স্ক আলোচনার লোক নও, মোটা কাজটাই তোমার সহজে আসে—আমি কাহিল মানুষ, তোমার ঘা আমার সহু হইবে না!

যোগেক। দেখ অকর, তোমার ঐ সকল প্যাচালো চাল আমার ভাল লাগে না। বেশ বৃঝিতেছি, একটা কি খবর তোমার বলিবার আছে, দেটাকে আড়াল করিয়া অমন দর-বৃদ্ধি করিবার চেষ্টা করিতেছ কেন
পু সরল-ভাবে বলিয়া ফেল, চুকিয়া যাক্।

অক্ষ। আছে। বেশ, তাহা হইলে গোড়া হইতেই বলি— হুমি অনেক কথাই জাননা।

२०

রমেশ দক্ষিপাড়ার যে বাসায় ছিল, সে বাসার মেরাদ উত্তীর্ণ হইরা যার নাই, তাহা আর-কাহাকেও ভাড়া দেওয়া সম্বন্ধে রমেশ চিস্তা করিবার অবসর পায় নাই। সে এই ক্ষেক্মাস সংসারের বাহিরে উধাও হইরা গিয়ছিল, লাভক্তিকে বিচারের মধ্যেই আনে নাই।

আদ সে প্রভাবে দেই বাসায় গিয়া ঘরহয়ার সাফ করাইয়া লইখাছে, তক্তপোণের
উপর বিছানা পাতাইয়াছে এবং আহারাদিরও
বন্দোবস্ত করিয়া রাথিয়াছে। আছ ইপুলের
ছটির পর ক্মলাকে আনিতে হইবে।

সে এখনো দেরি আছে। ইতিমধ্যে রমেশ তব্জপোষের উপর চিৎ হইরা ভবিষাতের কথা ভাবিতে লাগিল। এটোরা সে কখনো দেখে নাই—কিন্তু পশ্চিমের দৃশু করনা করা কঠিন নহে। সহরের প্রান্তে ভাহার বাড়ী—তক্তপ্রেণীখারা ছারাখচিত

বড রাস্তা তাহার বাগানের ধার দিয়া চলিয়া গেছে—রান্তার ওপারে প্রকাণ্ড মাঠ, তাহার মাঝে মাঝে কূপ, মাঝে মাঝে পশুপকী তাড়াইবার জ্ঞা মাচা বাঁধা। কেত্রদেচনের জন্ম গোরু দিয়া জল তোলা হইতেছে, সমস্ত মধাত্রে তাহার করণ শব্দ শোনা যায়-রাস্তা দিয়া প্রচুর ধূলা উড়াইয়া মাঝে মাঝে একা-গাড়ি ছুটিয়াছে, তাহার ঝনঝন শব্দে রৌদ্রদগ্ধ আকাশ জাগিয়া উঠিতেছে। এই স্থদুর প্রবাদের প্রথর তাপ, উদাদ মধ্যাহু ও শৃত্ত নিজ্জনতার মধো সে তাহার রুক্ষার বাংলা-ঘরে সমন্তদিন হেমনলিনীকে একা কল্পনা করিতে গেলে ক্লেশ অমুভব করিত। তাহার পাশে চিরস্থীরূপে ক্মলাকে দেখিয়া সে আরাম বোধ করিল। কমলার ইতিহাস গুনিলে ও কমলার স্থন্দর কিশোর মুথথানি দেখিলে কোমলজনয়া হেমনলিনীর সহজেই সেহ আকৃষ্ট হইবে, ভাহাতে রমেশের কোন সন্দেহ ছিল না। এই মেয়েটিকে মানুষ করা, ইহাকে লেখাপড়া শিখানো, হেমনলিনীর मिनगंशत्नत्र এकिं अधान छेशात्र इटेंद्र । তাহার পরে রমেশের ঘর যথন শিশুসন্তানের হাসিকালায় সরস হইয়া উঠিবে, তথন তাহা-मिशक माञ्च कतिया, তাহাদের ভালবাসা পাইরা, তাহাদের মুখে মাদীসম্ভাষণ শুনিরা জ্বদের শৃন্ততামোচন হইবে, ক্মলার তাহার বুক জুড়াইয়া যাইবে।

রমেশ ঠিক করিয়াছে, এখন সে কমলাকে কিছু বলিবে না। বিবাহের পর হেমনলিনী তাহাকে বুকের উপর টানিয়া-লইয়া স্থযোগ বুঝিয়া সকরুণ স্নেহের সহিত ক্রমে ক্রমে তাহাকে তাহার প্রকৃত ইতিহাস জানাইবে,

— যত অক্স বেদনা দিয়া সম্ভব, কমলার জীব-নের এই জটিল রহস্তজাল ধীরে ধীরে ছাড়া-ইয়া দিবে। তাহার পরে সেই দ্র বিদেশে, তাহাদের পরিচিত সমাজের বাহিরে, কোন-প্রকার আঘাত না পাইয়া কমলা অতি সহ-জেই তাঁহাদের সঙ্গে মিশিয়া আপনার হইয়া যাইবে।

তথন ছিপ্রহরে গলি নিস্তর্ক;— যাহারা আপিসে বাইবার, তাহারা আপিসে গেছে, যাহারা না যাইবার, তাহারা দিবানিদ্রার আরোজন করিতেছে। অনতিতপ্ত আদিনের মধ্যাইটি মধুর হইয়া উঠিয়াছে—আপামী ছুটির উল্লাস এখনি যেন আকাশকে আনন্দের আভাস দিয়া মাধাইয়া রাধিয়াছে। রমেশ তাহার নির্জ্জন বাসায় নিস্তর্ক মধ্যাহে স্থেবর ছবি উত্তরোভর কলাও করিয়া আঁকিতে লাগিল।

এমন সমরে খুব একটা ভারি গাড়ির শব্দ
শোনা গেল। সে গাড়ি রমেশের বাসার
বারের কাছে আসিয়া থামিল। রমেশ
বুঝিল, ইকুলের গাড়ি কমলাকে পৌছাইয়া
দিতে আসিতেছে। তাহার বুকের ভিতরটা
চঞ্চল হইয়া উঠিল। কমলাকে কিরূপ
দেখিবে, তাহার সঙ্গে কি ভাবে কথাবার্তা
হইবে, কমলাই বা রমেশকে কি ভাবে গ্রহণ
করিবে, হঠাং এই চিস্তা তাহাকে আন্দোলিত
করিয়া তুলিল।

নীচে তাহার ছইজন চাকর ছিল—প্রথমে তাহারা ধরাধরি করিয়া কমলার ভোরক লইয়া আসিয়া বারান্দার রাথিল—তাহার পন্চাতে কমলা ঘলের ছারের সন্মুথ পর্যাস্থ আসিয়া থম্কিয়া দাড়াইল, ভিতরে প্রবেশ করিল-লা।

রমেশ কহিল—"কমলা, খরে এস।"
কমলা একটা সঙ্কোতের আক্রমণ কাটাইয়া লইয়া ঘরের মধ্যে প্রবেশ করিল। ছুটির
সময়ে রমেশ তাহাকে বিভালয়ে ফেলিয়া
রাখিতে চাহিয়াছিল, সে কায়াকাটি করিয়া
চলিয়া আসিয়াছে, এই ঘটনায় এবং কয়েকমাসের বিচ্ছেদে রমেশের সঙ্গে তাহার যেন
একটু মনের ছাড়াছাড়ি হইয়া গেছে। তাই
কমলা ঘরের মধ্যে প্রবেশ করিয়া রমেশের
ম্থের দিকে না চাহিয়া একটুথানি ঘাড়
বাঁকাইয়া খোলা দরজার বাহিয়ে চাহিয়া
রহিল।

র্মেশ কমলাকে দেখিবামাতে বিশ্বিত হইয়া উঠিল। যেন তাহাকে আর-একবার নুতন করিয়া দেখিল। এই কয়মাসে তাহার আক্র্যা পরিবর্তন ঘটিয়াছে। অনভিপ্লবিভা লভার মত সে অনেকটা বাডিয়া উঠিয়াছে। পাড়াগেয়ে মেয়েটির অপরিস্ট সকালে এচর খান্ডোর যে একটি পারপুষ্টতা ছিল, সে কোথায় গেল

ভূতি ভাষার গোলগাল মুখটি করিয়া লখা হইয়া একটি বিশেষত লাভ করি-য়াছে, তাহার গালছটি পুরের স্থামাভ চিক-ণত। ত্যাগ করিয়া কোমল পাপুবর্ণ হইয়া আসিয়াছে, এখন তাহার হুই কালো চোধে কেবল বাহিরের বিষম্পতের খেলা প্রতি-বিধিত নহে, সেধানে তাহার অন্ত:করণের পড়িয়াছে। পূৰ্বে রমেশ তাহাকে আজ্কালকার কলিকাতার ছাঁদে माबादेशाहिन. বালিকা তাহার সক্ষা যেন আলাণা হইয়া ছিল-व्याकात्नव मत्त्र त्कारिया त्यमन मिनिया याव, কমণার নৃতন ফেশানের কাপড় ভাহার গামের

সঙ্গে তেমন একাম হইয়া যাইতে নাই—আজ সে তাহার সাজসজ্জাকে অনা-যাসে বহন করিয়া তাহাকে অতিক্রম করিয়া महत्व अकृष्ठि रहेशा डेठिशाह । সমস্ত আচ্চাদনের ভিতর দিয়া কমলা যেন নিজেকে বাক্ত করিয়া তুলিতেছে। এখন গতিবিধি-ভাবভঙ্গীতে কোনপ্রকার ক্তত নাট। আজ ঘরের মধ্যে প্রবেশ করিয়া यथन तम अञ्चलक नेयर विकास मृत्य तथाना জানালার সন্মুথে দাঁড়াইল, ভাহার মুথের উপরে শর্থ-মধ্যাছের আলো আসিয়া পড়িল, তাহার মাথায় কাপড় নাই, অগ্রভাগে লাল-ফিতার গ্রন্থিবাধা বেণাটি পিঠের উপরে পড়ি-ब्राह्म, किंदक इनाम तर्डत मित्रियात भाषी তাহার ফুটনোমুখ শরীরকে আঁটিয়া বেষ্টন করিয়াছে তথন রমেশ কিছুফুণ তাহার দিকে চাহিয়া চুপ করিয়া রহিল।

কমলার সৌন্দর্যা এই কয়মাসে রমেশের মনে আব্ছায়ার মত হইয়া আসিয়ছিল, আজ সেই সৌন্দর্যা মবতর বিকাশ লাভ করিয়া হঠাং তাহাকে চমক লাগাইয়া দিল। সে যেন ইহার জন্ম প্রস্তুত ছিল না।

রমেশ কহিল, "কমলা, বোদ।"

ক্ষণা একটা চৌকিতে বিদিল। রমেশ কহিল, "ইঙ্কুলে তোমার পড়াগুনা কেমন চলিতেছে ?"

কমলা অত্যন্ত সংক্ষেপে কহিল—"বেশ !"
রমেশ ভাবিতে লাগিল, 'এইবার কি বলা
বাইবে।' হঠাৎ একটা কথা মনে পড়িরা
গেল—কহিল, "বোধ হর অনেকক্ষণ থাও
নাই। তোমার খাবার ভৈরি আছে।
এইখানেই আনিতে বলি ?"

কমলা কহিল, "থাইব না, আমি থাইয়া আসিয়াছি।"

রমেশ কহিল—"এক্টু কিছু খাইবে না ? মিষ্ট না থাওত ফল আছে —আতা, আপেল, বেদানা—"

কমলা কোন কথা না বলিয়া ঘাড়
নাড়িল। কমলার এই স্থান্তর নিলিপ্তভাব
রমেশের ভাল লাগিল না। কিছুক্ষণ আগেই
রমেশ ভাবিতেছিল, 'স্বামিত্রম করিয়া
কমলার ভালবাসা যদি তাহার প্রতি গৃঢ়বদ্ধমূল হইয়া থাকে, তবে কি মৃদ্ধিল হইবে!
তাহা হইলে কেমন করিয়া তাহাকে কাছে
রাথা চলিবে? কিছু তাই বলিয়া একেবারে
উদাসীন অনাত্মীয়তা—সেও কি ভাল?
কমলাকে যথন চিরদিন রমেশের উপরেই
নির্ভর করিতে হইবে, তথন পরম্পরের মধ্যে
একটা স্লেহের সম্বন্ধ থাকা ত চাই।'

আসল কথা, যাহার মুখখানি এখন স্থানর বড়-বড় ছটি চোথের মধ্যে এমন সরলতা, যাহার ভাবথানি দেখিলে এটুকু স্পষ্ট বোঝা যায় যে, ভালবাসিবার শক্তি তাহার অপরিণত হৃদয়কোরকের মধ্যে উপযুক্ত অবসরের প্রতীক্ষায় উন্মুখ হইয়া আছে, একেবারে পথের পথিকের মত তাহার হৃদয়নীমানার সম্পূর্ণ বাহিরে পড়িয়া থাকিবার ইচ্ছা খাভাবিক নহে। এই স্থানরী মেয়েটি জীবনের স্থাসাখনার জন্ম সিমি আখীয়তার সহিত রমেশের প্রতি নির্ভর করিবে, এই প্রত্যাশাটুকু রমেশ ছাড়িতে পারিল না। কমলার মধ্যে এখন রমেশের প্রেমের চরম সার্থকতা নাই—সে রমেশের জীবনের পক্ষে একান্ত প্রয়োজনীয় নহে। কিন্তু যাহার

थाबाजन नारे, जाशाबा भूना चाष्ट-शैवा-মুক্তার আবশুকতা অল্প, কিন্তু তাহার মূল্য অল নহে, তাহা হাতে পাইয়া ফেলিয়া मिए देख्यां करत ना। तरमन्यक এर मूहर्ख যদি তাহার অদৃষ্ঠ আসিয়া বলে, "বাপু, कमलात्क लहेशा जुभि वज़हे मुकित्न পज़िशाह, এক কাজ করা যাকু, ইহাকে সংসার হইতে একেবারে স্থদুরে সরাইয়া দিয়া তোমাকে জটিল সঙ্কট হইতে উন্ধার করি।" 'তবে রমেশ বোধ হয় এই উত্তর করে-"জটিলতাটা কাটিয়া যাওয়া নিতান্তই দরকার, কিন্তু কোন উপায়ে কমলা যদি থাকিয়া যায় ত থাকু না! ও বেচারা মৃত্যুর মুথ হইতে ভাসিয়া আমার কাছে আসিরা ঠেরিয়াছে—আমি উহাকে প্রাণ দিয়াছি, এ সংসারে আমার কাছে ও কি আশ্রয় পাইবে না ?"

রমেশ জানিত, কমলার অদৃষ্টে নারীজীবনের প্রধান স্থবটা নাই—কিন্তু শিক্ষার
ধারা, ক্ষেহের ধারা ইহার হুদ্রমনকে বিকশিত করিয়া তুলিবার ভার আজ কাহার
উপরে পড়িয়াছে ? ঘটনাগুলি এম্নি করিয়া
ঘটিয়াছে যে, সেই কর্ত্তব্য একমাত্র রমেশেরই।
নিজের স্থব্যে জন্ত, স্থবিধার জন্ত এই কর্ত্তব্য
রমেশ ফেলিয়া দিতে পারে না।

রমেশ আর-একবার কনলার মুথের দিকে
চাহিরা দেখিল। কমলা তথন ঈবং মুথ নত
করিরা তাহার ইংরাজিশিক্ষার বহি হইতে
ছবি দেখিতেছিল। স্থলর মুথ সোনার
কাঠির মত নিজের চারিদিকের স্থা সৌল্ব্যাকে জাগাইরা তোলে। শরতের
স্থালোক হঠাং বেন প্রাণ পাইল, আবিনের দিন যেন আকার ধারণ করিল—একটি তরুণ স্থক্মার লাবণ্যে চারিদিকের আকাশ যেন ঢল্ঢল্ করিতে লাগিল। কেন্দ্র যেমন তাহার পরিধিকে নিয়মিত করে—তেম্নি এই মেয়েটি আকাশকে, বাতাসকে, আলোককে আপনার চারিদিকে যেন বিশেষভাবে আকর্ষণ করিয়া আনিল—যে স্থরগুলি বিচ্ছির, তাহাতে যেন একটি বিশেষ রাগিণী সঞ্চার করিল—যে কথাপুলি বিক্ষিপ্ত, তাহাকে যেন বিশেষ অর্থে ও ছলে স্থপরিণত করিয়া তুলিল। অথচ সে নিজে ইহার কিছুই না জানিয়া চুপ করিয়া বিদয়া তাহার পড়িবার বইয়ের ছবি দেখিতেছিল।

রমেশ মনে মনে ভাবিতে লাগিল, "হেমনলিনীকে লইয়া রমেশ বে সংসার পাতিয়া
বিসিবে, কমলার এই কিশোর-কোমল কাস্তি
তাহার উপরে একটি বৈচিত্র্যপাত করিবে।
এই সৌলর্ব্যের প্রতিমা, এই স্নেংহর পুতলী,
রমেশ ও হেমনলিনীর ভালবাসার মাঝধানে
আরো একটি বিশেষ রসসঞ্চার করিয়া দিবে
—ইহার মাধুর্য্য তাহাদের প্রেমের মাধুরীর
মধ্যে আরো একটি রঙীন রশ্মি বিকীর্ণ
করিবে। তাহাদের প্রেমের উপরে চক্র
বেমন বিশেষভাবে আলো দিবে, ব্সস্তের
ফুল বেমন বিশেষভাবে গদ্ধ মিলাইবে, এই
মেরেটিও তেম্নি ইহার বিকচোমুথ নবীন
জীবনের নব নব বিকাশবৈচিত্র্য তাহাদের
প্রেমের সহিত মিশ্রিত করিতে থাকিবে।

এইরপে রমেশ একবার কমলার নিজের দিক্ হইতে, একবার আপনাদের সর্বগ্রাসী ভালবাসার দিক্ হইতে কমলাকে অবিচ্ছেড-ভাবে নিজেদের আত্মীর করিয়া দেখিল। ভাহার হৃদয় বিকারিত হইন, তাহার মন হুইতে সমস্ত সৃষ্ট যেন কাটিয়া গেল।

রনেশ তাড়াতাড়ি উঠিয় গিয়া একটা থালায় কতক গুলি আপেল, নাদ্পাতি, বেদানা লইয়া উপস্থিত করিল। কহিল, "কমলা, ছুমি ত থাবে না দেখিতেছি, কিন্তু আমার ক্ষা পাইয়াছে, আমি ত আর সব্র করিতে পারি না।"

শুনিয়া কমলা একটুথানি হাদিল। এই অক্সাং হাদির আলোকে উভয়ের ভিতর-কার কুয়ালা থেন অনেকথানি কাটিয়া পেল।

রমেশ ছুরি বইয়া আপেল কাটতে লাগিল। কিন্তু কোনপ্রকার হাতের কাজে রমেশের কিছুমাত্র দক্ষতা নাই। তাহার একদিকে কুধার আগ্রহ, অন্তদিকে এলো-মেলে। কাটিবার ভঙ্গী দেখিয়া বালিকার ভারি হাসি পাইল—সে খিল্খিল্ করিয়া হাসিয়া উঠিল।

রনেশ এই হাস্তোচ্ছাদে খুসি ছইয়া কহিল, "আমি বৃঝি ভাল কাটিতে পারি না, তাই হাসিতেছ। আছো, তুমি কাটিয়া দাও দেখি, ভোমার কিরুপ বিস্তা।"

*কমণা কহিল, *বঁট হইলে আমি কাটিয়া দিতে পারি, ছুরিতে পারি না।"

রমেশ কহিল, "তুমি মনে করিতেছ, বটি এগানে নাই ?"—চাকরকে ডাকিয়া জিজাসা করিল, "বটি আছে ?" সে কহিল, "আছে—রাত্রের •আহারের জন্তু সমস্ত আনা হইয়াছে।"

রনেশ কহিল, "ভাল করিরা ধুইরা একটা বঁটি লইয়া আর ৷" চাকর বঁটি লইয়া আসিল।

কমলা জুতা থূলিয়া বঁটি পাতিয়া নীচে বসিল এবং হাসিমুখে নিপুণহত্তে ঘুরাইয়া ঘুরাইয়া ফলের থোসা ছাড়াইয়া চাক্লা-চাক্লা করিয়া কাটিতে লাগিল। রমেশ তাহার সন্মুখে মাটিতে বসিয়া ফলের থপ্ত-গুলি থালার ধরিয়া লইল।

রমেশ কহিল, "তোমাকেও খাইতে . ছইবে।"

ক্মলা কহিল — "না।"

রমেশ কহিল—"তবে আমিও ধাইব না।"

কমলা রমেশের মুথের উপরে ছই চোধ. তুলিয়া কহিল— "আছো, তুমি আগে থাও, তার পরে আমি থাইব।"

त्रत्म कश्लि—"(पथित्या, শেষकारत काँकि पिरवा ना!"

কমলা গন্তীরভাবে ঘাড় নাড়িয়া কহিল
— *না, সত্যি বলিতেছি, ফাঁকি দিব না !"

বালিকার এই সতাপ্রতিজ্ঞায় আশস্ত হইয়া রনেশ থালা হইতে একটুক্রী ফল লইয়া মুখে পুরিয়া দিল।

হঠাৎ তাহার চিবানো বন্ধ হইয়া গেল। হঠাং দেখিল, তাহার সম্মুখেই ঘারের বাহিরে. যোগেক্স এবং অক্ষয় আদিয়া উপস্থিত।

অক্ষয় কহিল, "রমেশবাবু, মাপ করিবেন— আমি ভাবিয়াছিলাম, আপনি এথানে বৃষ্ধি এক্লাই আছেন। যোগেন, থবর না দিয়া হঠাৎ এমন করিয়া আসিয়া পড়াটা ভাল হয় নাই। চল, আমরা নীচে বসি গিয়া।"

বৃটি ফেলিয়া কমলা তাড়াতাড়ি, উঠিয়া পুডিল। মুর হইতে পালাইবার পুণ্টে হুজনে দাড়াইয়া ছিল। যোগেক্ত একটুথানি সরিয়া পথ ছাড়িয়া দিল, কিন্তু কমলার মুথের উপর হইতে চোথ ফিরাইল না—তাহাকে তীত্র- দৃষ্টিতে নিরীকণ করিয়া দেখিয়া লইল।
কমলা সঙ্কৃচিত হইয়া পাশের ঘরে চলিয়া
গেল।

ক্রমশ।

দৃষ্টিতত্ত্ব।

কুত্রিম চকু।

-আধুনিক শারীরতন্ত্ববিং পণ্ডিতগণকে দৃষ্টিজ্ঞান-উৎপত্তির কারণ জিজ্ঞাসা কর, তাঁহারা
বলিবেন,—চক্ষুর পশ্চাদ্বর্তী রুষ্ণপর্দার
(Retina) বাহিরের আলোক পড়িয়া
উত্তেজনা উপস্থিত করিলে, সেই উত্তেজনা
ও মস্তিক্ষের যোগে দৃষ্টিজ্ঞানের সঞ্চার হয়।
কিন্তু সেই উত্তেজনাটা যে কি, এবং অতি
স্ক্রে অতীক্রিয় ঈথরতরঙ্গই বা ক্রিক্রপর্দার আঘাত দিবামাত্র যে কিপ্রকারে
দৃষ্টিজ্ঞানের উৎপাদন করে, তংসধ্বন্ধে মতহৈধ
আছে।

একদল বৈজ্ঞানিকের মতে, অক্ষিপদার
লিপ্ত পদার্থবিশেষের রাসায়নিক পরিবর্তন
দৃষ্টিজ্ঞানের মূলকারণ। বাহিরের আলোক
অক্ষিছিছের (Pupil) মধ্য দিয়া পর্দালিপ্ত
পদার্থে পড়িয়া সেই রাসায়নিক পরিবর্তন
সাধন করে। ইহারা আরো বলেন,—
এই পরিবর্তন ঠিক শাধারণ রাসায়নিক
পরিবর্ত্তনের অস্ক্রপ নয়, আলোকহারা
পদালিপ্ত পদার্থ অবস্থাবিশেষে কথন ধ্বংস

এবং কথনও বা বৃদ্ধি প্রাপ্ত হয়। এই ক্ষয় এবং বৃদ্ধি (Katabolic and Anabolic chanages) দারা দৃষ্টিজ্ঞান সম্পন্ন হইয়া থাকে। বাহিরের আলোকদারা আমরা স্টেপদার্থে যে নানাবর্ণের বিকাশ দেখিতে পাই, ইংাদের মতে উক্ত ছইপ্রকার রাসায়নিক পরিবর্তনের (Metabolic changes) মিশ্রণই তাহার মূল কারণ।

প্রাকৃতিক কার্যাসকল বাহির হইতে দেখিলে ধ্ব জটিল ও অনিমন্তিত বলিয়া বোধ হয় সভা, কিন্তু একবার রহস্তাবরণ উন্মোচিত হইলে তাহাদের প্রত্যেকটির শ্টিনাটি ব্যাপারেও স্ববাবস্থা ও সরল-নিয়ম ধরা পড়িয়া বায়। দৃষ্টিজ্ঞান-উৎপাদনের প্র্রোক্ত ব্যাপ্যার নানা কটিলতা থাকায়, সেটা কতকটা অসাভাবিক হইয়া দাঁড়াইয়াছে, এবং এইজ্ভ আজকাল অনেকেই সেটিকে প্রকৃত ব্যাপ্যা বলিয়া শীকার করিতে কৃষ্টিত হইতেছেন। আলোকপাতমাত্র অক্লিপদ্দিলিপ্র পদার্থের কয় ও নিমেবমধ্যে সেই করের

পূরণ এবং ভার পর আবার সঙ্গে সঙ্গে मृष्टिकारनत उर्भागन, এ সকলই আমাদেরও নিকট অসম্ভব বলিয়া বোধ হয়। ত্রিত রাসায়নিক কার্যোর উদাহরণও জড়-विकारन इर्नेड वर्षे । या रुडेक, मृष्टिकारना९-পত্তির রাসায়নিক বাাখার এই সকল গলদ দেখিরা, একদল আধুনিক পণ্ডিত তাহার আব-এক মতবাদ প্রচার করিয়াছেন। ইহাদের মতে দৃষ্টিজ্ঞানের মূলকারণ বিগ্রাৎ। কুষ্টাপদার্থলিপ্র আলো কপাত্ৰাত্ৰ পর্দায় তড়িৎ উৎপন্ন হয়, এবং তার পর সেই তড়িং-তরঙ্গ অকিলায়ু (Optic nerve) দারা প্রবাহিত হইয়া মস্তিকে নীত হইলে দৃষ্টিজ্ঞানের সঞ্চার হয়। অকিসাযুর কার্যা ক্রকটা টেলিগাফের ভারের অমুরূপ এবং প্রাণিমন্তিকটা যেন টেলিগ্রাকের সংক্তেগ্রহণ্যস্থ,—অতি মৃত্তরক্ত ইংগতে অাসিয়া প্রবল সাড়ার উৎপাদক হয়।

উল্লিপিত ন্তন মতবাদ প্রচাবের পর এ সহকে আর বিশেষ কোন সংবাদ পাওয়া যায় নাই। কি কারণে আলোকপাতে তড়িং উৎপন্ন হয় এবং চক্পুবিট আলোকের প্রকারতেদেই বা কোন্ প্রক্রিয়ায় বর্ণ-বৈচিত্রোর বিকাশ হয়, এই সকল তথোর সহজ নীমাংসা এই মতবাদে পাওয়া যায় নাই। ভারতের স্বসন্তান বিজ্ঞানাচার্য্য জগদীশ চক্র বস্থ মহাশয় বহু গবেষণাহারা সম্প্রতি দৃষ্টিতব্সহন্ধীয় বৈছ্যতিক মতবাদের পোষক অনেকগুলি প্রত্যক্ষব্তিক প্রদর্শন করিয়াছেন.৷ অধ্যাপক বস্থমহাশয়ের এই সকল আবিকারবারা শিশু মতবাদটির ভিত্তি স্বদৃত হইয়া দাড়াইয়াছে. এবং অপর বৈ্ত্রা

নিকগণ দৃষ্টিব্যাপারের যে সকল জটিল ঘটনার কোন কারণই এপর্যান্ত উল্লেখ করিতে পারেন নাই, বস্থমহাশরের গবেষণায় ভাহা-দেরও উৎপত্তিতত্ব আবিদ্ধত হইয়া পড়িয়াছে। আমরা বর্ত্তমান প্রবন্ধে অধ্যাপক বস্থ-মহাশরের দৃষ্টিভ্রদধনীয় আবিদ্ধারের কিঞ্চিৎ আভাদ দিব।

হোমগ্রেন (Holmgren), কুনে (Kuhne), ডিওয়ার (Dewar) এবং ষ্টেনার (Steiner)প্রমুগ প্রাচীন ও আধুনিক অনেক পণ্ডিত দৃষ্টিতত্বসথন্ধে নানা পরীকা করিয়াছিলেন। আলোকপাতজনিত বিহাৎ-প্রবাহে যে দৃষ্টিজ্ঞানের উৎপত্তি করে, ভেকের চক্ষে আলোকপাত করিয়া ইঁহারাই তাহা প্রথমে দেখিতে পান। অধ্যাপক বস্থ-মহাশয়ও পূর্ব্ব বৈজ্ঞানিকগণের ভাায় প্রাণি-কবিয়া বিভাংলকণ চকে আলোকপাত দেখিতে পাইয়াছিলেন এবং হঠাৎ আলোক-পাতরোধ ও আলোকের প্রাথর্যাপরিবর্তন করিলে, প্রবাহের কিপ্রকার হয়, তাহাও লিপিবন রাথিয়াছিলেন। এই পরীক্ষাকালে বস্তুমহাশ্যের মনে হইয়াছিল, যদি প্রকৃতই আলোকদারা প্রাণিচক্ষে বিতা-তের উৎপত্তি সম্ভবপর, তবে স্থকৌশলে চকুর অহুরূপ একটা যন্ত্র নির্মাণ করিয়া তাহাতে _ আলোকপাত করিলে নিশ্চয়ই বিহাতের উৎপত্তি হইবে। এই বিশ্বাসের বশবর্তী হইরা একটি নাতিমূল রৌপ্যদণ্ডের একপ্রাস্ত পিটাইয়া বস্থমহাশয় সেটাকে অফিকোষের আকার প্রদান করিয়াছিলেন। এবং তার সেই অক্ষিপুটে ব্রোমিনের (Bromine) শক্তেপছাতা কৃত্রিম অফিপদা রচনা করিয়া

তাহাতে আলোকপাত করিয়া দেখিয়াছিলেন,
—প্রাণিচক্ষতে আলোকপাত হইলে, বেমন
অক্ষিপদ্দা ও অক্ষিমায়্র মধ্য দিয়া একটা
বিহ্যৎপ্রবাহ পরিচলন করে, কৃত্রিম চক্ষুতেও
অক্ষিপুট ও সেই রৌপ্যদণ্ডের মুক্তপ্রান্তসংলগ্ন তারের মধ্য দিয়াও তদ্ধপ তড়িৎপ্রবাহ
দেখা যায়।


পূৰ্ব্বৰ্ণিত সহজ ও অতিস্কা যন্ত্রটি বস্তমহাশয়ের দৃষ্টিতত্ত্বসম্বন্ধীয় অধ্যাপক আবিষ্কারের প্রধান অবলম্বন। প্রাণিচক ও উক্ত কৃত্রিম চকুর উপর আলোকের কার্য্য যথন অবিকল এক. সে স্থলে প্রথমে কেবল কৃত্রিম চকুর উপরে আলোকের নানা খুটি-নাট কার্য্য পরীক্ষা করিলে, দৃষ্টিতত্বসম্বন্ধীয় অনেক সমস্তার মীমাংসা হইবে বলিয়া ইহার মনে হইয়াছিল। এই প্রথায় পরীকা করিয়া প্রাণিচকুর উপর এবং পরীকাল্ক ফল আলোকের নানা কার্য্যের সহিত তুলনা করিয়া, অধ্যাপকমহাশয় অত্যাশ্চর্য্য ফললাভ করিয়াছেন। এত অনায়াদে এবং এপ্রকার

সহজ যন্ত্রের সাহায্যে দৃষ্টিতত্ত্বের নানা জটিল রহস্তের উদ্ভেদ দেখিয়া আজ সমগ্র জগৎ স্তম্ভিত হইয়া পডিয়াছে।

প্রাণি চক্ষেপতিত আলোক ও পূর্ব্বর্ণিত ক্ষত্রিম চক্ষে পাতিত আলোক ঘারা যে সকল বৈছাতিক লক্ষণের বিকাশ হয়, অধ্যাপক বস্থমহাশয় তাহাদের ঐক্য কিপ্রকারে আবিদ্ধার করিয়াছেন, এখন দেখা যাউক। প্রাণিচক্ষে একই প্রকারের আলোকরিমা পুন:পুন নিয়মিতভাবে আঘাত করিলে, প্রতি আঘাতেই তড়িংপ্রবাহ উৎপন্ন হইয়া অলক্ষণের মধ্যে লয়প্রাপ্ত হয়। আচার্য্য বস্থ-মহাশয় এইপ্রকার নিয়মিত আলোকভাড়ন-জাত প্রাণিচক্ষর সাড়ালিপি অঙ্কিত করিয়া, এবং ঠিক সেই অবস্থায় রুত্রিম চক্ষ্র বৈছাতিক প্রবাহপরিবর্ত্তন পরীক্ষা করিয়া, অবিকল একই সাড়ালিপি পাইয়াছেন।

নিমন্থ চিত্রগুলি দেখিলে পাঠক বক্তব্যটা সহজে বৃঝিতে পারিবেন। ১ম চিত্রটি প্রাণিচকুর উপর পতিত আলোকোং-

ু ১ম চিত্র। জীবচকুর সাড়ালিপি।




পদ সাড়ার ছবি। ছয়বার নিয়মিতভাবে প্রকারে বিহাৎতরক্তের উৎপত্তি ও লয় আলোকপাত হওয়াতে, প্রতিবারে কি- হইয়াছিল, তাহা চিত্রের ছয়টি তরঙ্গরেখা-

দারা পাঠক দেখিতে পাইবেন। এই শ্রেণীর চিত্রে কথ, গঘ ইত্যাদি স্থল রেখাগুলির দৈর্ঘ্য ও ভূমির সহিত তাহাদের অবনতি ত্লনা করিলে, প্রত্যেক আলোকপাতে, কত সময়ে, কি পরিমাণ, তড়িৎ উৎপন্ন হইয়া-ছিল, তাহা বুঝা যাইবে। চিত্রে কখ-রেথা গ্ব অপেকা দীর্ঘতর। ইহা হইতে ব্ঝিতে হট্বে, প্রথম আলোকপাতে যে তড়িৎ উৎপন্ন হটয়াছিল, দিতীয় আলোকপাতে তদপেকা অল্ল তডিং উৎপন্ন হট্টবাছে। গঘ-বেথা যদি কথ অপেকাও লম্বভাবে দ্ভায়মান থাকিয়া কগ-ভূমিরেথার সহিত বুহত্তর

কোণ উৎপন্ন করিত, তাহা হইলে পাঠক বুৰিবেন, দ্বিতীয় আলোকপাতজাত প্ৰবাহ. প্রথম প্রবাহটি অপেক্ষা ক্রত বুদ্ধিপ্রাপ্ত হইয়া চরমদীমায় উপস্থিত হইয়াছিল। প্রাপ্তির পর, প্রবাহ কিপ্রকারে ক্রমে লয় পাইয়া চকুকে প্রকৃতিস্থ করে, নিয়গামী সুন্দ্র রেথাগুলিঘারা তাহা বুঝিতে হইবে। যে রেথা যত হেলিয়া ভূমির সহিত সংযুক্ত হইবে, তাহার উৎপাদক তড়িৎপ্রবাহ তত অধিক সময়ে লয় পাইয়াছে, বুঝিতে হইবে। ্বয় চিত্রটি সেই রৌপ্যনির্শ্বিত কৃত্রিম-

চকে পাতিত আলোক হইতে উংপন্ন বিহ্যাতের

२य हिख। কৃত্রিম চকুর সাড়ালিপি।



সাড়ালিপি। পাঠক উভয় চিত্রের অদ্ভুত ঐক্য দেখন।

আলোকপাতের কাল ও তত্ত্পন্ন বিহাৎ-প্রবাহের মধ্যে একটা অতি নিকট সম্বন্ধ আছে। প্রাণিচকুতে একই আলোক যথাক্রমে ১, ২, ৩ ইত্যাদি সেকেণ্ড ধরিয়া পাতিত কর, এই সকল আলোকতাড়নায় সমান সাজা দেখিতে পাইবে না। কাল-বৃদ্ধির সৃহিত সাড়া প্রথমে বৃদ্ধি পাইয়া এমন একটি দীমার উপস্থিত ছইবে যে, তথন সময় বাড়াইলেও দাড়া অপরিবর্তনীয় থাকিয়া

যাইবে। ইহার পরও কালবৃদ্ধি করিতে शंकित हकू अवमन इहेग्रा शूकीराशका मृश् সাড়া দিতে থাকিবে। কৃত্রিম চকুর সাড়া-লিপিতে কাল ও সাড়ার পূর্ব্বোক্ত সম্বন্ধ অবি-কল ধরা পডিয়াছে। ৩য় ও ৪র্থ চিত্র ছইটি প্রাণী ও কৃত্রিমচকুর পূর্ব্ববর্ণিত সাড়ার ছবি। চিত্রের নিমন্ত সংখ্যাগুলি দারা আলোক-পাতের কাল এবং তাহাদের প্রত্যেকের তরঙ্গরেথাম্বারা উপরকার সাড়া-পরিমাণ স্চিত হইতেছে। কালসহ-কারে সাড়ার পরিবর্ত্তন যে প্রাণী ও কৃত্তিম

চক্তে অবিকল এক, তাহা পাঠক চিত্রছরে আলোকপাতকাল আটনেকেও হইতে একবার দৃষ্টিপাত করিলেই ব্ঝিতে পারিবেন। আরম্ভ করিয়া ক্রমে দশসেকেও পর্যান্ত

> তম চিত্র। প্রাণিচক্ষের সাড়া।



৪র্থ চিত্র। কুত্রিম চক্ষের সাড়া।



স্থায়ী করিলেও, উভয়ের সাড়া যে আর বৃদ্ধি পায় না, পাঠক তাহাও চিত্রদয় তুলনা করিলে বুঝিবেন।

স্দীর্ঘকাল অবিচ্ছিন্ন আলোকপাতদারা প্রোণিচকুর সাড়া চরমসীমান্ন উপনীত হইলে পর যদি আলোকপাত হঠাং রহিত করা যান্ন, তাহা হইলে আর-একপ্রকার বৈত্যতিক লক্ষণ দেখা গিন্না থাকে। অধ্যাপক বস্থ-মহাশন্ন ইহাকে after oscillation বা পরাক্ষোলন নামে অভিহিত করিয়াছেন। ৪র্থ চিত্রের শেষ অংশে দীর্ঘকাল আলোকপাতজনিত যে তরঙ্গরেখাগুলি আছে, পাঠক তাহার মূলদেশ পরীক্ষা করিলে দেখিতে পাইক্নে,—ইহার কতকগুলিতে নিম্গামী

চকুর স্বাভাবিক অবস্থাজ্ঞাপক সেই ভূমিরেখাকে অতিক্রম করিয়া ক্রমে আবার ভূমিরেথার সহিত মিলিত হইয়াছে। ইহাই পুনরান্দোলনের সূচক। বলেন,—বহুক্ষণ বস্তুমহাশয় আলোকে উন্মুক্ত থাকায় চকুর অণুসকল যথন বিকৃত হইয়া পড়ে, সেই সময় হঠাৎ আলোকপাত রোধ করিলে প্রত্যেক অণুরই প্রকৃতিস্থ হইবার জন্ম একটা চেষ্টা হয় এবং এই চেষ্টার আধিকোই তাহারা স্বাভাবিক অবস্থার সীমা অতিক্রম করিয়া সাডালিপিতে তাহার লকণ অন্ধিত করে। প্রকৃত এবং কুত্রিম চকুতে বহুমহাশর অবিকল পূর্ব্বোক্ত পুনরান্দোলন আবিষার করিয়াছেন। আণবিক-বিকৃতি-

জাত এই অনিয়মিত সাড়ার ফলে, প্রাণীর যে দৃষ্টিবিভ্রম হয়, তাহা যথাস্থানে আলোচিত চটবে।

প্রাণী মরণোমুখ বা মৃত হইলে তাহাদের
চক্র অণুসকল বিক্বত হইয়া পড়ে, কাজেই
গলিতচক্ষে আলোকপাত করিলে যে বৈহাতিক লক্ষণ বিকাশ পায়, তাহা স্থচকুর
সাড়ার সহিত মিলে না। অধ্যাপক বস্থমহাশয় স্থকৌশলে ক্রিমচকুর আণবিক
বিকার উপস্থিত করাইয়া, ঠিক গলিতচকুর
সাড়ালিপির অনুরূপ রেখাচিত্র পাইয়াছেন।

প্রাণিচক্ষে আলোকপাত করিয়া হঠাৎ সেই আলোক রোধ করিলে, কথন-কথন সেই পূর্ব্বের আলোকজাত বৈহাতিক প্রবাহ যথানিয়মে হ্রাস না হইয়া ক্ষণিককালের জন্ত প্রবলতর হইয়া পড়ে। কুনে (Kuhne) এই ব্যাপারের সহিত পরিচিত ছিলেন। প্রথম চিত্রের ৪র্থ এবং ৫ম সাড়ালিপিতে ইহা দেখা যায়। অধ্যাপক বস্থমহাশয় তদবস্থ কৃত্রিমচক্ষে বৈছাতিক সাড়ার উক্ত উচ্চ্ছ্র-লতাও আবিষ্কার করিয়াছেন। ২য় চিত্রের প্রথম সাড়ালিণিতে ইহা প্রদর্শিত হইতেছে। এতব্যতীত শৈত্যতাপাদিভেদে এবং আলো-কের প্রাথব্য অমুসারে চক্ষে যে পরিবর্ত্তন হয়, কৃত্রিমচক্ষে অবিকল তাহাই প্রত্যক্ষ দেখা গিয়াছে।

স্থতরাং দেখা যাইতেছে, প্রাণিচকু ও কৃত্রিমচকুর উপর আলোকের কার্য্য অবিকল এক, এবং অতি খুটিনাটি ব্যাপারেও এই এক তার ভঙ্গ দেখা যায় না। উভয় চকুর এই এক্য অবলম্বন করিয়া অধ্যাপক বস্থ-মহালম কিপ্রকারে নানা দৃষ্টিবিভ্রমের উৎপত্তিতম্ব ছির করিয়াছেন, পরপ্রবন্ধে আমরা তাহা বিশেষভাবে আলোচনা করিব।

শ্রীজগদানন্দ রায়।

সাহিত্যের সামগ্রী।

একেবারে খাঁটিভাবে নিজের আনন্দের জন্মই লেখা সাহিত্য নহে। অনেকে কবিত্ব করিয়া বলেন যে, পাখী যেমন নিজের উল্লাসেই গান করে, লেখকের রচনার উচ্ছ্বাসও সেই-রূপ আত্মগত—পাঠকেরা যেন তাহা আড়ি পাতিয়া শুনিয়া থাকেন।

পাধীর গানের মধ্যে পক্ষিসমাজ্ঞের প্রতি বে কোনো লক্ষ্য নাই, এ কথা জোর করিয়া বলিতে পারি না। না থাকে ত না-ই রহিল, তাহা লইয়া তর্ক করা বুথা—কিন্তু লেথকের রচনার প্রধান লক্ষ্য পাঠকসমাজ।

তা বলিয়াই যে সেটাকে কৃত্রিম বলিতে হইবে, এমন কোন কথা নাই। মাতার স্বস্থ একমাত্র সস্তানের জন্ম, তাই বলিয়াই তাহাকে স্বতঃকৃত্ত বলিবার কোন বাধা দেখি না।

নীরব কবিত্ব.এবং আত্মগত ভাবোচ্ছ্বাস, সাহিত্যে এই ছটো বাজে কথা কোন কোন মহলে চলিত আছে। যে কাঠ জলে নাই. তাহাকে আগুন নাম দেওয়াও বেমন, যে
মাহ্য আকাশের দিকে তাকাইয়া আকাশেরই
মত নীরব হইয়া থাকে, তাহাকেও কবি বলা
সেইরূপ। প্রকাশই কবিছ, মনের তলার
মধ্যে কি আছে বা না আছে, তাহা আলোচনা করিয়া বাহিরের লোকের কোন ক্ষতিবৃদ্ধি নাই। কথায় বলে 'মিপ্টায়মিতরে,
জনাং'—ভাণ্ডারে কি জমা আছে, তাহা
আন্দাজে হিদাব করিয়া বাহিরের লোকের
কোন স্থথ নাই, তাহাদের পক্ষে মিটায়টা
হাতে-হাতে পাওয়া আবশ্রক।

সাহিত্যে আত্মগত ভাবোচ্ছ্বাসও সেই-রকমের একটা কথা। রচনা রচয়িতার নিজের জন্ম নহে, ইহাই ধরিয়া লইতে হইবে

— এবং সেইটে ধরিয়া লইয়াই বিচার করিতে হইবে।

আমাদের মনের ভাবের একটা স্বাভাবিক প্রবৃত্তিই এই, দে নানা মনের মধ্যে নিজেকে অনুভূত করিতে চায়। প্রকৃতিতে আমরা দেখি, ব্যাপ্ত ইইবার জন্ত, টি কিয়া থাকিবার জন্ত, প্রাণীদের মধ্যে সর্বাদা একটা চেঠা চলিতেছে। যে জীব সন্তানের দ্বারা আপনাকে যত বহুগুণিত করিয়া যত বেশি জায়গা জুড়িতে পারে, তাহার জীবনের অধিকার তত বেশি বাড়িয়া যায়, নিজের অভিযুক্তে দে যেন তত অধিক সত্য করিয়া তোলে।

মাহুষের মনোভাবের মধ্যেও সেই-রকমের একটা চেষ্টা আছে। তফাতের মধ্যে এই যে, প্রাণের অধিকার দেশে ও কালে, মনোভাবের অধিকার মনে এবং কালে। মনোভাবের চেষ্টা বছকাল ধরিয়া বছ্মনকে আয়ত্ত করা।

এই একান্ত আকাজ্লায় কত প্রাচীন কাল ধরিয়া কত ইঞ্চিত, কত ভাষা, কত লিপি, কত পাথরে খোদাই, ধাতুতে ঢালাই, চামভায় বাঁধাই, কত গাছের ছালে, পাতায়, কাগজে, কত তুলিতে, খোস্তায়, কলমে, কত আঁকজোক, কত প্রয়াস--বা দিক হইতে ডাহিনে, ডাহিন দিক হইতে বামে, উপর হইতে নীচে, এক দার হইতে অন্ত দারে! কি ? না, আমি যাহা চিন্তা করিয়াছি, আমি যাহা অফুভব করিয়াছি, তাহা মরিবে না, তাহা মন হইতে মনে, কাল হইতে কালে চিস্তিত হুইয়া, অনুভূত হুইয়া, প্রবাহিত হুইয়া চলিবে ! আমার বাড়ীবর, আমার আদ্বাব্পত্র, আমার শরীরমন, আমার স্থপছ:থের সামগ্রী, সমস্তই ঘাইবে—কেবল আমি যাহা ভাবিয়াছি. যাহা বোধ করিয়াছি, তাহা চিরদিন মারুষের ভাবনা, মারুষের বুদ্ধি আশ্রয় ক্রিয়া স্জীব সংসারের মাঝ্রানে বাচিয়া থাকিবে।

মধ্য এসিয়ায় গোবি-মক্তৃমির বালুকাস্থার মধ্য হইতে যথন বিলুপ্ত মানবসমাজের বিশ্বত প্রাচীনকালের জীর্ণ পুঁথি
বাহির হইয়া পড়ে,তথন তাহার সেই অজানা
ভাষার অপরিচিত অক্ষরগুলির মধ্যে কিএকটি বেদনা প্রকাশ পায়! কোন্ কালের
কোন্ দজীব চিত্তের চেষ্টা আজ আমাদের
মনের মধ্যে প্রবেশলাভের জ্ঞা আঁকুপাকু
করিতেছে। যে লিথিয়াছিল, সে নাই, যে
লোকালয়ে লেখা হইয়াছিল, তাহাও নাই—

কিন্তু মার্থের মনের ভাবটুকু মার্থের মনের স্বহংথের মধ্যে লালিত হইবার জন্ম যুগ হইতে যুগাস্তরে আসিয়া আপনার পরিচয় দিতে পারিতেছে না—হই বাহু বাড়াইয়া মুধের দিকে চাহিতেছে।

জগতের মধ্যে সর্বশ্রেষ্ঠ সম্রাট্ অশোক আপনার বে কথা গুলিকে চিরকালের প্রতিগোচর করিতে চাহিয়াছিলেন, তাহাদিগকে তিনি পাহাড়ের গায়ে খুদিয়া দিয়াছিলেন। গুলিয়াছিলেন, পাহাড় কোনোকালে মরিবে না. সরিবে না—অনস্তকালের পথের ধারে অচল হইয়া দাঁড়াইয়া নব নব মুগের পথিকদের কাছে এক কথা চিরদিন ধরিয়া আর্ত্তি করিতে থাকিবে। পাহাড়কে তিনি কথা কহিবার ভার দিয়াছিলেন।

পাহাড কালাকালের কোন বিচার না করিয়া তাঁহার ভাষা বহন করিয়া আসিয়াছে। কোথায় অশেক, কোথায় পাটলিপুত্র, কোপায় ধর্মজাগ্রত ভারতবর্ষের সেই গৌরবের দিন! কিন্তু পাহাড় সেদিনকার সেই কণা-কয়টি বিশ্বত অক্ষরে অপ্রচলিত ভাষায় আজও উচ্চারণ করিতেছে! অরণ্যে রোদন করিয়াছে,—অশোকের সেই মহাবাণীও কত-শত-বংসর মানবস্তদয়কে বোবার মত কেবল ইশারায় করিয়াছে। পথ দিয়া রাজপুত গেল, পাঠান গেল, মোগল গেল, বর্গির তরবারি বিছাতের মত কিপ্রবেগে দিগ্দিগস্তে প্রল-মের ক্যাঘাত করিয়া গেল—কেহ তাহার रेगाताय नाजा मिल ना। ममूजभारतत त्य ক্ৰদ্বীপের কথা অশোক কথনো করনাও করেন নাই — তাঁহার শিলীরা পাষাণ্ফলকে

যথন তাঁহার অমুশাদন উৎকীর্ণ করিতে-ছিল, তথন যে দ্বীপের অরণ্যচারী "ক্রায়িদ্"-গণ আপনাদের পূজার আবেগ ভাষাহীন প্রস্তরন্ত করিয়া তুলিতেছিল, বহু-সহস্র বংসর পবে সেই দ্বীপ হইতে একটি বিদেশী আসিয়া কালান্তরের সেই মৃক ইঞ্চিত-পাশ হইতে তাহার ভাষাকে উদ্ধার করিয়া রাজচক্রবর্তী অশোকের ইচ্চা এত শতাকী পরে একটি বিদেশীর সাহায্যে সার্থক তালাভ করিল। সে:ইচ্ছা আর কিছুই নহে, তিনি যত বড় সমাটই হউন, তিনি কি চান্ কি না চান্, তাঁহার কাছে কোনটা ভাল কোন্ট। মনদ, তাহা পথের পথিককেও জানা-ইতে হইবে। তাঁহার মনের ভাব এত যুগ ধরিয়া সকল মানুষের মনের আশ্রয় চাহিয়া পথপ্রাত্তে দাড়াইয়া আছে। রাজচক্রবর্তীর সেই একাগ্র আকাজ্ঞার দিকে পথের লোক কেহ বা চাহিতেছে, কেহ বা না চাহিয়া চলিয়া যাইতেছে।

তাই বলিয়া অশোকের অনুশাদনগুলিকে আমি যে সাহিত্য বলিতেছি, তাহা মহে। উহাতে এইটুকু প্রমাণ হইতেছে, মানবহৃদয়ের একটা প্রধান আকাজ্জা কি ? আমরা যে মূর্ত্তি গড়িতেছি, ছবি আঁকিতেছি, কবিতা লিখিতেছি, পাথরের মন্দির নির্দ্ধাণ করিতেছি, দেশে-বিদেশে চিরকাল ধরিয়া অবিশ্রাম এই যে একটা চেষ্টা চলিতেছে, ইহা আর কিছুই নয়, মান্থরের হৃদয় মান্থ্রের হৃদয়ের মধ্যে অমরতা প্রার্থনা করিতেছে।

যাহা চিরকালীন মামুষের হৃদয়ে অমর হইতে চেষ্টা করে, সাধারণত তাহা আমাদের কণকালীন প্রয়োজন ও চেষ্টা হইতে নানা- প্রকারের পার্থক্য অবলম্বন করে। আমরা
নাংবংসরিক প্রয়োজনের জন্তই ধান-যব-গ্রম
প্রভৃতি ওমধির বীজ রপন করিয়া থাকি, কিন্তু
অরণ্যের প্রতিষ্ঠা করিতে চাই যদি, তবে
বনম্পতির বীজ সংগ্রহ করিতে হয়।

সাহিত্যে সেই চিরত্থায়িছের চেপ্তাই মান্ত্রবের প্রিন্ন চেপ্তা। সেইজন্ত দেশহিতৈষী
সমালোচকেরা যতই উত্তেজনা করেন যে,
সারবান্ সাহিত্যের অভাব হইতেছে—কেবল
নাটক-নভেল-কাবে দেশ ছাইয়া যাইতেছে,
তবু লেথকদের ছঁশ্ হয় না। কারণ, সারবান্ সাহিত্যে উপস্থিত প্রয়োজন মিটে, কিস্ক
অপ্রয়োজনীয় সাহিত্যে স্থায়িছের স্ভাবনা
বেশি।

কারণ, যাহা জ্ঞানের কথা, তাহা প্রচার হইরা গেলেই তাহার উদ্দেশ্ত সফল হইরা শেষ হইরা যার। মায়ুবের জ্ঞানসম্বন্ধে নৃতন আবিষ্কারের দ্বারা পুরাতন আবিষ্কার আচ্ছ্রন্থ হইরা যাইতেছে। কাল যাহাপণ্ডিতের অগম্য ছিল, আজ তাহা অর্বাচীন বালকের কাছেও নুতন নহে। যে সত্য নৃতন বেশে বিশ্বরমাত্র উদ্দেশ করে না। আজ যে সকল তত্ত্ব স্থারের নিকটে পরিচিত, কোনকালে যে তাহা পণ্ডিতের নিকটেও বিশ্বর বাধা প্রাপ্ত হইয়াছিল, ইহাই লোকের কাছে আশ্চর্যা বলিয়া
মনে হয়।

কিন্ত হৃদয়ভাবের কথা, প্রচারের দারা
প্রাতন হয় না। জ্ঞানের কথা একবার
জানিলে আর জানিতে হয় না; আগুন
গরম, স্থ্য গোল, জল তরল, ইহা একবার
জানিশেই চুকিয়া বায়—বিতীয়বার কেহ যদি

তাহা আমাদের নৃতন শিক্ষার মত আনাইতে আদে, তবে ধৈর্যারক্ষা করা কঠিন হয়।
কিন্তু ভাবের কথা বারবার অম্বভব করিয়া
আন্তিবোধ হয় না। স্ব্যা যে পূর্কদিকে
ওঠে, এ কথা আর আমাদের মনোযোগ আকর্বণ করে না—কিন্তু স্বর্যোদরের যে সৌন্দর্য্য
ও আনন্দ, তাহা জীবস্টির পর হইতে আজ
পর্যান্ত আমাদের কাছে অমান আছে। এমন
কি, অহুভূতি যত প্রাচীন কাল হইতে যত
লোকপরম্পরার উপর দিয়া প্রবাহিত হইয়া
আদে, ততই তাহার গভীরতাবৃদ্ধি হয়—ততই
তাহা আমাদিগকে সহজে আবিষ্ট করিতে
পারে।

অত এব চিরকাল যদি মানুষ আপনার কোন জিনিব মানুষের কাছে উচ্ছল নবীন-ভাবে অমর করিয়া রাখিতে চায়, তবে তাহাকে ভাবের কথাই আশ্রয় করিতে হয়। এইজ্ঞ সাহিত্যের প্রধান অবলম্বন জ্ঞানের বিষয় নহে, ভাবের বিষয়।

তাহা ছাড়া যাহা জ্ঞানের জিনিষ, তাহা এক ভাষা হইতে আর এক ভাষায় স্থানান্তর করা চলে। মূল রচনা হইতে তাহাকে উদ্ধার করিয়া অন্ত রচনার মধ্যে নিবিষ্ট করিলে অনেকসময় তাহার উল্লেখ্য ভাষার বিষয়টি লইয়া নানা লোকে নানা ভাষায় নানা রকম করিয়া প্রচার করিতে পারে—এইরপেই তাহার উদ্দেশ্য যথার্থভাবে সফল হইয়া থাকে।

কিন্ত ভাবের বিষয়সম্বন্ধে এ কথা থাটে না। তাহা যে মূর্ত্তিকে আগ্রায় করে, তাহা হইতে আর বিচ্ছিন্ন হইতে পারে না।

জ্ঞানের কথাকে প্রমাণ করিতে হয়,

আর ভাবের কথাকে সঞ্চার করিয়া দিতে হয়। উবা যে আরক্তবর্ণ, তাহা প্রমাণ করিয়া দিবার যে কয়টি উপায় আছে, তাহা জানা শক্ত নহে—কিন্ত উবা আমার যে কেমন লাগিতেছে, তাহা অন্তকে ঠিকমত অমুভব করাইতে গেলে কোনো বাঁধা উপায়ের দোহাই দেওয়া চলে না। যুক্তিশাস্তের বিধানের মত তাহা নির্দিষ্ট নহে। তাহার জন্ত নানাপ্রকার আভাস-ইঙ্গিত, নানাপ্রকার ছলাকলার দরকার হয়। তাহাকে কেবল ব্যাইয়া বলিলেই হয় না, তাহাকে স্থাই করিয়া তুলিতে হয়।

এই কলাকৌশলপূর্ণ রচনা, ভাবের দেহের

মত। এই দেহের মধ্যে ভাবের প্রতিষ্ঠার

সাহিত্যকারের পরিচয়। এই দেহের প্রকৃতি
ও গঠন অমুসারেই তাহার আশ্রিত ভাব

মান্ত্রের কাছে আদর পায়—ইহার শক্তি
অমুসারেই তাহা হদ্যে ও কালে ব্যাপ্তিলাভ
করিতে পারে।

প্রাণের জিনিষ দেহের উপরে একাস্ত নির্ভর করিয়া থাকে। জলের মত তাহাকে এক পাত্র হইতে আর এক পাত্রে ঢালা যায় না। দেহ এবং প্রাণ পরস্পর পরস্পরকে গৌরবারিত করিয়া একাশ্ব হইয়া বিরাজ করে।

বেথানে রচনার সঙ্গে তাহার বিষয়ের এইরপ একাত্মতা আছে, দেইখানেই সাহিত্য সজীবমূর্ত্তিত প্রকাশ পায়। কুমারসম্ভবের মধ্যে যে বিষয়টুকু আছে, তাহা জানা হইলেই যে কুমারস্মুক্ত পড়ার ফল পাওয়া যায়, তাহা নহে। উহার ছন্দোবন্ধ, উহার আগাগোড়াই পড়িতে হইবে। কুমারসম্ভব ছাড়া আর

কোনখানেই কুমারসন্তবপাঠের উদ্দেশ্য সফল করিবার কোন উপায় নাই। ত্রুজিয়নীতে বিদ্যাকত শতাকী পূর্ব্বে কালিদান যে কয়টি কথা লিখিয়াছেন, তাহার একটি অক্ষর বাদ দিলে চলিবে না। তাঁহারই ভাব তাঁহারই ভাবায় তাঁহারই রচনার ভঙ্গীতে আমাদিগকে সমগ্র আকারে গ্রহণ করিতে হইবে, নতুবা তাহার প্রাণহানি হইবে। ইহাই যথার্থ বাঁচিয়া থাকা।

ভাব, বিষয়, তত্ত্ব সাধারণ মান্ত্র্যের।
তাহা একজন যদি বাহির না করে ত কালক্রমে আর একজন বাহির করিবে। কিন্তু
রচনা লেথকের সম্পূর্ণ নিজের। তাহা একজনের যেমন হইবে, আর একজনের তেমন
হইবে না। সেইজন্ম রচনার মধ্যেই লেথক
যথার্থরূপে বাঁচিয়া থাকে—ভাবের মধ্যে নহে,
বিষয়ের মধ্যে নহে।

অবশ্র রচনা বলিতে গেলে ভাবের সহিত ভাবপ্রকাশের উপায় ছই সন্মিলিতভাবে বুঝায়—কিন্ত বিশেষ করিয়া উপায়টাই লেথকের।

দীঘি বলিতে জল এবং খনন-করা আধার ছই একসঙ্গে বোঝায়। কিন্তু কীর্ত্তি কোন্টা ? জল সামুষের সৃষ্টি নহে—তাহা চিরস্তন। সেই জলকে বিশেষভাবে সর্বান্ধারণের ভোগের জন্ম স্থার্থকাল রক্ষা করিবার যে উপায়, তাহাই কীর্ত্তিমান্ মানুষের. নিজের। ভাব সেইরূপ মনুষ্যসাধারণের, কিন্তু তাহা বিশেষ মূর্ত্তিতে সর্বানোকর বিশেষ আনন্দের সামগ্রী. করিয়া তুলিবার উপায়-রচনাই লেথকের কীর্ত্তি।

অতএব দেখিতেছি, ভাবকে নিজের

করিয়া সকলের করা, ইহাই সাহিত্য, ইহাই ললিতকলা। অঙ্গার-জিনিষটা জলে-স্থল-বাভাদে নানা পদার্থে সাধারণভাবে সাধারণের আছে—গাছপালা তাহাকে নিগৃঢ়-শক্তিবলে বিশেষ আকারে প্রথমত নিজের করিয়া লয়, এবং দেই উপায়েই তাহা স্থদীর্ঘকাল বিশেষভাবে সর্বসাধারণের ভোগের জ্ব্য হইয়া উঠে। শুধু যে ভাহা আহায় এবং উত্তাপের কাজে লাগে, ভাহা নহে—তাহা হইতে সৌন্দর্য্য, ছায়া স্বাস্থ্য বিকীর্ণ হইতে থাকে।

সাহিত্যের মূল জিনিষটা সেইরূপ অত্যন্ত সাধারণ। লেখক তাহাকে প্রথমত নিজের করিয়া লন। সেই উপারে তাহা মূর্হিগ্রহণ করে, সৌন্দর্যালাভ করে, সহজে সর্বসাধারণের গ্রহণযোগ্য হইয়া বিশেষ আকারে স্থায়িত্পাপ্ত হয়।

স্টির মূল উপাদান অসংখ্য নহে। কিন্তু ভিন্ন ভিন্ন আধারে ভিন্ন ভিন্ন ভাবে প্রকাশিত হইয়া অসীম বৈচিত্র্য রচনা করিতেছে। সাহিত্ত্যরও মূল উপাদান সীমাবদ্ধ। একই ভাব সহস্র চিত্ত হইতে সহস্রভাবে প্রতিফলিত হইয়া মানুষের আনন্দলোককে নব বৈচিত্র্য দান করিতেছে।

অতএব দেখা যাইতেছে, সাধারণের জিনি-যকে বিশেষভাবে নিজের করিয়া সেই উপায়েই তাহাকে পুনশ্চ বিশেষভাবে সাধারণের করিয়া তোলা সাহিত্যের কাজ। তা যদি হয়, তবে জ্ঞানের জ্ঞিনিষ সাহিত্য হইতে আপনি বাদ পড়িয়া যায়। কারণ, ইংরাজিতে যাহাকে টুণ্ বলে এবং বাংলাতে যাহাকে আমরা সতা নাম দিয়াভি অর্থাৎ যাহা আমাদের বৃদ্ধির অধিগমা বিষয়— তাহাকে বাক্রিবিশেষের নিজপ্বর্জ্জিত করিয়া তোলাই একান্ত দরকার। সত্য সর্কাংশেই ব্যক্তিনিরপেক্ষ, শুল্র-নিরক্তন। মাধ্যাকর্ষণতক্ষ আমার কাছে একরূপ, অত্যের কাছে অন্তর্মপ নহে। তাহার উপরে বিচিত্র হৃদয়ের নৃত্ন নৃত্ন রঙের ছায়া পড়িবার জ্ঞানাই।

যে সকল জিনিষ অন্সের সদয়ে সঞ্চারিত হইবার জন্ম প্রতিভাশালী স্বদয়ের কাছে স্বর. রং, ইঙ্গিত প্রার্থনা করে- ঘাহা আমাদের সদ-स्त्रत वाता रुहे ना श्रेमा छेठिएल अन्य अनत्यत মধ্যে প্রতিষ্ঠালাভ করিতে পারে না, তাহাই সাহিত্যের সামগ্রী। ভাহা আকারে-প্রকারে, ভাবে-ভাষায়, স্থরে-ছন্দে মিলিয়া তবেই বাচিতে পারে—তাহা মাহুষের একান্ত আপনার—তাহা আবিষার নহে, অমুকরণ নহে, তাহা স্প্রী। স্থতরাং তাহা একবার প্রকাশিত হইয়া উঠিলে তাহার রূপান্তর, অবহান্তর করা চলে না—ভাহার প্রত্যেক অংশের উপরে তাহার সমগ্রতা একান্তভাবে নির্ভর করে। মেখানে ভাহার ব্যতায় দেখা যায়. দেখানে সাহিত্য-অংশে তাহা ८२४।

এমার্সন্।

জীবনের এক অতি ঘোর ছদ্দিনে, শোক ও নিরাশার নিবিড় অন্ধকারের মধ্যে এমার্স-নের সঙ্গে আমার প্রথম পরিচয় হয়। সে কাহিনী কহিতে গেলে, কিয়ৎপরিমাণে আত্ম-কথা কহিতে হয়; অব্স্থাধীনে পাঠক এ অপরাধ মার্জনা করিবেন।

যৌবনের প্রারস্তে, আর-দশজনের
ন্তায় আমারও জ্ঞানের সমক্ষে জটিল বিশসমস্তা উপস্থিত হইয়াছিল। সে সময়ে,
লৌকিক ন্তায় অনুসরণ করিয়া, বিশ্বমূলে
আমি য়্গপৎ ছইটি তব প্রতিষ্ঠিত করি—এক
জড়তব, অপর চেতনতব। জড়ও চৈতন্ত,
পরমাণু ও ঈশ্বর, উভয়ই অনাদি, উভয়ই
অনস্ত, জড়-চেতনার সমাবেশে বিচিত্র জগৎ
উৎপদ্ধ হইয়াছে, এই স্থুল সিদ্ধান্তে উপনীত
হই।

'নাসতো সজ্জায়তে'—অসং হইতে সতের উৎপত্তি হইতে পারে না, এ ধারণা বহদিন হইতেই বৃদ্ধিতে বদ্ধুল হইয়া গিয়াছিল। প্রচলিত খৃষ্টার স্পষ্টিতব্বকে এইজন্ত বহদিনই একোরে অসিদ্ধ বলিয়া বর্জন করিয়াছিলাম। স্থাদেশের স্পষ্টিতবাদিসম্বন্ধে তথন কোনও জ্ঞানই ছিল না। স্থতরাং আয়াবিটো দারাই স্পষ্টিসমন্তাভেদের উপায় উদ্ভাবনে প্রবৃত্ত হই। এই প্রয়াস হইতেই আমার বৈতসিদ্ধান্তের প্রতিষ্ঠা।

স্থূলদৃষ্টিতে তথন জগতে চুই পরস্পর-বিরোধী অথচ পরস্পরাপেক্ষী বস্তু দেথিয়া- ছিলাম-এক জড়, অপর চৈতন্ত। তুই প্রত্যাক্ষের বিষয়, প্রত্যাক্ষকে অগ্রাহ্য করি কিরপে? জড়কে যতদিন জড় বলিয়াই জানিবে, ততদিন চৈতন্ত হইতে তাহার উৎপত্তি কল্পনাও করিতে পারিবে না। আমিও করনা করিতে পারি নাই। স্থতরাং জড় হইতে জড়, চৈতন্ত হইতে চৈতন্ত উৎপন্ন হইয়াছে, এই সিদ্ধান্ত অনিবার্যা হইয়া পড়িল।

বিশেষত, কেন বলিতে পারি না, অদৈতবাদের প্রতি একটা বিকট বিদ্বেষ বহদিন
হইতেই প্রাণে বদ্ধমূল হইয়া গিয়াছিল।
এবং অদৈতবাদের বিভীষিকা হইতে আত্মরক্ষা করিবার জন্তই, যৌবনের প্রারম্ভে
জিজ্ঞাদার উদয় হইবামাত্র, ঘোর দৈতবাদের
এই হুর্ভেগ্ড হুর্গ রচনা করিতে প্রবুত্ত হই।

কিন্তু আমাদের কল্পনার্চিত সিদ্ধান্ত কথনই শুদ্ধ তর্কযুক্তির সাহায্যে বেশিদিন ছির থাকিতে পারে না। প্রত্যক্ষ সত্যই একমাত্র স্থির ও সনাতন সত্য। সাক্ষাৎ অভিজ্ঞতার উপরে যে সিদ্ধান্ত প্রতিষ্ঠালাভ করে, অভিজ্ঞতার প্রকৃত মর্ম্ম অবিসংবাদিত-রূপে যে সিদ্ধান্ত অভিযাক্ত করিতে পারে, তাহাই অটুট, অচ্যুত থাকে। তাহার বিকাশ হয়, কিন্তু বিনাশ সম্ভবে না।

জীবনের অভিজ্ঞতাবৃদ্ধির সঙ্গে সঙ্গে অলক্ষিতে আমার বৈত্যসিদ্ধান্তের ভিত্তিভূমি ক্রমে শিথিল হইয়া যাইতে লাগিল।

যৌবনে আত্মশক্তির উপরে অটল বিশাস

যৌবনে বিকাশোনুথ শক্তি ও शकि। বুদ্ভিদকল মানবকে অপরিদীম শক্তিমদে প্রমন্ত করিয়া রাথে। মানবের অসাধা যে কিছু আছে, তথন ইহা কল্পনাতেও প্রায় স্থান-প্রাপ্ত হয় না। কিন্তু জীবনসংগ্রামে প্রবৃত্ত र्हेब्रा, मःमात्त्रत जीवन मेक्निमः घर्षत्र मरधा একবার পড়িয়া গেলে, সহজেই সেই কলিত আত্মবিশাস চুর্ণ হইয়া যায়। কঠোর অভিজ্ঞতাবৃদ্ধির সঙ্গে সঙ্গে মানবের অকিঞ্চনতা ও অক্ষমতার জ্ঞান উজ্জ্বল হইয়া উঠে। এ সম্বন্ধে আন্তিক-নান্তিকের মধ্যে विश्व প্রভেদ থাকে না। নান্তিকাবাদী ব্রাড্লর মুখে পর্যান্ত এ কথা ভনিয়াছি-'Oh, what little, man can do!' ইহাই মানবের সর্বজনীন অভিজ্ঞতা।

জীবনের অভিজ্ঞতাবৃদ্ধির সঙ্গে সঙ্গে যৌবনের শক্তিমদ যত ফীণ হইতে লাগিল. তত্ই মানবের শক্তিসাধ্যের অতীত এক বিশ্বব্যাপিনী বিধাতৃশক্তিতে বিশ্বাস জন্মিতে আবন্ধ করিল। প্রথমত এই শব্দিকে অন্ধ প্রাক্তন-Blind Fate বলিয়া ভাবি-তাম। ক্রমে এই কল্পনা হইতেই এক অনস্তকল্যাণকারিণী বিশ্বশক্তির সহায বিশ্বাসের বিকাশ হইতে লাগিল। সংসারের ঘাতপ্রতিঘাতে, আশা ও নৈরাঞ্জের সংঘর্ষে এই বিশ্বাস পরিস্ফুট হইয়া উঠিল; তাহার সঙ্গে সঙ্গে পূর্কসিক জড় চতনবাদের ভূমি শিথিল হইল বটে, কিন্তু একেবারে পরিত্যক্ত इहेल ना।

এই একত্বাস্থৃতি যে সন্য়ে অল্লে অল্লে প্রাণে জাগিয়া উঠিতেছিল, তথনই প্রকৃতপক্ষে এমার্সনের সঙ্গে আমার সাক্ষাৎকার হয়। এই অভিজ্ঞতা জন্মিবার পূর্ব্বে এমার্সন্কে জানিতাম বটে, কিন্তু ভাল করিয়া চিনিতে পারি নাই।

অদৃষ্টের সন্ধান তথন ঈষৎ পাইয়াছি
বটে, কিন্তু দৃষ্টের উপরেও পূর্ণ আশাসই
রহিয়াছে। আর থাকিবারই কথা। তথনও
স্বাস্থ্য, সোলর্য্য, স্থথ ও সন্তোগের পসরা লইয়া
জীবনতরণী মৃত্যনদ কালতরকে আনন্দে
ভাসিয়া যাইতেছিল। কিন্তু সহসা একদিন
প্রলয়ঝঞ্চায় সম্দায় বিপর্যান্ত ও বিনষ্ট হইয়া
গেল। মৃত্যুর স্চিভেছ্য অন্ধকার চক্ষের
নিমেষে চারিদিক্ আচ্ছন্ন করিয়া দিল।
সেই অন্ধকারে, নিরাশার নির্মাম নিস্তন্ধভার
মধ্যে, অসার অনিত্যের বিভীষিকা জাগিয়া
উঠিয়া, মৃত্যুর ছবিকেও যেন নিয়্মাণ করিয়া
তুলিল।

সেই ছর্দিনে, সেই মৃত্যুচ্ছায়ায়, সেই বিভীষিকার মধ্যে, এমার্সনের সঙ্গে আমার প্রথম প্রিচয় হয়।

এদেশের নবা শিক্ষিতসমাজের আরদশজনের ভার আমিও বহদিনই এমার্সনের
নাম জানিতাম; বহদিন তাঁহার গ্রন্থাবলীও
কিছু কিছু পড়িয়াছিলাম; কিন্তু আস্বাদন
করিতে পারি নাই। ফলত এতাবংকাল
এমার্সনের সঙ্গে আমার মানস-সাক্ষাংকার
হয় নাই। আর গ্রন্থকারের সাক্ষাং পরিচয়
ব্যতিরেকে, শুদ্ধ বাক্রণ ও অভিধানের
সাহাব্যে কোন গ্রন্থেরই নিগৃঢ় মর্ম্ম গ্রহণ
ক্রিতে পারা যার না।

জগতের শিক্ষাগুরুদিগের সঙ্গে এই সাক্ষাৎ-পরিচয়ব্যাপারটা নিতাস্তই ছর্লভ, কেবল দেবপ্রসাদেই সম্ভব হয়। কারণ সমানে সমানেই কেবল প্রকৃত চেনাশোনা হইয়া থাকে, আর দেবতার কুপা ভিন্ন প্রাকৃতজনের পক্ষে আলোকিক প্রতিভার সঙ্গে কোনও বিষয়ে সমতা লাভ করা সম্ভব হয় না। মানবের সর্ব্বজনীন অভিজ্ঞতার ভূমিতে, দৈবক্রমে গুরুশিষ্যের সাক্ষাৎকার হইলেই কেবল, সেই অভিজ্ঞতার উপরে দাঁড়াইয়া, অকৃতী শিষ্য, মহাজন গুরুর তত্ত্বোপদেশের মর্গগ্রহণে সমর্থ হয়। এমার্সনের সঙ্গেও এই ভূমিতেই আমার প্রথম সাক্ষাৎকার হইয়াছিল।

মৃত্যুচ্ছায়ায় বিদিয়া একদিন সহসা বত-কালোপেক্ষিত এমার্সনের গ্রন্থাবলী খুলিলাম। 'ক্তিপুরণ'নীর্ষক প্রবন্ধের উপরেই প্রথমে দৃষ্টি পড়িল। তাহার শেষভাগে দেখিলাম লেখা আছে—

Such also is the natural history of calamity. The changes that break up at short intervals the prosperity of men are advertisements of a nature whose law is growth—ইত্যাদি।

অর্থাৎ গ্রহটনার প্রাক্বত ইতিহাসও এইরপই। যে সকল অবস্থাবিপর্যায়ে মধ্যা
মধ্যে লোকের স্থাসোভাগ্য ভাঙিয়া দেয়,
তাহা দ্বারা মানবপ্রকৃতিনিধিত অনস্ত উম্ভির বিধানই বিজ্ঞাপিত হইয়া
থাকে।

এই প্রবন্ধ যে এই প্রথম পজিলাম, তাহা
নহে। কিন্তু যে অভিজ্ঞতার ভূমিতে দাড়াইয়া এমার্সন্ এ সকল কথা লিখিয়াছিলেন,
আমার তথনও সে অভিজ্ঞতা হয় নাই।
বন্ধা কি কথন মাতৃলেহ সভ্যভাবে জানিতে

পারে বা পুত্রশোকের মর্ম্মাতনা কোন-ক্রমে অমুভব করিতে সমর্থ হয় ?

এমার্সন্ এখানে শোকার্ত্তের অস্তর্জীবনচরিত বিবৃত করিতেছেন; শোকাহত ব্যক্তিই
কেবল ইহার গভীর মর্ম্ম গ্রহণ করিতে
পারিবে, অপরে তাহা কলনা করিতে পারে,
ধারণা করিবে কিরপে? আর শোকার্ত্তমাত্রেই যে ব্রিবে, এমনও নহে। ঋষিবাক্যের মর্মগ্রহণ করা সর্ব্বধাই দেবাম্গ্রহসাপেক।

এই ক্ষতিপূর্ণ প্রবন্ধে এমার্সন্ শেষভাগে শোকার্ত্তের কথা কহিয়াছেন। কিন্তু এমন করিয়া শোকার্ত্তকে কেহ সান্ধনা দিতে পারে, পুর্বেজানিতাম না।

সংসারে শোকার্ত্তের অভাব নাই;
সহদয় লোকেও সততই শোকার্ত্তকে সাম্বনাদান করিতে প্রাণপণ চেষ্টা করিয়া থাকেন।
ইহার ফল কি হয়, তাহাও অনেকেই জানি।
এই সকল সাম্বনাবাক্যের নির্বাক্ বেদনা
শোকার্ত্তমাত্রেই স্বল্লাধিক ভোগ করিয়া
থাকেন।

অসারে সার-বৃদ্ধি, অনিত্যে নিত্য-ধারণা হইতেই শোকের উৎপত্তি হয় সত্য; কিন্তু যে আত্মহারা হইয়া অসারকেই বৃকে ধরিয়া কাঁদিতেছে, তাহার নিকটে অসারের অসা-রত্বের অলীক বর্ণনায় শোকের সাম্বনা হয় না, কেবল প্রীতিরই অবমাননা হইয়া থাকে। অথচ অজ্ঞ অরসিক লোকে সর্ব্ধদাই শোকা-তৃরকে সাম্বনা দিতে যাইয়া এইরূপ অর্ধাচীন-ভাবে তাহার প্রীতির অবমাননা করে। অনিত্যের অনিত্যতা দেখিয়া যে সেই অনিত্যেরই জন্ম কাঁদিতেছে, তাহাকে আবার

সেই মর্ম্মণাতী অনিত্যতা বুঝাইতে যাওয়া অযথা বেদনাদায়ক বিডম্বনামাত্র।

অথচ সংসারের লোকে নিয়তই ইহা
করিতেছে। ধর্মব্যবসায়িগণ এ বিষয়ে সর্কাপেক্ষা সমধিক পটু। শোকের সন্ম্থীন হইলেই
ইহারা অনিত্যতার অসার উপদেশ প্রদানে
অগ্রসর হন।

এমার্সন্ও শোকার্ত্তকেই সান্থনা দিতেছেন; অগচ তাঁহার উপদেশে অনিব্যাতার
অসার বর্ণনা নাই; শাশানবৈরাগোর উদ্দীপনা
নাই; স্বাস্থ্য-সৌন্ধর্য-সম্পং-ম্থ-সম্ভোগের
প্রতি বিরক্তি নাই; জীবন-যৌবনের প্রতি
নির্দ্ধমতা নাই; শোকার্ত্ত যাহার জন্ম অবিরাম
হাহাকার করে, যাহার পুণাস্থতি কদয়ে প্রতিতিত করিয়া অশ্রুজলে প্রতিদিন তাহার তর্পণ
করে, তংপ্রতি উপেক্ষা-উদাসীন্তের লেশমাত্র
নাই; অথচ কি অপূর্ক অমিয়ধারাসেচনের
হার। মৃত্যুর উপরেই অমৃতের প্রতিষ্ঠার প্রয়াস
রহিয়াছে!

প্রেমের সধন্ধ কেবলই দানে নহে,
গ্রহণেও। আদান ও প্রদানের মধ্যে প্রেম
কোন্টাতে সমধিক পরিতৃপ্ত হয়, বলা সহজ
নহে। সেবা করিয়া বেমন স্থুব, দেবা পাইয়াও তেম্নি। এমার্সন্ আপনার অসাধারণ
প্রতিভাবলে মৃত্যুকেও এই বিশ্বব্যাপী
প্রেমের আদান প্রদানের সম্বক্ষালে আবদ্ধ
করিয়াছেন। মৃত্যু কি কেবলই ক্ষতির
কারণ, লাভ কি ভাহাতে কিছু নাই?
মৃত্যু হরণ করে অসারকে, কিন্তু দিয়া যায়
সারবস্তু; হরণ করে অনিভাকে, দিয়া যায়
অনস্ত অমৃত।

The death of a dear friend,

wife, brother, lover, which seemed nothing but privation, somewhat later assumes the aspect of a guide or a genius.....and the man or woman who would have remained a sunny garden flower with no room for its roots, and too much sunshine for its head, by the falling of the walls, and the neglect of the gardener is made the banian of the forest, yielding shade and fruit to wide neighbourhoods of men.

বিশ্ববিধানের এই অপ্রতিহত কল্যাণে বিশাস কেবল একত্বাস্কৃতি হইতেই উৎপন্ন হইতে পারে এবং এই একদারভৃতিতেই পাশ্চাত্য প্রতিভাসমাজে এমার্সনের গৌরর ও বিশেষত। এমন করিয়া আর কেহ সে দেশে অনিত্যের মধ্যে নিতা, অসারের মধ্যে সার, ও মৃত্যুর মধ্যে অমৃতকে দর্শন করিতে পারে নাই। এই এক হামু ভৃতিই তাঁহার শিক্ষার ও প্রতিভার, জীবনের ও উপদেশের মূলস্ত্র। এই সূত্র যে ধরিতে পারিল, ভাহারই নিকটে এমার্সনের সমুদয় রহস্ত সহজে প্রকাশিত रहेशा পড़िल: य পात्रिल ना, চির্দিনই দে প্রতিভার প্রভিয়া তাঁহার বহিরস্তন রহিল, অন্তঃপরে অধিকার প্রবেশের পাইল না।

এই এক ৰামুভূতি জাগতে জাতি বিরল।
এইজন্মই এমার্সনের গ্রন্থাবলী পড়ে জানেকে,
কিন্তু তাহার প্রকৃত মর্দ্মগ্রহণ করিতে পারে
জাতি অর লোকে। মার্কিন কবি হুইট্ইয়ার
বিনিয়াছেন যে, সহস্র বংসর পরে লোকে আমের্

গ্রন্থাবলীই সাদরে পাঠ করিবে। কিন্তু ছইট্ইয়ার্ এমার্সনের প্রতিভার গৌরব যেরপ
ব্রিয়াছেন, তাঁহার স্বদেশীয়েরা তাহার শতাংশের একাংশও ব্রিডে পারে নাই। পারিলে
ভাহারা কথনই হথরন্কে এমার্সনের উপরে
হানদান করিত না। যেমন মার্কিনে, সেইরূপ ইংলভে । এমার্সন্ইউনিটেরিয়ান্ ছিলেন।
ইংলভে ইউনিটেরিয়ান্ দলেই তাহার প্রতিপত্তি সর্বাপেকা অধিক, তাহাও স্থগণপক্ষপাতিতামূলক। ইংলভ এখনও এমার্সনের
প্রতিভার গৌরব ও তাহার শিক্ষার মূল্য
ব্রিতে সমর্থ হয় নাই।

ইহাতে বিশ্বরের কথা কিছুই নাই।
'ভবানীক্রক্টাভঙ্গং ভবো বেত্তিন ভ্ধরং'—
ভবানীর ক্রক্টাভঙ্গ ভবই কেবল ক্রিতে
পারেন, ভ্ধর ব্রিবেন কিরুপে
গ্রমার্শনের
সঙ্গে গাঁহাদের শিক্ষাণীক্ষা, ভাব-আদর্শ কোনবিষয়েই সমতা নাই, তাঁহারা তাঁহার মর্শ্ব
বোঝেন না, ইহা আর আশ্চর্যা কি
?

পাশ্চাত্যজগতে প্রথম হইতেই এমার্সন্
একরপ ছর্কোধ্য ছিলেন। মিড্ভিল্-তববিভালয়ের দর্শনশাস্তের অধ্যাপক বার্বার্সাহেবের মুথে এ বিষয়ে একটি বড়ই কুড়হলোদীপক কাহিনী শুনিগাছিলাম।

বার্বার্ যথন যুবক, হার্ভার্ড-বিশ্ববিছালয়ে অধ্যয়ন করেন, তথন ব্রহ্ম Brahma নামে এমার্সনের একটি কবিতা প্রকাশিত হয়। সে কবিতাটি এই:—

If the red slayer think he slays,
Or if the slain think he is slain,
They know not well the subtle ways
I keep, and pass, and turn again.

Far or forgot to me is near;
Shadow and sunlight are the same;
The vanished gods to me appear;
And one to me are shame and
fame.

They reckor ill, who leave me out; When me they fly I am the wings; I am the doubter and the doubt, I am the hymn the Brahmin sings.

The strong gods pine for my abode,
And pine in vain the sacred Seven;
But thou, meek lover of the good,
Find me, and turn thy back on
heaven!

দে সময়ে এই কবিতাটি লোকের নিকটে এমনই ছুর্ব্বোধ্য হইয়াছিল বে, মার্কিনের শিক্ষিত যুবকেরা যাহা-কিছু অবোধ্য ও অর্থ-শৃত্য, তাহাকেই পরস্পারের মধ্যে কথাবার্ত্তার পরিহাসচ্ছলে "ব্রহ্ম" বলিয়া ব্যাথ্য। করিত। আজিও শুধু এই বিশেষ কবিতাটি নহে, কিন্তু এমার্সনের অনেক রচনাই ইংরাজ ও মার্কিন সমাজে এই "ব্রহ্ম"পর্যায়ভুক্ত হইয়া রহিন্দাছে।

স্তুতিনিলার সমত্ব এবং ছায়াতপ ও হস্তা-হতের মৌলিক একত্বের অহুভূতি পাশ্চাত্যসমাজে এখনও নিরতিশয় ক্ষীণ রহিয়াছে। অথচ ইহাই এমার্সনের বিশেষত্ব, এই গভীর অধ্যায় একত্বায়ুভূতিতেই তাঁহায় ঋবিত্ব। এই একত্বায়ুভূতি ঘাঁহায় অন্তরে স্কলাধিক জাগ্রত হয় নাই, সে কদাপি এমার্সনের মর্ম্মগ্রহণ করিতে পারে না।

এমার্স ঋষি ছিলেন। 'ঋষয়ো মন্ত্রজীরঃ'

—মন্ত্রের সাক্ষাৎকার বাঁহারা লাভ করেন,

তাঁহারাই ঋষি। মন্ত্রে তব্বের অভিব্যক্তি; মন্ত্রদর্শী আর তব্বদর্শী একই কথা। এমার্সন্ স্কাষ্টর নিগৃঢ়তত্ব আপনার অসাধারণ অধ্যাত্ম অমুক্রতির প্রভাবে প্রত্যক্ষ করিয়াছিলেন।

স্ষ্টির তব জড় নহে, অজড় আথা; এই আথবস্ত হইতেই, যথা প্রদীপ্ত পাবক হইতে অসংখ্য ক্লিপ্নের উৎপত্তি হয়, নেইরূপ এই বিচিত্র বিশ্বের উৎপত্তি হইরাছে। এই আথব্যবস্তুতেই তাহার স্থিতি,—আথত্তবের এই মহাক্র্রেণেই বিশ্বের গতি ও পরিণতি। এমার্সন্ এই মহাসত্তের সাক্ষাংকার লাভ করিয়াছিলেন। এই আথ্যসাক্ষাংকার হইয়াছিল বলিয়াই তাঁহাকে অবাধে ঋষি বলিয়া অভিহিত করিতে পারা যায়।

আর আয়ুটৈতভ এইরূপে ধাঁহার কুরিত হইয়া থাকে, তাঁহার নিকটে জগতের অনেক নিগৃঢ় তত্ত্ব স্বতঃপ্রকাশিত হইয়া পড়ে। এইজ्ञ अधिशंग देवळानिक नर्दन, किन्न বিজ্ঞানের ষ্ঠাহাদের জ্ঞানে আপনি ফুট্টা উঠে। তাঁহারা দার্শনিক নহেন, কিন্তু লৌকিক দর্শন বে সকল মহাসতে,র অন্নেবণে যাইয়া ঋজুকুটিল বহু পছা রুথ। পরিভ্রমণ করে, অনেক সময়ে তাঁহার। সে সকল মহাস্তা সহজে আয়ত্ত করিয়া থাকেন। অলোকিক অধ্যায় দৃষ্টিতেই ঋষিগণের ঋষিত্ব। এই অধ্যাত্মদৃষ্টি দারাই এমাসন্ বিশ্বকাণ্ডের বিচিত্র বস্তু গটনার মধ্যে এক অথণ্ড একত্ব অমুভব করিয়াছিলেন।

যে একথায়ভূতিতে এমার্সনের বিশেষত্ব ও ঋবিষ, যুরোপে তাহা কিয়ংপরিমাণে নুতন-হইলেও, ভারতে নৃতন নহে। এই একখারুভ্তি ভারতীয় শিক্ষা ও সাধনার বিশেষত্ব; ইহাতেই আমাদের জাতীয় চিন্তা ও চরিত্রের মৌলিকত্ব। বেদে, প্রাগৈতিহাসিক যুগে, ইহার অঙ্ক্র, উপনিষদে ইহার বিকাশ, পুরাণে ইহার পরিণতি। অতএব পাশ্চাতাজগতে এমার্সনের শিক্ষা ছর্বোধ্য হইলেও, হিন্দুর নিকটে সেরূপ ছর্ধিগম্য হইতে পারে না।

কিন্ত হর্ভাগ্যক্রমে হিন্দু বছদিন আপনার শাস্ত্রসাহিত্যের সঙ্কে সর্বপ্রকারের সাক্ষাৎ যোগ হইতে এই হইয়াছে; স্বতরাং যে এক-থান্তভ্তিতে তাহার জাতীর সাধনার বিশেষত্ব ও মৌলিক্ড, তাহা বর্ত্তমান-হিন্দুমগুলীমধ্যে স্বলাধিক মান হইয়া পড়িয়াছে। এইজ্জ হিন্দুও ইংরাজ এবং মাকিনের ফার এমার্সনের মন্মগ্রহণে সহজে সমর্থ হয় না। কেবল দৈবাস্থ্যহে ধাহারা কোন-প্রকারে সেই সর্ব্বজনীন একত্বের সন্ধানে চলিতে আরম্ভ করিয়াছেন, তাঁহাদের নিকটেই এমার্সনের প্রতিভা প্রকৃতরূপে আরম্বরূপ প্রকাশ করিয়া থাকে।

আমিও এই সন্ধানের পথেই এমার্সনের সাক্ষাংকার লাভ করি। যতদিন ঘোর জড়বাদী ও দৈতবাদী ছিলাম, এমার্সন্ পড়িতাম বটে, কিন্তু কিছুই বৃথিতাম না। ক্রমে যথন সংসারচক্রের তাড়নায়, শোকও নিরাশার নির্মান নিল্পেষণে, আয়শক্তির উপরে মবিগাদ হইয়া এক অথও অবৈত বিশ্বশক্তির উপরে চকু পড়িতে লাগিল; জড়েতিতনে, জীবনে-মরণে এক অরম্ভ বিধাড়েশক্তির লীলাছবি মানস্পটে, উষার উত্তিম আলোকে জগচিত্রের স্থায়, ফুটিয়া উঠিতে

লাগিল; তথনই প্রকৃতপক্ষে আমার নিকটে এমার্সনের মর্মাও প্রকাশিত হইতে লাগিল। সংসারমোহে ভ্রান্ত হইয়া ভ্রমিতে ভ্রমিতে, থাহার ঈবং সঙ্কেত পাইয়া, অন্ধকারে থাঁহার অফুসন্ধান করিতেছিলাম, এমার্সন্ তাঁহাকেই স্বহত্তে ধরিয়া আমার নিকটে আনিয়া উপ্পিত করিলেন।

ভারতীয় ব্রহ্মবিভায় এমার্সন্ আমার প্রথম শুরু। এমার্সন্ই গীতোপনিষদাদি অধ্যাত্মশারের .অম্লা শিক্ষার আমাকে দীক্ষিত করেন। এমার্সন্কে জানিবার পূর্বে এদেশের নবাশিক্ষিত সম্প্রদায়ের আর-দশজনের ভায় আমার চিত্তও পাশ্চাতা সভ্যতা ও সাধনার বাহু চাক্চিকো সম্পূর্ণ অভিভূত হইয়া ছিল। মুরোপের চরিত্র ও আদর্শকেই মানবজাতির আদর্শ বলিয়া মনে করিতাম। স্কুতরাং স্বদেশের ও স্বজাতির সভ্যতা ও সাধনা, আচার ও আদর্শ, ভাব ও সভাব, সকলের প্রতিই একটা অশ্রদ্ধা বিভ্যমান ছিল। অজ্ঞতাজনিত অশ্রদ্ধা যেরূপ উদাম হয়, এ অশ্রদ্ধাও তাহাই ছিল।

যোবনের প্রথমে অনাথ দরিদ্রশিশুর ভাষ বিদেশে-বিভূমে, পারি ও লগুনের রাজপথে, মায়ামুগ্ধ হইয়া ভ্রমণ করিতে-ছিলাম। এমার্সন্ এই প্রবাদী শিশুকে হাতে ধরিয়া, তাহার স্বদেশে আনিয়া, স্বজন-গণের মধ্যে রাথিয়া গেলেন। এমার্সনের ঋণ জ্যো শোধ দিতে পারিব না।

এমার্সন্, এই সকল গভীর অধ্যায়তত্ত্ব কোথার শিক্ষা করিলেন, এ প্রশ্নের সহত্তর দান করা সহজ নহে।

এমার্সনের পিতা ধর্মবাজক ছিলেন।

ইউনিটেরিয়ান ধর্ম্মাজকগণের পুত্তকাগারে সে সময়ে যে अकल গ্রন্থাদি সম্ভব ছিল, এমার্সনের পিতৃগৃহেও তাহাই ছিল। কিন্তু খৃষ্ঠীয় ত্রিত্বাদের থগুনে গভীর অধ্যাত্মদৃষ্টি আবশুক হয় না। এই সকল গ্রন্থও কেবল অসার তর্কযুক্তিতেই পূর্ন থাকিত। এমার্সন্ স্বয়ং ধর্ম্মাজনার জন্ম শিক্ষিত হইয়াছিলেন, স্নতরাং এই সকল বাগ্যিত্তার গ্রন্থাদি তাঁহাকে স্বল্লবিস্কৰ পাঠ করিতে হইয়াছিল, সন্দেহ নাই। কিন্তু সৌভাগাক্রমে এ সকলের দারা ভাঁহার মানসিক জীবন গঠিত হয় নাই। বালা-কালে শেকৃস্পীয়ার মিণ্টন, ডাইডেন, ইয়ং, কলিন্স, বাইরন, স্কট্ ও ওয়ার্ডস্বার্থই, ইহার স্বাপেকা প্রিয়ত্ম গুরু ছিলেন। এই মহাকবিদিগের দারাই প্রক্তপক্ষে এমার্সনের অধাায়জীবন বছলপরিমাণে গঠিত হইয়াছিল। পরিণত বয়সে ইনি জর্মান তত্ত্ববিভা ও ভারতীয় শাস্ত্রাদিও কিছু পাঠ করিয়াছিলেন, সন্দেহ নাই। ভগবদ্দীতার প্রতি তাঁহার অসাধারণ ভক্তি ছিল, ইহারও স্থন্দার প্রমাণ রহিয়াছে।

কিন্ত এই সকলের দারা এমার্সনের বুদ্ধি, রঞ্জিনী বৃত্তি ও আয়দর্পণ স্থমার্জিত হইয়াছিল মাত্র, অন্তর্জীবনের মূল উপদান-সকল তিনি প্রকৃতপক্ষে সাক্ষাৎভাবে গভীর অধ্যায়বোগের দারা, একদিকে আয়বস্ত ও অপরদিকে প্রকৃতিদেবীর স্বহস্ত হইতে গ্রহণ করিতেন।

এমার্গনের জন্মস্থান কন্কর্ড (Concord)। কন্কর্তে নদীগিরি ও বনস্থাীর . অতি আশ্চর্যা সমাবেশ দেখিতে পাওয়া যার। এমার্সনের বাড়ীর সমুথেই, রাজপথের পরণারে, কন্কর্ড-দর্শনবিভালয়ের পশ্চাতে (Concord School of Philosophy) বহুরক্ষরাজিশোভিত পর্কতশ্রেণী। তাঁহার বাটীর অব্যবহিত পশ্চাতে বিস্তীর্ণ গিরিউপত্যকা, তাহারই প্রান্তদেশে অপর এক পর্কতমালার পাদদেশ ধৌত করিয়া মূহম্ন্দর্গতিতে এক কলকলনাদিনী গিরিনদী স্কদ্র-প্রান্তব্য বহিয়া চলিয়াছে।

বসস্তে এই বিচিত্র বনস্থলী বর্ণনাতীত
শোভাধারণ করিয়া থাকে। সম্মুখস্থ গিরিপার্শ
তথন উচ্চ্ সিতজীবন তরুণতাদির বিচিত্র
বর্ণে ও গন্ধে অপার্থিব গৌরবে পরিপূর্ণ হইয়া
উঠে। পশ্চাতে প্রান্তরভূমি শ্রামনমস্থ
ত্ণপুঞ্জে স্থকোমল স্লেষমায় ভরিয়া যায়।
আতটপ্লাবিনী কল্লোলিনী যৌবনের পসরা
লইয়া বহিয়া যাইতে থাকে। আর তাহারই
তীরদেশে, সে সৌন্দর্য্যে বিমুগ্ধ হইয়া যেন,
পর্ব্বতমালা নির্ব্বাক্-নিশ্চল হইয়া অধোমুপে
সে নিরুপম রূপরাশি পান করিয়া কৃত্যার্থ
হয়'। কবিপ্রতিভা-পরিপোষণের জন্মই যেন
বিধাতা কন্কর্ডকে এমন করিয়া রচনা
করিয়াছেন।

প্রকৃতির এই বিচিত্র লীলাভূমিতে এমাস্নের অধ্যাত্মজীবন আজন্ম অতিবাহিত
হইয়াছিল। এমার্সন্ আশৈশবই নীরবে,
নির্জ্জনে, এই পর্বাত, উপত্যকা, প্রান্তর ও
কল্লোলিনীর সহচর হইয়া, তাহাদেরই মধ্যে
দিবসের অধিকাংশ সময় অতিবাহিত করিতেন। আপনার অধীত গ্রন্থাদিতে মানবকাতির যে সকল প্রাচীন গৌরবকাহিনী
ক্ষায়ন করিতেন, এই সকল গিরিনদাদির

মধ্যে কল্পনাচক্ষে তাহারই যেন পুনরভিনদ্ধ
দর্শন করিতেন। এমার্সনের পুত্রের মুথে
শুনিয়াছি যে, এই বনস্থলী এমার্সনের চক্ষে
এক মান্তাপুরীর স্থায় দৃষ্ট হইত। It was an
enchanted forest or a cloud of
witness.

There in a moment they have seen
The buried past arise:

The fields of Thessaly grew green Old gods forsook the skies.

আমরণ এমার্সন্ প্রকৃতির প্রিয়শিয় ছিলেন। স্বদেশীয় যুবকগণকে তিনি সর্বাদাই নীরবে, নির্জনে, দিনের মধ্যে অস্তত কিছুকাল, প্রকৃতির সহবাস করিতে উপদেশ দিতেন। বনে-জঙ্গলে একাকী বাইয়া কিক্রিব—কেহ এক্রপ প্রশ্ন করিলে, তিনি বলিতেন—কান পাতিয়া শুনিও—Listen। প্রকৃতির অমুশীলনসম্বন্ধে শিক্ষার্থীদিগকে তিনি ছটি উপদেশ দিতেন, এক—একাকী ভ্রমণ করিও—roam alone, অপর—একটা রোজনামচা রাথিও— keep a journal.

এমার্বলিয়াছেন যে-

In the woods a man casts off his years as the snake his slough, and at what period soever of life, is always a child.

অর্থাৎ বনে-জঙ্গলে, সর্প যেরপ আপনার থোলস ত্যাগ করে, মারুষ সেইরূপ আপনার বার্দ্ধক্যের থোসা ত্যাগ করিয়া শিশু ইইয়া যায়।

আবার—এই বনে-জঙ্গলেই চির্থোবন বিরাজ করে।

In the woods is perpetual youth. Within these plantations of God,

a decorum and sanctity reign, a perennial festival is dressed, and the guest sees not how he should tire of them in a thousand years.

আবার এইথানেই আমরা বিবেক ও বিষাদ পুনঃপ্রাপ্ত হই।

In the woods we return to reason and faith. There I feel that nothing can befall me in life,—no disgrace, no calamity (leaving me my eyes) which nature cannot repair. Standing upon bare ground, —my head bathed by the blithe air, and uplifted into infinite space, —all mean egotism vanishes. I become a transparent eyeball; I am nothing; I see all; the currents of the Universal Being circulate through me; I am part or particle of God.

এখানেও আবার সেই গভীর একছামুভূতি ! প্রকৃতি গেই একেরই বিগ্রহ । মানবপ্ত
তাঁহারই বিগ্রহ । এইজন্তই বিচিত্রতার
মধ্যেও প্রকৃতি এক । এইজন্তই ক্ষচি, স্বভাবচরিত্র, শিক্ষা ও সাধনার অশেষ বৈষম্যের
মধ্যেও মানবাত্মা এক । মানবজীবন ও
মানবীয় ইতিহাসের ঘটনাবৈচিত্র্যেও সেই
একেরই প্রকাশ । এই একের সন্ধান
ইঙ্গিতেও যিনি পাইয়াছেন, এমার্সনের মন্দ্রগ্রহণে কেবল তিনিই সমর্য ।

3:-

আজিকার ভারতবর্ষ।

9

জাতীয় আন্দোলন

ফরাদী পর্য্যটক মেতাঁ৷ কংগ্রেদ্-প্রভৃতির দথকে যে অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন, তাহার দারমর্ম নিমে দেওয়া যাইতেছে:—

দেশীয় প্রতিবাদকারীদিগের আপত্তি ও প্রাথনার কথাগুলি "ভাশানাল কংগ্রেসে"র কার্যাবিবরণী ও কার্যাপ্রক্রম হইতে সংগ্রহ করিয়াছি। বাঁহারা ইংরাজের রাষ্ট্রনৈতিক কার্যাপ্রতি অবগত আছেন, তাঁহারাই এই আন্দোলনের প্রবর্ত্তক ও পরিচালক। তাঁহারা ইংরাজি আদর্শে একটি রাষ্ট্রনৈতিক দল সংগঠনের চেষ্টা করিতেছেন। কংগ্রেসনামক বার্ষিক সভাটি এই আন্দোলনেরই
বাহ্য বিকাশ। গোড়ায়, প্রাদেশিক সভাসমিতিতে, স্থানীয় বিবিধ বিষয়ের আন্দোলন
হয়; যে সকল হঃখহর্দশার কথা সরকারকে
জানানো আবশুক, তাহার তালিকা প্রক্তঁত
হয়; সংস্কারের প্রস্তাবসকল আলোচিত
হয়। ১৮৮৫ খৃষ্টাব্দ হইতে আরম্ভ করিয়া,
প্রতি বৎসর ডিসেম্বরের শেষে, ভারতবর্ষের
কোন-না-কোন বৃহৎ নগরে এই কংগ্রেস্-

সভার অধিবেশন হইয়া আসিতেছে। এই উপলক্ষে যে সকল প্রতিনিধি প্রেরিত হয়. তাহার অধিকাংশই হিন্দু; তাহাদের পাশা-পাশি অনেকগুলি মুদলমান ও অভাভ কুত্র সমাজমণ্ডলীরও প্রতিনিধি দেখিতে পাওয়া চুইএকজন পার্শি এই অনুষ্ঠানের প্রধান উদেযাগী ও কর্মকর্তা। যাঁহারা যুরোপের সমস্ত বুত্তান্ত বিশেষরূপে অবগত আছেন, তাঁহারাই এই প্রতিবাদকার্ঘ্যের পরিচালক। এই সকল বৃত্তান্ত অবলম্বন করিয়া তাঁহারা যেরূপ পরিপাটী যুক্তিবিভাস করেন, তাহা য়ুরোপের সর্বোত্তম-শিক্ষিত ব্যক্তিদেরই অমুরূপ। সিপাহীবিদ্রোহের স্থায় ইহা কোন বিদ্রোহব্যাপার ইংরাজকে তাড়াইয়া দেশীয় পূর্কাধিপত্য পুন:প্রতিষ্ঠিত করা ইহার উদ্দেশ্য নহে। এই আন্দোলনটি দেশীয় উকিল-মোক্তার-ডাক্তারদিগের নিরুপদ্রব আন্দোলন। যুরো-পের প্রচলিত ঝুষ্ট্রনৈতিক মূলস্থতের দোহাই দিয়া, যাহাতে যুরোপীয় রাজাতত্ত্বের মধ্যে তাঁহারাও একটু স্থান করিয়া লইতে পারেন, ইহাই তাঁহাদের চেপ্তা।

১৮৯৮ অব্দের কংগ্রেসের একজন বিশিষ্ট সভ্য এইরূপ বলিয়াছিলেন:—"এই কথাটি আপনারা বিশেষরূপে মনে রাখিবেন যে, আমরা সকলেই ইংরাজ-রাজত্ত-রক্ষণের পক্ষ-পাতী। ইংরাজের বিক্তদ্ধে উত্থান করা দূরে থাক্, আমরামনে করি, ইংরাজ-রাজত্তর উচ্ছেদ হইলে, আমাদের মহাত্র্রাগ্য ও অনথ উপস্থিত হইবে। ফলত ইংরাজের প্রসাদেই আমরা জাতীয় ভাবে'র ভাবুক হইতে সমর্থ ইইয়াছি; এতদিনের পর এই সর্ব্ধ- প্রথমে আমাদের মধ্যে জাতীয় ভাবের উদ্রেক হইয়াছে। ইংরাজের প্রসাদেই আমরা জাতিভেদ ও ধর্মভেদ ভূলিতে সক্ষম হইয়াছি; ইংরাজের নিকট হইতেই আমরা একটি সাধারণ ভাষা প্রাপ্ত হইয়াছি; কেন না, এই কংগ্রেসে আমাদের সমস্ত আলোচনা ইংরাজি ভাষাতেই হইয়া থাকে। আমরা কিসের জন্ম এত অন্তুযোগ-অভিযোগ করি ?
—ইংরাজ্মলভ অধিকার, ইংরাজম্বলভ পদমর্যাদা লাভ করিবার জন্মই কি নহে ? আমরা ব্রিটিশ রাজ্যের প্রজা' এই কথা বলিবার অধিকার ও সার্থকতা লাভ করাই কি আমাদের প্রার্থনাদির মূল উদ্দেশ্য নহে ?"

এই আন্দোলনের নেতৃগণ এ সম্বন্ধে যাহাকিছু বলিয়াছেন, তাহার সার-মর্মাটি এইরূপে বাক্ত করা যাইতে পারে:—"আমরা
রাজভক্ত প্রজা; অন্ত উপনিবেশসমূহকে
যে অধিকার প্রদত্ত হইয়াছে, তাহার
অধিক আমরা কিছুই প্রার্থনা করি না;
কিন্তু আমরা চাহি, যে-সকল মূলস্ত্রের উপর
ইংরাজের স্বাধীনতা প্রতিষ্ঠিত, সেই সকল
মূলস্ত্র আমাদের সম্বন্ধেও কার্যাত প্রয়োগ
করা হয়।"

স্থাশানাল-কংগ্রেসের প্রার্থনা-তালিকা পাঠ করিলে, একজন মুরোপীয়ের মনে, প্রথমে অন্তক্ত ধারণাই হইয়া থাকে; কেন না, উহা মুরোপীয় ধরণের দাবীদাওয়া অরণ করাইয়া দেয়। কিন্তু একটু বিবেচনা করিয়া দেখিলে প্রতীতি হইবে, উহা একটু বেশিমাত্রায় মুরোপীয়—উহা জারতবর্ষের পক্ষে ঠিক থাটে না।

এই প্রতিবাদকারীদিগের দলপ্র্টি

করিতে হইলে, ভারতবর্ষে একটা সাধারণ লোকমত থাকা আবশুক। কিন্তু দেখা যায়, অতি অল লোকেই সংবাদপত্রাদি পাঠ করে ও শাসনসংক্রাম্ভ বিষয়ে ঔৎস্লক্য প্রদর্শন বিশ্ববিদ্যালয়ের শিক্ষাপ্রভাবে ও য়রোপীয়দিগের সহিত বিষয়কর্মের সংল্রবে. যদি যুরোপীয়স্থলভ চিন্তা ও মনোভাব ভারতবর্ষে সংক্রামিত না হইত, তাহা হইলে ় এই জাতীয় আন্দোলনের অন্তিওই থাকিত না। এই সকল সম্পত্তিবিহীন ও পদমর্ঘ্যাদা-বিহান বিশ্ববিত্মালয়ের উপাধিধারী দলের অতি-**बा**र्गा न। थाकित्न, এই अत्मानत्नत कान वन्हे थाकि इ ना। हेहारमत आस्मानन उ দাবীদাওয়ার সহিত আমাদের কুত্বিখ্যম ওলীর আন্দোলন দাওয়ার বিলক্ষণ সাদৃত্য দেখা যার / এই मकन अमुद्धे राक्तिग्रन नुष्ठन काया-পদ্ধতি প্রবর্তিত করিতে চাহে ও নিকাচন-মূলক মন্ত্রিসভার সংগঠন প্রার্থনা করে। ইহার দারা মধাবিত্ত শ্রেণীর यार्थमार्यन इरेवात्ररे कथा। यत्मी ताजा-মহারাজা ও যে সকল ধনাঢ্য ব্যক্তি সম্মানের উপাধি ইংরাজ-সরকার হইতে লাভ করি-য়াছে, কিংবা লাভ করিবার আশা করে, এই আন্দোলনের সহিত তাহাদের কোন সহারভূতি নাই। পকান্তরে, শ্রমঙীবি-ক্ষিনীবী প্রভৃতি নিরক্র ইতরলোকেরা স্বীর হঃধহর্দশার কারণ কিছুই বুঝিতে পারে না, স্বতরাং তৎপ্রতিকারের উপায়ও সর-कांत्रक झांनाहेट भारत ना; ठाहे, এहे আন্দোলনে তাহারা যোগ দেয় নাই। আবার, আমাদের কুত্বিভ ম্যামভোণীর

লোকেরা এ সকল বিষয়ে যেরূপ ইতর-লোকের সাহায্য প্রার্থনা করে, এথানকার সেই শ্রেণীর লোকেরা সে-সব-কিছু করে না।

নিরক্ষর দরিত্রশ্রেণীর মধ্যে মুরোপে যেরপ জাতীয়ভাবের ক্তি দেখা যায়, "জাতীয় কংগ্রেস" এই নাম-গ্রহণ-সত্ত্বেও, দেশসাধারণ জাতীয়ভাব ভারতবর্ষে কুত্রাপি দেখা যায় না।

ভারতবর্ষে ইংরাজের প্রতি যত-না তাহা অপেক। हिन्दू-यूननमान পরস্পরের মধ্যে বিবেষভাব আরও অধিক। তত্রস্থ বিভিন্ন বর্ণের লোকেরা আপনাদিগকে পরস্পরের সম্বন্ধে যেন বিদেশী বলিয়া অনুভব করে। এ বড় আশ্চর্য্যের বিষয়, কংগ্রেসের এই ক্ষুদ্র ক্তবিঅম ওলীর মধ্যে ও এই চিরাগত জাতিভেদের শ্বৃতি বিলুপ্ত হয় নাই; তবে, কতকটা ক্ষীণ হইয়া আসিয়াছে বলিতে এখনও তাহাদের মধ্যে জাতীয় একতার পূর্ণপ্রতিষ্ঠা হয় নাই। যে-দকল ভাব ও জ্ঞানের কথা প্রাচ্যদেশে কম্মিন কালেও জানা ছিল না, তাহাই প্রক্রিবাদ-কারীর দল মুদ্রাযন্ত্রের সাহায্যে ও বক্তা-যোগে দেশময় প্রচার করিতে সম্বল্প করিয়া-ছেন। এই বিরাট চেষ্টার কথা ভাবিতে গেলে একেবারে হতবুদ্ধি হইয়া যাইতে হয়। আবার ইংলভের জনসাধারণ অনুকূল না থাকায় "স্বদেশীয়" দলের পক্ষে কার্যাসিদ্ধি আরও কঠিন হইয়া পড়িয়াছে। ইংরাজ-দিগের মধ্যে আমূল সংস্কারের একটি কুদ্র দল আছে, তাহারাই এই শিক্ষিত ভারত-वामी मिरशत मावीमा अया मामरत शहर करत। কিন্তু ইংব্রাজজাতীয় অধিকাংশ লোকই ইহার

ছই-ভিনটি উদারনৈতিক ও विद्राधी । **८**ছটো-থাটো খুষ্টসম্প্রদায়ের জনকয়েক ধর্ম-প্রচারক ছাড়া, ভারতবর্ষেরও সমস্ত ইংরাজ একবাক্যে অনিয়ন্ত্রিত প্রভূত্বেরই পক্ষসমর্থন "মদেশী" আন্দোলনের পক্ষপাতী করেন। যতগুলি দল আছে, আমি তাহাদের সকল দলের মধোই গিয়াছি; তাহাদের মধো কেবল আমি ছইটি ইংরাজকে দেখিতে পাইলাম। সেই ছুইটি ইংরাজকে উহাদের 'জাত-ভাই"রা অঙ্গুলীনির্দেশপূর্বক দেখাইয়া একজন ইংরাজমহিলা আমাকে वित्राहितन-"এই नकन इष्टे नाटकत्रा ভূসম্পত্তির অংশভাগী হইবে, ইহাই তাহাদের একমাত্র অভিদক্ষি।" ইংরাজমহলে সর্বতিই ৰাঙালী "বাবু"দিগের প্রতি অবজ্ঞ। প্রকাশ করা হয়। প্রতিবাদকারী শিক্ষিত দেশীয়-দিপের উহাদিগেরই यदश मः था। সমধিক।

ভারতবর্ষীয়-ইংরাজের সংবাদপত্রসকল এইরূপ ভাণ করে, যেন তাহারা স্থাশানাল কংপ্রেসের কোন সংবাদই রাথে না; তাহারা শুধু এই কথা বলে, ভারতবর্ষসম্বন্ধে "স্থাশা-নাল" অর্থাৎ "স্বজাতীয়" এই শন্দ প্রয়োগ করিবার কোন অর্থ নাই।

ইংরাজ-কর্তৃপক মনে করেন, কংগ্রেম কথনই সমন্ত ভারতবর্ষের মুখপাত্র হইতে পারে না। তা ছাড়া, তাঁহারা বলেন, কোম্পানীর শাসন রহিত হইবার পর হইতে, বরাবর ভারতবর্ষে সংস্কারকার্যা চলিয়া আসি-য়াছে এবং এখনো তাঁহারা সংস্করণের জ্ঞা উন্থ রহিয়াছেন; তবে কিনা, যে-কোন সংস্কারই হউক না কেন, তাহার প্রথম भातक यमः जांशास्त्र बात्राहे ध्यवर्किक हम, हेशहे जांशास्त्र हेम्हा ।

ইংলতে ও ইংরাজ-সামাজ্য-ভুক্ত উপ-নিবেশসমূহে কতকগুলি মূলস্ত্র বে অফ্লেশ কার্য্যত প্রয়োগ করা যাইতে পারে, সেপ্কে তাঁহাদের কোন বিরোধ নাই; তবে তাঁহারা বলেন, তাহার জন্ম ভারতবর্ষ এখনো পরিপক Sir Alfred Lyall ইংরাজ-হয় নাই। সরকারকে সতর্ক করিয়া দিয়া এইরূপ বলিয়া-ছেন:--"তাঁহারা যেন উদারনীতির বাডা-বাড়ি ক বিয়া স্বায়রশাসনের ভারতবর্ষকে না দেন। ভাহা প্রজায়ত্ত শাসনতন্ত্র ক্রমে রাষ্ট্রবিপ্লবে পরিণত হইবে ৷

প্রতিবাদকারীদিগেরই সাক্ষা অনুসারে, ইংরাজ-সরকারের প্রভাব ও কর্তত্বের বলেই, ভারতের একতা সাধিত হইয়াছে। অধি-क छ. हे : ब्राक ब्राक शुक्र सब्दा এहे कथा वालन. যে মুহূর্ত্তে ইংরাজের কর্তৃত্ব বহিত হইবে, সেই মুহুর্তেই এই একতাও সম্ভৰ্হিত হইবে। এইজন্তই "দমকালীন-পরীকা" স্থাপনসম্বন্ধে ইংরাজ-সরকার বিধিমত-প্রকারে দিতেছেন। এই পর্যান্ত তাঁহারা স্বীকৃত হইয়াছেন যে, নির্কাচনের নিয়মে মন্ত্রিসভায় কতকগুলি দেশায় সদস্ত গ্রহণ করিবেন; কিন্তু অরাজকতার ছুতা করিয়া তাঁহারা ভারতবাদীকে স্বায়ত্তশাসনের অধিকার **पिट** अथीकुठ **इ**हेब्राट्स्न। সংস্কারা-কাজ্ফী ভারতবাদীদিগের শিক্ষাপটুতা ও কার্য্যোভ্যম সম্বন্ধে তাঁহাদের কোন মত-वित्रांध नारे ; তবে छांशांत्रा वर्णन, रेश्त्रांब-দিপের এমন কতকগুলি বিশেষ গুণ আছে,

যাহা ভারতবর্ষের উন্নতিপক্ষে নিতাস্তই আবশ্রক। Sir Alfred Lyall বলেন-"আমরা ভারতবর্ষে আদিয়াছি রাষ্ট্রীয় স্থনীতি निशाहेवात अग्र, निथिवात अग्र नट्ट।" ভात-তের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত, সমন্ত ইংরাজ রাজপুরুষেরা, সমন্ত ইংরাজ, এই কথারই পোষকতা আর অধিক দৃষ্টান্তের প্রয়োজন নাই, একটি इत्त्राकि मत्रान्भरज्ञ मन्भानक सामारनत নিকট যে কথা ব্যক্ত করিয়াছিলেন, তাহার উল্লেখ করিলেই যথেট হইবে। আনরা একটু উদ্ধাইয়। দিয়া ইংরাজের মনের क्या वाहित क्रियाछि, त्महेथात्नरे त्मरे मव উক্তির মধ্যে পরম্পর নৈকটা লক্ষিত হই-য়াছে। "অবখ্য, ভারতবাদারা এ কথা বলিতে পারে যে, তাহারা আমাদিগকে তাড়াইতে ইক্সা করে না, কেন না, আমরা তাহাদের পকে নিতান্তই আবশুক। আমাদের থাকাতে যে স্বিধা,সে স্থবিধাটুকু ভারতবাদীরা থোয়াইতে চাহে না, তাহার। আমাদের ছারা ওধু 'পুলিদ্-মানে'র কাজ করাইয়া লইতে চাহে। তাহারা রাষ্ট্রদথকীয় তত্তকথার শিক্ষাগুরু হইতে চাহে, এবং ভারতরাজ্যের লেখনী ও বাকু-যন্ত্র নিজায়ত্ত করিতে চাহে। আমাদের ममख अधिकात यनि जाशानिशतक ছाङ्गि नि, তবেই তাহাদের মনস্বামনা পূর্ণ হয়। রূপ হইলে, ব্রাহ্মণ-যুবকেরা ব্যার মতো আসিয়া আমাদের কর্মপ্রাথিগণের স্থান অধি-কার করিবে।

কিছু ইহা জানা উচিত যে, আমরা যদি আমাদের নিজস্ব অধিকার রক্ষা করি, তবেই ভারতের সাধারণ স্বার্থ রক্ষিত হইবে। কেন না, আমাদের স্বজাতীয়েরাই এদেশকে একতা, শাস্তি, স্থায়বিচার ও স্থাতি প্রদান করিতে সক্ষম। আর, আমরা যদি এই দেশের প্রভূ হইয়া থাকি, তবেই সম্যক্রপে এই কর্ত্তবাটি পালন করিতে আমরা সমর্থ হইব।"

—"তবে কি তোনার বিশাস, ভারতে যুরোপীয় ত্রাবধান আবগ্রুক ?"

— "না, যুরোপীয় নহে—ইংরাজের ত্রাবধান আব্থক, স্নীতিন্লক ত্রাবধান আব্থক।"

প্রারই উক্তরণ প্রত্যুত্তর ইংরাজনিগের মুথে শুনা যায়। কেন না, ইংরাজেরা মুরো-পীর দৃষ্টিতে কিছুই দেখিতে ভালবাদে না; মতাত্য পাশ্চাতাজাতির সহিত উহারা এক-দলভুক্ত হইতেও চাহে না। তাহাদের হারা ভারতে যে সভ্যতাবিতার হইতেছে, তাহাদের মতে, উহা 'ইঙ্গ-ভাক্দন'-সভ্যতা।"

এক্ষণে আমরা ইংরাজ শাসনপ্রকৃতির
নিগৃত্তব্ব অবগত হইলাম; কিসে ইংরাজ
কর্মচারীদিগের স্বার্থদাধন ও বিটেনীর ধনভাণ্ডারের পরিপুর্ত্তি হয়, তাহাই এই শাসনপদ্ধতির পক্ষপাতিগণের একমাত্র তিস্তা।
তাঁহারা বলেন, পার্লেমেন্ট্-প্রতি অপেক।
"জ্ঞানালোক-সম্বিত অনিয়্ত্রিত কর্ত্ব"ই
ভারতের উন্নতিদাধনপক্ষে শ্রেষ্ঠতর
উপায়।

ফলত, ইংরাজ-সরকার আধুনিক যুরোপের শাসনসংক্রান্ত মূলস্ত্রগুলি মানিয়।
চলেন এবং আসিয়াবাসিস্থলভ পুরাতন পদ্ধতি
অনুসারে প্রজালোষণনীতি অনুসরণ করাও
উচিত বোধ করেন না। প্রতিবাদকারীদিগের সহিত তাঁহাদের মূলে কোন মত-

ভেদ আছে, এন্ধপ বোধ হন্ন না; ধাহা-কিছু মতভেদ, দে কেবল পদ্ধতি লইয়া ও পাত্রাপাত্র অইয়া। একণে ইংরাজশাদন ভারতবর্ষে পূর্ণবলে প্রতিষ্ঠিত; কেন মা, ভারতবর্ধ স্বাতি-ভেদে বিভক্ত এবং ইংলণ্ডের লোক-মতও বর্ত্তমান শাসনপদ্ধতির সম্পূর্ণ অমুকৃষ। শ্রীজ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।

সার সত্যের আলোচনা।

ভিতর-মহলে প্রবেশের উদেযাগ।

পূর্ব প্রবন্ধের শেষভাগে সংক্রেপে একটি কথা বলা হইয়াছিল এই যে, "আয়ার একছ জ্ঞেয়স্থানে অর্থাৎ জ্ঞানচক্ষ্র সম্মুখে দেখিতে হইবে। বৃহৎব্রহ্মাণ্ডকে একীভূত করিয়া দেখিতে হইবে; বৃহৎব্রহ্মাণ্ডকে একীভূত করিয়া দেখিতে হইলে হিরগ্রম কোষে লক্ষ্য নিবিষ্ট করা আবশ্রক।" এই কথাটির আশপাশের পরিধিমহলে ঘোরাফেরা হইয়াছে অনেক—একলে উহার ভিতর-মহলের কপাট উদ্ঘাটন করিবার সময় উপস্থিত হইয়াছে, তাহারই চেষ্টা দেখা যা'ক্।

পোঁট্লা-পুঁট্লি বাধিয়া যাত্রিগণ প্রয়াণ-পথে চলিয়াছেন—অতি উত্তম। কিন্তু তাঁহাদের উদ্দেশ্ত কি ? উদ্দেশ্ত হ'চেচ গম্যান্থানে যাওয়া। গম্যান্থান কোন্ স্থান্থান কান্দ্রান্থান হ'চেচ আনন্দ;—নিম্মল আনন্দ, স্কাগ আনন্দ, প্রশাস্ত আনন্দ, পরমানন্দ। যাওয়া হইতেছে কোন্ পথ দিয়া ? তম্বজ্ঞানের পথ দিয়া। তম্বজ্ঞান-পথের পাথেয়ন্মপল কি ? পাথেয়-সম্বল হ'চেচ মূলতম্ব। মূলতক্ব কাহাকে বলে ? মূলতক্ব হ'চেচ দেনই তত্ত্ব, যাহা তম্বজ্ঞানের অম্পীলনের

সময় গোড়াতেই (অর্থাৎ পহিলা নশ্বেই)
পীকার্যা। দৃষ্টাস্ত দেপাও। জ্ঞাত্জানজ্ঞেরের ঐকা আয়ুজ্ঞানের মূলতত্ত্ব; কেন না,
আয়ুজ্ঞান বলিবামাত্রই বুঝায় যে, সে-জ্ঞানের
জ্ঞাতাও আপনি—জ্ঞেয়ও আপনি। তবেই
হইতেছে যে, আয়ুজ্ঞানের অহুশীলনকালে
জ্ঞাত্জানেজ্ঞরের ঐকা গোড়াতেই স্বীকার্যা;
এইজ্লা বলিতেছি যে, জ্ঞাত্জ্ঞানজ্ঞেরের
ঐকা আয়ুজ্ঞানের মূলতত্ব। আয়ুজ্ঞানের
মূল-তত্ত্ব—কিন্তু আর-আর জ্ঞানের কোন্
তত্ত্ব গাহা আয়ুজ্ঞানের মূলতত্ত্ব, তাহা
সকল জ্ঞানেরই মূলতত্ব। প্রমাণ কি ?
প্রণিধান করা হো'ক্:—

জ্ঞানের কার্যাই হ'চ্চে সত্যকে প্রকাশ করা। সত্য কি প না, যাহা "আছে" বলিয়া গ্রুব প্রতীয়নান, তাহাই সত্য। কিন্তু "আছে" দেখা-কথা। দেখা-কথা'র মূলে হওয়া-কথা থাকা চাই; আছে'র মূলে আছি থাকা চাই; জগতের মূলে আছা থাকা চাই। অতএব এটা যথন স্থনিশিত যে, জ্ঞাভ্জ্ঞানজ্ঞেরের ঐক্য আছার মূলতত্ব, তথন সেইসঙ্গে এটাও স্থনিশ্চিত যে, আছার ঐ বে মূলতত্ব ভ্রাভ্জ্ঞানজ্ঞেরের ঐক্য,

উহা দৰ্শ্বজগতেরই মূলতত্ব; কেন না, দৰ্শজগতেরই মূলে আত্মা জাগিতেছে। একটু
ভাবিয়া দেখিলেই বৃঝিতে পারা যায় যে,
আত্মাই সত্য এবং সত্যই আত্মা। ফলেও
দেখিতে পাওয়া যায় যে, বস্তুসকলের উপরেউপরে ভাসিয়া বেড়াইলে সত্যে পৌছানো
যায় না—বস্তুসকলের আত্মাতে ডুব দিলেই
সত্যের উপলব্ধি পাওয়া যায়।.

এ কথা খুব ঠিক্ যে, জ্ঞাত্জানজেয়ের ঐক্য সর্বজগতেরই মূলতন্ব, কিন্তু ঐ মূল-তন্ধটি মস্তিক্ষের ভাঙােরে চাবি দিয়া রাধি-বার জন্ম হয় নাই—কাজে খাটাইবার জন্মই ইইয়াছে। কোন্স্থানে খাটাইতে হইবে ? ঐ মূলতন্ধটির প্রয়োগ-ক্ষেত্র হুইটি—

একটি হ'চেচ কুদ্ৰস্থাও, আরেকটি হ'চ্চে বৃহৎত্রন্ধাণ্ড। কোন্ কাজে ধাটাইতে **इ**हेर्द ? উहारक कूप्रविकार ख করিয়া ক্ষুদ্রস্নাণ্ডের সার্ব্বায়িক একা অবধারণ করিতে হইবে; বৃহংব্রহ্মাণ্ডে প্রয়োগ করিয়া বৃহৎব্রন্ধাণ্ডের সার্ব্বাত্মিক ঐক্য অবধারণ করিতে হইবে। এই স্থানটিতে টিপ্রনীচ্ছলে একটি কথা বলিয়া রাখা নিতাস্তই আবশুক মনে করিতেছি; কথাটি এই:---বৃহৎব্রশাওকে বৃহৎব্রশাও বলা হইতেছে ভদকেবল কুদ্রস্থাণ্ডের সহিত তুলনার অমুরোধে; প্রকৃত কথা এই যে, বৃহৎ-ব্রহ্মাণ্ডের নামই সর্ববজ্ঞগৎ, এবং সর্বজগতের নামই বৃহৎ ব্রহ্মাণ্ড। সক্ষলগতের বাহিরে তো আর দিতীয় জগং থাকিতে পারে না— র্হংত্রশাণ্ডের বাহিরে কুত্রত্রশাণ্ড থাকিবে কেমন করিয়া? কুত্রব্রমাও বৃহৎব্রসাতের বাহিরে নাই—কিত্ত আছে তাহাতে আর ভূল নাই; কেন না, কুদ্রব্রন্ধাণ্ড আমরা আপনারাই। তবেই হইতেছে যে, কুদ্র-ব্রন্ধাণ্ড বৃহৎব্রন্ধাণ্ডের অস্তর্ভুতি।

এই যে কথাগুলি বলা হইল, ইহার আদ্ধি-সন্ধি প্রদেশগুলা ভাল করিয়া পর্য্যবেক্ষণ করিয়া দেখা যা'ক।

বলিলাম যে, কুদ্রকাও বৃহৎত্রকাণ্ডের বাহিরে নাই-ভিতরে আছে; এ যাহা বলিলাম, এটা এক হিসাবের আর-এক হিসাবের কথা এই যে, রুহৎব্রহ্মাণ্ড ও কুদ্রসাণ্ডের ভিতরে আছে। গল্পছলে কথিত হইয়াছে যে, বালক-কৃষ্ণকে মাটি থাইতে দেখিয়া যশোদা-মাতা তাঁহাকে যথন হাঁ করিতে বলিলেন, তথন বালক মেমি হাঁ করিল, যশোদা-মাতা কি দেখি-লেন ? তিনি দেখিয়া অবাক—যে, সমস্ত বিশ্বস্থাও সেই কুদ্র বালকটির উদরের একথার তাৎপর্য্য আর-কিছু অভান্তরে। না—সার্বাত্মিক ঐক্য। পূর্বে বলিয়াছি যে, মমুষ্যশরীরে একই সার্ব্বাত্মিক এক্য मछत्कं त्यागामत्न উপविष्ठे, क्षमत्त्र मिःश्मातन উপবিষ্ট, নাভিকেক্সে কর্মাসনে উপবিষ্ট। ইহাতে প্রকারাস্তরে বুঝাইতেছে এই যে, শ্রীরের প্রত্যেক মশ্মস্থানে সমস্ত শ্রীর অন্তর্ত। তার সাকী—যথন মাথা কাজ করে, তথন মাথার মধ্য দিয়া সমস্ত শরীর কাজ করে; যখন হাদয় কাজ করে, তথন হৃদয়ের মধ্য দিয়া সমস্ত শরীর কাজ করে; যথন হস্তপদ কাজ করে, তথন হস্তপদের মধ্য দিয়া সমস্ত শরীর কাজ করে। হইল যে, শরীরের প্রত্যেক মর্শ্মগ্রন্থির অভ্য-ন্তরে সমস্ত শরীর জাগিতেছে।

একটি লোকপ্রসিদ্ধ কথা যে, পরমাত্মা ঘটে-ঘটে বিরাজমান, এ কথার অর্থও তাই। সার্বাত্মিক ঐক্যস্থতে কুদ্রকাণ্ডের মর্ণ্মে-মর্মে বৃহৎব্রহ্মাণ্ড জাগিতেছে বলিলেই বুঝায় যে, কুদ্রস্নাত্তের অধিষ্ঠাতা জীবাত্মার অভান্তরে বৃহৎব্রমাণ্ডের অধিষ্ঠাতা প্রমায়া ক্ষাগিতেছেন। এখন জিজ্ঞাস্ত এই যে, তাহাই যদি হইল, প্রমাত্মা যদি ঘটে-ঘটে বিরাজ-মান—তবে সাধনভজনের প্রয়োজন কি ? পর্মাত্মকে লাভ করিবার জ্লাই তো সাধন-ভজন: তিনি যদি সাধকের কদয়ের অভান্তরে আছেন—তবে তো তিনি সাধকের মুঠার মধোই আছেন; আবার কেন তবে সাধন-ভজন ? তুমি যে রত্ন চাহিতেছ, তাহা তোমার আঁচলে বাঁধা রহিয়াছে—তবে কেন তাহার জন্ম এতশত সাধাসাধনা ? এ কথার একটা মীমাংদা করার নিতান্তই প্রয়োজন। ইহার মীমাংসা এইরপ:--

তুমি যে বলিতেছ, প্রমায়াকে লাভ করিবার জন্ম সাধাসাধনার প্রয়োজন কি ? "লাভ করা" বলিতেছ কাহাকে ? লাভ করা অর্থাৎ পাওয়া। চাওয়া বাতিরেকে "পাওয়া" কথাটার কোনো অর্থ ইইতে পারে কি না ? মনে কর যে, ফিন্কি-ফিন্কি রৃষ্টি পড়িতেছে—আর সেই সময়ে একজন চ্ফার্স্ত পথিক এক-গভূষ জলের জন্ম হাত বাড়াইল; কিন্ত তাহার অঞ্জলিপুটে এক-কোটা জল পড়িল, আর, তাহার পরেই রৃষ্টি ধরিয়া গেল। পথিক বলিল—"জল পাইলাম না"; তাহার কিয়ৎ পরে মুষলগারে রৃষ্টি আরম্ভ হইল; পথিক হাত পাতিবানাত্রই এক-পঞ্জ জল পাইল। তথন পথিক বলিল—

'জল পাইয়া প্রাণ পাইলাম।" পূর্ব্বে তাহারই হত্তে এক-ফোঁটা জল নিপতিত হইয়াছিল এবং এক্ষণে তাহারই হস্তে এক-গণ্ড,য জল নিপতিত হইল। অথচ সেবারে পথিক বলিয়াছিল-"জল পাইলাম না", এবারে বলিল—"জল পাইয়া প্রাণ পাইলাম"। ছই বারের চুইরক্ম কথার তাৎপর্যা কি ? সেবারে পথিক ঘাহা চাহে নাই, তাহাই তাহার হস্তে পড়িয়াছিল; এবারে পথিক যাহা চাহে, তাহাই তাহার হত্তে পড়িল; —এই তাহার তাংপর্ণা। পাওয়ার সহিত চাওয়ার এইকপ ঘনিষ্ঠ সম্বন্ধ। চাওয়া তিনরূপ:--প্রাণের চাওয়া, মনের চাওয়া এবং বৃদ্ধির চাওয়া। প্রাণের চাওয়া হ'চেচ ব্যাকুলতা, মনের চাওয়া হ'চেচ অনুসন্ধান, বৃদ্ধির চাওয়া হ'চেচ মনে কর, ত্রিপান্তর মাঠের অবধারণ। মাঝখানে পথিকের প্রাণ জলের জন্ম ব্যাকুল হইল; মন জলের অমুসন্ধানে প্রবৃত হইয়া সম্বাথে একটা নদীর মত দুখা দেখিল, কিন্তু তাহা মরীচিকাও.হইতে পারে. জলও হইতে পারে। মন বলিভেছে, উহা মরীচিকা কি জল, তাহা আমি জানিও না, জানিতে চাহিও ना ; करनरे आयात श्रासन- मतीिकाय আমার এয়োজন নাই, অতএব উহা জ্লই। শেকস্পিয়র এক স্থানে ব্লিয়াছেন "এটা তোমার মনের ইচ্ছাতুবায়ী চিস্তা—ভোমার Wish is father to thy thought, 乾睡乾 ভোষার চিভার জনয়িতা।" মন বাসনা-কেই দ্বীতে বরণ করিয়া স্তাাস্তোর मिटक कितिया 3 ठाटर ना । वृद्धि कि क मदनत মন-ভুগানিয়া কথায় সস্তোষ মানিতে পারে ना। वृक्ति वान, "भाहा तिथा गाहेएजहा, जाही

সতাসতাই জল কি মরীচিকা, তাহা সর্বাত্রে বিবেচা। এথন বক্তবা এই বে, ব্যাকুলতার ধাপ হইতে অমুসন্ধানের ধাপ এবং অমুসন্ধানের ধাপ হইতে অবধারণার ধাপে ক্রিয়া যথন ইপ্তবস্তুকে হত্তে নাগাল পাওয়া গায়, তথন তাহারই নাম প্রকৃত পাওয়া। আপাতত ভক্তদিগের প্রাণের চাৎয়া সভাবত কোন্দিকে উমুথ হয়, তাহা পরীকা করিয়া দেখা যাক্, তাহার পরে তাহার তরামুল্যানে প্রবৃত্ত হণ্যা যাইবে।

দিঙনিরূপণ।

এটা একটা দেখা কথা যে, ভক্তগণের প্রাণের চাওয়া যথন তাঁহাদের ইপ্তদেবতার প্রতি উন্মূপ হয়, তথন তাঁহাদের চক্তের চাওয়া স্বভাবতই আকাশের প্রতি নিনিপ্ত হয়। ভক্তেরা প্রনেশ্বরকে সর্ব্ববাপী জানিয়াও তাঁহাকে ডাকিবার সময়, বা অরণ করিবার সময়, বা ভজনা করিবার সময় কর- জোড়ে উপরে দৃষ্টিপাত না করিয়া ক্লাস্ত থাকিতে পারেন না। তা ছাড়া, সৃষ্টির এক আশ্চর্যা রহস্ত দেখিতে পাওয়া যায় এই যে. বুক্ষের মূল ভূতাল প্রোথিত; সরীস্থপ জন্ত-দিগের শরীর ভপুষ্ঠ অবল্টিত: গো-মেযা-দির শরীর পৃথিবী হইতে অর্কোন্নত: মহুষোর শরীর পূর্ণসমূলত। মহুষা বুকের ঠিক উল্টা-পিট এবং অভাভ জন্মরা চয়ের মধাবর্তী। তার সাকী—বুকের মস্তক নিয়মখ্য হস্তপদ বা ডালপালা উদ্ধন্থ, মন্তুযোর মন্তক উদ্ধ-মথ, হস্পদ নিয়মথ। সমুসোর মস্তক যেমন সভাবতই উর্দ্ধমণ, ভক্তগণের প্রাণের চাও-য়াও তেমনি স্বভাবতই উর্জম্থ। উপনিষ্ৎ-শাসে স্পষ্ট লেখা আছে যে, "ভদিষ্ণো: প্রমং পদং সদা পশুন্তি সূর্য়ঃ দিবীব চক্ষরাত্তম।" সেই বিষ্ণুর পরম স্থান সর্বদা দেখেন সুরিগণ —গগ্ৰমগুলে যেন চকু আতত। গগনমগুল যেন চা মান ।*

 গগনে ভাষাসম্বন্ধে দুইটিকৈথা কক্ষর। প্রথম কথা এই যে, আকাশশকের প্রকৃত অর্থ গগন নহে ; অংকাশশকের প্রকৃত অর্থ ইংরাজিতে যাহাকে বলে ২০৪ ৫। তেমনি লৌ-শকের মর্থ ৪০৮০ে বা আকাশ নহে : দেন-শক্তের অর্থ aky বা henyon। এইকল্ম "দিবি"-শক্তের অর্থ আমি "আকাশে" না করিবা, করিবাম "গগন-মণ্ডলে"। দুঃথের বিষয় এই যে, স্বর্গীয় প্যাতনাম। রাছেন্দলাল মিত্র পাতঞ্জল-যোগশাস্ত্রের ইংরাজি অনুবাদ করিতে গিয়া স্বর্চিত পুস্তকের স্থানে স্থানে আকাশ শক্ষের অর্থ করিয়াছেন aky। ঘটাকাশ কি ঘটাবচ্ছিন্ন sky ? ঘটাকাশ-শব্দের অর্থ ঘটাবচিছন্ন apace, ভাভাতে আর সন্দেহমার নাই। শাস্ত্রীয় বচনসকলের ঐরূপ বিপরীত অর্থ ঘটা-ইলে শান্তের প্রাণে যে কিরুপ মন্দ্রান্তিক আঘাত করা হয়, তাহা বলিবার কথা নহে। অতএব, শান্তের অফুবাদ ক:ববার পূর্কে কোন শক্ষেব কোন্টি মুগা অর্থ—কোন্টি গৌণ অর্থ—কোন্টি আদিম অর্থ—কোন্টি আধুনিক অর্থ-কোনটি বাঙালি অর্থ-কোনটি সংস্কৃত অর্থ - এট সমস্ত বিষয় পুঝামুপুঝারূপে পর্যাবেক্ষণ, পরীক্ষা এবং অনু-সন্ধান করির। দেখা অমুবাদকের নিভাস্তই কর্ত্তবা। সংস্কৃতশব্দের বাঙালি অর্থ এবং সংস্কৃত অর্থের মধ্যে অনেক স্থলে প্রভেদ বিলক্ষণ দেখিতে পাওলা বার। উপস্থাস্থ্রের বাঙালি অর্থ উপকথা, সংস্কৃত অর্থ hypothesis। যদি বল "কোণা হইতে পাইলে ?" ভবে শ্রবণ কর :-- স্থাস-শব্দের অর্থ স্থাপন করা। স্থন্ত ধন কি ? না, যাহাঁ আপাতত কোনো ব্যক্তির হল্তে স্থাপন করা যার : সে ধন কাহার প্রকৃত প্রাপ্য, তাহা পরে বিচাধ্য। উপস্থাস কি ? না, যে কথা উপস্থাপিত করা যায় অর্পাৎ আপাতত আনিয়া দাঁড করানো হয় :—তাহার সত্যাসত্য পরে বিচার্যা। hypo = উপ, thesis = ছাপন বা স্থাস। hypothesis = উপস্থাপন বা উপস্থাস। পুঁ খিগত বিদার প্রধান একটি দোন এই যে, "বাহা পু'ষিতে পাওয়া যায় না, তাহা নিখ্যা জন্মনা, স্বতরাং উপক্থারই সামিল" এইরূপ একটি ধারণা। বঙ্গায় সাধুভাষার সূব প্রণাতারা পুষিগত বিবারে বিদাবাগীশ ছিলেন। তাহারা বৈজ্ঞানিক hypothesisএর মূল্য কিছুই বুঝিতেন না। স্বতরাং hypothesis বা উপস্থাস তাহাদের নিকটে মিথ্যা জল্পনা ছাড়া— উপক্ষা ছাড়া— মার কিছুই ভূইতে পারিবার দঙ্কাবনা ছিল না। কিন্তু সংস্কৃতগ্রন্থে "যদেতৎ জয়া উপজ্জুম্" ইহার

ঈশর সর্ধব্যাপী—অথচ আমরা তাঁহাকে প্রাণ ভরে' ডাকিবার সময় স্বভাবতই উপরে দৃষ্টিপাত করি, ইহার কারণ কি? ইহার কারণ ছই-এক ছত্তে বলিয়া বুঝাইবার কথা নহে; অতএব এবারে এইথানেই বিশ্রাম করা বিধেয়।

শ্রীদিজেন্দ্রনাথ ঠাকুর।

বক্তিয়ার খিলিজির বঙ্গবিজয়।

" ર

অতি পুরাকাল হইতে পৌগুরদ্ধনরাজ্যের স্থাধ্বর্যের কথা ভারতবর্ষে স্থপরিচিত ছিল। পদ্মাবতীর তীরবর্ত্তী উত্তরবঙ্গের উর্ব্বরক্ষেত্র ধনধাতে পরিপূর্ণ বলিয়া পার্কত্য অসভাজাতির উপদ্রবের অভাব ছিল না। তালারা সময়ে সময়ে উত্তর ও পূর্কাঞ্চল হইতে সহসা আপতিত হইয়া দেশলুগুন করিয়া পলায়ন করিত। এই উপদ্রব নিবারণের জন্ত উত্তর-বঙ্গের অধিপতিকে নিয়ত মুদ্ধবিগ্রহে লিপ্ত থাকিতে হইত। উত্তরবঙ্গের পূর্কাংশে দেক্কালের কামরূপরাজ্য করতোয়া-নদার পূর্ব্ব-

তীর পর্যান্ত বিস্তৃত ছিল। কামরূপের সহিত্ত পোণ্ডুবর্দ্ধনরাজ্যের যুক্রিগ্রহের অভাব ছিল না। এই সকল বিপ্লবে নিয়ত বিপর্যান্ত হইয়া উত্তরবঙ্গ দীর্ঘকাল শান্তিম্বথে বঞ্চিত থাকিয়া গোড়ীয় হিন্দুসামাজ্যের অধিকার-ভুক্ত হয়। তৎকালে বিহার, মিপিলা, রাঢ়, বাগড়ী, বঙ্গ ও বরেক্স এক শাসনক্ষমতার অধীন হইয়া আর্যানির্কের পূর্কপ্রান্তের বিখ্যাত সামাজ্য বলিয়া পরিচিত হইয়াছিল। এই সামাজ্যের শাসনকৌশল ও বাহুবলের কথা এখনও কোন কোন পুরাতন খোদিত-লিপিতে দেখিতে পাওয়া যায়। সে সকল

অর্থ "এই বাহা তুনি উপস্থান করিলে বা উপস্থাপন করিলে বা আনিয়া গাঁড় করাইলে" এ ছাড়া আর কিছুই হইতে পারে না। hypothesis তো আর গাছে ফলে না;—বাহা আনিয়া গাঁড় করানো হয় এবং যাহার সত্যান্ত্য পরে বিচার্যা—তহোরই নাম hypothesis। আমার জ্ঞানে আমি কোনো সংস্কৃত্যক্ষে উপস্থাসন্দ উপক্থা অর্থে ব্যবহৃত হইতে দেখি নাই। আমানের সেকালের আরব্য উপস্থাসের নাম কথাসরিংসাগর; তা বই, তাহার নাম উপস্থাসসরিংসাগর নহে। সংস্কৃতভাষার উপাখ্যান বটে উপক্থারই সভোদর। কিছু উপস্থাস-কথাটা (হেতু, নিগমন, সিদ্ধান্ত, দৃষ্টান্ত প্রভৃতির স্থায়) স্থায়শান্ত্রের নিজাধিকারের গণ্ডির ভিতরকার কথা, তাহার অর্থ উপক্থা হইতেই পারে না। উপন্যাস তো ন্যায়শান্ত্রীয় কথা; অনেকানেক লৌকিক ব্যবহায়্য সংস্কৃতকথার অর্থ বাংলা ভীষার উপটাইরা দেওরা হইয়াছে। মুণা-শন্দের অর্থ কৃপা, নিম্পুণ-শন্দের অর্থ নিশ্ব নিম্পুণ-শন্দের অর্থ আনেকে বোকেন এই যে, বাহার বেয়া নাই। মুণাত-শন্দের গণি অর্থ নিন্দিত—তাহা তো হইতে পারে। ইংরাজিতেও বলা হইয়া থাকে pitiable case, miserable wretch ইত্যাদি। I pity you একথার ঠিক্ অর্থ এই বে, আনি তোমাকে মুণা করি। কিন্তু I hate you একথার অর্থ সভস্ত। মুণা এবং ছেবের মধ্যে বিশাল প্রভেগ বাহারা তিন শন্দে এক শ করিয়াছেন, ছই ব'কে এক ব করিয়াছেন, মুই ন'কে এক ন করিয়াছেন, উহিরা বে, উপন্যাস এবং উপক্থার মিশাইয়া, মুণা এবং বেরে মিশাইয়া, আহালে এবং গগনে মিশাইয়া থিচুড়ি পাকাইবেন, তাহাতে আক্রয় কিছুই নাই।

কবিতানিবদ্ধ স্থপাঠ্য বর্ণনায় নানা অতি-শয়োক্তি প্রবিষ্ট ইইয়া থাকিলেও, তাহার মলে কিছ-না-কিছু সত্যসংস্রব থাকা অসম্ভব হইতে পারে না। কিন্তু গৌড়ীয় হিন্দুসান্রা-জ্যের এই প্রবল প্রতাপ দীর্ঘকাল অকুন-ভাবে বর্ত্তমান থাকা বিশ্বাস করা যায় না। পাল-নরপালগণের সহিত সেন-ভূপাল-গণের সামাজ্য লইয়া যে যুদ্ধকলহের স্ত্র-পাত হয়, ভাহাতে গৌড়ীয় হিন্দুসামাজ্য অবার বিপ্লবের লীলাভূমি হইয়া উঠিয়াছিল। অবশেষে পাল-নরপালগণের গৌডীয় সামাজা সেনবংশোদ্ধব ভূপতিবর্গের করতলগত হয়। তাঁহারাই গৌড়ায় হিন্দুসামাজ্যের শেষ স্বাধীন নরপতি বলিয়া ইতিহাসে স্থপরি-চিত। কিন্তু কোন দেনভূপতির শাসনসময়ে বক্তিয়ার খিলিজি বঙ্গদেশে পদার্পণ করেন. তাহা অভাপি নিঃসংশয়িতরূপে নিণীত হয় স্থারণত লাক্সণ্সেনের শাসন-সময়ে এই বিপ্লব সংঘটিত ইইবার কথা ইতি-হাসে যাহা দেখিতে পা ওয়া যায়, তাহা সতা ৰণিয়া বিখাদ করা দহজ নহে। কারণ লাক্ষণ্য-নামক কোন দেনবংশীয় নরপালের এ দেশের দিংহাসনে আরোহণ করিবার কোন প্রমাণ थार्थ इउग्रागाम ना।

সেনরাজবংশের ইতিহাস ক্রমে ক্ষনশ্রতিন মাত্রে পরিণত হইনাছে। তাহারা কি স্ত্রে কোন্ সমরে গৌড়ীর হিন্দ্সাম্রাক্ত্যে অধি-কারাবস্তার করিয়া কিরূপে এদেশ হইতে অধিকারচ্যুত্ত হন, তাহার সকল কথাই এখন উপক্থার স্থায় নিতান্ত বিশ্বয়াবহ হইয়া উঠিয়াছে। ঘটক ও কুলজ্ঞগণের গ্রন্থে এই রাজবৃংশের যে সংক্ষিপ্ত পুরিচর প্রাপ্ত হওয়া যায়, তদ্বারা ঐতিহাসিক অমুসন্ধিৎসা পরি-তৃপ্ত হয় না। এ পর্যান্ত যে সকল পুরাতন লিপি আবিষ্ণত হইয়াছে, তাহা ভিন্ন আর কোন বিশ্বাস্থোগ্য প্রমাণ বর্ত্তমান নাই। ঐ সকল প্রাচীনলিপি অবলম্বন করিয়া বিচারে প্রবৃত্ত হইলে দেখা যায়,—কর্ণাটক্ষত্রিয়বংশে চন্দ্রবংশীয় বীর্দেননামক কেনে ব্যক্তি জন্ম-গ্রহণ করেন: তাঁহারই বংশধরগণ কালক্রমে গৌড়ীয় হিন্দুদামাজ্যের অধীধর হইয়াছিলেন। এই বীরদেন কে।ন্ সময়ে প্রাত্তুতি হন, তিনি কথনও এ দেশে পদার্পণ করিয়া-ছिলেন कि ना, এ मक्न विषय श्राठीन-লিপিতে কোন পরিচয় প্রাপ্ত হওয়া যায় না। তথাপি কেহ কেহ অনুমানবলে বীরসেনকে আদিশুর বলিয়া কল্পনা করিতে ত্রুটি করেন সমস্ত পুরাতন-লিপিতে ধীরদেন সেনবংশের স্থবিখ্যাত আদিপুরুষ বলিয়া উল্লি-থিত; কিছু তিনি কোন পুর,কালে বর্তমান ছিলেন, তাহার পরিচয় কোন স্থানে প্রাপ্ত इ ९ या. यात्र ना ।

লক্ষণসেনদেব যে সকল তাম্রণাসন থোদিত করাইয়াছিলেন, তাহাতে বীরসেনের নাম প্রাপ্ত হওয়া যায় না। তিনি চক্রবংশের স্কবিথ্যাত নৃপতিকুলে সেনরাজবংশের কেঅস্বরূপ হেমস্তসেনের জন্মগ্রহণ করিবার কথা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। যথাঃ—

সেবাবনম্রন্পকোটিকিরীটরোটিরম্বানংপদনথছাতিবলরীভিঃ।
তেজোবিধন্তার্মুরো বিষতামভূবন্
ভূমিভূজঃ কুট্মথোবধিনাথবংশে॥
আকৌমারবিক্ষরৈর্দিশি দিশি প্রস্তান্দভির্দোর্যনার্

হেমস্তঃ 'ফু টমেব দেনজননক্ষেত্রৌঘপুণাবলী-শালিরাঘ্যবিপাকপীবরগুণস্তেষামতৃহংশজঃ ॥"

এই হেমস্তদেনের পুত্রের নাম বিজয়-সেন। তিনি "বিজয়ী" বিশেষণে বর্ণিত হইয়া-**ट्या । वि**श्वयस्थान विश्वयस्थान র্গত বরেক্রভূমে প্রহামেশ্বরনামক-শিব-মন্দির প্রতিষ্ঠিত করিয়া তাহাতে যে ফলকলিপি সংযুক্ত করিয়াছিলেন, তাহা আধিষ্কৃত হইয়া এনিয়াটিক-দোনাইটি-কর্ত্তক স্থরক্ষিত হই-উক্ত ফলকলিখিত কবিতাবলী স্থবিখ্যাত উমাপতির রচিত বলিয়া ফলকে (थानिक बाह्य। जनक्षमात्त्र विक्रवरमनामत्वत्र বরেক্রভূমে অধিকার স্থাপন করা জানিতে পারা বায়। বিজয়দেনের পুত্র স্থনামথ,তি বলালসেন যে "দানসাগর"নামক গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন, তাহাতে পিতা বিজয়দেনের বরেক্রভূমে প্রাগ্রভূতি হইবার কথা লিখিত আছে। এই স্কল কারণে লক্ষণদেনের তাম্রশাসনে বিজয়সেনকে "বিজয়ী" বলিবার বিশেষ কারণ থাকা অনুমান করিতে হয়। এই দকল পুরাতন লিপি সমালোচনা করিয়া স্পষ্টই দেখিতে পাওয়া যায়,—দেনরাজবংশের विজয়দেনদেবই বরেক্রবিজয়ী প্রথম নর-পতি। তাঁহার পুত্র বল্লাল ও পৌত্র লক্ষণ-সেন গৌড়রাজ্য সম্পূর্ণরূপে করতলগত করিয়া গৌড়েশ্বর উপাধি গ্রহণ করিয়াছিলেন। ,বিজয়দেনও গৌড়েখর উপাধি গ্রহণ করেন, কিন্তু তথনও সমগ্র গৌড়ীয় হিন্দুসাম্রাজ্য পালবংশের অধিকারচ্যত হইয়াছিল বলিয়া বোধ হয় না।

সেনরাজবংশের বিবিধ পুরাতন-লিপি আলোচনা করিয়া যে ইতিহাসিক তথ্য লাভ

করা যায়, তাহাতে বিজয়, বলাল ও লক্ষণ-দেনের সময়ে সেনসামাজের অভ্যুদরের পরি-চয় প্রাপ্ত হওয়া যায়। লক্ষণদেনের সময়ে কাণীরাজ্য পর্যান্থও যে তাঁহার প্রবল, প্রতাপ জয়য়ুক্ত হইয়াছিল, লক্ষণদেনের পুত্র বিশ্বরূপ-দেনের তানুশাদনে তাহারও পরিচয় প্রাপ্ত বিশ্বরূপের তামশাসনে "म গর্গধবনাম্বয়প্রলম্কালকডো নৃপঃ" বলিয়া বর্ণনা পাঠ করিয়া স্বীকার করিতে হয়,— লক্ষণের পুত্র বিশ্বরূপের সঙ্গে ঘোরীবংশীয়-দিগের যুক্তলহ উপস্থিত হইয়া বিশ্বরূপ জয়লাভ করিয়াছিলেন এবং যবনগণ তাঁহাকে প্রলয়কালরুদ্রমপে দর্শন করিতেন। মুসল-মানের ইতিহাসে স্পষ্টত ইহার উল্লেখ না থাকিলেও, প্রকারাম্ভরে এই কথা স্বীকৃত হইয়াছে। কারণ মুদলমানলেথক মিনহাজ-উদ্দীন বক্তিয়ার থিলিজির বঙ্গাগমনের ষষ্টি-বংসর পরে এদেশে পদার্পণ করিয়া তথনও পূর্ববঙ্গ সেনরাজবংশের অধিকারভুক্ত আছে, দেখিয়া গিয়াছেন। বাহুবলে বক্তিয়ার থিলি-জির আক্রমণ প্রতিহত করিতে না পারিলে, ইহা কদাচ সম্ভব হইত না।

লক্ষণদেনের পর তদীয় প্তাগণের শাসন-সময়েই যে বক্তিয়ার থিলিজি এদেশে অধি-কার-বিস্তারের আয়োজন করেন, প্রাতন-লিপি অমুসরণ করিলে তাহাই বিশাস করিতে হয়। কোন্ সময়ে বক্তিয়ার প্রথমে এই কার্য্যে হস্তক্ষেপ করিয়াছিলেন, তাহাই একণে বিশেষভাবে আলোচনা করা আবশ্রক।

মুদলমানলিথিত ইতিহাদে গুষ্টীর ১২০৫ সালের সমকালে বক্তিয়ার থিলিজির নিহত হইবার কথা দেখিতে পাওয়া যায়; তৎপুর্কে ভাহার বাদশবৎসরকাল বলদেশ শাসন করিবার কৰাও দৃষ্ট হইরা থাকে। এই বর্ণনা সভা হইলে, বক্তিয়ার বিলিজির ১১৯০ খৃষ্টান্দে বলদেশে পদার্পণ করা স্বীকার করিতে হয়। কিন্ত মুসলমান-ইতিহাস সমালোচনা করিয়া বিশেষজ্ঞ মহায়া বিভারিজ ও অভাত্ত পত্তিত্বর্গ ১১৯৮ খৃষ্টান্দের সমসময়ে বক্তিয়ার বিলিজের বলাগমনের কাল নির্দেশ করিয়াল্ডন।

স্বভানের নিকট হইতে লক্ষণাবতী অধিকার করিবার ক্ষমতাপত্ত পাইবার বাদশ-বংসর পরে বক্তিরার বিলিজির মৃত্যুম্থে পতিত হওয়া অনুমান করিতে পারিলে, লামঞ্জ্য রক্ষিত হইতে পারে। তনমুসারে ১৯৯০ খৃষ্টাব্দে সনন্দলাত, ১১৯৮ খৃষ্টাব্দে বঙ্গাগমন ও ১২০৫ খৃষ্টাব্দে পরলোকগমন হির করিতে হয়। ইহাতে বঙ্গাগমনের উদ্যোগে বাড বংসর, লক্ষণাবত্তী-অধিকার ও শাসন-সংস্থাপনে বাড বংসর অতিবাহিত হওয়া বীকার করিতে হয়। তাহার সহিত অষ্টাদশ অধারোহীর বঙ্গবিজয়কাহিনীর সামঞ্জ্য নাই।

এই বাদশ বংসরের ইতিহাদই প্রক্রতপক্ষে বিশেষভাবে অন্ত্রসদ্ধান করা আবশ্রত।
মিথিলাপ্রদেশ একদা গৌড়ীর হিন্দুসামাজ্যের
অন্তর্গত ছিল; তথার অন্তাপি লক্ষণসেনের
সংবং প্রচলিত আছে। ১১১৯ পৃষ্টান্দ হইতে
উক্ত সংবং প্রচলিত হওরা অনেকে সিদ্ধান্ত
করিয়া গিরাছেন। তাহা স্বত্য হইলে, ৮০
লক্ষণ-সংবড়ের সমন্দম্যে বক্তিরারের বঙ্গদেশে
পদার্পণ করা শীকার করিতে হর। মিন্হাজের গ্রন্থেও এই কথাই শিথিত আছে।
মিন্হাদ্ধ বলেন, এই সমরে লক্ষণসেন লীবিত

ছিলেন। তাহা কিন্ত বিশাসবোগ্য বলিয়া বোধ হয় না। কারণ, লক্ষণসেনদেবের পরিণতবন্ধে সিংহাসনে আরোহণ করিবার প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। বলাল ও লক্ষণসেনের বিরচিত বে সকল কবিতা অভ্যাপি বিলুপ্ত হয়নাই, তাহাতে এই প্রমাণ দেদীপামান। ক্তরাং লক্ষণসেনের পরিণতবয়সে সিংহাসনে আরোহণ করিয়া ৮০বৎসর রাজ্যভোগ করা সত্য হইলে, তাঁহার পরমায় অত্যধিক হইয়া পড়ে।

বলালসেন 'দানসাগর'নামক গ্রন্থ রচনা করেন। তাঁহার পুত্র ও পৌত্রগণও কবি বলিয়া খ্যাতিশাভ করিয়াছিলেন। লন্মণ-দেনদেবের মহাদামস্তাধিপতি বটুদাদের পুত্র **बी**धत्रनाम >२०६ शृष्टीत्मत्र ममकातन नवदीत्थ রাজকার্য্যে লিপ্ত থাকিয়া "সছক্তি-কর্ণামূত" নামে যে কাবাসংগ্রহ সঙ্কলিত করেন. তাহাতে লক্ষণ ও তংপুত্র মাধবদেনের কবিতা मित्रविष्ठे व्याष्ट्र। ১२०৫ थृष्टोक भग्रञ्जल নবদীপ যে মুসলমানের করতলগত হয় নাই, "সহক্তি-কর্ণামূত"ই তাহার বিশিষ্ট প্রমাণ। লক্ষণদেনের পুত্রদিগের মধ্যে মাধব, কেশব ও বিশ্বরূপের নাম স্থপরিচিত। নাম সছক্তি-কর্ণামৃতে, কেশবের নাম ঘটক-দিগের গ্রন্থে ও বিশ্বরূপের নাম তামশাসনে প্রাপ্ত হওয়া যায়। এই তিন পুত্র পিতৃ-রাজ্যের তিন বিভাগে রাজকার্যা পরিচালনা করিতেন বলিয়া বোধ হয়। ঘটকদিগের গ্রন্থে কেশবের পৌড়ে প্রতিষ্ঠিত থাকার কথা म्महेरे निकि कारक। माध्य तार् ७ विश्वत्रभ বঙ্গে প্রতিষ্ঠিত ভিজ্ঞান। কেশবের যবনাক্রমণ-ভরে ব্রাহ্মণগণ সম্ভিক্তাহারে পলায়ন করা

শ্বটকগণের প্রছে দেখিতে পাওয়া যায়ণা মাধব বােধ হয় বক্তিয়ারের পরলােকগমনের পর পরাজিত হইয়াছিলেন; কিন্তু সে কথা কোন গ্রছে দেখিতে পাওয়া যায় না। বিশ্বশ্বদা করিয়াছিলেন। এই সকল প্রমাণের আলােচনা করিলে, বৃদ্ধ লক্ষ্পদেনকে পলাারনকাকে কলম্বিত করিতে সাহস হয় না। ১২০০ খুটাকে বক্তিয়ার থিলিজির বঙ্গবিজয়েও আশ্বাস্থাপন করা কঠিন হইয়া উঠে। রাচ্ ও বরেক্র জয় করিবার পুর্কে প্রথনেই নবরীপ জয় করিবার কথাও বিশ্বাস্থাপা বলিয়া স্বীকার করা যায় না।

বাঙ্লার ইভিহাসের এই জংশ এখনও ভনসাজ্যন। যে সকল তাত্রশাসন, প্রস্তর্কাপি ও প্রাচীনপুত্তকে এই সময়ের ঐভিহাসিক তথ্য প্রাপ্ত হইবার সম্ভাবনা, বেগুলি জন-ক্ষমাজে স্লপরিচিত না থাকার, বিভালয়ের পাঠ্যপৃত্তকে নানা কথা বিধিত : হইয়া

গৌড়ীয় হিন্দুসাফ্রাজ্যের ইতিহাস সভ-नत्न ८ हो । अञ्च इहेरन, य नक्न विवन অধ্যয়ন ও আলোচনা করা আবশ্রক, তাহা শ্রমদাধ্য ও সৰম্বাপেক। ৰতদুর প্রমাণ প্রাপ্ত হুওয়া যায়, তাহাতে লক্ষণদেনদেবের শাসন-কাল দেনরাজবংশের ইতিহাসের গৌরবো-জ্জল বুগ বলিয়া স্বীকার করিতে হয়। এই यूटन धर्माधिकांत श्नायुष, देवबाकत्रन श्रक्राचा-ব্রুম প্রভৃতি বিবুধমণ্ডলীর পাজিত্যে বরেক্স-দেশ ভারতবিখ্যাত হইয়াছিল; এই যুগে লক্ষণসেনের বাহুবলে কাশী, কলিছ ও কামরূপ গৌড়ীয় হিন্দুসাম্রাজ্যের অন্তর্নিবিষ্ট হয়। বক্তিয়ার খিলিজি এই বিপুল সাফ্রাজ্যের উত্তরাংশমাত্র অধিকৃত করিতে সমর্থ হইয়া-ছিলেন; -তজ্জ্ঞ লক্ষণাবতীতেই মুসলমান-দিগের প্রথম রাজধানী প্রতিষ্ঠিত হইয়াছিল। শ্রীত্রক্ষয়কুমার মৈত্রেয়।

আশ্রয়।

শুনি দ্রে শুনি কাছে

শৃশু জল স্থল

সারাবিশ্ব অভিনব ক্সপের প্রভার তব

করে চলচল।

তোমার মধুর স্থাসি এ হৃদয়ে ঢালে আসি

অরুণ কিরুণ

তব মুথগন্ধ ব'লে

ভব মুথগন্ধ ব'লে

ভবিহল প্রাণ ল'লে
ভবিহল প্রাণ ল'লে

তুমি বে প্রেমের ভরে কাছে দৃত্রে দিগন্তরে ঘেরেছ আমার আমি তবু উদাদীন ভ্ৰমিতেছি লক্ষ্যহীন নাহি দেখি তায়।

সহস্র ছলনারাশি শত বিজ্ঞপের হাসি কপট কঠিন

म्भ जां वि व्यनित्मव त्या ना नाजू ती तनना ভুলে প্রতিদিন।

জরতেরে দিয়ে প্রাণ পাই ভধু অপমান ভধু উপহাস

করুণার বিনিমরে উপেক্ষা এনেছি ব'য়ে বাৰ্থ অভিনাষ।

বেখানে স্বার্থের লেশ সংখ্যের সেখানে শেষ দেখি বছবার

পাইয়াছি বহু ব্যথা কহিতে সহস্ৰ কথা অস্ত নাহি তার।

নিতান্ত আপন মম স্থাবে-হঃবে তুমি সম

প্রীতির আধার **অচল নির্ভর ভূমি করুণার পু**ণ্যভূমি ব্রগতের সার।

অন্ধ এ নৰ্থন মম দেখেনি অমৃতোপম **শ্রতি ভোমার**

তাই গো পেয়েছি ক্লেশ লাহ্মনার অবশেষ বেদনা অপার।

 দুর করি অবদাদ
তব রূপ দিয়া হবে হপ্তভাত হবে এস তুমি এস তকে পর্ণ কর হিয়া। পূর্ণ কর হিয়া। কর কাটি' থান-থান হু:খ পজ্জা অভিমান

খুণা ভৰ্নাশি

লিথ ভালে প্রীতি-লেখা হান গো বিজ্লী-রেখা মোহতম নাশি'।

তব দিবা কর হানি' কঠিন বেষ্টনী টানি' রাথ মোরে রাথ বিশ্ব হ'তে বহুদুরে আমার আনন্পুরে থাক একা থাক। এ জীবন-নিশি-শেষে মধুবেদে মৃহ হেদে দিয়ো পাশে স্থান

তুমি নিয়ে৷ ভালবাদা হৃদয়ের প্রেম আশা যেটুকু সন্মান।

শ্রীনরেন্দ্রনাথ ভটাচার্যা।

ठिक्ठमा।

থাস বাঙ্লায় সেকালের গুরুমহাশ্রের, দিন-कान शिशाष्ट्र, किन्दु (वहात-शक्त এथन अ তিনি শিশুমহলের স্ফ্রাট্। বঙ্গীয় পাঠ-শালার পোডোরা চিরদিন গুরুকে যমের মত দেখিয়া আসিয়াছে, তাঁহার কঠোর শাসনা-ধীনে বালম্বলভ চাপল্য এবং আমোদপ্রিয়তা .প্রশ্র পাইত না। সে হিসাবে বেহারী গ্রহজীকে অনেকপরিমাণে উদার বলিতে হইবে। "চাক্চলা"পর্ব তাহার একটি বিশিষ্ট প্রমাণ।

নষ্টচক্তের দিন-বেহারে ফ্রলী ভাষ্টের ৪ঠা তারিখ-চাক্চন্দা-পরব। স্থাকর কি অপরাধে সেদিন "নষ্ট" আখ্যা লাভ করেন.

অমুসন্ধানে ঠিক্ জানিতে পারি নাই; কিন্তু ইश शिक (य, वाह्ना, व्यशंत्र, উড़ियाम হিন্দু-মুসলমানে সেদিন তাঁছার দর্শন ছবপ-নেয়-কলক-জনক মনে করে। সকলেই জানেন, হুইছেলে এবং হুইতর যুবকদের জালায় সে রাত্রে বঙ্গে গৃহস্থবাড়ীতে লাউ, কুম্ডা, শদা গাছের রক্ষা নাই। বেহারে সে সব কিছু ভনিতে পাই ন। তবে ছেলে-বুড়ায় একজোট হইয়া সে রাত্রে তাহারা প্রতিবেশিগৃহে লোষ্ট্রনিক্ষেপ করে हेश এक हि मना उन প्रथा हहेश माँ ज़िहेश दि ।

কবি বিভাপতি স্থীমুথে রাধিকাকে বলিয়াছিলেন-

"চান্দক আছনে ভেদ কলছ। ও যে কলকী তুহ নিচ্চলছ।" তথাপি কোন শশিমুখী স্ত্ৰীকবির কথায় বলিতে হয়—

"তোর সঙ্গে কইব না কথা
তুই পরনিস্কী।
ও তুই অমন সাধের চাঁদকে
বলিস্ চাঁদা কলকী॥"
"চাক্ চন্দা"-পরবের কথা হইতেছিল।
বেহারে ছেলেদের সেদিন ভারি আমোদ
এবং লালাজী শুরুদেব তাহাতে যোগদান
করিয়া বেশ হুপয়সা উপার্জন করেন।

গণপতির পৃথক্ ভাবে পূজা-অর্চনা বঙ্গ-দেশে প্রচলিত নাই। বেহারে এই চাক্চলা-পর্বোপলকে "গুরুপিগুার" তিনি পূজা পাইয়া शांद्यता शृक्षांत्र मकन উদেয়াগ-আয়োজন ছেলেদেরই করিতে হয়। তাহারা প্রত্যেকে স স গৃহ হইতে পুষ্প, ধূপ, পান, স্থপারি, মিষ্টান্ন এবং থেলিবার জন্ম হস্তপরিমিত বিচিত্রবর্ণের ছই ছই কাঠের ডাণ্ডা আনিয়া পূজার থালি ভরিয়া দেয়। অপরাফুে পূজা-শেষে শিশুরা আপন আপন ডাওা ফিরাইয়া লয় এবং উহা যুগপৎ বাজাইতে বাজাইতে ममयदा शत्मकीत জয়গীতি উচ্চাবণ সেইভাবে তাহারা গুরুমহাশয়ের সঙ্গে ভ্রমণে বাহির হয়। তিনি তাহাদের প্রত্যেকের গৃহে পদার্পণ করিয়া উৎফুল পিতামাতার নিকট পুরস্কার লাভ করেন। ভনিয়াছি, নগদ মুদ্রা ছাড়া এই উপলক্ষে তৈজ্গ-বন্ধাদিও প্রচুরপরিমাণে গুরুজীর श्रकाठ् इहें बा थाटक।

চাক্চলার ছেলেরা যে লোক গান করে, তাহার ছইটি নমুনা দিতেছি।

(>) ভাদো চউঠ গণেশকি আই। বীচ্ আঙ্গনা বীচ্ কুঁয়া খনাই। কঁ রাপর ছ চম্প লাগাই ॥ যো যো কঁয়া রাহার লিজে। সব চটারানকো পূজা দিজীয়ে॥ ডিন্নী যোড়ি তুস্ চড়াম। সাত পঁচাত্তর গহনা লাম। এক পঁচাত্তর ঠিক ঠিকাম ॥ হাঁতি উপর লাদে বোর। হাত লিয়া সোণেকি তীর ॥ গঙ্গাজীদে ঝড়ু লিয়া। যে ঝাড়ু কাশ্ব নিয়া কো দিরা॥ সে কামু নিয়া ফুটাহা দিয়া। সো ফুটাহা ঘাঁসগাঢ়া কো দিয়া॥ খাঁসগাঢ়া বেচারা খাঁস দিয়া। मां घाँमत्म शोक निया ॥ গৌ বেচারী ছখা দিয়া 1 সে ছুধনে সোউর কো দিয়া। মোউর বেচারা পাঁথ দিয়া। সো পাঁথনে রাজাকো দিয়া। রাজা বেচার। ঘোড়া দিয়া ॥ সে যোডানে আরপার। তিস্পর চঢ়ে মিয়া ছলার॥ মিয়া ছলারকে লম্বি ছুরী। থরথর কাঁপে যমুনাপুরী ॥ বমুনাপুরীকে আয়ামীর। মার গেরা সোণেকা তীর ! ওসি কোমরসে নও সে তীর॥ এক ভীর সেই মাঙ্গ লিয়া। বড়াসাহেবকা নাম লিয়া॥ মারতা হঁজী মারতা হঁ। ডিলী ছোড় ফুকারতা হ ॥ তেরে ডিলিয়া লোটপোট। মার মোগালিয়া পহিলি চোট। পছিলি চোট কি আগান মাগান। বীচ্ লহর বীচ্ পানি পিজীরে। গঙ্গাজীকে ধারা লিজীরে। পানকা পান বাট্টা লিজীরে॥ হাজিপুরকা ঘোড়া লিজীরে। ঘোড়েকা আসবাব লিজীরে॥

(२)

ব্রীগণেশজী চঢ়ে উৎরঙ্গ। নওদে মোতি খলকে রঙ্গ। এক মোভি হর তালা তালা। বাঁহা পঢ়াওৎ পণ্ডিত লালা ॥ পণ্ডিত লালা দিয়া আশীব। জীও গুর ছাতর লাখ বরিষ # লাব লাব দো তাক মাঙ্গায়। ডিলী সো গজমোৎ মাঙ্গায়। পহিলে। ওঢ়ো করে। সিঙ্গার। দুবমন-ছাতি পরে আঙ্গার ।। দ্বমন্কে তু ছাতি জরি। বীচ্ মাঙ্গ বীচ্ মোতি ভারি।। লালা লালা হৈ সোণেকি মালা। হৈ সোণেকি ভাণ্টি। লোহার চার খাট্টি।। লোহার চার চোখা। ডিল্লীসে করোথা।। দরিয়াসে লাগাই।। मतियां ननी नाला। বোবনকে হাত মালা। ভবুৎ চার পেয়ালা।। ভবুংকে হাত ছাগে। ছচার মোতি লাগ্গে॥

ছোট কি কে হাঁত কাৰি ॥
বড় কি কে হাঁত রেজা।
ভগবান দাস নে ভেজা ॥
ভগবান দাস হালুয়াই।
তেরে মিঠে মিঠাই ॥
দোকান চঢ়ে ঘাই।
লাড্ডু চূন্ চূন্ খাই ॥
গুরু শক্ষাদাস তামোলি।
পীঠ ভোরি চোলি ॥
চোলি উপর ছিট্কা।
কীগণেশভী মটকা॥

পূর্বেই বলিয়াছি, চাক্চন্দার দিন সন্ধার পর গৃহস্থবাড়ী ঢিল ছুড়িয়া মারা ছেলেদের একটা আমোদ। শিশুদের পক্ষে পাঁচ-পাঁচটি মাত্র ঢিল ফেলিবার ব্যবস্থা এবং তাহা মারাত্মক হইবার কথা নহে। কিন্তু যুবক ও প্রৌঢ়েরা পর্যান্ত ভাহাতে যোগ দিয়া আনন্দটাকে বীভৎস করিয়া ভোলে।

সহরে প্রশন্ত রাজপথে বাছভাণ্ডের তালে তালে বিচিত্রবর্ণের কাঠদণ্ড বাজাইয়া দলে দলে স্থাছিত স্থকুমার শিশুরা যথন শুরুজীদের পশ্চাতে পশ্চাতে গণেশজীর গান গাহিয়া চলে, সে বড় স্থানের উপর দাড়াইয়া দেদিন স্থ্যান্ডের পূর্বে আমরা এই মানবহুদেনার পরিক্রমণ দেখিয়া মুঝ হইয়াছিলাম।

बीबीभाइस मञ्जूमनात्र।

বঙ্গদর্শন।

নৌকাডুবি।

25

গোগেক্স কহিল, "রমেশ, এই মেয়েটি কে ?"

রমেশ কহিল—"আমার একটি আত্মীয়।"
বোগেন্দ্র কহিল—"কি রকমের আত্মীয় ?
বোধ হয় গুরুজন কেহ হইবেন না, স্নেহের
সম্পর্কও বোধ হইল না। তোমার সকল
আত্মীয়ের কথাই ত তোমার কাছ হইতে
শুনিরাছি,—এ আত্মীয়ের ত কোন বিবরণ
শুনি নাই।"

অকষ কহিল—"বোগেন, এ, তোমার অভায়,—মাসুষের কি এমন কোন কথা থাকিতে পারে না, যাহা বন্ধুর কাছেও গোপ্নীয় ?"

যোগেক্স। কি রমেশ, অত্যন্ত গোপনীয় নাকি ?

রমেশের মুথ লাল হইরা উঠিল—সে কহিল, "হাঁ গোপনীর। এই মেরেটির সম্বন্ধে আমি তোমাদের সঙ্গে কোন জ্বালোচনা ক্রিতে ইচ্ছা করি না।"

বোগের। কিন্ত হর্ভাগ্যক্রমে, আমি ভোমার দক্ষে আলোচনা করিতে বিশেষ ইচ্ছা করি। হেমের সহিত বদি তোমার বিবাহের প্রস্তাব না হইত, তবে কার সঙ্গে তোমার কতটা-দূর আগ্নীয়তা গড়াইয়াছে, তাহা লইয়া এত তোলাপাড়া করিবার কোন প্রয়োজন হইত না—যাহা গোপনীয়, তাহা গোপনেই থাকিত।

রমেশ কহিল, "এইটুকু-পর্যস্ত আমি তোমাদিগকে বলিতে পারি, পৃথিবীতে কাহারো সহিত আমার এমন সম্পর্ক নাই, যাহাতে হেমনলিনীর সহিত পবিত্র সম্বন্ধে বন্ধ হইতে আমার কোন বাধা থাকিতে পারে!"

যোগেন্দ্র। তোমার হয় ত কিছুতেই বাধা না থাকিতে পারে—কিন্তু হেমনলিনীর আত্মীয়দের থাকিতে পারে। একটা কথা আমি তোমাকে জিজ্ঞাসা করি, যার সঙ্গে তোমার যেরূপ আত্মীয়তা থাক্না কেন, তাহা গোপনে রাথিবার কি কারণ আছে ?

রমেশ। সেই কারণটি যদি বলি, তবে গোপনে রাথা আর চলে না। তুমি আমাকে ছেলেবেলা হইতে জান—কোন কারণ জিজ্ঞাদা না করিয়া শুদ্ধ আমার কথার উপরে তোমাদিগকে বিখাদ রাথিতে হইবে। বোগেলা। এই মেরের নাম কমলা
 কিনা?

त्रस्थ। है।

বোগেক্স। ইহাকে ভোমার স্ত্রী বলিয়া। পরিচয় দিয়াছ কি না ?

त्ररम् । इं। निग्राहि।

বোণেক্র। তবু তোমার উপরে বিশ্বাস শ্বাথিতে হইবে ? তুমি আমাদিক্ষ্যানাইতে চাও, এই মেরেটি তোমার স্ত্রী নহে; অন্ত সক-লকে জানাইয়াছ, এই তোমার স্ত্রী—ইহা ঠিক সত্যপরায়ণতার দুষ্টান্ত নহে।

অকর। অর্থাৎ বিভালরের নীতিবোধে এ দৃষ্টান্ত ব্যবহার করা চলে না—কিন্তু ভাই বোগেন, সংসারে হুই পক্ষের কাছে হুইরকম কথা বলা হয় ত অবহাবিশেবে আবশুক হুইতে পারে। অন্তত তাহার মধ্যে একটা সত্য হওয়াই সম্ভব। হয় ত রমেশবাবু তোমা-দিগকে যেটা বলিতেছেন, সেইটেই সত্য।

রমেশ। আমি তোমাদিগকে কোন कथारे विनटिष्टि ना। आमि क्ववन এरे कथा विलटिक, ट्रमनिनीत महिल विवाह আমার কর্ত্তবাবিরুদ্ধ নহে। ক্ষলাদ্ভকে তোমাদের দকে সকল কথা আলোচনা করি-বার গুরুতর বাধা আছে—তোমরা আমাকে সন্দেহ করিলেও সে অন্তায় আমি কিছুতে করিতে পারিব না। আমার নিজের স্থ-্তঃথ মান-অপমানের বিষয় হইলে আমি তোমাদের কাছে গোপন করিতাম না-কিন্তু অন্ত্যের প্রতি অন্ত্ৰায় ক রিতে পারি না।

যোগে<u>ক</u>। হেমনলিনীকে সকল কথা বলিয়াছ ? রমেশ। না। বিবাহের পরে তাঁথাকে বলিব, এইরূপ কথা আছে —যদি তিনি ইচ্ছা করেন, এখনো তাঁহাকে বলিতে পারি।

যোগেন্দ্র। **স্পাচ্ছা, কমলাকে এ সংস্কে** ছুই-একটা প্রশ্ন করিতে পারি ?

রমেশ। না, কোনমতেই না! আমাকে বদি অপরাধী বলিয়া,জ্ঞান কর, তবে আমার সম্বন্ধে যথোচিত বিধান করিতে পার—কিন্তু তোমাদের সন্মুখে প্রান্থের করিবার জন্ম নির্দোধী কমলাকে দাড় করাইতে পারিব না।

বোগেক। কাহাকেও প্রশ্নোত্তর করিবার কোনো প্রশ্নোজন নাই। বাহা জানিবার, তাহা জানিরাছি। প্রমাণ যথেষ্ট হইরাছে। এখন তোমাকে জামি স্পষ্টই বলিতেছি, ইহার পরে আমাদের বাড়ীতে যদি
প্রবেশের চেষ্টা কর, তবে তোমাকে অপমানিত হইতে হইবে।

রমেশ পাংভবর্ণমূথে তক্ষ হইয়া বসিয়া রহিল।

যোগেন্দ্র কহিল—"আর-একটি কথা আছে,—হেমকে তুমি চিঠি লিখিতে পারিবে না—তাহার সঙ্গে প্রকাশ্তে বা গোপনে তোমার স্থদ্র সম্পর্কও থাকিবে না। যদি চিঠি লেখ, তবে যে কথা তুমি গোপন রাখিতে চাহিতেছ, সেই কথা আমি সমস্ত প্রমাণের সহিত সর্ক্রমাধারণের কাছে প্রকাশ করিব। এখন যদি কেছ আমাদের জিজ্ঞাসা করে, তোমার সঙ্গে হেমের বিবাহ কেন ভাঙিয়া গেল, আমি বলিব, এ বিবাহে আমার সম্প্রতি নাই বলিয়া ভাঙিয়া দিয়াছি—ভিতরকার কথাটা বলিব না। কিন্ত তুমি বদি সারধান শা হও,

তবে সমস্ত কথা বাহির হইয়া যাইবে। তুমি এমন পাৰভের মত বাবহার করিয়াছ, তবু বে আমি আপনাকে দমন করিয়া রাথিয়াছি, সে তোমার উপরে দ্যা করিরা নহে— ইহার মধ্যে আমার বোন হেমের সংস্রব আছে বলিয়াই তমি এত সহজে নিক্ষতি পাইলে। ভোমার কাছে আমার এই শেব বক্তব্য যে, কোনোকালে হেমের সঙ্গে ভোমার যে কোন পরিচয় ছিল, ভোমার কথায়-বার্তীয় বা বাব-হারে ভাহার যেন কোন' প্রমাণ না পাওয়া ষায়। এসম্বন্ধে তোমাকে সত্য করাইয়া লইতে পারিলাম না, কারণ, এত মিথাার পরে সতা তোমার মুখে মানাইবে না। তবে এখনো यिं लड्डा शांदक,-अन्यात्मक छत्र शांदक, তবে আমার এই কথাটা ভ্রমেও অবহেলা केब्रिया ना।"

অকর। আহা যোগেন্, আর কেন ? রমেশবাব্ নিজ তার হইরা আছেন, তব্ তোমার মনে একটু দরা হইতেছে না ? এইবার চল ! রমেশবাব্, কিছু মনে করিবেন না, আমরা এখন আসি।

বোগেল-অকষ চলিয়া গেল? রমেশ কাঠের মৃত্তির মত কঠিন হইরা বসিরা রহিল। হতবৃদ্ধি-ভাবটা কাটিয়া গেলে তাহার ইচ্ছা করিতে লাগিল, বাসা হইতে বাহির হইয়া গিরা ক্রতবেগে পদচারণা করিতে করিতে সমস্ত অবস্থাটা একবার ভাবিরা লয়। কিন্তু তাহার মনে পড়িরা গেল কমলা আছে, তাহাকে বাসার এক্লা কেলিয়া-রাধিরা যাওরা বার্না।

রমেশ পাশের ঘরে গিরা দেখিল, কমলা রাস্তার দিকের জান্লার একটা পড়্ধড়ি খুলিয়া চুপ করিয়া বসিয়া আছে। রমেশের পদশব্দ শুনিয়া সে ধড়্থড়ি বন্ধ করিয়া মুব ফিরাইল। রমেশ মেজের উপরে বসিল।

ক্ষলা জিজালা ক্রিল, "উহারা হুজনে কে ? আজ সকালে আমাদের ইন্ধলে গিয়া-ছিল।"

রমেশ সবিক্ষয়ে কহিল, "ইস্কুলে গিয়া-ছিল ?"

কমণা কহিল, "হাঁ। উহারা তোমাকে কি বলিতেছিল ?"

রমেশ কহিল, "আমাকে জিজাসা করিতেছিল, তুমি আমার কে হও ?"

কমলা যদিও শশুরবাড়ীর অমুশাসনের অভাবে এখনো লজ্জা করিতে শেখে নাই, তবু আশৈশব-সংস্থারবশে রমেশের এই কথায় তাহার মুখ রাঙা হইয়া উঠিল।

রমেশ কহিল, "আমি উহাদিগকে উত্তর করিয়াছি, তুমি আমার কেউ হও না।"

কমলা ভাবিল, রমেশ তাহাকে অন্যায় লজ্জা দিয়া উৎপীড়ন করিতেছে। সে মুখ ফিরাইয়া তর্জ্জনস্বরে কহিল, "যাও!"

রনেশ ভাবিতে লাগিল, "কমলার কাছে সকল কথা কেমন করিয়া খুলিয়া বলিব ?"

কমলা হঠাৎ বাস্ত হইরা উঠিল। কহিল,
"ঐ যা, তোমার ফল কাকে লইরা বাইভেছে।"
—বলিরা সে ভাড়াভাড়ি পাশের ঘরে গিরা
কাক ভাড়াইরা ফলের থালা লইরা
আসিল।

রমেশের সমুধে থালা রাখিয়া কহিল, "তুমি খাইবে না ?"

রমেশের জার জাহারের উৎসাহ ছিল না-কিন্তু কমলীর এই যদুটুকু তাহার হৃদয় শ্পূৰ্ণ করিল। সে কহিল, "কমলা, তুমি খাবে না ?"

কমলা কহিল, "তুমি আগে খাও!"
এইটুকু ব্যাপার, বেশি-কিছু নয়, কিছু
রমেশের বর্ত্তমান অবস্থায় এই সদয়ের কোমল
আভাসটুকু তাহার বক্ষের ভিতরকার অশ্রউৎসে গিয়া যেন ঘা দিল। রমেশ কোন
কথা না বলিয়া ভোর করিয়া কল খাইতে
গাগিল।

থা ওয়ার পালা সাঙ্গ হইলে রমেশ কহিল, "কমলা, আন্ধ রাত্রে আমরা দেশে যাইব।"

ক্ষলা চোধ নীচু, মুধ বিষয় করিয়া কৃষ্টিল, "সেধানে আমার ভাল লাগেনা!"

রমেশ। ইস্কুলে থাকিতে তোমার ভাল লাগে ?

কমলা। না, আমাকে ইস্কুলে পাঠাইয়ো না। আমার লজা করে। মেরেরা আমাকে কেবল ভোমার কথা জিজ্ঞাসা করে।

রমেশ। তুমি কি বল ?

ক নলা। আমি কিছুই বলিতে পারি না। তাহারা জিজাসা করিত, তুমি কেন স্মানার্কে ছুটির সমরে ইস্কুলে রাখিতে চাহি-রাছ—আমি—

কমলা কথা শেষ করিতে পারিল না। ভাহার জ্দয়ের ক্ষতস্থানে আবার ব্যথা বাজিয়া উঠিল।

ুরমেশ। তুমি কেন বলিলে না, তিনি আমার কেহই হন না !

কমলা রাগ করিয়া রনেশের মুথের দিকে কুটল-কটাক্ষে চাহিল—কহিল, "বাও।" আবার রমেশ মনে মনে ভাবিতে লাগিল, 'কি করা বাইবে?' এদিকে বিনেশের বুকের

ভিতরে বরাবর একটা চাপা বেদনা কীটের মত যেন গছবর-খনন করিয়া বাহির হইরা আসিবার চেষ্টা করিতেছিল। যোগেল হেমনলিনীকে কি বলিল, হেমনলিনী কি মনে করিতেছে, প্রকৃত অবস্থা কেম্ম कतिया दश्मनिनीटक वृक्षाहरत, दश्मनिनीत সহিত চিরকালের জন্ত যদি তাহাকে বিচ্ছিন্ন इटेंट इम, उत्व जीवन वहन कतित्व कि করিয়া-এই সকল জালাময় প্রশ্ন ভিতরে-ভিতরে জমা হইয়া উঠিতেছিল, অপচ ভাল করিয়া তাহা আলোচনা করিবার অবসর রমেশ পাইতেছিল না। রমেশ এটুকু বুঝিয়া-ছিল যে, কমলার সহিত রুমেশের সম্বন্ধ কলিকাতায় তাহার বন্ধু ও শক্র মণ্ডলীর মধ্যে তীব্র আলোচনার বিষয় হইয়া উঠিল। রমেশ যে কমলার স্বামী, এই গোলমালে সেই জন-শ্রুতি যথেষ্ট ব্যাপ্ত হইতে থাকিবে। এ সময়ে রমেশের পক্ষে কমলাকে শইয়া আর এক-मिन **क किका जांब थाका मन्न ज इहेर**न नां।

অস্তানক রমেশের এই চিস্তার মাঝথানে হঠাৎ কমলা তাহার মুখের দিকে চাহিয়া কহিল--*তুমি কি ভাবিতেছ ৷ তুমি যদি দেশে থাকিতে চাও, আমি সেইখানেই থাকিব।"

বালিকার মুখে এই আত্মসংঘমের কথা ভানিয়া রমেশের বুকে আবার ঘা লাগিল— আবার সে ভাবিল, 'কি করা ঘাইবে ?' পুন-কার সে অভ্যমনত হইলা ভাবিতে ভাবিতে নিক্তরে কমলার মুখের দিকে চাহিয়া রহিল।

কমলা মুখ গন্তীর করিয়া জিজ্ঞাসা করিল — "আছো, আমি ছুটির সমরে ইস্কুলে থাকিতে র:মশ কহিল—"সত্য করিয়াই বলিতেছি, তোমার উপরের রাগ করি নাই, আমি নিজের উপরেই রাগ করিয়াছি।"

রমেশ ভাবনার জাল হইতে নিজেকে জোর করিয়া ছাড়াইয়া লইয়া কমলার সহিত আলাপ করিতে প্রবৃত্ত হইল। তাহাকে জিজ্ঞানা করিল—"আচ্ছা কমলা, ইক্লে এতদিন কি শিথিলে বল দেখি?"

কমলা অত্যস্ত উৎসাহের সহিত নিজের শিক্ষার হিসাব দিতে লাগিল। সম্প্রতি পৃথিবীর গোলাক্ষতির কথা তাহার অগোচর নাই জানাইরা যথন সে রমেশকে চমৎক্ষত করিয়া দিবার চেষ্টা করিল, রমেশ গন্তীরম্থে ভূমগুলের গোলাজে সন্দেহপ্রকাশ করিল। কহিল, "এ কি কথনো সম্ভব হইতে পারে ?"

কমলা চক্ষু বিক্ষারিত করিয়া কহিল— "বাঃ, আমাদের বইয়ে লেখা আছে — আমরা পড়িরাছি।"

রমেশ আশ্চর্যা জানাইয়া কহিল—"বল, কি বইয়ে লেখা আছে ? কতবড় ৰই ?"

এই প্রশ্নে কমলা কিছু কুন্তিত হইয়া কহিল, "বেশি বড় বই নয়—কিন্ত ছাপার বইন তাহাতে ছবিও দেওয়া আছে।"

এত-বড় প্রমাণের পর রমেশকে হার
মানিতে হইল। তার পরে কমলা শিক্ষার
বিবরণ শেষ করিয়া বিদ্যালয়ের ছাত্রী ও শিক্ষকদের কথা, সেধানকার দৈনিক কার্যাধারা
লইয়া বক্রিয়া যাইতে লাগিল। রমেশ অভ্যমনত্ব হইয়া ভাবিতে ভাবিতে মাঝে মাঝে
সাড়া দিয়া গেল। কথনো বা কথার শেষ-

স্ত্র ধরিরা এক-নাধটা প্রশ্ন ও করিল। হঠাৎ একসময়ে কমলা বলিয়া উঠিল, "তুমি আমার কথা কিছুই শুনিতেছ না।" বলিয়া সে রাগ করিয়া তথনি উঠিয়া পড়িল।

রমেশ ব্যস্ত হইয়া কহিল, "না না কমলা, রাগ করিয়ো না—আমি আজ ভাল নাই।"

ভাল নাই শুনিরা তথনি কমলা ফিরিয়া-আদিয়া কহিল—"তোমার অস্থ করিয়াছে ? কি হইয়াছে ?"

রমেশ কহিল— *ঠিক অস্থ নয়—ও
কিছুই নয়—আমার মাঝে মাঝে অমন হইয়া
থাকে—আবার এখনি চলিয়া যাইবে।"

ক্মলা রমেশকে শিক্ষার সহিত আমোদ দিবার জন্ত কহিল, "আমার ভূগোল-প্রবেশে পৃথিবীর যে ছবি আছে, দেখিবে ?"

রমেশ আগ্রহপ্রকাশ করিয়া দেখিতেচাহিল। কমলা তাড়াতাড়ি তাহার বই
আনিয়া রমেশের সমুথে খুলিয়া ধরিল।
কহিল—"এই যে ছটো গোল দেখিতেছ, ইহা
আসলে একটা। গোল জিনিষের ছটো পিঠ
কি কথনো একসঙ্গে দেখা যার ?"

রনেশ কিঞ্চিৎ ভাবিবার ভাগ করিয়া
কহিল— *চ্যাপ্টা জিনিবেরও দেখা যায় না।"
কমলা কহিল, "দেইজন্ত এই ছবিতে পৃথিবীর হুই পিঠ আলাদা করিয়া আঁকিখাছে।"
এম্নি করিয়া সন্ধাটা কাটিয়া গেল।

२२

অন্নদাবার একান্তমনে আশা করিতে-ছিলেন, যোগেল্র ভাল থবর লইরা আদিবে, সমস্ত গোলমাল অতি সহজে পরিকার হইরা যাইবে। যোগেল্র ও অক্ষর যথন ঘরে ন্দানিরা প্রবেশ করিল, অরদাবাব্ ভীতভাবে ভাছাদের মুখের দিকে চাহিলেন।

বোগেক কহিল, "বাবা, তুমি যে রমেশকে এতনুর-পর্যান্ত বাড়াবাড়ি করিতে দিবে, তাহা কে জানিত ? এমন জানিলে আমি তোমাদের সক্ষে তাহার আলাপ করাইয়া দিতাম না।"

জন্ধদাবার । রমেশের সঙ্গে হেমনলিনীর বিবাহ তোমার অভিপ্রেড, এ কথা তুমি ড আমাকে অনেকবার বলিরাছ। বাধা দিবার ইচ্ছা যদি তোমার ছিল, তবে আমাকে—

যোগেক। অবস্থ একেবারে বাধা দিবার কথা আমার মনে আদে নাই, কিন্তু তাই বলিয়া—

অন্নদাবার্। ঐ দেখ, ওর মধ্যে তাই বলিরা" কোথার থাকিতে পারে। হর অগ্র-দর হইতে দিবে, নর বাধা দিবে, এর মাঝখানে আর কি আছে ?

় **বোগেন্দ্র। তাই** বলিয়া একেবারে এ**ত**টা-দুর অগ্রসর—

আকর হাসিয়া কহিল, "কতকগুলি ফিনিব আছে, যা আপনার ঝোঁকেই অগ্রসর হইরা পড়ে, তাহাকে আর প্রশ্রম দিতে হর না— বাড়িতে বাড়িতে আপনিই বাড়াবাড়িতে গিরা পৌহার। কিন্তু যা হইয়া গেছে, তা লইরা তর্ক করিরা লাভ কি ? এখন যা করা কর্ত্তবা, তাই আলোচনা কর।"

অন্নদাবার্ ভরে ভরে বিজ্ঞানা করিলেন— "রনেশের সঙ্গে ভোষাদের দেখা হইয়াছে ?"

বোগেক। খুব দেখা হইগাছে—এভ দেখা আশা করি নাই। এমন কি, তার বীর সংকও পরিচয় হইয়া গেল। আন্নাবাব নির্বাক্ বিশ্বরে চাহিনা নিছ-লেন। কিছুকণ পরে জিজ্ঞাসা করিলেন— "কার ত্রীর সঙ্গে পরিচর হবল ?"

त्यादशक्त । त्रदमदभन्न जी।

জন্নদাবাব্। তুমি কি বলিতেছ, আমি কিছুই ব্ঝিতে পারিতেছি না। কোন্ রুমে-শের স্ত্রী প

যোগেন্দ্র। আমাদের রমেশের। পাঁচ-ছর-মাস আগে যথন সে দেশে গিরাছিল, তথন সে বিবাহ করিতেই গিয়াছিল।

অন্নদাবাব্। কিন্তু তার পিতার মৃত্যু হইল বলিয়া বিবাহ ঘটিতে পারে নাই।

বোগেক । মৃত্যুর পুর্বেই বিবাহ হইর। গেছে।

অন্নদাবাবু তক হইয়া বসিরা মাথার হাত বুলাইতে লাগিলেন। কিছুক্ষণ ভাবিরা বলিলেন, "তবে ত আমাদের হেমের সঙ্গে ভাহার বিবাহ হইডেই পারে না!"

বোগেক্স। আমরা ত তাই বলিতেছি—
অরদাবাব্। তোমরা ত তাই বলিলে,
এদিকে বে বিবাহের আরোজন সমন্তই
প্রায় ঠিক ইইয়া গেছে—এ রবিবারে হইল
না বলিয়া তাহার পরের রবিবারে দিন
স্থির করিয়া চিঠি বিলি হইয়া গেছে—"আবার
সেটা বন্ধ করিয়া ফের চিঠি লিখিতে হইবে?

বোগেক্স কহিল—"একেবারে বন্ধ করি-বার দরকার কি—কিছু গরিবর্জন করিরা কাজ চালাইরা লওয়া বাইতে পারে।"

অন্নদাবাৰ আশ্চর্য হইরা কহিলেন—
"ওর মধ্যে পরিবর্তন কোন্ধানটার করিবে?"

বোগেজ। বেধানে পরিবর্ত্তন করা সন্তব, সেইধানেই করিতে হুইবে। রুমেণের বদলে আর-কোন পাত ছির ক্রিরা আস্চেরবিবারেই বেমন করিরা হৌকু কর্ম সম্পন্ন করিতে হইবে। নহিলে লোকের কাছে মুথ দেখাইতে পারিব না।

বলিরা বোগেজ একবার আক্ষরের মুখের দিকে চাহিল। আক্ষর বিনরে মুখ নত করিল।

অন্নদাবাব্। পাত এত শীভ পাওয়া যাইবে ?

যোগেক্স। সে তুমি নিশ্চিস্ত থাক। অন্নদাবার্। কিন্ত হেমকে ত রাজি করাইতে হইবে।

যোগেরা। রমেশের সমস্ত ব্যাপার ভনিলে সে নিশ্চর রাজি হইবে।

আয়দাবার্। তবে যা তুমি ভাল বিবেচনা হয়, তাই কর। কিন্তু রমেশের বেশ
সক্তিও ছিল, আবার উপার্জ্জনের মত বিভাবৃদ্ধিও ছিল। এই পর্তু আমার সঙ্গে কথা
ঠিক হইরা গেল, সে এটোয়ায় গিয়া প্রাাক্টিশ্ করিবে, এর মধ্যে দেখ দেখি কি
কাও।

বোণেক্স। সেকস্ক কেন চিন্তা করি-তেই বাবা, এটোয়াতে রমেশ এখনো প্র্যাক্-টিশ্ করিতে পারিবে। একবার হেমকে ডাকিয়া স্থানি, স্থার ত বেশি সময় নাই।

কিছুক্রণ পরে যোগেন্ত হেমন্লিনীকে লইরা ঘরে প্রবেশ করিল। অক্সর ঘরের এক কোণে বইয়েদ্ধ আল্মারির আড়ালে বসিরা রহিল।

^{বোগেক্স} কৰিল, "ছেম, বোস, ভোমার সঙ্গে একটু কথা আছে। হেমনলিনী শুদ্ধ হইয়া চৌকিতে বসিল। সে জানিত, তাহার একটা পরীক্ষা জাসি-ভেছে।

বোরেক ভূমিকাজ্বে জিজ্ঞানা করিল, "রমেশের বাবহারে সক্ষেত্রে কারণ ভূমি কিছুই দেখিতে পাও না ?"

হেমনলিনী কোন কথা না বলিয়া কেবল খাড নাডিল।

যোগেক্স। সে যে বিবাহের দিন এক-সপ্তাহ পিছাইয়া দিল, তাহার এমন কী কারণ থাকিতে পারে, মাহা আমাদের কারো কাছে বলা চলে না!

হেমনলিনী চোধ নীচু করিরা কহিল, "কারণ অবশুই কিছু আছে।"

যোগেক্ত। সে ত ঠিক কথা। কারণ ত আছেই—কিন্তু সে কি সন্দেহজনক না ? হেমনলিনী আবার নীরবে বাড় নাড়িয়া জানাইল—"না।"

তাহাদের সকলের চেরে রমেশের উপরেই এমন অসন্দিগ্ধ বিখাসে যোগেজ্র রাগ করিল। সাবধানে ভূমিকা করিয়া কথা-পাড়া আর চলিল না!

যোগেক্স কঠিনভাবে বলিতে লাগিল—
"ভোমার ত মনে আছে, রমেশ মাস-ছমেক্
আগে তাহার বাপের সঙ্গে দেশে চলিয়া
গিয়াছিল। তাহার পরে অনেকদিন তাহার
কোন চিঠিপত্র না পাইয়া আশ্চর্য ক্ইয়া
গিয়াছিলাম। ইহাও ভূমি জান যে, যে
রমেশ ছইবেলা আমাদের এখানে আসিত,
যে বরাবর আমাদের পাশের বাড়ীতে বাসা
লইয়া ছিল, সে কলিকাভায় আসিয়া আমাদের সঙ্গে একবারো দেখাও করিল না, অস্ত

ষাদার গিরা গা-ঢাকা দিয়া রহিল—ইহা
সংস্থে তোমরা সকলে পুর্বের মত
বিখাদেই তাহাকে ঘরে ডাকিয়া আনিলে
আমি থাকিলে এমন কি কথনো ঘটতে
পারিত ?"

दिमनिनी চুপ कतिया तिहन।

বোগেক্র। রমেশের এইরূপ বাবহারের কোন অর্থ ভোমরা খুঁজিয়া পাইরাছ ? এ সম্বন্ধে একটা প্রশ্নপ্ত কি ভোমাদের মনে উদয় হয় নাই ? রমেশের 'পরে এত গভীর বিশাদ ?

, হেমনলিনী নিক্তর রহিল।

যোগেন্দ। আচ্ছা বেশ কথা—তোমরা সর্বস্থভাব, কাহাকেও সন্দেহ কর না---আশা করি, আমার উপরেও তোমার কতকটা বিখাস আছে। আমি নিজে ইস্কুলে গিয়া খবর লইয়াছি, রমেশ তাহার স্ত্রী কমলাকে দেখানে বোর্ভার রাখিয়া পড়াইতেছিল। ছুটির সময়েও তাহাকে সেথানে রাথিবার বন্দোবস্ত করিয়াছিল। হঠাৎ গৃই-তিন-দিন হইল, ইস্কুলের কর্ত্রীর নিকট হইতে রমেশ िठि भारेशांट्ड त्य, इतित नगत्त्र कमलात्क ইস্কুলে রাথা হইবে না। আজ তাহাদের ছুটি সুরাইয়াছে-কমলাকে ইস্কুলের গাড়ি দৰ্জিপাডায় তাহাদের সাবেক বাদার পৌছাইয়া দিয়াছে। সেই বাসায় আমি े निर्ध शिश्राष्ट्रि। গিয়া দেখিলাম, কমলা বঁটিতে আপেলের থোসা ছাড়াইয়া কাটিয়া দিতেছে, রমেশ তাহার অমুখে মাটিতে বিসরা এক-এক টুক্রা লইয়া মুথে পুরিতেছে। ুর্ষেশকে জিজাসা করিলাম, 'ব্যাপারধানা कि ?' जरमन रिनन, 'रम अथन अवः आभारमञ

কাছে কিছুই বলিবে না।' বদি রমেশ একটা কথাও বলিত যে, কমলা তাহার ত্রী নম, তা হলেও না হয় সেই কথাটুকুর উপর নির্ভর করিয়া কোনমতে সন্দেহকে শাস্ত করিয়া রাখিবার চেষ্টা করা বাইত। কিছ সে হাঁ, না, কিছুই বলিতে চায় না। এখন, ইহার পরেও কি রমেশের উপর বিশ্বাস রাখিতে চাও ৪'

প্রশ্নের উত্তরের অপেকার যোগেক হেমনলিনীর মুথের প্রতি নিরীক্ষণ করিয়া দেখিল,
তাহার মুখ অস্বাভাবিক বিবর্ণ হইয়া গেছে,
এবং তাহার বতটা জোর আছে, ছই হাতে
চৌকির হাতা চাপিয়া ধরিবার চেটা করিতেছে। মুহুর্ত্তকাল পরেই সন্মুথের দিকে
সুঁকিয়া-পড়িয়া মুদ্ভিত হইয়া চৌকি হইতে
সেনীচে পড়িয়া গেল।

অন্নদাবাব ব্যাকুল ছইরা পড়িলেন।
তিনি ভূল্ঞিতা হেমনলিনীর মাথা ছই হাতে
ব্কের কাছে তুলিয়া-লইয়া কহিলেন—"মা,
কি হইল মা। ওদের কথা তুমি কিছুই বিখাস
করিয়ো না—সব মিথাা।"

যোগেক্সভাহার পিভাকে সরাইরা ভাড়াতাড়ি হেমনলিনীকে একটা সোকার উপর
ভূলিল,—নিকটেই কুঁলার লল ছিল, সেই লল
লইরা তাহার মুখে-চোখে বারংবার ছিটাইরা
দিল—এবং অক্ষয় একখানা হাতপাখা লইরা
ভাহাকে বেগে বাভাগ করিতে লাগিল।

হেমনলিনী অনতিকাল পরে চোথ
পুলিরাই চম্কিরা উঠিল— অল্পানাব্র দিকে
চাহিরা চীৎকার করিরা বলিল, "বাবা, বাবা,
অক্সবাব্রে এখান হইতে সরিয়া বাইতে
বল।"

আক্ষয় পাথা রাখিরা খরের বাহিরে দর-জার আড়ালে গিরা দাঁড়াইল। অরদাযারু সোফার উপরে হেশনলিনার পাশে বসিরা তাহার মুখে-গারে হাত বুলাইতে লাগিলেন— এবং গভীর দীর্ঘনিখাস ফেলিয়া কেবল এক-বার খলিলেন, "মা!"

দেখিতে দেখিতে হেমনলিনার ছই চক্
দিরা জল থরিয়া পড়িতে লাগিল—তাহার
বৃক ফুলিয়া-কুলিয়া উঠিল—পিতার জামুর
উপর বৃক চাপিয়া-ধরিয়া তাহার অথহ রোদনের বেগ সংবরণ করিতে চেষ্টা করিল।
অরদাবার অঞ্চলজকতে বলিতে লাগিলেন—
"মা, তুমি নিশ্চিন্ত থাক মা। রমেশকে আমি
খ্ব জানি—সে কথনই অবিখাসী নয়—
বোগেন নিশ্চরই ভুল করিয়াছে!"

যোগেক্স আর থাকিতে পারিল না, কহিল, "বাবা, মিথা আখাদ দিয়ে না!—
এখনকার মত কট বাচাইতে গিয়া উহাকে
দিগুণ কটে ফেলা হইবে। বাবা, হেমকে
এখন কিছুক্ষণ ভাবিবার সময় দাও।"

হেমনবিনী ওখনি পিতার জাল্প ছাড়িয়া উঠিয়া বসিল—এবং বোগেক্সের মুখের দিকে চাহিয়া কহিল—"আমার যাহা ভাবিবার, সব ভাবিয়াছি। যতক্ষণ তাঁহার নিজের মুখ হইতে না তনিব, ততক্ষণ আমি কোন-মতেই বিশাস করিব না, ইহা নিশ্চয় জানিয়ো !"

এই কথা বলিয়া সে উঠিয়া পড়িল। অন্নদাবাব বাস্ত : হইয়া ভাষাকে ধরিলেন— ক্ষিলেন, "পড়িয়া যাইবে।"

হেমনলিনী অন্নদাবাবুন্ধ হাত থারির। তাহার শোবার মরে পেল। বিছানার ভইয়া কহিল, "বাবা, আমাকে একটুণানি এক্লা-রাণিয়া যাও, আমি ঘুমাইব ৷"

শন্ধদাবার কহিলেন, "হরির মাকে ডাকিয়া দিব ?—বাতাদ করিবে ?"

হেমনলিনী কহিল, "বাতাসের দরকার নাই বাবা।"

व्यवनावाव शास्त्र चरत्र शिवा वनिरनन। এই ক্যাটিকে ছয়মাদের শিশু-অবস্থায় রাথিয়া ইহার মা মারা যায়, সেই হেমের মার কথা তিনি ভাবিতে লাগিলেন। সেই সেবা. সেই ধৈর্য্য, সেই চিরপ্রসন্মতা মনে পড়িল। সেই গৃহলক্ষীরই প্রতিমার মত যে মেয়েট এতদিন ধরিয়া তাঁহার কোলের উপর বাড়িয়া উঠিয়াছে, তাহার অনিষ্ট-আশ্বায় তাঁহার श्रुवराकूल श्रेश डिजि। পাশের ঘরে বসিয়া-বসিয়া তিনি মনে মনে তাহাকে সংখাধন, করিয়া বলিতে লাগিলেন-"মা, তোমার সকল বিম্ন দূর হউক্, চিরদিন তুমি স্থাৰ থাক—ভোমাকে স্থী দেখিয়া, স্থ मिथिया, याशां क जानवाम जाशांत्र भरतव মধ্যে লক্ষার মত প্রতিষ্ঠিত দেখিয়া আমি যেন তোমার মার কাছে যাইতে পারি!" এই বলিয়া জামার প্রান্তে আর্দ্রচকু মুছিলেন !

মেরেদের বৃদ্ধির প্রতি যোগেক্সের পূর্ব হইতেই যথেষ্ট অবজ্ঞা ছিল, আজ তাহা আরো দৃঢ় হইল। ইহারা প্রত্যক্ষ প্রমাণও বিশাস করে না—ইহাদিগকে লইয়া কি করা যাইবে ? ছইরে ছইরে যে চার হইবেই, তাহাতে মার্যু-বের স্থাই হৌক্ আর ছংথই হৌক্, তাহা ইহারা স্থলবিশেবে অনায়াসেই অস্বীকার করিতেপারে! বৃদ্ধি বৃদ্ধি কালোকে কালোই বলে, আর ইহাদের ভালবাসা তাহাকে বলে

শাদা, তবে যুক্তি-বেচারার উপরে ইহারা ভারি ধাপা হইয়া উঠিবে ! ইহাদিগকে লইয়া ধে কি করিয়া সংসার চলে, তাহা যোগেক্ত কিছুতেই ভাবিয়া পাইল না ।

বোগেক্র ডাকিল-"অক্য় !"

অক্ষয় ধীরে ধীরে ঘরে প্রবেশ ক্রিল। যোগেক্স কহিল—"সব ত ভনিয়াছ, এখন ইহার উপায় কি ?"

অক্ষয় কহিল—"আমাকে এ সব কথার মধ্যে কেন মিছামিছি টান ভাই! আমি এত-দিন কোন কথাই বলি নাই—তুমি আসিরাই আমাকে এই মুদ্ধিলে ফেলিরাছ।" বোণেক্র। আছো, সে সব নালিশের কথা পরে হইবে। এখন ছেমনলিনীর কাছে রমেশকে নিজের মুখে সকল কথা কর্ল না করাইলে উপায় দেখি না।

অক্ষ। পাগল হইরাছ ? মাহুব নিজের মুবে-

বোগের । কিমা যদি একটা চিঠি লেখে, তাহা হইলে আরো ভাল হয়। তোমাকে এই ভার লইতেই হইবে। কিন্তু আর দেরি করিলে চলিবে না।

অক্ষয় কহিল—"দেখি, কতদ্র কি করিতে পারি!"

ক্রেমশ।

সাহিত্যের তাৎপর্য্য।

বাহিরের জগৎ আমাদের মনের মধ্যে প্রবেশ করিয়া আর একটা জগৎ হইয়া উঠিতেছে।
তাহাতে যে কেবল বাহিরের জগতের রং,
আক্বতি, ধ্বনি প্রভৃতি আছে, তাহা নহে—
তাহার সঙ্গে আমাদের ভাললাগা-মন্দলাগা,
আমাদের ভয়-বিশ্রয়, আমাদের স্থ-হঃধ
জড়িত—তাহা আমাদের হৃদয়বৃত্তির বিচিত্র
রসে নানাভাবে আভাসিত হইয়া উঠিতেছে।

এই হৃদয়বৃত্তির রসে জারিয়া-ভূলিয়া
আমরা বাহিরের জগৎকে বিশেবরূপে আপানার করিয়া লই।

বেমন জঠরে জারকরস অনেকের পর্ব্যাপ্তপরিমাণে না থাকাতে বাহিরের খাতকে তাহারা ভাল করিরা আপনার শরী- রের জিনিষ করিয়া লইতে পারে না—তেম্নি হৃদয়তৃত্তির জারকরস বাহারা পর্য্যাপ্ত-রূপে জগতে প্রয়োগ করিতে পারে না, তাহারা বাহিরের জগণটাকে অন্তরের জগণ, আপনার জগণ, মামুষের জগণ করিয়া লইতে পারে না।

একজন সাধারণ শ্রমণকারীর সংক কবি
ওয়ার্ড স্ওয়ার্থের এই প্রভেদ। সাধারণ
শ্রমণকারী যথন শৈলবেষ্টিভ সরোবর দেখে,
তথন বে তার ভাল লাগে না, ভালা নয়—
সে বে নিভাস্ত কৈবল পাছাক্ষী কভ উঁচু,
সরোবরটা কভ গভীয়, সেই ধরর্মুকু লইবার
চেষ্টা করে, ভালা নহে—সে ল্লক্রের আবেণের
য়ারা এই বাহিরের কুটাইক্রে আগনাম করিয়া

লইতে চায়। কিছ তাহার করনা এবং হদয়াবেগ কবির তুলনার সামাস্ত। কবি আপন হদবের হারা, কয়নার হারা বহিঃ-প্রকৃতিকে ওতপ্রোত করিয়া লইয়াছেন—ছোট বনফুল হইতে বৃহৎ পর্বতশৃঙ্গ পর্যান্ত সমন্তই তাঁহার—এবং সেই ক্তে মানবের।

বে কবির হাদয়বৃত্তি জগতের যত বিচিত্র ও অধিক স্থান ব্যাপ্ত করিয়া লইতে পারে, তাহার কবিছের গৌরব তত বাড়ে। কারণ, তিনি বিশ্বকে অধিকপরিমাণে এবং বিচিত্র-ভাবে মাছ্যের আপনার করিয়া গড়িয়া দেন।

এক-একটি জড়প্রাকৃতি লোক আছে, জগতের খুব অন্ন বিষয়েই যাহার ফদরের উৎস্কৃত্য—তাহারা জগতে জন্মগ্রহণ করিয়াও অধিকাংশ জগৎ হইতে বঞ্চিত। তাহাদের হৃদয়ের গবাক্ষপ্তলি সংখ্যাম অন্ন এবং বিস্তৃতিতে সন্ধাণ বলিয়া বিশ্বের মাঝখানে তাহারা প্রবাসী হইয়া আছে।

এমন সৌভাগ্যবান্ লোকও আছেন, বাঁহাদের বিশ্বর, প্রেম এবং ক্রনা সর্বত সজাগ—প্রকৃতির কক্ষে কক্ষে তাঁহাদের নিমন্ত্রণ; লোকালয়ের নানা আন্দোলন তাঁহাদের চিত্তবীণাকে নানা রাগিণীতে স্পান্দিত করিয়া রাথে।

বাহিরের বিশ্ব ইহাদের মনের মধ্যে হৃদমর্ভির নানা রংগ, নানা রংগে, নানা হাচে নানারকম করিয়া তৈরি হইয়া উঠিতেছে।

ভাব্কের মনের এই জগৎটি বাহিরের জগতের চেরে মাজুবের বেশি আপনার। তাহা হৃদরের সাহায্যে মাজুবের হৃদরের পক্তে বেশি হুগম হইয়া উঠে। ভাহা আমানের চিত্তের প্রভাবে যে বিশেষত্ব লাভ করে, তাহাই মান্নবের পক্ষে সর্বাপেকা উপাদের।

অতএব দেখা যাইতেছে, বাহিরের জগতের সঙ্গে মানবের জগতের প্রভেদ আছে। কোন্টা শাদা, কোন্টা কালো, কোন্টা বড়, কোন্টা ছোট, মানবের জগৎ সেই খবরটুকুনাত্র দের না। কোন্টা প্রিয়, কোন্টা অপ্রয়, কোন্টা অপ্রয়, কোন্টা অপ্রয়, কোন্টা অপ্রয়, কোন্টা ভাল, কোন্টা মন্দ, মানুষের জগৎ সেই কথাটা নানা স্থরে বলে।

এই যে মান্ত্রের জগৎ, ইহা আমাদের হৃদ্যে হৃদ্যে বহিয়া আদিতেছে। .এই প্রবাহ পুরাতন এবং নিত্যন্তন। নব নব ইক্রিয়—নব নব হৃদ্যের ভিতর দিয়া এই সনা-তন স্রোত চিরদিনই নবীভূত হইয়া চলিয়াছে।

কিন্ত ইহাকে পাওয়া যায় কেমন করিয়া ? ইহাকে ধরিয়া রাথা যায় কি উপায়ে ? এই অপরূপ মানস-জগৎকে রূপ দিয়া পুনর্কার বাহিরে প্রকাশ করিতে না পারিলে ইহা চির-দিশই স্প্র এবং চিরদিনই নপ্র হইতে থাকে।

কিন্তু এ জিনিষ নষ্ট হইতে চায় না!
হদয়ের জগং আপনাকে ব্যক্ত করিবার জন্ত
ব্যাকুল। তাই চিরকালই মানুষের মধ্যে
সাহিত্যের আবেগ। তাই মানুষ কেবলি
লিখিতেছে, খুদিতেছে, গাহিতেছে, আকিতেছে
—তাহার বিশ্রাম নাই। তাহার প্রকাশচেটা নানারূপে স্তুপাকার হইয়া উঠিতেছে।
ইহা প্রয়োজন বৃষিয়া কাজ করে না—ইহা
বিস্তর অনাবশ্রক সৃষ্টি করে—ইহা কেবল
আকার ধরিতে চায়, বাহির হইতে চায়।

অতএব সাহিত্যকারের প্রথম কাজ কলনাশক্তির হারা, হৃদয়বৃত্তির হারা বাহিরের জগৎকে আপনার মনের করিয়া তোলা। তার পরে রচনাশক্তির বারা সেই মনের জিনিয়কে বাহিরের, আপনার জিনিয়কে সকলের করিয়া দেওয়া।

অভএব সাহিত্যের বিচার করিবার সময় ছইটা জিনিব দেখিতে হয়। ১ম, বিশ্বের উপর সাহিত্যকারের হৃদয়ের অধিকার কড-থানি—২য়, ভাহা স্থায়ী আকারে ব্যক্ত হইয়াছে কভটা ?

সকল সময় এই ছইয়ের মধ্যে সামঞ্চ থাকে না। যেখানে থাকে, সেথানেই সোনায় সোহাগা।

কবির ক্রনাসচেতন হৃদর যতই বিশ্ব-ব্যাপী হর, ততই তাঁহার রচনার গভীরতার আমাদের পরিতৃপ্তি বাড়ে। ততই মানব-বিশ্বের সীমা বিস্তারিত হইরা আমাদের চিরস্তন বিহারক্ষেত্র বিপুলতা লাভ করে।

কিন্তু রচনাশক্তির নৈপুণাও সাহিত্যে মহামূল্য। কারণ, যাহাকে অবলম্বন কার্যা। সে শক্তি প্রকাশিত হয়, তাহা অপেক্ষাকৃত তুদ্ধ হইলেও এই শক্তিটি একেবারে: নষ্ট হয় না। ইহা ভাষার মধ্যে, সাহিত্যের মধ্যে সঞ্চিত হইতে থাকে। ইহাতে মানবের প্রকাশক্ষমতা বৃদ্ধি করিয়া দেয়। এই ক্ষমতাটি লাভের জন্ত মামুষ চিরদিন ব্যাকুল। ধে কৃতিগণের সাহায্যে মামুষের এই ক্ষমতা পরিপুষ্ট হইতে থাকে, মামুষ তাঁহাদিগকে যশ্বী করিয়া ঋণশোধের চেষ্টা করে।

যে মানসঙ্গং হুদয়ভাবের উপকরণে অন্তরের মধ্যে স্বষ্ট হইয়া উঠিতেছে, ভাহাকে বাহিরে প্রকাশ করিবার উপায় কি ? তাহাকে এমন করিরা প্রকাশ করিছে হইবে, যাহাতে হৃদরের ভাব উদ্রিক্ত হয়।

হৃদয়ের ভাব উদ্রেক করিতে সাজ-সরঞ্জাম অনেক লাগে।

পুরুষমান্থবের আপিসের কাপড় শালাসিধা—তাহা যতই বাহল্যবর্জিত হয়, ততই
কাজের উপযোগী হয়। মেয়েদের বেশভ্যা,
লজ্জাসরম, ভাবভঙ্গী, সমস্ত-সভ্যসমাজেই
প্রচলিত।

মেয়েদের কাজ হাদরের কাজ। তাহাদিগকে হাদর দিতে হয় ও হাদর আকর্ষণ
করিতে হয়—এইজন্ত তাহাদিগকে নিতান্ত
সোজান্তজি, শাদাসিধা, ছাঁটাছোঁটা হইলে
চলে না। পুরুষদের যথায়থ হওয়া আবশ্রক—
কিন্ত মেয়েদের স্থলর হওয়া চাই। পুরুমের ব্যবহার মোটের উপর স্থলান্ত হইলেই
ভাল—কিন্ত মেয়েদের ব্যবহারে অনেক
আবরণ, আভাগ-ইঞ্জিত থাকা চাই।

সাহিত্যও আপন চেষ্টাকে সফল করিবার জন্ম অলকারের, রূপকের, ছন্দের, আভাসের-ইঙ্গিতের আশ্রম গ্রহণ করে। দর্শন-বিজ্ঞা-নের মত নিরলদ্বার হইলে তাহার চলে না।

অপরপকে রূপের ছারা ব্যক্ত করিতে গেলে বচনের মধ্যে অনির্কাচনীরতাকে রক্ষা করিতে হয়। নারীর ধেমন প্রী এবং রী, সাহিত্যের অনির্কাচনীরতাটিও সেটরূপ। ভাহা অক্সরপের অতীত। ভাহা অক-ছারকে অতিক্রম করিয়া উঠে, ভাহা অক-কারের হারা আছের হয় না।

ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রভিতিত করিবার জন্ম সাহিত্য প্রধানত ভাষার মধ্যে ছুইটি জিনিব মিশাইরা থাকে—চিত্র এবং সঙ্গীত।

কথার থারা যাহা বলা চলে না, ছবির
ঘারা তাহা বলিতে হয়। সাহিত্যে এই ছবিআঁকার সীমা নাই। উপমা-তুলনা-রূপকের
ঘারা ভাবগুলি প্রত্যক্ষ হইয়া উঠিতে
চায়। "দেখিবারে আঁথি-পাখী ধায়" এই
এক কথার বলরামদাদ কি না বলিয়াছেন ?
বাাকুল দৃষ্টির ব্যাকুলতা কেবলমাত্র বর্ণনাম
কেমন করিয়া বাজ হইবে ? দৃষ্টি পাখীর মত
উড়িয়া ছুটিয়াছে, এই ছবিটুকুতে প্রকাশ করিবার বহুতর ব্যাকুলতা মুহুর্তে শান্তিলাভ
করিয়াছে।

এ ছাড়া ছন্দে, শব্দে, বাক্যবিস্থানে, সাহিত্যকে সঙ্গীতের আশ্রম ত গ্রহণ করিতেই
হয়। বাছা কোনমতে বলিবার জো নাই,
এই সঙ্গীত দিয়াই তাহা বলা চলে। অর্থবিশ্লেষ করিয়া দেখিলে যে কথাটা যৎসামাস্থ,
এই সঙ্গীতের দারাই তাহা অসামান্থ হইয়া
উঠে। কথার মধ্যে বেদনা এই সঙ্গীতই
সঞ্চার করিয়া দেয়।

অতএব চিত্র এবং সঙ্গীতই সাহিত্যের প্রধান উপকরণ। চিত্র ভাবকে আকার দের এবং সঙ্গীত ভাবকে গতিদান করে। চিত্র দেহ এবং সঙ্গীত প্রাণ।

কিন্ত কেবল মাইবের হুদরই যে সাহিত্যে ধরিরা রাখিবার জিনিব, তাহা নহে। মাহ-বের চরিত্রও এমন একটি স্টে, বাহা জড়-স্টের স্থার আমাদের ইন্দ্রিরের ধারা আরত্তণমা ন্হে। তাহাকে দীড়াইতে বলিলে দীড়াই না। তাহা মাহ্বের পক্ষে প্রম্প্রিক্রাজনক, কিঞ্জ ভাহাকে প্রশালার

পণ্ডর মত বাধিয়া খাঁচার মধ্যে পুরিয়া ঠাহর করিয়া দেখিবার সহজ উপায় নাই।

এই ধরাবাঁধার অতীত বিচিত্র মানবচরিত্র—সাহিত্য ইহাকেও অস্তরলোক হইতে
বাহিরে প্রতিষ্ঠিত করিতে চায়। অত্যন্ত গ্লন্থহ
কাজ। কারণ, মানবচরিত্র স্থির নহে, স্থসকত নহে—তাহার অনেক অংশ, অনেক
স্তর—তাহার সদরে-অন্দরে অবারিত গতিবিধি সহজ নয়। তা ছাড়া, তার লীলা
এত স্থলা, এত অভাবনীয়, এত আক্মিক য়ে,
তাহাকে পূর্ণ আকারে আমাদের হৃদয়গম্য
করা অসাধারণ ক্ষমতার কাজ। ব্যাসবান্মীকি-কালিদাসগণ এই কাজ করিয়া
স্থাসিয়াছেন।

এইবার আমাদের সমস্ত আলোচ্য বিষ-য়কে এক কথায় বলিতে গেলে এই বলিতে হয়, সাহিত্যের বিষয় মানবহৃদয় এবং মানব-চরিত্র।

কৈন্ত মানবচরিত্র, এটুকুও যেন বাছল্য বলা ইইল। বস্তুত বহিঃপ্রকৃতি এবং মানব-চরিত্র মানুষের হৃদয়ের মধ্যে অনুকৃণ যে আকার ধারণ করিতেছে, যে সঙ্গীত ধ্বনিড করিয়া তুলিতেছে, সেই চিত্র এবং সেই গানই সাহিত্য।

ভগবানের আনন্দ প্রকৃতির মধ্যে, মানব-চরিত্রের মধ্যে আপনাকে আপনি স্টি করি-তেছে। মাহ্যের হৃদরও সাহিত্যে আপনাকে স্তুলন করিবার, ব্যক্ত করিবার চেষ্টা করি-তেছে। এই চেষ্টার অস্তুলাই, ইহা বিচিত্র। কবিগণ মানবছদরের এই চিরস্তন চেষ্টার উপলক্ষ্যমাত্র। ভগবানের আনন্দস্টি আপনার মধ্য হৈতে আপনি উৎসারিত—মানবহৃদরের আনন্দস্টি তাহারই প্রতিধ্বনি। এই জগৎ-স্টির আনন্দগীতের ঝঞ্চার আমাদের হৃদয়-বীগাতন্ত্রীকে অহরহ স্পন্দিত করিতেছে—সেই যে মানসস্গীত—ভগবানের স্পৃত্তির প্রতিঘাতে আমাদের অন্তরের মধ্যে সেই যে স্পৃত্তির আবেগ, সাহিত্য তাহারই বিকাশ। বিশ্বের নিশ্বাস আমাদের চিত্তবংশীর মধ্যে

কি রাগিণী বাজাইতেছে, সাহিত্য ভাহাই শান্ত করিয়া প্রকাশ করিবার চেষ্টা করিতেছে। সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচণিতার নহে—ভাহা দৈববাণী। বহি:সৃষ্টি যেমন ভাহার ভালমন্দ, তাহার অসম্পূর্ণতা কইয়া চিরদিন ব্যক্ত হইবার চেষ্টা করিতেছে—এই বাণীও ভেম্নি দেশে দেশে, ভাষায় ভাষায় আমাদের অস্তর হইতে বাহির হইবার জন্ত নিয়ত চেষ্টা করিতেছে।

বক্তিয়ার খিলিজির বঙ্গবিজয়।

শেষাংশ ।

মহাননার পূর্ব, করতোয়ার পশ্চিম. হিমাচলপদতলগত আরণ্যপ্রদেশের দক্ষিণ এবং পদ্মাবতীর উত্তর,—এই চতুঃসীমান্তর্গত শ্রীপৌণ্ড বর্দ্ধনভুক্তির অন্তঃপাতী স্থান "বরেক্র"নামে পরিচিত ছিল। অহাপি ইহার অনেক স্থান "বরেল্র"নামেই পরি-চিত। ইহার পশ্চিমে মিথিলা এবং পূর্বের কামরূপের রাজ্য। উত্তর ও পূর্বাঞ্ল হইতে বিবিধ পার্বতা দম্লাদল নিয়ত বরেক্রভূমির উর্বরক্ষেত্রে আপতিত হইত। তাহাদের আক্রমণ নিবারণ করিবার জন্ম করতোয়া-তটে নানাস্থানে প্রাস্তহর্গ বর্তমান ছিল। অত্যাপি বৰ্দ্ধনকোট ও মহাস্থান নামক পুৱা-তন ছর্গের ধ্বংসাবশেষ করতোয়াতটে দেখিতে পাওয়া যার।

মগধের পূর্ব্ব, সমতট বা বাগ্ড়ীর পশ্চিম, 'মিধিনার দক্ষিণ ও ওড়ুদেশের উত্তর,—এই চতৃ:সীমান্তর্গত স্থান "রাঢ়"নামে পরিচিত ছিল; অদ্যাপি সেই নাম প্রচলিত আছে। রাঢ় দক্ষিণ ও পশ্চিমাঞ্চল হইতে আক্রাম্ত হইত বলিয়া, তাহার নানাস্থানে গিরিছ্র্গ ও বন্দুর্গ বর্ত্তমান ছিল।

বৃদ্ধের পূর্ক, সমতটের পশ্চিম, কামরূপের দক্ষিণ ও বলোপদাপরের উত্তর,—
এই চতুঃদীমান্তর্গত স্থান "বৰ্শনামে পরিচিত ছিল। পূর্বাঞ্চল ও উত্তরাকল হইতে আক্রান্ত হইবার আশহা থাকার, বলবিভাগেও রণপোডাদি রক্ষিত হইত।

রাঢ়ের পূর্ব্ব, বলের পশ্চিম, বরেক্রের দক্ষিণ এবং সমুদ্রের উত্তর,—এই চতুঃসীমান্ত-র্গত স্থান "সমতট" অথবা "বার্গ্ডী" নামে পরিচিত ছিল। এই সম্ভট-প্রদেশ শ্বভা-বত স্থাক্ষিত ব্যায়া, এই বিভাগে কোন হুর্গাদি বর্তমান ছিল না। এই প্রদেশ অপেকায়ত আধুনিক।

গৌড়ীর হিন্দুসাপ্রাজ্যে বন্ধ, রাঢ় ও বরেক্স প্রদেশেই প্রাদেশিক রাজধানী সংস্থাপিত হইরাছিল। সমতটপ্রদেশে কথনও কোন রাজধানী থাকার পরিচয় প্রাপ্ত হওয়া যায় না। উত্তরকালে কেবল কিছুদিনের জন্ম স্থাস্থাকি ইইয়াছিল।

এই সকল কারণে সমতটের অন্তর্গত নবদীপে রাজধানী থাকিবার কোন ইতিহাস বা প্রমাণ বা জনক্রতিও প্রাপ্ত হওয়া যায় না। মিন্হাজ নিজেও তথায় কোন রাজধানীর অন্তিও দেখিয়া যান নাই। কেবল বক্তিয়ারের পার্যচর মুসলমানসেনার নিকট গল শুনিবার সময় তাহারই মুখে নবহীপে রাজধানী থাকার কথা শুনিয়াছিলেন। মিন্হাজ বিচারে বা তথামুসন্ধানে প্রবৃত্ত হইলে, প্রকৃত তথা জ্ঞাত হইতে পারিভেন। কিন্তু জিনি বিচারবৃদ্ধির আশ্রয়গ্রহণ আবশ্রক মনে করেন নাই। যেখানে যাহা শুনিয়াছিলেন, তাহাই লিপিবজ করিয়া গিয়াছেন।

রোল, বরেক্র, বঙ্গ ও সমতট পালরাজবংশের বাঢ়, বরেক্র, বঙ্গ ও সমতট পালরাজবংশের অধিকারভুক্ত ছিল। তাঁহাদের শাসনসময়ে গৌড়ীয় হিন্দুসাম্রাজ্যের নানা রাজধানীর নাম ও পরিচয় পুরাতন তাম্রশাসনে থোদিত হইয়াছিল। তাহাতে দেখা যায়, প্রথমাবস্থায় পাল-নরপালগণ ভাঁহাদের ইতিহাসবিধ্যাত পাটিলিপুরের প্রাতন রাজধানীতে বসিয়াই গৌড়রাজ্য শাসন করিতেন। পরে মুদ্যা-গিরি-(মুক্রের)-নগরে বাজধানী ভানাভারিত

হইয়াছিল। তাহার পর গৌড়াস্বর্গন্ত পৌণ্ড্র-বর্জন ও পৌণ্ডু বর্জনের নানা উপবিভাগে রাজ-ধানী সংস্থাপিত হয়। কিন্তু পাল-নরপালবর্গের শাসনসময়েও সমতটের অন্তর্গত কোন স্থানে কোন রাজধানী সংস্থাপিত হওয়ার প্রমাণ নাই। নারায়ণপালের তামশাসনে দেখা যার, সমতটনিবাসী শিল্পী ঐ তামশাসনে রাজাজ্ঞা উৎকীর্ণ করিয়াছিল। সেনরাজবংশের অধিকার বিস্তৃত হইয়া সমগ্র গৌড়ীয় হিল্পামাজ্ঞা তাহাদের করতলগত হইবার পর রাঢ়, বরেক্র ও বঙ্গেই রাজধানী সংস্থাপিত হইয়াছিল। তাহারাও শ্রীবিক্রমপ্রের প্রাতন রাজধানীকেই প্রধান রাজধানী মনে করিতেন।

বক্তিয়ার থিলিজির এদেশে উপনীত হইবার সমসময়ে, সমতটপ্রদেশে কোন রাজধানী থাকিলে, তাহা জয় করিবার জন্ম তাঁহাকে অবশ্রই চেষ্টা করিতে হইত। বক্তিয়ারের বঙ্গবিজয়সম্বন্ধে যতদূর জানিতে পারা সম্ভব, তাহাতে লক্ষোর, লক্ষণাবতী ও শ্রীবিক্রমপুর আক্রমণের চেষ্টাই জ্ঞাত হওয়া যায়। বক্তিয়ার জীবিত থাকিতে, লক্ষ্ণাবতী ভিন্ন আর কোন গৌড়ীয় হিন্দুরাজধানী তাঁহার করতলগত হয় নাই। তিনি আর যেখানে গিয়াছেন, সেথানেই পরাস্ত হইয়া প্রত্যাগত হইয়াছেন। বক্তিয়ার থিলিজির বঙ্গবিজয় বলিতে বিশ্বিঝিব, তাহা নির্ণয় করিতে হইলে. তাঁহার বিজয়সময়ে এ দেশের অবুস্থা কিরূপ ছিৰ্বী তাহার আলোচনা করা আব-খ্রক। যে দকল প্রমাণ অবলম্বন করিয়া এই আলোচনায় প্রবৃত্ত হইতে হইবে, তাহা সংক্রেপে উল্লিখিত হইতেছে।

(১) প্রথম প্রমাণ,—বিজয়সেনের

প্রহ্যমেশরনামক-শিবমন্দিরের প্রস্তর্ফলক-লিপি। ইহা উমাপতিনামক কবির রচিত বলিয়া লিখিত আছে। জন্মদেব উমাপতির क्याप्तर निथिया शिया छ्न-नमनामश्चिक । "**উমাপত্তি বাক্যকে বড় পল্লবিত করি**য়া থাকেন।" উমাপতির এই রচনাতেও পল্ল-বিত বাক্যাবলীর নিদর্শন প্রাপ্ত হওরা যায়। কিছ তাহার অভ্যন্তরে যে কিছুমাত্র ঐতি-হাসিক সভা নাই. এরপ নিতাম অসমত। উমাপতি বিজয়সেনকে विषयो वीत्र विषया वर्गना कत्रिया शियारहन। অভাভ প্রমাণেও ইহা দৃঢ়ীকৃত হইরাছে। . বিজয়সেন বীর না হইলে, পালবংশের অধি-কৃত বরেরপ্রদেশে রাজধ্না ও র্জ্য সংস্থা-পনে কৃতকার্য্য ইইতেন না। স্বভরাং অক্স প্রমাণ না থাকিলেও, তাঁহাকে বিজয়ী বীর विनिधारे श्रीकांत्र कतिए रहा। विजयरमञ "গৌড়েধর" উপাধি গ্রহণ করিলেও, তিনি বে সমগ্র গৌডরাজ্য করতবগত করিতে সমর্থ হইয়াছিলেন, তাহা সত্য বলিয়া বোধ হয় না। সূত্য হইলে, তিনি রাজশাহার অন্তর্গত গোদাগাডীর নিকট বরেল্রনামক স্থানে র জ্বানী সংস্থাপন ও শিবমন্দির প্রতিষ্ঠা না করিরা, ইতিহাসবিখ্যাত পৌণুবর্দ্ধনের পুরাতন রাজধানীতেই সিংহাসনে উপবেশন করিতেন। কিন্তু প্রস্তর্নিপিতে বিজয়সেন গৈড়ৈ, কলিক ও কামরূপ জেতা বলিয়া ৰণিত। যথা:--

> "শ্বং নান্যবীরবিজয়ীতি পিরং ক্বীনাং শ্রুষান্যথামননর্জনিগুড়দোঘঃ। গৌড়েক্সমন্ত্রদপাকৃতকামরূপ-শ্রুপং ক্লিক্সপি যন্তর্গা জিগার ॥"

(২) বিতীর প্রমাণ,—বঁলালবিরচিত
"দানদাগর"নামক গ্রছের পরিচরলোকাবলী।
তাহাতে বিজয়দোনদেবের বরেক্তে প্রাক্তৃতি
হইবার কথা লিখিত আছে। বিজয়দেন বে
সমগ্র গৌড়রাজ্য করতলগত করিতে পারেন
নাই, "দানদাগরের" লোকই তাহার বিশিষ্ট

"হেমন্ত: পরিপদ্বিপদ্ধন্তনঃ স্বৰ্গক্ত নৈস্থাকৈকল্পীত: স্বৰ্গনৈক্দান্তমহিমা হেমন্তসেনোহজনি।"
"তদ্সু বিজয়সেন: প্রান্তমানীৎ বরেক্তে দিশি বিদিশি ভজন্তে বক্ত বীর্থনজন্মন্।".

ইহাতে বিজয়দেন বীর ও বিজয়ী বলি-রাই প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। তিনি বরেক্সে প্রাহর্ভূত হইয়াছিলেন,—সমগ্র গৌড়ীয় হিন্দ্-সাম্রাজ্য অধিকার করিতে পারেন নাই।

(৩) তৃতীয় প্রমাণ,—লক্ষণসেনদেবের বিবিধ ত, এলাসন। ইহাতে বিজয়সেনের রাজ্য সমৃদ্র পর্যস্ত বিস্তৃত ছিল, জানিতে পারা যায়। এ পর্যস্ত অক্ষণসেনদেবের যত্তিল তা এলাসন আবিষ্কৃত হইরাছে, তন্মধ্যে তদীয় রাজ্যাবের সপ্তমবর্ষ পর্যস্ত তাহার প্রক্রিমপ্রের রাজধানীতে থাকার পরিচর প্রাপ্ত হওয়া যায়।

এই সকল তামশাসনে বিজয়সেন্
"বিজয়ী" এবং বল্লালসেন "সংগ্রামাবতার"
বলিয়া কীর্তিত। বল্লালই বে সেনরাজবংশের
নরপতিবর্গের মধ্যে গৌড়ে রাজধানীসংহাপনের পথপ্রদর্শক, গৌড়ের কংসাবশেষের
মধ্যে বল্লালবাড়ীনামক হান জ্ঞাপি তাহার
সাক্ষ্যদান করিতেছে। লক্ষ্যসেনদেবের
বে তামশাসন মাধাইনগরে প্রাপ্ত হওয়া
গিরাছে, তাহাতে তিনি "গৌড়েব্র" বলিয়া

আপনার পরিচয়প্রদান এবং কাশীরাজের সৃহিত সন্ধিস্থাপনের উল্লেখ করিয়াছেন।

(৪) চতুর্থ প্রমাণ, -- লক্ষণদেনের পুত্র বিশ্বরূপদেনের ভামশাসন। ইহাতে বিজয়-দেন, বহালদেন ও লক্ষণদেন গৌড়েশ্বর বলিয়া কীর্ত্তিত হইলেও, তাঁহাদের ভিন্ন ভিন্ন উপাধির উল্লেখ আছে। তাহা কবিক্রনামাত্র বলিয়া প্রত্যাখ্যান করা যায় না। তাহা অবশাই কোন-না-কোন ঐতিহাসিক তথ্য স্বাক্ত করিত। উপাধিগুলি এইরপে কীর্তিত, যথা:

- (১) সরিরাজবৃষ্টশক্ষর গোড়েধর শ্রীমধিজয়দেনদেব।
- (২) অরিরাজনিঃশ**রশক্**র গৌড়েশর শ্রীমন্বরালনেনদেব I
- (৩) অরিরাজনদনশঙ্কর গৌড়েশর **শ্রীম**লক্ষণদেনদেব।

এই তিন বিখ্যাত নরপতির মধ্যে লক্ষণ-সেনদেবের পরিচয়স্বরূপ উপাধির উল্লেখ আছে। লক্ষণদেন "অগ্ৰ-পতি-গঙ্গপতি-নরপতি-রাজত্ত্মাধিপতি" বলিয়া পরিকীর্ত্তি। লক্ষণসেনদেবের শ্রীক্ষেত্রে, কাশী-ধামে ও প্রয়াগেও "সমরজয়তত্তমালা" তাপন করিবার কথা এই তাম্রশাসনে উল্লিখিত আছে। এই करबक्षि श्रमाण विश्ववरमन, वल्लानरम् ९ লক্ষণলৈনের শাসনসময়ে সেনরাজ্যের শৌর্যা-द्वीर्या ও विकासकाहिनीत পরিচয় পাওয়া याध, **এবং लक्ष्म । एम यह एवं वाह्य लाग्न अग्र मर्का-**পেকা প্রশংসিত ছিলেন, তাহারও প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। ইছা বিশ্বরূপদেনের রাজ্যানের চতুদিশ্বধীয় লিপি; তখন লক্ষ্ণদেন স্বৰ্গাক্ষ্ ও যবনগণ বিশ্বরূপের নিক্ট পরাভূত; বিশ্ব-রপ তাঁহাদের পক্ষে "প্রলম্কালরুড্র" নামে পরিচিত। লক্ষণদেন নিতাত योग त्रामा, त्रामधानी ও त्रामधन विमञ्जन করিয়া, প্রাণ লইয়া অস্তঃপুর হইতে প্লায়নের জন্ম ব্যাকুল ছিলেন কি না, তাহার
বিচার করা অনাবশুক। মুদলমান ইতিহাদলেথক রায়-লছ্মণিয়া-নামক নরপতির
য়য়েই পলায়নকলক নিক্ষেপ করিয়া গিয়াছেন। এই রায় লছ্মণিয়া কে ছিলেন
পুরাতত্ত্বিৎ জেম্দ্ প্রিন্দেফ্ প্রথমে এই অমুদক্ষানকার্য্যে হস্তক্ষেপ করেন। তিনি সেনরাজবংশের নরপতিবর্গের এক নামাবলী স্থির
করিয়া যান। তাহা এইরূপ: -

थ् ष्टोस ।	নরপতির নাম।
> e 40	বিজয়সেন ৷
5 e 5.8	বল্লালসেন।
222.A	नऋगटम् ।
>> 50	गांधवरम् ।
2200	কেশবদেন।
>><>	महादमन ।
>> e 8	নারায়ণ।
>< • •	লছ্মণিয়া।

• এই তালিকা অনুসারে লছ্মণিয়া লক্ষণ-সেনের বছপরবর্তী নরপতি বলিয়া নিদিও হইয়াছিলেন। ইহার পর স্থার আলেক্-জাণ্ডার কনিংহাম্ কতকগুলি তামশাসন, প্রস্তরলিপি ও আইন আক্বরি অবলম্বনে আর একটি তালিকা প্রস্তুত করেন। তাহা এইরপ:—

थ्डाय ।	নরপতির নাম ।
> • < ¢	বিজয়সেন ৷
> • ¢ •	বলালদেন।
> 9 9 .	লন্ধবেদন।
>> 0	্মাধবদেন।
22.p	কেশবদেন।

নরপতির নাম। शृष्ट्रीकः । লছ্মণিয়া। ソンント বক্তিয়ারের বঙ্গবিজয়। ソンシト এই তালিকা অমুসারেও লছ্মণিয়া **লন্ম**ণসেনের বহুপরবন্তী নরপতি বলিয়া निर्मिष्ठे इरेशाहित्यन। मिन्राज वत्यन, লছমণিয়ার রাজ্যান্দের ৮০ অব্দে বক্তিয়ার বন্ধদেশে উপনীত হন। মিথিলাপ্রদেশে "লক্ষণাৰু" নামে এক অৰু প্ৰচলিত আছে। খুষ্টীয় ১১১৯ সাল ভাহার আরম্ভকাল। এই প্রমাণ অবলম্বনে বক্তিয়ারের বঙ্গদেশে ৮০ লক্ষণাকে অমুমিত কেহ কেহ বলিয়াছিলেন-লছ্মণিয়াই লক্ষণ-সেন। ৮০ বংসর রাজ্যভোগ করা সচরাচর (मिथिट शाख्या यात्र ना। পরিণতবয়সে সিংহাসনে আরোহণ করায়. তাঁহার ১১৯৮ খুটান্দে জীবিত থাকা অসম্ভব হইরা পড়ে। তদীয় রাজ্যান্দের ৮০ সালে বক্তিয়ারের বঙ্গদেশে উপনীত হওয়া সত্য रहेरलंड, उरकारण मन्तरास्त्र থাকা সভা বলিয়া গ্রহণ করা যার না।

কিন্ত এই অনুমানই ক্রমে ক্রমে বঙ্গসাহিত্যে ইতিহাস বলিয়া প্রচারিত হইয়াছে।
এখন লক্ষণসেনের পুত্র পর্যান্ত সেনরাজবংশের
নরপতিবর্গের নামাবলী বিবিধ তাত্রশাসনে
আবিষ্কৃত হইয়াছে এবং লক্ষণসেনের পুত্র
বিশ্বরূপের যবনসমরে বিজয়ী প্রলয়কালক্ষ্
বিলয়া পরিচিত থাকাও প্রকাশিত হইয়াছে।
ইহাতে লছ্মণিয়া যে প্রকৃত নাম নহে,
তাহার প্রমাণ প্রাপ্ত হইবামাত্র, কেহ কেহ
বি নাম সংশোধনের চেষ্টা করিয়া উহাকে
লাক্ষণ্য-আধ্যা প্রদান করেন। লাক্ষণ্য-

নামও মনঃপৃত বা ব্যাকরণসন্মত হইল না;
তথন লছ্মণিয়া "লন্ধণসেন" বলিরাই অন্থমিত
হইলেন। এই অন্থমান বিগত অর্জশতাকীর
মধ্যে বঙ্গমাহিতো নানারপ কবিকরনার
প্রশ্রেষদান করিয়াছে। সর্কাপেকা আধুনিক
কবিতা কবিবর বিজেক্রলাল রায় মহাশদ্মের
লেখনীপ্রস্ত। পরিহাসরসিক বিজেক্রলালের রচনাকোশল লন্ধণসেনদেবকে
সভ্যজগতে নিরবচ্ছির ঘণার পাত্র করিয়া
তুলিয়াছে:—

"——এই সেই নৰছীপ,'
যেইখানে বীর জায়াকুলের প্রদীপ
বক্ষেশ লক্ষ্মণসেন, প্রবৃত্ত জাহারে,
শুনি সপ্তদশ সেনা উপনীত ছারে,
জতাত্ত্ত-প্রত্যুৎপন্নমতিজ-সহিত,
পশ্চাদ্ধার দিয়া, নৌকার্ম্নচ, পলান্নিত,—
একেবারে না চাহিয়া দক্ষিণে ও বামে,
একেবারে উপনীত বারাণ্টাধামে।"

কবিকুল নিরছ্শ !—স্বদেশের স্বর্ণার বীরচরিত্র বিকৃত করিবার সময়েও নিরছ্শ !
এতই নিরছ্শ যে,—প্রাণভয়ে ভীত পলায়নপরায়ণ লক্ষণসেন মুসলমানসেনায় আক্রমণে
দ্রে পলায়ন না করিয়া, মুসলমানের
নবাধিকত বারাণসীধামে গমন করায়, কাব্য যে কতথানি অসক্ত হইয়া উঠিল, তাহার
প্রতিও ক্রক্রেপ নাই!

বিজেজনালের পূর্ব্ধে ন্বীনচক্ত ও বিষম-চক্রও লক্ষণসেনকেই পলারনের কলকে কলকিত করিয়া গিয়াছেন। কিন্তু নবীনচক্ত ইহা লইয়া পরিহাসপ্রবৃত্তি চরিতার্থ করেন নাই; মর্ম্মবেদনা প্রকাশ করিয়াছেন। বিষমচক্র সে মর্ম্মবেদনার ব্র্থাসাধ্য উপশম-সাধনার্থ পশুপতিরু বিশাস্থাতকতা কর্না করিয়া, যে আসনে একদিন হলায়্ধ উপবেশন করিতেন, তথায় পশুপতি উপবিষ্ট বলিয়া আক্রেপপ্রকাশ করিয়া গিয়াছেন। বলা বাছলা, এছলে পশুপতির নাম গৃহীত না হইলেই ভাল হইত। হলায়ুধের জ্যোঠের নামই পশুপতি। তিনি বিবিধশাস্থবিশারদ সাধুবাজি ছিলেন। তাঁহার শ্বতি বড় নির্দেশরূপে বঙ্গাহিতো পদবিদলিত ইইয়াছে!

বরেরভুমি সেনরাজবংশের আদিরাজা हिन सा। विक्रम, बलाग उ नक्तन उत्स ক্রমে তাহা পাল-নরপালগণের নিকট হইতে কাডিয়া লইয়াছিলেন। বক্তিয়ারের আগমন-সময়ে এই প্রদেশে সেনরাজবংশের স্বদৃঢ় শাসন প্রতিষ্ঠিত না থাকার, লকণের পুত্রগণ আদি-রাজারকার্থ বরেক্র পরিত্যাগ করায়, বক্তিয়ার তাহ। কুড়াইয়া পাইয়াছিলেন। লন্ধণের পুত্রগণের লক্ষা ছিল, তাংতে তাঁহা-দের সম্পূর্ণরূপে কৃতকার্যা হইবার কণ। মুদল-मात्नत ইতিহাদেই দেখিতে পাওয়া যায়। এরপ অবস্থায় বক্রিয়ার থিলিজির বঙ্গবিজয়ে দেনরাজবংশীয় কোন নরপতিরই কলফ ঘোষিত হইতে পারে না। ঘটক দিগের গ্রান্থে ব্যাতন জনশ্রতি লিপিবন্ধ আছে. তদ্মারে লক্ষণদেনের পুত্র কেশবদেনের গৌড়রাজ্য পরিত্যাগ করিবার প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। কিন্তু কেশবদেন গৌডরাজা পরিত্যাগ করিলেও, রাঢ় ও বঙ্গ পরিতাক হয় নাই। বক্তিয়ার থিলিজি পরিত্যক্ত গৌড়-বিভাগই অধিকার করিতে সমর্থ হইরাছিলেন; অপরিতাক রাঢ় ও বলবিভাগ অধিকার করিবার জন্ত তাঁহাকে দীর্ঘকাল বৃদ্ধ করিয়া পরিপ্রান্ত হইতে হইরাছিল। রাচ বক্তিয়ার

থিলিজির জীবিত থাকা পর্যন্ত অধিকৃত হয় নাই; বঙ্গ বক্তিয়ার থিলিজির মৃত্যুর পর অর্দ্ধশতাকী পর্যন্তও অধিকৃত হয় নাই;—
তাহার প্রমাণ মুসলমানের ইতিহাসেই প্রাপ্ত হওয়া থায়। বঙ্গকবি পলায়নকলঙ্কের সরস কবিতার বঙ্গসাহিত্য পূর্ণ করিয়াছেন; কিছ লক্ষণাত্মজ বিশ্বরূপসেনের স্বদেশরক্ষার কীর্তিকাহিনী ঘোষণা করিবার জন্ম লেখনী-চালনা করেন নাই।

লক্ষণসেন ছর্বলহতে রাজদণ্ড ধারণ করেন নাই। তাঁহার শাসনসমরে গোড়ীয় হিন্দুদামাজা দক্ষিণ ও পশ্চিমে বহুদূর পর্যান্ত বিস্থৃত হইবার প্রমাণ পাওয়া যার। অন্তাপি মিথিলাপ্রদেশে "লক্ষণ-সংবৎসর" প্রচলিত থাকিয়া লক্ষণসেনের রাজ্যবিস্তারের পরিচয় প্রদান করিতেছে। বিশ্বরুণসেনের তাম-শাসনে লিখিত আছে:—

"বেলায়াং দক্ষিণাক্ষেম্ সলধরগদাপাণিসংবাসবেদ্যাং ক্ষেত্রে বিবেখরস্ত ক্ষ্রদিনিরগালেনগঙ্গোর্দ্মিভাজি। ত্বীরোৎসক্ষে ত্রিবেণা।ং কমলভবমখারস্থানিরাজপ্তে ফেনোডেনজ্যতুপিঃ সহ সমরজরক্তমালা ভাগালি॥"

এই বর্ণনার সহিত লক্ষণদেনদেবের "অশপতি-গজপতি-নরপতি-রাজত্রয়াধিপতি"-নামক স্থলীর্ঘ উপাধির নম্পূর্ণ সামঞ্জন্ত -দেখিতে পা ওয়া এই স্পবিস্তত যায়। গৌড়ীয় হিন্দুসামাজ্য যে প্রণানীতে শাসিত হইত, তাত্রশাসনে তাহার কিছু কিছু পরিচয় হ ওয়া याम् । लक्ष्मां भनम्यास् গোড়ীয় হিন্দুসামাজ্য যে স্থরকিত ছিল. তাহাতে সন্দেহ নাই; किन्द পশ্চিমাঞ্ল হইতে মিথিশার গণে কেহু আক্রমণ করিলে. তাহার গতিরোধের কোন উপায় ছিল না।

वनक्टर्न ७ शिविक्टर्न त्राद्व शन्तिमाकन মুর্কিত ছিল: করতোয়ার প্রবল প্রবাহ এবং করতোগ্নাভটাবস্থিত প্রান্তহর্গ উত্তরবঙ্গের পূর্বাঞ্চল সুর্কিত করিয়াছিল। উত্তরবঙ্কের পশ্চিমাঞ্চল কাশী পর্যান্ত স্থবিভূত সমতগকেতা;-তাহা, কোনরপে হুর্গাদি-দারা সুরক্ষিত ছিল না। কাশীরাজ্য যবন-হস্তে পতিত হইবার পর, কাহারও পক্ষে সহজে মিথিলা ও উত্তরবঙ্গ রক্ষা করিবার সম্ভাবনা ছিল না ;—তজ্জ্মই তাহা কেশব-দেন-কর্ত্তক পরিত্যক্ত হওয়া সম্ভব। গৌড়ীয় হিন্দুসাম্রাজ্যের শেষ স্বাধীন নরপতির প্রাণভরে অস্ত:পুর হইতে পলায়ন করা সতা হইলে, ৰক্তিরার খিলিজি সমগ্র গৌড়ীয় হিন্দু-সাম্রাক্লোই অধিকারবিস্তার করিতে পারি-তেন; তাঁহাকে উত্তরবঙ্গে সীমাবদ্ধ হইয়। থাকিতে হইত না। মিনহাজ পুরাতন দৈনিকের মুথে যে গলগুজব প্রবণ করিয়া-ছিলেন, তাহা যে গ্রমাত্র,—ঐতিহাসিক সতা নহে, এই ঘটনাই তাহার যথেষ্ঠ প্রমাণ।

বক্তিয়ায় খিলিজির উত্তরবঙ্গ অধিকার করিয়া লক্ষণাবতীতে রাজধানীস্থাপন করার কথা মুসলমানের ইতিহাসে লিখিত থাকিলেও.
কোন্ সময়ে এই কার্য্য সাধিত হইয়ছিল, সেবিষয়ে বিলক্ষণ তর্কবিতর্ক উত্থাপিত হইতে পারে। বক্তিয়ার খিলিজি বিহার অধিকার করিবার পরই উত্তরবঙ্গ অধিকার করেন। কিছ তিনি তথায় বাস করিতেন বলিয়া বোধ হয় না। ৫৯৯ হিজরীতে (,২০১ খ্ট্রাকে) স্থলতান যথন কালেজরের হুর্গ জয় করিয়া কালপী অধিকার করেন, তথন

বক্তিয়ার থিলিজি বঙ্গবিজ্ঞার সমাটের গোচর করিয়া উপঢ়োকনপ্রদানার্থ তাঁহার নিকট উপনীত হন। লিখিত ইতিহাসে দেখিতে পাওয়া যায় বক্তিয়ার এই সময়ে বিহার হইতেই সমাটের নিকট গমন করিয়াছিলেন; এবং স্থলভানের নিকট হইতে প্রত্যাগত হইয়া বছসংখ্যক অপরিভদ্ধ হিন্দুদেবমন্দির ধ্বংস করিয়া প্রমপ্রবিত্ত মোহম্মদীয় ধর্মের উপাসনাগৃহ নির্মাণ করিয়াছিলেন। মতরাং ১১৯৮ খৃষ্টাব্দে বক্তিয়ারের বন্ধবিজয় এবং তাঁহার ঘাদশবর্ষ বন্দদশশাসনের কথা কেবল কথার কথা।* **>>>> शृहोदम** উত্তরবন্ধ আক্রান্ত ও ১২০১ খুটানের পর তথায় মুদলমানশাসনের স্ত্রপাত হইয়া-ছিল বলিয়া বোধ হয়। গৌড়ীয় হিন্দুসাম্রা-জোর যে অংশ এইরূপে পরিতাক হইয়া মুসলমানের করতলগত হয়, তাহা প্রকৃত-পক্ষে অধিকার করিতে বক্তিয়ার খিলিজির তিন-চারি-বংসর অতিবাহিত হইয়াছিল। ইহার পর তিনি ছুইবংসরমাত্র জীবিত ছিলেন। সে গুই বৎসরের ইতিহাস কেবল যুদ্ধকলহ, মহানন্দার 'তীর দৈশুসংগ্ৰহ, হইতে করতোয়ার তীর পর্যান্ত যুক্ষাতা; করতোয়া উত্তীর্ণ হইবার পর প্রত্যাবর্তন ও পথিমধ্যে মৃত্যু প্রভৃতি বিবিধ বিবরণে পরিপূর্ণ। স্থতরাং বক্তিয়ার থিলিজির প্রকৃতপক্ষে উত্তরবঙ্গের এক প্রাপ্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত সমৈন্তে নানান্থান পরি-ভ্রমণ করা ভিন্ন যথারীতি শাসনকার্বা পরি-চালনা করিবার অবসর প্রাপ্ত হওয়া ও বাদশ-

এই সকল কারণে ১২০৩ গৃষ্টান্দে বজিয়ার খিলিজির বঙ্গবিজয়ের কথা লিখিত হইয়া শাকিবে।

বংদর বন্ধদেশ শাসন করা বিশাস করা যার
না। যাহারা পলায়নপর কাপুরুষ বলিয়া
কাবের, উপস্তাদে ও ইতিহাসে লাঞ্চিত,
তাহাদের দেশে বক্তিয়ার থিলিজির বীরবাছ
লাদশবংসরেও মুসলমানশাসন প্রতিষ্ঠিত
করিতে পারে নাই। কেন পারে নাই,
তাহার কারণপরস্পারার বিস্তৃত বিবরণ বিলুপ্ত
হইলেও, তাহা অনুমান করিয়া লইতে কাহারও
কট্ট হইতে পারে না। ইতিহাসে যত কথা
লিখিত আছে, তাহা সতা হইলে, এরূপ
ঘটনা সংঘটিত হইত না। বক্তিয়ার থিলিজি
েগ তইবৎসর সয়ং উত্তরবঙ্গে বিচরণ করিয়া
ভিলেন, তাহার বিস্তৃত কাহিনা "রিয়াজ
ভিদ্নগালাতিন" হইতে উদ্ধৃত হইল।

"অতঃপর * বথ্তিয়ার থেতা † ও তাঁকাং
আক্রমণের জন্ত >০।>২হাজার অধারোহী
দৈন্ত লইরা বাঙ্গালার উত্তরপূর্কা পার্কাচাপথে
গ্যন করিবেন। পথিমধ্যে কোচ-প্রদেশের
আলিমেচ-নামক জনৈক শ্রেষ্ঠব্যক্তি বথ্তিনারের হত্তে পবিত্র এসলামধ্য গ্রহণ করেন।

ইনি বধ্তিরারের দৈলগণের পার্বত্যপ্রদে-শের পথপ্রদর্শক ও অগ্রগামী হইলেন।

"আলিমেচ বধ তিয়ারের সৈন্থাগণকে অক্স
একটি প্রদেশে লইয়া যান। ঐ প্রদেশে
আবদ্ধন ও বরমনগতি নামক নগর বর্ত্তমান
ছিল। পূর্বতিন ঐতিহাসিকগণ বলেন যে,
এই নগর রাজা গরসাদেপের কীর্ত্তি। গঙ্গান
নদীর ত্রিগুণ গভীরতা ও বিস্তার বিশিষ্ট
নমকদ্দী-নামী এক নদী ‡ ঐ নগরের সম্মুথে
প্রবাহিত হইত। উহা পার হইবার কোন
উপায় ছিল না। এজন্থ বধ্তিয়ার ঐ স্থান
তাগ করিয়া দশদিন পরে অন্থ একস্থানে,
উপস্থিত হইলেন। এই স্থানে নদীর উপর
এক বৃহৎ সেতু ছিল; উহা ২৯টি প্রস্তরনির্মাত থিলানের উপর দ্রোগ্রমান। §

"ঐতিহাসিক পণ্ডিতগণ বলিয়া গিয়াছেন যে, গরসাদেশ যথন হিন্দুখান আক্রমণ করেন, তথন ঐ সেতু নির্মাণ করিয়া তিনি কামরূপে আসিয়াছিলেন। মোহম্মদ বথ্তিয়ার সেতু-প্রেন্দী পার হইয়া অগ্রসর হইলেন। ছই-

* "When several years had elapsed he (Bakhtiyar) received information about the territories of Turkistan and Tibet to the east of Lakhnanti and he began-to entertain a desire of taking (them). For this purpose he prepared an army of about ten thousand horse." Tabakht-i-Nasiri. Trans.

ই মার্চ-সাহেব এখানে এক বংসর (In the course of a year) বলিয়া ভ্রম করিয়াছেন।—Stewart's Bengal, p. 28.

্ তুর্কিছানের নাম।

্ন গোলাম হোসেন এথানে স্থানের নাম লইয়া গোল করিয়াছেন। অথবা ঠাহার অপরাধ কি ? হত্তবিধিত 'নাদিরী পুত্তক একস্ত দায়ী। পরবর্ত্তী লেখকে এগুলি নানারূপে পাইরাছে। ক্ষিত নগরটি 'বর্দ্ধনকোট' ও ননীর নাম 'বাঘমতী'—নাদিরী গ্রন্থের অনেক খণ্ড মিলাইয়া এরূপ স্থিরীকৃত হইয়াছে। বগুড়াজোনার উত্তরাংশে গোবিন্দগল্পের নিকট করতোয়া-নদী-ভারে প্রাচীন বর্দ্ধনকোটের স্থান নির্দিষ্ট হইরাছে। 'বাঘমতী'ই করতোয়া গবং দশনিন ধরিয়া করতোয়া ও ভিত্তা (জিল্লোভা) নদীর পার্ব দিয়া বধ্তিয়ারের সৈজ্বেরা যাত্রা করে,—পণ্ডিতবর বুক্মান্ এইরূপ অস্থুমান করেন।

§ .ইলিয়্ট-সাহেবের ইতিহাসের অনুবাদে খিলান্-সংখ্যা ২০টি এবং টুয়াটের গ্রন্থে ২২টি, অখ্ট উভরেই এক নানিরীগ্রন্থ অবলম্বন করিরাছেন। সম্ভবত মূলগ্রন্থের বিংশত্যধিক (Twenty odd) কথা নান। জনে নানা

ভারে লইরাছেন।

জন অখারোহী কতিপর দৈনিক সহ পুলের दकाकार्या नियुक्त दहिल। কামরূপের রাজা অগ্রসর হটতে বাধা দিয়া কহিলেন.* 'বদি অধুনা তীকাং-অভিযানে কান্ত হইয়া আগামী বর্ষে উপযুক্ত দৈক্ত ও দৃত সহ বথ-তিয়ার আগমন করেন, তবে তিনি এদলাম-সৈন্সের অগ্রগামী হইয়া (ভাহাদের স্থায়তা-সাধনার্থ) পরিশ্রম করিবেন।' কিন্তু বধ-তিয়ার কামরূপের রাজার বাকো কর্ণপাত না করিয়া অগ্রাসর হইলেন এবং বোড়শ-मियम পরে ভীব্বং-দেশে উপনীত হইলেন। তথার গরসাসেপ শাহের এক স্বৃদৃঢ় হর্গে যুদ্ধ भारुष रहेल। यूष्क वह अनुलाम-देमच নিহত হইল, তথাপি বথ তিয়ার হর্গ অধিকার ক্রিতে পারিলেন না।

"শক্রপক্ষীর যে সকল লোক বন্দী হইয়।
ছিল, তাহাদের নিকট বথ্তিয়ার অবগত
হইলেন যে, উক্ত হুর্গের পঞ্চক্রোশ দূরে এক
বৃহৎ নগর আছে। + পঞ্চাশৎসহস্র ধকুর্ধারী
তুকী অখারোহী ঐ নগরের অবস্থান করে।
প্রত্যহি ঐ নগরের অখবিপণীতে ১৫শত অখ
বিক্রীত হয়। এই স্থান হইতেই লক্ষোতীদেশে অখ প্রেরিত হইয়া থাকে। ‡ বন্দিগণ কহিল, 'এই সামান্তদৈন্তবলে উক্ত
নগর অধিকার করা অসম্ভব।' বথ্তিয়ার
নগরের ত্রাক্রমাতা চিশ্বা করিয়া নিরাশভাবে প্রত্যাবর্ত্তন করিলেন। প্রত্যা-

বর্ত্তনের সময় তাঁহাকে বিষম চরবভাষ পড়িতে হইয়াছিল। দেশের অধিবাসিগণ খাল্পদ্রবা ও গ্রুপালিত পশু সহ স্ব স্থাবাস-গ্ৰহ্মকল দগ্ধ করিয়া আবশুক দ্রব্যাদি সভে लहेगा **भर्का** खड़ात्र नुकात्रिक हरेप्राहिन। প্রত্যাগমনের পঞ্চদশ দিন পর্যান্ত বথ তি-য়ারের সৈত্য কুত্রাপি মহুষ্য বা পশুর আহার্যা সংগ্রহ করিতে পারিল না। পঞ্চদশ দিন কেবল পশুমাংদে জীবনুরকা করিয়া বথতিয়ার সলৈতে সেতৃর নিকট উপস্থিত হইলেন। যে তুইজন অখারোহাকে বথ তিয়ার সেতর রকা-কার্য্যে নিযক্ত করিয়। গিয়াছিলেন, পরম্পর বিবাদ করিয়া ভাষারা প্রস্থান করিলে, তদ্দে-শের অধিবাসিগণ সেতু ভগ্ন করিয়া কেলিয়া-ছিল। আশাষিত হইয়া বথ তিয়ার সেতুর নিকট আদিগছিলেন, দেতু ভগ্ন দেখিয়া দক-লেরই হৃদয় অবসন্ন হইয়া পড়িল। বধ্তিয়ার চিস্তাসাগরে নিময় হইয়া ইতিকর্ত্বাবিমূঢ় হইলেন। অনেক অনুসন্ধানে সংবাদ পাওয়া श्रित (य. निक्रवेडी अक्ट्रान अक्टि दृहर मिवालय आছে। ঐ मिवालय त्रीभा अ वर्ग নিশ্বিত অতি বৃহৎ বৃহৎ নিজীব মুর্টিসকল দ্ভার্মান ছিল। ঐতিহাসিক্গণ বর্ণনা করিয়া গিয়াছেন যে. ঐ দেবালয়ে সহস্র-শণ-পরিমিত একটি দেবমূর্তি ছিল। বথ্তিয়ার সীয় সৈভসহ ঐ দেবালয়ে অবস্থান করিয়া নদী উত্তরণের জন্ম তরি নির্দ্ধাণ করিতে লাগিলেন।

^{*} বধ্তিরারের গস্তবাপথ কামরূপরাজ্যের পার্ছদেশ ও কণিত সেতু দার্জিলিং-এর নিকটবর্জী ছানে ছিল, ইহাই বুক্ষ্যান্-সাহেবের বিদাস। বর্ত্তমানেও মেচ্জাতির বাসস্থান হইতে অক্সান্ত পার্ক্ত্যেল্ডির বাসস্থানের সীমান্তরেখা দার্জিলিং-এর ৬ক্রোশ দক্ষিণ পান্ধাবার্ডী-নামক স্থান।

[া] নাসিমী-পুতকে এই নগরের নাম—'করমূনাটান' বা 'করমাটান'। ইছার স্থান আল্যাণি নির্ণীত হর নাই। 1 এগুলি 'টাঙ্গট' যোড়া ('Tang) বলিয়া নির্দিষ্ট আছে। নাসিমী-পুতক্ষার বলিয়াছেন, তীকাং ছুইতে কামরূপে আসিতে ৩০টি পার্কাত্যপথ আছে। এই সমস্ত পথ দিয়া এ দেশে অব আনীত ছুইত

"কামরূপাধিপতির আদেশে ঐ দেশের নৈস্ত ও প্রজাবর্গ দেবালয়-অবরোধার্থ তাহার চতৃদ্দিকে বাশের খুঁটিসমূহ প্রোথিত করিয়া প্রাচীরের স্তায় প্রস্তুত করিল। দেবা-লয়ে অবস্থান করিলে মৃত্যু নিশ্চিত দেখিয়া বধ্ তিয়ার সদৈস্তে প্রাচীরের দিকে যুদ্ধার্থ ধাবিত এবং এক দিকে ভন্ম করিয়া দেবালয় হইতে বহির্গত হইলেন। শক্রদৈস্ত নদীকৃল পর্যাস্ত তাহাদের পশ্চাদ্ধাবন করিল।

"মোসলমানদৈত সকটাপল অবস্থান নদীতীরে দণ্ডারমান ছিল। তাহাদের কতক
দৈল তরবারির আঘাতে নিহত, কতক বা
নদীজলে নিমল হইলা প্রাণত্যাগ করিল।
এই সমল হঠাৎ বধ তিয়ারের একজন অধা-

রোহী নদীতে অবতরণ করিল। একটি বাণ নিশিপ্ত হইলে যতদ্র যায়, জলমধ্যে সে তত্ত্বর হাটিয়া যাইতে পারিল। তদর্শনে সমগ্ত দৈনা জলে অবতরণ করিল। নদীর গর্জ কেবল বালুকাময় ছিল, বছলোকের পদাঘাতে উহার বালুকারাশি ইতস্তত বিশিপ্ত হইয়া জলের গভীরতা বদ্ধিত হওয়ায় বছ্টেনা জলময় হইল। কেবল বথ্তিয়ার ও একসহস্র অবারোহী (মতাস্তরে ৩০০শত) পরপারে উত্তার্ণ হইলেন। হতাবশিষ্ট সন্ধিণণ সহ বথ্তিয়ার ভগ্রসদয়ে প্রতাবর্ত্তন করিলেন। গুরুতর অবসাদে তাঁহার অব ও কাশরোগ হইল। তিনি দেবকোটে উপনীত চইয়াই পঞ্চপ্রপ্র হইলেন।"

मगार्थ।

শ্রীঅক্ষয়কুমার মৈত্রেয়।

সার সত্ত্যের আলোচনা।

আলোচ্য বিষয়।

বিগত প্রবন্ধের শেষভাগে একটি প্রশ্ন উঠিয়াছিল এই বে, কাতরভাবে পরমেশরকে ডাকিবার সময় লোকে করজোড়ে উদ্দেশ্য করে, অথচ সর্কামারণের ইহা করে বিখাস যে, পরমেশ্বর সর্ক্র্যাপী এবং সর্কান্তর্মী; ইহার ভাবথানা কি? আমানদের দেশের শাস্ত্রে ভো আছেই—"ত্তিফোঃ পরমং পদং সদা প্রশান্তি স্বর্মঃ দিবীৰ চক্রাভ্তম্"—সেই বিশুক্র পরম স্থান সর্ক্রদা

দেখেন স্থানিগণ ছালোকে যেন চকু আতত";
তা ছাড়া, অস্থান্ত দেশেও ঐ কথার প্রতিধ্বনি যত্ত-তত্ত্ব শুনিতে পাওয়া যায়—বেমন এই একটি কথা—"Heart within and God o'erhead"। ইহার কারণ কি ?
কারণ হ'চেচ এই:—

মনে কর, তোমার আত্মার সঙ্গে আমি বাক্যালাপ করিতে ইচ্ছা করিতেছি; কোথার আমি তোমার আত্মার সাক্ষাৎ পাইব ? তুমি হয় তো বলিবে যে, "খাঁচার

मर्था रयमन शाबी थारक--आमात्र भतीरतत মধ্যে তেমনি আত্মা আছেন।" কিন্তু সে কথা হইতে পারে না এইজন্প—যেহেতু ভিতর-বাহির দূর-নিকট এভৃতি কোনোপ্রকার আকাশঘটিত সম্বন্ধ নিরাকার আত্মাকে স্পর্শ করিতে পারে না; আত্মাকে নাগালই পার না-স্পর্শ করিবে কেমন করিয়া? আকাশঘটিত কোনোপ্রকার সমন্ধ আত্মাকে স্পর্শ করিতে না পারুক্, তথাপি তোমার সহিত আমি যথন বাক্যালাপ করিতেছি তথন কাজের গতিকে আমাকে অগত্যা স্বীকার করিতে হইতেছে যে, তোমার আত্মা আমার ডাহিনেও নহে --বামেও নহে --- উপরেও নহে---নীচেও নহে---পরন্ত সন্মুখে বর্তমান; কেন না, তোমার সহিত বাক্যা-লাপের সময় তোমার আত্ম। তোমার মুখ-চক্র অভান্তর হইতে উঁকি দিতেছে, এই ভাবে আমি তোমার আত্মাকে উপলব্ধি করি। এক-তো আত্মা অনাকাশে অবহিতি करतन, बात, रमहेकल जिलत-वाहित पूत्र-নিকট প্রভৃতি আকাশঘটত সম্বন্ধ আত্মাতে मश्मधे इब्र मां ; जाहाट आवात, यमि-वा পাঁচজনের মতে মত দিয়া মোটামুটি মানিয়া শওরা যার যে, আত্মা শরীরের ভিতরে আৰ্ছেন, তাহা হইলে আর-এক দিকে গোল বাধে এই বে, আত্মা তো মহুষ্যের সর্বাপরীর ব্যাপিরা অবস্থিতি করিতেছেন; আমরা ভবে মন্থব্যের প্রতি প্রণিধান করিবার সময় মছুব্যের মুখমগুলেরই প্রতি লক্ষ্য করি কেন ? পদাসুলির প্রতি লক্ষা করি না কেন ?

উপরে যাহা ইঙ্গিত করা হইল, ভাহাতে সহজ-বৃদ্ধিতে সহজেই এইরূপ প্রতীয়মান হইতে পারে যে, যে-কারণে লোকে মছুবোর প্রতি প্রনিধান করিবার সময় মছুবোর মুখমগুলের প্রতি দৃষ্টিপ্রেরণ করে, সেই কারণে ঈশরের প্রতি প্রনিধান করিবার সময় উর্জ আকাশে দৃষ্টিপ্রেরণ করে। এখন জিজান্ত এই যে, সে কারণ কি ?

ব্রকাণ্ডের ব্যবস্থা।

সে কারণ যে কি, তাহার সন্ধান পাইতে হইলে চারিটি বিষয় আত্পূর্বিক ব্রিয়া দেখা আবশ্রক—

- (>) কুদ্র ব্রহ্মাণ্ডের ব্যবস্থা।
- (॰) বৃহৎ ব্রহ্বাঞ্জের ব্যবস্থা।
- (७) इत्यत त्नोमामृश्च ।
- (৪) সমস্তের সার্বাত্মিক ঐক্।।

আপাতত মনে হইতে পারে বে, মহুধা-भत्रीरत तक वाहिनी नाष्ट्रित नर्गा-नाना, वायु-বাহিনী নাড়ির ডালপালা, তৈজসতন্ত্র মাকড়-मात कान, अस्टि'त देहेक-गांधूनि, माःमरभनीत कर्का-वस्त, (भरान अ अप्तान अवः भारति ছাউনি, এই সকল নানাবিধ উপকরণের একটা পরিপাটি-রকমের ব্যবস্থা আছে; সেই ব্যবস্থার পশ্চাং ধরিয়া প্রাণ-মন-বৃদ্ধি অনাহুতভাবে একে একে শরীরের মধ্যে वानिया कारि: शकास्त्र, वहिस्भाउ **मकनरे** धरनारमत्ना काक ;-- स्मर्थान প্রাণ-মন-বৃদ্ধির বাসের উপবোগী না আছে বসিবার আসন, না আছে শোৰার বিছানা, ना चाट्ह वावहार्या-खवामित्र चाट्नाबन ; त्रथात्न त्कर काशात्कक कृतन ना—त्कर काशाद्या (बीख नव ना-दक्वन धक्धकी বিশাল বিশাল কাও (সমূজ-পর্মত-मक्क्मि—अक्ना—हेकाकात वृहर वृहर

অসাড় অচেডন ভূত-নিচয়) শত-শত-যোজন জারগা জুড়িয়া পড়িয়া আছে যেন কুন্তকর্ণের প্রশিতামহ!

বলিভেছ কি ? বৃহৎ ব্রহ্মাত্ত বাবস্থা নাই-না তোমার চকু নাই ৫ বৃহৎ একাণ্ডে यित वावज्ञा ना थाकित्व, उत्व कम बकार छ ব্যবস্তা আসিবে কোথা হইতে ? (১) পুণিবার खुत्रका; (२) वागुन छत्नत खुत्रका: (৩) মন্ত্ৰদী পৰ্বত ,এবং পাতালস্থ্ৰী সমুদ্রের পরস্পরের সঙ্গে পরস্পরের বোঝা-थड़ा ;--- हुमात मृक्टित नाम्भक्तभी काठा-মান বার বোঝাই করিয়। পর্কভ্সমীপে পাঠाইবেন সমুদ্র, আর, নানা দেশের নানা-জাতীয় মৃত্তিকান্তরণ নদনদী-বোঝাই করিয়া मसुम्मग्रीरण পाठाइरवन भर्वा छ. এইরূপ মাদদানি-রপ্তানির বন্দোবস্ত; (৪) विष्पेष्ठ बारलाक लहेशा पूर्वा छे हैरवन निवा-ভাগে, निमातनार्ज स्मभुत आलाक लहेशा **इस्त्रा डेप्रिंदिन ताजिकात्म. এই त्र** त्रक्य-উদয়াপ্তর পালা-ওয়ারি আলোকের এ 'কি কম বিভাগ :--বৃহৎ ব্রহ্মাত্তের ব্যবস্থা 🤋 বৃহৎ ব্রস্কানে গুর ইত্যাকার অনি-র্বচনীয় মহা-মহা বাবস্থার কোনো একটা'র একচুল এদিক্- अपिक् इडेक् मिथि-- जःकनाः কুদ্র বন্ধাতের আভান্তরিক ব্যবস্থার বিপর্যায়-দশা উপস্থিত হইবে। অতএন বাবস্তা-পারিপাটা কৃত্র ব্রহ্মাত্ত্রও বেমন, বৃহৎ विकार ७ ९ । उमिन : अन्तीकरनत **ह**रक ३ त्यमन छाहा व्यकानमान, मृत्रवीकरणत हरक उ তেগনি তাহা প্রকাশমান। এখন কণ। र'टाइ (य, दक स्थादन, दक निरह १ दक वड़, तक हालि। १ दक माठा, दक वाहीजा १

কে কাহার থাইয়া মাতুষ ? এ কথার উত্তর স্পষ্টই পড়িয়া আছে;—ধাঞ্চকেত্রের মৃত্তিকাং •ই মন্তুষ্টোর শরীর গঠিত, সমুদ্রের নোন্তা জলেই সমুবোর রক্ত রসারিত, সুর্য্যের আলোকেই মনুষ্যের চক্ষ আলো-কিত; মহুটোর নিখাস-প্রখাস আকাশের বায়ুমণ্ডলেরই জোয়ার-ভাটা। কুদু ব্রহ্মাণ্ড পদাৰ্থটা কি ? না, সেদিনকার আমি বা ভূমি বা তিনি। রহং রক্ষাও কি १ না. যেখানে যত আমি বা ভূমি বা তিনি আছেন ता ছित्नन ता शांकित्वनं, ममख नहेशा दृहर এক ব্যাপার। ক্ষন্ত বন্ধাতে যাহা সাছে. তাহা তো বৃহং ব্রহ্মাণ্ডে আছেই; তা ছাড়া. क्ष बकार ७ याहा नाहे, ठाहा ७ तृहर बकार ७ মাছে ; দশবংসর পরে যে বালক ভূমির্চ হইবে, সেই অজাত-বালকও বৃহৎ ব্রহ্মাণ্ডে আছে েবালকরপে না থাকুক্- আর কোনোরপে আছে); আর, একশত-বংসর পুর্বেষে যে মহাস্মার। বঙ্গদেশ উজ্জল করিয়াছিলেন, সেই সগীয় মহামারাও বৃহৎ ব্রশাতে আছেন; কি বেশে এবং কি ভাবে আছেন, সে কথা ইতন্ত্ৰ। কৃদ্র ব্রমাণ্ডে জান, প্রাণ, মন প্রভৃতি যেথানে গত-কিছু ব্যাপার আছে, সমস্তেরই আকর-ভূমি বৃহৎ ব্রহ্মাণ্ড। অতএব এটা স্থির যে, • বৃহং রক্ষাণ্ড বড়, ক্স রক্ষাণ্ড ছোটো 🦈 বৃহৎ রন্ধাণ দাতা, কুদ রন্ধাও গ্রহীতা; বৃহৎ. ব্রন্ধাও চির্যোবনসম্পন্ন কত-কালের বৃদ্ধ-প্রপিতামহ তাহা বলা যায় না, কুল ব্রহ্মাঞ্ড-গুলি দেদিনকার অভিনৰ বালক, তাহার गत्था व्यत्नदक वंकानवृत्त ।

তৃই পকের নাম ভূমি বাহাই দেও না কেন—সমষ্টি-বাটি নামই দেও, বছ-ছোটো নামই দেও, আর দাতা-গ্রহীতা নামই দেও—
নাম মাহা দিতে হয় দেও, কেবল এইটি
মনে রাখিও যে, ছই পক্ষ একস্ত্রে গাঁথা।
দে স্ত্র হ'কে দার্কান্থিক ঐকা। কাজেই
ছ্য়ের মধ্যে সম্বন্ধ অবশুস্তাবা। সম্বন্ধ যথন
অবশুস্তাবী—তথন সম্বন্ধান্থায়া কার্যাও
অবশুস্তাবা। দে কার্যা কি ? না, অভাবের
পূরণ। অভাব কাহার ? দে ছোটো. দে
গ্রহাতা, দে বাষ্টি, তাহার: ক্ল নকাণ্ডের।
অভাবের পূরণকর্তা কে ? না, যিনি বড়
গিনি দাতা, যিনি সমষ্টি, তিনি;—বৃহৎ
ব্রক্ষাপ্ত। ক্র ব্রক্ষাপ্ত এবং বৃহৎ ব্রক্ষাপ্ত,
দেহার মধ্যে বাাপার যাহা চলিতেছে, তাহা
সংক্রেপে এই:—

- (.) কুদ্ৰ বন্ধাও চা'ন।
- (২) বৃহৎ ব্রহ্মাণ্ড ভান।
- (৩) কুদু ব্রহ্মাণ্ড পা'ন।

চাওয়ার সভিত পাওয়ার সংবেচেগর নামই ञानम । চা ওয়ার পুরণচেষ্টার নামই কর্মচেষ্টা এবং চাওরার পূরণের নামই ভোগ। अकाकी क्ववन आंभि निष् वा जुभि नह, পর্ম্ব জগংওদ সম্ভ লোকই চাহিতেছে, চেষ্টা করিতেছে, পাইতেছে; চাওরা'র সভিত চাওরা'র প্র-নিলানো চাই. চেষ্টার সহিত চেষ্টার স্থর-মিলানে। .পা ওরার সহিত পা ওরার স্থর-মিলানো চাই; লোকমধো একটা ব্বেস্থাচাই। চাহি-বার 9 একটা বাবস্থা আছে, চেষ্টা করিবার ও একটা ব্যবস্থা আছে, পাইবারও একটা বাবস্থা আছে। বাৰস্থাকে উল্লেখন করিয়া ठाहित्न ठा उन्ना अभिक्त इत्, वावष्टादक ऐस-व्यन कतिता रहेंडा कतित्व रहें। श्री निक्त हम्

ব্যবস্থাকে উল্লেখন করিয়া পাইলে পাঁওয়াও নিক্ষণ হয়। দৈত্যদানবেরা বধন বেবজা-দিগের যজের ভাগ হরণ করিয়া "পাইরাছি" বলিয়া আফলাদে নৃত্য করে, তথন তাহালের জানা উচিত যে,—

"অধর্থেনিগতে তাবং ততো ভ্রাণি শক্তি।
ততঃ সপত্নান্ জয়তি সম্লক্ত বিনঞ্জি।"

"অধর্মের ছারা লোকে তো বৃদ্ধি পায়, ভাহার পরে কল্যাণ ভাগে, তাহার পরে শক্তদিগকে ভয় করে, সমূলে কিছ বিনাশ পায়।" বাবস্থা ক্রম্ম ব্রহ্মাণ্ডের অকপ্রত্যাক্রের মধ্যেও তেমনি ইহা পূর্বে দেখা হইরাছে। তা ছাড়া, ত্রই ব্রহ্মাণ্ডের পরপেরের সঙ্গে পরস্পারের বোগাবোগেরও একটা ব্যবস্থা আছে: সে বাবস্থার একটা বংসায়ত নমনা এই :—

ক্ষা হ'চে চা ওয়া; কেন্দ্রকর্ষণ হ'চে কথাচেষ্টা: বৃহৎ ব্রসাণ্ডের কেন্দ্রভাত অন্ন দারা
কল ব্রসাণ্ডের উদরপ্রণ হ'চে ভোগ।
ফল্বোদ করিতে হইবে, কর্মচেটা করিতে
হইবে, অন্নভ্যেলন করিতে হইবে, এই
হ'চে ব্যবস্থা। তৃমি হয় ভো নলিবে বে,
"এ বে বাবস্থা তৃমি হয়। ফিবছ—এটা বড্ডএকটা নীচলেশীর বাবস্থা; উহার নাম
করিতে লক্ষাবোধ হয়! মহারা দেবতুলা
জীব—দে কিনা পেটের আলাম লাঙল
ধরিবে! ধিক্!" মুথে বলিতেছ—"নীচের
প্রেণীর বাবস্থা"—কিন্তু ফেই নীচলেশীর
বাবস্থা উন্নভ্যন করিয়া উচ্চশ্রেণীর বাবস্থার
ওঠো দেখি—কেম্ন ক্রিমি বার্ম্প্রকা!
তোমার উদরে এক্টিন অন্ন না পড়িবে

তোমার সাবের মন্তিক চতুদিক্ ভোঁভা प्रिचिट्ड थाकित्। कि कृष उन्नाख, कि तृहर ব্ৰদাও, হ্যেরই ব্যবহা এমনি কড়ারুড় যে, मञ्ज स माथा छ कृ कतिया छेनतरक वनिरवन-"তুমি কোনো কাজের নহ, তোমাকে চাহি না"; অথবা উদর যে পিত্তবমন করিয়া মন্ত-करक विलियन-"जुमि काराना कारजत नह, তোমাকে চাহি না"; স্থা যে চোথ রাঙ ইয়া পৃথিবীকে বলিবেন—"দৃষ হও, তোমাকে চাহি ना" ; अथवा शृथिवी (य भूथ नाकाहेश स्र्रिति বলিবেন -- "তুমি যাও, তোমাকে চাহি ন৷"; তাহার জো নাই। সকলেরই সকলকে চাহিতে হইবে-তবে কিন। ব্যবস্থা অনুসারে। উদর যদি চায় যে, "মন্তক আমার কাজ ক্রুন, আমি মন্তকের কাভ করিব", তবে নেরপ চাওয়া বাবস্থাবিলন্ধ, স্কুতরাং নিতান্তই নিফল।

এখন দেখিতে হইবে এই যে, বাবত।
প্রধানত বৃহৎ ব্রহ্মাণ্ডেরই বাবস্থা—ক্ষুদ্র ব্রহ্মাণ্ডেরই বাবস্থা—ক্ষুদ্র ব্রহ্মাণ্ডের বাবস্থা সেই মূল ধ্বনিরই প্রতিধ্বনি;
কেন না, ক্ষুদ্র ব্রহ্মাণ্ড বৃহৎ ব্রহ্মাণ্ডের অন্তভূতি। কথাটার ভাব এই:---

সমস্ত-শরীরের যেমন মন্তিক আছে
বাছরও তেমনি মন্তিক আছে; বাছর মন্তিক
বাছমূলে অবস্থিতি করে। কিন্তু "মন্তিক"
বলিতে প্রধানত মাথার মন্তিকই বুঝার
বাছর মন্তিক বুঝার না। অসুলি যদি বলে যে.
"মাথার মন্তিকের থবরে আমার কি কাজ—
আদা'র ব্যাপারীর জাহাজের থবরে কি
কাজ? আমার কাছে বাছর মন্তিকই
মন্তিক!" তবে অসুনির মূথে সে কথা শোভা
গাইলেও মন্তকের মন্তিক সে কথার কথনই

সার দিতে পারে না; মন্তকের মন্তিক शिवश वरण त्य, "आमि यनि मिकिमः श्वी করি—ভবে বাহর মন্তিম সেই দণ্ডে আতৃষ্ট হইয়া মৃতবং হইয়া পড়িবে, তাহা সে জানে না।" ফল কথা এই যে, সমষ্টির কাছে ব্যষ্টির প্রভূষ খাটে না। বাহম্লের প্রভূষ অঙ্গু-লির কাছেই থাটে—মস্তকের কাছে খাটে না। বাহুর মন্তিগ্ধ এবং মন্তকের মন্তিক্ষের মধো যেমন ব্যষ্টি-সমষ্টি-সম্বন্ধ, কুল ব্ৰহ্মাডের • হিরগার কোষ এবং বৃহৎ ব্রহ্মাডের হিরগার কোষের মধ্যেও তেমনি বাষ্ট-সমষ্ট-সম্বন্ধ। कारकरे विलाख रुप्त (य. तृर्द अन्नारः अत হির্থায় কোষ্ট মুখা হির্থায় কোষ্, কুজ বন্ধাণ্ডের হির্থার কোষ তাহার একটা চুদ্ধক অর্লিপি বা প্রতিলিপি। ক্ষদ্র বৃদ্ধাণ্ডের হির্মার কোষ ঘেষন কুদ্র ব্রহ্মান্ডে আত্মার সহস্রদল আসন, বৃহৎ ব্রহ্মাণ্ডের হির্থাঃ কোষ তেমনি বৃহৎ একাতে আত্মার সহলাংভ আসন। অতএব দক্ষ্যাপী এবং দক্ষাস্ত-যানী পরনেশবের প্রতি প্রণিধান করিবার সময় লোকের চকের চাওয়া এবং - প্রাণের b19म्रा इरे**रे ८**४. **यञावज्**रे **উक्ति** −वृश्९ ব্রনাণ্ডের হির্থায় কোষের দিকে--প্রত্যা-বর্তুন করিবে, তাহা কিছুই আশ্চর্য্যের বিষয় गटर ।

পুরে বলিয়াছি যে, সুর্য্যের এক নাম
সবিতা কিনা প্রসবিতা। স্থা এক সময়ে
পৃথিবী ছাড়াইয় আরে অনেকদ্র পর্যান্ত
পরিবাপ্ত ছিল। "কে বলিল ?" বলিয়াছেন
কম কেছ ন'ন - জ্যোতির্বিদ্যা!
বিভার কথার ভাবে এইরূপ প্রতিপন্ন হয় যে,
আদিমকালে মহৎ এক তৈজসপদার্থ— অতীব

স্ত্র তৈজনপদার্থ—নিধিল আকাশে পরি-वाांश्च हिन : সেই সুসৃষ্ণ তৈজসপদার্থ হইতে পৃথিবাাদি লোকমণ্ডল প্রস্ত হইল। शृषिवी स्र्वा इहेट नीत नाविया आंत्रियाह অনেকদূর পর্যান্ত ;—স্থ্য পৃথিবীর প্রাণকে উপরের দিকে অর্থাৎ আপনার দিকে টানি-তেছে। তা'র সাক্ষী-বুকেদের মূল বা মস্তক ৰদি-চ ভূগৰ্ত্তে প্ৰোথিত রহিয়াছে, তথাপি বুক্ষেরা উর্দ্ধে হাত-পা চুঁড়িয়া আকাশের অভিমূখে ডালপালা বিকীর্ণ না করিয়া ক্ষান্ত थाकिए भारत ना। वृत्कता जुगई इटेए মূল, বা মাথা বাহির করিতে পারে না-দর্শেরা কিন্তু তাহ। পারে। তবে কিনা দর্শেরা পৃথিবীর সঙ্গে লপ্টা-লপ্ট-ভাবে চলা-ফেরা করে। পথাদি জন্তর। কেহ বা সরু-সঙ্গ হই ক্তন্তে ভর করিয়া পৃথিবী হইতে অলগ্ इटेश माजाय--- (यमन मात्रमभक्ती ; क्ट वा মোটামোটা চারি প্তস্তে ভর করিয়া পৃথিবী इरेफ अलग् इरेशा नाष्ट्रात-त्यमन रखा। जीव-श्रापत मार्था मन्याहे त्करण अकाकी शृर्ग-माजात्र श्विवी इटेंट्ड माथा डेंड् क्तिया দাঁড়ায়। মমুধাের মস্তক বেগন পৃথিবা হইতে উর্কে উঠির। পাড়াইয়া মনুষোর অপাথিব বিশেষত্বের পরিচরপ্রদান করে, মন্তব্যের চাওয়াও তেমনি পৃথিবী হইতে উদ্ধে উন্ধ रुदेश **मक्र**रगत व्यार्थित वित्यतरङ्ग পরিচয়- ° প্রদান করে।

মসুষ্যের আধ্যাত্মিক প্রাণের চাওয়।
বিজ্ঞাবতই ছই দিকে দৌড়ে—মসুষ্যের দিকে
এবং পরমেখরের দিকে। মসুষ্যের চক্ষের
চাওয়াও তাহার সঙ্গে গোড় দিরা সমুধে মসুব্যের চক্ষর প্রতি এবং উদ্ধাধে ঈশবের চক্ষর

প্রতি আরুষ্ট হয়। আর, ঐ ছই দিকের দুষ্টি⊸ চালনা-কার্যা ঘাহাতে স্থনির্কাহ হইতে পারে, তাহার মতো একটা দীপ-বাবস্থাও সন্থব্য-শরীরে আছে। অশ্বগবাদির ছই চকু তাহা-দের ললাটের ছই পার্বে আড়াআড়ি ভাবে বদানো রহিয়াছে—ইহা সকলেরই দেখা কণা। কেবল মন্থব্যের এবং মন্থব্যাকৃতি জীবের ছই চকু ললাটের সমুথে একপংক্তিতে বসানো রহিয়াছে দেখিতে পাওয়া যায়। ভাতি ভাইদিগের পরস্পরকে পরস্পরের চক্ষের চাওয়ার মধা দিয়া মনের চাওয়া জানানো চাই—ভাই মনুষা এবং মনুষ্যাকৃতি জীবদিগের হুই চক্ষু সন্মুখদৃষ্টির উপযোগী করিয়া ললাটের মধ্যতলে একপংক্তিতে বসাইয়া রাখা হইয়াছে। তাহার মধ্যে বিশেষ একটি দ্ৰষ্টবা এই যে, জাভিভাই-দিগের সহিত সমুথদৃষ্টি চালাচালি করিতে वानत्रिमश्रक ९ मिथा यात्र ; कि इ जेबरत्रांक्रि উদ্ধে দৃষ্টি প্রত্যাবর্ত্তন করিতে আর-কোনো कीत्रकरे (प्रथा यात्र ना नवतात्र मसूया। কাজেই বলিতে হয় যে, ভ্রমধ্যস্থিত ভূতীয়চক্ষুর উন্ধৃষ্টি নমুষ্টের একটি স্বজাতীয় বিশেষত। তবে কিনা, মতুষা সবে-কেবল হাসাগুড়ি ছাড়িয়া মাথা উ'চু করিয়া পাড়াইতে শিথি-রাছে—এখনো মহুষ্যের তৃতীয়চকু ভাল করিয়া কোটে নাই। কলেও দেখিতে পাওয়া যায় যে, নহুষ্টের চাওয়ার যতটা টান মনুষ্যের চকুর প্রতি, তার সিকির সিকি টানও ঈশরের চক্ষর প্রতি এখনো লোক-मनारक करना नाहे। भन्नरबाक हेक्द्र थिछि **धारिया मञ्चा कि ना करत ?** চকুর প্রতি চাহিয়া বোদা হেলার প্রাণ

ভার, নাবিক তেলার দমুক্ত পার হয়, কবির কঠের ফোরার। খুলিয়া যার, বিজ্ঞানবিং পিপ্ততের স্ক্রদৃষ্টি পাষাণতেলী হইয়া উঠে। কোনো দিবিজয়ী মহাপুর্কষের চতুদিক্ হইতে যদি মহ্বামগুলীর চক্ষু স্ক্রদ্রে সরাইয়ারাথা যায়, তবে তাঁহার মহাপ্রতাপাঘিত শোর্যাবীর্যা-প্রভাবপরাক্রম সমতই একমূহতে নাটি হইয়া যায়! দেশগুদ্ধ লোকের প্রাণের চাওয়া এবং চক্ষের চাওয়া, তইই মন্থ্রের চক্ষ্র দিকেই দিবানিশি উল্লেখ; তা বই. বর্তমান-কালের ফ্রতবিজ্ঞসমাজে কয়জনের প্রাণের এবং চক্ষের চাওয়া ঈশ্রের চক্ষ্র প্রতিদিনের মধ্যে একবারও প্রত্যাবর্তন করে? কিছু যাহাই হউক্ না কেন মহ্বা মন্ত্রা।

এটা যথন স্থির যে, তৃতীয়চক্র উদ্ধৃন্ধ মহুষ্টের একটি স্থলাতীয় বিশেষত্ব, তথন গছে। ইইতেই স্থানিতেছে এই যে, সমুখ্দৃষ্টিই মহুষ্টের সক্ষে নহে। কিন্তু তথাপি সমুধ্দৃষ্টি এবং উদ্ধৃদ্টি, হুরের মধ্যে এমনি একটা ক্রমাধ্বিতা-স্থল স্থাছে—যাহা কোনো সংশেই উপেক্ষার নহে; সে সম্প্র এইর্ল •

শব্দে কর, একটা অর্পেরে মধ্যে শাবার শাবার ঘর্ষাঘর্ষি হইরা এক স্থানে স্থার উথিত হইল। প্রথমে সে অগ্নি বায়্বারা তাড়িত হইয়া সম্মুখে বিস্তৃত হইতে গাগিল,

এবং পরিশেষে সমস্ত অরণাটা কবলিত করিয়া আকাশাভিমুখে উদ্ধৃত হইয়া উঠিল। **अक्टि अवादन महे**वा अहे त्य. त्य मार्यानत्वत्र নীচের বিস্তার যত বেশা, তাহার উপরের শিখাগ্র ভতই উচ্চে উত্থান করে। আর-একটি ড্ৰন্থবা এই যে, অগ্নির শিখাগ্র বিন্দু-পরিমাণ; অথচ দেই স্থানটিতে অগ্নির সমস্ত উত্তাপ যেন কেন্দ্রীভূত হইয়া বহিয়াছে— এমনি তাহার প্রবলা দাহিকা শক্তি। তৃতীর দ্রষ্টবা এই যে, স্মগ্নির নীচের বিস্তার, শিখার উদ্ধ্যামিতা এবং শিখাগ্রের প্রাথ্য্য, তিনের পরিমাণ পরস্পারের সদৃশ। এই উপমার সাহায্যে মোটামুটি এইরূপ একটা ভাবের উপলব্ধি সহজেই হইতে পারে যে, সমুখদৃষ্টির বিস্তার, উদ্ধৃষ্টির একতানতা, এবং লক্ষ্য কেন্দ্রের প্রভাবমাহাত্মা, তিনের মধ্যে সৌদা-দুখ রহিয়াছে। এবারকার প্রবন্ধে আলোচ্য বিষয়গুলি মোটামুটি লৌকিকভাবে বলিয়া-(ठाक। इट्रेन । याहा वना इट्रेन-कथा छनि মোটামুটি-ধরণের বটে, কিন্তু তাহার মধ্যে অনেক গুলি সুক্ষ বৈজ্ঞানিক এবং দাৰ্শনিক তর চাপা দেওয়া রহিয়াছে। শেষোক্ত তব-গুলি খোলসা করিয়া ভাঙিয়া না বলিলে পাঠকবর্গের মনের ধন্দ কিছুতেই মিটিবে ना, তाहा -आमि विलक्ष्णहे বুঝিতেছি। কাজেই সেই সুন্মতবগুলি অবখ্রপাশ্য-किन्द्र महेनः महेन क्रमम ।

শ্রীদ্বিজেক্সনাথ ঠাকুর।

আচার্য্য বস্থর আবিষ্কার।

-: <=>:--:-

' দৃষ্টিবিভ্রম।

অধ্যাপক বস্থমহাশয় স্থকৌশলে কৃত্রিম চকু নিশাণ করিয়া, প্রাণিচকুর সহিত ভাহার সাড়ার ঐকা কিপ্রকারে আবিষার করিয়া ছেন, তাহা আমরা পূর্বপ্রবদ্ধে আলোচন। সেই কৃতিম চকুরই কার্য্য করিয়াছি। পরীকা করিয়া, তিনি কিপ্রকারে নান। দৃষ্টিবিভ্রমের উৎপত্তিত্ব আবিষ্কার করিয়া-ह्म, এখन (नथा वाडेक। পূবের বলা इटेबांट्ड, त्मरे त्त्रीभागत कांवाकात कृष्टिंग-চক্ষর মধ্যে এবং ভাহার বাহিরের সেই व्यक्तिबायूमपुन द्योभाग्य ভার ক্রিয়া ইহার বৈহাতিক-দাড়া পরীকা করা হইয়া থাকে। এখন পাঠক অনায়াদেই बुबिएड পाরিবেন, कृजिम हक्त উপরে येनि আলোকপাত না হয় এবং উভয়েরই আণবিক व्यवशा यिन সমান शारक, তাহ। इटेरल जारत व्यवारकत अनुमाज हिङ्क प्रथा याहरव मा ।* কিছ, ভিতর-বাহিরের এপ্রকার সামাভাব আর্ই দেখা যার না, এজন্ম অতি সতর্কতার 'সৃহিত আলোকপাত বা অপর বাহ্ন উত্তেজনা রোধ করিলেও, অনেকদময় তার দির। শীণ বিদ্যৎপ্রবাহ চলিয়া থাকে। প্রাণি-চৰুর অবহাও তাই, অক্সি-পদা ও চকু-সায়ুর ঠিক্ আণবিক সাম্যভাব প্রায় ঘটে

না, কাজেই একটা ক্ষীণ ভড়িং প্রবাহ নিয়ন্তই
চকুনায় বাহিরা মন্তিকে পৌছিতে থাকে।
কিন্ত ভড়িংপ্রবাহ থাকিলেই ভক্ষাত একটা
দৃষ্টিজ্ঞান অবশুদ্ভাবী। পাঠক দেখিয়া
থাকিবেন আমরা চকু মুদ্রিত করিলে ঘোর
অন্ধকার দেখি না, চক্ষু বন্ধ রাখা সন্তেও
একপ্রকার ক্ষীণ আলোক ("the intrinsic
light of the retina) যেন আমাদের
চতুদ্দিক্ ঘেরিয়া থাকে। অধ্যাপক বন্ধ
মহাশ্য বলেন, এই আভ্যন্তরীণ আলোক
চকুর নানা অংশের আণ্বিক-বৈষম্য-জাত
ক্ষীণ বৈহাতিক ভরক্ষের কার্য্য।

কৃত্রিম চক্তে অতি শ্বরকালস্থায়ী কোন আলোকপাত করিলে, তচ্ৎপদ্ধ বিচ্যুচ্চের বিকাশ দলে দলে দেখা যার না। আলোকপাত রহিত করার পর প্রবাহটা ক্রমে পূর্ণতালাভ করে। তা ছাড়া, যদি পাতিত ক্রণিক আলোকটা খুব উচ্চাল হয়, ভাহা হইলে বৈচ্যুতিক সাড়া দেপ্রকার শ্বরকালস্থায়ী হয় না: তচ্ৎপদ্ধ বৈচ্যুতিক প্রবাহ অপেক্ষাক্রত দীর্ঘকাল প্রবহমান থাকিয়া শেবে ল্যুপ্রাপ্ত হইয়া বায়। অধ্যাপক বস্ত্মহাশ্র প্রাণিচক্র উপর ক্রণিক আলোকের অবিকল একই প্রকার কার্য্য আবিকার ক্রিয়াচ্ছেন।

^{*} পদার্থের নানা অংশের আগৰিক বৈষয়া ধে বিদ্যাৎ-উৎপত্তির কারণ, অধ্যাপক বিজ্ঞাহালর ভাচা নানা প্রবীকাষারা প্রত্যক্ষ দেধাইরাছেন। আসরা প্রবন্ধান্তরে এ বিষয়টির বিশেষ আলোচনা করিব।—কোবক।

এकों नाजिनीर्च नरनत्र अक खार्ड अक्ष কাচ সংলগ্ন করিয়া, তাহার বাহির-ভাগটা দীপশিধাৰারা কজ্জাবৃত কর এবং তার পর কোন সন্ধাতা পদার্থবারা ভাহার উপর যথেচ অকর লিখ. লেখনীদারা কজ্জল খানচাত হওয়ার কাচে খচ্ছ মক্র অভিত इहेशा পড़िर्दा अथन यति नत्तु मुक লাৰে চকু সংশগ্ন করিয়া, তাহার কজ্জললিয় প্রস্তৌকে মৃতি অলকণের জন্ম কোন देखेंग आत्मारकत मिरक देखें के दाया यात्र. তাহা হইলে কাতের স্বত্ত সংশ দিয়া সেই ক্ষতিক আলোক দশ্কের চক্ষে আসিয়। আলোকপাত্যাত্ই চকু মুদ্রিত कत्रित्त मनंक প্राथरन কিছুই দেখিতে পাইবেন না. কিছু মারও কিছুকাল চকু বন্ধ করিয়া থাকিংল, উল্লিখিত কাচাঙ্গিত মকরগুলিকে তিনি গীরে ধীরে ফটির: উঠিতে দেখিৰেন। কিন্তু চক্ষ্য अअन् ष्टि अधिककान शास्त्र ना, अकत्रधनि অরক্ণের জন্ম উজ্জন থা কিয়া অন্তর্হিত হইরা বায়। বলা বাহলা, কৃতিম চকুতে পাতিত কণিক আলোকের স্থায়, পূর্বোক আলোক অতি অলকালগায়ী হওরার, ভক্তাত বৈছাতিক প্রবাহের পূর্ণতা-প্রাপ্তিত দার্থসমন্ত্রে আবশ্রক হয়। কাজেই म्म बारमाक निकाभिक वा अनासतिक হওয়ার পরেও বিছাৎপ্রবাহ্যারা দৃষ্টি-बाद्मत उर्वाख रहा।

উজ্জণ আলোকণাতে মপেকারত

কু জিমচকে ८य । नीर्यकानवाशि-श्रवाह-उर्शिखत कथा भूटर्स तन। इटेग्नाइ, अधानक বস্তমহাশর প্রাণিচকে অত্যুজ্জল আলোক-পাত করিরা ঠিক তদমূরণ কার্যা আবিষ্কার করিয়াছেন। মাাগনিসিয়ম-ধাতচর্ ছারা কৃষ্ণ কাঠফলকের উপর করেকটি অকর রচনা করিয়া, ভাহাতে অগ্নিসংযোগ কর। ধাতুর্ণ অত্যক্ষণ শিথার অরকালের জভ জনিতে পাকিবে। কিন্তু দৰ্শক ধোঁৱা ও উজ্জনতার আধিকো, অক্ষরগুলিকে তথন পড়িতে পারিবেন না। কিন্তু আগ্নি নিৰ্বাপিত হইবানাতা যদি দৰ্শক চকু মুক্তিত করেন, তাহা হইলে অলকণ পরে তিনি গেই অক্ষরগুলিকেট উজ্জল অবস্থায় চ**ক্**র সম্মুথে দেখিতে পাইবেন।

স্দীর্ঘ আলোকতাড়নায় চকুর বিভি-লাংশের আণ্যিক বিকার দারা, এবং আলোক-রোধের পর অণুগুলির স্বভাবপ্রাপ্তির অতি-রি জ ভেষ্টায়, যে অনিগমিত বৈচাতিক সাড়া वा शितारनानरमत (after-oscillation) कथा शृक्त अवस्म वला इहेबाह्य, उष्णात्रा প্রাণিচকে কিপ্রকার দৃষ্টিজ্ঞানের সঞ্চার হয়, এখন দেখা যাউক। এই স্থলে আলোক-রোধমাত্র, স্বভাবপ্রাপ্তির প্রবল অণুগুলি বৈছাতিক প্রবাহ শীঘ্র রোধ করিয়া, তাহাদের নির্দিষ্টস্থান অতিক্রম করিয়া বিচলিত হইরা পড়ে। কাজেই যথাস্থানে ফিরিয়া আসিবার জক্ত বিপরীতদিকে স্বতই তাহাদের আর-একটা আন্দোলন আসিয়া

[🅦] করেকবাস পূর্বে আমরা এই পদ্ধতিক্রমে চকু মুদ্রিত করির। সূর্যাগ্রহণ বেধিরাছিলাম। গ্রহণকালে স্থা-গোলকের প্রতি কিন্তুজ্বলৈ সৃষ্টপাত করি। বলা বাহলা, ইহার অত্যুজ্বলতার কিন্তুই সৃষ্টিগোচর হব নাই। কিউ ই হার পরই চন্দু বুজিভ করার গভিত পুর্বালোক কিরংকালের কল্প পাই দেখা সিরাছিল।—বেথক।

পড়ে এবং স্ত্রলম্বিত গোলকের আন্দোলনের ভার অণুসকল বহুক্ণ গ্মনাগ্মন করিয়া শেষে সাম্যাবস্থা প্রাপ্ত হয়। বস্থ্যহাশয় পদার্থের অণুসকলের এইপ্রকার মান্দোলনজাত তড়িংপ্রবাহকে "পরান্দোলন" ১ংজ্ঞা প্রদান করিয়াছেন। পাঠক একটি উজ্জ্ব আবোকের প্রতি কিয়ৎকাল দৃষ্টিপাত করিয়া চকু মুদ্রিত করিলে, উক্ত আন্দোলনের कार्ग, (त्य वृक्षित्व পातिर्वत। বন্ধ করিবামাত্র ঘোর অন্ধকার সম্মুখে দেখা দিবে। পূর্ব-মাণোকপাত-জাত মাণবিক বিচলন দ্বারা যে তড়িংপ্রবাহ উৎপন্ন হইয়া-ছিল, চকুর অণুগুলির স্বভাবপ্রাপ্তির প্রবল চেষ্টার এথনকার আণবিক বিচলন ঠিক্ তাহার বিপরীত দিকে হয় বলিয়া, সেই প্রবাহ ক্রমে লয়প্রাপ্ত হয়। কাছেই চক্ষর বৈছাতিক সামাাবস্থায় খোর অন্ধকার বার্তাত আর কিছুই দেখা যায় না। কিন্তু পাঠক যদি কিঞিং দীর্ঘকাল চকু মুদ্রিত कतिया वालका करतन, छाहा हहेरल १ महे পুর্বাদৃষ্ট উচ্ছল আলোকের ছবি চকু वृक्षित्रां ९ प्रिंटि शहरवम । वना वाह्ना, স্বভাবপ্রাপ্তির সতিরিক চেষ্টায় নিদিইস্থান **অতিক্রম করার পর, পুনরায় স্বাভাবিক** शांस आंत्रिवात हिंशेत वर्शनत रा नुजन বিচলন হয়, উক্ত অস্পষ্ট ছবি তাহারই কাৰ্য্য।

কোন উজ্জল পদার্থে দৃষ্টিপাত করিয়।
চকু মুজিত রাখিলে, সেই পদার্থের যে
আলোকমর ছবি ক্রমে আবিভূতি ও তিরোভূত হয়, তাহা আমরা অনেক সময়েই
দেখিতে পাই। পূর্ব-বৈজ্ঞানিকগণও এই

मृष्टिविज्ञम (मिश्राहित्मन, व्यवः जीहाता ইহার একটা কারণও স্থির করিয়াছিলেন। বলিতেন,—উজ্জল পদার্থে দৃষ্টি আবদ রাধায়, আলোক অন্তর্হিত হইলেও দেই উত্তেজনার কতকটা চকে **থাকি**য়া যায়; কিন্তু চকু আলোকদর্শনে ক্লাপ্ত হইয়া পড়ার সে সমরে আমরা ঐ দেখিতে পাই কাৰ্যাই ক্লান্তির উৎপত্তিসমূলে পণ্ডিতগণের চুইটি প্রচলিত দিদ্ধান্ত আছে। একদল পণ্ডিত বলেন, শ্রমধারা শরীরে এক প্রকার অবসাদ-জনক পদার্গের (Patigue substance) উংপত্তি হয়, বিশ্রামদহকারে শোণিতপ্রবাহ-দার। দেই পদার্থ স্থানাস্তরিত হইলে, জীব व्यावात अभक्तम इहेश भएए। व्यात धकन्त পণ্ডিত বলেন,—শ্রম শরীরের কর্মাধন করে, এবং ক্ষয়ই প্রান্তির কারণ। প্রাণীকে বিশান করিতে দাও, স্বাভাবিক শারীর-कार्त्या (महे करवत शृत्र इहेब्रा वाहेर्ब, अवः সঙ্গে সঙ্গে তাহাকে নুতন শ্রমভারবছনের উপযোগী দেপিবে। দৃষ্টিবিভ্রমটির উলিথিত ব্যাখ্যা নিভূল হইলে,—বিশ্রামদহকারে চকুর প্রকৃতিত হওরার পর অন্ধকারের মোচন হওয়াই সঙ্গত; কিন্তু প্রত্যক্ষ ব্যাপাজ বিশ্রামলাভের পরও আমুমা পূর্বাদৃষ্ট পদার্থের আলোক ও অঞ্কার ময় ছাবর প্নংপ্ন विकास (मधिए शाहे। এই विमम्स पहेनात कात्र डेक मृष्टिविखरम् अविग्रेष वार्गातन বুজিরা পা ওরা যার না। अधार्यक वर्ष-মহাশয় প্রচলিত সিদ্ধান্তের এই প্রকার জারও जरनक जम (नवारेशा, डीरांत्र जाविक्रड তত্তিক প্রতিষ্ঠিত করিয়া ভূলিয়াছেল!

্ লগতের অভি. বূহৎ আঁৰিকারগুলির मनारक्षन कतिरम, ज्ञानकक्रमहे धक्थक्री क्रक व्यवस्थित घर्षेमाटक महत्ताविकाटत्रत कांत्रन हरेट प्रथा यात्र। ठक्त्रवसीत्र शृद्वीक পরীকার সমরে, বস্থমহাশয় ঐপ্রকার এক কুল্ল ব্যাপারে দৃষ্টিতবসম্বনীর একটা মহ-দাবিদার সাধন করিয়াছেন। চকুর দৃষ্টিশক্তি এই আবিষারের বিষয়। উত্তর চকুরই দৃষ্টি-শক্তি অপরিবর্তনীয় বলিয়া, এ পর্যান্ত ৰৈজ্ঞানিক্গণ বিশ্বাস করিরা আসিতেছিলেন। বস্তমহাশয় প্রতাক্ষ পরীক্ষা হারা দেখাইয়াছেন. প্রকৃত ব্যাপার তাহা নয়। দৃষ্টিশক্তি যথন প্রবল থাকে, দক্ষিণচক্ তথন कीन्निक रहेशा विश्वाम करत्र, এवः প्रमूहर्छ हिक्निक यथन विशेष्ट्यम श्हेमा माँजाय. তথন দর্শনের ভার তাহার উপর দিয়া বাম-চকু বিপ্রামের অবকাশ লয়। চকুর দৃষ্টি-শক্তির এই পরিবর্তন অতি বনঘন হইয়া থাকে, কিন্ত স্থুলত উভয়ের সমবেতশক্তি অপরিবর্ত্তনীয় থাকিতে দেখা যায়।

অধ্যাপক বস্ত্রমহাশয়ের আবিকৃত ব্যাপারটি সহজে পরীক্ষা করিবার একটি মুন্দর উপার আছে। ১ম-চিত্রাক্ষিত রেথার ম্রার বিপরীতদিকে হেলানো ছইটি ছুল সরল-রেথা কাগজে আহিত করিরা, সেটিকে ষ্টেরি-রোম্বোপ্-(stereoscope)-যদ্রে সংযুক্ত কর। এই বল্লে কোটোগ্রাক্ষের ছবি বেমন



>म हिम्बन



श्या हिया।

উপর্গাপরি বিশ্বস্ত হইয়া পড়ে, এখানেও ঐ
হেলানো রেথাছয় পরস্পরের উপরে পড়িছে
এবং ২য়-চিত্রস্থ ক্রেসের অস্করপ একটা ছবি
দর্শক দেখিতে পাইবেন। কিন্তু এখন যদি
যত্রটিকে আকাশের উজ্জন আলোকের দিকে
ধরিয়া দর্শক কিয়ৎকালের জক্ত ছবিটিকে
দেখিতে থাকেন, তবে সেই ক্রেন্টিকে (cross)
সম্পূর্ণ দেখিতে পাইবেন না;—উহার একটি
রেথাকে কিয়ৎকালের জক্ত খুব উজ্জন ও
অপরটিকে কৃপ্তপ্রায় দেখিবেন এবং পরক্ষণেই
য়ানটিকে ক্টুতর ও উজ্জনটিকে ক্ষীপজ্যোতি
হইতে প্রত্যক্ষ করিবেন।

হুইটি বিভিন্ন লেখার প্রতি বৃগপং হুই
চক্ ভুত্ত রাখিয়া পড়িবার চেটা করিলে,
পুর্কোক্ত আবিকারটির পরিচয় সহজে গ্রহণ
করা যাইতে পারে। একই সময়ে হুই চক্
হুইটা পৃথক লেখার উপর আবক থাকায়,
পাঠক কোনটিই পড়িতে পারিবেন না। কিছ
ইহার পরই যদি চক্ মুক্তি করা যায়, তাহা
হুইলে পর্যায়ক্রমে সেই লেখারই এক একটিকে চক্রর সন্থুখে ক্রমায়য়ে ফুটিয়া মিলাইতে
দেখা যাইবে। এইজভুই অধ্যাপক কর্মমহাশয় তাহার আবিকারসম্বনীয় গ্রহের
একহানে বলিয়াছেন,—"মুক্তচক্ষে আময়া
যাহা পড়িতে না পারি, চক্ মুক্তিত করিলে
তাহাই সহজ্পাঠ্য হুইয়া পড়ে।"

বে সৰুণ পদাৰ্থ আমরা স্বেচ্ছার ও

স্ঞানে দেখি, কেবল ভাহারই ছবির বে পুনরাবির্ভাব হয়, তাহা নহে। অজ্ঞাতসারে ও चक्रमान पृष्ठे भनार्थित इंवित्र भूनताविकावि ৰত্মহাশর আবিষার করিয়াছেন। ভৰেক্সবেষণাকালীন ইনি একদিন একটি শানালার প্রতি দৃষ্টি আবদ্ধ রাথিয়া তাহার ছবির পুনরাবির্ভাব পরীক্ষা করিতেছিলেন। ছবি বধারীতি করেকবার আবিভূতি হইরা-ছিল; কিন্তু পুন:পুন পরীক্ষার অকিপদা অবসম হইয়া পড়ার শেষে বছকণ মুদ্রিত-নেৰে থাকিয়াও আর জানালার ছবি দেখিতে পান নাই, এবং ভংপরিবর্তে চকুর এক প্রাস্ত হুইতে একটি কুল গৰাকের স্থপষ্ট ছবি আৰিছুত হইরা পড়িরাছিল। অধ্যাপক ৰন্থ সেই গৰাক্ষটির প্রতি পূর্বে বেচ্ছার দৃষ্টি-পাত করেন নাই এবং ইত:পূর্ব্বে সেটির অৱিদ পৰ্যান্ত জানিতেন না। বলা বাছল্য, ৰক্ষমহাশর সেই পূর্কের জানালাট দেখিতে গিলা, নিশ্চরই গ্রাকটিকেও অঞ্চাত্সারে দেখিয়া-ফেলিয়াছিলেন এবং তাহাতেই শেবে त्नरे ज्ञानमुडे भगार्थ ছবিষার। আত্মপরিচর প্রদান করিয়াছিল। স্থত্ত মাতুষের বিভী-বিকাদর্শনের সভোরজনক ব্যাখ্যা শারীর-ৰিস্তার পাওয়া যায় না। পূর্ববর্ণিত ব্যাপা-ব্লের সহিত বিভীষিকাদর্শনের একটা নিকট দল্প আছে বলিয়া বস্থমহাশর অসুমান कंतिएकरकृत ।

কোন উজ্জন পদার্থে কিরৎকাল দৃষ্টিপাত করিরা চকু মুজিত করিলে, দৃষ্ট বস্তুর ছবির নে আবির্ভাব-ভিরোভাব হর, তাহা বিশেষ করিয়া পরীকা করিলে, য়র্পক আন্ডোক প্নরাবির্ভাবের সহিত ছবিটিকে জবেই রানতর
হইতে দেখিবেন এবং অবশেবে সেট এত
অস্পষ্ট হইরা পড়িবে বে, তথন ছবি দেখা
যাইতেছে, কি পূর্বাদৃষ্ট পদার্থের স্বৃত্তি মনে
লাগিতেছে, তাহা নি:সংশরে ঠিক্ করা
যাইবে না। অধ্যাপক বস্থমহাশর এই
ব্যাপার প্রত্যক্ষ করিয়া বলিতেছেন, ইলিরের এই পরান্দোলনজাত সাড়ার সহিত
সন্তবত স্থতির সাড়ার কোন পার্থক্য নাই।
দৃষ্টপদার্থের ছবির প্নরাবির্ভাব ও বিশোপের
ভার, স্থতিরও তদত্তরপ আবির্ভাব ও লোপ
দেখা গিয়া থাকে, স্থতরাং উভরেই একই
শ্রেণীর প্রাকৃতিক ঘটনা।

অধ্যাপক ৰম্মহাশয় কেবল আৰিকার করিয়া কান্ত হন নাই। তাঁহার প্রভাক আবিষ্কারের সহিত বে শত শত ব্যাপার ব্দুড়িত রহিয়াছে, তাহাদেরও আভাস দিরাছেন। সেই সকল আভাসের প্রত্যেকটির আলোচনা অমুসন্ধান একএকজন বৈজ্ঞানিকের জীবনত্রত হইলেও, অসুমিত ব্যাপারগুলির শীমাংসা হয় কি না, সন্দেহ। শত অবান্তর কার্য্য ও বাধাবিশ্নের মধ্যে শ্যানমগ্ন সুনির মত তিনি আজও গবেষণানিরত রহিয়াছেন। একক অধ্যাপক বস্থমহাশরের নিকট হইতে জড়-विकान याहा शारेबारक, छाहा अमृना अवः আমাদের সেই নবীন বৈজ্ঞানিকের নিকট হইতে ভবিষ্যতে বিজ্ঞান বে আরো অনেক অস্বারত্ব সংগ্রহ করিবে, ছাহার সন্দেহ -নাই।

अक्रानाम जारा

রামচরিত।*

রামের চরিত্র কিছু জাটল। ভরত, লক্ষণ, দীতা প্রভৃতি অপরাপর **দকলের চরিত্রই** ত্লনায় অপেকাত্ত সরল, একমাত রামের मल्गार्करे रेंशाम हित्र विकास भारेशाहा। ভরত ও লক্ষণ প্রাভূত্বে, দীতা সতীত্বে এবং দশর্থ ও কৌশলা পিতৃত্বমাত্তে বিকাশ পাইয়াছেন। নানা দিগ্দেশ হইতে আগত इदेशा निरीखिन এक ममूद्र পि प्रा यक्रभ আপনাদের সভা হারাইয়া ফেলে, রামায়ণের বিচিত্র চরিতাবলীও দেইপ্রকার নানাদিক হইতে রামমুখী হইয়াছে-রামের সঙ্গে যতটুকু সম্বন্ধ, তত্তথানিতেই তাঁহাদের মতা ও বিকাশ —এজ্ঞ রামের সঙ্গে তুলনায় অপরাপর **চরিত্র ন্যুনাধিক সর্গ।** কিছ রামচরিত্র সকলের সঙ্গে সম্পর্কিত ;—তিনি রামায়ণে প্ররূপে প্রাধান্তলাভ করিয়াছেন,—ভাতা-রূপে, বন্ধুরূপে, স্বামি ও প্রভু রূপে—সকল রূপেই তিনি অগ্রগণা; বহুদিক্ হইতে তাঁহার চরিত্রের বিকাশ পাইয়াছে-এবং বঁহ বিভাগ হইতে তাঁহার চরিত্র দর্শনীয়। শাবার তাঁহার চরিত্রের কতকগুলি আপাত-বৈষ্ম্যের সামঞ্জ করিয়া তাঁহাকে বুঝিতে হইবে; কতকগুলি **কটিল রহ**স্তের মীমাংসা না ক্রিলে ভিনি ভালরপে বোধগ্যা হইবেন ভিনি আদর্শপুত্র—কৌশল্যাকে তিনি वनिशाहित्नन,- "काम মোহ বা

অন্ত যে-কোন ভাবের বশবন্তী এই প্রতিশ্রতি श्रमान থাকুন না কেন, আমি তাহার বিচার করিব না, আমি তাহার বিচারক নহি, আমি তাঁহার আদেশ পালন করিব--তিনি প্রতাক দেবতা।" সেই রামচন্দ্রই গঙ্গার অপরতীরবর্ত্তী নিবিছ অরণ্যে বিটপিমূলে বসিয়া সাশ্রনেত্রে লক্ষণকে বলিগাছিলেন - "এমন কি কোথাও দেখি-য়াছ লক্ষণ, প্রমদার বাক্যের বশবন্তী হইরা কোন পিতা আমার স্থায় ছকাহবর্তী পুত্রকে পরিত্যাগ করিয়াছেন ? মহারাজ অবশ্রই ক্ট পাইতেছেন-কিন্ত যাহারা ধর্মত্যাগ করিয়া কামদেবা করে--রাজা দশরখের ক্সায় কট্ট তাহাদের অবশ্রস্তাবী।" দীতাকে "ভুকায়াং জগতীমধ্যে" বিশাস করিতেন এবং বাঁহাকে হারাইয়া তিনি শোকারুণচক্ষে উন্মন্তবৎ পুশাতরুকে আলিঙ্গন করিতে গিয়াছিলেন এবং "আগচ্ছ খং বিশালাকি শুন্থোহয়মূটজন্তব বলিয়া আকুল হইয়াছিলেন-ল্যাতে প্রবেশ করিয়া 'অশোক্ষন হইতে সীতাকে ম্পর্শ করিয়া বায়ুপ্রবাহ তাহার অঙ্গ ছুই-टिंग विशा श्नकां अन्तर धानी इहेंग দাঁড়াইয়াছিলেন—সেই রাম বিপুল সৈম্ভসভ্যের দাক্ষাতে -- "লক্ষণ, ভরত, বিভীষণ বা স্থানি, र्रेशामत राशाक रेष्ट्रा, कृषि खनना कतिए

ক লেখক স্থামারশের চ্রিত্রসম্বনীয় যে পুত্রক শীল্প প্রকাশ করিতেছেন, তন্মধে। এবং অস্কৃত্র স্থামচল্লের বিবর্গ বিভারিকভাবে প্রদম্ভ ইইনাছে—এই কুল্ল প্রবন্ধ ভাষার অস্টাভূত বিলেবশর্মাত।

পার-দশদিক পড়িরা আছে-তুমি যথা ইচ্ছা গ্রমন কর—আমার ভোমাতে কোন প্রয়োজন नाइ"--- शनमञ्चरनजा, त्माकनीर्गा, जनभन्नाधिनी দীতাকে এইরূপ নির্মুম কঠোর উক্তি করিরাছিলেন। যিনি বনবাসদভের কথা अनिश देक करीत निक्र अर्का महर्माद वित्रिक्ति—"विकि माः ঋষিভিজ্ঞলাং বিমলং ধর্মসান্থিতম"—'আমাকে ঋষিগণের মত বিমলধর্মে প্রতিষ্ঠিত বলিয়া জানিবেন'. ভিনিষ্ট কৌশল্যার স্মীপবর্ত্তী "নিশদরিব কুঞ্জর:" পরিপ্রান্ত হতীর স্থায় নিক্র নিখাস ত্যাগ করিতে লাগিলেন. অঞ্চলপার্শ্বর্ত্তী হইয়া সীতার মুখে অপুর্ক মলিনিমা প্রকাশ করিয়া क्लिएनन । नन्तर ७३७८क विनष्टे कतिवांत সম্ভব্ন প্রকাশ করিলে বিনি তাঁহাকে কঠোর-বাক্যে বলিয়াছিলেন- "তুমি রাজালোভে এইরূপ কথা বলিয়া থাকিলে, আমি ভরতকে কহিয়া রাজ্য তোমাকে দিব" এবং যিনি ভরত ভাঁহার "প্রাণাপেকা প্রিয়তর" বার্য়বার এই কথা কহিতেন—তিনিই সীতার নিকট ৰণিরাছিলেন, "তুমি ভরতের নিকট আমার প্রশংসা করিও না, ঐশর্যাশালী ব্যক্তিরা অপরের প্রশংসা সহু করিতে পারেন না।" ভরতের প্রাভৃভক্তির অপূর্ম পরিচয় পাইয়া তিনি সীতাবিরহের সময়েও ভরতের দীন শোকাতুর মূর্ত্তি বিশ্বত হন নাই-পুলভারা-**লক্ষ্তা পস্পাতী**রতরুরাজির পার্শ্বে ভরতের क्था पत्र कतिया अम्छा । कतियाहित्वन. -বিভীষণ স্বীয় জোষ্ঠ ভ্রাতাকে পরিত্যাগ ৰবিশ্বাছে, এইজন্ত স্থগ্ৰীৰ তাঁহাকে অবিশ্বাস্থ বলিয়া নিন্দা করাতে, রামচন্দ্র বলিয়া-

ছিলেন—"বন্ধু, ভরতের স্থায় ভাই এই
পৃথিবীতে তুমি কয়জন পাইবে ?" তিনিই
আবার বনবাগান্তে ভরন্ধান্তের আশ্রমে
বাইয়া হর্মান্কে নন্দিগ্রামে পাঠাইবার
সময় বলিয়াছিলেন,—"আমার আগমনসংবাদ
শুনিয়া ভরতের মুথে কোন বিশ্বতি হয়
কি না, ভাল করিয়া লক্ষ্য করিও।"
এইরূপ বছবিধ আপাতবৈষ্ম্য তাহার চরিত্রকে
ভাটিল করিয়া তুলিয়াছে।

রামায়ণপাঠককে আমরা একটি বিষয়ে সাবধানতা অবলম্বন করিতে অমুরোধ করি। নাটক ও মহাকাব্য ছই পুথক সামগ্রী- গ্রীক রীতি অমুসারে নাটকবর্ণিত কাল তিন मियामत **उर्क** इख्यात विधान नाहै। দিবসক্তয়ের ঘটনাবর্ণনায় **हिक्कवित्मवटक** একভাবাপর করা একান্ত আবশ্রক, *কোন কথাট কাহার মুথ হইতে ৰাহির হইবে, লেখককে সতৰ্কভাৱ সভিত ভাছা লক্ষ্য কবিয়া নাটকরচনা করিতে হয় -- চরিত্রগুলির যেটুকু বিশেষত্ব, লেথককে সেই গণ্ডীর মধ্যে আবদ থাকিয়া তাহা সংক্ষেপে সম্বলন করিতে হয়। কিন্তু যে কাবোর ঘটনা জীবন-ব্যাপী, সে কাব্যের চরিত্রগুলি নাটকের রীতি অমুসারে বিচার্য্য নহে। এই দীৰ্ঘকালে নানারপ অবস্থাচক্রে পতিত হইয়া চরিত্র-গুলির ক্রিয়াকলাপ ও কথাবার্তা বিচিত্র হইয়া থাকে- তাহা সময়োপযোগী कि ना-छाहाहे ममधिकशतिबार विठार्य। **ट्यांक्टम माध्रत्व मात्राजीवरमंत्र जडर्रही** ত্ইএকটি ঘটনা বা উক্তি বিদ্যিক করিরা আলোকে ধরিলে ভাহা ভাষুণ শোভন विनिशं विद्विष्ठि ना इक्टेंड नाइम् । अवस्ति

ক্রমানত উৎপীতন সম্ভ করিয়া লোকে সাধা-রণত সাত্তিকগুণসম্পন্ন হইলেও ছইএক ন্তলে ভাবের ব্যত্যর ঘটা স্বাভাবিক। ভিন্ন ভিন্ন অবস্থার পভিত হইয়া রামচন্দ্র যাহা করিরাছেন বা বলিয়াছেন—তাহা তাঁহার সমগ্র জীবনী হইতে বিচ্ছিন্ন করিয়া দেখাইলে मिर्जनाकार्भक विनिन्ना असूमिछ इटेट शास्त्र, ক্তির অবস্থার আলোকপাতে স্ক্রভাবে বিচার তাহা অনেক সময়েই অন্তরূপ कविद्रम প্রতিপদ্ম হইবে। ' তাঁহার "मिर्वना-জ্ঞাপক" উজিগুলি বাদ দিলে হয় ত তিনি আমাদের সহাত্তভির অত্যর্কে গাইয়া পড়িতেন, আমরা তাঁহাকে ধরিতে-ছুঁইতে পারিভাম না। রামচরিত্র বিশাল বনস্পতির ভায়—উহা কচিৎ নমিত হইয়া ভুম্পার্শ

করিলেও সেই অবনয়ন তাহার নভঃস্পর্নী গৌরবকে কুল করে না-পার্থিব জাভিবের পরিচয় দিয়া আমাদিগকে আখন্ত করে সাধারণত উৎক্র নীক্তি রামচন্দ্র অবলম্বন কবিয়াই আপদার 5 6 6 7 8 অপূর্বশ্রীসময়িত রাখিয়াছেন - তাঁহার কোন চিস্তা বা কার্য্যই পরের অনিষ্ট করিবার প্রবৃত্তি হইতে উথিত নহে, এমন কি, বালীকেও তিনি কনিষ্ঠভাতার ভার্য্যাপহারী দক্ষ্য বলিয়া সতাসতা বিশাস করিয়াছিলেন, এইকস্তই দণ্ড দিতেও গিয়াছিলেন। স্থগীবের শক্ত তাঁহার শক্র, তাহাকে বধ করিতে তিনি অগ্নি-সমকে প্রতিশ্রুত ছিলেন—এই প্রতিশ্রুতি-পালনও তিনি ধর্ম বলিয়া মনে করিয়া-ছিলেন।* মহাকাব্যের কোন গচদেশে

 শামরা রামারণের সমস্ত প্রদেক্ত লক্ষাকাও পর্যান্ত সীমাবদ্ধ করিয়াছি। উত্তরকাতে রামকে আমরা রাজরূপে দর্শন করি। প্রাঞ্জা কইয়াই রাজা,—সেই প্রজার মনোরঞ্জনের জক্ত তিনি বীয় প্রিয়তমা পত্নীকে ত্যাগ করিয়া-ছিলেন। এশ্বলে দেখিতে হইবে, প্রজাদের এইরূপ সন্দেহ নিরাকরণ করিবার তাঁহার কোন উপায় ছিল কি না ?---এজারা ভুল বুঝিরাছিল সত্য, কিন্তু তাহারা যাহা বুঝিয়াছিল, তাহা তাদৃশ অবস্থায় সাভাবিক,—সীতা এতদিন শক্রগৃহে ছিলেন, তক্ষক্ত ভাহার৷ সীভার চরিত্রে সন্দেহপরায়ণ হইয়াছিল—এই সন্দেহের জন্ম ভাহাদিগকে দোবী সাবাস্ত করা বালু না—এবং তাছাদের এই সন্দেহ নিরাকরণের যোগ্য কোন উপায়ই রামের করারত ছিল না—অথচ তিনি যে সিংহাসনে উপবিষ্ট ছিলেন, তাহা অতি পবিত্র ও নিকলক, সেই সিংহাসনের মধ্যাদা ও পবিত্রতা লোক-হদরে প্রতিষ্ঠিত রাখিবার জন্ম সীতাকে বর্জন ভিন্ন তাহার উপায়ান্তর ছিল না। প্রজার কল্যাণ-তাহাদের মতের সন্ধানরকা তিনি বীয় রাজজীবনের মুখা উদ্দেগু মনে করিয়াছিলেন,—এইজস্ক তিনি আদর্শ রাজা বলিয়া পরিগণিত। ওধু সমুবান্ধের দিক হইতে দেখিলে, তিনি যাহা নিজে মতা বলিয়া জানেন, তাহা লঙ্গন করিয়া অপরের অমান্ত্রক মতের অমুকুল কায়্য করিয়া অবলা রমণীকে কেন আজন্মছ:খিনী করিলেন, তাহাই জিল্লান্ত। ইহার উত্তরে বলা বাইতে পারে, তিনি প্রভারঞ্জনের উদ্দেশ্তে নিজের এবং দঙ্গে নিজের বনিতার জীবন চিরত্ব:খ-পূর্ণ করিয়া তুলিরাছিলেন,--এই প্রকার উদ্দেশ্য ও কর্তবার আদর্শসম্বন্ধ মতবৈধ হইতে পারে, কিন্তু তিনি বে খীরবিখাসামুসারে উচ্চ কর্ত্তব্যের লক্ষ্যে ত্যাগখীকার করিয়াছিলেন, তাহার সন্দেহ নাই। সীতাবর্জনের পরে তিনি অখনেধ্যক্ত করিরাছিলেন, তাহা সদার হইরা অনুষ্ঠান করিতে হয়,—তিনি স্বর্ণসীতা নির্দ্ধাণ করিয়া এই যক্ত সম্পা-দন করিলেন ও অজাগণকে বুঝাইলেন,—তাহারা বাঁহাকে অবিখাদ করিয়াছে,—তিনি তাহাদের মতের অমুকুলে কার্য্য করিয়া তাহার এবং নিজের দাস্পতাজীবন স্থ:সহ করিয়াছেন সতা, কিন্ত থাটি ফর্নের স্থায় সমুজ্জল সীতার চরিত্রের মাহাত্মা তিনি ভিলমাত্রও বিশ্বত হন নাই। ওাহার প্রপুরুষণণ একএকজন বছ বিবাহ করিয়াছেন, তিনি দে সকল দৃষ্টান্ত অনুসরণ করা দূরে খাকুক, "ন রাম পরনারান স চকুর্জ্যামণি পঞ্চতি" প্রভৃতি বাক্যে দৃষ্ট হর, ওাঁহার দাম্পতানিষ্ঠা ও সাধী স্ত্রীর প্রতি প্রসাঢ় ভালবাসা ওঁহার চরিত্রকে চিরালক্বত ক্রিরা রাধিরাছে। বদিও উত্তর-কাওসখনে আমার বলিবার নানাল্লপ কথাই আছে, এবং যদিও এপণ্যন্ত তাহার আলোচনা মজুত রাখিরাছিলাম, তথাপি নীতাবৰ্জনসৰকৈ কিছু না বলিলে রামচরিত্রের আলোচনা বাঁহারা অসম্পূর্ণ মনে করিবেন, ভাঁহাদের ক্রম্ভ भरे करतकडि कथा किविलाम्।

অবহার দারণ পীড়নে নিম্পেবিত হইরা ডিনি ছইএকটি অধীরবাক্য প্রয়োগ করিয়া-ছিলেন, তাহা লইয়া হটুগোল করা এবং क्षिमानदात्र कान भिना कि भागत्भ এकहे কডচিত্র আছে, তাহা আবিষার করিয়া कुछ करा, इहें है পর্বভরাজের মহত্তক একবিধ। সাহিত্যিক ধৃর্ত্তগণ রামচরিত্রের সমালোচনার ভার लहरवन । ৰান্ত্ৰীকি-অন্থিত রামচরিত অভিমাত্রায় জীবন্ধ-এ চিত্রে স্থচিকা বিদ্ধ করিলে তাহ। হইতে বৈন রক্তবিন্দু ক্ষরিত হয়-এই চরিত ছায়া কিংবা ধুমবিগ্রহে পরিণত হইয়া পুস্তকান্তর্গত আদর্শ হইরা পড়ে নাই।

সঙ্গীতের আয় মানবজীবনেরও একটা মুল্যাগিণী আছে -- গীতি যেরপ নানারপ আলাপচারিতে ঘুরিয়া-ফিরিয়াও স্বীয় মূল-রাগিণীর বাহিরে যাইয়া পড়ে না, মানৰ-সেইরূপ একটা স্বপরিচায়ক চৰিত্ৰেৰ'ও স্বাভন্তা আছে-সেইটিকে জীবনের মূলরাগিণী वना यात्र. कीवरनत्र कार्याकवाल ममश्रुवाद বিবেচনা করিলে উহা আবিষ্কৃত হয়। যিনি যাহাই বলুন,—দেই অভিষেকোপযোগী বিশাল সম্ভারের প্রতি তাচ্ছীলোর সহিত দৃষ্টিপাত করিয়া অভিষেক্ত্রতোজ্জন ওদপট্রস্থারী রামচক্র যথন বলিয়াছিলেন—"এবমস্ত গমি-ব্যামি বনং বন্ধমহং বিত:। জটাচীরধরে। রাজ্ঞ: প্রতিজ্ঞামরুপালয়ন্"- ভাহাই হউক, আমি রাজার প্রতিজ্ঞা পালনপূর্বাক জটাবকল ধারণ क्तिया वनवागी इहेव'- (महे मिरनत (महे চিত্রই রামের অমর চিত্র। এই অপুৰ্ব देवबारगात्र औ छाहारक हिनाहेबा मिरव। অকাগণ অগভারাচ্য আকুল চক্লে তাহাকে

বিরিরা ধরিরাছে, তিনি ভাহাদিগকে সাম্বনা দিয়া বলিভেছেন—

"যা ঐতির্বহমানক মন্যবোধ্যানিবাসিনান্।
মংগ্রিরার্থ্য বিশেবন ভরভে: না বিনীরভান্।"
'অবোধ্যাবাসিগণ, ভোমাদের আমার প্রান্তি বে
বহুমান ও প্রীতি, ভাহা ভরতের প্রতি বিশেবভাবে অর্পণ করিলেই আমি প্রীত হুইব।'
এই উনার উক্তিই রামচরিত্রের পরিচারক।
লক্ষণের ক্রোধ ও বাগ্বিতঙা পরাভ্ত করিরা
ঋবিবৎ সৌম্য রামচক্র অভিবেকশালার প্রতি
দৃষ্টিপাতপূর্বক বলিলেন—

"দৌমিতে বোহভিবেকার্থে মম সম্ভারসম্ভন:। অভিবেকনিবৃত্তার্থে সোহত সভারসহম: ॥" 'সৌমিতে, আমার অভিবেকের জল্প বে সভ্রম ও আয়োজন হইরাছে, তাহা আমার অভি-বেকনিবৃত্তির জন্ম হউক।' এই বৈরাগ্য-পূর্ণ কণ্ঠধানি সমস্ত কুদ্রস্বর পরাজিত করিয়া আমাদের কর্ণে বাজিতে থাকে। রাবণ রামের শরাসনের তেকে ভ্রইকওল ও হতত্রী হইয়া পলাইবার পদ্বা পাইতেছিল না. ক্ষাশীল . রামচক্র বলিয়াছিলেন-"রাক্ষস, তুমি আমার বহ-সৈতা নষ্ট করিয়া এখন একাস্ত ক্লাপ্ত হইয়া পড়িরাছ, আমি ক্লান্ত ব্যক্তির সঙ্গে বৃদ্ধ করি না, তুমি আজ গৃহে বাইরা বিশ্রাম কর, কলা সবল হইয়া পুনরায় বুদ্ধ করিও।" সেই মহাহবের মহতী প্রাহণভূমিতে ধার্দ্মিক-श्चवरत्त्व क्रिके क्रिकेच चर्नीत क्रमा डेकांत्रण করিয়াছিল: - উহাই তাঁহার চিরাক্তাত कर्भवित--ताम जित्र सगर्छ व क्या नजर्क बात एकं विशय शातिक ? देकक्तीरक नम्भ शतकारम निकार क्षितन स्रोब्ध

প্ৰবৃটীতে ভাঁহাকে বলিয়াছিলেন—"অহা কৈক্রীর নিন্দা তুমি আমার নিকট করিও ना"-- এরপ উদার উক্তি রামের মুথেই সীতাকেও তিনি এইভাবে ৰাভাবিক: বলিরাছিলেন-"সেহপ্রণরসভোগে সমা হি মম মাতর:"- আমার প্রতি ক্লেহ ও আদর প্রদর্শনের সম্পর্কে,—সকল মাতাই আমার পক্ষে ত্ৰ্যা।" ষেদিন শরাহত यउकत श्रेमा পড়িয়াছিলেন, এদিকে ছর্দ্ধর রাবণ ভাঁহাকে ধরিবার চেষ্টা পাইতে-ছিল,-ব্যাম্বী যেরপ স্বীয় শাবককে রক্ষা করে, রামচক্র সেইভাবে লক্ষণকে করিভেছিলেন; রাবণের শরকাল তাহার शृहेरम्म ছिन्नভिन्न क्त्रिएडिंग, मिनिक पृष्टि-পাত না করিয়া রামচন্দ্র সঞ্জলচক্ষে লক্ষণকে वत्क नहेशा वित्रशिक्तिन, এवः वित्रा-ছিলেন—"ভূমি যেরূপ বনে আমাকে অসুগমন করিয়াছ, আমিও আজ সেই-রূপ মৃত্যুতে ভোমাকে অমুগমন

তোমাকে ছাডিয়া আমি বাচিতে পারিব না ।" - এইরূপ শত শত চিত্র রাষারণকাব্যে অমর হইয়া আছে, শত শত উক্তিতে সেই চিত্ৰ স্বর্গের আদর্শ পৃথিবীতে আঁকিয়া ফেলিতেছে. বহু পত্তে সেই চিত্ৰ ও উক্তি আমাদিগকে এই আশ্চর্য্য চরিত্রের সমূরত সৌল্ব্য্য দেখা-ইয়া মুগ্ধ ও বিশ্বরাভিভূত করিতেছে। র মায়ণকারাপাঠাতে রামচলের এই উচ্চল ৩ সাধু মর্ত্তি মানসপটে চিরতরে মুদ্রিত হইয়া যার, অপর কোন কথা মনে উদয় হয় না: আর একান্ত সাবিকভাবে বিচার করিলে সীতাবিরছে রামের প্রেমোন্মাদ যদি দৌর্কাল্যজ্ঞাপক হয়, তবে তাহার এই সাস্থনা যে, প্রণয়িগণের নিকট রামের এই প্রেমোনাদের স্থায় মনোহর কিছু নাই -এখানে বৈরাগ্যের খ্রী নাই, কিন্তু অপর্যাপ্ত কাব্যত্রী সে অভাব পূরণ করিয়া দিতেছে, আর নির্জন গিরিপ্রদেশের শোভাষিত দৃখাবলীতে বিরহাশ্রর সংযোগ করিয়া সেই সমস্ত বিচিত্র বাহুসম্পদ্ চিরস্থন্দর করিয়া রাথিয়াছে। 🛧 ञीपीरमण्डल समा।

সিদ্ধিদাতা গণেশ।

"হেরি গণেশজননীরূপ রাণী ভাগে নরনজলে।" সে কথা বৃঝিতে পারি। মাতার
চক্ষে প্রবতী কথা বড় মহিমমরী মৃর্তি।
কিন্তু একাকী গণেশঠাকুর এই নরলোকের
চক্ষে দেখিতে কেমন, ভাগা ঠিক বলিয়া
ওঠা দার। একে ভূগভন্ন, ভাহে ধর্মায়তি,
ভাহার উপর ভাষার গ্রোকর। ওই ধড়ের

উপর একটা মান্থবের মাথা থাকিলে থে.
দৃষ্ঠটা কিরূপ হইড, তাহা বলিতে পারি না ;
কিন্তু গজেক্রবদনের সহিত ধর্মস্থলতম্ ও
লম্বোদর, বেশ মানানসই হইরাছে।

সমগ্র দেবতাবর্গের মধ্যে গণেশ ভিন্ন আর কাহারও স্কন্ধে একটা জন্তবিশেষের মুগু স্থাপিত হর নাই। অথচ পঞ্চদেবতার ्राचात्र देशक पृथा असंद्यायम, अवेः हैनि প্ৰসিদ্ধিদাতা বলিয়া বীকৃত। কোনু সময়ে अबः कि अकारत देशत छेडर इहेन, यशामीशा ভাহার অনুসন্ধান করিব।

পুরাণে ইহার উৎপত্তিসম্বন্ধে উল্লিখিত হইরাছে, সংক্ষেপত তাহা বলিয়া লইতেছি। নন্দি-ভূদি প্রভৃতি মহাদেবের चरनक्छनि चक्रुठत हिन ; এই अक्रुठरत्रती ^बश्रंग"नारम আখাত ছইত। মহাদেব অনেকসময়ে এই "গণ" সমভিব্যাহারে নানা शास्त्र हिम्बा योहेटजन, এवः शार्वजीदक একাকিনী অরক্ষিতাভাবে অবস্থান করিতে ষ্টত। এইজন্ত একদিন মহাদেবের অনুপশ্চিত-कारन भार्कजी अकजान काना नहेशा अकि न्जून गिष्या, ভাহার দেহে প্রাণদঞ্চার করিলেন: এবং দারদেশে প্রহরিম্বরূপে क्रका क्रिया এই नवस्ट्टे शूक्रयत्क विनया मिरनत रव, त्कह राम छाहात अञ्चलि जिन्न গৃহৈ প্রবেশ করিতে না পারে। সজীব পুত্তলিকা,—কর্ত্তবাপালন করিতেছেন, এমন **সময়ে° निम-जृति** প্রভৃতি সঙ্গে वहेश মহাদেব আদিয়া উপস্থিত হইলেন। মহাদেব क्छ अञ्चनम-विनय क्तिएनन, निम क्छ छय দেখাইলেন, কিন্তু কিছুতেই এই পুত্ত-निका बात्र हाफ़िया मिन ना। তথন কাজে-কাজেই যুদ্ধ বাধিয়া গেল। পার্বভীর এ সকল ক্থার খোঁজখবর নাই; এদিকে কিন্তু স্বর্গ-মর সোরগোল পড়িরা গেল। ব্রহ্না, বিষ্ণু, ইন্স প্রভৃতি যে যেখানে ছিলেন, সদৈক্তে মহাদেৰের সহায়তায় উপস্থিত হইলেন। পুত্রলিকার কাছে প্রায় সকলেই হটিয়া बांस्टिक्टिनन, अमन-ममग्र हरन ७ (कीम्टन

वरारमच उराम "निवर पूर्व क्षिरणम्। এইবার পার্কভীর খবর হইবা ঠাকুরাণী একেবারে সপ্তাম চড়িয়া বলিলেন বে, ভাছার আদরের পুরুটির সেই বধের জন্ত ভিনি কৃষ্ট ওলটপালট করিয়া मिद्दन । সভয়ে ভৃতাদিগকে আদেশ করিলেন বে, "প্রথমে বাহার মুও পাও, লইরা আইস,---পার্বতীপুত্রের জীবনবিধান করিতে ছইবে।" আদেশের ফলে একটা হাতীর মুপ্ত আদিল: এবং সেইটি লইয়াই মহাদেব মৃতপুত্রের कीवनविधान कत्रितन। ভাহার পর ওই বীর পুত্রকে গর্ণাদগের অধিপতি বা নারক कतित्रा मिया उँ शास्क शास्त्र कता रहेन।

বৈদিক সাহিত্যে যথম একালের অনেক দেবতারই অন্তিম্ব অমুভূত হয় না. তখন সেন্থৰে গণেশকে না পাইলে কোন কভি नारे। किन्न मार्कर अधुताना नित्र स्टित পূর্বে যে কুত্রাপি গণেশকে খুঁজিয়া পাওয়া যায় না, ইহাই সমস্তার কথা। মহাভারতের অমুক্রমণিকার গণেশের লিপিকার্যোর ভার গ্রহণ করিবার কথা আছে। সম্পূৰ্ণ প্ৰক্ৰিপ্ত, তাহাতে কোন বুদ্ধিমান্ वाक्ति वाशक्ति कत्रियम ना। ভারতের মধ্যে মহাদেব, পার্বতী, স্বন্দ প্রভৃতি সকল দেবতারই নাম এবং ইতিহাস আছে; কিন্তু কোথাও গণেশের কথা দ্রমেও উলিথিত নাই। বখন কেবল অনুক্রমণিকার একবার-মাত্র তাহার নাম উল্লিখিত, তথন ঐ দেবতা মহাভারতরচনার সমরে কলাচ পরিচিত ছিলেন বলিয়া খীকার করিতে পারা হায় मा। के छेशक्रमिका व शत्रवर्ती अधरक्षत्र त्राच्या, সে কথা প্ৰবন্ধান্তৰে বিশিবাছি বিশ্বনি

রামারণের উত্তরকাণ্ডে একটি শিবস্তোত্র আছে। এই শিবস্তোত্রে স্বরং মহাদেবকেই গণেশ বলা হইরাছে। মহাদেবের অন্তন্তরেরা 'গণ'নামে আখ্যাত; কাজেই মহাদেবকে সেই গণের অধিপতি বলা যাইতে পারে। রামারণের এই সর্গটি স্বদেশীয় প্রাচীন পণ্ডিতেরাও প্রক্রিপ্ত বলিয়া নির্দেশ করিয়াছেন; কিন্তু সেটা অস্ত বিশিষ্ট কারণে। মহাদেবের নামে গণের অধিপতি, গণেশ এবং গণপতি শব্দ আরও অনেক স্থলে পাওয়া যায়। যাহা হউক, গণেশনামক স্বতম্ন দেবতাটির কথা বে রামারণে নাই, ইহাই যথেই।

পঞ্চতরগ্রহ একালে অনেক পরিবর্তিত হইয়াছে সত্য, তথাপি ঐ গ্রন্থের আদিতে বেথানে সমগ্র সিদ্ধিদাত। দেবতাদিগের নাম করিয়া প্রশামাদি করা হইয়াছে, তাহার মধ্যে গণেশ নাই। যিনি সকল দেবতার অগ্রে পুলিত, তাহার যদি পঞ্চম শতাদীতে জন্ম হইয়া থাকিত, তবে কদাচ এরপ অমুলেথ সম্ভবপর হইত না। বংস, ভট্ট, কালিদাস, ভারবি প্রভৃতি ৫ম এবং ৬৪ শতাদীর কোন কবির গ্রন্থে গণেশের নাম নাই। ঐ মুগের কোন প্রস্তর্গলিপিতেও উহার নাম পাওয়া যায় না।

ভরতপ্রণীত নৃত্যশাস্ত্র এখন নাটা-শাস্ত্র নামে প্রকাশিত হইরাছে। এই গ্রন্থ বখন নৃত্যশাস্ত্র হইতে নাট্যশাস্ত্রে পরিণত হয়, তখন এ দেশে অনেক নাটকের স্মষ্টি হইরা গিরাছে। ঐ গ্রন্থ পরিবন্তিত বা পরি-বর্জিত হইলেও মূল সংশটার বে বিশেষ পরি-বর্জন হয় নাই, তাহা বুঝিতে পারা যায়। এই নাট্যশালে রঙ্গভূমির কল্যাণ এবং জ্জু-সঙ্কলে বত দেবতার নাম পাওরা রার, তাহাতে তৎসময়পূজিত কোন দেবতার অমুলেথ নাই। দেবতাদিগের এই স্থানীর্ঘ তালিকাতেও গণেশের নাম নাই। গণেশের অনন্তিম্ব ভিন্ন ইহার অন্ত কোন ব্যাখ্যা সম্ভব নহে।

বাণভটু এবং ভবভূতি সপ্তম শতাশীর বাণভট্ট উত্তরপ্রদেশের এবং ভব--ভৃতি দক্ষিণপ্রদেশের। এই সময়ে যে শ্রীপর্বতসন্নিহিত প্রদেশে এবং জাবিডদিপের নধ্যে কাপালিক এবং তান্ত্ৰিক সম্প্ৰদায়ের উদ্ভব হইয়াছিল, তাহা উভয় কবির গ্রন্থেই দেখিতে পাই। বাণভট্টের কাদম্বরীতে একটি স্থলে গণপতির কথা পাওয়া যায়। **সাহিত্যে** হত্তিমুগুধারী গণপতির সহিত এই প্রথম এথানেও দেখিতে পাই যে. যেখানে বিষ্ঠাধর, গন্ধর্ম প্রভৃতির চিছে চিছিত দেশের কথা বলা হইতেছে, সেই স্থলে 'পণ'-গাত্রমার্জনচিত্নের কথা বলিয়া, দি:গের তংসঙ্গেই তাহাদের অধিপতির অবগাহনের চিত্রের উল্লেখ করা হইরাছে। লিখিত व्हेम्राट्ड---

"অবকীর্ণভন্মস্চিত-ময়োখিত-গণবুলোদ্ধ্ লুনন্ অবগাহাবতার্ণ-গণপতি-গওছলগলিত-মদপ্রপ্রবণ-সিক্তন্।"
এন্থলে অম্প্র কোন দেবতার কথা নাই; এবং
কুত্রাপি দেবতার চিত্র এরূপ ভাবেও বাঁজ্ঞান্থ নাই। এখানে গণপতি গণদিগের সহচর
এবং অস্থান্থ গদ্ধর্কিররদিগের একদলে।
গণপতি যদি তখন পুজিত দেবতাবর্গের
মধ্যে একজন হইতেন, তাহা হইলে কাদ্মরীর
যে যে স্থানে দেবতাদিগের কথা উঠিয়াছে,

কেই সেই স্থানে ইহাকে পাওয়া বাইত।
বেখানে গৃহপ্রতিষ্ঠিত সকল দেবতাদিগেরই
নাম এবং আয়ভনের উল্লেখ আছে, সেখানে
ব্রহ্মা, বিষ্ণু, মহেখর, অধিকা, কার্তিক প্রভৃতি
ভো আছেনই, তহাতীত বৌদ্ধানের শৌদ্ধোদন, অবলোকিতেশর এবং অর্হতও উল্লিখিত
হইয়াছেন। সেখানে গণপতির নাম নাই;
কিছ আছে বেখানে অহ্যাহ্য 'পণ' এবং
গম্মর্কদিগের আবাসের কথা বলা হইয়াছে।
ইহাতে মনে হয় বে, প্রথমত গণদিগের মধ্যে
একটা প্রেষ্ঠ গণের কয়না হইয়াছিল; এবং
পরে তাঁহার পূজার প্রচলন হইলে, কোনপ্রকারে তাঁহাকে পার্ম্বতীর হাতে কাদার
ভালে উছ্ত কয়াইয়া, মহাদেবের পুত্রস্থানীয়
করিয়া লওয়া হইয়াছিল।

ভবভূতির মালতামাধবে সর্বপ্রথমে গণেশের পূলাপদবীলাত দেখিতে পাই।
দক্ষিণপ্রদেশে যে প্রথমত গণেশের পূলা ও
পূরাণের উৎপত্তি, তাহা দেখাইতেছি। ভবভূতিতে বাহা দক্ষিণপ্রদেশে স্প্রচলিত
বলিরা দেখিতে পাই, উত্তরপ্রদেশের বাণতটে
ভাহার কেবল অভিত্মাত্র উপলব্ধ হয়।
ইহাতে মনে হয় যে, গণেশের জন্ম সপ্তম
শতাব্দীর অধিক পূর্ববত্তী নহে।

রাষ্ট্রকৃট এবং চালুক্য রাজাদিগের বিজ্ঞরের পূর্ব্ধে যে দক্ষিণদেশে আর্যানিবাস স্থাপিত হয় নাই, তাহা বিশেষ করিয়া দেখাইতে গেলে স্বতন্ত্র প্রবন্ধ লিখিতে হয়। কুত্হলী পাঠকগণ এ বিষয়ে সংক্ষেপত শ্রীষ্ত রামকৃক্সোপাল ভাণ্ডারকর মহা-শরের দক্ষিণাপথের ইতিহাস পড়িতে দক্ষণপ্রদেশে বিশেষভাবে আর্যানিবাস সংস্থাপিত হইবার পরে বে অমরকণ্টক, চিত্রোৎপদা প্রভৃতি এবং মহীদ্রপ্রদেশের তৃষভদ্রা প্রভৃতি পবিত্র তীর্থ হইয়াছিল, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। বে প্রাণে তৃষভদ্রাদি পবিত্র তীর্থ, নিশ্চয়ই ভাহা দক্ষিণপ্রদেশে রচিত; এবং কাজেই উহা কদাচ অষ্টম শতাকীর পূর্ববর্তী হইতে পারে না। মার্কভেরপুরাণ এবং স্বন্ধপুরাণ, নিশ্চয়ই দিতীয় পূলকেশীর সমরের পরবর্তী।

ভবভূতির সমরে গণপতি কোন আন্ত পুরাণে স্থান পাইয়াছিলেন বলিয়া প্রমাণ পাওয়া যায় না। কিছ অলসময় পরেই বাঁহার জন্ম পুরাণ রচিত হইয়াছিল, নিশ্চয়ই দক্ষিণপ্রদেশে তাঁহার পূজা একটু পূর্ব হইতেই প্রবৃত্তিত হইয়াছিল।

দক্ষিণের চণ্ডী ও দক্ষিণের তীর্থমহিনার পূরিত মার্কণ্ডেরপুরাণ এবং চালুক্যানিগের কুলদেবতা কলের পুরাণ যে অন্ত পুরাণের সহিত প্রতিযোগিতার দক্ষিণপ্রদেশে লিখিত, তাহার আরও প্রমাণ দেওরা বাইতে পারে। ঐ পুরাণগুলি পাঠ করিলেই দক্ষিণপ্রদেশের প্রভাব স্কুলান্ত কহাবে। পুরাণগুলি পাঠ করিলেই দক্ষিণপ্রদেশের প্রভাব স্কুলান্ত কহাবে। প্রাণের কালনির্গির সময়ে বিলেষ কথা পরে লিখিব। পাঠকেরা হুর ত জানেন মে, এখনও দক্ষিণপ্রদেশে গণপতির প্রভাব এবং পুজা যত প্রচলিত, অন্ত কোন দেশে তাহা পরিলক্ষিত হয় না।

মহাদেবের বা কল্ডের 'গণ' পূর্ককালের মক্তংগুলির বংশধর। এই গণদিগের মধ্যে কাহারও বাঁড়ের মৃত্যু, কাহারও বা অস্থ্য কাহার পুত এবং কাহারও বা সৃত্যু নাই। এরপ ছলে, জন্তদিগের মধ্যে একটা শ্রেষ্ঠজন্তর মাথা বদাইরা বে গণদিগের অধিপতির
কৃষ্টি হইবে, তাহা স্বাভাবিক। গণপতি হইরা
আবার যথন গণেশ পূজা পাইতে লাগিলেন,
তথন যে উঁহার নামে পুরাণ রচিত হইরা,
উঁহাকে দেববংশজ করা হইবে, তাহাও
স্বাভাবিক। যথন যে দেবতার নামে প্রথম
পুরাণ হয়, তিনিই তথন সকলের উপরে
আসন পাইবার মত গুণ লাভ করেন।
গণেশ, কার্ডিকের কনিষ্ঠ হইরাও, একটা

ফাঁকির জোরে আগে বিবাহ করিলেন, এ কথা মার্কণ্ডেরপুরাণে আছে। এখন কিন্তু কনিষ্ঠ জ্যেষ্ঠ বলিয়াই সর্ব্বতে পরিচিত।

গণেশের বয়দ প্রায় ১৩শন্ত বৎসর। ইনি দেববর্গের মধ্যে শিশু হইলেও, এখন একটু বয়য়; তাই এখন ইনি অতি নির্কিরোধী এবং দিদ্ধিলাতা মাত্র। কিন্তু ইনি প্রথম বয়দে যে সকল কার্যা করিয়াছেন, তাদ্ধিক-ধর্মের আলোচনার সমদ্ধে তাতা না বলিলে. চলিবে না।

लीविजय़हस्य मञ्जूममात् ।

আমাদের ভাবী অবতার।

জগতের প্রয়োজন হইলে ভগবান অবতীর্ণ হন—ইহাই আমাদের প্রাচীন ধারণা।

পাপের আধিক্য হইলে তুইটি ফলের একটি অবশুক্তাবী। পাপ পূর্ণ হইলে জীব এক হয় বিনাশপ্রাপ্ত হইবে, না হয় উদ্ধারের পদ্মার আসিয়া পড়িবে।

লোবের মাত্রা চড়িয়া উঠিলে অনেক রাক্তি, অনেক সমাজ ধবংসের মূথে পতিত হর—মাবার কোন কোন ব্যক্তি বা জাতির জীবনের গতি বিপরীত পদ্মা অবলম্বন করে। এই হিসাবে "বদা বদা হিধর্মস্ত" শ্লোকের অর্থ একটু ন্তনভাবে ব্বিতে হইবে। যেথানেই মন্তারের আবর্ত্ত প্রবল, সেইখানেই যে ভগবং-ফুপার মালোকবর্ত্তিকা প্রকাশ পাইরা ধবংসমূথ হইতে সমাজকে রক্ষা করিবে, ভাষা নছে। মত্যাচারের দুখে কত জাতি একেবারে বিনষ্ট ইইয়া গিয়াছে। য়ুয়োপীয় সভ্যজাতিগণের অত্যাচারে নিরীই রেড্ ইণ্ডিয়ান্ বিনষ্ট
ইইয়া গেল, সেখানে ত অত্যাচারীর হত্তের
থঞ্চা ও বন্দুক কাড়িয়া লইবার জন্ত ভগবান্
অবতীর্ণ ইইলেন না,— স্তরাং আমরা বলি
কখনও ছংখে-কষ্টে পড়িয়া একান্ত আর্ত্তভাবে আশাবিত হই যে, ছংখের মাত্রা পূর্ণ
ইইয়াছে, এইবার ভগবান্ নিশ্চয়ই ভাগ্যচক্রের পরিবর্ত্তন করিবেন, ভাহা আমাদের
অন্ধবিখাস বই আর কিছু নহে।

ব্যক্তিগত জীবনে যাহা প্রত্যক্ষ হর্নসামাজিক জীবনের প্রশন্ত ক্ষেত্র সেই সত্যকে
আরও বেশী ফলাইয়া তোলে। কোন
কোন জীবন রোগ, শোক বা পরপীড়ন
প্রভৃতি হুর্ঘটনার উৎসর হইয়া যায়, আবার
এরপও চইএক স্থলে দৃষ্ট হয় বে, খোর বিপদে

পড়িরা সহসা মাথুবের আভান্তরীণ মহাশক্তি জাগিরা উঠে ও তাহাকে দেব শ্রীমণ্ডিত করিরা করে,—সেই স্থলে ভগবানের অস্কুক্সা দৃষ্ট হইরা থাকে।

বে জাতি পাপের মোহে অন্ধ হইয়া যায়, আর জাগ্রত হয় না,-পাপ তাহাকে ধ্বংস করে; সে জাতি কখনই আশা করিতে পারে না যে, তাহাদের কণ্ঠ ভগবদ্দয়ার উদ্রেক করিবে। শাল্লে লিখিত আছে. এদেশে ক্ষির অবতার হইবে, তিনি স্লেচ্ছা-ধিকার দূর করিয়া সাধুর পরিত্রাণ করিবেন। भूर्निमारामकाहिनीत लिथक निथिनवात् এकটি প্রবন্ধে লিখিয়াছিলেন, যদি স্লেচ্ছ-বিনাশকলে ভগবানের আসা সম্ভবপর হয়, তাহাতে আমাদের আখাদিত হইবার কোন কারণ নাই--সে ফ্লেচ্ছ আমরা। বাস্তবিকই সংপধন্তষ্ট, আচারবর্জিত, কর্তবো পরাব্যুথ, ভীরু ও বিলাসী কাপুরুষ আমাদের অপেকা মেছে আর বর্তমান জগতে কে আছে **গ** শারের প্লোক হিন্দুজাতির প্রতি পক্ষপাতী নহে-ভৈহার অর্থ সনাতন ও ব্যাপক. সমস্ত জীবজগৎকে লক্ষ্য করে। ভাহাই যদি হয়, তবে অখারঢ় কলিমূর্তি আমাদের আশাসপ্রদ নহে, উহার কল্পনায় আমাদের আত্মাপুরুষের আত্তিত হইয়া উঠিবার কথা।

কিন্ত বে জাতি অভার সহিন্না, বিবিধ ছ্কর্মের স্রোতে ক্ষণিক আত্মহারা হইরা পুনরার জাগ্রত হয়—অন্তাপারি জালিরা পুর্বকৃত সমস্ত হৃক্দের জঞ্জাল ভত্মীভূত করিয়া নবশক্তিলাভের পুনরারাধনাত রত হর,—তাহাদের মধ্যে ঐশশক্তিবিকাশের স্থাবনা দাঁড়ার। সমস্ভাতির তপশ্চরণে

যে জ্যোতির উলাম হয়—অবভারের ললাটে ভাহাই বিচ্ছুরিত হইয়া উঠে। স জাতি যত ক্তু. যত **ত্ৰচ** र के क না কেন, ভগবানের কুপাভাজন হইতে তাহার কিছুমাত্র বিলম্ব হয় না। দেখিতে পাই, তিনি কুর্ম, বরাহ প্রভৃতি ক্লপে অবতীর্ণ হইয়ীছিলেন—যে জাজির যেরূপ অভাব, তাহাই মোচন করিবার উপযোগী স্থব্যবস্থা করিতে তাঁহার কিছুমাত্র ইতন্তত হয় না, এতদর্থে মহুষ্য ও কুর্মমূর্ত্তি তাঁহার নিকট তুলারূপে গ্রাহ।

কিন্তু অবতার যে আকারেই উপস্থিত হউন না কেন, তিনি সমাজের একজন হইয়াও সম্পূর্ণরূপে স্বাধীন থাকেন। কুর্ম. বরাহ প্রভৃতি রূপ গ্রহণে তাঁহার কোন আপত্তি না থাকিতে পারে, কিন্তু মর্গের আলোক তাঁহার নথর বা শৃঙ্গ হইতে ফলিয়া উঠে ও তাঁহাকে চিনিতে বিশ্ব হয় না। প্রাচীন সংস্থার যথন সমাজে বন্ধমূল হইরা যায়, প্রাচীন পাপ যথন ধর্মবেদি আশ্রয় করিয়া অপুবা শাস্ত্রবচনে পুষ্ট হইয়া সমাজের মৃদ্ধায় অভিষিক্ত হয়—যথন সমাঞ্চদেহের राशान विष, राशान दमनावाध नुश হয় -- তখন সেই পুরুষবর একছন্তে চৈতত্তার আলোকবর্তিকা, অপর হুন্তে প্রাণসঞ্জীবন মহৌষধ লইয়া উপস্থিত হন, তাঁহার বাহারপ সমাজের উপযোগী হয়, কিন্তু তাঁহার অভা-স্তরের বিগ্রহ যানবসমাজের চিরস্তন স্বর্গকে প্রতিষ্ঠিত করিয়া যার। এই হিসাবে নর-সিংহ ও কুর্ম রূপের সলে বুদাবভারের কোন পাৰ্থকা দেখিতে পাওয়া যায় না। একজন অবিশাসীর মৃত্ত নধরে ছেদন করিরা-

ছিলেন, অপর জগতের সারধন বেদকে রক্ষা করিয়াছেন; আর বুদ্ধদেব এই নিষ্ঠুর রাজ্যে ন্বর্গীর করণার বেদি স্থাপন করিয়া গিয়াছেন। ইহারা সময়োপযোগী ভিন্ন ভিন্ন মূর্ত্তিতে অব-তীর্ণ হইমাছিলেন সত্য-কিন্ত প্রত্যেকের উদ্দেশ্ত এক ছিল। পৃথিবীর সঙ্গে যথন বর্গের সম্পর্ক লুপ্ত হইয়া ঘাইবার আশকা হইরাছিল, তথন ইঁহারা সেই সম্পর্কের পুনরুদ্ধার করিতে উপস্থিত হইয়াছিলেন। গারো কিংবা কু কিজাতির মধ্যে মহাপুরুষের আবির্ভাবের প্রয়োজন হয়, তবে বোধ হয় তাঁহাকে নরসিংহের মতৃ মূর্ভিতে উপস্থিত হইতে হইবে, প্রম-সৌম্য বুদ্ধের মহিমা সেই দকল সমাজের উপবোগী নহে; কিন্তু তাই বলিয়া বুদ্ধ ও নরসিংহের মধ্যে প্রকৃত পার্থকা কিছুই नाष्ट्रं - हित्रस्थन विश्वविधारनत পবিত্রতা-রকাই মহাপুরুষের আবির্ভাবের কারণ। প্রথম কয়টি অবতারের কথা যদি রূপকণা ৰলিয়া গণ্য হয়, ভগবানের অপার করণায় বিখাদই দেই রূপকথার স্বষ্টি করিয়াছিল, मत्मह नाहे।

আমাদের দেশ এখন একজন মহাপুরুষের আগমন প্রতীক্ষা করিতেছে; আমরা বিপংসাগরে পতিত; বে মহিমা হিন্দুস্থানের লগাটে উজ্জল এবং প্রকৃত রাজচিত্র আঁকিয়া রাখিল ছিল, তাহা মুছিয়া ষাইবার উপজেম হইয়াছে। আমরা পরপ্রেক্ষী, অনশনতপ্ত ও নানা অপমানে লাঞ্ছিত। আমাদের এই মন্ধ ডমসাছেয় রাত্রি কোন্ তেজন্বী মহাজনের মহিমার কাটিয়া যাইবে ? শত শত বংসর বে হিন্দুছান শীর নিবৃত্তি ও সংখ্যের

পুণ্য যজাগ্নি সমূথে রাখিয়া তপশ্চরণে নিযুক্ত ছিল—যে ব্ৰতসিদ্ধির শত শত মহাজন আবির্ভুত হইয়া এই দেশ হইতে ধর্ম, দর্শন ও কবিছের সাধু-শুক্র জ্যোতি চিরকালের জন্ম জগতের অন্ধকার দুর করিতে নিযুক্ত রাথিয়াছেন - সেই ব্রড কি এতদিনে সাক হইয়াছে ? উপবাদ, সংযম, দেবারাধনা, নির্জ্জন-চিন্তা---যাহা হিন্দুস্থানের শুভ্রতম-কিরীটস্বরূপ, তাহা দ্র করিয়া কোন অন্ধ সভাতা আমাদের মধ্যে অতৃপ্ত বিলাস ও বৃভুক্ষার মগ্নি জালিয়া দিল ? হায় ! আমাদের বৃঝি ধনংস হইবার দিন সমুখীন! -এইজন্ম স্বর্গের আলো ছাড়িয়া আলেয়ার আশ্রয়ে সুগম পদার আবিষ্কার করিতে চাহিতেছি! আমাদের যোগসাধনা করিবার প্রাচীন কৌপীনথানি ফেলিয়া রাখিয়াছি ও য়ুরোপীয় বিলাদের রঙিন স্থাক্ডায় শোভান্বিত হইতে চাহিতেছি। কিন্তু যদি মহাপরীকার দিনে হিন্দুস্থানকে গব্দ করিয়া সীয় নিজস্ব প্রমাণ করিতে হয় সমানশালায় তাহার আত্ম---জগতের পরিচয় দিতে হয়, তবে সেই ছিন্ন-গলিত কৌপীনথানিরই অমুসন্ধান করিতে হইবে: দেই বেদাস্তধর্ম হিমালয়ের তুক্স**্ত** হইতে জগৎকে নির্মলতম, ভত্রতম আলো দেখাইয়া আমন্ত্রণ করিতেছে—আমাদের পরিত্যক্ত কৌপীনথানি সেই বেদাস্তকারগণের পবিত্র শ্বতিচিহ্ন,—আমরা বহুভাগ্যে উত্তরাধিকার-স্ত্রে তাহা পাইয়াছি, আমাদের উহাই জাতীয় পতাকা। ধিনি মানবজাতির ছ:খ-বিমোচনের জন্ম রাজপুত্র হইয়াও ফ্কিরের **ब्लिश** वर्ग वरन कि-अक अर्गीत खेवध भू किता

বেজাইয়াছিলেন, সেই ভিষক্রাক্ত এই পৃথিবীজে,বৈ জ্যোতির্ময় সিংহাসনে অধিরত হইয়া
রহিয়াছেন —ভাহার বৈরাগ্যের শুল্লীপ্তি শত
শত ময়ুরাসনের তীত্র জ্যোতি মান করিয়া
দিতেছে। বঙ্গদেশ হইতে বছদ্রে নহে—
কপিলাবস্তর বনরাজির চিরহরিং পল্লবনিচয়
আমাদিগকে যে বৈরাগ্যের স্বল্ল দেখাইতেছে,
তাহা প্রত্যাপ্যান করিলে আমাদের প্রকৃত
মহিমা বিদ্রিত হইবে। এই বৈরাগাজনিত
মহাপ্রেম একদিন বস্তার স্তায় নবলীপ হইতে
বঙ্গদেশকে ভাসাইয়া দিয়াছিল। আমাদের
যায়া-কিছু গৌরব, যাহা-কিছু মহিমা—তাহা
নির্ত্তির, ভাহা বৈরাগ্যের। হিন্দু পাছ, এই
পৃক্ষপুক্ষপ্রদর্শিত পছা ত্যাগ করিলে ভোমাদের অভিত্রকার সন্তাবনা নাই।

প্রত্যেক ব্যক্তির জীবনে বাল্য, যৌবন ও বার্ককা উপস্থিত হয়; বালক বৃদ্ধের মত হইয়া পড়িলে তাহার অকাল জ্যেষ্ঠতাতত্বের জন্ম সে নিশিত হয়, বৃদ্ধও যৌবনের আড়ম্বর-প্রকাশে উৎসাহী হইলে তাহার গুণ্ফের কলপ ও পরিচ্ছদের পারিপাট্য হান্মের উল্লেক করে।

ি ক্লাতি এখন ব্যোবৃদ্ধ। যাহারা এখন নব্যোবনের ক্রিতে চই হাতে বিজয়-ডকা বাজাইরা পৃথিবী চমকিত করিয়া তৃনিতে-ছেন, রাজালুক ও ধনগৃগু, হইরা সর্বজনীন হিতের মন্তকে বজাঘাত করিতেছেন,—পশু-হননের জন্ত নহে, অজাতির সংহারকামনায় ভয়-কর শত শত মৃত্যুর উপায় উদ্ভাবন করিতেছেন, বাহারা মহ্যুজাতির প্রতি স্বর্গীয়স্থ্যজ্ঞাপক মহাগ্রন্থ বাইবেলের নীতি মুখে স্বীকার করিয়াও সেই পৃশুকের চল্লে ছল্লে শেল বিদ্ধ

করিয়া যাইতেছেন, আমরা তাঁহাদের দৃষ্টান্তে নাচিয়া-উঠিয়া কয়েকথানি বংশ্যষ্টি সংগ্ৰহ করিয়া জগতে বরণীয় হইব, ইহা নিভান্তই উপহাসের কথা-এই বংশদণ্ডের বীরত্ব ও প্রতাপাদিতোর প্রেতাত্মার আমন্ত্রণ-আমা-দের ল্লাটে গৌরবচিত্র অন্ধিত করিতে পারিবে না। ইহার অপেকা উপহাসের কথা কি হইতে পারে যে, যেকালে ম্যাক্সিম্-গন্ প্রভৃতি মৃত্যুর ভয়াবহ যন্ত্রসকল উদ্ভাবিত হইতেছে এবং বৈজ্ঞানিক যুদ্ধবিস্থার লোল-রসনা বিনাশশক্তি তাওবনুতোর দেখাইয়া জগৎকে আত্তরিত করিতেছে. সেইকালে আমরা জগতের একপ্রান্তে বদিয়া কয়েকটি বংশ্যষ্টিতে সর্যপতেল সংযোগ করি-তেছি ও প্রতাপাদিতা, উদয়াদিতা প্রভৃতি পল্লিবীরগণের মৃতস্বপ্নের পুনরুদারকলে সচেই হইয়া রঙ্গালয়ের ক্ষণিক উত্তেজনার আত্ম-প্রসাদে চরিতার্থ হইতেছি। গী**তার "স্থা**র্শে নিধনং শ্রেয়:" সকলেই জানেন। মামরা এখন ঐরপ বারত্বে অমুপ্রাণিত হইবার অবস্থা অতি-ক্রম করিয়া আসিয়াছি—উহা আমাদের ধর্ম নহে। বৃদ্ধব্যক্তির গুম্ফে কলপ দেওয়ার ত্যায় এই ধার-করা বীরত্ব উপহাসের স্পষ্টি করিতেছে মাত্র। আমরা দেশীয় ব্যারামের পুন: প্রতিষ্ঠার হিসাবে এই বংশ্যষ্টির অমু-শীলন স্বাস্থ্যের হিতকর বলিয়া গণ্য করি, किन्द कान बाहुविश्वरवत्र ममग्र हैश व्यामालव রাজোরতির নির্ভরদত্ত ছইবে—এ করনা নিতান্ত অসাড়। আশা করি, এরপ উদ্দ্রান্ত কল্পনা কাহারও মাথায় আইসে নাই।

বংগার্জের যে সম্মান, তাহা আমাদের বংগ্টে ছিল, বর্তমান কালের ছিড়িকে আমরা তাহা হারাইতে বদিয়াছি। গ্রীদ ও রোম তাহাদের প্রাচীন বারত ফিরিয়া পায় বরোবৃদ্ধ ও জ্ঞানবৃদ্ধের প্রাণ্য মগ্রাদা দেখাইয়া সদস্তমে যুরোপ তাহাদের স্বাধীনতা রক্ষা করিতেছে মাত্র। উহাদের অপেকা উচ্চতর ও উজ্জ্বতর মর্য্যাদা ভারতের প্রাণ্য। যে তপস্থা আমাদের পুর্ব্বপুরুষগণের ছিল—দেই তপস্থা অকুল ও অপ্রতিহত রাথিলে তাঁহাদের প্রদত্ত অমূলা শাস্ত্র ও ব্রশ্বজ্ঞানে আমাদের অধিকার জনিবে। আমাদের মত দেই তপস্থা কোন জাতি कत्त्र नारे এवः यिनिन প্রজ্ঞলিত গৃহকলহে যুরোদের প্রবৃত্তিসঞ্জাত বিষম দ্বন্দিতার শেষ আছতি পড়িবে, সেদিন পরিতপ্ত জগৎ ব্যাকুলভাবে শাস্তিও প্রীতি শিক্ষার জন্ম চতুদিকে তাকাইবে, সেইদিন ভারতবর্ষ মহাশিক্ষক—মহাভিষ্ক রূপে তাহার ব্যথিত স্থানে নিবৃত্তি ও পরাথপ্রীতির रुख तुनारेग्रा मिट्यम अवः अन्नुनिमस्कृत्व तमरे भशताकतारकश्वरक किनाहेशा मिटवन--गाँशत শান্তিময়, অমৃতময় নিকেতনের আভাদ পাইলে মামুযের ভয় ও অশান্তি চিরতরে चूित्रा, यात्र : আমাদের কল্পনা এই দুগ্র वांकिया शहे इरेएउए। যে অস্ত্রশন্ত্রের ঝনঝনা চারিদিক হইতে শ্রুত হইতেছে—ইহা প্রদরেম স্টনা করিতেছে। ইহা যুরোপের नाना विद्यारगोन्मत्या উद्धानिक विवानकवा শোভিত রাজধানাগুলিকে মহাশাশানে পরি-ণত করিবার আশহা দেখাইতেছে,— যুরোপের षाकागृह्वी मञ्चर्य छ जात नीर्स गुअवाज বসিষা চতুর্দিকে দৃষ্টিপাত করিতেছেন, এই-রপ মনে হয়। এই অক্সান্ত—মৃত্যুর এই ভরা-वर यज्ञ श्रीन त्य व्यक्तिमां छिनिगत्रन कतित्व. তাহাতে হয় ত যুরোপে বিতীয় কুরুকেত্রের প্রতিষ্ঠা হইবে। যাহাদের এত তেজ ও পরস্পরের সহিত এত প্রতিরন্থিতা, তাহারা এই বিষময় জালা বেশিদিন ধারণ করিয়া রাথিতে পারিবেনা; মহামক্রে বেদিন লোহ-যম্বগুলি অগ্নি উদিগরণ করিবে. সেদিন স্পদ্ধা, বিক্রম ও অহঙ্কারের হয় ত শেষ আহতি পড়িবে, সেইদিন য়ুরোপের গতি হয় ত ভিন্নদিকে প্রবাহিত হইকে। এই হুটুব্রণ উল্গীরিত হুইয়া বাউক। যে অর্নপৃথিবী গ্রাস করিতে উল্পত হইয়া ক্ষভল্ল রোষক্যায়িতনেত্রে চতুদ্দিকে দৃষ্টিপাত করিতেছে .ও শান্তিময় ক্ষু জাপান-রাজ্যথানিকে এক প্রাণান্তক থাবার চূর্ণ করিয়া ফেলিবার স্পর্দ্ধা করিতেছে, এই ভন্ন করাজের উন্নত পাদমৃষ্টিই মুরোপের সমুদ্ধিলক্ষাকে চিরবিনাশের পথে লইয়া যাইবার পূর্ব্বাভাস দিতেছে কি না, কে বলিবে

 কিন্তু নিষ্ঠুরতা ও বৈষম্যের পরে শাস্তির দিন আছে। এমন দিন আসিতে পারে, যথন শান্তির জন্ম জগতে হাহাকার উঠিবে। হে ভারতবাসি, তুমি ধীরহন্তে সন্ধ্যার ধ্রবজ্যোতি,—নিবৃত্তির আলে। জালা-ইয়া রাখ। এই इष्टिशालभून विद्ववङ्क কলরবের দিবাবসানে মানবজাতি হয় ত পুনশ্চ এই দীপের অনুসন্ধান করিবে, ইহার নির্মাল ভাতিতে তাহার চক্ষে নবজ্যোতি ফিরিয়া व्यामित ; हिन्तू, এই मीप निवाहेश ना। তোমার চরিত্র সংযত হউক, সামাজিক শৃত শত পাপের প্রায়শ্চিত করিয়া, নির্মানদেহে নিভীক অন্তঃকরণে তপস্থা কর:---সত্যনিষ্ঠা, বিষয়ে বৈরাগ্য, অবস্থার প্রতি উপেক্ষা শিথিয়া শরীর ওমনকে ছ:থকষ্টে অভ্যস্ত কর।

.

এক্তৰিৰ নারীকাভিত্র দারা বে উপবাদ, সেবা পরার্থ আত্মসমর্শণের চর্চা ক্রাইয়া শ্রীষাছ, পুনরায় নিজেরা সেই দকল বৃদ্ধির শ্বদীলনে প্রবৃত্ত হও। সত্যের সহিত প্রস্তুত হও. নির্ভির महम्बद्ध ৰজাগিতে ঋণলৰ বিলাগিতার সামগ্রীগুলি এই তপসা পূর্ণ হইলে পোডাইরা ফেল। নির্ভির মহাকেতে মহানির্ভিপরারণ আবি-👽 ত হইতে পারেন। তাহার ভল্র-স্মধুর হাক্তটো চক্রকরলেখার স্থায় উত্তপ্ত ধরাবক্ষকে শান্তিময় করিয়া তুলিবে,-সমস্ত বিদ্রোহ ভাঁহার সামা-শান্তি-পরিবোষক মেবহন্তি-सामी कश्चात प्रमिख इहेश गारेटन,-ज्यन ঋকুপুত্ বা দেবগুত্তর যে সন্মান, তাহাই असान कतिया जगम्यामी हिन्द्शनक तका করিবে। আমরা তপশ্চরণ না করিলে জিনি জাসিবেন नां.--विद्नशायगदात উশ্বস্তা ও বিশাসিতাম যোগদান করিলে आमारमञ्ज भ्वःम अवश्वात्रिकः; कात्रण योजन ৰাহ। সহিতেছে বা করিতেছে—বাৰ্দ্ধক্যে ভাহা মহিৰে না। তাহা হইলে কৰি আমা-দৈর মত মেচ্ছের উচ্ছেদের জন্মই আবিভূতি নরসিংহাবতার আমাদের रहेटवन । নমাজে হইয়া গিয়াছে, সেই অদ্ধপণ্ড অদ্ধ-নরাকৃতি দেবতা আর আমাদের সমাজের केशरात्री सरह। य द्यान नख, व्यहकात ७ विवास्त्रत कीज़ारक्त, स्मेरे शास्त्र नत्रिश्र-মুর্ত্তির আবির্ভাব হইতে পারে,---অথবা যুরোপে আমরা বৃদ্ধতৈতক্তের পরম কুপা পাইয়াছি; चार्यादमत्र अथादन विनि चानित्वन, जिनि স্পূৰ্ণ দেবভাব গইয়া শাসিবেন--অন্ত কোন

मुर्डि यागारनत जेशाच श्रदेत ना। क्रिन ভল প্রীতিপুলোর মাল্য পরিয়া আদিবেন. जिमि विविधकांककार्याश्विक উজ্জলরাগ-রঞ্জিত বিচিত্র অম্বরে সংবৃত হইয়া ভুলাইবেন ना, जिनि आयारनत कोशीनवारमत्रहे यहिया ঘোষিত করিয়া বিলাসী জগৎকে পুণাদীপ্ত দৈক্তের অলঙার পরাইয়া দিবেন: তিনি শক্ত-দমনের জন্ম অসিচর্ম বা বন্দুক লইয়া আসিবেন না,—জানের ভৃতীয়চকু লইরা মাসিবেন,— জগতের মোহবন্ধন তাঁহার ইক্লিতে টুটিয়া যাইবে। এইরূপ মহাশিক্ষকের আবির্ভাব সঙ্কর করিয়া জাতীয়ত্রত অবলম্বনপূর্বক আমাদের প্রতীকা করা উচিত। আমরা কুশিকা ও উচ্ছ্ৰণতার তাপে মান হইনা পড়িলেও আমাদের শোণিতে যে সান্ধিকতা সঞ্চিত আছে, জগতের কোন জাতির তাহা নাই, তাহারই বিকাশ করিবার সময় হই-द्राकरमद वननवानान स्विद्या. রাচে। আনাদের দস্তরুচিবিকাশের : চেষ্টা হাস্তকর ও অসার। "জীবন-মৃত্যু পারের ভূত্য"— মৃত্যুকে ভয় না করিয়া, জীবনের আকাজা ছাড়িয়া, জগতের হিতত্ত পরিগ্রহ করিয়া আমাদের ভাবা অবতারকে আবাহন করিয়া আনিতে হইবে। যথন ভীষণ বিষেষে নিপীড়িত মানবজাতি 'পরিতাহি' বলিয়া চীৎকার করিবে, তুষারগুল্র অবিচলিত মুর্ন্তিতে তথন খেতচন্দন-ছাতি-দীপ্ত হইয়া, তুমি ব্রাহ্মণ, স্মার একবার জগতে শান্তির শুভ আদেশ প্রচার করিয়া যাইও। যে ভারতবর্ষ শাস্তির লক্ষ্যে এক রুচ্ছ, এত তপ-চরণ করিল, সেই ভারতবুর্ হইতে यनि जनरा भारि धानिक ना रम्, कर्द ভাহা আর কোন্ খান হইতে হইবে ই जिमीदनमध्य त्मम ।

বঙ্গদর্শন।

নৌকাডুবি।

するりのの

২৩

রাত্রি নরটার সময় রমেশ কমলাকে লইয়া (नश्रामम्ह-द्वेन्त यावा कतिन। সময় একটু ঘুরপথ দিয়া গেল। গাড়োয়ানকে অনাবশ্রক গোটাকতক গলি লইল। কলুটোলার একটা বাড়ীর কাছে অাসিয়া আগ্রহদহকারে মুথ দেখিল। পরিচিত বাড়ার ত কোন পরি-বর্তুন হয় নাই। রমেশ এমন কত রাত্রে এই গলিতে পায়চারি করিয়া বেড়াইয়াছে-স্তৰরাত্তে বাভীর একটি চেহার। দিনের বেলার চেরে আরো যেন ফুটর। উঠিত-গলি যথন জনপুত্ত এবং নি:শন্তখন এই বাড়ীর বুকের ভিতরকার একটি মহামূল্য রহস্ত অন্ধকারের মধ্যে যেন বাহির হইয়া আসিত, -রাত্রে বাড়ীর হল্পবীর যেন ইটকাঠের মধ্য হইতে मुक ररेबा ভिভिज्ञानाब खन रहेबा माज़ारेबा থাকিত। বছতর গভীর রাত্রের সেই নিবিড় ভাবাবেগ ভাহার চিত্তের মধ্যে প্রীভৃত रहेशा डेठिन। भनदकत्र मत्था এই वाड़ौत দীপালোক ও অন্ধকার, ক্রবার ও মৃক্ত विजाबन, बाबाक्यात्र मुख्यका ও मामा प्रिवादनत

গুল্লছটা রমেশের ব্যগ্রদৃষ্টির উপর দিয়া চলিয়া গেল। যদি আজ না হইয়া গতকল্য হইত, ভবে অনায়াদে রমেশ গাড়োয়ানকে ডাকিয়া বলিত, "রোখো, রোখো!" এই দারের সমুখে লাফাইয়া পড়িয়া সবেগে ঐ বাড়ীর মধ্যে প্রবেশ করিত এবং কথা ও দৃষ্টির দার। সকলের কাছ হইতে বিদায় লইয়া আসিতে পারিত। প্রবেশহার আজও খোলা রহি-য়াছে, কিন্তু প্রবেশ করিবার পথ নাই। এই দরজা দিয়া রমেশ এই বাড়ীতে আর কখনো প্রবেশ করিতে পারিবে কি না, ভাহাই ভাবিতে লাগিল। গাডি চলিয়া গেল-রমেশের হাদয়ের একান্ত আগ্রহ এই দরজার কাছে গাড়ির গতিকে লেশমাত্র বাধা দিল না---গাড়ি অপক্ষপাত ক্রততার সহিত গলির সব বাড়ীকেই অতিক্রম করিয়া বড়রাস্তায় গিয়া পৌছিল।

রমেশ এমন একটা গভীর দীর্ঘনিখাস ফেলিল যে, নিদ্রাবিষ্ট কমলা চকিত হইয়া উঠিল। জিজ্ঞাসা করিল, "তোমার কি হইয়াছে ?"

রমেশ উত্তর করিল—"কিছুই না।" আর-

কিছুই বলিল না---গাড়ির অন্ধকারে চুপ করিয়া বসিয়া রহিল। দেখিতে দেখিতে গাড়ির কোণে মাথা রাথিয়া কমলা আবার ঘুমাইয়া পড়িল। ক্ষণকালের জন্ম কমলার অস্তিত্বকে রমেশের যেন অসহু বোধ হইল। প্রাণপণ শক্তিতে ইহার বন্ধন একেবারে ছিল্ল করিয়া ফেলিতে ইচ্ছা করিল। একটি-মাত্র এই বালিকা তাহার ভবিষাৎকে এমন করিয়া আরুত করিয়া দাঁড়াইয়াছৈ যে, যে দিকেই তাকায়, কোগাও সে কোন পথ পুঁজিয়া পায় না। রাত্রে গাড়ি যথন ছই পার্বের হ্র্যাশ্রেণীর মাঝখান দিয়া ছুটিয়া চলিতে লাগিল, তাহার মনে হইতে লাগিল, ক্ষণা ধেন একটা বন্ধার মত তাহার পরিচিত লোকালয় হইতে র্মেশকে একটা কালো **লোতের উপর দিয়া ছনিবার বেগে** ভাসাইয়া লইয়া চলিয়াছে-কোথায় ঠেকিবে, কোথায় थामित्व, किছूरे जाना नारे अवः त्रामानत সমস্ত আশ্রয়ভান এই লোভের সংঘাতে ভাঙিয়া-চুরিয়া কি দশা পাইবে, তা্হাও করন। কর। কঠিন। সাঁতার দিবার সময় পারে কাপড় জড়াইয়া ডুবিবার মত হইলে मञ्जमान वाङ्गि वसनस्माहस्मत ज्ञा (यमन ক্রিরা পাছু ড়িতে থাকে, রমেশের সমস্ত মনটা ভিতরে-ভিতরে তেন্নি হাঁদকাঁদ করিতে नाशिन। देव्हा कतिरङ नाशिन, এथनि शाड़ि 'ফ্রিইয়া সেই গলির মধ্যে সেই বাড়ীর ভিতরে প্রবেশ করে এবং সকলের সাম্নে ক্মলাকে রাখিয়া আজ রাত্রেই সকল কথা পরিষার করিয়া বলে। কিন্তু কথা পরিষ্কার হুইবার পক্ষে অনেক বিলম্ব হুইয়া গেছে। (मर्म जोगामत शतिवास्त्र मर्था त्रसम

কমলাকে লইয়া স্থামিন্ত্রীর মত অনেকদিন যাপন করিয়াছে—কমলার ইতিহাস
হইতে তাহা মুছিয়া ফেলিবার আর কোন
উপায় নাই; এখন সত্য কথা বলিতে গেলে
কমলাকে একেবারে ভাসাইয়া দিতে হয়।
যদি তাহার স্থামী থাকে, তবে সে অবলম্বন
হইতে কমলা ভ্রষ্ট হইয়াছে; আর সমাজে
বৈধব্যের যে নিভ্ত আশ্রয়, তাহা হইতেও
কমলা বিচাত। এমন অবস্থায় তাহাকে একাকিনী ফেলিয়া আর কেল পলায়ন করিতে
পারে, কিন্তু রমেশ পারে না।

গাড়ি যথাসময়ে ষ্টেশনে পৌছিল। একটি সেকেও-ক্লাস গাড়ি পূর্ব হইতেই রিজার্ভ করা ছিল—রমেশ ও কমলা তাহাতে উঠিল। একদিকের বেঞ্চিতে কমলার জন্ত বিছানা পাতিয়া গাড়ির বাতিয় নীচে পর্দা টানিয়া অন্ধকার করিয়া দিয়া রমেশ কমলাকে কহিল, "অনেকক্ষণ তোমার শোবার সময় হইয়া গেছে, এইখানে তুমি ঘুমাও।"

কমলা কহিল, "গাড়ি ছাড়িলে আমি ঘুমাইব, ততকণ আমি এই জানালার ধারে বসিয়া একটু দেখিব ?"

রমেশ রাক্সি ইইল। কমলা মাথায় কাপড় টানিয়া প্লাটফর্নের দিকের আসনু-প্রান্তে বিদিয়া লোকজনের আনাগোনা দেখিতে লাগিল। রুমেশ মাঝের আসনে বিদিয়া অভ্যমনস্কভাবে চাহিয়া রহিল। গাড়ি যথন সবে ছাড়িয়াছে, এমন-সময় রমেশ চম্ক্রিয়া উঠিল—হঠাৎ মনে ইইল, তাহার এক-জন চেনালোক গাড়ির অভিমুথ ছুটিয়াছে।

পরক্ষণেই কমলা থিল্থিল্, করির। হাসিয়া উঠিল। রমেশ জান্লা হটতে <u>মু</u>ধ বাড়াইয়া দেখিল—রেলোয়ে কর্মচারীর বাধা কাটাইয়া একজন লোক কোনক্রমে চলন্ত গাড়িতে উঠিয়াছে এবং টানাটানিতে তাহার চাদর কর্মচারীর হাতেই রহিয়া গেছে। চাদর লইবার জন্ম সে ব্যক্তি ধখন জান্লা হইতে ঝুঁকিয়া-পড়িয়া হাত বাড়াইল, তথন রমেশ স্পষ্ট চিনিতে পারিল, সে আরক্তিহ নয়, জক্ষা।

এই চাদর-কাড়াকাড়ির দৃশ্রে অনেককণ পর্যান্ত কমলার হাসি থামিতে চাহিল না।

রমেশ কহিল—"সাড়ে দশটা বাজিয়া গেছে—গাড়ি ছাড়িয়াছে, এইবার তুমি গুমাও।"

বালিকা বিছানায় শুইয়া যতক্ষণ না থুম আসিল, মাঝে মাঝে থিল্থিল্ করিয়। হাসিয়া উঠিল।

কিন্ত এই ব্যাপারে রমেশের বিশেষ কৌতুকবোধ হইল না।

রমেশ জানিত, কোন পল্লিগ্রামের সহিত অক্ষরের কোন সথন্ধ ছিল না - সে প্রুষামূক্রমে কলিকাতাবাদী আজ রাত্রে এমন
উন্ধাদে দে কলিকাতা ছাড়িয়া কোথার

যাইতেছে রমেশ নিশ্চর ব্ঝিল, অক্ষর
তাহারই অমুসরণে চলিয়াছে।

অক্ষর যদি তাহাদের গ্রামে গিরা অম্স্কান আরম্ভ করে এবং সেথানে রমেশের
বপক্ষবিপক্ষমগুলীর মধ্যে এই কথা লইয়া
একটা বাঁটাঘাঁটি হইতে থাকে, তবে সমস্ত
ব্যাপারটা কিব্লপ জ্বস্ত হইয়া উঠিবে, তাহাই
ক্রনা করিয়া রমেশের হৃদর অশান্ত হইয়া
উঠিল। তাহাদের পাড়ার কে কি বলিবে,
কির্মপ ঘোঁট চলিবে, তাহা রমেশ যেন প্রত্যক্ষ-

বং দেখিতে লাগিল। কলিকাভার মত সহরে সকল অবস্থাতেই অস্তরাল খুঁ জিয়া পাওয়া বার
—কিন্ধ ক্ষুদ্র পল্লীর গভীরতা কম বলিরাই
অল্প আঘাতেই তাহার আন্দোলনের টেউ
উত্তাল হইয়া উঠে। সেই কথা যতই চিস্তা
করিতে লাগিল, রমেশের মন ততই সন্কৃচিত
হইতে লাগিল।

বারাকপুরে যথন গাড়ি থামিল, রমেশ
মুথ বাড়াইয়া দেখিতে লাগিল, অক্ষয় নামিল
না। নৈহাটিতে অনেক লোক উঠানামা
করিতে লাগিল, তাহার মধ্যে অক্ষয়কে দেখা
গেল না। একবার রুধা আশায় বগুলাটেশনেও রমেশ বাগ্র হইয়া মুখ বাড়াইল—
অবরোহীদের মধ্যে অক্ষয়ের চিহ্ল নাই।
তাহার পরের আর কোনো স্টেশনে অক্ষয়ের
নামিবার কোন সম্ভাবনা সে কয়না করিতে
পারিল না।

অনেক রাত্রে:প্রাপ্ত হইয়া রমেশ ঘুনাইয়া পড়িল।

প্রদিন প্রাতে গোয়ালন্দে গাড়ি পৌছিলে রমেশ দেখিল, অক্সর মাথার-মুথে চাদর জড়াইয়া একটা হাতব্যাগ্ লইয়া তাড়াতাড়ি ষ্টীমারের দিকে ছুটিয়া চলিয়াছে।

বে স্থীমারে রমেশের উঠিবার কথা, সে গ্রীমার ছাড়িবার এখনো বিলম্ব আছে। কিন্তু অন্ত ঘটে আর একটা গ্রীমার গমনোর্থ অবস্থায় ঘনঘন বাঁশী বাজাইতেছে। রমেশ জিজ্ঞাসা করিল, "এ গ্রীমার কোথার বাইবে?" উত্তর পাইল, "পশ্চিমে।"

"কতদূর পর্যান্ত বাইবে ?" "কল না কমিলে কাশী পর্যান্ত বায়।" শুনিয়া রমেশ তৎক্ষণাৎ সেই সীমারে উঠিয়া কমলাকে একটা কামরাধ বসাইয়া আসিল এবং তাড়াতাড়ি কিছু হুধ, চাল-ডাল এবং একছড়া কলা কিনিয়া শইল।

এদিকে অক্ষর অন্ত হীমারে সকল আরোহীর আগে উঠিয়া মৃড়িস্থড়ি দিরা এমন একটা লায়গার দাঁড়াইয়া রহিল, বেথান হইতে অন্তান্ত বাত্রীদের গতিবিধি পর্যাবেক্ষণ করা বার । বাত্রিগণের বিশেষ তাড়া ছিল না । জাহাজ ছাড়িবার দেরি আছে—তাহারা এই অবকাশে মুথ-হাত ধুইয়া, মান করিয়া বাইয়া লইতে লাগিল। অক্ষরের কাছে গোয়ালন্দ পরিচিত নহে। সে মনে করিল, নিকটে কোথাও হোটেল বা কিছু আছে, সেইখানে রমেশ কমলাকে থাওয়াইয়া লইতেছে।

অবশেষে দীমারে বালী দিতে লাগিল।
তথনো রমেশের দেখা নাই। কম্পামান
তব্দার উপর দিয়া যাত্রীর দল জাহান্তে
উঠিতে আরম্ভ করিল। ঘনঘন বালার
হুংকারে লোকের তাড়া ক্রমেই বাড়িয়া
উঠিতে লাগিল। কিন্তু আগত ও আগত্তকদের
মধ্যে রমেশের কোন চিহ্ন নাই। যথন
আরোহীর সংখ্যা শেষ হইয়া আসিল—তব্দা
টানিয়া লইল এবং সারেং নোভর তুলিবার
হকুম করিল, তথন অক্ষর ব্যস্ত হইয়া কহিল,
"আমি নামিয়া যাইব"—কিন্তু থালাসিয়া
ভাহার কথায় কর্ণপাত করিল না। ডাঙা
দ্রে ছিল না, অক্ষর দ্বীমার হইতে লাফ
দিয়া পড়িল।

তীরে উঠিরা রমেশদের কোন খবর পাওরা গেল'না। অরক্ষণ হইল, গোরালন্দ হইতে সকালবেলাকার প্যাসেঞ্জার-ট্রেন্ কলি- কাতা-অভিমুখে চলিয়া গেছে। অক্স ৰনে মনে ভাবিল, কাল রাত্রে গাড়িতে উঠিবার সমস্বকার টানাটানিতে নিশ্চয় সেরমেশের দৃষ্টিপথে পড়িরাছে এবং রমেশ ভাহার কোন বিরুদ্ধ অভিসন্ধি অনুমান করিয়া দেশে না গিয়া আবার সকালের গাড়িতেই কলিকাভায় ফিরিয়া গেছে। কলিকাভায় যদি কোন লোক লুকাইবার চেষ্টা করে, তবে ভ ভাহাকে বাহির করাই কঠিন হইবে!

· **২**8

অক্ষ সমন্তদিন গোৱালন্দে ছট্ফট্ করিয়া কাটাইয়াসন্ধ্যার ডাকগাড়িতে উঠিরা পড়িল। পরদিন ভোরে কলিকাতার পৌছিয়া প্রথমেই সে রমেশের দক্ষিপাড়ার বাসায় আসিয়া দেখিল, তাহার দার বন্ধ--ধ্বর লইয়া জানিল, সেথানে কেহই আসে নাই।

কপুটোলায় আসিয়া দেখিল, রমেশের বাসা শৃক্ত। অরদাবাবুর বাসায় আসিয়া বোগেক্রকে কহিল "পালাইরাছে—ধরিতে পারিলাম না।"

োপেন্দ্র কহিল—"সে কি কথা ?" অক্ষয় তাহার ভ্রমণর্ত্তান্ত বিবৃত করিয়া বলিল।

অক্ষয়কে দেখিতে পাইয়া রমেশ কমলাকে স্ক লইয়া পালাইয়াছে, এই খবরে রমেশের বিরুদ্ধে যোগেক্রের সমস্ত সন্দেহ নিশ্চিত বিশ্বাসে পরিণত হইল।

যোগের কহিল—"কিন্ত অক্ষর, এ সমত যুক্তি কোন কাচ্ছেই লাগিবে না । তথু হেম-নলিনী কেন, বাবা-ফুদ্ধ ঐ এক বুলি ধরিয়া-ছেন—তিনি বলেন, রমেশের নিজের মুথে শেষ কথা না ভনিয়া তিনি মুমেশকে অবিখাস

করিতে পারিবেন না। এমন কি, রমেশ আজো আসিরা বদি বলে, 'আমি এখন কিছুই বলিৰ না', তবু নিশ্চয় বাৰা তাহার সঙ্গে हिस्त्र विवाह पिएक कृष्ठिक इन ना। हेहा-দের লইয়া আমি এমনি মুক্তিলে পডিয়াছি। বাবা হেমনশিনীর কিছুমাত্র কষ্ট সহু করিতে পারেন না--হেম ধদি আজ আনার করিয়া বনে, 'রমেশের অক্সন্ত্রী থাক, আমি তাহাকেই বিবাহ করিব, ২বে বাবা বোধ হয় ভাহাতেই যেমন করিয়া হৌক এবং রাজি হন। ने प्रश् হোক. যত রমেশকে কব্ল করাইতেই হইবে। হতাশ হইলে চলিবে ন।। আমিই এ কালে লাগিতে পারিভাম, কিন্তু কোনপ্রকার ফলী আমার মাথায় আদে না-আমি হয়ত রমে-শের সঙ্গে একটা মারামারি বাধাইয়া দিব। এখনো বুঝি তোমার মুখ ধোওয়া, চা খাওয়া হয় নাই।"

অক্ষর মুখ ধুইরা চা থাইতে থাইতে ভাবিতে লাগিল। এমন সমরে অরদাবাবু হেমনলিনীর হাত ধরির। চা থাইবার ঘরে মাদিরা উপস্থিত হইলেন। অক্ষরকে দেখিবানাত্ত স্থেনলিনী কিরিয়া ধর হইতে বাহির হুইরা গেল।

বোণেক্স রাগ করিয়া কহিল—"হেমের এ ভারি অস্তার! বাবা, তৃমি উহার এই সকল অভদ্রতার প্রশ্রম্ব দিরে: না। উহাকে জোর করিয়া এথানে খানা উচিত। হেম! হেম!"

হেমনলিনী তথন উপরে চলিয়া গেছে।
অক্ষর কহিল, "যোগেন্, তুমি আমার কেন্
আরো থারাপ করিয়া দিবে দেখিতেছি!
উঁহার কাছে আমার সৃত্তমে কোন কথাট

কহিলো না। সমন্ত্রে ইহার প্রতিকার হইবে
—জবরদন্তি করিতে গেলে সব মাটি
হইয়া বাইবে।"

এই বলিয়া জক্ষয় চা থাইয়া চলিয়া গেল। অক্ষয়ের থৈয়ের অভাব ছিল না। যথন সমস্ত লক্ষণ তাহার প্রতিকৃলে, তথনো সে লাগিয়া থাকিতে জানে। তাহার ভাবেরও কোন বিকার হয় না। অভিমান করিয়া সে মুথ গন্তীর করে না বা দূরে চলিয়া যায় না। অনাদর-ম্বমাননায় সে অবিচলিত থাকে। লোকটা টাাক্সই। তাহার প্রতি যাহার ব্যবহার যেমনি হৌক্, সে টিকিয়া থাকে।

অক্ষয় চলিয়া গেলে আবার অন্ধাবাব্ হেমনলিনীকে ধরিয়া চায়ের টেবিলে উপৃস্থিত করিলেন। আজ তাহার কপোল পাভূবর্ণ— তাহার চোথের নীচে কালি পড়িয়া গেছে। ঘরে চুকিয়া সে চোধ নীচু করিল, যোগেল্ডের মুথের দিকে চাহিতে পারিল না। সে জানিত, যোগেল তাহার ও রমেশের উপর রাগ করিয়াছে, তাহাদের বিরুদ্ধে কঠিন বিচার করিতেছে। এইজন্ত যোগেল্ডের সঙ্গে মুখেমুখি-চোখোচোথি হওয়া তাহার পক্ষে গ্রন্থ হইয়া উঠিয়াছে।

ভালবাদায় যদিও হেমনলিনীর বিখাদকে নাগ্লাইরা রাখিয়াছিল, তবু যুক্তিকে একে-বারেই ঠেকাইয়া রাখা চলে না। যোগেশ্রের দক্ষ্থে হেমনলিনী কাল আপনার বিখাদের দৃঢ়ভা দেখাইয়া চলিয়া গেল। কিন্তু রাত্তের অন্ধকারে শয়নঘরের মধ্যে একলা দেই বল সম্পূর্ণ থাকে না। বস্তুতই প্রথম হইতে রমে-শের ব্যবহারের কোন অর্থ পাওয়া যায় না।

मान्मरहत्र कात्रग छनिरक रहमननिनी यङ প্রাণপণ বলে তাহার বিশ্বাদের হুর্গের মধ্যে ঢ়কিতে দেয় না—তাহারা বাহিরে দাড়াইয়া ততই সবলে আঘাত করিতে সাংঘাতিক আঘাত হুইতে মা थाटक। তুই হাতে বেমন ছেলেকে বুকের মধ্যে চাপিয়া-ধরিয়া রকা করে. রমেশের প্রতি বিশাসকে হেমনলিনী সমন্ত প্রমাণের . বিরুদ্ধে তেম্নি জোর করিয়া হৃদরে আঁক্-ড়িয়া রাখিল। কিন্তু হায়, জোর কি সকল-नमग्र नमान थाटक !

হেমনলিনীর পাশের ঘরেই রাত্তে অল্পদাবার ভইলাছিলেন। হেম যে বিছানায় এপাশওপাশ করিতেছিল, তাহা তিনি ব্বিতে
পারিতেছিলেন। একএকবার তাহার ঘরে
গিয়া তাহাকে বলিতেছিলেন, "মা, তোমার
ঘুম হইতেছে না ?" হেমনলিনী উত্তর
দিতেছিল, "বাবা, ভুমি কেন জাগিলা আছ ?
আমার ঘুম আদিতেছে আমি এখনি
ঘুমাইয়া পড়িব।"

পরের দিন ভোরে উঠিয়। হেমনলিনী ছাদের উপর বেড়াইতেছিল। রমেশের বাসার একটি দরজা, একটি জান্লাও থোলা নাই। হেমনলিনীর মনে হইতে লাগিল, তাহার জীবন হইতেও রমেশ যেন এম্নিভাবেই কক্ষ হইরা গেছে। পরস্পরের সম্বর্ধের কোন পথই যেন কোথাও থোলা নাই। তবে এখন হইতে কোন্ পথ অবলম্বন করিয়া তাহার অস্তরের মধ্যে আকান্দের আলোক আসিবে, দক্ষিণের বাতাস প্রবেশ করিবে? রমেশ—রমেশ!—কোথার রমেশ! যে এতই কাছে ছিল, সে কোথার গেল! যে অনামাসে

এই,প্রভাতের নিশ্ব আলোকে ঐ ছাদের উপরে আসিয়া দাঁড়াইতে পারে—বাহার আগমনে আনন্দিত হৃদয়ের মত ঐ বাড়ীর সমস্ত জান্লা-কৰাট উন্মুক্ত হইয়া গৃহের মধ্যে গুভ-প্রভাতকে অভার্থনা করিয়া লইতে পারে---সে সমন্ত বাধা ছইছাতে ঠেলিয়া-কেলিয়া কেন এখনি আসিতেছে না! তাহার জন্ত সমস্ত প্রস্তত-তাহার জন্ম সবাই অপেকা করিতেছে—তাহারই জন্ত হেমনলিনী ভিক্ষ-কের উর্জ্পারিত বাাকুলবাছর মত আপ-নার সমন্ত হাদয়কে আজ এই অরুণরাগরক অনস্ত আকাশের মাঝখানে উত্তোলিত করিয়া ধরিয়াছে ৷--এস, এস, এস! সমস্ত কুয়াসা कां गिरेशा, ममछ (भव ठिलिशा, ममछ अक्कांत **ट**डेंगा শিশিরাশ্রুধৌত প্রভাতের আলোকটির মত এস-এথনি একমুহুর্তে ट्यनिनीत ममछ उरस्क कीवनाक, डेन्थ জগৎকে ব্যাপ্ত করিয়া ফেল !

স্থা ক্রমে প্রাদিকের সৌধশিথরমালার উপরে উঠিয়া পড়িল। হেমনলিনীর কাছে আজিকার এই নৃতন-অভাদিত দিনটি এম্নি ওক-শৃস্ত, এম্নি আশাহান-আনক্ষীন ঠেকিল যে, সে সেই ছাদের এক কোণে দিয়া-পড়িয়া ছই হাতে মুথ ঢাকিয়া কাদিয়া উঠিল। আজ সমস্তদিন কেহই আসিবে না, চায়ের সময় কাহাকেও আশা করিবার নাই, পাশের বাড়ীতে কেহ একজন আছে, এই কয়না করিবার স্থটুকু প্র্যান্ত ঘুচিয়া গেছে!

"হেম ! হেম !"

হেমনলিনা তাড়াতাড়ি উঠিয়া চোধ
মুছিয়া-কেলিয়া নাড়াদিল – "কি বাবা!"
অৱদাবাৰু ছাদে উঠিয়া-আসিয়া হেমদলি

নীর পিঠে হাত বুলাইয়া কহিলেন—"আমার আৰু উঠিতে দেরি ইইয়া গেছে।"

অন্ধাবাব উৎকঠার রাত্রে ঘুমাইতে পারেন নাই—ভোরের দিকে ঘুমাইরা পড়িয়া-ছিলেন। স্মালো চোথে লাগিতেই উঠিয়া-পড়িয়া তাড়াতাড়ি মুথ ধুইরা হেমনলিনীর থবর লইতে গেলেন। দেখিলেন, ঘরে কেহ নাই। সকালে তাহাকে একলা বেড়াইতে দেখিয়া তাহার বুকের মধ্যে আঘাত লাগিল। কহিলেন—"চল মা, চা থাইবে চল।"

চাধের টেবিলে বোগেন্দ্রের সমুথে বসিয়া
চা থাইবার ইচ্ছা হেমনলিনীর ছিল না।
কিন্তু সে জানিত, কোনরপ নিয়মের অন্তথা
তাহার বাপকে পীড়া দেয়। তা ছাড়া,
প্রত্যহ সে নিজের হাতে তাহার বাপের
পেয়ালার চা ঢালিয়া দেয়, এই সেবাটুকু
হইতে সে নিজেকে বঞ্চিত করিতে চাহিল
না।

নাচে গিয় ঘরে পৌছিবার পুর্বেষ ধথন সে বাহির হঠতে শুনিল, যোগেক্স কাহার সঙ্গে কথা কহিতেছে—তথন তাহার বুক কাঁপিয়া উঠিল হঠাৎ মনে হইল, বুঝি রমেশ আসিয়াছে। এত সকালে আর কে শাসিবে ?

কম্পিতপদে ঘরে চুকিয়া ষেই দেখিল সক্ষ, অমনি সে আর কিছুতেই আত্ম-সংবরণ করিতে পারিল না—তংক্ষণাৎ ছুটিয়া বাহির হইয়া আসিল।

বিতীয়বার অল্পাবাব বধন তাহাকে বরের মধ্যে লইরা আসিলেন, তথন সে তাহার পিতার চৌকির পালে বেঁবিলা দাড়াইরা নত-মুধে তাঁহার চা প্রস্তুত ক্রিয়া দিতে লাগিল।

বোগেল হেমনলিনীর ব্যবহারে অত্যন্ত विवक इटेबाहिल। (इस य व्यास्तान क्रम এমন করিয়া শোক অনুভব করিবে, ইহা তাহার অসম বোধ হইতেছিল। তাহার পরে যথন দেখিল, অল্পাবার তাহার এই শোকের সদী হইয়াছেন এবং সেও বেন সংসারের আর निक्रे इट्रेंट সকলের অন্নদাবাবর স্নেহচ্ছায়ায় আপনাকে রক্ষা করিতে চেষ্টা করিতেছে, তখন তাহার অধৈর্যা আরো বাড়িয়া উঠিল। 'আমরা যেন স্বাট অক্তারকারী আমরা যে ক্লেছের থাতিরেট কর্ত্রবাপালনে চেষ্টা করিতেছি, আমরাই যে যথার্থভাবে উহার মঙ্গলসাধনে প্রবৃত্ত-তাহার জন্ম লেশমাত্র কৃতজ্ঞতা দূরে থাকু, मत्न मत्न आमात्तव त्नावी क्विरक्रकः। বাবার ত কোন বিষয়ে কাওজান নাই। এখন **माउना निवात ममग्र नटर-- এখন আঘাত** দিবারই সময়। তাহা না করিয়া তিনি ক্রমাগতই অপ্রিয়-সভ্যকে উহার নিকট হটতে দূরে খেদাইয়া রাখিতেছেন !

বোণেক্র অন্নলাবাবৃকে সংখাধন করিয়া কহিলেন, "জান বাবা, কি হইয়াছে!"

अन्ननावाव् अन्त श्रेमा उठिया किर्तिन, "ना—कि श्रेमाहि ?"

যোগেক্স। রমেশ কাশ তাহার স্ত্রীকে
শইয়া গোয়ালন্দ-মেলে দেশে যাইতেছিল—
অক্ষরকে সেই গাড়িতে উট্টিতে দেখিয়া দেশে
না গিয়া আবার সে কলিকাভায় পালাইয়া
আসিয়াছে।

হেমনলিনীর হাত কাঁপিরা উঠিল—চা
ঢালিতে চা পড়িরা গেল। সে চৌকিতে
বসিরা পড়িল।

যোগেক তাহার মুখের দিকে একবার কটাকপাত করিয়া বলিতে লাগিল—
"পালাইবার কি দরকার ছিল, আমি ত কিছুই বুঝিতে পারি না। অক্ষরের কাছে ত পুর্বেই সমস্ত প্রকাশ হইয়া গিয়াছিল। 'একে ত তাহার পুর্বের ব্যবহার বথেপ্ট হেয়—তাহার পরে এই ভীরুতা, এই চোরের মত ক্রমাগত পালাইয়া-বেড়ানো আমার কাছে অত্যন্ত হুল্ম মনে হয়। জানি না, হেম কি মনে করে—
কিন্তু এইরূপ পলায়নেই তাহার অপরাধের ব্যেপ্ট প্রমাণ হইতেছে!"

হেমনলিনী কাঁপিতে কাঁপিতে চৌকি ছাড়িয়া উঠিয়া দাঁড়াইল—কহিল, "দাদা, আমি প্রমাণের কোন অপেকা রাথি না। তিনি ভাল কি মল, তাহা ঈশব জানেন — এখন তাহা আমার সন্ধান করিবার সময় নর। তোমরা তাঁহার বিচার করিতে চাও কর—আমি তাঁহার বিচারক নই—তিনি যদি দোব করিয়া থাকেন, তবে হুঃখভোগ করিতে পারি, কিন্তু দেও দিতে পারি না—তবে আমার কাছে কেন বারবার ভোমাদের গুণ্ডচরের প্রমাণ আনিয়া উপস্থিত করিতেছ প"

যোগেক্ত। তোমার দঙ্গে যাহার বিবা-হের সম্বন্ধ হইতেছে, সে কি আমাদের নিঃসম্পর্ক?

হেমন্দিনী। বিবাহের কথা কে বলিতৈছে ? ভোমরা ভাঙিরা দিতে চাও, ভাঙিরা
দাও—সে ভোমাদের ইছো। কিন্ত আমার
মন ভাঙাইবার জন্ম নিথা৷ চেষ্টা করিতেছ।
ভোমাদের কোন ক্ষতি না করিরা আমি যদি
মনে মনে কোথাও স্থপ পাই,—নির্ভর পাই—
ভোমাদের ভাহাতে কি ?

বলিতে বলিতে হেমনলিনী শরবদ্ধ হইদ।
কাঁদিয়া উঠিল ৷ অন্নদাবাবু তাড়াতাড়ি
উঠিয়া তাহার অশ্রুসিক্ত মুথ বুকে চাপিনাধরিয়া কহিলেন—"চল হেম, আমরা উপরে
যাই!"

₹ @

ষ্টীমার ছাড়িয়া দিল। প্রথম-দ্বিতীয় শ্রেণীর কামরার কেহই ছিল না। রমেশ একটি কামরা বাছিয়া লইয়া বিছানা পাতিয়া দিল। সকালবেলায় ছধ থাইয়া সেই কাম-রার দরজা খুলিয়া কমলা নদী ও নদীতীর দেখিতে লাগিল।

রমেশ কহিল, "জান কমলা, জামরা কোথায় যাইতেছি ?"

कमना कहिन, "मिटन शाहेरिक ।"

রমেশ। দেশ ত তোমার ভাল লাগে না---আমর। দেশে যাইব না।

কমলা। আমার জভ্তে ভূমি পেশে যাওয়াবন্ধকরিয়াছ ?

রমেশ। হাঁ, ভোমারই করে।

কমলা মুথ ভার করিয়া কহিল—"কেন তা করিলে? আমি একদিন কথায়-কথায় কি বলিয়াছিলাম, সেটা বুঝি এমস করিয়া মনে লইতে আছে? তুমি কিছ ভারি অলে-ভেই রাগ কর।"

রমেশ হাসিরা কহিল — "আমি কিছুমাঅ রাপ করি নাই। দেশে বাইবার ইচ্ছা আমারও নাই।"

ক্ষণা তথন উৎস্ক হইয়া বিকাশ ক্রিন, "তবে আমরা কোথায় বাইতেছি ?"

द्रस्य । शन्तिस्य ।

"পশ্চিষে" ওনিয়া ক্ষ্মলায় চকু বিক্ষা-

নিত হইনা উঠিকা শক্তিম কি বিনাদিন কি বিনাদিন কৰেন নৰো কালিইবাহে, আৰু "পশ্চিন" বলিতে ভাহার কাছে কডবানি বোনার ! পশ্চিমে ভীষ্টা পশ্চিমে বাহা, পশ্চিমে নব নব দেশ, নব নব দৃশু, কভ রাজা ও সমাটের প্রাতন কীর্ত্তি, কভ কার্লথচিত দেবালর, কভ প্রাচীন কাহিনী, কভ বীর্ত্তের ইতিহাস!

ক্ষণা পুশকিত হইয়া কিজাসা করিল— "পশ্চিমে আমরা কোথায় বাইতেছি ?"

রমেশ কহিল, "কিছুই ঠিক নাই। মুদ্রের, পাটনা, দানাপুর, বক্লার, গাজিপুর, কাশি, বেধানে হউক, এক জারগার গিরা উঠা বাইবে।"

এই সকল কতক-জানা এবং না-জানা সহরের নাম গুনিরা কমলার করনাবৃত্তি আরো উত্তেজিত হইরা উঠিল। সে হাত-তালি দিরা কহিল, "ভারি মঙ্গা হইবে!"

রমেশ কহিল "মঞ্জা ত পরে হইবে, কিন্তু এ করদিন খাওরাদাওরার কি করা যাইবে ? তুমি খালাসিদের হাতের রালা খাইতে পারিবে ?"

ক্ষণা ছণার মুখ বিক্বত করিয়া কহিল— "নাগো গু সে আমি পারিব না !"

রনেশ। তাহা হইলে কি উপার করিবে? কমলা। কেন, আমি নিজে রাধিয়া লইব।

রমেশ। ভূমি রাধিতে পার ?

ক্ষলা হাসিরা-উঠিরা ক্হিল—"ত্মি আমাকে কি বে ভাব, জানি না । রাধিতে পারি নাডকি । আমি কি ক্টিখুকি । মামার বাড়ীতে আমি ভবরাবর রাখিয়া আসিয়াছি।" বলেশ তংকণাৎ অনুভাগ প্রাকাশ করির।
কহিল, ভাই জ ভোগাঁদে এই প্রাক্তির
ঠিক সকত হর নাই। ভাহা হইলে এবল
হইতে র'নিধার লোগাড় করা বাক্—কি

এই বলিরা রমেশ চলিরা গেল এবংসদ্ধান করিয়া এক লোহার উত্থন সংগ্রহ করিল। তথু তাই নর, কালি পৌছাইরা দিবার ধরচ ও বেতনের প্রলোভনে উমেশ বলিরা এক কারস্থবালককে জলভোলা, বাসনমাজা প্রভৃতি কাজের জন্ম নিযুক্ত করিল।

রনেশ কহিল--- "কমলা, **আৰু কি** রারা হইবে ?"

ক্ষলা কহিল—"তোমার ত ভারি জোগাড় আছে ! এক ডাল আর চাল—স্মার থিচ্ডি হইবে।"

রমেশ থালাসিদের নিকট হইতে কমলার নির্দেশমত মসলা সংগ্রহ করিব।
আনিল।

রেনেশের অনভিজ্ঞতায় কমলা হাসিয়া উঠিল, কহিল—"শুধু মসলা লইয়া কি করিব? শিল-নোড়া নহিলে বাটিব কি করিবা? ভূষি ত বেশ!"

বালিকার এই অবজ্ঞা বহন করির। রমেশ শিল-নোড়ার সন্ধানে ছুটিল। শিল-নোড়া না পাইরা থালাসিদের কাছ হইডে এক লোহার হামানদিস্তা ধার করিরা আলিকান

হামানদিন্তার মস্লা-কোটা কমলার অভ্যাস ছিল না। অগত্যা তাহাই লইরা বসিতে হইল। রমেশ কছিল, "নসলা না হর আর কাহাকেও দিরা শিবাইরা আনিতেছি।" কমলার ভাহা মনঃপুত হইল না। শ্রে নিজেই উৎসাহসহকারে কাজ আরম্ভ করিল। এই অনভ্যক্ত প্রণালীর অস্থবিধাতে তাহার কৌভুকবোধ হইল। মসলা লাফাইরা-উঠিরা চারিদিকে ছিটাইরা পড়ে, আর সে হাসি রাথিতে পারে না। তাহার এই হাসি দেখিরা রমেশেরও হাসি পার।

এইরপে মদলাকোটার অধ্যায় শেষ করিয়া কোমরে আঁচল জড়াইয়া একটা দরমা-বেরা জায়গায় কমলা রানা চড়াইয়া দিল। কলিকাতা হইতে একটা হাঁড়িতে করিয়া সন্দেশ আনা হইয়াছিল, সেই হাঁড়িতেই কাজ চালাইয়া লইতে হইল।

রালা চড়াইয়া-দিয়া কমলা রমেশকে কহিল, "তুমি যাও, শীঘ্র স্থান করিয়া লও— আমার রালা হইতে বেশি দেরি হইবে না।"

রায়াও হইল, রমেশও স্থান করিয়া আসিল। এখন প্রশ্ন উঠিল, থাল ত নাই, কিসে থাওয়া যায় ?

রমেশ অত্যস্ত ভয়ে ভয়ে কহিল, "থালাসি-দের কাছ হইতে সান্কি ধার করিয়া আনা যাইতে পারে।"

কমলা কহিল—"ছি!"

রমেশ মৃত্যরে জানাইল, এরপ অনাচার পূর্বেও তাহার ধারা অনুষ্ঠিত হইয়াছে।

কমলা কহিল—"পুর্বেষ বা হইয়াছে, তা হইয়াছে, এখন হইতে হইবে না - আমি ও দৈথিতে পারিব না।"

এই বলিয়া সে সেই সন্দেশের মুথে যে সরা ছিল, তাহাই ভাল করিয়া ধুইয়া-আনিয়া উপস্থিত করিল। কহিল—"আজকের মত তুমি ইহাতেই থাও, পরে দেখা যাইবে।"

জল দিয়া ধুইয়া আহারতান প্রস্তুত

হইলে রমেশ গুদ্ধভাবে থাইতে বসিয়া গেল। ছই-এক গ্রাস মুথে তুলিয়া কছিল—"বাঃ, চমৎকার হইয়াছে।"

কমলা লজ্জিত হইয়া কহিল—"য়াও, ঠাটা করিতে হইবে না!"

রমেশ কহিল—"ঠাটা নয়, তাহা এখনি দেখিতে পাইবে !" বলিয়া পাতের অন্ন দেখিতে দেখিতে নিঃশেষ করিয়া আবার চাহিল। কমলা এবারে অনেক বেশি করিয়া দিল। রমেশ ব্যস্ত হইনা কহিল—"ও কি করিতেছ ? তোমার নিজের জ্ঞা কিছু সাছে ত ?"

"ঢের আছে—সেজন্তে ভোমার ভাবিতে হইবে না।"

রমেশের তৃপ্তিপূর্মক আহারে কমলা ভারি থুসি হইল। রমেশ কহিল—"তুমি কিনে থাইবে ?"

কমলা কহিল—"কেন, ঐ সরাতেই হইবে !* রনেশ অহির হইয়া উঠিল। কহিল, "না, সে হইতেই পারে না!"

कमला आक्तर्या श्रेषा कशिल--- (कन, श्रेट्य ना (कन ?"

রমেশ কহিল—"না না, সে কি হর!"
কমলা কহিল—"খুব হইবে—আমি সর
ঠিক করিয়া লইতেছি। উমেশ, তুই কিসে
খাইবি?"

উদেশ কহিল, "মাঠাকরুণ, নীচে ময়রা থাবার বেচিতেছে, তাহার কাছ হইতে শালপাতা চাহিয়া আনিতেছি।"

রনেশ কহিল, "তুমি যদি ঐ সরাভেই খাইবে ত আমাকে দাও, আমি ভাল করিয়া ধুইয়া আনিতেছি।" কমলা কেবল সংক্ষেপে কহিল, "পাগল হইয়াছ!"—কণকাল পরে দে বলিয়া উঠিল, "কিন্তু পান তৈরি করিতে পারি নাই, তুমি আমাকে পান আনাইয়া দাও নাই।"

রমেশ কহিল, "নীচে পানওয়ালা পান বেচিতেছে।"

এম্নি করিয়া অতি সহজেই ঘ্রকরা হর ইল। রমেশ মনে মনে উদ্বিগ্ধ হই রা উচিল। সে ভাবিতে লাগিল, 'দাম্পতোর ভাবকে কেমন করিয়া ঠেকাইয়া রাথা যায় ? গৃহিণীর পদ অধিকার করিয়া লইবার জন্ম কমলা বাহিরের কোন সহায়তা বা শিক্ষার প্রত্যাশা রাথে না। সে যতদিন তাহার মামার বাড়ীতে ছিল, রাধিয়াছে-বাড়িয়াছে, ছেলে মাসুষ করিয়াছে, ঘ্রের কাজ

চালাইয়াছে।' তাহার নৈপুণ্য, তৎপরতা ও কর্ম্মের আনন্দ দেখিয়া রমেশের ভারি স্থন্দর লাগিল-কিন্ত সেই সঙ্গে এ কথাও সে ভাবিতে नाशिन, 'ভবিষাতে ইহাকে नहेम्रा कि ভাবে চলা যাইবে ? ইহাকে কেমন করিয়া কাছে রাথিব, অথচ দুরে রাথিয়া দিব ? ভাহাদের তুইজনের মাঝখানে গণ্ডীর রেখাটা কোন-থানে টানা উচিত ? তাহাদের উভয়ের मत्था यंनि दशमनिनी थाकिछ, छाहा इहेल সমস্তই স্থুন্দর হইয়া উঠিত! কিন্তু সে আশা যদি ত্যাগ করিতেই হয়, তবে একলা কমলাকে লইয়া সমস্ত সমস্থার মীমাংসা যে কি করিয়া হইতে পারে, তাহা ভাবিয়া পাওয়া কঠিন।' রমেশ স্থির করিল, আসল কথাটা কমলাকে খুলিয়া বলাই উচিত, ইহার পরে আর চাপিয়া-রাখা চলে না।

ক্ৰমশ।

মন্দিরের কথা।

উড়িয়ার ভ্রনেধরের মন্দির যথন প্রথম দেখিলাম, তথন মনে হইল, একটা যেন কি ন্তন গ্রন্থ পাঠ করিলাম। বেশ ব্ঝিলাম, এই পাণরগুলির মধ্যে কথা আছে; সে কথা বছশতাকী হইতে স্তম্ভিত বলিয়া, মুক বলিয়া, জনরে আরে৷ যেন বেশি করিয়া আঘাত করে।

ঋক্-রচয়িতা ঋষি ছল্দে মন্তর্চনা করিয়া গিয়াছেন, এই মন্দিরও পাধরের মন্ত্র; লদয়ের কথা দৃষ্টিগোচর হইয়া আকাশ জুড়িয়া দাঁডাইয়াছে।

মাহ্যের হৃদয় এথানে কি কথা গাঁথিয়াছে ? ভক্তি কি রহস্থ প্রকাশ করিয়াছে ?
মাহ্য অনন্তের মধ্য হইতে আপন অন্তঃকরণে
এমন কি বাণী পাইয়াছিল, যাহার প্রকাশের
প্রকাশু চেষ্টায় এই শৈলপদমূলে বিস্তীর্ণ
প্রোস্তর আকীর্ণ হইয়া রহিয়াছে ?

এই যে শতাধিক দেবালয়—যাহার

অনেক গুলিতেই আদ আর সদ্ধারতির দীপ জলে না, শৃত্যবণ্টা নীরব, বাহার থোদিত প্রস্তরপত্ত গুলি ধূলিলুটিত—ইহারা কোনো একজন ব্যক্তিবিশেষের কল্পনাকে আকার দিবার চেষ্টা করে নাই। ইহারা তথনকার দেই অজ্ঞাত যুগের ভাষাভারে আক্রান্ত। যথন ভারতবর্ষের জীর্ণ বৌদ্ধার্ম্ম নবভূমিষ্ট হিন্দ্ধর্মের মধ্যে দেহাস্তর লাভ করিতেছে, তথনকার সেই নবজীবনোচছাসের তরঙ্গলীলা এই প্রস্তরপুঞ্জে আবদ্ধ হইয়া ভারতবর্ষের এক প্রান্তে বুগান্তরের জাগ্রত মানবহুনয়ের বিপুল কল্পনিক্তি আক্র সহিত্ত । ইহা কোনো একটি প্রাচীন নবযুগের মহাকাব্যের ক্রেক্থণ্ড ছিয়পত্ত।

এই দেবালয়শ্রেণী ভাহার নিগৃঢ়-নিহিত নিস্তর চিত্তশক্তির দারা দর্শকের অন্তঃকরণকে সহসা যে ভাবান্দোলনে উদোধিত করিয়া তুলিল, তাহার আকস্মিকতা, তাহার সমগ্রতা, তাহার বিপুলতা, তাহার অপূর্বের প্রবন্ধ প্রকাশ করা কঠিন-বিশ্লেষণ করিয়া, থও-থা করিয়া বলিবার চেষ্টা করিতে হইবে। মামুষের ভাষা এইখানে পাথরের কাছে হার মানে-পাথরকে পরে-পরে বাক্য গাঁথিতে হয় না, সে স্পষ্ট কিছু বলে না, কিছ যাহা-কিছু বলে, সমন্ত একদঙ্গে বলে পলকেই **→**2₹ সে সমস্ত व्यक्षित करत- अठताः मन ए कि वृत्तिन, কি ভনিল, কি পাইল, তাহা ভাবে বুঝিলেও ভাষার বুঝিতে সময় পায় না, অবংশবে স্থির रहेब्रा क्रांच क्रांच जारा करा क्रांच क्रां ৰুবিয়া লইতে হয়।

দেখিলাম, মন্দিরভিত্তির সর্বাক্তে ছবি খোদা। কোথাও অবকাশমাত্ত নাই। যেখানে চোথ পড়ে এবং যেখানে চোথ পড়েনা, সর্বত্তই শিল্পীর নিরলস চেষ্টা কাল করিয়াছে।

ছবিগুলি বিশেষভাবে পৌরাণিক ছবি নয়: দশ অবতারের লীলা বা স্বর্গলোকের দেবকাহিনীই যে দেবালয়ের গায়ে লিখিত হইরাছে, তাও বলিতে পারি না। মামুষের ছোটবড ভালমন্দ প্রতিদিনের ঘটনা—ভাহার থেলা ও কাজ, যুদ্ধ ও শান্তি, ঘর ও বাহির. বিচিত্র আলেখ্যের দার৷ মন্দিরকে নিবিড-ভাবে বেষ্টন করিয়া আছে। এই ছবিঞ্লিব मर्था आंत्र रकान डेप्प्रश्च रावि ना, रक्रवा এই সংসার যেমন ভাবে চলিতেছে, তাহাই আঁকিবার চেষ্টা ৷ স্তরাং চিক্তশ্রেণীর ভিতরে এমন অনেক জিনিব চোখে পড়ে. যাহা দেবালয়ে অঞ্চনযোগ্য বলিয়া হঠাৎ মনে হয় না। ইহার মধ্যে বাছাবাছি কিছুই নাই - তুচ্ছ এবং মহং, গোপনীয় এবং ঘোষ-ণীর, সমস্তই আছে।

কোনো গিজ্জার মধ্যে গিয়া যদি দেখিতাম,
সেথানে দেয়ালে ইংরাজসনাজের প্রভিদিনের
ছবি ঝুলিতেছে:—কেহ থানা থাইতেছে,
কেহ ডগ্কাট হাঁকাইতেছে, কেহ ছইই
থেলিতেছে, কেহ পিয়ানো বাজাইতেছে,
কেহ সঙ্গিনীকে বাছপাশে বেষ্টন করিয়া
পদ্ধা নাচিতেছে, তবে হতবৃদ্ধি হইয়া ভাবিতাম, বৃঝি-বা স্থা দেখিতেছি—কারণ, গিজ্জা
সংসারকে সর্বতোভাবে মৃছিয়া-ফেলিয়া
আপন স্থগীয়তা প্রকাশ করিতে চেষ্টা করে।
মাসুষ সেথানে লোকালয়ের বাহিরে আসে

—তাহা যেন যথাসম্ভব মর্ত্তাসংস্পর্শবিহীন দেবলোকের আদর্শ।

তাই, ভ্বনেশ্বর-মন্দিরের চিত্রাবলীতে প্রথমে মনে বিশ্বরের আঘাত লাগে। স্বভাবত হয় ত লাগিত না, কিন্তু আশৈশব ইংরাজিশিকার আমরা স্বর্গমন্ত্যকে মনে মনে ভাগ করিয়া রাথিয়াছি। 'সর্ব্বলাই সন্তর্পণে ছিলাম, পাছে দেব-আদর্শে মানবভাবের কোন আঁচ লাগে; পাছে দেবমানবের মধ্যে পরমপবিত্র স্থদ্র ব্যবধান, ক্ষুদ্র নানব ভাছা লেশমাত্র লক্ষ্যন করে।

এথানে মান্থ্য দেবতার একেবারে যেন গায়ের উপর আসিয়া পড়িয়াছে—তাও যে ধ্লা ঝাড়িয়া আসিয়াছে, তাও নয়। গতি-শীল, কর্মারত, ধ্লিলিপ্ত সংসারের প্রতিকৃতি নিঃসঙ্কোচে সমুচ্চ হইয়া উঠিয়া দেবতার প্রতিমৃতিকে আছেল করিয়া রহিয়াছে।

মন্দিরের ভিতরে গেলাম—দেখানে একটিও চিত্র নাই, আলোক নাই, অনলঙ্কত নিভ্ত অকুটতার মধ্যে দেবম্রি নিতর বিরাজ করিতেছে।

ইহার একটি বৃহৎ অর্থ মনে উদয় ন। হইয়া থাকিতে পারে ন।। মাত্র এই প্রস্তরের ভাষায় যাহা বলিবার চেটা করিয়াছে, তাহা দেই বহু দ্রকাল হইতে আমার মনের মন্যে ধ্বনিত হইয়া উঠিল।

দে কথা এই—-দেবতা দুরে নাই, গিজ্জায় নাই, তিনি আমাদের মধ্যেই আছেন। তিনি জন্মভূত্য, স্থত্থ, পাপপুণা, মিলনবিচ্ছেদের নাঝথানে স্তক্ষভাবে বিরাজ্মান। এই সংগারই তাঁহার চিরস্তন মন্দির। এই সজীব-সচেতন বিপুল দেবালয় অহরহ বিচিত্র হইয়া

রচিত হইয়া উঠিতেছে। ইছা কোনকালে .
নুতন নহে, কোনকালে পুরাতন হয় না।
ইহার কিছুই স্থির নহে, সমস্তই নিয়ত পরিবর্ত্তমান—অথচ ইহার মহৎ ঐক্য, ইহার
সত্যতা, ইহার নিত্যতা নট্ট হয় না, কারণ
এই চঞ্চল বিচিত্রের মধ্যে এক নিত্যসত্য
প্রকাশ পাইতেছেন।

ভারতবর্ধে বৃদ্ধদেব মানবকে বড় করিয়াছিলেন। তিনি জাতি মানেন নাই, যাগযজ্ঞের অবলম্বন হইতে মানুষকে মুক্তি
দিয়াছিলেন, দেবতাকে মানুষের লক্ষ্য হইতে
অপস্ত করিয়াছিলেন। তিনি মানুষের
আত্মশক্তি প্রচার করিয়াছিলেন। দয়া এবং
কল্যাণ তিনি স্বর্গ হইতে প্রার্থনা করেন
নাই, মানুষের অস্তর হইতেই তাহা তিনি
আহ্বান করিয়াছিলেন।

এমনি করিয়া শ্রদ্ধার দারা, ভক্তির দারা মান্তবের অন্তরের জ্ঞান, শক্তি ও উভ্নতক তিনি মহীয়ান্ করিয়া তুলিলেন। মানুষ বে দান দৈবাধীন হীনপদাথ নহে, তাহা তিনি ঘোষণা করিলেন।

এমন-সময় হিন্দুর চিত্ত জাগ্রত হইয়া
কহিল—সে কথা যথার্থ—মান্থর দীন নহে,
হীন নহে; কারণ, মান্থবের যে শক্তি—যে
শক্তি মান্থবের মুথে ভাষা দিয়াছে, মনে ধী
দিয়াছে, বাহতে নৈপুণা দিয়াছে, যাহা
সমাজকে গঠিত করিতেছে, সংসারকে চালনা
করিতেছে, তাহাই দৈবী শক্তি।

বৃদ্ধদেব যে অভ্রভেদী মন্দির রচনা করিলেন, নবপ্রবৃদ্ধ হিন্দু তাহারই মধ্যে তাঁহার
দেবতাকে লাভ করিলেন। বৌদ্ধর্ম্ম হিন্দুধর্মের অন্তর্গত হইয়া গেল। মানবের

মধ্যে দেবতার প্রকাশ, সংসারের মধ্যে দেবতার প্রতিষ্ঠা, আমাদের প্রতিমুহুর্তের স্থুথত্য:থের मत्था দেবতার সঞ্চার. हेहाई नवहिन्दुध्दर्भत मर्पाकथा हहेशा छेठिन। শাক্তের শক্তি, বৈঞ্চবের প্ৰেয মধ্যে ছড়াইয়া পড়িল-মানুষের ক্ষুদ্র কাজে-কর্মে শক্তির প্রত্যক্ষ হাত, মামুষের মেহ-প্রীতির সম্বন্ধের মধ্যে দিব্যপ্রেমের প্রত্যক্ষ नीना अछाञ्च निक्छेवली इरेग्रा (मथा मिन। এই দেবতার আবির্ভাবে ছোট-বড়য় ভেদ ঘুচিবার চেষ্টা করিতে লাগিল। যাহারা ঘূণিত ছিল, তাহারাও দৈবশক্তির অভিমান অধিকারী বলিয়া করিল— প্রাকৃত পুরাণগুলিতে তাহার ইতিহাস রহিয়াছে।

উপনিষদে একটি মন্ত্র আছে---

"বৃক্ষ ইব স্তৰো দিবি তিঠতোক:"---যিনি এক. তিনি আকাণে বুকের স্তব্ধ হইয়া আছেন। ভুবনেশ্বের মন্দির সেই মন্ত্রকেই আর একটু বিশেষভাবে এই বলিয়া উচ্চারণ করিতেছে-- যিনি এক, তিনি এই মানবদংগারের মধ্যে তব্ধ হইয়া আছেন। জন্মসূত্যুর যাতায়াত আমাদের চোথের উপর দিয়া কেবলি আবর্তিত হইতেছে, স্থতঃথ উঠিতেছে-পডিতেছে, পাপ-পুণা আলোকে-ছায়ায় সংসারভিত্তি খচিত করিয়া িদিতেছে, সমস্ত বিচিত্র— সমস্ত চ≉ল,— ইহারই অন্তরে নির্লঙ্কার নিভূত, গেখানে বিনি এক, তিনিই বর্তমান। এই স্বান্থির-ममूनय, यिनि श्वित जाँशांत्रदे भाग्निनिदक्तन, —এই পরিবর্ত্তনপরম্পরা, যিনি নিতা তাঁহা-बरे जिब्र अकान । (नवमानव, वर्गमर्छा, वक्रम

ও মুক্তির এই অনম্ভ সামঞ্জভ—ইহাই প্রস্তবের ভাষায় ধ্বনিত।

উপনিষদ্ এইরূপ কথাই একটি উপমায় প্রকাশ করিয়াছেন—

"ৰা কপৰ্ণা সমূজা সৰায়। সমানং বৃক্ষং পরিবস্বজাতে। তয়েংরগুঃ পিপ্ললং স্বাঘন্তানখন্তগোহভিচাকণীতি॥"

হই স্থলর পক্ষী একত্র সংযুক্ত হইয়া একবৃক্ষে বাদ করিতেছে। তাহার মধ্যে একটি
স্বাহ্ পিপ্লল আহার করিতেছে, অপরটি অনশনে থাকিয়া তাহাঁ দেখিতেছে।

জীবাত্মা-পরমাত্মার এরপ সাযুক্তা, এরপ সারপ্য, এরপ সালোক্য, এত অনায়াসে, এত সহজ উপমায়, এমন সর্ল সাহসের সহিত আর কোথায় বলা হইয়াছে ! জীবের সাহত ভগবানের ধুন্দর সাম্য যেন কেহ প্রত্যক্ষ চোথের উপর দেখিয়া কথা কহিয়া উঠিয়াছে — সেইজন্ম তাহাকে উপমার জন্ম আকাশ-পাতাল হাতডাইতে হয় নাই। - অরণাচারী কবি বনের হুটি স্থলর ভানাওয়ালা পাথীর মত করিয়। সদীমকে ও অসীমকে গায়ে-গাবে নিলাইয়া বসিয়া থাকিতে দেখিয়াছেন, তাই কোনো একাও উপমার ঘটা করিয়া এই নিগূঢ় তত্তকে বৃহৎ করিয়া ভুলিবার চেষ্টামাত্র করেন নাই। ছটি ছোট পাথী থেমন স্পর্ভরূপে গোচর, থেমন স্থ্রভাবে দুখ্যমান, তাহার মধ্যে নিত্যপরিচয়ের সর্বত। বেমন একান্ত, কোনো বুহৎ উপমায় এমনটি थांकिত ना। উপমাটि कुछ इहेंबाई मङ्गिरिक বৃহৎ করিয়া প্রকাশ করিয়াছে—বৃহৎ সত্যের যে নিশ্চিম্ত সাহস, তাহা কুল সরল উপমা-टिं यथार्थजात दाक हहेबाहि।

ইহারা ছটিই পাৰী, ডানায়-ডানায় সংযুক্ত

হইয়া আছে—ইহারা সধা, ইহারা একর্কেই পরিষ্ক্ত —ইহার মধ্যে একজন ভোক্তা, আর একজন সাক্ষী,একজন চঞ্চল,আর একজন স্তর।

ভূবনেশ্বরের মন্দিরও যেন এই মন্ত্র বহন করিতেছে—তাছা দেবালয় হইতে মানবত্বকে মুছিয়া ফেলে নাই —তাহা হুই পাথীকে একত্র প্রতিষ্ঠিত করিয়া ঘোষণা করিয়াছে।

কিন্ত ভ্বনেখরের মন্দিরের মধ্যে আরো বেন একটু বিশেষত্ব আছে। ঋষিকবির উপ-মার মধ্যে নিভ্ত অরণ্যের একান্ত নির্জ্জনতার ভাবটুকু রহিয়া গেছে। এই উপমার দৃষ্টিতে প্রত্যেক জীবান্থা যেন একাকিরূপেই পর-মান্থার সহিত সংযুক্ত। ইহাতে যে ধ্যানচ্ছবি মনে আনে, তাহাতে দেখিতে পাই যে, যে আমি ভোগ করিতেছি, ভ্রমণ করিতেছি, সন্ধান করিতেছি, সেই মামির মধ্যে "শাস্তং শিব-মরৈতং" স্তব্ধভাবে নিয়ত মাবিত্তি।

কিন্তু এই একের সহিত একের সংযোগ ভূবনেধরের মন্দিরে লিখিত হয় নাই। সেখানে সমস্ত মাহুষ তাহার সমস্ত কর্মা, সমস্ত ভোগ

লইয়া, তাহার তুচ্ছ-বৃহৎ সমস্ত ইতিহাস বহন করিয়া, সমগ্রভাবে এক হইয়া আপনার মাঝ-থানে অন্তর্তর্রপে, তর্রপে, সাক্ষিরপে ভগ-বান্কে প্রকাশ করিতেছে,—নির্জ্জনে নহে, বোগে नरह— मङ्गरन. কর্ম্বের তাহা সংসারকে, লোকালগ্রকে দবালয় বলিয়া ব্যক্ত করিয়াছে তাহা সমষ্টিরূপে অভিষিক্ত করিয়াছে। মানবকে দেবত্থ তাহা প্রথমত ছোটবড সমস্ত মানবকে আপন প্রস্তরপটে এক করিয়া তুলিয়াছে, তাহার পরে দেখাইয়াছে, পরম ঐক্যটি কোন্থানে আছে—তিনি কে। এই ভূমা-ঐক্যের অস্তরতর আবির্ভাবে প্রত্যেক মানব সমগ্রমানবের সহিত মিলিত হইয়া মহীয়ান। পিতার সহিত পুত্র, ভাতার সহিত ভাতা, পুরুষের সহিত স্ত্রী, প্রতিবেশীর সহিত প্রতি-বেণী, এক জাতির সহিত অন্ত জাতি, এক কালের সহিত অন্ত কাল, এক ইতিহাসের দহিত অন্ত ইতিহা**দ দেবতা**য়া দারা একাম হইয়। উঠিয়াছে !

শ্রমণ

"ধর্মাং শরণং গচ্ছামি।
বৃদ্ধং শরণং গচ্ছামি।
সংঘং শরণং গচ্ছামি।"

এক সময়ে এই সংক্রিপ্ত মজে ভারতবর্ষে এক যুগান্তর উপস্থিত হইয়ছিল। সচরাচর প্রচলিত ইতিহাসে ভাহারই নাম—বৌজ-

যুগ। তাহার কথা কালে সমগ্র সভ্যব্ধগতের স্থামগুলীর নিকট স্থপরিচিত হইয়াছে।

ভারতবর্ষের পক্ষে বৌদ্ধমত নিজাস্ত নৃতন বলিয়া বোধ হয় না। শাক্যসিংহ বৃদ্ধবলাভ করিবার পর হইতে, এই পূরাতন মত অভিনব বিক্রমে নানা দিপেশে প্রচারিত হইবার স্ত্রপাত হয়। তৎপুর্বে বাঁহারা বিবিধ তপংক্রেশ সহু করিয়া "ব্রুজ"লাভে কুতার্থসন্ত হইয়াছিলেন, তাঁহারা স্থমত-প্রচারে ব্যপ্র ছিলেন না।* তাঁহারা কোন্ প্রাকালের সাধক, তাহা নির্ণয় করিবার উপায় নাই। কিন্তু তাঁহাদের কথা বৌদ্ধ-সাহিত্যেও একেবারে অস্থীকত হয় নাই।†

আবিৰ্ভাবকাল শাকা সিংহের প্রমাণে স্থিরীকৃত হইয়াছে। তাঁহার সম-কালবর্কী বিবিধ বিখাতি রাজনাবর্গেরও পরিচর প্রাপ্ত হওয়া পিয়াছে। তথনও ভূবন-বিশ্বাক মগধ্যামাকোর প্রবল প্রকাপ ভারত-বর্বের বিবিধ বিভাগে ব্যাপ্ত হয় নাই;— নানা প্রদেশ, নানা রাজ্যে বিভক্ত ছিল। শাক্যসিংহ বৃদ্ধবাভ করিলে, তাঁহার মন্ত্রে দীক্ষিত হইয়া যে সকল বৌৰসন্ন্যাসী স্বদেশে-विस्मान (बोह्नशर्मात महिमा कीर्सन कतिया ভারতবর্ষের প্রভাববিস্নাবের সহায়তা করিরাছিলেন, তাঁহারাই সাধারণত "শ্রমণ" নামে স্থপরিচিত।

শ্রমণগণ নিয়ত পরহিতকামী, আত্মত্যাগী, সৎপথাবলমী সম্যাসী বলিয়া এসিয়াথণ্ডের সকল দেশেই সাধুপুরুষোচিত চরিত্রগৌরবে লোকসমাজে সমাদর লাভ করিয়াছিলেন। তাঁহায়া হিংসাবেধবিনিমুক্ত অধন্দামুরক্ত ভক্তের কাত্রকঠে জগতের জ্ঞানাম্ব নর-নামীকে নবধর্মের অসমাচার প্রদান করিবার জ্ঞ্জ ভিক্ষাপাত্রহত্তে প্রাসাদ ও কুটার্যারে

উপনীত হইবামাত্র, লোকসমাজ মত্রমুধের ভার তাঁহাদের উপদেশ গ্রহণ করিয়া চরিত্র-**मः (भाषत्म नियुक्त इहेग्राहिल।** কলাণে কত অসভা মানবসমাজ জ্ঞান ও ধৰ্মে সমুনত হইয়াছিল; কত মঞ্-গিরি-মহারণ্য জনকোলাহলময় বিচিত্র গ্রামনগরে অবস্কৃত হইয়া সভ্যতাবিস্তারের সহায়তা করিয়াছিল: কত অপরিজ্ঞাত ক্ষুদ্র দ্বীপ, কত অপরিচিত वृहर विष्म "धर्मामः ए पुक" मख नवजीवन লাভ করিয়া অবনত শিষ্যের স্থায় ভক্তি-বিশ্বয়ে ভারতাত্বক হইয়া উঠিয়াছিল,---তাহার কথা এখন নিতান্ত স্বপ্নকাহিনী বলিয়া প্রতিভাত হইতেছে। খ্রাম-সিংহল, ব্রন্ধ-তাতার, চীন-জাপান,ভোট-তিব্বতের বৌদ্ধমঠরক্ষিত বিবিধ গ্রন্থে এখনও তাহার ক্ষীণচ্ছায়া দেখিতে পাওয়া যায়। শ্রমণগণের ধর্মপ্রচার দিথিজয় বলিয়া কবি-कूरणत अमतकार्ता की डिंड ना हरेरा छ. পৃথিবী এরূপ প্রেমের দিখিজয় অরই কীর্ন্তন করিতে পারে! এমন নি:স্বার্থ পরহিত-কামনা. .এমন অক্লব্ৰিম বিশ্বপ্ৰেমোশ্বভ মানবসেবা, এমন সর্ল-স্থলর আত্মত্যাগের মহিমা সভাসমাজের কাব্যে, ইতিহাসে বা উপস্থাদে অতি অন্নই দেখিতে পাওয়া যায় ৷

শ্রমণশন্ধ উত্তরকালে বিশ্ববিধ্যাত হইলেও,
তাহা ভগবান্ শাক্যসিংহের আবিহৃত
কোন নৃতন শন্ধ বলিয়া বোধ হর না।
শ্রমু তপসি থেদে চ"—এই চিরপুরাতন

শাকাসিংহের পূর্বে বাঁহারা বৃদ্ধ লাভ করেন, তয়ধ্যে বিপত্তী, শিবী, বিষত্, কর্ৎসল, কর্কয়য়য় ও কাত্ত
পের নাম বোদ্ধসাহিত্যে স্পরিচিত।

^{† -} ললিভবিত্তর:।

[া] সন্ধাৰিমাত্ৰেই অমণুপদৰাচ্য ছিলেন, ললিভবিস্তৱে তাহার উদাহরণ পাওরা বার।

ধাতু হইতে শ্রমণশব্দের উৎপত্তি।* ইহা কত পুরাতন, তাহা নির্ণয় করিবার উপায় নাই। শাক্যদিংহের আবির্ভাবের পূর্ব হইতেই যে এই শব্দ ভারতীয় পুরাতন দাহিতো স্থপরিচিত ছিল, তাহার নানা নিদর্শন প্রাপ্ত হওয়া যায়। বৌদ্ধগণ উপা-সনা, উপাসক, ভিক্ত প্রভাত পুরাতন শক্ষের লায় শ্রমণশক্ত প্রচলিত সাহিতা ২ইতেই উত্তরকালে বৌদ্ধ-এহণ করিয়াছিলেন। স্রাাদিগণ অমণ-উপাধি এইণ করিয়া সক্ত স্প্রিচিত ইইবার পর, এই পুরাতন শক দাধারণত বৌদ্দল্লাদিবিজ্ঞাপক দক্ষীণ অথে বাবহুত হওয়ায়, পুরাতন অথ কালে অপরি-চিত ১ইয়া উঠিয়াছে। শ্রমণশব্দের বৃংংপত্তি ও ইতিহাসের সমাক আলোচন। ন। করিয়া, কোন কোন ইউরোপীয় অধ্যাপক ইহাকে বৌদ্দল্যাসিবিজ্ঞাপক অভিনৰ সংজ্ঞানাত পুরাতন সংস্কৃত-মনে করিয়া থাকেন। গ্রহের "প্রমণ"শকের দাহিতার কোনও দ্রান পাইবামাত্র এই শ্রেণীর অধ্যাপকগণ তাহাকে বৌদ্ধুগের গ্রন্থ বলালা-জনে অভিনত বাক্ত করেন। তাহাদের বিশেষ অপরাধ নাহ। আমাদের দেশের উওরকালের অনেক টাকাকারও "এমণ"শধে প্রথমে বৌদ্ধসন্ন্যাসীকেই স্থাচিত করিয়া গিয়াছেন। কিছ তথনও পুরাতন অথ একেবারে বিলুপ্ত না হওয়ায়, প্রদক্ষক্রমে তাহাও উলিখিত হইয়াছে। রামামুজ্কত রামায়ুণের প্রাসিদ্ধ টাকায় ইহার একটি **डे**रसथर गात्रा উদাহরণ দেখিতে পাওয়া যায়। '

"ব্রাহ্মণা ভূপ্পতে নিতাং নাথবস্তন্দ ভূপ্পতে। তাপসা ভূপ্পতে চাপি শ্রমণানৈচব ভূপ্পতে ॥" ২।১৪।১২॥

অযোধ্যাকাণ্ডের এই সরল শ্লোকের "শ্রমণ"শব্দের ব্যাখ্যায় রামাত্রজ প্রথমে বৌদ্ধসন্ন্যাসিনঃ" লিখিয়া, পরে প্রদক্ষক্রমে লিথিয়াছেন--"ফ্বা সন্ন্যাস্থ্যপলক্ষণম।" এরূপ ব্যাখ্যা করিয়া কেহ কেহ এই শ্লোক অবলম্বনে বৌদ্ধযুগের রামায়ণকে গ্রন্থ প্রতিপন্ন করিতে চেষ্টা করিয়া গিয়াছেন। বলা বাছল্যা, এই শ্লোকের "শ্রমণ"শক বৌদ্দর্যাদিবাচক বলিয়া গুহীত হইলে. লোকাথ নিতান্ত অসঙ্গত হয়। শ্রমণগণের পক্ষে বৈদিকধন্মানুরক্ত দশর্থ রাজার অশ্ব-মেধ্যজ্ঞে আহুত বা অনাহুত অতিধিরূপে ভোগনবাপারে নিযুক্ত হওয়া অসম্ভব। জাববলি যে যজের প্রধান অক, তাহাতে প্রতিদিন প্রকাশ্ররপে শ্রমণগণের ভোজনাথ সমাগত হইবার সম্ভাবনা ছিল না।, রামায়ণের নানা শ্লোকের ব্যাখ্যায় রামাত্রজ আধুনিক যুগের সংস্কার লইয়া প্রাচান সাহিত্যের টাকারচনা করিতে গিয়া নানাপ্রকার অসঙ্গতির অবতারণা করিয়া গিলাভেন। রামালণোক্ত "শ্রমণ"শক যে বৌদ্দরা সিবিজ্ঞাপক নৃতন রামায়ণেই তাহার একটি উৎকৃষ্ট প্রমাণ প্রাপ্ত হওয়া যায়।

"যর। শ্রমণপদং সন্নাহ্যপলক্ষণম্।" ইহাতেই বুঝা যায়, সন্নাসিমাত্তের পক্ষেই "শ্রমণ"শব্দ প্রযুক্ত হইতে পারা রামাকুজের সময়েও অপ্রিজ্ঞাত ছিল'না। সন্নাসীর ভার

^{*} আই ইণরাচার্যাকৃত "ভাষাবৃত্তার্শবিবৃতি: "।

সন্ন্যাসিনীও নিতান্ত পুরাকাল হইতে ভারতবর্ষে দেখিতে পাওয়া যাইত। সন্ন্যাসিগণ শ্রমণ
এবং সন্ন্যাসিনীগণ শ্রমণা বা শ্রমণা নামে
কথিত হইতেন।* আরণ্যকাণ্ডের চত্ঃসপ্ততিতম সর্গে এইরূপ একটি শ্রমণীর বৃত্তান্ত
প্রাপ্ত হওয়া যায়;—তাঁহার নাম শবরা।

রামলক্ষণ সীতাশোকে সম্বপ্তহাদয়ে নানাস্থান অবেষণ করিতে করিতে কবদ্ধের নিকট উপনীত হইয়া দীতা-উদ্ধারের সন্ধান সন্ধান প্রদানকালে তন। ক্ৰন্ধ গমন করিতে পম্প্রাতীরে রামলক্ষণকে ততুপৰকে কবন্ধ **উপদেশ**দান করেন। বলিয়াছিলেন—"পম্পাতীরে মতক্ষ্নির শিষ্যগণের আশ্রম বর্ত্তমান আছে; শিষ্যগণ স্বর্গারোহণ করায়, তাঁহাদের আশ্রমপরি-চারিণী শ্বরানামী এক শ্রমণী একণে তথায় বাদ করিতেছেন।" যথা---

"তেবাং গতানামদ্যাপি দৃষ্ঠতে পরিচারিল।

শ্রমণী শবরী নাম কাকুংস্থ চিরজীবিনী লালাণ্ডং হা

এই স্নোকের "শ্রমণী"শদের বাব্যায়
রামান্ত্রজ অন্ত কোনরূপে ইতস্তত না করিয়া
লিখিয়। গিয়াছেন—"শ্রমণী তাপদাঁ।" রামলক্ষণ সেই বৃদ্ধা তাপদার আশ্রমে উপনীত
হইয়া আতিথাবীকার করিলে, তাপদা
আশ্রমোচিত বিবিধ সংকারে তাঁহাদিগের
অভ্যর্থনা করিয়া, তাঁহাদের দ্মুখেই হু হাশনে
ভ্যাত্মাহতি প্রদান করেন।

"ইত্যেবমূজ্ব। জটিলা চীরকৃঞ্চাজিনাম্বরা। অমুক্তাতা তু রামেণ হড়ায়ানং চতাশনে ॥ অলৎপাৰকসভাশা স্বৰ্গমেৰ জগাম হ।

দিব্যাভরণসংযুক্তা দিব্যানালায়লেপনা ॥"৩।৽৪।৩২-৩৩
এই বর্ণনা অন্থপারে "জটিলা চীরক্ষণাজিনাম্বরা" শবরীর থথাবিধি আত্মাহতিপ্রাদানের পরিচয় প্রাপ্ত হওয়া যায়। বৌদ্ধানারীর এরপ বেশভ্ষা বা আচরণ কদাচ সম্ভব হইতে পারে না। । শবরীর পৃজনীয় গুরুক্ল বেথানে অগ্নিতে আহতি প্রদান এবং যে "প্রত্যক্ষলী"নামী বেদিতে প্রশোপহার প্রদান করিতেন, শবরী তৎসমন্ত রামলক্ষ্পকে দেথাইয়া গুরুক্লের বৈদিকধর্মান্থলীলনের পরিচর দিয়াছিলেন।

উত্তরকালে স্ত্রীলোকের পক্ষে সন্ধ্যাসধর্ম গ্রহণ করিবার দৃষ্টান্ত ক্রমে বিলুপ্ত হইলে, বৈদিকযুগের একটি ঐতিহাসিক স্ক্রেছিন্ন হইরা যায়। বেদার্থজ্ঞানবতী না হইলে সন্ধ্যাসিনী হওয়া যায়না; শবরী স্ত্রীলোক হইয়া কিরুপে দে জ্ঞানের অধিকারিণী হইতে পারেন, —উত্তরকালের টাকাকারগণের নিকট তাহা একটি কৃটপ্রশ্ন বলিয়া প্রতিভাত হইয়াছিল। শবরী "বিজ্ঞানে অবহিন্ধতা" বলিয়া কাথতা ছিলেন।—

"রাঘবং প্রাং বিজ্ঞান তাং নিতাসবহিক্ষ্তৃম।"
ইহার ব্যাথাায় তীর্থনামধেয় প্রাচীন
টাকাকার বিথিয়া গিয়াছেন,—"বিজ্ঞান
আগতানাগতজ্ঞানে অবহিষ্ণতাং তাদৃশজ্ঞানবতীম্।" এই ব্যাথাায় দেখিতে
পাওয়া যায়, শবরী তব্জ্ঞানবতী ছিলেন।
কতক-নামধেয় টাকাকার, স্ত্রীলোকের পক্ষে

া বৌদ্ধশ্রমণা কাবায়াম্বরা মুভিতকেশা সন্ন্যাসিনী; জটিলা চীরকুকাজিনাম্বরা তপ্রিনী বলিরা বর্ণিত হ^{ইতে} পারেন না।

^{* &}quot;শ্রমণ"শব্দের স্তালিকে শ্রমণা"শক স্পরিচিত; "শ্রমণ্ডী"শক সেরূপ স্পরিচিত নহে। রামারণের আদিকাণ্ডের ৭৭সংখ্যক প্লোকে "শ্রমণ্ডী"শক প্রথম ব্যবহৃত হইয়াছে। তাহার টাকার রামান্ত্র লিখিরাছেন—"শ্রমণ্ডী-মিতাত্র কর্ত্তরি পুটি; তপসা শ্রামাতীত্যগংশ; স্থতরাং শ্রমণাশক্ষের-ক্সার শ্রমণ্ডাশক ও সংস্কৃত-ব্যাক্ষরণ-সন্মত।

তৰজ্ঞানের অধিকার থাকা বিনা প্রমাণে बााथा ना कतिया, निथिया शिवाटहन;-"বিজ্ঞানে ব্রহ্মবিস্থায়াং মৈত্র্যাত্রেয়্যাদিবং অব্হিদ্ধতাং তত্তাপাধিকারিণীমিতার্থ:।" মৈত্রী, আত্রেয়ী প্রভৃতি ভারতরমণীগণ পুরাকালে রমণী হইয়াও ত্রন্ধবিভাধিকার হইতে বহিষ্ণতা হন নাই, পরস্ক অধিকারিণী বলিয়া স্বীকৃতা হইয়াছিলেন, শ্বরীও তজ্ঞপ গুরুকুলকর্তৃক সন্ন্যাস ও তর্জ্ঞানে অধিকার লাভ কবিয়াছিলেন। তীর্থ ও কতক নাম-ধেয় টীকাকারগণের এই মূলামুগত ব্যাথ্যা উত্তরকালে গৃহীত হয় নাই। ইহা "স্ত্রী-শুদুদ্বিজন্ধাং অয়ীন শুভিগোচরা" এই শাসনবাকোর নিতাস্ত বিরোধা বলিয়া, উত্তর-কালের টীকাকার রামামুজ রামায়ণের এই লোকার্থের ব্যাখ্যায় এক নৃতন অর্থ আবি-দারের চেষ্টা করিয়া গিয়াছেন ! সে অথ এই—"বিশিষ্টং জ্ঞানং যেষাং তেষাং সম্বন্ধা যন্তারংসলোধনে হে বিজ্ঞানে। স্থোধা, তাং নিতাম্বহিদ্ধতাং ভোজনাদি-শেষ:, তদ্ভমাহারাদিক-ব্যাপারাদিতি মঙ্গীরতা।" বলা বাছলা, রামামুদ্ধের এই বাাথা নিতান্ত কষ্টকলিত। বোধ হয়, তাঁহার সময়ে জনসমাজ প্রালোকের ত্রন্ধ-বিভায় অধিকার থাকা স্নাকার করিভেন না ^{বলিয়া}, রামাত্মজ রামায়ণের সরল বাক্যাথের এমপ কৃটিল কষ্টকলিত বিকৃত ব্যাখ্যা লিপি-বদ্ধ করিতে বাধ্য হইয়াছিলেন !

শাক্যসিংহ ধর্মপ্রচারে নিযুক্ত ২ইলে, কপিলবস্তার' ক্ষতিষরমণীগণ নবধর্ম গ্রহণ করিয়াছিলেন। তাঁহারা গৃহে বাস করিয়া গৃহীর ধর্ম প্রতিপালন করা অপেকা শাক্যসিংহের স্থার সম্যাসগ্রহণের জস্থ বাাকুলা
হইলে, শাকাসিংহ তাঁহাদিগের প্রাথনাম
কর্ণপাত করিতে অসমত হন। পরে
তিনি আনন্দের বিবিধ অফুনম্বাক্যে নিতান্ত
বাধ্য হইয়া রমণীগণকে সম্যাসাধিকার প্রদান
করেন। তৎকালে শাক্যসিংহ রমণীগণের
পক্ষে যে সকল কঠোর ব্রত ও নিয়ম
পালনের বাবস্থা করিয়াছিলেন, তাহার
আলোচনা করিলে দেখিতে পাওয়া যার,—
তিনি সম্যাসধন্মের উচ্চ আদর্শ অবিকৃত
রাথিবার উদ্দেশ্যেই মহিলামগুলীর সন্ম্যাসগ্রহণের প্রতিবাদী হইয়াছিলেন।*

বৌদ্ধতিকুণীগণ সন্ন্যাসগ্রহণের অধিকার লাভ করিয়া, শ্রমণী বা শ্রমণা নাম প্রাপ্ত হই নাছিলেন কি না, তাহা নিঃসন্দেহে নির্ণন্ধ করা যায় না। তাঁহারা ভিক্ষণীনামেই সাহিত্যে স্পরিচিত। যাহা হউক, শাক্যসিংহের ধর্ম প্রচারের পূর্ব্ব হইতেই যে "শ্রমণ"শন্ধ প্রচালেত ছিল, তাহার সন্দেহ নাই। শাক্যা-বিভাবের পূর্ব্বকালবিরচিত পাণিনিস্ত্তেও "শ্রমণা"শন্ধ দেখিতে পাওয়া যায়। যথা—

"কুমার শ্রমণাদিভি: ॥" ২।১।৭٠॥
"কুমারশক্ষঃ শ্রমণাদিভি: সহ সমস্ততে, তৎপুরুষশ্চ সমাসো ভবতি।" শ্রমণা, প্রব্রজিতা, কুলটা, গভিণী, তাপসী, দাসী,
বক্ষকী প্রভৃতি শব্দ সংস্কৃতবাকরণে "শ্রমণাদি"
শব্দ বলিয়া পরিচিত। এই সকল শব্দের
সহিত "কুমার"শব্দ মিলিত হইয়া "তৎপুরুষ"
সমাস নিম্পার হইবার কথা পাণিনিস্তত্তে ব্যক্ত
হইয়াছে। এই স্ব্রাকুসারে "কুমারী শ্রমণা"

^{*} Rockhill's Life of Buddha, p. 61.

সমাসে "কুমারশ্রমণা" রূপ প্রাপ্ত হইয়া থাকে। এই স্থা একটি পুরাতন ঐতিহাসিক তথাের আধার। ইহাতে একদা ভারতবর্ষে চির-কুমারী সন্ন্যাসিনী বর্ত্তমান থাকিবার পরিচয় প্রাপ্ত হওয়া যার। যে দেশে উত্তরকালে পুরুষমাতেই উদাহশৃঞ্জলে আবদ্ধ হইয়া নানা হঃথক্লেশ বহন করা অবশ্রপ্রতিপাল্য ধর্মামূ-नामन वनिया शहर कतियाहि, य प्राप्त ধর্মশাস্ত্র সকল স্ত্রীলোকের পক্ষেই বালো পিতা, যৌবনে পতি, বাৰ্দ্ধক্যে পুত্রের রক্ষণা-বেক্ণে বস্তি করিবার ব্যবস্থা করিয়া, 'কাহাকেও কদাপি স্বাতন্ত্র্য-অবলম্বনের প্রশ্রয় नान करत नाहे, त्र त्रात्न त्य 🥰 क्रमरत्र চিরকুমারী সর্গাসিনীগণ স্বতম্বভাবে আমরণ ধর্মাচরণ করিতেন, তাহা নিতাস্ত বিশ্বয়ের ব্যাপার বলিয়াই প্রতিভাত হইতে পারে। কিছ ভারতবর্ষের পুরাতন ইতিহাস বিলুপ্ত হইলেও, এ বিষয়ের নানা প্রমাণ অভাপি প্রাপ্ত হওয়া যায়। ঐ সকল প্রমাণ নিতাম্ভ প্রচন্ধভাবে অপার শাস্ত্রসমূদ্রের অভশগর্ভে ইতন্তত লুকায়িত থাকায়, ভারতরমণীর অবস্থাপৰ্য্যালোচনায় ইউরোপীয় মহিলা-মঙলী তাঁহাদিগকে কারানিবাসিনী হত-ভাগিনী বলিয়া কত-না সমবেদনা প্রকাশ क्रिया थार्कन । এ कारलं कथा विलए छि না; -- সেকালের সাহিত্যে, সেকালের ধর্ম-শান্তে, সেকালের লোকব্যবহারে, ভারত-রমণী স্বকীয় চরিত্রগৌরবে দেবীপদবাচ্যা হইয়া, ভারতবর্ষে জ্ঞান ও ধর্ম বিস্তারের প্রভূত সহায়তাদাধন করিয়াছিলেন।

সংসারাশ্রম সর্বাশ্রমের সার বলিয়া পরি-গণিত হইলেও, অবস্থাভেদে সংসারাশ্রম তাহণ না করিয়া, স্ত্রীপুরুষ উভয়ের পক্ষেষ্ট চিরব্রহ্মচর্য্য অবলম্বন করিবার ব্যবস্থা ছিল। বৌদ্ধযুগ প্রবর্ত্তিত হইবার বছপুর্ব্ব হইতে এই অধিকার পরিচালিত হইত। রমণীমাত্তেই সন্ন্যাসাশ্রম গ্রহণ করিতেন না। সাধারণত পুরুষের ভাষ রমণীগণও উদ্বাহবন্ধনে আবদ্ধ হইয়া লোক্যাত্রা নির্বাহ করিতেন; কিন্ত স্থলবিশেষে পুরুষের তার রমণীগণও চির-ব্রদ্রচর্য। অবলম্বন করিয়া ব্রহ্মবিষ্ঠার অমুশীলন করিতেন। এই শ্রেণীর তাপদীগণ গুরুগুহে বেদাদি বিবিধ শাস্ত্র অধ্যয়ন করিয়া ভাহার অধ্যাপনাকার্য্যেও নিযুক্ত হইতেন, তাহার প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। "নির্ণয়সিকু"নামক স্মার্তগ্রহে পুরাকালে এইরূপ ব্যবহার প্রচলিত পরিচয় প্রকাশিত পাণিনিস্তেও * অধ্যাপিকার কথা উলিপিত নাট্যগাহিত্যের হইয়াছে | द्यीत्नारकत्र यश्वन ९ व्यशाननात्र व्यनक व्यक्षात्रि (मणीत्रामान । । मन्नामश्रद्धत्र मर्गामा রক্ষা করা কঠিন হইদেও, ভারতরমণী দে কঠিন ব্রহণাণনের জন্ম আত্মোৎসর্গ করিয়া পুরাকালে নানা কাঁতি স্থাপন করিয়া গ্রিয়া-ছেন। আজ তাঁহাদের নাম, তাঁহাদের কীট্রিকলাপ বিশ্বতিনিময় বলিয়া ভারত-রমণীগণ সমবেদনার পাত্রী! তথাপি ভগবতী ভারতরমণী নিয়ত দেবীপদবাচ্যা পুঞ্নীয়া তপশ্বিনী।

ভারতবর্ষের বৌদ্ধভিক্সর ভার বৌদ-

^{# 81318} W

[া] সালভীমাণৰ ও উত্তরভামচরিত।।

ভিক্ণীগণও নানা দিপেশে ধর্মপ্রচারের সহায়ত। করিয়াছিলেন। তাঁহাদের কাহারও কাহারও নাম ও কীর্ত্তিকাহিনী অভাপি বৌদসাহিত্যে লিপিবন্ধ রহিয়াছে।

শ্রমণগণ যে কঠোর ধর্মপালনের জন্ম চির্বিখ্যাত, তাহা অত্যাপি সভ্যসমাজের विश्वदशां शानन क त्रिशा थारक। এরপ আত্মত্যাগ, এরপ কন্ট্রসহিষ্ণুতা, এরপ অপরাজিত অধ্যবদায়, জগতের ইতিহাদে অল্লই পাওয়া যায়। সময়ের উত্তেজনা। বিধন্মীর অত্যাচারে, নিতান্ত নিরুপায় হইয়া জীবনবিসর্জন অগ্নিকুতে অলোকিক-শৌর্যাবিজ্ঞাপক অমাত্র্যিক ব্যাপার বলিয়া স্বীকার করা যায় না। স্বতঃপ্রবৃত্ত হইয়া চিরশীবন সংসারস্থ বিসর্জন করিয়া তপঃ-ক্লেশ সহা করাই যথার্থ অলোকিক ব্যাপার। মত ও বিশ্বাস ঘতই ভ্রান্ত হউক না কেন. ভারতবর্ষের নরনারী বছবার এই চরিত্রবলের পরিচয় প্রদান করিয়া গিয়াছেন। তাঁহাদের চিতাভক্ষে এ দেশ আন্তিও পবিত্র হইয়া রহিয়াছে।

বৌদ্ধ শ্রমণগণ এ বিষয়ে আরও অক্ষয়কীর্ত্তি, সঞ্চয় করিয়া গিয়াছেন। তাঁহারা
কান্দেশের শাস্তোচ্ছল স্থাসোভাগ্য বিসর্জন
করিয়া, কেহ চিরত্বারার্ত অস্ক্র হিমারণাে,
কেহ তথ্যরবিভাগন্ম প্রচণ্ড গ্রীম্মণ্ডলে, কেহ
শতখাপদসম্প্র অপরিজ্ঞাত অরণাপথে, কেহ বা
তদপেকা অধিক অপরিজ্ঞাত তরক্রাড়িত

সাগরবক্ষে নানা দিলেশে গমন করিয়া,—ধর্মপ্রচারে মানবসমাজকে সমুন্নত করিবার জক্ত বিদেশের প্রান্তরে, খাশানে, গিরিসকটে বা নদীসৈকতে জীর্ণকক্ষাল পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছেন! ভারতবর্ষের বাহিরে বাঁহারা এইরূপে বৌদ্ধর্ম্ম প্রচার করিয়া ভারতবর্ষের প্রভাব বিস্তার করিয়াছিলেন, তাঁহাদিগের মধ্যে মাত অল্পন্থাক শ্রমণের নাম অ্লাপি প্রাপ্ত হওয়া যায়। তাঁহাদের কথা বিশেষভাবে, আলোচিত হওয়া আবগ্রক।

প্রথম বৌদ্ধশ্রমণ "পঞ্চ ভদ্রবর্গীয়" নামক পাঁচ ব্যক্তি। তাঁহাদের কথা সকল দেশের বৌদ্ধশাস্ত্রেই স্থপরিচিত। তাঁহাদের নাম,— জ্ঞানকৌণ্ডিন্ত, অশ্বজিৎ, বাষ্প, মহানাম ও ভদ্রক। ইহারা কির্মণে শাক্যদিংহের সহিত মিলিত হইয়াছিলেন, তাহা নানা গ্রন্থে নানা-রূপে কীর্ত্তিত আছে। "ললিতবিস্তরে" দেখিতে পাওয়া যায়, এই "পঞ্চ ভদ্রবর্গীয়" কৌণ্ডিন্তাদি বৌদ্ধশ্রমণগণ পূর্ব্বে রুদ্রক রাম-পুত্রের শিষ্য ছিলেন; পরে শাক্যদিংহের অমুসরণ করেন।

"এবং বিমৃষ্য পঞ্চকা ভদ্রবর্গীরা ক্লক্সরামপুত্রসকাশাৎ অপক্রম্য বোধিসন্ধং অববন্ধ।" (অববন্ধঃ)

ললিভবিন্তরঃ, সপ্তদশাধাার:। 1

ইহার৷ শাক্যসিংহের নিকট কিয়ৎকাল
অবস্থান করিয়া, তাঁহাকে প্রথমে রুচ্ছুসাধনে
ও পরে আহারাদ্বেষণে প্রবৃত্ত দেথিয়া, তাঁহার
নিকট হইতে পলায়নপূর্বক বারাণসীধামে

রোমান ক্যাথলিক এল্লাসী ও সল্লাসিনীগৃগ বৌদ্ধ শ্রমণ-শ্রমণার আদর্শ গ্রহণ করিয়া থাকিতে পারেন।
 অনেক'বিবয়ে সাদৃত্য দেখিতে পাওয়া বায় বলিয়া ইউরোপীয় পণ্ডিতেরাও ইহা অনুমান করিয়া থাকেন।

^{• †} নতান্তরে দেখিতে পাওরা বার, পূত্রবংসল শুদ্ধোদন শাকাসিংহের তপান্তাকালে ওঁহার পরিচ্যার জন্ত এই দকল লোক প্রেরণ করিয়ছিলেন। এছলে "ললিতবিশুরের" মত গৃহীত হইল। গুদ্ধোদনকর্ত্বক প্রেরিত হইলে ই হারা শাকাসিংহকে পরিত্যাপ করিতেন বলিয়া বোধ হয় না।

"মুগদাব"নামক ঋষিপত্তনে বাস করিতে বুদ্ধবুলাভ আরম্ভ করেন। শাক্যসিংহ कतिया मुगनादव উপনীত इहेरन, এই পঞ-শিষাই প্রথমে তাঁহার নিকট নবধর্মে দীক্ষিত হইরা প্রচারত্রত গ্রহণ করেন। ইহারা শ্রমণপদবীতে আরোহণ করিয়া কোন কোন স্থানে প্রচারকার্য্যে নিযুক্ত হইয়া-ছিলেন, তাহার পরিচয় প্রাপ্ত হওয়া যায় না। কিন্ত বৌদ্ধদাহিতো ইহারা প্রথম শ্রমণ বলিয়া চিরসন্মান প্রাপ্ত হইয়াছেন। ইহাদের পর বচলোকে প্রচারত্রত গ্রহণ করিয়া শাকা-সিংহের জীবিতকালেই ধর্মপ্রচারে নিযুক্ত হট্যাছিলেন, কিন্তু তথনও ভারতবর্ষই শ্রমণ-গণের একমাত্র প্রধান প্রচারক্ষেত্র বলিয়া পরিচিত ছিল। গানারে ও কাশীরে বৌদ-ধর্ম প্রচলিত হইবার পর হইতে, তাহা ভারত-বর্ষের বাহিরে প্রধাবিত হইবার স্ত্রপাত হয়। ভাহার পর ভারতবর্ষের শিক্ষা ও সভ্যতা, ধর্ম ও সদাচার, শিল্প সাহিত্য ভুমধ্যসাগরতীর হইতে প্রশান্তমহাদাগর পর্যান্ত জলে-স্থলে ব্যাপ্ত হইয়া পড়ে। অনেক স্থান একণে সে শিক্ষা ও সে ধর্ম পরিত্যাগ করিলেও, অন্তাপি ভূমওলের অধিকাংশ নর-নারী ভারতবর্ষকে গুরুস্থান বলিয়া উদ্দেশে নমস্বার করিয়া থাকে। যাঁহার৷ নিয়ত আত্মবিসর্জন করিয়া স্বদেশের নাম এইরূপে कृमक्षा क्यायुक कतिया शिवाहन, जांशान्त्र कीर्खिकाहिनी वर्गाक्रदत निश्चिक इटेवात বোগ্য। ভারতবর্ষের কবি যেদিন সে পুণ্য-গাথা গান করিবেন, ভারতবর্ষের ইতিহাস-লেখক বেদিন সে অপূর্ম আত্মত্যাগকাহিনী कीर्जन कत्रियन, मिन

সাহিত্য নবজীবন প্রাপ্ত হইয়া পাঠক-সমাজকে আত্মমর্ব্যাদার অমৃতগৌরবে গৌরবাহিত করিবে।

শাক্যসিংহ কৌণ্ডিক্সাদি পঞ্চ ভদ্রবর্গীয় শিষাগণকে নবধর্মে দীক্ষিত করিবার পর বারাণদীধামে আরও ৫৫জন তাঁহার নিকট মন্ত্রগ্রহণ করেন। তন্মধ্যে যশ:, পূর্ণ, বিমল, গবাস্পতি এবং স্থবাছর নাম বৌদ্ধসাহিত্যে স্থপরিচিত। এই পঞ্চ যুবক যৌবনোচিত অলীক আমোদপ্রমোদে কালাতিপাত করি-তেন; -- অর্থের অভাব ছিল মা: প্রবল প্রতাপের অবধি ছিল না: তরুণজীবনে বিদর্জন করিয়া ভিক্ষাপাত্র-ভোগস্থ গ্রহণের সম্ভাবন। ছিল না। তাঁহাদের সন্মাস-গ্রহণের ও চরিত্রসংশোধনের দৃষ্টান্তে বারা-ণদীর সংকুলজাত সম্রাস্ত যুবকগণের মধ্যে আরও পঞ্চাশং শিষ্য মন্ত্রগ্রহণ করেন। শাকাসিংহ এই ষষ্টিসংখ্যক মন্ত্রশিষাগণকে ত্রিশ দলে বিভক্ত করিয়া চুই ছুই জনকে এক এক দিকে ধর্মপ্রচারে প্রেরণ করিয়। স্বয়ং উরুবিবাভিমুখে প্রস্থিত হন।

তৎকালে উরুবিব-কাশ্রপ, নদী-কাশ্রপ
ও গরা-কাশ্রপ নামে তিন প্রাতা নৈর্থানানদীতীরে বহুসংখ্যক শিষা সহ সন্ধ্যাসধর্ম পালন করিতেন। তাঁহারা শাকাসিংহের
নবধর্মে দীক্ষিও হন। এই উরুবিব-কাশ্রপ বৌদ্ধসাহিত্যে মহাকাশ্রপ নামে পরিচিত।
শাকাসিংহ মহাপরিনির্বাণ লাভ করিলে,
মহাকাশ্রপই বৌদ্ধশ্রমণগণের নেতৃত্বপদ প্রাপ্ত হন। তৎকালে জ্ঞান, ধর্ম, চরিত্রবল
ও বয়োবার্দ্ধক্যে তিনিই মহাশ্রবিরপদের
একমাত্র বোগ্যবাজ্যি বলিয়া পরিচিত

চিলেন। কাশ্রপের চেষ্টার মগধান্তর্গত সংধ-পৰ্বপ্ৰহাসমীপে পাঁচশত বৌদ্ধশ্ৰমণ সন্মিলিত চ্ট্যা "ত্রিপিটক" সঙ্কণন করিবার পর. পত্র, বিনয় ও অভিধর্মের তত্ত্ব দেশবিদেশে প্রচারের স্ত্রপাত হয়। মহাকাখ্যপের পর बानम, बानत्मत्र शत गांगवांत्रिक, गांगवांत्रि-কের পর উপগুপ্ত মহাস্থবিরের পদবী লাভ আনন্দ নিৰ্বাণলাভের সময়ে মধান্তিকনামক শিষাকে মন্ত্রদান করিয়া-এই নবদী কিত हिल्न। বৌদ্ধশ্রমণই कामीदा दोक्समां खठात कदत्न। বাসিকের গান্ধারে ধর্মপ্রচার করিবার কথা ক্রিতে পাওয়া যায়।

কাশ্মীরের অবস্তা কিরূপ ছিল, তথায় কিরূপে নবধর্ম প্রচারিত হইয়া ক্রমে ক্রমে স্বসভা-সম্পন্ন গ্রামনগর প্রতিষ্ঠালাভ করিয়া-ছিল, বৌৰু**দাহিতে৷ তাহাঁর ঐতিহা**সিক বিবরণ নানা অলৌকিক অভিরঞ্জিভ উপা-থানে আক্রের হইয়া রহিয়াছে। অভান্তরে প্রবেশ করিলে দেখিতে পাওয়া যার, কাশ্মীর তৎকালে আশক্ষিত নাগভাতির অধিকারভুক্ত ছিল। তাহারা প্রথমে ধ্য-প্রচারত্বর উপর নানা অত্যাচার করিয়া. ব্দবেশেষে তাঁহার সহিষ্ণুত।, ক্ষমা ও প্রেমের নিকট পরাজিত হইয়া তাঁহাকে স্থানদান करत्रन ।* এই স্থানে গ্রামনগর নিমাণ করিয়া শ্রমণগণ পদ্মাদননামক ^{११८७} क्रुभवृक भागवन कविवाहित्तन:-তাহার কৃষিকার্য্যেই নবধর্মাত্মরক্ত উপনিবেশ-নিৰাদিগণ ধনধা**তে সমুন্নতি লাভ** করেন।

বৌদ্ধশ্রমণগণ ভারতবর্ষের বাহিরে ধর্মপ্রচার করিবার সময়ে সেই সকল অফুরত দরিজদৈলের ধর্ম ও নীতি সমূরত করিরাই নিরস্থ হইতে পারেন নাই; তথাকার কৃষি, শির ও বাণিজ্যের সমুন্নতি সাধন করিবার জন্তও চেটা করিয়া গিয়াছেন। এইরূপে হিমালয়ের এক প্রদেশ হইতে অন্ত প্রদেশে শাক্যসিংহের নবধর্ম প্রচারিত হইয়া, তাহা ক্রমশ হিমালয় অতিক্রম করিয়া তাতার, ভিবাং ও চীনসামাজ্যে ব্যাপ্ত ইয়া পড়ে।

তাতারের অন্তর্গত "কুন্তন"নামক রাজ্য হইতেই বৌদ্ধর্ম সমগ্র এদিয়াখণ্ডের পশ্চি-মাংশে প্রচারিত হয়। এই কগুননগর একণে "খোটান" নামে পরিচিত। শাক্য-সিংহের এই দেশে উপনীত হইবার কথা তিব্ব-তায় বৌদ্ধসাহিত্যে দেখিতে পাওয়া যায়। "তাহার মহাপরিনির্বাণনাভের ২৩৪ বংসর পরে ধর্মাশোকনামক নরপতি মগধের সিংহা-সূনে আরোহণ করেন। । তাঁহার রাজ্যান্তের ত্রিংশ রম বর্ষে তদীয় মহিষীর এক প্রসন্তান গুমিষ্ঠ হইলে, ঐ নবজাত শিশু পরিতাক্ত চীনদেশের অধিপতি তাহাকে প্রতি-পালন করেন। ঐ পুত্রের নাম "কুন্তন"। উত্তরকালে কুন্তনরাজ্যের প্রতিষ্ঠা চীন ও ভারতবর্ষ হইতে বছ-লোকে এই দেশে আসিয়া বাস আরম্ভ করায়, অতি অল্পদিনের মধ্যে এই রাজা ভারতবর্ষ, চীন ও মধ্য এসিয়ার সন্মি-লনক্ষেত্রে পরিণত হইয়াছিল। তথার ভার-তীয় শিক্ষা, ভারতীয় শিল্প-সাহিত্য, ভারতীয়

^{*} भेरे काशिनो नाना नजानक्षः व अनुक्रुक इहेग्रा ममल वोक्रमाहित्का नानाजात कीर्तिक हरेग्राष्ट्र ।

[া] ইহা ভিক্ৰভীয় বৌশ্বসাহিত্যের কথা।

^{· ‡} Rockhill's Life of Buddha.

লিপিকৌশল ও ভারতীয় সভ্যতা ধীরে ধীরে প্রচলিত হইয়া, ভারতবর্ধের বাহিয়ে এক "মহা-ভারতরাদ্যা" গঠিত হইবার স্ত্রপাত করে। বৌদ্ধশ্রমণগণের অশ্রাম্ত অধ্যবসায়ে এই জ্ঞানসামাদ্য সংস্থাপিত হইয়াছিল। কালে তাহা মুসলমানধন্মের প্রবল প্রতাপে চুর্ণবিচুর্ণ হইলেও, মর্কানহিত বৌদ্ধবিহার পরিচয় প্রদান করিতেছে।*

এই প্রদেশে কিরূপে বৌরুধন্ম প্রবিষ্ট হইয়া সভ্যতাবিস্তারের সহায়তা করিয়াছিল, ভ্ৰমণকাহিনীতে হিয়ক্থ সাকের ভাহার কিছু কিছু পরিচয় প্রাপ্ত হওয়া যায়। তিনি লিখিয়া গিয়াছেন,—কাশ্মীর হইতে বৈরোচন-নামক শ্রমণ আসিয়া এই সংস্থারকার্যা সাধন করেন। হিয়ক্ষথ্যাক এই দেশে উপনীত হইয়া, ইহার যে স্থ্যমূদ্ধি ও সভাতার, নিদর্শন প্রাপ্ত হইয়াছিলেন. ভাৰতীয় বৌদ্ধশ্রমণগণের আত্মত্যাগ প্রচার-কৌশলই তাহার মূলকারণ। † কুন্তন ও চীন-রাজা হইতে ক্রমে তিব্বতের তুষারাবৃত উচ্চ উপত্যকায় শাক্যসিংহের নবধ্য প্রতিষ্ঠা-লাভ করিয়াছিল। তিকাতীয় বৌদ্ধসাহিতে। তাহার বিবরণ বিস্তৃতভাবে লিপিবদ্ধ রহি-য়াছে। তিকতে ভাষা ছিল, লিপিকৌশল ছিল না; নরনারী ছিল, সমুক্ত শিল্পনাহিত্য हिल ना; ताका हिल, नियु कनश्रकाला-হল ভিন্ন শান্তিমুখ ছিল না। শ্রমণগণের

অক্লান্ত অধ্যবসারে কিরপে ধীরে ধীরে তিবন-তের সর্বপ্রকার সমুন্নতি সাধিত হইয়াছিল, তাহার ইতিহাস নিরতিশয় কৌতৃহলের বিষয়।

শ্রমণগণের মধ্যে কালে নানা কুসংস্থার ও কুপ্রবৃদ্ধি প্রবিষ্ট হইয়া, তাহাদের পুর্ব-शोतव विनष्टे कत्राय. वोक्रथम धीरत धीरत উপধন্মে পরিণত হইয়া এদিয়াখডের অধি-কাংশ স্থান হইতে বিলীন হইয়া গিয়াছে। ব্যাবিলন, মিশর, গ্রীস ও রোমের পুরু-কাহিনী যেমন বিশ্বয়োংপাদন করিলেও. তাহাদের অধঃপতনের মূলে স্বরিত্রহীনতার পরিচয় প্রদান করিয়া পাঠকটিত অবসাদ-গ্রস্ত করে, বৌদ্ধশ্রমণের ইতিহাসও সেইরূপ চিত্তকোত উৎপাদন করিয়া থাকে। খাহার। সক্ষত্ব বিস্কৃত্রন করিয়া কেবল চরিত্রবলের অজেয়শজিতে জলে-খলে জয়মুক্ত হইয়া-हिल्लन, डाशास्त्र (वन, डाशास्त्र ध्य. ্তাহাদের পবিত্র উপাধি'ধারণ করিয়া উত্তর-কালের শ্রমণগণ চরিত্রহীনতার বৌদ্ধজান-সামাজ্য চুর্ণবিচুণ করিয়া ইংলোক হইতে অবসরগ্রহণ করিয়াছেন। পৃথিবীর ইতি-हारम नाना (मण नाना ममरत्र वाहवटण वली-यान् इट्या कियरकान जुमछत्नत कियमः भ প্রবল প্রতাপে রাজাবিস্থার করিয়াছিল; অভাপি তাহার দুষ্টাস্তের অভাব নাই। কিন্তু কেবল চরিত্রবলে অদ্ধপৃথিবীব্যাপি-জ্ঞান-সানাজা-সংভাপনে ভারতবর্ষের বৌদ্ধর্মণ^ই

একণে গোটালের নিকটস্থ 'ভাকলা-নকান"নামক।মরকেত্রে পুরাতন মন্দিরাদি ভাবিকৃত হইয়াছে।

[†] Their external behaviour is full of urbanity; their customs are properly regulated. Their written characters and their mode of forming their sentences resemble the Indian model; the forms of the letters differ somewhat.—Beal's Buddhist Records of the Western World, Vol. II. p. 309.

লগতে একাকী জন্মুক হইনাছিলেন। সেন্দ্রান্ত প্রথত হইনাছে; কিন্ত তাহার কল্যাণে প্রাচ্যসভ্যতা কিন্তপে থারে থারে প্রতির প্রতীচ্য মানবসমালকে সমূহত করিনাছিল, তাহার নিদর্শন অভাপি সম্পূর্ণ-রূপে বিশুপ্ত হর নাই।

মধ্যশ্ঞসিয়ার বৌদ্ধ জ্ঞানসাম্রাজ্য প্রতি-ন্তিত হইবার পর, তাহা ধীরে ধীরে পশ্চিমে ভ্রম্যাসাগরতীর পর্যান্ত ও পুর্বে চীনসামা-জ্যের পূর্ব্বোপকৃল পর্যাস্ত বিস্তৃতিলাভ করিয়াছিল। খুষ্টাবিষ্ঠাবের পুর্বেই পশ্চি-মাংশে শ্রমণগণের প্রচারচেষ্টা সফল হয়: পুর্বাংশে টীনসাফ্রাজ্যের পুরাতন প্রথা ও ধর্মবিশ্বাস প্রেবল থাকায় সহসা নবধন্মের অভ্যাদমের সম্ভাবনা ছিল না। খৃষ্টীর প্রথম শতানীর শেষভাগে চীনসাম্রাক্ষ্যেও গানের প্রচারচেটা সফল হইতে আরম্ভ করে। বে সাম্রাক্য নিতাত বিলাসলোলুপ আলস্ত-পরায়ণ পুরাতন মানবসমাজের আবাসভূমি বলিয়া চিরপরিচিত, সেই সাম্রাকা সহসা নবোৎসাহে উৎসাহিত হইয়া উঠিয়াছিল। চানদেশের ধর্মপিপাত্ম নবদীক্ষিত প্রমণগণ বৌরধর্ম্পের প্রক্রুত তথ্য লাভ করিবার জন্ত ভারতবর্ষের বিবিধ-পুণাতীর্থ-দর্শনে আত্মা পৰিত্ৰ করিবার আশার মুক্সিরি উত্তोर्व इहेबा मर्ल मर्रल ভाরতবর্বাভিমুখে আগমন করিতে আরম্ভ করেন। নালনার वोषविनान्द्र हीनदम्द्रभन्न छाळवदर्शन क्छ গ্রীগুপ্তনামধ্যে মগুধেরর মন্দির ও আবাসগৃহ निर्माण करिया मियाकित्नन । किन्द्र त्न नकन शंख वा अमनगरनद्व नाम ७ नदिहन विनुश व्हेबा भित्राद्य । हीनद्रात्मन द्र नक्न डीर्थ-

যাত্ৰীয় নাৰ অবিখ্যাত, তন্তব্যে কাৰিবাৰ ভ হিয়াকথ্যকের নাম সভাসমাজে স্ক্র সমাদর লাভ করিরাছে। ফাহিরান প্রীয় প্ৰথম শতাৰীতে এবং হিয়াৰ্থ্যক শুহীর সপ্তম শতাব্দীতে ভারতভ্রমণ সমাপ্ত করিয়া বহুসংখ্যক গ্ৰন্থ লইয়া স্বদেশে প্ৰভাৱৰ্ত্তন করেন। ফাহিরান সমুত্রপথে ও হিরাল-থ্যাক মধ্য-এসিয়ার স্থলপথে প্রভাবর্ত্তন करत्रन: किन्त ভারতবর্ষে সময়ে উভয়েই স্থলপথে অগ্রসর হইয়াছিলেন। তাঁহাদের ভ্রমণকাহিনী ভারতবর্ষের ইতি-হাসের বিবিধ বিশুপ্ত তথ্যের আবিষার-কার্য্যে প্রভূত সহায়তাসাধন করিতেছে। খুষ্টীর পঞ্চমশতাদী হইতে স্প্রমশতাদী পর্যান্ত মধ্য-এসিয়ার বিবিধ সমুয়ত জনপদের শিক্ষা, সভাতা ও ধর্মভাবের যে সকল বিবরণ এই সকল ভ্ৰমণকাহিনীতে প্ৰাপ্ত হওৱা বাৰ. তাহা ভারতবর্ষের অক্তত্তিম গৌরবের বিষয়, তাহাতে সন্দেহ নাই। চীনসাম্রান্সে বে नकन रवोक्ष्यमण श्राह्मकार्या अध्यमत रहेना-ছিলেন, তাঁহাদের নাম বিশুপ্ত হইয়া গিয়াছে; কিন্তু ফাহিয়ান ও হিয়ালপ্সলের সময়ে বৌদ্ধগ্রন্থায়ে সাহায্য করিবার জন্ম বে সকল শ্রমণ চীনদেশে গমন করিয়া-ছिলেন, তাঁহাদের কাহারও কাহারও নাম-মাত্ৰ প্ৰাপ্ত হওয়া বার।

চীন, তাতার ও নেপালের সমবেত চিষ্টার তিকতে বৌদ্ধর্ম প্রবর্তিত হয়। বৌদ্ধর্ম প্রবর্তিত হয়। বৌদ্ধর্ম প্রবর্তিত হইবার পূর্বে ভিক্রতীয় মানব-সমাজের অবস্থা নিতান্ত শোচনীয় ছিল। প্রকৃতি সে নেশকে পৃথিবীর নরনারীয় সামু-সজে চিরবঞ্চিত করিয়া ভুষারায়ত সিরি-

প্রাচীরে চিরক্ত রাধিয়া কতকাল নীরবে . করে, তহংশীর ভূতীর নরপতির শাসনসময়ে. অভিবাহিত করিয়াছে, তাহার ইয়ভা করা ৰার না। পর্বতের উপর পর্বত, তুষারের উপর তুবার! তাহার মধ্যে ইতস্ততোবিকিপ্ত কুত্রগ্রামের কুত্রকুটীরে পশুচর্মে গাত্রাচ্ছাদন ক্রিয়া শরীররক্ষার্থ নিম্নত ব্যতিব্যস্ত তিব্বত-নিবাসী নরনারীর পকে মানসিক-সমুন্নতি-সাধনের অবসর উপস্থিত হয় নাই। কোন-ক্রপে কথোপকখন পরিচালনা করিয়াই ভাষা পরিতৃপ্ত হইত; কথন কোন গ্রাম্যগীত রচিত হইরা মুখে মুখে কুটীর হইতে কুটীরা-. স্বরে পরিভ্রমণ করিত ;—সাহিত্য ছিল না ; ভাহাকে চিরস্থায়ী করিবার জন্ম কোনরূপ জকর বা লিপিকৌশলও আবিষ্ণৃত হয় নাই। সমগ্র উপত্যকা নানা কুদ্রপল্লীতে বিভক্ত হইয়া নিয়ত সংগ্রামকোলাহলে শান্তিভঙ্গ করিত:-তাহার মধ্যে যথাসম্ভব স্থথছ:খ গ্ৰয়া ভিৰতনিবাসী জীবনযাত্ৰা নিৰ্ব্বাহ কোনরপে মানবলীলা কবিয়া সংবরণ ৰবিত। বৌদ্ধশ্ৰমণ সেই তুষারাবৃত প্রজ্ঞাত-রাজ্যে নম্বদে ভিক্ষাপাত্রহন্তে উপনীত क्हेबाब शत्र तम तमत्मत्र कि महाशतिवर्छन সাধিত হইয়াছে।

ভিৰ্বতীয় বৌদ্ধসাহিত্যে কোশলাধিপতি গ্রনেনজিতের পুত্রই তিব্বতীয় প্রথম নরপতি ৰলিয়া উলিখিত। কোন পুস্তকে তাঁহার ·পৃষ্টপূর্ম চতুর্ব, কোন পুস্তকে বা শতাশীতে প্রাত্ত্তি হইবার পরিচয় প্রাপ্ত হওরা বায়। তাঁহার বংশ "বর্গীয়-সপ্ত-নর-পতি"বংশ বলিয়া কীৰ্ত্তিত। তাহার পর "भीविंद-षष्टे-नद्रभिष्ठ"दश्मत्र अक्रामद हत्। এই বংশের পর বে রাজবংশ প্রতিষ্ঠালাভ

খুষীয় চতুৰ্থ শতাব্দীতে, ভিৰুতে বৌদ্ধানণ প্রবেশলাভ করেন। প্রথম প্রচারচের। विकल इहेशा यात्र। এই हिंही तिशान इहेरड আরম হইয়াছিল বলিয়া প্রমাণ প্রাপ্ত হওয়া চতুর্থ নরপতির শাসনসময়ে চীন হইতে তিবতে চিকিৎসা ও গণিভবিদ্যা প্রচলিত হয়। ইহার পুত্র খুষ্টায় সপ্তম শতা-ন্দীর প্রারম্ভে সিংহাদনে উপবিষ্ট হইবার পর তিব্বতের নবজীবনলাভের স্ত্রপাত হয়। এই সময়ে অকরশিকার্থ ভারতবর্ষে সপ্তদশ তিব্বতীয় শিক্ষার্থী উপনীত হইয়া জনৈক ব্রাহ্মণ লিপিকর ও সিংহঘে, য-নামধের পণ্ডি-তের নিকট উপদেশ প্রাপ্ত হন। শিক্ষার্থিগণের দলপতির নাম সম্ভোট। তিনি কাশ্মীরপ্রচলিত নাগরাক্ষরও শিক্ষা করিয়া করেকখণ্ড বৌদ্ধগ্রহের অমুবাদ লইরা चारतम প্रভावित्रंग करतन। निशिकोमन প্রচলিত হইলে, তিব্বতীয়গণ বছ্যুগের অড়-শ্বভাব পরিত্যাগ করিয়া, প্রবল উৎসাহে বৌদ্ধ-গ্রন্থের অমুবাদকার্য্যে নিযুক্ত হইয়া, অয়-দিনের মধ্যেই বিপুল সাহিত্যের প্রাণপ্রতিষ্ঠা-করেন। একালের জাপানের স্থার সেকালের তিবাৎ অতি অলকালের মধ্যেই শুমু-নতিশাভে কৃতার্থ হইরাছিল।

েবে সকল বেভিশ্রমণের অধ্যবসারে তিকতের সমুন্নতি সাধিত হয়, ভাঁহারা এ-कारणत लाक रहेरन, डांशांतक नाम ७ कीर्छ-কলাপ সভ্যজগতে চিরন্মরণীর হইত। তিব্ব-তের রাজা নেপাল ও চীনদৈশের রাজকভার গাণিগ্রহণ করার, ভিবতের উন্নতিলাভের পথ আরও সহত হইরাছিল। এই সমা

পশুচর্শের পরিবর্দ্ধে স্থাচিকণ পট্টবন্ত তিব্বতবাসীর পরিচ্ছদশোভা বর্দ্ধিত করিয়া বাণিজ্যবিস্তারে ধনবৃদ্ধির পছা প্রদর্শন করে। ভারতবর্ষ হইতে কুমার-নামধের প্রমণ, নেপাল
হইতে মঞ্জী, কাশ্মীর হইতে তব্ত ও গণ্ত
এবং চীনদেশ হইতে মহাদেব আসিয়া এই
সমরে তিব্বতের শিক্ষাকার্য্যে উৎসাহদান
করেন।

খুঁষীর অইমশতাকীর প্রারম্ভে তিবতে বৌদ্ধর্মের অধিকতর সমূরতি সাধিত হইরা-ছিল। খোটান হইতে শ্রমণগণ আসিয়া তিবেতে ধর্মপ্রচার করেন, ভারতবর্ষ হইতে বৃদ্ধগুছ ও বৃদ্ধশান্তি নামধ্যে অধ্যাপক্ষর তিবেতে আমন্ত্রিত হইয়া গ্রছাম্বাদে নিযুক্ত হন এবং চীনসামাজ্য হইতে নানা গ্রন্থ তিবেতে আনীত হইয়া অমুবাদিত হইতে আরম্ভ করে। এই শতাকীতে শামর্রিক্ত, পদ্মসন্ত্র, আনন্দ্ ও ক্মণশীল প্রভৃতি ভার-তীয় বৌদ্ধশাণগণের তিবেতে ধর্মপ্রচারে নির্ক্ত থাকিবার বিবরণ তিবেতীয় বৌদ্ধ-সাহিত্যে প্রাপ্ত হওয়া বার।

কাশীর হইতে পশ্চিমাঞ্চলে বৌদ্ধর্ম প্রচারিত হইবার পূর্বেই ব্রহ্মদেশ হইতে পূর্বাঞ্চলে বৌদ্ধর্ম প্রচারিত হয়। শাক্যসিংহের জীবিভকালেই ব্রহ্ম ও সিংহলে বৌদ্ধর্মের কথা কিরৎপরিমাণে প্রচারিত হইরাছিল। তৎকালে ভারতবর্ষের গোকে বানিজার্থ যে সকল হীপে প্রমণ করিত, সেধানেও ক্লমে বৌদ্ধর্ম প্রচারিত ইইরাছিল।

বাহারা বহুকাল সমুদ্রবাত্রা পরিত্যাগ বিবা কেনে সমুদ্রবাত্রাকে জাতিনাশের কারণ বলিয়া এহণ করিয়াছে, ভাহারা বে একদা সমুদ্রপথে ভারত ও প্রশান্ত মহাসাগ-রের বীপমগুলে বাণিজ্যোপলকে সমনাগমন করিয়া সেই সকল অনার্য্য জনপদে সভ্যভা-বিস্তার করিয়াছিল, তাহ। এখন ভারতবর্ধের লোকে বিস্তাত ইইয়া গিয়াছে।

ভারতবাসীর সমুদ্রযাতা কোন পুরাকালে আর্ক হইয়াছিল, তাহা নি:সংশ্বে নির্গ্র করা যায় না। কিন্তু খুটাবির্ভাবের অস্তত পাচশত বংসর পূর্ব্বেও যে ভারতবর্বের লোকে বাণিজার্থ সমুদ্রপথে বছদুর পর্যান্ত পর্যাটন করিতেন, বৌদ্ধসাহিত্যে তাহার নিদর্শন প্রাপ্ত হওয়া যায়। বৌদ্ধ শ্ৰমণ-গণের প্রথম নেতা কাশ্রপ, দিতীয় নেতা আনন্দ, তৃতীয় নেতা শাণবাসিক,—তাহা পূর্বেই উল্লিখিত হইয়াছে। এই শাণবাসিক একজন ধনপতি বণিক বলিয়া পরিচিত ছিলেন। তিনি বৌদ্ধর্ম গ্রহণ করিয়া বাণিজ্যোপলকে দীর্ঘকাল সমুদ্রপথে পর্যাটন করিবার সময়ে ভগবান শাক্যসিংহ মহাপরি-নির্বাণ লাভ করেন। শাণবাসিক স্বদেশে প্রত্যাগত হইয়া গুরুদেবের দেহত্যাগের বুত্তান্ত অবগত হন এবং সংসারাশ্রম পরিত্যাপ করিয়া সন্মাস-আশ্রের গ্রহণ করেন। দিসহস্র বৎসর পুর্বের ঘাঁহারা সমুদ্রপথে নানা দিপেশে গমনাগমন করিতেন, তাঁহাদের মধ্যে কেবল শাণবাসিকের নাম এইক্রপে প্রসক্ষমে বৌদ্দাহিত্যে উলিখিত হইরা চিরশারণীয় হইয়াছে।

শ্রমণগণ মধ্য-এসিরার নানাস্থানে যে সকল বৌদধর্মায়রক জনসমাজকে বিবিধ বিদ্যার অলম্বত করিয়া সভ্যতামার্গে সমূহত করিয়া- ছিলেন, ভাহাদের বংশধরগণই কালে মুসলমানধর্ম গ্রহণ করিয়া এসিয়া হইতে আফ্রিকা
এবং আফ্রিকা হইতে ইউরোপে রাজ্যবিস্তার
করিবার সময়ে নব্য ইউরোপের জ্ঞানবিস্তারের
সহায়তাসাধন করে। * স্থতরাং ধারাবাহিক
ইতিহাস না থাকিলেও, ইউরোপীয় সমুন্নতির
প্রথম সোপানে পরোক্ষভাবে ভারতীয় শ্রমণ-

গণের জীবনগত প্রচারশ্রম যে কির্থৎপরিমাণে বর্ত্তমান ছিল, তাহাতে সন্দেহ করিবার কারণ নাই। নিরপেক্ষভাবে ইতিহাস আলোচিত হইলে, কালে এই সকল তথ্য সমগ্র সভাসমাজে মুক্তকঠে বীকৃত হইবে; জ্পান্ অধ্যাপকগণের তথ্যাহস্কানকৌশলে তাহার পূর্কস্চনা দেখিতে পাওয়া বাইতেছে!

থিয়েটার।

りものので

नाष्ठेक अ (मार्म नुजन नारक, किंद्र नाष्ट्रालय नुजन। श्रुवाकात्व बाजात्मत्र व्यामात्म नाउक অভিনীত হইত, ইদানী ধনীর ঘরে যাতা **ब्हेंछ। है: ब्राक्ति**रशंत्र (नथारनथि यथन এ (मर्म थिरब्रोटारात रुष्टि इरेन, उथन कारक-কাজেই নাট্যগৃহ নিশ্বিত হইল। সেকালের নাটক কিংবা বাত্রা সকল আসরে অভিনয় করা বাইত, কিন্তু থিয়েটারের সঙ্গে সঙ্গে রুষ্মঞ্চ. পট প্রভৃতি আসিল, অভিনয়কৌশ-লের সহিত পটাদি পরিবর্ত্তন মিলিত হইল। बिरम्होत्र अवरम मत्थत्र इत्र ; अवम-अवम তাহাতে দেশের অনেক গণ্যমান্ত ব্যক্তি বোগদান করিতেন। ক্রমে থিয়েটার ব্যবদা তাহাতে নিন্দার কিছু **च्हेश माजाहेन।** मिब ना, कांत्रण পেশাদার ना इटेरण প্রতি-ৰশ্বিতা হয় না। দর্শকের পক্ষে পর্সা দিয়া দেখিলে ভালমন বিচার করিবার অধিকার बाद्ध । अधूर्मन मंद्धित नाठेक नहेत्रा जामा-

দের দেশে থিয়েটারের আরম্ভ। তাহার পর বিষমচন্দ্রের ছর্গেশনন্দিনী, মৃণালিনী, বিষর্ক্ষ নাটকাকারে ভাঙিরা এবং দীনবন্ধ্র নাটক শইয়া থিয়েটার জাঁকিয়া উঠিল। জাঁকিয়া উঠিল। জাঁকিয়া উঠিলারই কথা, কারণ এরূপ উৎকৃষ্ট নাটকাবলীর সর্পাএই সমাদর হয়। ক্রমে ছোট ছোট গীতিনাট্য রচিত হইল, ব্রীমুক্ত জ্যোতিরিক্রনাথ ঠাকুরের মার্জিত ও উচ্চ অঙ্গের নাটক-শুল প্রচারিত ও অভিনীত হইতে আরম্ভ হইল। যাত্রাকে একপ্রকার বিদার করিয়া দিয়া থিয়েটার ভাহার আসনে জমকাইয়া

বঙ্গদেশের নাট্যালরের ইতিহাস লিধিবার ইচ্ছা আমার নাই, এবং সে ইতিহাস এত আধুনিক যে, তাহার অস্ত পুর্থিপালি হাংড়াইবার প্রয়োজন হর না। কিব এত অর সমরের মধ্যে থিরেটারের ক্রেমার্যতি না হইরা কেবল অবনতি হইডেছে কেন!

এ বিষয়ে যে সকল ঐতিহাসিক প্রমাণ প্রাপ্ত হওরা বার, তাহা "ভারতীর জাবসাত্রারা" শীর্ষক প্রথকে
কালিক হববে।

এ কথাটা একবার ভাবিয়া দেখা উচিত, কেন না. থিয়েটারের সঙ্গে সমগ্র জাতির मक्क प्लाट्ट। थिटब्रोगंत एधू तकालय नय, আগে যাতার দলে মিশিয়া ब्यानक ह्हान विश्व हिंद्रा यारेख; এখन থিরেটারের জন্ম কত ছেলের সর্বনাশ হইতেছে, তাহা কি কাহাকেও বলিতে हहेद ? नांगानस्त्र শিকা বিভালয়ের শিক্ষার বিরোধী হইল কেন ? অল্লকথায় তাহা বলিতেছি।

যাত্রার ও থিয়েটারে একটা শুক্তর सोनिक थएजा। याजा मध्यत होक वा लिमानात्र दशेक, याजात्र खीलाक नाहे, कानकारण हिल ना। वालक्त्रा खीलाक সাঞ্জিত। নির্বাচন সমাজের অবস্থার অমু-यात्री इहेब्राखिन। जीटनांक नहेटन याजा থেশ্টার গড়াইবে জানিরা যাত্রার দলপতিরা স্ত্ৰীপোককে দলে লইতেন না। কিছ যথন থিয়েটার পেশা হইল, তখন আর স্ত্রীলোক নহিলে চলে না। যদি বিলাভের মত সমস্ত यथायथ कतिए हम, छोहा हहेरन जीरनादकत পার্ট পুরুষ অথবা পুরুষশিও কেমন করিয়া অভিনয় করিবে ? আপত্তি করা যাইতে . शांत्रिक रव, अ स्मर्थ खीरनारक चरत्रत्र वाश्ति হইতে বানে না; আগে তাহাদিগকে লেখা-শেখাও, 'পথে-খাটে-সমাজে বাহির कत्र, छोरात्र भन्न ना इत्र त्रक्रमरक जूनि। সে আপত্তি শোনে কে? খিয়েটার্যাত্রী-দিগের মনে কোন বিধা হইল না। স্তরাং বে শ্ৰেণীর ব্রীলোক নটা সাজিতে পারে, তাহারাই আসিল। বাহারা রাজপথের পণ্যৰীথিকার কাড়াইরা থাকে, তাহারাই

तक्रमत्कत मीशमानात नचूद्ध जानिता माजा-তাহাদের পদমর্য্যাদা, বাড়িল दৈ কমিল না, কিছ সেই এক বিষম অমললের স্ত্রপাত হইল।

इरेन कि ? थिएब्रोटिय शूर्व लाटक অভিনয় গুনিতে যাইত, নাট্যকলা দেখিতে যাইত। নৃত্যগীতের সাধ হইলে স্থানান্তরে যাইত। অভিনেতাদিগের গুণাগুণ সর্বত বিচারিত হইত, অভিনেত্রীদিগের কথা প্রায় শুনিতে পাওয়া যাইত না। বৰ্ত্তন অতি ক্ৰত ঘটতে লাগিল। নাটকে গীতের সংখ্যা বাড়িতে লাগিল। নটীদিগের নৃত্যকলা দেখিয়া দর্শকেরা মুগ্ধ হইতে লাগিল। দীনবন্ধুর নাটক পুরাতন হইয়া উঠিল। বঙ্কিমের উপন্তাস পড়িতে ভাল লাগে, নাটকাকারে অভিনয় তত ভাল লাগে না। বে নাটক বা নাট্যগীভিতে কেবল রঙ্গরহস্ত, ব্যঙ্গবিজ্ঞাপ, ও নৃত্যগীতের অক্ষয় উৎস, তাহাই দেখি-বার জন্ম দলে দলে লোক ভাঙে। বিলাডের থিয়েটারের উপমা আর কাহারও মনে রহিল না। সেখানে থিয়েটার, অপেরা ও বাালে, এই ত্রিবিধ মূর্ত্তিতে যে আনন্দ উৎপাদন করে, এখানে একমাত্র থিয়েটারে সেই স্পানন্দের ত্রিধারা প্রবাহিত হইল---অবশেষে একবেণী হইয়া ব্যালেরপী মেঘনা-मृर्खि धात्रण कतिल। शत्र मीनवक्-मधूरमन! মধুকৈটভ আসিয়া আবার তোমাদের সিংহা-সন অধিকার করিল। কোথায় গেল বৃদ্ধি-মের ভাষা, দীনবন্ধুর রসিকতা! কথায়, ভঙ্গীতে এক নৃতন ভাষার স্টি ইইল। একটা বর্ণসহর, অতি কুংসিত, অস্তু, অপ্রাব্য ভাষা বিষেটারের ভাষা

ইক। ভাষাতে বাঙ্লার আছপ্রাম্ম ও হিন্দী অথবা হিন্দুস্থানী ভাষার পিগুদান একত্রে সম্পন্ন হইল। সেই অভ্ত জারজ ভাষার ভূরি ভূরি গীত রচিত হইল। যে হিন্দীভাষা এখন পর্যান্ত গারকের অঘলম্বন, বাহার ললিত-কোমল প্রতিমধুর পদাবলীর ভূলনা নাই, সেই ভাষাকে কীচকর্মপে বধ করিরা ভাষা হইতে উৎকট প্রতিপক্ষয় গীতধ্বনি নিঃসারিত হইতেছে! বালকেরা এই ভাষার ক্রেণাপক্ষন বা গীত প্রবণ করিলে মাতৃভাষা বিশ্বত হয়।

সংক্ল সংক্ল থিয়েটারঘাত্রীর দলপরিবর্ত্তন হইয়াছে। পূর্ব্বেকার সে রসগ্রাহী শিক্ষিত সম্প্রদায়কে আর থিয়েটারে দেখিতে পাওয়া যায় না। অশিক্ষিত ও শিক্ষার্থীতে এখন নাট্যালয় পরিপূর্ণ। যে সকল বালকদিগের নাচমালয়া দেখিবার কখন স্থযোগ হইত না, ভাহারা অবলীলাক্রমে ইচ্ছামত থিয়েটারে বিকটহাবভাবয়ুক্ত নৃত্যাদি দর্শন করিয়া থাকে! যদি কাহায়ও মনে এমন ছয়াশহিইয়া থাকে যে,এই দেশের থিয়েটারে মিসেস্ সিডলা অথবা এলেন টেরীয় মত অভিনেত্রীয় আবিভাব হওয়া বিচিত্র নহে, ভবে তিনি সহজেই চক্ষ্কর্ণের বিবাদভঞ্জন করিতে পারেন।

আমাদের নাট্যালরের কুত্রজীবনের আর একটি ব্রের উল্লেখ না করিলে প্রকৃত কথাই অসম্পূর্ণ রহিয়া যায়। ইতিপূর্বের বে বর্ত্তমান খোর কলিব্রুগের কথা বলিলাম, উক্ত বুগ উহার পূর্বগামী। সেই ব্গকে কড়া, বেতা, কিংবা বাপর নামে অভিহিত্ত করা কর্মবা, ভাহাও বিচার্য। আপাতত

তাহার নাম ধর্মবুগ দেওরা বাইতে পারে। मिट गकन नांग्रेटकत त्रहारिका चत्रः अंक्सन विशाज अखित्नजा। त्रीजात बनवात, वृद्धांत्रवं, टिज्जनोना প্রভৃতি এই শ্রেণীর नाउँक। यथन এই সকল नाउंक প্রথমে অভিনয় হইতে আরম্ভ হইল, তখন শ্রোতা ও গর্শক-দিগের মধ্যে অভিনব উৎসা**হ দেখা দিল**। লোকে মনে করিল, নাট্যজগতে বুগান্তর উপ-ষ্ঠিত হইরাছে। কিন্তু গোড়াতেই বিষ্ম **গীতার বনবাদে লবকুশের পার্ট** তৰুণ ব্ৰকে কোথার বালকে অথবা অভিনয় করিবে, না স্ত্রীলোকে অভিনয় করিতে লাগিল। চৈত্র স্ত্রীলোকে সাজিল। व्याक्टर्यात कथा এই य. मर्नकमिरभन्न भरन অথবা সমাজে কাহারও মনে কোন বিধা বা গ্লানি হইল না। প্রথমত বে অভিনয়-বিপর্যায় নিবারণ করিবার জন্ম থিয়েটাবে অভিনেত্রীর সমাগম হইল, সেই বিপর্যায় हिर्फिन । দোষাবহ হট্যা বালক স্ত্ৰীলোক সাঞ্চিলে বসভল হয়, তাহা रहेल जीलाटक शूक्त माजिल कि लात्वत হয় না ? মুভিতগুদ্দ শ্ৰীমান নদেরটাল বখন দৃতী সাজিয়া হাত নাড়িয়া গান করিড. তথন লোকের আপাদমন্তক অলিয়া উঠিত; আর অলক্তকরাগর্মিত শ্রীমতী কগদহা যথন কুশ, চৈতন্ত কিংবা শ্রীকৃষ্ণের বেশে আসরে নামিত, তথন কি দর্শকের চক্ষে কিছুমাত্র বিদ-দৃশ ঠেকিত না ? চৈডজের তুল্য মহাপুরুবের থিয়েটারে অভিনয়বোগ্য কি না, তাহাতেই গুৰুতর সন্দেহ। মহম্মদের চরিত অভিনয় হইবার প্রভাব হওয়াতে মুস্লমানেরা কির্প বোরতর আপত্তি ক্রিরাছিলের, ভাষা

কি কাহারও খারণ নাই ? ৩৭ এখানে কেন. क्रांटन यथन क्षेत्रश कथा हत, उथन जारमत সুৰ্ভান আপত্তি করিয়া অভিনয় রহিত क्तिशोहित्नन। यी अथ्रेटित हित्रव थिरवहोरत অভিনয় করিলে কি পুষ্টানেরা চুপ করিয়া থাকেন ? তাহার পর চৈতত্ত্বের চরিত্র পুরুষে অভিনয় না করিয়া যথন স্ত্রীলোকে অভিনয় করিতে লাগিল, তথন এই ধর্মগত প্রাণ হিন্দু-ভাতির হৃদয়ে কি কিছুমাত্র আঘাত লাগিল না ? এইজন্ত নাটাজগতের ধর্মযুগ অধিক-प्रिन डिकिन ना। লোকের মন অভিনয়ে আরুষ্ট হয় নাই, অভিনেত্রীদিগের প্রতি आकृष्ठे इटेशाहिन। वृक्तानय किश्वा टिज्ज-লীলার অভিনয় হইলে এখন थिरबंधारतत बातरम् ८ ठेलार्छिन इत ना ।

থিরেটারে আজকালকার অস্ত:সারশৃত্য নাটকসকল অভিনীত হয় কেন, স্ত্রীলোককে পুরুষের পার্ট অভিনয় করিতে দেওয়া হয় কেন, জিজ্ঞাদা করিলে উত্তর এই যে, লোকে বেমন চায়, তেমন পায়। আগে লোকে ঐতিহাদিক কি ধর্মসম্বনীয় নাটক চাহিত, তাহাই পাইত। এখন লোকে রদবহল নাটক চার, স্বতরাং তাহাই জোগাইতে হয়। शूक्व खोलांक मालिल जाल तिथात्र ना, कि खालाक श्रुक्य माखिता. देव उर्च किःवा গ্রীকৃষ্ণ সাজিলে দেখিতে বেশ মোলায়েম रत, लाटक मिश्रा थूनी रत। त्राट्य थिटत-**ोात्र (मिश्रा यपि लाटकत्र विदक्ति इत्र, जाहा** रहेल बिटन छारामिशक मिथारेल भाता गात्र। . हेत्रम शीमांत शिर्द्धहोत त्य त्काशात्र পৌছিবে, ভাহা কল্পনা করিতে আলকা হয়। प्तिशा-छनित्रा अथन मदन इत, जामात्मत तिनी বাজা ছিল ভাল; বিদেশী থিয়েটার মহা অনর্থ ঘটাইতেছে।

থিয়েটারের অবনতি যে লোকের ক্রচি-বিকারের দলে সলে সাধিত হইয়াছে, এ কথা আর খীকার করি না। শ্রীযুক্ত কীরোদ-প্রসাদ বিম্বাবিনোদ প্রণীত "প্রতাপাদিতা" নাটকের অভিনয় দেখিলে আর সে ভ্রম থাকে না। ইহাতে ভাষার প্রতি অত্যাচার নাই, হিন্দীর মন্তকচর্বণের ঘটা নাই। নৃত্য-গীতের আডম্বর বড নাই। থিয়েটারে যেমন নাটক অভিনয় হওয়া উচিত, বেমন পুর্বে হইত. সেইরকম। অথচ লোকে লোকারণ্য। প্রতি রাত্রে শত শত লোক ,স্থান না পাইয়া फितिया यात्र। खीटलाटक शूक्य मास्त्र ना —কেবল একটি ছোট বালিকা বালক সাজে। স্ত্রীলোকে প্রতাপাদিতা সাজিলে কেমন মানাইত ? এ কথায় যদি কেই রাগ कदत्रम, जाश शहरा वित त्य, खीरनाक यनि চৈত্ত সাজিতে পারে, তাহা হইলে প্রতাপা-দিতা দাজিলে কতি কি ? যাহাই হউক, প্রতাপাদিত্যের অভিনয়ে কোনরূপ রীতি-বৈপরীতোর প্রয়োজন হয় নাই। তথাপি থিয়েটারে এত লোকসমাগম, এরূপ আগ্রহ, উৎসাহ ও সহাত্মভূতি অনেকদিন দেখিতে भा अश योग नोरे। याँशात्रा वहकान शिरम-টার দেখেন নাই, याँहाরा क्क इहेबा म পথ ত্যাগ করিয়াছিলেন, তাঁহারাও প্রতাপা-দিতা দেখিয়া প্রীত হইয়াছেন। পেট্রাটস্ম প্রতাপাদিতোর প্রধান আকর্ষণী শক্তি; সে মোহিনী কভদিন থাকিবে বলিতে পারি না। किन त्र त्माहिनी उँ९क्टे, ना विज्ञमविनामवूक স্পীতশাচ্চের মোহিনী উৎকট ? অনেকে সেই নৃত্যাপীত ও সেই উৎকট ভাষাভঙ্গীতে আছ হইরা প্রতাপাদিত্যের অভিনয় দেখিরা কি কিছু আনন্দ অমুভব করে নাই ? কল কথা এই যে, থিরেটারের অবনতির কারণ দর্শকেরা নহে—নাটকরচিয়তাগণ ও থিয়েটারের অধ্যক্ষণ। যে শ্রেণীর স্ত্রীলোকেরা থিরেটারে অভিনয় করে, তাহাদিগকে মহচ্চিরিত্র মহাপুরুষগণের অভিনয় করিতে দেখিলে, হর অত্যন্ধ বিরক্তি জন্মায়, না হয় মনের সায়ু ত্র্বল হইয়া পড়ে, মনের ও কয়নার আদর্শস্থিশক্তি দিথিল হইয়া পড়ে।

এই সকল দৃশ্য ও অনবন্ধত নৃত্যালীতের উক্ষ্যাবে বিভালনের বালকদিগের পান্দ কিরণ অনিষ্টকর, তাহা অনেকে প্রভাক অবগত আছেন। পূর্বে যে সকল নাটক অভিনীত হইত, অথবা প্রতাপাদিত্য যে শ্রেণীর নাটক তাহাতে ব্যবসারের লাভ এবং দেশেরও কিছু মঙ্গল হর। যাহারা অবন্ধ অথব কুৎসিত নাটক প্রণরন বা অভিনর করেন, তাহারা সমাজের নিকট অত্যন্ত অপরাধী। তাহাদিগকে শাসন করা সমাজের কর্ত্বা।

ত্রীনগেন্দ্রনাথ গুপ্ত।

वूलाई।*

1750

()

কোথা হ'তেঁ পেলি তুই এই রূপরালি, ভাবিয়া না পাই ! সত্য-শিব-স্থন্দরের শুভ শুভহাসি, তুই কি বুলাই ? (২)

হৃত করে প্রাণ যার,—ছ:খী যেই জ্বন, বড়ই উদাসী, সে-ও'হেসে ফেলে, হেরে ও চাঁদবদন অগ্নি ক্রপরাশি!

(0)

বেরাড়া সংগারী বেই, হিংসানল জেলে .
জলে' হর সারা,
তারো প্রাণে শাস্তি আসে, ভোর কাছে এলে,
লো রূপ-ফোরারা!

ৰুলাই দশমাসের একটি কচি বেলে।

(8)

জ্যোতির জ্যোতির কোলে তুই ছিলি ব্ঝি

স্থায় বিভোর ?

त्र वानत्म हँ म् नारे ! - ठक् इति द्कि

বুলাই-চকোর !

(¢)

জোছনা-বরণে ছোপা, ও অক-পরশে, তাই কি, বুলাই,

এপ্রাণ জুড়াইয়া বায় ? নিবিড় হরষে

हिमानन পाই!

(9)

কর্মনাশা-পাপনদী গঙ্গারে পাইল,— মুক্ত—অভিশাপে !

কল্যাণি রে, ও ভভাঙ্গ হরে নিল, হরে নিল, মোর পাপতাপে !

(9)

একি ! একি ! ফ্লে ফ্লে ফ্লম্ভ ভ্বন ! সচন্দ্ৰ সলিলে

শত চন্দ্ৰ !—কুঞ্জে কুঞ্জে কোকি**লক্জন!** কি শোভা নিথিলে!

(F)

একি এ জ্যোতির বস্তা! বিশ্ববিমোহন একি হেরি রূপ!

হাসিছেন হরি !—চুম্বি সে রাঙা চরণ গুঞ্জরে মধুপ !

(8)

চরণসরোজগদ্ধে আনন্দে অধীর আমিও আকুল ! সৌন্দর্যানির্ধরে হেরি, চক্ষে বহে নীর বুলাই, বুলুবুল !

औरमदब्द्यनाथ रमन।

कौरतत পুতूल। *

りりのな

প্রীবৃক্ত বোগীজনাথ সরকার মহাশয়ের রূপায় ৰাঙালীর ছেলেবা একটা পড়িবার মত **সাহিত্য পাইয়াছে; বঙ্গ**দাহিত্যের মহারথি-গুণ শিশুগুলির জন্ত তেমন নাম করিবার যোগ্য কোন পুস্তক রচনা করেন নাই। কিছু পূর্ব্বে 'শিভপাঠ্য' ভনিলেই অনেকে অবজ্ঞার সহিত বই ফেলিয়া দিতেন ;—শিশু-পাঠা বইগুলি প্রাচীন ব্যক্তিদের অবজ্ঞার সামগ্রী ছিল। এদিকে আবার "স্কুমারমতি বালকবালিকাগণ"ও সেই সকল নীতিপূৰ্ণ **সন্দর্ভের সঙ্গে বে**ত্রাঘাতের একটা অবিচ্ছিন্ন সম্পর্ক কর্মনা করিয়া সেই সকল পুত্তক, এমন कि शुक्कमां करे, जरात हरक प्रिश्च। এरे সকল পুত্তকের নীতিকথা এবং শুদ্ধ উপদেশও চড-কিল এবং কানমলার মতই ছেলেদের निक्रे श्रीजानात्रक इटेज। অনেক স্থলে সরস্বতীর সঙ্গে বালকের চিরশক্রতার স্বষ্টি-পক্ষে এই নীতিপুস্তকগুলি আশাতীতরূপে ক্রতকার্য্যতা লাভ করিয়াছিল।

বোগী ক্রবাব্ শিশুম গুলীর হাতে ছবি ও গরপূর্ণ পৃত্তক প্রদান করিয়া তাহাদের নিকট দ্বী ভারতীকে অনেকপরিমাণে মনোজ্ঞ করিয়াছেন;—তাহারা এখন নির্ভরে তাহার পদে কুলের অঞ্চলি দিতে পারিবে, এমন মনে হয়। আমাদের ছোট রাজ্যে এখন চিনির রথ, চীনে পুত্র ও হাসি-খুসীর বই—ইহাদের মধ্যে একটা ঘোর প্রতি-

ছব্দিত। পড়িয়া গিয়াছে। "কৈ নিবি" বিলিলে অনেক জন্মপেটরোগা পেটুক ছেলেও চিনির রণ হইতে সভৃষ্ণ দৃষ্টি ফিরাইয়া 'হাসিও থেলা' লইতে ছোটে এবং বঙ্গের গৃহে গৃহে হারাধনের সাতপুত্রের কোন্টির কি ভাবে অকালমৃত্যু হইয়াছে—ভাহা লইয়া প্রায়ই কোমলকণ্ঠের বাদপ্রতিবাদ শোনা যায়। এরপে স্থলে অনেক সময়েই দেখা যায়, কোন মুথর বালক কবিতাটির সমস্ত নিভূল আবৃত্তি করিয়া তর্কের স্থমীমাংসা করিয়া দিতেছে।

কিন্ত তথাপি মনে হয়, যোগীক্রবাবুর উপাথ্যান গুলি অনেকটা ইতিহাসের ছন্দে রচিত; কথাগুলি একটুও এঁকিয়া-বেঁকিয়া পড়ে নাই. বর্ণিত বিষয়ের সকল অংশেরই অর্থ করা যায়,--বর্ণিত চরিত্র মেষ্ট হউক, আর গর্ণত কি মহুষাই হউক-তাহাদের প্রত্যেকটি কোণ বড় স্পষ্ট হইয়া স্ট্রা উঠি-য়াছে,—উহাতে কথাগুলির আগত্তবন্ধন কোন স্থানেই টুটিয়া পড়ে নাই; উপস্থাসে যেমন কলিত বস্ত্ৰকে সভাবং দেখাইতে চাহে —এই বহিগুলি কতকটা সেই ছন্দে রচিত। यां शिक्षवाव देश्दबंदी आमर्ट्सबंदे वित्नवंदि অনুকরণ করিয়াছেন। रयशास्त्र श्राहीन ছড়াগুলি উদ্ধৃত ইইয়াছে—সেখানে তাঁহার মৌলিকতা কিছু নাই, কিছু বেখানে কোন গন বা আখ্যান তিনি রচনা করিয়াছেন—সেখানে

अनुक अवळनीनाथ ठीकूत थनेठ।
 २० नः वर्गछत्राणित् होहे, मळूमनात लाइँट्विक्रिक थांधनात.

উহা প্রকৃত জীবনের কথার আলোতে একটু বেনী পরিকার দেখাইতেছে—আর-একটু সন্ধার আবছারা ঘনীভূত হইলে যেন বালক-বৃদ্ধির জন্ত প্রকৃষ্টতর নীড় প্রস্তুত হইতে পারিত। বহিগুলি অপেক্ষাকৃত অধিক-বয়স্ক ছেলেদের পকে বেশ উপযোগী, কিন্তু তাহাদের জন্ত ও তাহাদের কনিচ্চদের জন্তু এই সকল প্রতক্র অপেক্ষাও অধিক্তর উপযোগী একথানি পুস্তকের পরিচয় দেওয়াই এই প্রবদ্ধের উদ্দেশ্ত।

যাহার দক্ল কথার অর্থ হয় ও সামঞ্জ আছে, এমন-সকল উপাধ্যান শিশুদিগের প্রতিভার ঠিক অমুকুল কি না, সংলহ। তাহার৷ যে রাজ্যের লোক, দেখানে সতা ঘটনার ভীর জ্যোতিতে সকল জিনিষ বিকাশ পাইয়া উঠিলে চকুর কৌতৃহল দুরা-ইয়া যায়, একটু নিবিড়তা দেখিলে অদুখ্য-দশনের উৎকণ্ঠা ভাহাদের মনকে সজাগ করিয়া তোলে। এই কণ্ণনাপ্রবণ্ডা নই ক্রিয়া ভাহাদের কোমল প্রকৃতিকে সাংসারিক চিত্রের খুটনাটিছে অভান্ত করিলে, তাহা-एनत कविरवत मृत ककाहेग्रा साहेरव। **अवी**न-বয়দে কল্লনাশক্তি সংহত হইয়া অন্তদৃষ্টির ^{দ্}হায় হয়। এই **কল্লনার শিক্**ডটি শিভপ্রকৃতি হইতেবদি ভূলিয়া ফেল, তবে বড় হইলে শিশুর অতিরিক্তমাত্রায় সংসারী ও কতক প্রিমাণে মত্ত:করণশুক্ত হইরা পড়িবার আশস্কা।

এই কয় নেই কয়নাময়ী প্রকৃতির অন্ত্র্বেল শিশুকে শিক্ষা দেওয়া উচিত—তাহাতে উহারা স্বাভাবিক আমোন পার, অথচ এমন কোন ধারণা বন্ধুল হইতে দেওয়া উচিত নহে, যাহাতে অন্ত্যের বীক্ষা অনুরিত হইরা

শেবে বিকাশ পাইতে পারে;—ছেলেতুলান ছড়ার মধ্যে বে কবিছমিশ্র নির্থ কর্মনার মুক্ত পরিবেষণ দৃষ্ট হয়—তাহাতে শিশু-প্রকৃতি পৃষ্ট হয়, অথচ শিশু বাড়িয়া উঠিলে বৃদ্ধি সতেজ হওদামাত্র সে কর্মনাগুলি কুরাশার মত কাটিয়া যায়, তাহাতে হাদয়ে কোন হায়ী দাগ পড়ে না—কিন্তু প্রকৃতিটি ভাব-প্রবণ ও স্কুমার হইয়া থাকে।

"ক্ষীরের পুতুল" শ্রীযুক্ত অবনীন্দ্রনাথ ঠাকুর মহাশয় রচনা করিয়াছেন। ইহার আব্যানাংশ এমন চিত্তাকর্ষক হইয়াছে বে, কোন শিশুই ইহা পড়িতে বা শুনিতে আরছ করিলে শেষ না করিয়া ছাড়িতে পারিবে না ;—ছেলেদের পিতাদের পক্ষেও সেই কথা। কিন্ত ইহার এমন একটা বিশেষত্ব আছে, যাহাতে পুস্তকথানিকে আমরা সর্বতোভাবে শিশুপ্রকৃতির অনুকৃল ও দেশের সাহিত্যে স্থান পাইবার যোগ্য মনে করি। উহার অনেক স্থান আছে—মাথা খুঁড়িয়াও যাহার কোন অর্থ হইবে না, অঞ্চ গক্সের মধ্যে এমন ভাবে ভাহারা ফুড়িয়া আছে যে, শিশুগুলি উহা পড়িলে করনার দেশের অনেক অসাম ও আশ্চর্যা চিত্র ভাহাদের মনের ভিতর আনাগোনা করিতে থাকিবে। শিশুগণ শ্ব্যার শুইয়া মাতামহী বা পিতা-মহার যে সকল ছড়া শোনে—সেই নির্থ, অসং-লগ, আজগুৰি কথায় তাহারা কেমন-একটা নিশ্বল আনল পাইয়া উৎসাহ বোধ করে-উহা তাহারা বেমন বোঝে, আমরা তেমন वृति ना-कात्रण উहाट्ड वृतिवात किছ नाहे. অথচ শিশুর সমস্ত অন্তর্নিহিত কৌতুহল, কলনা ও চেষ্টার উল্লেক করিয়া দিতে উহারা

ৰ্নামান্তরূপে সার্থক। সেই সকল ছড়া পতিরা আমাদের মনে হর-যেন কোন একটা কথা ভালুরূপে বলিবার সময় ভাহার সমস্ত বাধনতলি ছিড়িয়া গিয়াছে - কথাগুলি পড়িরা আছে, তাহা বুক্ত হইরা সার্থক হয় नाहै: निख्छनित कत्रना ठिक मिटे नुख বাঁধনগুলির উদ্ধার করিতে পারে: যাহা আমাদের নিকট অসম্পূর্ণ বা অসংলগ্ন, তাহা-দের নিকট ভাহাতে একটা সমগ্র-স্থলর আশ্বর্য ও কৌতুহলোদীপক চিত্র উন্মোচন একটা অসীম রাজ্য, যাহার कत्रिया (सम्र গ্রভি-প্রাম্বটি উন্সিয়ের ধারণাযোগাভাবে कर्फात्र इटेब्रा উঠে नाइ--- यादात्र जीमा मान-চিত্তের কোন নির্দিষ্ট রেথায় পর্যাবসিত নহে —বাহার বর্ণ কোন চিরদৃষ্ট দীপ্তিতে ভাতিয়া উঠে ना-चन्द्र चर्चा निर्मिट्टे नट्ट, शिंकीन অর্থচ স্থানের গঞ্জীতে নিয়মিত নহে-স্পষ্ট অখচ সন্ধালোকের কোমল ছায়ার ও কুহেলি-পাতে একট নিবিড়, এইরূপ এক অচি-বিক্রপূর্ব ব্রগতের চিন্তা শিশুর মনে উদ্রেক করিতে সেই ছডাগুলি বিশেষরূপে উপ-বোগী। এইভাবের গাড হইয়া কল্প প্রবীণবয়সে বিখনিয়ন্তার অসীমতের আভাস দিতে বিশেষ প্রয়োজনীয় হয়।

সমত থাম্য ছড়াগুলির প্রতিতা আয়ত ব্রিরা অবনীক্রবাবু তাঁহার "কীরের পূত্ল" রচনা করিরাছেন। উহা এদেশের বালকগণের বেরুপ উপযোগী হইরাছে, অন্ত কোন ছবি বা গরের বই তজুপ হইরাছে বিলিয়া আনাদের আনা নাই। ইহার রচনার ভঙ্গীতে বিশিষ্য হারটিধরা দিয়াছে—তাহা এত মধুর বে, পাড়বার সক্ষে শৈশবের ছতি উজ্জীবিত

না হইয়া বার না—তেমনই বাইয়া প্রশার অফ্নিসন্ধি—একটা কথা বিনাইয়া নানারপে বলিবার ভঙ্গী—উহা দিদিমার স্বেহমধুর ধরণটি এমন কোশলে, এমন সহজভাবে অফ্নকরণ করিয়াছে যে, পড়িতে পড়িতে মনে হর, যেন নগ্ন শিশুটির কোমল কপোলে লোলিতচর্ম জীর্ণহত্ত রাথিয়া স্বেহের ক্ষরে তিনি বলিয়া গাইতেছেন এবং ঔৎস্কক্ষের শিশুর কঠ ক্ষরে হইয়া আদিডেছে—দিদিমা একটু থামিলেই প্রমাদ। এই প্রতক্রের প্রত্যেক অংশই উক্ত গুণগ্রামবিশিষ্ট, না বাছিয়া ছইটি স্থল নমুনাস্বরূপ নিমে দিলাম।

- (১) ছোটরাণী সাতমহল বাড়ীর সাততলার উপর দোনার আয়না সামনে রেখে,
 সোনার কাঁকুইয়ে চুল চিরে, সোনার কাঁটা
 সোনার দড়ি দিয়ে খোঁপা বেঁখে, সোনার
 চেয়াড়িতে সিঁদ্র নিয়ে ভুরুর মাঝে টাপ্
 পর্ছেন, কাজললতায় কাজল পেড়ে চোখের
 পাতায় কাজল পর্ছেন, রাঙা পায়ে আল্ডা
 দিচ্ছেন।
- (২) তথন মানিনী ছোটরাণী আটহালার মাণিকের আটগাছা চুড়ি খুলে ফেলে,
 নিরেট সোনার দশগাছা মল পারে ঠেলে,
 মুকোর মালা সথের শাড়ী খুলোর ফেলে
 বলেন—"ছাই গহনা, ছাই এ শাড়ী—কোন্
 পথের কাঁকর কুড়িরে এ চুড়ি গড়ালে? মহারাজ কোন্ দেশের খুলোবালিতে এ মল
 গড়ালে? ছিছি, এ কা'র বাসি মুজোর
 বাসি হার, এ কোন্ রাজকভার পরা শাড়ী?
 দেখলে যে ঘুণা আসে, পর্তে যে লজ্জা
 হর! নিরে বাও মহারাজ, এ পরা শাড়ী,—
 পরা গহনার আমাত্র কাজানাই।"

ंहे नमख कथांत्र छेनेत्र आंमारमत শৈশবে-জত পশ্বরাজ্যের আলোটুকু পড়িয়া চিত্ত গুলিকে নানা বিচিত্ত বর্ণে ফলাইয়া তলি-তেছে। এক সময় এই সকল কথায় কত আন্চর্যা ও স্থন্দর ছবিই মনে জাগিয়া উঠিত. কোন কথায় বা ভয়বিহবল হইয়াগলকাত্তি-ণীর বক্ষে জড়সড়ভাবে লুকাইয়া পড়িতে হইত, কোন কথায় বা গলোক্ত নায়কের आन्ध्यां छाटव छेकाद्वत्र अश्वादन आभारनत দেহে প্রাণ আসিত। ক্ষারের পুতুলের প্রধান নায়ক বানরটি বরকে লইয়া বিবাহবাসরে উপস্থিত হইতে দেরি করিতেছে—বানর বৃঝি বরকে আনিতে পারিল না, এই আশহায় রাজা চটিয়া গিয়াছেন; তাহাকে কাটিয়া ফেলিতে ত্রুম দিবেন, কুজ পাঠকের বুক সেই ভয়ে ভাঙিয়া পড়িবার মধ্যে। তথন উংফুল হইয়া খোকাবাবুরা শুনিতে পাইলেন, "এমন-সময় - গুরুগুরু ঢোল বাজিয়ে, পো-(भा वानी वाकित्य, ठेकवक त्यांका दांकित्य. ঝক্মক্ আলো জালিয়ে বানর বর নিয়ে এল।" এ সব থোকাৰাবুদেরই ভাষা, কিংবা যে ভাষা গুনিলে তাঁহারা বড মন্তা পান-ইহা ঠিক সেঁই ভাষা, ইহার সম্বন্ধে আর-কিছু বলা 'নিপ্রয়োজন। আখ্যানটি শিক্ষরিগের ক্রনি-বার বোগা হ্রখ, ছঃখ, হিংসা ও ক্ষমা পূর্ণ অৰ্ছার ভিতর দিয়া কৌতৃহলের দীপশিথা এক ভাবে জাগ্রত রাধিয়া অগ্রসর হইতেছে; ^{বে} স্থানে ষ্টাঠাকরুণ বানরের চোথে হাত व्नाहेश ভाशांक निराहक निरान-विध-তশার সে আশ্চর্য্য দৃশ্র দিব্যচক্পাপ্ত সঞ্জরের বর্ণিত কুরুকেজের চিত্র ইইতে বালক-গণের নিকট ঢের বেনী উজ্জল। যতওলি

वामाहका, नवछिन त्मरे कृतन व्यवनीयात्त्र লেখনীকে উপাদান জোগাইয়াছে। ষ্ঠীতলার ছেলেমেয়েদের যে কাও দেখিতে পাইল, ভাহা অতীব আশ্চর্য্য, অথচ প্রদুর্ শেষ করিয়া পাঠক বলিতে পারিবেন না কি দেখিলে। কোন ছবির মাথায় কোন ছবি আসিয়া পড়িয়াছে, কোন্ কেতের ধান কাহার গোলায় গিয়াছে ঠিক নাই, -- সত্যা-সত্যের তর্ক, বিশ্লেষণের চেষ্টা সে স্থানে একান্ত পরাভব পাইবে, অথচ এমন মনোক্ত চিত্র বালকগণের পক্ষে কল্পন। করা অসম্ভব। যাহারা সবটুকু ন। বুঝিয়া, সবটুকু না দেখিয়া ঢের বেশী বোঝে বা শোনে—এ ভাহাদেরই রাজ্যের কথা, এথানে তাহাদের কোমল নিখাসে হাওয়ার উপর ফুলের সৃষ্টি করে.--যক্তি তর্কের দর্পকে সম-উচ্চারিত কোমলকণ্ঠের "থবরদার"শক বাহিরে দাঁড় করাইয়া রাথে; এখানে 'তেপান্তর'নামক পৃথিবীর সীমানার বাহিরে একথানি অসীম মাঠ আছে, সেথানে "বনগাবাদা মাদি-পিদি থৈয়ের মোঝা গড়েন।" যাহা-কিছু অসম্ভব, এ রাজ্যে তাহার দকলই সম্ভব ;--অসীম সম্ভাবনা ও বিশ্বা-বিশ্রামক্ষেত্রে এখানে দের বিশ্বজোডা সমও দ্রব্য পুষ্ট হইতেছে—কোন যুক্তিতর্কের প্রথর তেজে ভাবগুলি ওকাইয়া আধ্যবা श्हेया याथ नाहे। **छाहे—"त्यथा**न निरम्रत्यं नकान, भनत्क मका। इस, तम तमानद का अहे এক - ঝুর্ঝুরে বালির -মাঝে চিক্চিকে জল, তারি ধারে একপাল ছেলে দোলার চেপে ছ-পোণ কড়ি গুণ্তে গুণ্তে মাছ ধর্তে এসেছে; কারো পারে মাছের কাঁটা সুটেছে, कारता ठानमूर्थ द्यान शर्फ्टक, ट्लंटनर्भत

रहरण जाण मुक् निरंद पूम निरक्ट।" क्लान ज्या नाइ-अवह अकतान कथा, दकान विध-রের সংশয় বর্ণনা নাই—অপচ একএকটি কথাই একএকটি চিত্ৰ। ঠিক নিয়মিত ও শুঝলাবদ্ধ গল ভনিতে হইলে বুদ্ধিকে বাধিয়া একদিকে চালাইতে হয়, আমাদের ছড়ার পাঠকগণের মনোধোগের উপর ততটা পীড়ন হইলে তাহারা ক্লাস্ত হইয়া ঘুমাইয়া পড়িবে --ভাই তাহাদের জন্ম মাতৃহদয় বসিয়া-বসিয়া এই সকল ছড়া প্রস্তুত করিয়াছিল। উহাতে কতকটা সত্যের আলো দেখাইয়া আবার छारा कबनात क्राक निवारेषा (कला र्य, শিওবুদ্ধি আবার সেই আলোটুকুর হামা দিয়া খুঁ জিয়া বেড়ায়—এইভাবে কৌতৃ-হল জাগাইয়া ঐ সকল ছড়ার ভিতর পৃথি-बीठें। ভाशांदात्र निक्ठे नाना विठिख वर्ष मनिज रहेशा डिटर्ट : कान महाপश्चित महत्व প্রতিভাবলে এই ছড়াগুলি নিশাণ করিতে পারিতেন না-ইহা মাতৃলেহের অপুর স্টি এবং শিওপ্রকৃতিপোষণের একান্ত উপ-(यांशि। এত যে অবাস্তর কথা, অসংলগ্ন প্রবাপ, তথাপি লক্ষ্য করিলে একটি জিনিষ ইহাদের প্রভ্যেকটির মধ্যে প্রচুরণরিমাণে পাওরা যার - তাহা থোকাবাবুর জন্ম মাতার ভালবাদা, কথাগুলির দর্বতে দেই স্লেহাতুর

क्तरवज कक्नांत होता शिक्तरह। "होत-मृत्थ त्त्रांन भरफ़्रह"—"(शाकावाव किश হইয়া ঘরে এলেন, মা তপ্ত হধ ছড়াইয়া থেতে দিলেন" প্রভৃতি कथांत्र नान। निक হইতে একই চিত্ৰ প্ৰকাশিত হইয়া উঠিতেছে— ন্নেংর পুরলী যেন ঘুম ভেঙে উঠে ঢুল্-ঢ়লে চোথে আমাদের কোলে ঝাপিয়ে পড়িবেন, এইরূপ একটি চিত্রের ভাব সর্ব্বত মনে হয়। বানর মগীতলায় যে অপুর্বে দৃত্ত দেখিয়াছিল, তাহা পলীর পলবচ্ছায়ায় স্বেহ-সারে স্থিত শি**ভগ**্বে শা**ন্ত** করিবার জন্ম আবহমান কাল হইতে অবল্ধিত উপায়— **व्यर्श्न क्रम्य मर्कामः अहे फेनाम्र आदि-**ষার করিয়া থাকে এবং হধের বাটীর সঙ্গে সঙ্গে ইহারাও বালকপ্রকৃতি পোষণ করিবার জন্ম ঘরে ঘরে আবশুক হয়। ক্ষীরের পুঠু-লের গল্পে সেই সকল মনোহর ছড়া জীবস্ত হইয়া উঠিয়াছে। অবনীবাবু ভাহা এমন क्लिमाल शक्त कुछिया नियाद्य तथ, वह-থানিতে যেন শিশুদেহের একটা কোমল স্পর্শ ও সিগ্ধ গদ্ধ ব্যাপিয়া আছে। "ক্ষীরের পুতুল" **স্থ**রাণী ছওরাণীর কথাসংক্রান্ত B বহি: ইহাতে অবনী-একখানি গল্পের বাবুর হাতের কয়েকথানি রঞ্জিত চিত্র আছে।

बीमीत्महट्य (मन।

সার সত্যের আলোচনা।

বিগত প্রবদ্ধে বৃহৎ ব্রহ্মাণ্ড এবং ক্ষুদ্র ব্রহ্মান্তর পরম্পরের সহিত পরম্পরের সম্বন্ধস্ত্রের পণ ধরিয়া চলিয়া—হয়েরই উচ্চশিথরে সার্বাত্মিক ঐক্যের কেন্দ্রখান রহিয়াছে, আর, সেই কেন্দ্রখান বা হিরগ্ময় কোষ পৃথিবীর মধ্যে কেবল মহুযোরই দৃষ্টি আ কর্ষণ করে, এই তর্বাটির মারোপাস্থে উপনীত হইয়া থামিয়া দাঁড়ানো ইইয়াহিল; অতঃপর শাব্র এবং যুক্তির মসাল ধরিয়া ঐ সাক্ষাৎলম্ম এবং যুক্তির মসাল ধরিয়া ঐ সাক্ষাৎলম্ম এবং করা আবশ্রক। তাহারই এক্ষণে চেটা দেখা যাইতেছে।

পঞ্চকোষ।

বৃহৎ ব্রহ্মাণ্ড এবং ক্ষুদ্র ব্রহ্মাণ্ডের মধ্যে কেমন বে সর্বাদ্ধ্যলর মিল, তাহার সন্ধান পাইতে হইলে ক্ষুদ্র ব্রহ্মাণ্ড হইতেই যাতারপ্ত করা বিধের; কেন না, ক্ষুদ্র ব্রহ্মাণ্ড আমাদের হাতের কাছে। শাস্ত্রে লেখে (বিজ্ঞান-প্রকেও না লেখে, তাহা নহে, তবে কিনা প্রকারান্তরে) যে, ক্ষুদ্র ব্রহ্মাণ্ড পঞ্চকোষের সমষ্টি। পঞ্চকোষ হ'চেচ জন্ময়, প্রাণময়, মনোমর, বিজ্ঞানমর, আনলমর, এই পাচটি ক্ট্রীর-ভিতর-কুট্রী। পঞ্চকোবের ল্যাজান্ম্ডা বাদ দিয়া মাঝের তিনটি কোষ হ'চেচ প্রাণময়, মনোমর এবং বিজ্ঞানমর। এই তিনটি কোবের প্রাণ্টি-বিদ্ধির নাম ক্ষ্মান্তর। জাবলিট কোবের প্রাণ্টি-বিদ্ধির নাম ক্ষমান্তর। জাবলিট রাইল জন্মর, কোব এবং

আনলমর কোষ। এই ছইটি কোব স্ক্রশরীরের ছই মুড়ার অন্তঃপাতী। আরমর কোবের আর-এক নাম স্থলশরীর; আনলমর কোবের আর-এক নাম কারণ-শরীর। নিমে দৃষ্টি-পাত কর:—

- (১) অল্লমন্ন কোষ ... (১) স্থূলশ্বীর
- (২) প্রাণময় কোষ
- (৩) মনোময় কোষ \ (২) স্ক্রশরীর
- (৪) 'বিজ্ঞানময় কোষ)
- (৫) আনন্দময় কোষ ... (৩) কারণ-শ্রীর স্থলশরীরের শিক্ডজাল।

यिनिहे याहा वनून, आत्र, यिनिहे बाहा निश्नु-সায়্শব্দের অর্থ Nerve নহে; সায়ু-শব্দে ব্ঝায় আর-কিছু না---একপ্রকার অন্থি-বন্ধনী রজ্ব্ অঞ্জ দেখ)। Sinewশব্দেও ভাহাই বুঝায়। কলিকাতা যথন Calcutta হইতে পারিয়াছে, হৎ Heart হইতে পারি-য়াছে, নাদা Nose হইতে পারিয়াছে. সংস্কৃতের স্বেহ যথন প্রাক্তের সিনেহ হইতে পারিয়াছে, তথন স্বায়ু যে Sinew হইরে, তাহাতে আশ্চর্য্য কিছুই নাই—বরং ভাহা ना इ७मारे चान्ध्या। এर श्रम अवसी কথা; আর-একটা কথা এই বে, নাড়ীশক্ষের অর্থ ভধুই যে নাড়িভুঁড়ি, তাহা নহে; নাড়ী-भरकत्र व्यर्थ—नल। नाष्ट्री **এ**वং नानी'त्र मत्था "छनदश्चात्रदछनः"। दन्दलत्र मत्था द्यमन नमी, नाना, थान, श्रुक्तिनी, प्लाबी,

कृष श्राप्ति समानद नीनाविष, त्मरस्यू भटवा एकबनि नाड़ी नानाविष। निर्देश सम्बद्ध

Blood vessel রক্তবহা বাড়ী বিরা Vein

Lymphatic vessel মেদোবহা নাড়ী Lungs (ফুস্ফুস্) নাদবহা নাড়ী Intestine মলবহা নাড়ী

ইত্যাদি।

তা খেন হইল-পরস্ক Nerve এরও তো একটা প্রতিশব্দ চাই; তাহার উপায় কি করিলে ? Sinew'র বাঙ্লা নাম বলিতেছ সায়: Nerveএর বাঙ্লা নাম তবে কি? ডাকোরি-বিশ্বা অতি অৱই যাহা আমার জানা আছে, তাহা না জানারই মধ্যে; তবে কিনা "কর্মণা বাধ্যতে বৃদ্ধি:"—জিজাসিত একটা সমূচিত মীমাংসা আও প্রায়ের व्यादाबनीय-छारा ना कतिरत नय; कारकरे ভাহা আমাকর্ত্তক যতদুর সম্ভাবনীয়, তাহার চেষ্টার কান্ত থাকা আমার পকে উচিত হয় ছীবুান্থত না; অভএব ক রিয়া দেখা **वा'क:**--

আলোক, উত্তাপ, তড়িং প্রভৃতি আণব (Molecular) গতিক্রিরাসকলের পরম্পরের মধ্যে প্রভেদ কিপ্রকার, তাহা বদি জিলাসা কর, তবে বিজ্ঞান তাহার উত্তর ভা'ন এই বে, সা-রে-গা-মা-গা-ধা-নি-সা'র পরস্পরের প্রভেদ বেমন বারবীর কম্পনের প্রকারভেদ মাত্র, তেমনি আলোক, উত্তাপ, তড়িং প্রভৃতি আণব (Molecular) গতিক্রিরাসকলের পরস্পরের প্রভেদ ঐপরীর ক্রমানকলের পরস্পরের প্রভেদ ঐপরীর ক্রমানকলের প্রকারভেদ বই আর-কিছুই

मार । जाररे हरेएजार त, जारमाक, केंद्रान, তভিৎ প্রভৃতি ভিন্ন ভিন্ন আপর (Molecular) গতিক্রিরা ভিন্ন ভিন্ন তালের নৃত্যনীলা। ন্ত্য করে যে, সে কে ? নৃত্য করে ঈথর ! সা-রে-গা-মা-পা-ধা-নি-সা'র সাধারণ নাদ, তাহা কাহারে৷ অবিদিত নাই; আলোক-উত্তাপাদি'র তেমন-তরো কোনো-একটা সাধারণ নাম কি নাই ? অবশ্রই আছে। আমি বলিতেছি ত্রেজ। বিলাতি বীণায়ন্ত্রের এক সপ্তকের মধ্যে বেমন সাত স্থরের সাত দাঁত পংক্তি-সাজানো রহিয়াছে-প্রজালত অগ্নির তেজের মধ্যে তেমনি আলোক, উত্তাপ, তড়িং (এবং আর যদি কিছু থাকে, তাহাও) সারি-সারি পংক্তি-সাজানো রহি-য়াছে—এটা খুব আশ্চৰ্যা, কিন্তু⊕ সভা! বিজ্ঞান তাহা চক্ষে দেখিয়াছে। পক্ষীর পাথা-বিস্তারের স্থায় তেজ যথন ছটা বিস্তার করে, তথন তাহার আলোকাদি আণবী গতিক্রিয়াদের কে কোথায় ূলুকাইয়া আছে, তাহা বিজ্ঞানের মশ্বভেদী ष्यप्रमकान्द्रिक न्याहे ধরা পড়ে। হইতেছে বে, তেজ বলিলে আলোক, উত্তাপ এবং আর-আর যতপ্রকার আণবী গতি-क्रिया आहर, नवहे अक्मदम बुबाहेया यात्र। তেজ হ'চে একপ্রকার-নৃত্য; নর্ত্তক হ'চেন তেকোরপিণী শক্তিক্ট্রির মধ্যে "তেজের আধার-বস্তু যাহা, তাহা ঈথর। বস্তু" এই অর্থে ঈথরকে আমি বলিডেছি Nerve अत्र (थानरमत्र তৈজ্ঞ পদার্থ। ভিতরে একটা-কি পুকাইরা আছে, তাহা वृत्रिट्टरे भात्रा यारेट्डट्स ; क्लिं दक दब दन न्यारेबा चारह—डाहा द्व वंबता कि, काराज

महीक । न्यां गंद विकारमंत्र त्यथमी विद्या এখনো বাহির হর নাই; তাহা না হো'ক _কিৰ এটা হির যে, Nerve একপ্রকার পৰ নাড়ী বা নালী; আর সেই সুল্ল নালী-शरशंव यथा मित्रा আলোকাদি (Molecular) কম্পনক্রিয়াসকল যাতায়াত করে। খুব সম্ভব যে, Nerveএর স্ক্রমালীর অস্তরালে ঈথর বা ঈথর অপেকাও স্কৃতর আর-কোনো তৈজস পদার্থ ঘাট মারিয়া नुकारेबा चाहि; जात रमरे टेज्बन थरतीरे অভাগত আলোকাদিকে শরীর-মনিরের তেতালা-মহলে সঙ্গে করিয়া লইয়া গিয়া চেতনার সহিও ছাথাসাক্ষাং করাইয়া ছায়। এই সকল বিবেচনার বশবর্তী হইয়া আপা-তত এখনকার মতো Nerveএর আমি নাম দিলাম তৈজস-নাডী।

দেহতব-বিজ্ঞানে (Physiologyতে) ছই শ্রেণীর তৈজ্ঞস-নাড়ীর উল্লেখ আছে। এক শ্রেণীর তৈজ্ঞস-নাড়ী হ'চ্চে অগ্রমন্তিকভবা মেরুপথগা † (cerebro-spinal) তৈজ্ঞস-নাড়ী, আর-এক শ্রেণীর তৈজ্ঞস-নাড়ী হ'চ্চে মর্মন্তবা ‡ (sympathetic) তৈজ্ঞস-নাড়ী। আমার এই ক্ষুদ্র প্রবিকটিতে "অগ্রমন্তিকভবা মেরুপথগা" জারগা জুড়িরা বসিলে, ছোটো-ধাটো কথাগুলির নড়ন-চড়নের ব্যাপার বন্ধ ইরা যাইবে, ভাহা দেখিতেই পাওয়া বাইতেছে। ভাই ভাহার অর্থের গুরুভার "বরিষ্ঠা" এই ক্ষুদ্র বিশেষণ্টির ক্ষেক্রের উপর দিয়া জোশো ক্রিয়া চালাইয়া দেওয়া শ্রের

বোধ করিতেছি। "বরিষ্ঠা" অর্থাৎ প্রধান-भवीश। धरे य घरे खिगीत रेजनम-नाड़ी —বরিষ্ঠা এবং মর্শভবা, উভরেই হুই হুই অবান্তর শ্রেণীতে বিভক্ত :--(>) Afferent क्त्रमूथी, (२) Efferent वहिष्यी। কেন্দ্রখী তৈজদ-নাড়ীর কার্য্য হ'চেচ বার্দ্তা-वहन, वहिर्मा थी टिष्कम-नाष्ट्री'त्र कार्या इ'टक বৃদ্ধির সমীপে বার্তাৰহন আজাবহন। করে বরিষ্ঠা cerebro-spinal কেন্দ্রমুখী. প্রাণের সমীপে বার্তাবহন করে মর্ম্মভবা sympathetic কেন্দ্রখী। তেমনি আবার. रेकात वा मत्नत्र आक्वावरून करत वित्रश्ने। বহিন্দ্রী; প্রাণের আজ্ঞাবহন করে মন্দ্রতা বহির্দাখী। বরিষ্ঠা কেন্দ্রমুখীরা বৃদ্ধির সমীপে বার্তাবহন করিয়া বুদ্ধিকে চেতিত করে অর্থাৎ চেয়ায়, তাই বরিষ্ঠা কেন্দ্রমুখীর নাম দিতেছি চেতোবহা তৈজ্ঞ্য-নাডী (Sensory)। विश्विं विश्विंश देखा विश्वा বা মনের আজাবহন করিয়া ইক্রিয়ক্কেত্রে কার্যায়ম্ভ করে, তাই বরিষ্ঠা বহিন্দুখীর নাম দিতেছি কর্মবহা তৈজদ-নাড়ী (ইচ্ছাধীন Motor)। देव्हाधीन (Voluntary) कर्याकरे আমি এথানে কর্ম বলিতেছি, এটা বেন মনে থাকে। পকান্তরে, মর্মান্তবা sympathetic কেন্দ্রমুখীরা প্রাণের সমীপে বার্তা-বহন করিবার মধ্যে করে তথু ঘারে আঘাত; কিছ সে আঘাতে প্রাণের ঘুম ভাতে না, বেহেতু প্রাণ মনোবৃদ্ধির ক্লাম চেতনাত্মিকা অন্ত:করণরত্তি নহে। এইজন্ত

^{*} অনেকে' লেখেন সৃষ্টিক্। সটিক্-শব্দের অর্থ বুঝা ভার। সটীক-শব্দে বুঝার—টীকাসহকুত অর্থাৎ
বর্ষার পরিভার।

[া] প্ৰথি নেসদভাজিতা।

म् जुर्गार महीरवत्र विराम विराम मर्पशान वहेरछ अन्छ।

sympathetic কেন্দ্রখী তৈজগ-নাড়ীকে স্মামি চেতোবহা না বলিয়া বলিতে চাই ঘাতবহা। শাত-শব্দের অর্থ এখানে প্রাণে আঘাত: তবে কিনা অব্যক্ত রক্ষ্মের আঘাত —বেদনার সহিত তাহার বিশেষ কোনো সম্পর্ক নাই। আহার্যাদ্রব্যের সংম্পর্নমাত্রে জিহনার তারে অর্থাৎ প্রাণতন্ত্রীতে এক-প্রকার স্করকমের সাঘাত পড়ে, আর তাহারই প্রতিঘাতে বা তাড়দে ব্রিহ্বাতে রদের উদ্রেক হয়। আঘাত সংক্রোমণ করে মর্শ্বভবা কেন্দ্রমুখী, প্রতিঘাত বহন করে মর্ম্মভবা · ৰহিন্দু থী। প্রাণ-মহলের এই বে আঘাত-প্রতিঘাত, ভাহার বিশেষৰ এই যে, সে ৰাঘাত বেদনাত্মক নহে, অথচ যেন বেদনা-জুক: সে প্রতিষাত ইচ্ছাধীন নহে, অপচ বেন ইচ্ছাধীন। পূর্বেকার এক প্রবন্ধে আমি দেখাইয়াতি পাঠকের শ্বরণ থাকিতে পারে-বে, প্রাণ, মন এবং বুদ্ধির পরস্পরের সহিত পরম্পরের তলে-তলে একামভাব রহিয়াছে. স্মার, সেইগতিকে পরস্পরের গাত্রে পরস্পরের ছায়া সংক্রমিত হয়। প্রাণেতে বুদ্ধির ছায়া পড়াতে ফল হয় এই ষে, মৰ্শ্বভবা কেন্দ্ৰ-मुशीत शथ निम्ना প্রাণেতে আঘাত বাহা পৌছে —তাহা চেতনাম্মক না হইলেও চেতনা'র জ্ঞান বা নাট্যাভিনর করিতে ছাড়ে না। " তেমনি আবার, প্রাণেতে মনের ছায়া পড়াতে ভাহার ফল হয় এই যে, মর্শ্বভবা বহিমুখীর পথ দিয়া প্রতিঘাত যাহা বাহির হয়, তাহা रेष्हांशीन ना रहेरलंख हेक्चात्र छान क्रिएड ছাড়ে না। প্ৰাণতন্ত্ৰীতে আঘাত পড়িলে বহি-मू बीत नथ निता প্রতিবাত বাহা বাহির হর, - ভাহাকে কর্ম বলিতে পারা বার না এই জ্ঞ-

যেহেতু তাহা কর্তার ইচ্ছাধীন নছে। তাই মর্শ্মভবা (sympathetic) বহিমুখী ভৈজ্ঞস-নাড়ীকে আমি কর্মবহা না বলিয়া বলিতে চাই প্রতিঘাতবহা । এখানে বিশেষ একটি জন্তব্য এই যে, মৰ্শভবা (sympathetic) তৈল্প-নাড়ী-মহলের ঘাতপ্রতিঘাতবহা নাড়ী-যুগল মাণিকজোড়ের স্থায় এরূপ একা-ধারে ঘাঁাসাঘেঁসি করিয়া অবস্থিতি করে যে, কেন্দ্রমুখীর পথ দিয়া আঘাত সংক্রমিত হইবা-বহিন্দু ধীর পথ দিয়া মাত্র তৎক্ষণাৎ তাহার প্রতিঘাত বাহির হয়—প্রতিঘাত বাহির হইতে একমুহুর্তও বিলম ফলে, প্রাণমহলের ঘাতপ্রতিঘাত একই ক্রিরাচক্রের ছই অর্ছাঙ্গ। নিখাসের আকর্ষণ এবং প্রখাদের বিসর্ক্তন, এ ছই ক্রিরাকে আমরা বেমন একসকে জড়াইয়া মোটের উপর বলি শাসক্রিয়া, তেমনি মর্মাভবা তৈজ্স-নাড়ী-মহলের কেন্দ্রমুখীদের খাতবাহিতা এবং বহিমুপীদের প্রতিঘাত-বাহিতা, এ ছই ব্যাপারকে একসঙ্গে অড়াইয়া মোটের উপর বলা বাইতে পারে মর্ম্মবাহিতা। বলিবও আমি তাই। "মর্শ্বভবা তৈজ্ঞস-নাড়ী খাতপ্ৰতিঘাতৰহা", এই অৰ্থে তৈজ্য-নাডীকে ৰলিব মৰ্ম্মবহা এতক্ষণ ধরিয়া যাহা বলা হইল, ভাহাতে ভৈজ্য-নাড়ীর নিয়লিখিত শ্রেণীবিভাগের সৌস্পত্য হাদয়প্তম করিতে ভর্সা করি পাঠক-वाथा ঠেकिव বর্গের :বিশেষ কোনো न!---

তৈজগ-নাড়ী
Nerve

(চডোবহা (Sensory)
কর্মবহা (ইছাবীন Motor)
শেশবহা (Sympathetic)

সৃক্ষশরীর।

সুলশরীরের সহিত ক্রশরীরের মিল রহি-য়াছে, ইহা বলা বাছল্য; কেন না তাহা থাকি-बातरे कथा। यिन चाटह, ठारा नकत्वरे জানে: কিব "মিল আছে" জানিয়া, বদিয়া शांकित हिन्द ना; मिन्दिनान्शान किन्नभ, তাহা খুঁজিয়া-পাতিয়া বাহির করা চাই। আমরা দেখিতেছি মিল আপাদ-মন্তক থাপে-थाए। এইমাত আমরা দেখিলাম যে, সুল-भवीद्वत मृत्र अप्तान भिक्ष का निया विश য়াছে (১) চেতোবহা, (২) কর্মবহা, (৩) মর্ম্ম-বহা, এই ভিন শ্রেণীর তৈলদ-নাড়ী। ঐ তিন শ্রেণীর নাডীর মধ্য দিয়া তিনপ্রকার শক্তি স্বর গন্তবাপথে পদসংক্রমণ করে; চেতো-वश'त मधा मित्रा शमभः क्रमण करत धी भक्ति. কর্মবহা'র মধ্য দিয়া ইচ্ছাশক্তি, মর্মবহা'র মধা দিয়া জীবনী শক্তি। ঐ তিনপ্রকার শক্তির কর্মস্থান হ'চেচ দলেক্রিয়; বাসস্থান र'एक वृक्ति, मन, धार। मदन क्रिय विगट দশেক্তিয়ের সুল আবরণ বুঝিলে চলিবে না— वक्षणि वृक्षित विलय न।। এটা प्रथा वाहे य, पर्ननभरनानि हेक्सियान जाश्यारकारमञ् বেমন, বস্ত্রপ্রকালেও তেমনি, গ্রই কালেই খৰ কাৰ্যো ব্যাপত হয়; আর সেই সঙ্গে এটাও দেখা চাই যে , চক্ষ: শ্রোত্রাদির কপাট জাগ্রংকালেই খোলা থাকে; স্বপ্নকালে বন্ধ थारक। এथन कथा इ'राइ अहे त्य, हकू:-শ্রোত্রাদির কপাট খোলা থাক বা না থাক-এটা স্বীকার করিতেই হইবে বে, উভয় অব-शास्त्रहे अवनकार्या अवन्निस्त्रतहे कार्या, मर्भनकार्या मर्भनिक्षिदत्रवह कार्या। कन कथा वहे त, हक्रुः आवानि क्वन नर्मन-

अवगामित भूग व्यावत्रग, जा वहे जाहाता माकार पर्मनखरगापि नरह। पर्मनखरगापि হ'চেচ তলোয়ার, চকু:শ্রোতাদি হ'চেচ খাপ। ইহাতে দাঁড়াইতেছে এই (শাল্পেও লেথে তাই) যে, দশেক্তিয় স্ক্লশরীরেরই অঙ্গ-তবে কিনা বহিরঙ্গ; অন্তরঙ্গ হ'চেচ लान, मन, तृषि ; आत, श्रात्र मधा-वसनव्रज्जू इ'एक जीवनी मेंकि. ইচ্ছাশক্তি এবং ধীশক্তি। হল্পরীরের বহিরকের এ-মুড়া হইতে অস্তরকের ও-মুড়া পর্যান্ত জ্ঞানপরিকুটনের কেমন যে স্থচারু সোপানব্যবস্থা, তাহার একটা নমুনা দেখাই;· হইলেই সৃন্ধনীরের কলকার-থানার কার্য্যনির্কাহপদ্ধতির অনেকটা সন্ধান পাওয়া যাইতে পারিবে।

मगंदन किरमत कार्या इ'एक माथा। কিন্তু মনুষ্যের দ্যাথা একরকমের আথা: অপরাপর জন্তদিগের ভাথা আরেক রক্ষের ভাষা; হই রকমের এই হই ছাখার মধ্যে প্রভেদ রহিয়াছে খুবই স্পষ্ট। বহুরূপিনামক জন্তরা অপ্তপ্রহর অমনস্বভাবে চকুরুনীলন कतिया ठाटिया थाटक, किस चार्य व कि, তাহা তাহারাই জানে। নিজিত ব্যক্তির নেত্র দৈবক্রমে অর্দ্ধান্মীলিত হইলে তাহা যেমন পলকশৃন্ত অচল-ভাবে চাহিয়া থাকে माज-वह्नशीरमद भनकन्छ हरकत छाथा অনেকটা সেই রকমের স্থাধা। জন্তর চক্ষের চাহনি'র ভাব দেখিলে এটা বেশ বুঝিতে পারা যায় বে, তাহার निकटि मञ्चथिष्ठ मृद्धत कारना थवत्रहे নাই। শিকারামেধী ব্যাত্মের স্থাপা আবার चात्र-अक्त्रक्म। निकातात्वरी गांच रथन

সমুধন্থিত মুগের প্রতি লক্ষ্য করে, তথন डोहींत्र डांशा ट्लाटड এवः ट्र्काट्श मिथिमिक्-পুষ্ট হইরা উঠে। ব্যাস্ত্রী আবার যথন শাব-কের গাত্রলেহন করে, তথন তাহার ভাধা ছেহমম্ভার গলির। পড়িতে থাকে। ও তিন-রক্ষের ভাথা'র কোনোটা'রই সঙ্গে মহুষ্যের ভাগার মিল থার না। মহুষোর ভাধা **থাব্দরকমের ভাখা**—সে ভাথা'র উপরে মুট্তা-মন্ততা এবং বিকেপের অধিকার কম, বুদ্ধির অধিকার বেশী। সে আথা'র কর্মক্ষেত্রে थागमनरक नीरह माविया-त्राथिया तुकि आश-नांब डेक भारीएड जत्र मित्रा माजात्र। भरन কর, রাত্রি আগতপ্রায়—আকাশ মেঘাছর - এমন সময়ে দেবদত্তনামক জনৈক পথিক মাঠের মাঝখান দিয়া চলিতে চলিতে অনতি-पूरंत्र निविष् वर्षे-अचरथत्र आफ़ारन চाहिया (मिन-अमीन विनाजिक। त्रहे अमीतित রশিক্টা দেবদত্তের চক্ষুর ভিতরে তৈজসী কম্পনক্রিয়া উৎপাদন করিল। তেজগী ক্পানক্রিয়া চলিতে লাগিল প্রাণে। প্রাণের তৈজ্ঞসকম্পানে মনের দারে ঘনঘন আঘাত পড়িতে লাগিল। প্রাণের ডাক ভনিয়া মন দৌডিয়া আসিল। প্রাণের তৈজ্যকম্পনে মনের সংযোগ হইবামাত্র প্রাণমনের সন্মিলন-কেত্ৰে আলোকদর্শনরূপিণী চেতনা (sensation) উদ্ধাসিত হইরা উঠিল। রেলগাড়ির এহরী যেমন নিশান ঘুরাইরা বাষ্পর্য্তীকে (এश्विन-চালককে) গাডী চালাইতে সঙ্কেত করে, চেতনা'র উদ্ভাসন তেমনি-ভরো একপ্রকার নিশান-ঘুরানো। ভদ্তে वृष्तित्र धरेक्रण ख्यान रह त्य, मृश्रमान व्यव- ভালের (phenomenonএর) মধ্যে ব্যক্ত একটা-কিছু আছে। "একটা কিছু আছে" এটা হ'চে সামাশ্য জ্ঞান। "সে বছ না कानि कि ?" এইটি इ'एक वित्मदात किकाना। 'দেখি রোসো ভাবিরা;-মাঠের চরমসীমার গাছপালার ঘেরা গ্রাম থাকিবারই কথা: গ্রামের প্রান্তভাগে চাসাদের বাসস্থান অবস্থই चाटह।" ইহার নাম ভাবনা। "বুঝিয়াছি —কোনো চাসা'র কুটারে প্রদীপ **অ**লি-ভাহারই আলো গাছপালার তৈছে. फाँक्ति मधा मित्रा छ है किया वाहित इहे-তেছে।" ইহার নাম বিশেষ জ্ঞান বা বিজ্ঞান। সঙ্কেত শিরোধার্যা চেতনার করিয়া বুদ্ধি কর্মক্ষেত্রে অবতীর্ণ হওয়াতে হইল যাহা, তাহা এই :--

- (>) বৃদ্ধির এপারে দেখা দিল-"বস্ত একটা আছে" এই সামাস্ত জ্ঞান।
- (২) ওপারে দেখা দিল—"চাসার কুটীরে প্রদীপ জ্বলিতেছে" এই বিশেষ জ্ঞান।
- (৩) ছই পারের মাঝথানে দেখা দিল—
 ভাবনা-ক্রিয়া বা ধীশক্তির পরিচালনা।
 অতঃপর দ্রষ্টব্য এই বে, "একটা ক্যোনো বন্ধ
 আছে" এইপ্রকার সামাগুজ্ঞানের ঘার দিরা
 আমরা আত্মসতা উপলব্ধি করি এবং "ঐ
 থানটিতে প্রদীপ অলিতেছে" এইপ্রকার
 বিশেব জ্ঞানের ঘার দিরা আমরা বন্ধসতা
 উপলব্ধি করি। শেষের এই কথাটি অতীব
 একটি গুরুতর কথা; উহার আভোপাত্ত
 রীতিমত পর্যবেক্ষণ করিয়া দেখা আবশ্যক।
 এইলস্ত উহার পর্য্যালোচনাকার্য্য আগামিবারের জন্ত হাতে রাধিয়া দেওয়া হইল।
 শ্রীপ্রক্রেক্সনাথ ঠাকুর।

था क्रमारमा हमा।

さりのよ

শান্তিলতা।—উপস্থাস। শ্রীউমেশচক্ত গুপ্ত প্রণীত। মূল্য ১১ এক টাকা।

বিনি কেবল গরের হিদাবে পড়িবেন, তাহাকে এই উপন্তাদথানি পড়িতে মললাগিবেনা। তাহার কারণ এই যে, ইহাতে বিতি ঘটনাবলী কোইহলোদীপক এবং তাহার পারস্পর্যা স্থবিন্তত্ত । যদি পূর্ববেদের বাক্যব্যবহারপ্রণালীর পরিচয়ন্তলগুলি—বড় অর নহে—ছাড়িয়া দেওয়া যায়, তাহা হইলে বলিতে পারা যায় বে, রচনা মোটের উপর সরস ও চিন্তাকর্ষক হইয়াছে। স্থতরাং উপর-উপর পড়িয়া যাইতে কোন আয়াসলাগেনা। কিন্তু যিনি ভিতরে প্রবেশ করিয়া চরিত্রচিত্রের বা সাহিত্যিক নিপুণতার অনুসন্ধান করিবেন, অনেক ক্রটি ও দোষ তাহার চক্ষে পড়িবে।

এই প্রায় ছুইশত পাতার উপস্থাদে, চরিত্র কেবল একটিমাত—দে গ্রছকার বরং। অনেকগুলি ত্রী ও পুরুষের নাম আছে বটে; কিন্তু কেবল নামই আছে—পৃথক্ পৃথক্ মামুব নাই। উপস্থাদের নর-নারীগুলি বে-ই যাহা বলিয়াছে ও করিয়াছে, দে সকলই গ্রছকারের নিজের কথা ও কার্যা। উমেশবাবু বোধ হয় কথাবার্তায় এবং লেধার সংস্কৃতবচনের বুক্নি দিতে কিছু অতিরিক ভালবাদেন। সেইজস্তই বোধ করি দেখিতে পাই বে, এই উপস্থাদের ত্রীপুরুষগুলি বখন-তখন, বেথানে-সেথানে, বার-ভার কাছে, সংস্কৃত্ত ঝাড়িবার লোভ

সংবরণ করিতে পারে নাই। সংস্কৃত জানা বাহার সপ্তব নতে, সে-ও সংস্কৃতবাক্যের টুক্রা ব্যবহার করিতে ছাড়ে না। স্বরেশ-বাবু তাঁহার কুড়িরে-পাওরা মেরেটিকে জগদস্বা-গোরালিনীর হাতে সমর্পণ করিবার সময় বলিরা দিতে ভূলেন না থে—

"খা দেবী সর্বভ্তের্ মাতৃরূপেণ সংছিতা।" ধনবানের দোষ কেছ ধরে না, এই কথা গোয়ালিনীকে বুঝাইতে গিয়া বলেন—

"এক্ষহাদি নর: প্রো ফ্রান্টি বিপুলং ধনর।"
ডাক্তারবাবু রোগী দেখিতে আসিয়া সাংখ্যদর্শন ঝাড়েন—

"স্বরাসিছে:—প্রমাণাভাবাৎ।"

নর্মদা ছাত্রবৃত্তি পাস্ করিয়াছে; স্বতরাং আত্মার অবিনশ্বরত ও বাইবেলে লিখিত স্টিতক্রে অসারতা প্রতিপাদন করিবার অধিকার ত তাহার জনিয়াছেই, তদ্যতীত পিতার ইচ্ছার বিরুদ্ধে স্বয়ংবরা হইবার অধি-কারও জুনিয়াছে। অতএব নর্মদা তাহার প্রাইভেট টিউটর নটবরবাবুকে রাত্রি সাড়ে দশটার সময় অতি সংগোপনে নিজের কামরার ডাকাইয়া আনিল এবং বিবাহের ব্দুক্ত চাপিয়া ধরিল। অস্থায় যুক্তিতর্কের পর বলিল—"যিনি আমার এ হানয়রাজ্যের बाका इटरान, छाहारक आश्रनिट मिथिया-ভনিয়া অভিধিক্ত করিব। আমার সহজে जुमिरे 'मर्काप्तवसरमा हतिः'।" आत्र अविन, "বোহসি সোহসি নমোহস্ত তে"—অর্থাৎ আমি ভোমারি; আর কাহারও হইব না।

বাহার নামে এই উপস্থাসের নাম, এবং "ময়, গীতা: ভাগবত ও শহরাচার্য্যের স্টোত্র যাহার জিহবাগ্রন্থ," সেই শান্তিনতা তাহার मरकूट अमृन्ध-भाग-कदा सामीरक- विन-তেছে-- "অবশু 'পুরুষ কথনও মামুষ নর' ভা আমি জানি, কিন্তু সকল মাতুৰ হৃদয়শুক্ত इब, हेशं अक्टिज़ नक्ष्य नत्र, (कन ना-'(मोक्किकः : न शरक शरक'।" উरमन-बाबू निष्म अमवर्ग विवाद्यत भक्तभाठी; তাঁহার অভিনত—'গুণই জাত, জাত আর জাত নয়।' অতএব শিরোমণিঠাকুরের বিধৰা পদ্মী, শূত্ৰকন্তার সহিত আপন পুত্ৰের ৰিবাই দিতে অনায়াসে সম্মত হইলেন। কি সঙ্গত, কি অসঙ্গত, সে বিষয়ে গ্রন্থকারের माहिलावृद्धि वर् मकांग नरह।

সমাজনীতি, ধর্মনীতি, শিক্ষাপ্রণালী প্রভৃতি সুসংস্কৃত হইরা বাহাতে অধংপতিত হিন্দাতির পুনক্থান হর, এই উদ্দেশ্যে গ্রন্থ-কার এই উপক্রাস্থানি প্রণয়ন করিয়াছেন। তাহার উদ্দেশ্য বে মহৎ, সে বিষয়ে কাহারও সন্দেহ হইতে পারে না; কিছ সে উদ্দেশ্য উপস্থাস লিথিয়া সিদ্ধ হইবে কি ?

কলিনা।—পাৰ্বতীয় কৃত্ত উপস্থাস। শীহেমচন্দ্ৰ মিত্ৰ বি. এ. বি. এল. প্ৰণীত। মূল্য ৵৽ ছই স্থানা।

এই ক্র উপস্থাসের মূল করনাট বড়ই ফুলর, কিন্তু তাহা বিকাশের অবকাশ পার নাই। গরাট নিতান্ত ক্র ; এত ক্রুল যে, পড়িয়া কাহারও তৃত্তিলাভের সন্তারনা নাই। তবে ইহার তাৎপর্য্য সকলেরই মনে করিয়া রাখা উচিত। তাহা এই যে, যে স্থলে অবস্থাগত ও প্রকৃতিগত প্রভেদ অত্যন্ত অধিক, সে স্থলে প্রেমসংঘটন স্থথের বা মকলের হয় না—বে ক্রু, সে ভকাইয়া ভকাইয়া মরিয়া যায়; যে মহৎ, সে মর্লান্তিক হৃংথের নিলাকণ ভার বুকে করিয়া বহন করিতে থাকে। এই অতি-কৃত্র গরাট পড়িয়া টেনিসনের 'Lord Burleigh' মনে পড়ে।

শ্রীচক্র শেখর মুখোপাধ্যায়।

বঙ্গদর্শন

সাহিত্যের আদর্শ।

লর্ড লিউন ভাগের একথানি উপস্থানে মান্ত-সন্তেৰ একটি ভাষী আদৰ্শনিত আঁকিবার চেই। করিয়া গিরাছেন। দেই-মান্শ্ননাজ-ভুক্ত ব্যক্তিগণের সম্বন্ধে নানারূপ সপুস কথাই তিনি লিপিবদ্ধ করিয়াছেন। সে সকল লইয়া এখন আনরা আলোচনা করিতেছি ন।। তবে একটি কথা তিনি এই বলিয়াছেন যে, সে দেংশ শেকপায়রের নাটক ও কবিতা লোচক পাঠ করে, কিন্তু ভাষাতে ক্ষণিক একটা আমোদ ভিন্ন তাহার। আর-কিছু পার না। আরবা উপভাদের গল্প পড়িয়া প্রবীণ বাজির পকে যে আনন্দলাভ সম্ভব, তদ্তিরিক্ত ষ্মানন্দ শেকৃষ্পীয়র হইতে তাহারা পায় না। ইহার অর্থ এই যে, যে সকল প্রমত্ত বাদ-নার পড়ির৷ আমরা আ্কুলি-বাাকুলি করি, শেক্লীররের মধ্যে এখন ভাষ্টেদর ভাষা পাই, এইজন্তই ভাষাকে আমরা এখন এড প্রন্দ করি; কিন্তু এমন এক্দিন উপত্তিত হইতে পারে, যথন মাত্র বাদনানলে भिक्रभ नर्क इटेरव ना,— ठथन **७४** ग्रमभारं द ^{বে সানোন}, শেকৃস্পীরর তাহাই দিয়া কান্ত থাকিবে। এখন আমরা ঝটিকার মধ্যে পড়িয়া

আছি, স্তরাং নরজীবনের কুটিল আবর্ত্তের কথার মধ্যে আপনাদের প্রাণের বেদনার প্রতিধ্বনি পাইয়া সোংসাহে প্রশংসা করি: কিন্তু যথন গুৱাকাজ্ঞা, সন্দেহ, লোভ, স্পদ্ধা প্রসূতি দানবাস্তঃকরণ হইতে চিরবিদায় লইবে কিংব। সংপ্রবৃত্তির তেজে তাহার এক নিভূত কোনে গিয়া পড়িবে, তথন আমরা শেকস্পীয়র-স্ফু জগংকে আমাদের পরিচিত বলিয়া স্বীকার করিলেও, তাহাকে আত্মীয় জগৎ বলিয়া স্বীকার করিতে প্রস্তুত হইব না। নৈত্যপুরীর দুঞাবলী, দৈতাগণের প্রভৃত আশন্ত ও বিক্রমের কথা পড়িয়া **আন**রা যে**রূপ ক্ষণকালের কৌতৃ-**হল চরিতার্থ করিয়া আরব্যোপ্সাদ্থানি ডেক্সের ভিতর বন্ধ করিয়া রাখি, উহাকে জীবনথাত্রার সহচর করিতে ইচ্ছা হয় না-শেক্স্ণীয়র এবং তাঁহার সমশ্রেণীর কবিকুলও এক সময়ে সেইরূপ হইয়া পড়িবেন, উঁহা-দিগকে আমরা অন্তরঙ্গ ভাবিতে ভুলিয়া याइव ।

যুরোপের সে দিন কবে আদিবে, তাহা জানি না; কিন্তু আমাদের সে দিন আসিয়াছে কিংবা আদিতে বিলম্ব নাই। আমাদের

কলেজে পড়িবার সমর ছাত্রমগুলীর নিকট শেকস্পায়রের কি ছর্নিবার প্রতাপ ছিল---বান্মীকি-কালিদাদ প্রভৃতিকে উড়াইয়া-দিয়া শেকস্পীয়রকে সাহিত্যজগতের মুকুটমধ্যমণি করিয়া রাখিতাম: কিন্তু এখন তাঁহার প্রতি হৃদয়ের প্রগাঢ় পূজার ভাব বিচ্যুত না হইলেও মন যেন ক্রমশই হিন্দু আদর্শের मोन्मर्या (वनी चाक्रुष्टे इटेड्ड्ड्, स्मेटे मकन কবিতা ও নাটকে আর পূর্বলক আনন্দ ও আশ্র পাই না। মনে হয়, পাশ্চাত্য জগতের মন বড় কঠোর,—উহাতে নিয়ত স্পর্কা, জ্য়া-কাজা ও অহকারবৃদ্ধি একটা কঠিন ও গুর্ভেগ্ আবরণ রচনা করিয়া রাথিয়াছে: নাটক ও কবিতা হইতে উহা শেলের মত তীক্ষাগ্র এমন একটা অন্ত চায়, যাহা হৃদরের কর্কশ বাহ্য অক্টাকে ছেদন করিয়া তীব্র আবাত সহ-কারে অন্তর্নিহিত রুসের উৎস্টা আবিদ্যুত করিয়া দিতে পারে। ভীষণ সংঘর্ষ, তীত্র বাক্য, আলাময় ও হুদয়ভেদী বিয়োগান্ত পরিসমাপি তাহাদের হৃদয়ের করণা জাগাইতে সমর্থ---স্বতরাং তাহাদের কবিরাও নাটক ও কবিভায় নিরবধি সেইরপ সামগ্রীই দিতেছেন। ইহাঁ-দের কবিতা ছঃখকে মূর্ভিমান করিয়া উহার रुख अर्जनार्द्य अञ्चलिक मुनाल निया বরণ করিয়া আনে,—ভবে যদি একটুকু कांक्रना अत्या अपू काला जाशाहेवात ज्ञा. मनत्क ज्ञव कत्रिवात छत्मत् इंहाता इः १४त চিত্র আনিয়া উপস্থিত করেন। যে অস্ত:করণে বেদনাবোধ नृপ্ত হইয়াছে, সেই অন্তঃকরণে বেদনা জাগাইবার জন্ম বিষপ্রক্রিয়ার স্থার ইহারা উৎকট ছ:থের চিত্র খুঁজিয়া दिकान।

আমাদের ঠিক তাহার বিপরীত। অহ-স্কার, স্পর্কা প্রভৃতি রাজ্যিক বৃত্তি অপেকা আমাদের প্রাচীন কবিগণ সাবিকগুণের মহিমা অধিক বুঝিয়াছিলেন। আমাদের দেশের লোকহৃদয় সভাবতই গাইস্থার্মে দী কিত-সংগ্ম ও আত্মসংবরণে দক্ষ, শীলতা-প্রিয় এবং অভিশয় কোমল। এই কোমলতা এত বেণী দে, ইহাতে জীবনে আমাদিগকে অকর্মণ্য করিয়া ফেলে। ছেলের জন্ম, স্ত্রীর জন্ম, ভাই-ভগিনীর জন্ম আমাদের স্বেহার সদয়ে এত বাগা যে, জীবনদংগ্রামের পকে আমরা অকর্মণ্য হইয়া পড়িতেছি;—এই স্বেহভারা-ক্রান্ত হার্য শোক ও মনতায় একান্ত পীড়িত হইয়া যে উষধ খুঁজিয়া পাইয়াছিল, ভাহার নাম মালাবান। সংসারের মমতাগুলি স্লিগ্ন-লভার ভার আমাদের পা বাঁধিয়া ফেলি-য়াছে, আনাদের নজিবার সাধ্য নাই, তাই আমাদের দর্মনা বলিতে হয়-নারাপুত্র কেউ কিছু নয়। এই সতকভার ছারা আমরা পায়ের নিগ্ড ছিড়িতে চাই---আমাদের বল দঞ্চারের क्रमद्य পাই। আমরা বাথিত, এইজ্ঞ ব্যথাকে বড় ভর করি। সংসারে যে সকল ঘটনা ঘটে, তাহা অভত হইলে আমরা জনান্তরীণ কর্ম: ফল ও লোকচরিত সম্বন্ধে অনভিজ্ঞতা अपृध्ति कहान। कतिया मनत्क आधान निष्टे,— ঈখরের বিধান স্ক্রিই তভ। সাহিত্যে সকল বিষয়কেই কবি চক্ষের সম্মুখে পরিকৃট করিয়া দেখাইয়া থাকেন। সেথানে কর্ম ও কর্মের ফল এবং বর্ণিত চরিত্রসকলের সমস্ত স্ক্লভাব আমাদের থাকে—সেথানে অভভপরিসমাপ্তি আমানের

হৃদরে ধর্মবিশাদের তন্ত্রীটার উপর সজোরে আবাত দেয়। এইজন্ত আমাদের প্রাচীন সাহিত্য বিয়োগান্ত-পরিদ্যাপ্তির এত প্রতিক্লোবে হৃঃথ, স্প্তির শুভবিধান প্রতিপন্ন না করে, দেই হৃঃথকে আমরা বড় ভর করি, তাহা আমাদের অস্তরাম্মা কথনই সহ্ করিতে চার না।

যুরোপে গার্হ্যক্ষেহ আনাদের দেশের ভার বিকাশ পার নাই। ছেলেটি.হইলে দেথানকার লোক তাহাকে অপরের ক্রোড়ে কিংবা বোডিং-গুহে রাথিয়া নিশ্চিম্ভ হয়; স্ত্রীর সহিত্সম্পর্ক নালিশ কবিয়া ছেদন করে: পিতা বয়:-জাপু পুত্রের ভার বহন করেন না; পুত্রের গুঃ পিতা আধিয়া আহার করিলে তাঁহাকে বিল-শোধ করিয়া যাইতে হয়; পুত্রক ভাপানে কিংবা পোপকেটবেটলে পাঠাইতে তাহাদের হুভাবনার লেশমাত্র হয় না ৷ ছুর্-কাজ্ঞা বা উচ্চাক।জ্ঞা জাগিয়া উঠিলে তাহার। গৃহের ভাবনা একেবারে ভুলিয়া যায়। তাহারা যে পরিমাণে আম্মনিউরপরায়ণ, দেই পরিমাণে *ক্ষেহকে ফ্র*ম্ম হইতে দুরে রাথে; স্তরাং তাহাদের হৃদরে কোমলতা জাগাইবার জন্ম তীক্ষধার ছুরিকার প্রয়োজন। জ্গকে অতিনাত্রার ফলাইর। তাহার। একটু নেদনাবোধ করিতে চাত্থ; আমরা যাহাতে শিংরিলা উঠি, তাহারা তাহাতে অলই উত্তেজিত হয়—এজন্ত বিযোগান্ত না ২ইলে ক্বিদের সাহিত্যিক (5) সিদ্ধ হয় না; গৃহ তাহাদিগকে আবিদ্ধ করিয়া রাখিতে পারে না, ^{এইজ্} গৃহকে তাহারা খাঁটি বলিয়া চিত্রিত ^{করে,}—তাহাতে **স্**থহঃথের তীব্রমদিরার আবাদ কলনা করে। কিন্তু যাহাকে স্থাটি বলে,

তাহাই প্রকৃতরূপে তাহাদের নিকট মিথ্যা; কারণ উহা তাহাদিগকে বাঁধিয়া রাখিতে পারেনা। আর আমরা যাহাকে 'মায়া' 'মিথ্যা' প্রভৃতি আথ্যা দিয়া অস্বীকার করিবার চেষ্টা পাই, তাহা আনাদিগকে নিবিড় বন্ধনে জড়ীভূত করিয়া রাথে। আমরা মায়া বিলয়া যাহা হইতে পরিত্রাণ পাইতে চাই, ঝাঁটি বলিয়া তাহা আমাদিগকে ধরিয়া রাখিতে চাহে। ছই সমাজের এই শিক্ষা-দীকা—উদয়াতের ভার ছই বিকৃষ্ণ দিকে।

ইহা ছ,ড়া আর-একটা কথা আছে। আমাদের সাহিত্য উচ্চনীতি লক্ষ্য করিয়া আসিয়াছে। যে হৃঃথ চিত্তকে উন্নত না করিয়া শুধু বেদনা দেয়, শুধু নিষ্ঠুরতা কি বর্ধ-রতাকে জীবন্ত করে, তেমন হঃখ আমাদের সাহিত্যে বর্ণনীয় নহে। উত্তপ্ত লোহ ছারা আধ্যরের চকু-উংপাটনের চেষ্টা, হ্থাম্লে-টের পিতার নৃশংস হত্যা কিংবা হাাম্লেটের শোকোমাদ, এই সকল ছঃখময় ঘটনা কেবল নিচুরতাবা বর্বরতাকে জাজলামান করি-তেছে। ভধু সভাক অঙ্গনের নামে উহু মার্জনীয় নহে; পণ্ডজগতে যদি একটা স্বাভাবিক কবিষের উচ্ছাস থাকিত, তবে সেই গাথা মন্থবাজগতে কাব্য বলিয়া পরি-চিত হইবার ম্পর্কা করিতে পারিত না। কিছ বে দকল হঃধ সংপ্রবৃত্তির উন্মেষ করে-হুদয়কে মহিয়দী শক্তি প্রদান করে, আমা-দের প্রাচীন কবিগণ তাহাই বর্ণনীয় মনে করিয়াছেন। এই ছঃথপীড়িত সংসারে নানা-রূপ যন্ত্রণা উৎকটভাবে মহুষাসমাজকে নির-স্তর আক্রমণ করিতেছে—তাহার উপর সাহিত্যে আবার অনর্থক একরাশ হ:থের স্থাষ্ট করিয়া উত্মুক্ত কতে লবণপ্রক্রেপের প্রয়োজন কি ? শুধু বেদনা জাগাইবার জন্ম কতকগুলি ছংখকে সাহিত্যে বরণ করিয়া জানা — কবিশক্তির অপবায়। কিন্তু রামবনবাস, সীতাবর্জন কিংবা প্রিক্রফের মাথুরবর্ণিত ছংখ
অন্থাবিধ। তাহাতে প্রেম কি কর্ত্তবাবৃদ্ধির
মূলে জলদেক করিয়া উহাদিগকে পল্লবিত ও
মুকুলিত করিয়া তোলে। এই হিতকর ছংখকে
আমাদের কবিগণ বরণ করিয়া লইয়াছেল,
সত্যবান্ ও সাবিত্রীর কট, যুখিছির বা
ভীন্মের ত্যাগজনিত ছংখ—এ সমস্ত এক
উন্নত কর্তব্যরাজ্যকে মহিমান্থিত করিয়া
দেখাইতেছে; কবিগণ সেই সকল চিত্র সককণ সৌলর্থ্যে মণ্ডিত করিয়া আমাদের চক্ষের
নিকট উন্মোচন করিতেছেন।

मत्न कक्रन, शाम्राला कि डायरना नाउक;--ইহাতে কি দেখা যাইতেছে ?—কুটিলতা বা সন্দেহ কিরপে অঙ্গুরিত হইয়া বিকাশ পায় —কিংবা শোক কিরুপে কিপুতার 'গভি-মুখীন হয়—দেই মানসিক ক্রমটি গোচরীভূত कतारे नाठेकवरवत म्था छेटम् । व्यतःय १ চরিত্রগুলির প্রবৃত্তির পথেই বিকাশ-ছই-একটি স্থলে সংযম ও উন্নত কর্ত্তবাবৃদ্ধি বা প্রেমের একটু আভাস পাওয়া যায় নাত। কবি এতগুলি বাথার অবতারণ করিয়া মনের উপর একটা কঠোর কর্ষণ করিলেন মাত্র. কিন্ত ইহাতে কোন স্থফলের প্রাক্সচনা করিলেন কোথায় ? যথন কেহ ছঃখকে গলাধঃকরণ করিয়া নীলকঠের দৌন্যমূর্ত্তি প্রদর্শন করেন, তথন সেই ছঃথের ইতিহাস আমাদিগকৈ গরীয়ান্ করিয়া তুলিতে পারে; किन्द्र यथन देखिरम् द अधारम वा देनविधारन

স্ষ্ট চুঃথের অবস্থা মাতুষকে ধ্বংস, থর্ক বা কি প্ত করিরা ফেলে, তথন সে পরিচয়ে আমাদের লাভ কি ৪ এইজন্ম আমাদের কাব্যসাহিত্যে উচ্চতর কর্ত্তব্য কিংবা প্রেমের আদর্শ সূজাগ করিয়া তুলিবার জন্ম যে সকল ছঃখের বর্ণনা আছে তাহা উৎকট হইলেও মহৌষধের ভাষে অহুস্চিতকে নিরাময় ও সবল করিয়া তোলে। কোন মহাদৃত ঘোষণা করিবার জন্ম থেরূপ একটা,রুক্ষদর্ম দীর্ঘারুতি ইথিওফ্ ভল বিজয়বার্ডার নিশান লইয়া অগ্রদৃত্তরূপ স্থানরস্ভিত দলবলের পূর্নে উপস্থিত হয়, আমাদের মহাকাবেরে মহত্রীপ্রটনাত তির উচ্চলকা প্রতিপর করিবার জ্ঞা কবিগণ সেইর:। ছঃখের বিকটমুরি আঁকিয়া থাকেন — কিন্তু তাহার কুণ্ডলে প্রজ্ঞা ও কর্ত্তব্যের ছুইটি উজল রত্ন জ্যোতি বিচ্ছুরিত করিয়া ভাহার উপস্থিতিকে মার্থক করিয়া দেয়। অমেটেদর প্রাচীনকাবাবর্ণিত ও্রেথর কালিমা স্ক্রিটি কেনে মহালফোর পশ্চাতে চলে ও সেই লক্ষা হি গুণ্তরক্ষে উদ্ভাষিত করিয়া দেল,— চুধু বিভীঘিকা দেখাইবার জ্ঞা তাহার আগ্ৰন হয় ন।। আনর। প্রবৃত্তি-আরুষ্ট ছঃবের হাত হইতে পরিজাণ পাইবি,র জ্ঞ সতত আর্ত-নারাবাদের শরণ লইয়া জালী ভুলিতে চাই, ফার তাহারা নির্থক সেই ছঃথকে বরণ করিয়া মনে একটু কট বা বেদনাবোধ ও গার্ছারেছের চৈত্ত জনাইতে **ठा** । देशांख (नथा शाम्र, शार्यक्रीवरनत শেব শিকা আমাদের হইয়া-গিয়াছে এবং তাহারা সেই শিকার জন্ম লালায়িত।

গার্হস্তাজীবনের শিক্ষা যে তাহাদের তেমন সম্পূর্বতালাভ করে নাই, তাহাদের

রচনাতেই তাহা দেখিতে শ্রেষ্ঠক বির পা এয়া যায়। একটি ভাব দৃষ্টাস্তস্থলে লক্ষ্য করা যা'ক। ছহিত্যেহ আনাদের দেশে কি কল্যাণী কবিতার স্ষ্টি করিয়াছে। আগ্যনী-সংবাদের সঙ্গীতে সারা বন্ধ ব্যাপিয়া চিরসঞ্চিত অপতালেহের ভাষা ফুটিয়া উঠিয়াছে তাগ কেমন প্রিত্র, বেদনা তুর ও সর্ব ় শকুত্তনার আশ্রমত্যাগ হিন্দুগৃহে ক্তার সামটি কি, ভাষা পরিকাররপে দেখাইতেছে-লতা যেরপ একটা কুরের পাদপগুলিকে জড়াইয়া-ধরিয়া তাহা-নিগাকে স্নিগ্ন করিয়া রাখে, সমস্ত গৃহটি সেই-রূপ ক্তার নানা আদর ও সেহক্থার আপু-রিত ও স্থাতিল হইয়া থাকে। এই কন্তা-*লেহ* শেকস্পীয়রের রচনায় অনেকড়ং:ই কেমন উৎকটভাবে দেখা দিয়াছে। ছেদডেমন। সভাতলে দাঁডাইয়া নিল্ফিভাবে পিতাকে বলিল, "আপনি আমার পিতা, আগনার প্রতি আমার কর্ত্তরা আছে, কিন্তু এথানে আমার স্থানা উপস্থিত। আনার নাতঃ বেনন ঠাহার পিতার অপেকা আপনাকে অনেক বেশা ভাল বাদিয়াছেন, ইংকেও নেই-রূপ আমি আপনার অপেকা অনিক ভাল-বাসিতে ধাষ্টা" অব্হা ভাষাৰের সম্ভে স্ত্রীলোকের শীলতার আদশ ভিনন্ধণ, কিয় পিতাকে ইহার অপেক। একটু বেশা খি.ল-ভাষণ কি ভেদ্ভেদনার প্রাকৃতির আধ্কতর উপযোগী হইত না ৫ অন্তত পিতৃলেহের মহিত বানিত্রেমের একটা নিষ্ঠুর পরিমাপ পিতার শনকে এরপ গর্বিতভাবে না করিলে বোধ ^{হয়} তাহাদের হিদাবেও শীলতার চিত্র উৎকৃষ্ট হিইত! কর্ডেলিয়া ভগীগণের অভিরঞ্জিত মেহপ্রকাশে বিরক্ত হুইয়া, পিতাকে কঠোর

কথা বলিয়াছিলেন, কিন্তু সেথানেও ভাবী বামীর প্রীতির সহিত পিতার প্রতি ভাল-এরপ অযথা তুলা না করিলে বোধ হর চলিত। মুক্তলক্ষ হইয়া পিতার নিকট সামীর ভালবাদার এরপ তুলনায় শ্রেষ্ঠত-প্রতিপাদন বোধ হয় স্বভাবশাসিত কোন সমাজেই অন্তুমোদন করিবে না। আমাদের শত শত বন্ম থাকিতে পারে, দিস্কু একজনকে মুখের উপর যদি বলিয়া ফেলি যে, অমুককে তোদার অপেকা আমি বেশা থাতির করি. তারা কেমন বিষদুশ ভনার। স্ত্রীলোকের পক্ষে পিতাকে স্থানীর নিকট এরপ প্রকাশ্ত-ভাবে থর্ন করিবার (১৪) শীলভাকে কভদুর অতিজন করে, তাহা বলিয়া শেষ করা যায় ন। হলি নাউকার প্রয়োজন মনে করিয়া ইহার বাংগা দিবার চেটা হয়—সে ব্যাখ্যা কথনই গ্রাহ ২২বে না। কারণ নায়িকার চিত্রে কালিমা-প্রেম্ম করিলে নাটকের প্রকৃত গৌরব নষ্ট হইদাবার। রোমিও টাইবল্টকে হত্যা করিয়া। নিকাৰ্বনতও দ্ভিত হুইল, এই স্ত্ৰ উপলক্ষ্য ক্রয় জুলিয়েট টাইবল্ট্ও রোমিওর প্রতি ক্ষেঠ ড্লাদ্র ড মাপ করিতে বসিলেন এবং এই দিকাতে উপজিত **২ইলেন যে, শত শত** টাহবণ্টের মৃত্যুও রে।মিওর নিকাসনদ**ভের** মহিত ভুলিত হয় না। লাভার মৃত্যুজনিত যংকিঞ্ছিং শোকও তাহার স্থান পাইল না। এইরূপ তুলনাগুলি এত অ্যাচিত ও প্রগণ্ডতাপূর্ণ যে, আমর। উহাতে স্ত্রীস্থন-স্থাত শীলতার একান্ত অভাব লক্ষ্যা করিয়া ছঃথিত হই। এতদ্বারা মনে হয়, তদেশীয় মহিলাকুল যে পরিমাণে স্বামীর বাহু আশ্রয় করিতে শিথিয়াছে, সেই পরিমাণেই পিতৃ-

গুহের যত্নপ্রীতি ও স্বাভাবিক বন্ধনের প্রতি উদাদীন হইয়াছে: কিন্তু গার্হপ্তাক্ষেত্রে উৎরুष्टे फमन জনাইতে হইলে দর্মপ্রকার কোমলবৃত্তির যুগপৎ কর্ষণ আবখুক, তাহা হইলে প্রত্যেকের সঙ্গে সম্বন্ধ পূর্ণরূপে বিকাশ পাইবার সম্ভাবনা। শেকৃস্পীরর যে রমণী-প্রকৃতি আঁকিয়াছেন, তাহা আমাদের দেশের নহে। আমাদের পুরঙ্গীকুল বেপথুমতী পুষ্পভারনতা লতার ভায় প্রেমের উষাজ্ঞ্চীয় नानिक ও वर्षिक इहेशा य नाजनीनक!. त्य मःयम, त्य त्मीनमाधुती श्रकाशिक करत, . আমরা বলিতে বাধ্য—শেকৃস্পীয়র সেন্নপ নারীচরিত্রের আভাদ পান নাই। তাঁহার পুরুষচরিত্রগুলি বিক্রাস্ত, কিন্তু উদ্ভ্রাস্ত— তাহাদের শান্তি ও সংযমের অভাব;—বে শান্তিও সংঘনের ইচ্ছায় হিন্দু হিম্গিরির তৃদশৃদ্ধ অধিরোহণ করিতেও পশ্চাৎপদ इय नारे. (भोनी इरेया जनभरन जीवन কাটাইয়া দিয়াছে – যে শান্তি ও সংয্য রাম. লক্ষ্ম ও ভরতের চরিত্রে, যুবিষ্টির ও ভীত্মের আচরণে অপূর্বা নহিমার ভাতিরা উঠিয়াছে, শেকস্পীরর তাহার আভাস দিতে পারেন নাই.—তাঁহার কবিতা উন্নত কর্তবাবুদিকে জাগাইয়া তোলে না। কতক প্রিমাণে বর্মবযুগের দস্ত, তেজ ও অহমারের ছায়া

পডিয়া তাঁহার কাব্য ও নাটকগুলিকে রাজ্যি কগুণের আধার করিয়াছে। উহাতে চুড়ান্ত প্রতিভা আছে, কিন্তু উদ্দাম প্রতিভার শাদন নাই—উহাতে মানবপ্রকৃতির অবাধ সাধীনতা ও অদন্য লীলা দৃষ্ট হয়, কিন্তু তাহা শীনতা ও সভাবনম্রতার ভূষিত হইয়া লোক-হিতকর হয় নাই। "শিবেতরক্ষতয়ে"— অকল্যাণকর আমাদের আলভাবিকরণ কাব্যের একটা প্রয়োজন বা ফল বলিয়া নির্দেশ করিয়াছেন। সরস্বতীর মঙ্গলম্মী মূর্ত্তি আমাদের চক্ষে বড় আদরণীয় — তিনি বেমন স্থলরীশ্রেষ্ঠা, তেমনই শুলবদনা। আমাদের মহাকাব্যগুলির ভিত্তি সংখ্যা, উহারা সাত্তিক-গুণের গুলুণীথিতে সমন্ত অগুলুঘটনাকে কল্যানের মহিনায় মণ্ডিত করিয়া দেখাই-তেছে। মনে হয়, সেই সকল কাব্য সমাজের যে তার উদ্যাটন করিয়াছে— শেক্স্পীররবর্ণিত স্থাজের তার তাহার বছনিয়ে। আমি শেকস্ণী:রের জ্লন্তস্থ্যবং প্রতিভার বলিতেছি না;—তাঁহার সময়ের সানজিক অবহা তাঁহার কাণ্ডো প্রতিভাগিত, তাহারই কথা বলিতেছি: তাঁহার কবিত্তের অমর্য্যাদা করি নাই, করিবার স্থযোগও তাহা কাহারও नारे।

চণ্ডালী।

なりの人

3

"হার মা. একি মা. আজি একি হ'ল. একি হ'ল তোর-মুখে অল নাই, নিশি কেঁদে কেঁদে করে' দিলি ভোর। দেখ, বরবার রাতি গরজি বরবি হ'ল শেয— এখনো—এখনো মাগো পড়ে' আছ আলুথালু-বেশ ? কোন মণি কোন সোনা কারে দাস কারে চাও দাসী-বল কে সে—বল কি সে—এই দণ্ডে নিয়ে তারে আসি। জানিদ নে মা তোহার কত গুঢ় ভন্নমন্ত জানে --মানস করিলে—ধরা নিমেষেতে পদতলে আনে ?" —কহিলা চণ্ডালী মাতা, অধিকারে,—কন্তারে সম্ভাষি'— (মাতা ও তন্যা দোঁহে বৈশালীর প্রান্তগ্রামবাসী)। অম্বিকা চণ্ডাল-বালা — কোথা হ'তে পেল এত রূপ— মোহনিয়া এ চিকুর, এমন নয়ন রদকুপ প এমন কপোলযুগ লাবণাললিত ঠোঁট-ছটি এমন মোহন গ্রীবা — অনক্ষের যেন ফুল-মুঠি ? অলাজে বিচরে বালা স্পিসাথে বাহিরে কি ঘরে — কিবা রঙ্গময় ছাঁদে পা-ছটি মাটিতে তা'র পড়ে ! বাছটি বেড়িয়া ভার বলয় নাহিক একথানি— অভূষণ এ রূপেরে বড় আমি ভয়ন্কর মানি ! একি এ বলয়বন্ধবিমুক্ত, প্রমত্ত রূপোচ্ছাদ— এ যেন চুপিতে চায় বায়ুবহ সকল আকাশ। প্রত্যেক চরণপাতে তানে তালে বাজিয়া নূপুর উহার গতিরে কভু করে না ত সরম-মধুর ! ওই কণ্ঠতট হতে বিলম্বিয়া মণিময় হার ' বক্ষোচ্ছল যৌবনেরে লাজ নাহি দেয় একবার! दिनानीत शासमार्क व्हेम्रल द्ववूक्षण्टल, ময়ুরচরিত পথে এ কিশোরী যত ফিরে চলে—

বেশ নাই, ভুষা নাই -- এলোকেশ, মলিন বসন--চমকি' সবাই কহে -- "हखानी এ १-- कि जानि, क्यान !" চণ্ডালী জননী তার কস্তারে নেহারি দেখে যত. চোথে তার আদে জ্বল, ভাবে—"হায় ব্যথা পেলি কত! কোন যক্ষবালা তুই আইলি এ দীনহীন ঘরে— শৈশবে হারালি বাপে, কত কটে দরিদ্রার ক্রোড়ে বাড়ি' এমনটি হ'লি !--মরি মরি-- একি রূপ মা'র ! এ ল'রে কোথার যাব ? —রেগে দেব হৃদরে আমার !" --ভাবি' ভাবি' হিয়া গলি', নিঠুৱা সে চণ্ডালিনী কাঁদে --যতই স্বামীরে স্মরে অশ্রু আর কিছুতে না বাঁধে। আলো প্রোচ চহালিনি কি যে তুই গেলি দরবিয়া— পরুষা পুরুষ হতে! কোদালি ও ঝুড়ি কাঁথে নিয়া বৈশালীনগরনেধে প্রাস্তরে ভ্রমিতি তুই যবে, কপাল সিঁদুরে ভরি' তোর নব-যৌবন-গরবে---রাথাল-কিশোর যত বাশরী-বিলাদ বন্ধ করি' ভীকতায় ধীরে ধীরে বাশবন-আছে বের্ড সরি' ---প্রতিবেশী যত-তোর ভরে সদা ছিল কম্পমান-কন্সার মেহ-দোহাগে একি তোর দ্রবি' গেল প্রাণ প শত আবদারে বালা জননীরে যত উদ্বেজিছে— মেহমূঢ়া চণ্ডালিনী সব-কিছু জোগায়ে আনিছে।— দেই দে অধিকা আজি কি লাগিয়া করে' অভি**মান** ভূমিতলে পড়ে' আছে ?—চণ্ডালীর বাহিরায় প্রাণ ! "উঠ উঠ ম। আমার, উঠ উঠ হৃদ্রপুত্লি"— ক্সার শিয়রে বসি' সাধিতেছে শত কথা বলি'। ঘরা উঠি' কাঁদি' হাদি' করতলপিঠে আঁথি মুছি' করে বালা অভিলাব— প্রভাতের রবিরশ্মিক্চি মাটির দেয়াল'পরে থড়ে চাকা জানালার কাঁকে পড়িল আদিয়া মুথে, অভিমানে রাঙা চোথে-নাকে,---বিশ্রম্ভ চুর্ণাচকুরে, রাঙা-ছটি-স্বর্ধরেছি'পর -(उपवादन कीन श'रम बाहा बादना स्टब्ट्स स्मन)-- बानाइन वावनात-"नात्था, व्यामि शिराहिस कानि যে পথে তোমরা যাও মাঠ এড়ি' নগর বৈশালী-

বটতরুটির মৃলে, কুপ হ'তে তুলিবারে জল।--দারুণ মধ্যাহ্রবেলা, পুড়ি' যার যেন নভতল-কলসিটি ভরে' আমি ধীরে ধীরে রাখিয়া পালালে চাহিমা দেখিতেছিমু ছায়াভরা-বটপাতা-পানে উদ্দিকে-কচি কচি হইতেছে কোথাও বাহির. কোথাও সবজ-গায় শতপাতা ঘেরি' একনীড।---কিছুই ছিল না মনে-সহসা ত্যায় হাহা করি' এক ভিকু মহাজন এদে প'ল উঠিত্ব শিহরি'! একি রূপ মরি মরি। একি রূপ আগুনসমান-ত্যায় শরীরথানি মৃহমূহ তাহে কম্পমান-ঠিক যেন বহিশিথা !--মাগো, আমি তৃষা তাঁর ভূলি' রহিলাম চাহি' ভধু ছুনয়ন প্রাণপণ থুলি'---আহা ৷ - চমকিয়া শেষে অঞ্জলিতে ঢেলে দিমু জল--शित', ञानीकीं कि कति' हिंग (शना दहेशा नीजन ! — हिन त्रन १ हात्र मार्टशा—हिन (शन १ हिन रान पृत १ আর ফিরিবে না দে কি ? যাব আমি তাহাদের পুর! नाहि त्यांत्र लाक्षडग्र — हिनि व्यापि दनপथ हिनि, এখনি যাইব সেথা—যাই, আমি যাব একারিনী— অথবা-মা, তোর সেই মন্ত্র মোরে দেগো শিথায়ে দে। সারারাত্রি জাগি' জাগি' মন্ত্রে তারে আনিবই বেঁধে !" — জননীর হুই হাত দৃঢ় চাপি' বদিলা অম্বিকা! **Б**श्रानिनी करह—"शंत्र, नाहि जानि कि के भारत निथा!— তারা ধে সন্ন্যাসী ভিক্ত মহাজন দেবতাসমান, সমস্ত সংসার তাঁরা নিমিষেতে করে তুচ্ছজ্ঞান-कि मत्त्र डाँक्टर वाँधि ? वाँधित्व अ. शय अजाशिन. ভিক্র ভাঙিবি ব্রত ? হ'বি ঘোরনরকগামিনী ? "অষুত নরকে যাব"—কহিলা কিশোরী গরজিয়া— "একবার তাঁরে শুধু এ ভুজবন্ধনমাঝে নিয়া বাব যেখা যেতে হয়, শিখায়ে দে মন্ত্ৰ হরা করি'।" দাঁতে দাঁত চাপি' মাতা বসি' রয় কতকণ ধরি'।

٠ ২

ধরার বাথার বাথী ওই হের বসি' আছে সব— বৈশালীর বেণুবনে বুদ্ধে ঘিরি' স্তম্ভিত-নীরব ! বৃহৎ হৃদয়গুলি অধীর বৃহৎ বেদনায় — হোথা ক্ষুদ্র ত্যালোভ বিকার কভু না স্থান পায়! আজি ঝণা বহিতেছে গরন্ধবিহাতজলে মাতি---আজি যথা নভন্তলে হন্ধারিছে পাগলিনী রাডি---তবু তার মাঝে সবে বুদ্ধে ঘিরি' বসি' আছে স্থির---তেমনি ওদের হিয়া অকম্পিত ঝড়ে পৃথিবীর ! ক্র হানাহানি দেষ, যজ্ঞত্মে পভগাতমত লোকনিপীড়নমাঝে—উ হারাই ভধু শান্তিত্রত ! —েদে শাস্তি জগতজনে দীনতমে দিবে বিলাইয়া কি বৃহৎ করুণায় পরিপ্লুত ওই শত হিয়া ! ---অনাথপিণ্ডিক হেথা, হোথায় আনন্দ মহাত্রাণ---চৌদিকে কভই আর, ধ্যানমগ্ন, তিমিতনয়ান-বৈশালীর বেণুবনবিহারে বোধিসত্ত্বরে ঘিরে' বসে আছে স্তব্ধ হ'য়ে--গ্ৰুজিছে ঝটিকা বাহিরে। —একি ?—আনন্দের মনে সর্বনাশী কি এল বিকার ? নীরব সে সঙ্বসনে হিয়া নাহি মন্ত্র জপে আর : লালসার একি বাহু জ্বলি' ওঠে হাদরের মাঝে সে আলোকে উদ্ভাসিতা অনিন্দিতা এ ফে চিত্তে রাজে 🕈 —- সেই বটতরুমূল, আভরণহীনা সেই ছবি, সেই চমকিত চোধ !—নিখিল পুড়িছে—দীও রবি--তার মাঝে বটচ্ছায়ে ত্যাতুরে করে জলদান— বহ্নিবর্ণে কে লিখিল নিদারুণ এই ছবিখান ভিক্স্ আনন্দের বুকে ৷ দাঁতে দাঁত ঘরষি' সন্ন্যাসী নিজমর্শ্ম হ'তে যেন আক্রোশে উৎসারি' রক্তরাশি চাহিল ভুলিরা যেতে !—হার !—শেবে সংঘদভা ছাড়ি কোপায় আনন্দ চলে সেই অন্ধ্রটিকা বিদারি' : হাহা করি' চারিদিকে লোটারে পড়িছে বেণ্বন-বিশ্ব দাবাইয়া নভ বারবার করে গরজন---আপনার সজে যুঝি' ভেমনি ঝটিকা বুকে ধরি'

আনন্দ, প্রাস্তরপথ চলিছেন অতিক্রম করি'; শাথাপত্র ওড়ে মুথে, ত্রিবস্ত্র বাহিয়া পড়ে নীর— কি টানে চলিছে ভিক্ অধিকার স্থানুর কুটার!

८२था (रुत्र ठर्खानिनी कान यु जानिया कृतित्त, পরি' এক বাঘছাল, রক্তস্ত্র জড়াইয়া শিরে. জাম পাতি' বসিয়াছে, পড়িতেছে মন্ত্র ভয়কর— ১ মুথে কেহই নাই। মা গেছে সরিয়া দূরপর! একাকিনী অধিক। সে পত্ররাশ বহ্রিমাঝে ছাড়ি' ছ'হাতে চাপিছে বক্ষ যেন হিয়া দেবে বা উপাডি'— সহনা করুণা একি চিতে আসি' পশিল তাহার— কহে চিত "ওই, ওই,—আদিতেছে, দেরি নাই আর ' ওই তন ঝঞ্চামানে !--পদধ্বনি মৃত্ন মনোহর--ও বুঝি বাজিছে মোর গুঢ়তম মরমভিতর। আহা, আমি কিবা দিয়া বরিব হৃদয়রাজে আজি ? এ মোর ভৈরবীবেশে १—না না, এই ফুলদলরাজি,— শিরোভ্ষা, কর্ণভ্ষা করি' লই !-- থাক সেও থাক---রব আমি চক্ষু মুদি ভূমিতলে বসিয়া অবাক্, করজোড়ে !"- মুথখানি বুক'পরে পড়িল চলিয়া---বাগ্র আরাধনাভরে কাঁপে হিয়া হানিয়া হানিয়া---এমনি স্থনে বুঝি কেঁপেছিল আদি অফুকার পুর্বাক্ষণে জ্যোতিশ্বয় এ বিশ্বভূবন ফুটবার। অকম্মাৎ মুক্তদারে দীর্ঘমৃত্তি দাড়াইল আসি'— क्क हि- छीषण-भूटथ "कि कति वि १" शक्ति ना मानी। "কি করিলি ?"—বিদারিত মরণের ক্ষোভে তীত্রশ্বর বিচরিল গ্রমাঝে শব্দময়ী ঝঞ্চার ভিতর ! অপ্রকারে আত্মহারা তরু যবে থাকে দাঁড়াইয়া---কে জানে কেমন করি' স্তর্জায় কাঁপে তার হিয়া-অক্সাৎ বিনামেয়ে বক্ত আদি' পড়ে শিরে তার. •পুড়ায়ে দীরিয়া ফেলে, তেমনি বাজিল অম্বিকার। মুহুর্ত্ত নীরবে চাহি' চমকিয়া দাঁড়াল অম্বিকা-"হায়, আমি কি করিমু, কি করিমু—এ যে বহ্নিশি**থা** !

এরে আমি মোর হীন অস্তরের কালিমাধা মেছে जिक्का क्ला किता ?" शांत वक निमांक (वर्ण। চকিত নয়ন স্থির, ছই বাহু ছলে' স্পন্দহীন দাঁড়াইয়া রহে নারী পুত্তলিকা যেন চিত্রলীন। मत्य वास्क हाहाकांत्र विश्वत्काष्ट्रा विश्वाकूलश्विन-"হায় হায় কি করিমু।—কি করিমু।—জগতের মণি কোন মহাব্রভন্তনে পথচ্যত করিলাম আমি।" জদম্ব-ক্রন্দন-সনে বাহিরের ঝঞামধী হামি'---স্তর মিলাইয়া দিল— অধিকা তাহাই শুনে কানে— দাঁড়ায়ে নিপদদেহ—মুর্ভি যেন অন্ধিত পায়াণে। "কি করিম !—কি করিম ! হে তরুণ যতি মনোহর— মোর বাসনার টান লাগিছে কি তব হিয়া'পর গ কি করিম্থ !-- কি করিম্থ ! হায়, আমি কেমনে আমায়, দিব তব পদতলে ?—এ যে হিয়া ভম্ম লাল্সায়।" অধিকা দাঁড়ায়ে রহে—হেথা শান্ত হ'য়ে এল ঝড়, আর না ডাকিল বায়ু--শিথিল বরষা ঝর্ঝরু--শীতল পরশে কোন, ধীরে ধীরে এল জুড়াইয়া অম্বিকার হিয়াতল-কহিল সে কাঁদিয়া কাঁদিয়া-"কোধা ? দেব, কোধা ফুল ? বেতে হ'ল ফিরে যেতে হ'ল— আৰু ফিরে যাও যতি সাব আমি তব পদতল ! দ্ল_ফুটাইব আমি এ হাদয়ে বিজন সাধনে-এ হাদরপুষ্প ল'রে সেইদিন যাব আরাধনো" অধিকা দাঁড়ায়ে র'ল—পদতলে ধরণী তাহার আর না টলিছে যেন !—খুলি' পড়ে কেশ বালিকার! বরষা থামিয়া গিয়া একা বায়ু জাগিল তখন, ষার খুলি' অম্বিকার যজ্ঞবহু নিভাল পবন। অন্ধকারে এলোমেলো উড়ে তার কুস্তল-অঞ্চল ছু'চোখে বিশুণ ধারে অম্বিকার বাহিরিছে জল।

শ্রীসতীশচন্দ্র রার।

সার 'সত্যের আলোচনা।

বিগত প্রবন্ধে ক্স ব্রহ্মাণ্ডের কল-কারথানা-দহকে যে করেকটি জ্ঞাতবা নিষয়ের দন্ধান পাওয়া গিয়াছে, তাহা আমুপ্রিক এই ;—

- (১) চকুশোত্রাদির সারভৃত দশেব্রিয়ের উপর সোয়ার হইয়া রহিয়াছে প্রাণ-মন বৃদি, এক কথায় অস্তঃকরণ *!
- (২) অন্তঃকরণের হত্তেরাশগুচ্ছ বাগানো রহিয়াছে তিরিধ শক্তি; (১) জীবনী শক্তি প্রাণের হত্তে, (২) ইচ্ছাশক্তি মনের হত্তে, (৩) এবং ধীশক্তি বৃদ্ধির হত্তে। ঐ তিনপ্রকার শক্তির স্থুল আবরণ হ'চ্চে তিন-প্রকার তৈজ্ঞস-নাড়ী;—জীবনী শক্তির স্থূল আবরণ মর্ম্মবহা নাড়ী, ইচ্ছাশক্তির স্থূল আবরণ কর্মবহা নাড়ী, ধীশক্তির স্থূল আবরণ চেতোবহা নাড়ী।
- (৩) বাহন-ঐ যে স্ক্র দশেব্রিয়, তাহা স্ক্রশরীরের বহিরঙ্গ; আর, সোধার-ঐ যে অন্তঃকরুণ, তাহা স্ক্রশরীরের ক্ষত্তরঙ্গ। স্ক্রশরীর ঐ দিবিধ অঙ্গের অঙ্গা।
- (৪) স্ক্রশরীরের বহিরক্ষের এ-মুড়া হইতে অস্তরক্ষের ও-মুড়া পর্যান্ত একটা ক্রমাভিব্যক্তির সোপান-পথ রহিরাছে। সেই সোপান-পথের মাঝের ধাপে প্রাণের সঙ্গে দোসর কোটে মন, এবং শেবের ধাপে মনের সঙ্গে দোসর কোটে বৃদ্ধি।

(৫) বুদির হই অঙ্গ—(১) দামান্ত-জ্ঞান
 এবং (২) বিশেষ জ্ঞান।

পূর্ব্ব প্রবন্ধে এইখানে থামিয়া-দাঁড়াইয়া একটি কথা ইন্ধিত করা হইয়াছিল এই বে, দ্রুষ্টা দামান্ত-জ্ঞানের দার দিয়া আত্মসন্তা উপলব্ধি করে, এবং বিশেষ-জ্ঞানের দার দিয়া বস্তুসভা উপলব্ধি করে। শেষের এই কথাটির আভোপান্ত ভাল করিয়া পর্যান্লোচনা করিয়া দেখা যা'ক্।

প্রাণ, মন, বুদ্ধির উত্তরোত্তর ক্ষেত্রে আগমন।

যে সময়ে শকুস্থলা হ্যান্ত রাজার ধানে তদগতচিত্তে নিমগা, দেই সময়ে যথন হর্মাদ। ধবি তাঁহার চকুর সম্মুথে দণ্ডায়মান হইয়াছিলেন, তথন প্রদীপের বর্তিকায় যেমনুকরিয়া আগুন ধরানো হয়, তেমনি করিয়া হর্মাদা ঋষির কোপপ্রাদীপ্র মুথরশ্মি শকুন্তলার চাকুর তৈজস-নাড়ীতে কম্পন ধরাইয়াছিল, তাহাতে আর ভুল নাই। কিন্ত হইলে হইবে কি—দে তৈজস-কম্পন যেথানে আরক হইয়াছিল, সেইখানেই আটক পড়িয়া রহিয়া গেল। প্রাণের অন্ধকারাত্ত বহিঃ-প্রান্ধ আটক পড়িয়া রহিয়া গেল, তাহার উর্কে মনের দীপালোকিত চেতনাগৃহে বাহিয়া উর্চতে পারিল না। যাহাই হোঁকু না

^{*} কি কারণে প্রাণকে অন্তঃকরণের কোঠার ছান দেওর। বিধেয়, তাহা প্রেকর এক এবংকা দেখানো ব্রীছে।

জ্টাজুটধারী ছবি যাহ৷ পড়িয়াছিল, তাহাও তো একপ্রকার চাকুষ-ক্রিয়া ? তাহারই নাম খ্যাথা। কিন্তু সে দেখা এফপ্রকার অন্ধকারে ছারা ভাথা, ভাহা না-ভাথা'রই নামান্তর। মন কিন্তু আশ্চর্য্য সোনার কাটি! মনের সংস্পর্শমাত্রে চাক্ষ্-ক্রিয়ার ঘুম ভাঙিয়া যায়;—ঘুম ভাঙিয়া যায় বটে, কিন্ত চক্ষুতে তবুও ঘুমের ঘোর লাগিয়া থাকে। ফলে, মনের ভাষা একপ্রকার স্বপ্ন-ভাষা; —তাহা প্রাণের ছাথা'র স্থার স্থপ্ত ছাথাও .নহে, আর, বুদির ভাধা'র ভায় প্রবুদ্ধ ভাথাও নহে—পরন্ত হয়ের মাঝামাঝি। 💆 ধু-কেবল "দেখিতেছি-মাত্র" বলিলে যেরূপ ভাষা বুঝায়, তাহাই মনের ভাঝা! দেথিতেছি-মাত্র রকমের ভাষা যে একপ্রকার স্বপ্ন-**জাখা, তাহার প্রমাণ** এই যে, স্বপ্লকালে যাহা-কিছু দেখা যায়, তাহা দেখিতেছি-মাত্র ছাড়া আর-কিছুই নহে। স্বপ্নকালে দ্রষ্টার শরীরে চেতনা (sensation) বে থাকে না, তাহা नद्द ; ऋद्भन्न वन-जमर्ग भारत्र काँछ। विधियम স্বপ্নদর্শকের চেতন হয় খুবই—হয় না কেবল চৈত্ত্য (self-consciousness)। স্থপ্ন-কালে দ্রষ্টার একটিবারও এরূপ চৈত্ত হয় নাবে, আমি স্বপ্ন দেখিতেছি। স্বপ্নকালে অষ্টার চেতনা (sensation) থাকে, কিন্ত নৈতন্ত্র (self-consciousness) পাকে না; —আঅবিস্থৃতি স্বপ্নের গলা-জড়ানীরা স্থী। মণি অপেকা মাণিক্যের মূল্য অনেক বেশী, এটা যথন সকলেওই জানা কথা, তথন এ কথা বলা বাহল্য যে, চেতনার অপেকা চৈত্তয়ের মূল্য অনেক বেশী। চৈত্ত রপুঝ म्भागमि । देवज्ञात्र मःम्भागं मानव अक्ष ভাঙিয়া-গিয়া পূর্বমূহুর্তে যাহা দেখিতেছি-মাত্র ছিল, পরমূহর্তে ভাহা জানিতেছি হইয়া উঠে। চৈতন্ত বুদ্ধিরই অন্তর্জ। তাই বুদ্ধির ভাথা মনের ভাথা অপেক্ষা আরো এক-ধাপ উচ্চ সঙ্গের ভাখা। মনের ভাখা সচেতন, কিন্তু সজ্ঞান নহে। বুদ্ধির ভাথাই সজ্ঞান ভাখা। মন দেখে-মাত্র; বৃদ্ধি দেখে ভধু না, দেই দক্ষে জানে যে, আমি অমুক বস্তু দেখিতেছি। ভাথা'র সঙ্গে এইরূপ যথন জানা'র ভাথাদাক্ষাং হন—চৈতন্তের ভাথাদাক্ষাৎ হয়—তথন দ্রষ্টার চকু হইতে স্বংপ্রের ঘোর চলিকা যায়; স্বংপ্রের ঘোর চলিয়া গেলে সত্যাসত্যের থেঁজে পড়ে; সত্যাসত্যের খোঁজ পড়িলে বুদ্দি স্বকার্য্যে প্রবৃত্ত হয়; স্বকার্য্য-দে আর-কিছু না—দত্যের অবধারণা। ফল কথা এই যে, যেমন গৃহ-বিড়াল বনে গেলেই বন-বিড়াল হয়, তেমনি প্রাণের মচেতন ছাথা মনে পৌছিলেই সচে-তন গ্রাথ। হয়, এবং মনের অন্মবিশ্বত রকমের অজ্ঞান ভাষা বৃদ্ধিতে পৌছিলেই বজ্ঞান ভাষা পজান ভাধা'র কাঘ্যকেতে বৃদ্ধির এই অঙ্গ একত্রে ধাটে; এক অঙ্গ হ'চ্চে পাম।ক্স-জান, আর-এক অঙ্গ হ'চেচ বিশেষ-छान।

वृक्तिक यूगलात्र ।

বৃদ্ধিপ্রদেশের কোনো একটি ছোটোখাটো জ্ঞানক্রিয়া ধরা যা'ক্—যেমন "আমি জানি-তেছি যে, আমি গোলাপক্ল দেখিতেছি" এই একটি জ্ঞান-ক্রিয়া। এরপ ছলে আমার জ্ঞান একযোগে ছইটি ব্যাপারে বাাপ্ত হইতেছে; একটি ব্যাপার হ'চেচ আমি

জানিতেছি, আর-একটি ব্যাপার হ'চেচ আমি , গোলাপফুল দেখিতেছি। বৃদ্ধির এই যে স্থাধা, এটা ভাষা ভধু না-এটা একপ্রকার জানা। জানিতেছি'র সংস্পর্শ গুণে দেখিতেছিও এক-প্রকার জানিতেছি হইয়া দাড়াইতেছে; তাহা না হইবে কেন ? পুর্বেই তো বনি-য়াছি যে, জ্ঞান একপ্রকার স্পর্শমণি। জ্ঞানের সংস্পর্শগুণে দেখিতেছি যুখন জানিতেছি হইয়া দাড়ায়, তথন তাহাকে জ্ঞান বলিব না তো আর কি বলিব ? তাহা জ্ঞান তাহাতে আর ভুল নাই; তবে কিনা, তাহা বিশেষ একপ্রকার জ্ঞান; তা বহ', ভাহা সামান্ত-क्षान नरह--निर्वित्वय क्षान नरह। दकन ना, দেখিতেছি-ব্যাপারটি বিশেষ একপ্রকার জ্ঞানের ধমা-- চাক্ষ্য-জ্ঞানের ধান; ত। বই, তাহা নিবিশেষে (বা সামাগ্রত) সকল জ্ঞানের ধন্ম নহে- জ্ঞানমাত্রেরই ধন্ম নহে। জানিতেছিই দামাগুত দকল জ্ঞানের ধ্য —कानमः त्वत्र धर्मा। जत्त्रे इटेरज्ह (ग, "আমি জানিতেছি খে, আমি গোলাপফুল দেখিতেছি" এই মোট জ্ঞানক্রিয়াটা'র **অঞ্চ** হইটির একটি ২'চ্চে আমি জানিতেছি— এটা সামাশ্য-জ্ঞান; আর-একটি হ'চ্চে আমি গোলাপফুল দেখিতেছি—এটা বিশেষ-জ্ঞান !

আত্মসন্তা এবং বস্তুসন্তা।
বৃদ্ধির ঐ যে দুই অক্স - সামাখ-জ্ঞান এবং
বিশেষ-জ্ঞান, তাহাদের মধ্যে প্রথম অকটি
অর্থাৎ সামাখ-জ্ঞান তৃতাজ-করা কাগজের
মতো বিমণ্ডিত। সামাখ-জ্ঞানে ব্যাপার
একটি দেখিতে পাওয়া যায় বড়ই আশ্চর্য্য,
ভাষা এই:—

"আমি থে জানিতেছি" এটাও জানিতেছি, জানিতেছি-কে জানিতেছি। এ একপ্রকার চোরের উপরে বাটপাড়ি! সামান্ত-জ্ঞান নিজেও বেমন, সামান্ত-জ্ঞানের বিষয়ও তেমনি, হইই জানিতেছি ভিন্ন আর-কিছুই নহে। সামান্ত-জ্ঞানকে যদি জিল্ঞাসা করা যাম্বে, তুমি কি জানিতেছ ?—ভোমার জ্ঞেয়-বিষয় কি ? সামান্ত-জ্ঞান বলিবে যে, এইটি কেবল আমি জানিতেছি যে, আমি জানিতেছি; আমার জ্ঞেন্ব-বিষয়ই হ'চ্চে আমি জানিতেছি। তবেই হইতেছে যে, সামান্ত-জ্ঞানে আপনার নিকটে আত্মসন্তা, সতঃপ্রকাশমান।

অতঃপর দ্রপ্তব্য এই বে, গানিতেছিকেও বেমন, দেখিতেছিকেও তেমনি—ছটা'কেই জানিতে পারা যায় কেবল জ্ঞানে: তা বই, ছয়ের কোনোটিকেই চক্ষে দেখিতে পাওয়া জ্ঞান-ক্রিয়াকেও চক্ষে দেখিতে পাওয়া যায় না, দর্শন-ক্রিয়াকেও চক্ষে দেখিতে পাওয়া যায় না। জানিতেছি'র নিকটে প্রকাশ পায় "জানিতেছি" এবং "দেখিতেছি" হুইই; পক্ষাস্তরে, দেখিতেছি'র নিকটে জানিতেছি তো প্রকাশ পায়ই না---তা ছাড়া, দেখিতেছি নিজেও প্রকাশ পায় জানিতেছি জানিতেছি'র কাছে প্রকাশ পায়, কিন্ত দেখিতেছি'র কাছে দেথিতেছি প্রকাশ পার না। তবেই হইতেছে যে, "আমি জানিভেছি" এই সামান্ত-জ্ঞানে আত্মসত্তা প্রকাশ পায় ; পক্ষান্তরে, "আমি গোলাপফুল দেখিতেছি" এই বিশেষ-জ্ঞানে আত্মসত্তা প্রকাশ পায় না। বিশেষ-জ্ঞানে-কি তবে প্ৰকাশ পায় ? বস্তুসত্তা প্ৰকাশ

পার। "আমি গোলাপফুল দেখিতেছি" এই বিশেষ-জ্ঞানে দৃশুমান গোলাপফুলের সন্তাই প্রকাশ পার।

কেহ বলিতে পারেন—"বিশেষ-জ্ঞানে দৃশ্রমান গোলাপফ্লের সত্তা প্রকাশ পায়" এ যাহা
তুমি বলিতেছ, এ কথা আমি মানি; কিন্ত
"সামান্ত-জ্ঞানে আত্মসত্তা প্রকাশ পায়" এ
কথাটা আমার নিকটে তেমন প্রামাণিক
বলিয়া প্রতীয়মান হইতেছে না। সত্য বটে
বে, সামান্ত-জ্ঞানে জ্ঞানের নিজ-সত্তা প্রকাশ
পায়, কিন্তু জ্ঞানের নিজ-সত্তা তো আর
আত্মসত্তা নহে, জ্ঞাতা'র নিজ-সত্তাই আত্মসত্তা।" ইহার উত্তরে পাতঞ্জল-যোগস্থ্রের
প্রসিদ্ধ বৃত্তি-কার ভোজরাজ কি বলিতেছেন
—তাহা প্রণিধান কর।

পাতঞ্জল-বোগশান্তের সমাধিপাদের নবম হত এই যে, "শক্জানামূপাতী বস্তুশুতা বিকল্প:।" শক্তানের পাছু-পাছু দৌড়ায় যে-একপ্রকার বস্তুশুত মধ্যবসার (অর্থাং ফাঁকা আ্ওয়াজ), তাহারই নাম বিকল।' বৃত্তি-কার ইহার ভাবার্থ খোলসা করিয়া ভাঙিয়া বলিতেছেন এইকপ:—

বন্ধনন্তথাত্মনপেক্ষমাণো যোহধ্যবসায়: স বিকর উচ্যতে। যথা পুক্ষক চৈতক্যং সক্ষপনিতি। অত্ত দেবদন্তক্ত কম্বল ইতি শন্ধনিতে জ্ঞানে ষষ্ট্যা যোহধ্য-বসিতো ভেদন্তমিহাবিদ্যমানমণি সমারোপ্য প্রবর্তিতহধ্য-বসায়: বন্ধতক্ত চৈতক্তমেব পুক্ষ:।"

ইহার অর্থ।—বস্তুটা যে কি,তাহার প্রতি দৃষ্টি
না করিয়া যদি কোনো কথা শুন্তের উপরে
দাঁড় করানো হয়, তবে তাহারই নাম বিকর;
বেমন, "পুরুবের (অর্থাৎ আত্মার) চৈতত্ত্ব"
এই একটি কথা। আত্মার চৈতত্ত্ব বলিলে

বুঝায়—দেবদন্তের কম্বলের স্থায় চৈতস্ত যেন আত্মার উপরে বাহির হইতে চাপানে। হইয়াছে। বস্তুত চৈতস্তুই আত্মা।

अप्रेमा अपिक হামিল্টন্ও তাহাই বলেন। চৈত্ত কিনা Selfconsciousness। পঞ্চদশার গ্রন্থকার বলেন—"দংবিং"ই (consciousness) আত্মা। তিন কালের তিন মহাপণ্ডিত একবাকো বলিতেছেন যে, চৈতগ্ৰই আত্ম। একটা সর্বাদিসমত কথা'র ছল ধরিতে চেষ্টা না করিয়া উহার তাৎপর্য্য 'এবং মর্ম্ম मितिएस अगिधानशूर्यक वृत्तिया मिथाई (अयः-কল। একথাতে।কেহ অস্বাকার করিতে পারিবেন না যে, চৈতন্ত আপনি আপনার নিকটে প্রকাশ পায়। তবেই হইতেছে যে, চৈত্র আপনিই জান, আপনিই জাতা, আপনিই জেয়, তিনই একাধারে। অতএব এটা স্থির যে, চৈতক্তরপী সামাক্ত-জ্ঞানে আত্মসভা স্বতঃ প্রকাশমান। সাংখ্যসারনামক একথানি অন্তিপ্রাচীন গ্রন্থে এইরূপ লেখে যে.

"দ্রষ্টা সামান্ত জ সিন্ধো জানেংহমিতি ধীবলাং।"

"সামান্ত জানিতেছি' এইরূপ বুদ্ধির
বলেই দ্রষ্টা সিদ্ধ হয় অর্থাৎ দ্রষ্টার সভা ন
স্প্রমাণ হয়।" আমরাও ভাহাই বলিতেছি;
বলিতেছি বে, দ্রষ্টা সামান্ত-জ্ঞানের দার দিয়া
আয়সভা উপলব্ধি করে।

সামান্ত-বিশেষের পরস্পরাপেক্ষিতা। উপরে দেখা গেল যে, বৃদ্ধির জ্ঞানালোকে যথন সভা প্রকাশ পার, তথন আয়ুসভা এবং বস্তমভা, তৃইই একবোগে প্রকাশ পার। আয়ুসভা প্রকাশ পার সামান্ত-জ্ঞানে; বস্তুসতা প্রকাশ পার বিশেষ-জ্ঞানে। তাহার মধ্যে একটি কথা আছে; সেটি এই:—

শুধ্-কেবল মাথাটাকে অথবা শুধ্-কেবল ধড়টা'কে বেমন সর্বাক্তমম্পন্ন শরীর বলা যাইতে পারে না, তেমনি, শুধ্-কেবল সামাগ্র-জ্ঞানকৈ অথবা শুধ্-কেবল বিশেষ-জ্ঞানকে সর্বান্তসম্পন্ন জ্ঞান বলা যাইতে পারে না। সামাগ্র-জ্ঞানও বেমন, বিশেষ-জ্ঞানও তেমনি, হুই জ্ঞানের একাক্ত-মাত্র; তা বই, হুখের কোনটিই পূর্ণাবন্ধব জ্ঞান নহে। সামান্য-জ্ঞান চান্ন বিশেষ-ক্ষান চান্ন সামাগ্র-

জ্ঞানকে। ধীশক্তির কার্য্যই হ'চ্চে সামান্য-জ্ঞানকে বিশেষ-জ্ঞান দিয়া ফোটাইয়া তোলা এবং বিশেষ-জ্ঞানকে সামান্য-জ্ঞান দিয়া শোধন করিয়া তোলা। বিষয়টি বেমন গুরুতর, তেমনি হরহ; অতএব এবারে এইখানেই সমাপ্তি করা বিধেয়। সামান্য-বিশেষের মধ্যে, তথৈব আত্মসন্তা এবং বস্তু-সন্তার মধ্যে, শক্তির কিরূপ চলাচলি হয়; এবং হুয়ের মধ্যে মর্ম্মাস্তিক ঐক্যুস্ত্রেই বা কিরূপ, এই সকল হ্রুহ বিষর বারাস্তরের আলোচনার জন্য হাতে রাথিয়া দেওয়া হইল।

শ্রীদিজেন্দ্রনাথ ঠাকুর।

নৌকাডুবি।

でくりの人

२७

তগনো বেলা যায় নাই, এমন-সমন্ব প্রীমার চরে ঠেকিয়া গুলা। সেদিন অনেক ঠেলাঠেলিতেও প্রীমার ভাসিল না। উটু পাড়ের নীচে জলচর পাথীদের পদাকথচিত এক-স্তর বালুকান্মর এনিমতট কিছুদ্র হইতে বিস্তীর্ণ হইয়। নদীতে আসিয়া নামিয়াছে। দেইখানে গ্রামবধ্রা তখন দিনাস্তের শেষ জলসঞ্চয় করিয়া লইবার জন্ম ঘট লইয়া আসিয়াছিল। ভাহাদের. মধ্যে কোনো কোনো প্রগল্ভা বিনা অবস্তর্গনে এবং কোনো কোনো ভীরু ঘোন্টার অস্তরাল হইতে স্বীমারের দিকে

চাহিয়া কৌতৃহল মিটাইতেছিল। উর্দ্ধনাসিক '
স্পর্দ্ধিত জলবানটার ছব্বিপাকে গ্রামের ছেলেগুলা পাড়ের উপরে দাঁড়াইয়া চাঁৎকারস্বরে
ব্যঙ্গোক্তি করিতে করিতে নৃত্য করিতেছিল।

ওপারের জনশৃত্য চরের মধ্যে স্থ্য অন্ত গেল। রমেশ জাহাজের রেলিং ধরিয় সন্ধার আভায় দীপামান পশ্চিম দিগন্তের দিকে চুপ করিয়া চাহিয়া ছিল। কমলা তাহার বেড়া-দেওয়া রাঁধিবার জায়গা হইডে আসিয়া কামরার দরজার পাশে দাঁড়াইল। রমেশ শীক্ষ পশ্চাতে মুধ ফিরাইবে, এমন সম্ভাবনা না দেখিয়া সে মৃহতাবে একটু-আধ্টু কাশিল—তাহাতেও কোন ফল হইল না — অবশেষে তাহার চাবির গোছা দিয়া দরজায় ঠক্ঠক করিতে লাগিল। শব্দ যথুন প্রবলতর হইল, তথন রমেশ মুথ ফিরাইল। ক্ষলাকে দেখিয়া তাহার কাছে আসিয়া কহিল—"এ তোমার কি-রকম ভাকিবার প্রণালী ?"

ক্ষলা কৃহিল—"তা, কি রক্ষ করিয়া ডাকিব ?"

রমেশ কহিল, "কেন, বাপমায়ে আমার
নামকরণ করিয়াছিলেন কিসের জন্ত,— যদি
কোনো ব্যবহারেই না লাগিবে ? প্রয়োজনের
সময় আমাকে রমেশবাবু বলিয়া ভাকিলে
কভি কি ?"

আবার সেই একই-রকম ঠাটা! কম্লার কপোলে এবং কর্ণমূলে সন্ধার আভার উপরে আরো একটুথানি রক্তিম আভা থোগ দিল;—দে মাথা বাঁকাইয়া কহিল, "তুমি কি যে বল, তাহার ঠিক নাই! শোন, তোমার ধাবার তৈরি; একটু সকাল-সকাল ধাইয়া লও! আজ ওবেলায় ভাল করিয়া থাওয়া হয় নাই।"

নদীর বাতাদে রমেশের ক্ষ্ণাবোধ হইতেছিল। আয়োজনের অভাবে পাছে কমলা ব্যস্ত হইয়া পড়ে, দেইজ্ব কিছুই বলে নাই—এমন সময়ে অ্যাচিত আহারের সংবাদে তাহার মনে যে একটা হ্রথের আব্দোলন তুলিল, তাহার মধ্যে একটু বৈচিত্র্য ছিল। কেবল ক্ষ্ণানিবৃত্তির আসয় সস্তাবনার হ্রথ-নহে—কিন্তু সে যথন জানিতেছেনা, তথনো যে তাহার জন্ত একটি চিন্তা

জাগ্রত আছে,—একটি চেষ্টা ব্যাপৃত রহিয়াছে,
—তাহার সধ্বন্ধ একটি কল্যাণের বিধান
স্বতই কাজ করিয়া চলিয়াছে, ইহার
গৌরব সে হৃদয়ের মধ্যে অস্কুভব না
করিয়া থাকিতে পারিল না। কিন্তু ইহা
তাহার প্রাপ্য নহে, এত-বড় জিনিষটা কেবল
ভ্রমের উপরেই প্রতিষ্ঠিত—এই চিস্তার নিষ্ঠুর
আঘাতও সে এড়াইতে পারিল না—সে শির
নত করিয়া দীর্যনিখাস ফেলিয়া ঘরের মধ্যে
প্রবেশ করিল।

কমলা াহার মুথের জাব দেখিরা আশ্চর্য্য হইয়া কহিল—"তোমার বৃঝি থাইতে ইচ্ছা নাই ? কুধা পায় নাই ? আমি কি তোমাকে জোর করিয়া থাইতে বলিডেছি ?"

রমেশ তাড়াতাড়ি প্রফুলতার ভাণ করিয় কহিল—"তোমাকে জাের করিতে হইবে কেন, আমার পেটের মধ্যেই জাের করিতেছে। এখন ত খুব চাবি ঠক্-ঠক্ করিয়া ভাকিয়া আনিলে, শেষকালে পরিবেষণের সময় যেন দর্শহারী মধুস্দন দেখানা দেন।"

এই বলিখা রমেশ চারিদিকে চাহিয়া কহিল—"কই, থাজন্তবা ত কিছু দেখি না। থব কুধার জেরে থাকিলেও এই আস্বাব্-গুলা আমার হজম হইবে না—ছেলেবেলা হইতে আমার অন্তর্কম অভ্যাস।"—রমেশ কামরার বিছানা প্রভৃতি অন্ত্রনির্দেশ করিয়া দেখাইয়া দিল।

ক্ষণা থিল্থিল্ ক্রিয়া হাসিরা উঠিল। হাসির বেগ থামিলে কহিল—"এখন ব্বি আর সব্র সহিতেছে না ? যথন আকাশের দিকে তাকাইরা ছিলে, তথন বৃবি ক্ষথাত্ঞা ছিল না। আর বেম্নি আমি ডা িলাম, অম্নি মনে পড়িয়া গেল ভারি কুধা পাইয়াছে! আছো, তুমি একমিনিট বোস, আমি আনিয়া দিতেছি।"

রমেশ কহিল—"কিন্ত দেরি হইলে এই বিছানাপতা কিছুই দেখিতে পাইবে না— তথন আমার দোষ দিয়ো না!"

রিদিকতার এই পুনরুক্তিতে কমলার কম আমোদবোধ হইল না!, তাহার আবার ভারি হাসি পাইল। সরগ হাভোচ্ছাসে ঘরকে স্থাময় করিয়া-দিয়া কমলা জ্তপদে থাবার আনিতে গেল। রুমেশের কাষ্ঠ-প্রক্লতার ছল্মণীপ্তি মুহুর্তের মধ্যে কালিমায় বাপ্ত হইল।

উপরে-শালপাত-ঢাকা একটা চাঙারি নইয়া অনতিকাল পরেই কমলা কামরায় প্রবেশ কারল। বিদ্যানার উপরে চাঙারি রাথিয়া আচল দিয়া ঘরের মেজে মুদ্ভিতে লাগিল।

রমেশ ব্যস্ত হইয়া কহিল, "ও কি করিতেছ ?"

কমণা কহিল—"আমি ত এথনি কাণড় ছাড়িয়া কেলিব।"—এই বলিয়া লালপাতা তুলিয়া পাতিল ও তাহার উপার লুচি ও তরকারী নিপুণ্হতে সাজাইয়া দিল।

কমলা সহজে রহস্ত ফাঁস না করিয়া অত্যন্ত নিগুঢ়ভাব ধারণ করি:

নিগুঢ়ভাব ধারণ করি:

কিমন করিয়া বল দেখি ?"

রমেশ কঠিন চিস্তার ভাগ করিয়া
কহিল—"নিশ্চয়ই থালাদীদের জলখাবার
ইইতে ভাগ বসাইয়াছ!"

কমলা অত্যস্ত উত্তেজিত হইয়া কহিল---"কথ্থন না! রাম বল!"

রমেশ থাইতে থাইতে লুচির আদিকারণসম্বন্ধে যত-রাজ্যের অসম্ভব কল্পনা দারা
কমলাকে রাগাইয়া তুলিল। যথন বলিল,
"আরব্য উপভাসের প্রদীপওয়ালা আলাদীন
বেলুচিয়ান হইতে গ্রম-গ্রম ভাজাইয়া
তাহার দৈত্যকে দিয়া সওগাদ পাঠাইয়াছে,"
তথন কমলার আর ধৈর্য্য কিছুতেই রহিল
না,—সে মুথ ফিরাইয়া কহিল, "তবে যাও—
আমি বলিব না!"

রমেশ ব্যস্ত ইইয়া কহিল—"না না, আমি হার মানিতেছি! মাঝ্দরিয়ায় লুচি—
এ বে কেমন করিয়া সম্ভব হইতে পারে,
আমি ত ভাবিয়া পাইতেছি না—কিন্ত ত্বু
থাইতে চমৎকার লাগিতেছে!"

এই বলিয়া রমেশ তত্ত্বনির্ণয় অপেকা কুধানিবৃত্তির শ্রেষ্ঠতা সবেগে সপ্রমাণ করিতে লাগিল।

'ষ্টামার চরে ঠেকিয়া গেলে, শৃক্তভাণ্ডারপ্রণের চেটায় কমলা উমেশকে গ্রামে
পাঠাইয়াছিল। স্থলে থাকিতে জলগানিস্থরণে রমেশ কমলাকে যে কয়টিটাকা দিয়াছিল, তাহারই মধ্য হইতে আয়-কিছু বাঁচিয়াছিল, তাহাই দিয়া কিছু বি-ময়দা সংগ্রহ
হইল। উমেশকে কমলা জিজ্ঞাসা করিল—
"উমেশ, তুই কি থাবি বল্দেখি?"

উমেশ কহিল—"মাঠাক্রণ, দরা, কর যদি, গ্রামে গোয়ালার বাড়ীতে বড় সরেস দই দেখিয়া আদিলাম—কলা ত খরেই আছে, আর পরসা-হ্রেকের চিঁড়ে-মুড়কি হই-লেই পেট ভরিয়া আজ ফলার করিয়া লই।" লুক বালকের ফলারের উৎসাহে কমলাও উৎসাহিত হইয়া উঠিল—কহিল, "পয়লা কিছু বাঁচিয়াছে উমেশ ?"

উমেশ कश्लि—"किছू ना मां !"

কমলা মৃদ্ধিলে পড়িয়া গেল। রমেশের কাছে কেমন করিয়া মৃথ ফুটিয়া টাকা চাহিবে, তাই ভাবিতে লাগিল। একটু পরে বলিল—
"তোর ভাগ্যে আজ যদি ফলার না-ই জোটে, তবে লুচি আছে—তোর ভাবনা নাই। চল্, ময়লা মাথ্বি চল্!"

্উমেশ কহিল—"কিন্তু মা, দই যা দেখিয়া আদিলাম, দে আর কি বলিব।"

কমলা কহিল, "দেপ্ উমেশ, বাবু যথন শাইতে বসিবেন, তথন তুই তোর বাজারের পরসা চাহিতে আসিদ।"

রমেশের আহার কতকটা অগ্রসর হইলে, উমেশ আসিয়া দাঁড়াইয়া সসকোচে মাথা চূল্কাইতে লাগিল। রমেশ তাহার মুথের দিকে চাহিল। সে অর্দ্ধোক্তিতে কহিল— "মা, বাজারের পয়সা—"

তথন রমেশের হঠাৎ চেতনা হইল যে,
আহারের আয়োজন করিতে হইলে অর্থের
প্রয়োজন হয়, আলাদীনের প্রদীপের অপেক।
করিলে চলে না। ব্যস্ত হইয়া কহিল—

"কমলা, ভোমার কাছে ত টাকা কিছুই
নাই। আমাকে মনে করাইয়া দাও নাই
কেন ?"

কমলা নীরবে অপরাধ স্বীকার করিয়া লইল। আহারাস্তে রমেশ কমলার হাতে একটিছোট ক্যাশ্বাফা দিয়া কহিল—"এখন-কার মত তোমার ধনরত্ব সব এইটেতেই রহিল।" এইরপে গৃহিণীপনার সমস্ত ভারই আপনা হইতেই কমলার হাতে গিয়া পড়িতেছে, রমেশ তাহা প্রত্যক্ষ করিয়া আবার একবার জাহাজের রেলিং ধরিয়া পশ্চিম আকাশের দিকে চাহিল। পশ্চিম আকাশ দেখিতে দেখিতে তাহার চোথের উপরে সম্পূর্ণ অন্ধকার হইয়া আসিল।

উমেশ আজ পেট ভরিয়া চিঁড়ে-দই-কলা মাথিয়া ফলার করিল। কমলা সমুথে দাঁড়া-ইয়া তাহার জীবনর্ভান্ত সবিস্তারে আয়ন্ত করিয়া লইল।

বিমাতা-শাসিত গৃহের উপেক্ষিত উমেশ কানীতে তাহার মাতামহীর কাছে পালাইয়া যাইতেছিল—দে কহিল, "মা, যদি তোমাদের কাছেই রাথ, তবে আমি আর কোথাও যাই না।"

মাতৃহীন বালকের মুখে মা-সম্ভাষণ গুনিয়া বালিকার কোমল হৃদয়ের কোন্এক গভীরদেশ হইতে জননী সাড়া দিল—
কমলা স্পিশবের কহিল—"বেশ ত উমেশ,
তুই আমাদের সঞ্চেই চলু!"

२१

তীরের বনরাঞ্জি অবিচ্ছিন্ন মসীলেখার সন্ধ্যা-वध्य भागात अकला काला পाफ होनिया দিল। গ্রামান্তরের বিলের মধ্যে সমন্তদিন চরিয়া বছাহংসের দল আকাশের মানায়মান স্ব্যান্তদীপ্তির মধ্য দিয়া ওপারের তরুশ্র নিভ্ত জলাশয়গুলিতে রাত্রি-বালুচরে কাকেদের ক্ত हिनद्राटह । যাপনের বাসায় আসিবার কলরব থামিয়া - গেছে! নদীতে নোকা তথন একটিমাত্র বড় ভিত্তি গাছ সোনালিসবুজ

নিশুরক জলের উপর দিয়া আপন কালিমা বহিয়া নিঃশকে গুণ টানিয়া চলিয়াছিল।

রমেশ জাহাজের ছাদের সম্প্রভাগে নবাদিত শুক্লপক্ষের তরুণটাদের আলোকে বেতের কেদারা টানিয়া-লইয়া বসিয়া ছিল। এই শ্রু নদীতটের সন্ধার উর্দ্ধদেশে টাদ যেমন দিক্প্রাস্তের কুহেলিকা হইতে নির্দ্ধল মধ্যাকাশে আপনি ভাসিয়া উঠিতেছে—তেম্নিরমেশের সমস্ত চিতের গভীরতা ইইতে একটি মধুর স্থতি বিকীণ মেঘজ্ঞালের ভিতর দিয়া আপনি নিঃশন্ধপদে সকলের উচ্চে ভাসিয়া উঠিতেছিল।

কালিদাস বলিয়াছেন--রমণীয় দুগু দেখিলে এবং মধুর ধ্বনি ভনিলে জন্মান্তরের ভালবাদাওলি যেন মনে পড়িয়া যায়। কালিদাসের সেই শ্লোকটি মনে মনে আবত্তি করিয়া রমেশ ভাবিতে লাগিল, 'ইহজন্মের मध्य हे अन्या छत्र घटि। द्विनिधितनत कथा नह. -একমান ও হইবৈ না-সেদিন ত আজ একে-বারে গতজন্মের মতই গত। সেই দিনের মধ্যে আজ প্রবেশের কোন পথই দেখা যাইতেছে ना—हठा९ भासथात्न (यन এकभूटूर्ल वह-শতাকী প্রবাহিত হইয়া দেদিনকে অতিবৃত্ত •পরপারের অস্তাচলচ্চায়ার মধ্যে গেছে।' আজিকার এই নদীতীরের শরংসক্যা তাহার জগব্যাপা उँट्र অবসানবেদনার নিতক্তার রমেশের সেই গতজন্মকে আছের क्रिया के उसक्नाम आञ्चरन, के ज्नम्छ বালুতটে, এই ভরকরেখাবিহীন বিপুল জল-রাশির • উপরে একাকিনা অবও্টি চমু: থ কীণজ্যোৎস আকাশতলে দাঁড়াইরা আছে। **দেদিনের সহিত আ**জিকার তাহার

मिटनत क्रनकाटनत मर्साहे এ उ-वर्फ विटक्स হইয়া গেছে, তবু সেই অতীতশন্দ্রী বিখ-জগৎকে সেই চিরপরিচিত মূর্ত্তিতে উদ্মেষিত করিয়া তুলিতেছে। সেই ভাবগভীর মুখ, সেই নির্মাল লগাটের উপরে জলভারন্ত্র নবনীরদের মত শুন্তিত কেশরাজি, সেই অকুমার গ্রীবা, সেই তরুণ তত্মদেহে কোমল শাড়ীটির তরঙ্গিত অঞ্চলরেথা, সেই স্লিগ্ধ-বিশ্বস্ত দৃষ্টির নিবিড় একাগ্রতা আজ সায়াছের মানিমা হইয়া, দক্ষাভারার স্বদূরতা হইয়া. গ্রামের নিভত-নিস্তর বিপ্রাম তরুপ্রচ্ছন্ন হইয়া, জনশৃত্ত বালুতটের দিগস্তপ্রসারিত পাতুরতা হইয়াবিশাল প্রকৃতির মৃক-বৃহৎ অব্যক্তভাষায় জলে-হলে-আকাশে,—চল্লের অফুট আলোকে ও বনের প্রগাঢ়ছারার,— নদীর স্থিমিত-গোপন গতিতে ও তটভূমির র্তিমিরাচ্চন্ন গম্ভীর নিশ্চলতায় অপরপভাবে ভাষান্তরিত হইতে লাগিল এবং রমেশকে অন্তরে-বাহিরে, আপাদমন্তকে, ভাহার চেতনার কুহরে-কুহরে আবিষ্ঠ ধরিল-অনির্বাচনীয় বেদনায় ভাগার হং-পিওকে পীড়ন করিয়া ভাহার শঙ্ক্তিদ্র হইতে প্রেমের তাক্ষবেগে নিস্তব্ধ নক্ষত্রলোকের মাঝখানে উৎসারিত করিয়া দিল।

পশ্চিম আকাশ হইতে সন্ধার শেষ. স্বর্গছোয়া মিলাইয়া গেল; চক্রালোকের ইক্রজালে কঠিন জগং যেন গানে, যেন স্থালে, যেন কবির কল্পনারূপে বিগলিত হইয়া আসিল। রমেশ আপনা-আপনি মৃহস্বরে বলিতে লাগিল—"হেম, হেম!"—সেই নামের শন্তিমাত্র যেন স্থাধুর-স্পার্শরূপে তাহার

সমস্ত হৃদয়কে বারংবার বেটন করিয়া প্রদক্ষিণ করিয়া ফিরিল— সেই নামের শক্টি-মাত্র যেন অপরিমেয়-করুণারসার্জ ছইটি ছায়াময় চক্ষুরূপে তাহার মুখের উপরে বেদনা বিকীর্ণ করিয়া চাহিয়া রহিল। রমেশের সর্ব্রদারীর পুল্কিত এবং ছই কু অশ্রাসক্ত ছইয়া আসিল।

তাহার গত গ্রই বৎসরের জীবনের সমস্ত ইতিহাস তাহার মনের সন্মুথে প্রসারিত হইয়া গেল; —সমস্ত ভূচ্ছকথা, কুদ্ৰঘটনা এক অপুর্বে রাগিণীর দারা প্রবাহিত হইয়া ভাহার বক্ষের মধ্যে কুহরিত হইতে কাগিল। হেমনলিনীর সহিত তাহার প্রথম পরিচয়ের দিন মনে পড়িয়া গেল। সেদিনকে রমেশ তাহার জীবনের একটি বিশেষ দিন বলিয়া চিনিতে পারে নাই। যোগেল যথন তাহাকে তाहारमञ्ज हारमञ्ज टिविटन नहेमा राम, रमथारेन হেমনলিনীকে বসিয়া থাকিতে দেথিয়া লাভুক রমেশ আপনাকে নিতাস্ত বিপর অলে অলে লড়া বোধ করিয়াছিল। ভাঙিয়া গেল, হেমনলিনীর সঙ্গ অভ্যন্ত হইয়া चानिन, क्रांस मिटे चलामित वक्षन त्राम्यक বন্দী করিয়া তুলিল। কাব্যসাহিত্যে রমেশ প্রেমের কথা যাহা-কিছু পড়িগাছিল, সমস্তই সে হেমনলিনীর প্রতি আরোপ করিতে .আরম্ভ করিল। আমি ভালবাসিতেছি মনে ক্রিরা সে মনে মনে একটা অহকার অহভব ক্রিল। তাহার সহপাঠীরা পরাক। উত্তীর্ণ হইবার জন্ম ভালবাসার কবিতার এথ মুখত্ত ক্রিয়া মরে—আর রমেশ সভাসভাহ ভালবাদে, ইহা চিস্তা করিয়া অত্য ছাত্রাদগকে সে ক্রপাপাত্র মনে করিত। রমেশ আজ আলো-

চনা করিয়া দেখিল, সেদিনও সে ভালবাসার বহির্বারেই ছিল। কিন্তু যথন অকন্মাৎ কমলা আসিয়া তাহার জীবনসমস্থাকে জটিল করিয়া তুলিল, তথনি নানা বিরুদ্ধ ঘাত-প্রতিহাতে দেখিতে দেখিতে হেমনলিনীর প্রতি তাহার প্রেম স্মাকারধারণ করিয়া, জীবন গ্রহণ করিয়া জাগ্রত হইয়া উঠিল। এখন আর এ শাস্ত্রালোচনা নহে, থেলা নহে, এখন স্থুগুংখ নিরতিশয় নিবিড় হইয়া উঠিয়াছে, এখন প্রেম জীবন-মরণ অধিকার করিয়া বসিয়াছে, সংসারের সকল সত্যের চেয়ে সে সত্যতম হইয়া দীডাইয়াছে।

রমেশ তাহার হই করতলের উপরে শির
নত করিয়া ভাবিতে লাগিল, সমুথে সমস্ত
জীবনই ত পড়িয়া রহিয়াছে—তাহার ক্ষুধিত
উপবাসী জীবন—য়শ্ছেল সক্ষটজালে বিজডিত। এ জাল কি সে দবলে ছই হাত
দিয়া ছিয় করিয়া ফেলিবে না ? ছিয় করিতেই
হইবে—তাহার ইংজীবনের য়াহা সর্বাপেকা
সত্যা, য়াহা সব্বোচ্চ সফলতা, তাহা লাভ
করিতেই হইবে! তাহার কোন্ এক জামগায় কাপুক্ষতার ছিদ্র পাহয়া শনি তাহাকে
গ্রাস কার্মাছে—কঠিন সত্যকে আশ্রয়
করিয়া কোনো আপাত-ফলের দিকে না
তাকাইয়া বারের ভায়ে আপনাকে মুক্তি
দিতে হইবে!

এই বলিয়া সে দৃত্সকলের আবেংগ হঠাং
মুথ তুলিয়া দেখিল, অদুরে আর-একটা
বেতের চৌকির পিঠের ভপরে হাত রাখিয়
কমলা দাঁড়াংয়া আছে। কমলা চকিত হইয়া
বলিয়া উঠিল, "তুমি মুমাইয়া পড়িয়া-

ছিলে, আমি বৃঝি তোমাকে জাগাইয়া দিলাম ?"

অহতথ কমলাকে চলিয়া যাইতে উপ্তত দেখিয়া রমেশ তাড়াতাড়ি কহিল—"না, না কমলা, আমি ঘুমাই নাই তুমি বোস, তোমাকে একটা গল বলি।"

গল্পের কথা শুনিয়া কমলা পুলকিত হইয়া চৌকি টানিয়া-লইয়া বসিল। রমেশ স্থির করিয়াছিল, কমলাকে সমত কথা প্রকাশ করিয়া বলা অত্যাবশুক হইয়াছে। কিন্তু এত-বড় একটা আঘাত হঠাৎ সে দিতে পারিল না তাই বালল, "বোস, তোমাকে একটা গল্প বলি।"

রমেশ কাহল—"দেকালে একজাত ক্তিয় ছিল, তাহারা—"

কমলা জিজ্ঞাসা করিল — "কবেকার কালে ? অনে — ক-কাল আগে ?"

রমেশ কহিল—"হাঁ, সে অনেককাল আগে। তথন তোমার জন্ম হয় নাই।"

কমলা। তোমারি নাকি জন্ম হইয়া-ছিল। তুমি নাকি বহুকালের লোক। তার পরে।

রমেশু। সেহ ক্ষতিয়দের নিয়ম ছিল, জাহারা নিজে বিবাহ করিতে না গিয়া তলোয়ার পাঠাইয়া দিত। সেহ তলোয়ারের সহিত বধুর বিবাহ হুইয়া গেলে তাহাকে বাড়ীতে আনিয়া আবার বিবাহ করিত।

ক্মলা। নানা, ছিঃ! ও কি-রক্ম র্বিবাহ।

রমেশ। আমিও ও-রকম বিবাহ পছল জার না—কিন্তু কি করিব—বে ক্ষত্রিয়দের কণা বালতেছি, ভাহারা খণ্ডরবাড়ী নিজে গিয়া বিবাহ করিতে অপমান বোধ করিত। আমি যে রাজার গল্ল বলিতেছি, সে ঐ জাতের ক্ষত্রিয় ছিল। একদিন সে—

কমলা। তুমি ত বলিলে না, সে কোথাকার রাজা p

রমেশ বলিয়া দিল—"মদ্রদেশের রাজা। একদিন সেই রাজা—"

কমলা। রাজার নাম কি আগে বল!
কমলা সকল কথা স্পষ্ট করিয়া লইতে
চায়—তাহার কাছে কিছুই উহু রাখিলে
চলিবে না। রমেশ এতটা জানিলে আগে
হইতে আরো বেশি প্রস্তুত হইয়া থাকিত—
এখন দেখিল, কমলার গল্প শুনিতে যতই
ভাগ্রহ থাক্, গলের কোনো জায়গায় তাহার
ফাকি সহু হয় না।

রমেশ হঠাৎ প্রশ্নে একটু ধন্কিয়া বলিল, "রাজার নাম রণজিৎ সিং।"

কমলা একবার আবৃত্তি করিয়া লইল— "রণজিৎ সিং, মদ্রদেশের রাজা। তার পরে ?"

রমেশ। তার পরে একদিন রাজা ভাটের মূথে গুনিলেন, তাঁহারি জাতের আর-এক রাজার এক পরমা স্থলবী কন্তা আছে।

কমলা। সে আবার কোথাকার রাজা? রমেশ। মনে কর, সে কাঞ্চীর রাজা। কমলা। মনে করিব কি! তবে সত্যু কি সে কাঞ্চীর রাজা নয়?

রনেশ। কাঞীরই রাজা বটে। তুমি তার নাম জানিতে চাও ? তার নাম অমর-সিং।

কমলা। সেই মেয়ের নাম ত বলিলে না ? সেই পরমা সুন্দরী কঞা। রমেশ। হাঁ হাঁ, ভূল হইয়াছে বটে। সেই মেয়ের নাম—তাহার নাম—ওঃ, তাহার নাম চন্দ্রা—

কমলা। আশ্চর্যা তুমি এমন ভূলিয়া ধাও। তুমি ত আমারি নাম ভূলিয়াছিলে!

রমেশ। কোশলের রাজা ভাটের মুথে এই কথা শুনিয়া—

ক্ষণা। কোশলের রাজা কোথা হইতে আসিল ? ভূমি যে বলিলে মদ্রদেশের রাজা—

রমেশ। সে কি এক ভারগার রাজ। ছিল মনে কর ? সে কোশলেরও রাজা, মজেরও রাজা।

কমলা। ছই রাজ্য বৃঝি পাশাপাশি ?
রমেশ। একেবারে গায়ে-গায়ে লাগাও।
এইরূপে বারংবার ভূল করিতে করিতে
ও সতর্ক কমলার প্রশ্নের সাহায্যে সেই সকল
ভূল কোনমতে সংশোধন করিতে করিতে
রমেশ এইরূপভাবে গলটি বলিয়া গেল:—

"মন্তরাজ রণজিংসিং কাঞ্চীরাজের নিকট রাজকস্তাকে বিবাহ করিবার প্রস্তাব জানা-ইয়া দৃত পাঠাইয়া দিলেন। কাঞ্চীর রাজ। অমরসিং খুসি হইয়া সম্মত হইলেন।

"তথন রণজিংসিংহের ছোট তাই ইন্দ্রজিং-সিং সৈক্সসামস্ত লইয়া নিশান উড়াইয়া ক্যানাকাড়া ছন্দুভিদামামা বাজাইয়া কাঞ্চীর রাজোভানে গিয়া তাঁবু ফেলিলেন। কাঞ্চী-নগরে উৎসবের সমারোহ পড়িয়া গেল।

"রাজার দৈবজ্ঞ গণনা করিয়া শুভ দিনকণ স্থির করিয়া দিল। ক্লঞা ঘাদশীতিথিতে রাজি আড়াই প্রহরের পর লগ্ন। রাজে নগরের বরে মরে সুলের মালা ছলিল এবং দীপাবলি জ্বলিয়া উঠিল। আজি রাত্তে রাজকুমারী চক্রার বিবাহ।

"কিন্ত কাহার সহিত বিবাহ, রাজকঞা চক্রা সে কথা জানেন না। তাঁহার জন্ম-কালে পরমহংস পরানন্দস্থামী রাজাকে বলিয়াছিলেন, 'তোমার এই কন্সার প্রতি অভভগ্রহের দৃষ্টি আছে, বিবাহকালে পাত্রের নাম যেন এ কন্সা জানিতে না পারে।'

শ্থাকালে তরবারির সহিত রাজকভার গ্রান্থবন্ধন হইয়া গেল। ইক্সজিৎসিং থৌতুক আনিয়া তাঁহার ভ্রাত্বধূকে প্রণাম করিলেন। মদ্রাজ্যের রণজিৎ এবং ইক্সজিৎ যেন বিতীয় রামলক্ষণ ছিলেন। ইক্সজিৎ আর্থ্যা চক্ষার অবগুর্ভিত লজ্জারুণ মুখের দিকে তাকাইলেন না—তিনি কেবল তাঁহার নুপুরবেষ্টিত স্থকুমার চরণবুগলের অলক্ররেপাটুকুমাত্র দেখিয়াছিলেন।

"যথারীতি বিবাহের পরদিনেই মুকামালার ঝালর-দেওয়া পালছে বধ্কে লইয়া
ইক্রজিং স্থদেশের দিকে যাত্রা করিলেন।
অন্তত্যহের কথা শ্ররণ করিয়া শক্ষিতহাদয়ে
কাঞ্চীরাজ কতার মন্তকের উপরে দক্ষিণহত্ত
রাথিয়া আশার্কাদ করিলেন—মাতা কতারমুধচুথন করিয়া অক্রজন সংবরণ করিতে
পারিলেন না—দেবমন্দিরে সহস্র গ্রহবিপ্র

"কাঞ্চী হইতে মত্র বছদ্র—প্রায় এক-মাসের পথ। বিতীয়রাতে, বধন বেতসা-নলীর তীরে শিবির রাধিরা ইক্সজিতের দলবল বিপ্রামের আয়োজন করিতেছে, এমন-সময় বনের মধ্যে মশালের আলো দেধা গেল। ব্যাপারখানা কি, জানিবার জন্য ইক্সজিৎ দৈনা পাঠাইয়া দিলেন।

"দৈনিক আদিরা কহিল, 'কুমার, ইহারাও আর-একটি বিবাহের যাত্রিদল। ইহারাও আমাদের অপ্রেণীয় ক্রির অস্ত্রোঘাহ সমাধা করিয়া বধুকে পতিগৃহে লই গা চলিয়াছে। পথে নানা বিশ্বভয় আছে, তাই ইহারা কুগারের শরণ প্রার্থনা করিতেছে আদেশ পাইলে কিছুদ্র পথ ইহারা আমাদের আশ্রের যাত্রা

"কুমার ইঞ্জিৎ কহিলেন, 'শরণাপন্নকে আশ্রম দেওয়া আমাদের ধর্ম। যত্ন করিয়া ইহাদিগকে রক্ষা করিবে।'

"এইরূপে ছুই শিবির একতা মিলিত হুইল।

"তৃতীয় রাত্রি অমাবস্থা। সমুথে ছোট ছোট পাহাড়, পশ্চাতে অরণ্য। শ্রাস্ত দৈনিকেরা ঝিল্লীর শক্ষে ও অদূরবর্ত্তী ঝরণার কলধ্বনিতে গভীর নিজায় নিময়।

"এমন সময়ে হঠাৎ কলরবে সকলে লাগিয়া উঠিয়া দেখিল, মন্দ্রশিবিরের ঘোড়া-গুলি উন্মত্তের ন্যায় ছুটাছুটি করিতেছে—কে তাহাদের রজ্জু কাটিয়া দিয়াছে— এবং মাঝে মাঝে একএকটা তাঁবুতে আগুন লাগিয়াছে ও তাহার দীপ্তিতে অমারাত্রি রক্তিমবর্ণ হইয়া উঠিয়াচে।

"ব্ঝা গেল, দক্ষ্য আক্রমণ করিয়াছে। মারামারি, কাটাকাটি বাধিরা গেল—অর্ন-কারে শক্ত-মিত্র ভেদ করা কঠিন। সমস্ত উচ্ছ্মল হইরা উঠিল—ক্ষ্মারা সেই স্থ্যোগে কৃতিগাট করিরা জারণ্যে-পার্নতে অস্তর্জান ক্রিল। "যুদ্ধ-অন্তে রাজকুমারীকে আর দেখা গেল না। তিনি ভরে শিবির হইতে বাহির হইয়া পড়িয়াছিলেন এবং একদল পলায়নপর লোককে স্বপক্ষ মুনে করিয়া তাহাদের সহিত মিশিয়া গিয়াছিলেন।

"তাহার। অন্ত বিবাহের দল। গোলেনালে তাহাদের বধুকে দহার। হরণ করিয়া লইয়া গেঁছে। রাজকন্তা চন্দ্রাকেই তাহারা নিজেদের বধুজ্ঞান করিয়া ক্রতবেংগ স্থানেশে যাত্র। করিল।

"তাহারা দরিত ক্রতির; কলিকে সমুদ্র-তারে তাহাদের বাস। সেথানে রাজকভার স্থিত অভাপক্রের বরের মিলন হইল। বরের নাম চেৎসিং।

"চেৎসিংহের মা আসিয়া বরণ করিয়া বধুকে ঘরে তুলিয়া লইলেন। আত্মীয়স্বজন সকলে আসিয়া কহিল, 'আহা, এমন রূপ ত দেখা যার না!'

"মুগ্ধ চেৎসিং নববধুকে ঘরের কল্যাণলক্ষী বলিয়া মনে মনে পুজা করিতে লাগিল। রাজকনাও সতীধর্মের মর্য্যাদা বুঝিতেন—
তিনি চেৎসিংকে আপন পতি বলিয়া জানিয়া তাহার নিকট মনে মনে আত্মজীবন উৎসর্গ করিয়া দিবেন।

"নবপরিণয়ের পজ্জা ভাঙিতে কিছুদিন গেল। যথন লজ্জা ভাঙিল, তথন কথায়-কথায় চেৎসিং জানিতে পারিল যে, যাহাকে সে বধু বলিয়া ঘরে লইয়াছে, সে রাজকন্যা চন্দ্রা।"

26

কমলা রুদ্ধনিখাসে একাস্ত আগ্রহের সহিত ভিজ্ঞাসা করিল—"তার পরে ?"

त्राम कहिन-" এই পराखरे जानि, ভার পরে আর জানি না। তুমিই বল দেখি, তার পরে কি !"

कमना। ना ना, त्म इटेंदर ना, जात পরে কি আমাকে বল !

রমেশ। সত্য বলিতেছি, যে গ্রন্থ ইইতে এই গল্প পাইয়াছি, তাহা এখনো সম্পূর্ণ প্রকা-निज इम्र नाहे-- (नात्यत अशामणीन करव বাহির হইবে, কে জানে!

ক্মলা অত্যন্ত রাগ করিয়া কহিল-"যাও, ভূমি ভারি হুষ্টু ! তোমার ভারি অন্যায় !

রমেশ। যিনি বই লিখিতেছেন, তার সঙ্গে রাগারাগি কর। তোমাকে আমি কেবল এই প্রশ্ন জিজ্ঞাসা করিতেছি, চেৎ-সিংহের কি করা উচিত এবং ইহার শেষটা कि इटेल ভाग रत्र ?

कमना। आध्वा, हजा कि हि९निश्दक ভালবাসিয়াছে ?

রমেশ। গ্রন্থের ভাব দেখিয়া ত তাই বোধ হয়। কিন্তু ভাগ বাস্ত্ৰ বা না বাস্ত্, এখন উপায় कि ? हक्कांत्र यिनि जानन सामी, সেই মদ্রবাজের কাছে চক্রাকে পাঠাইরা मिला जिनि उ ठकारक शहर कतिरवन ना ।

कमना। छ। छ कत्रियन ना-छ। ना-इ ক্রিলেন—ভাহাতে চন্দ্রার ক্ষতি কি ! চন্দ্রা ৰখন একবার চেৎসিংকেই স্বামী বলিয়া শানিয়াছে, তথন অন্ত লোকে তাহাকে ত্যাগ করে কি গ্রহণ করে, তাহাতে ভাহার কি व्याप्त-साम्।

त्रस्म। जून कि जात्र मः लाधन कत्रा বার না ? বৈ তাহার বথার্থ স্বামী নহে, 🔩 কমলা তথন নদীর দিকে চাহিয়া ভাবিতে

তাহার কাছ হইতে মন ফিরাইয়া-লওয়া বুঝি একেবারেই অসম্ভব!

ুক্মলা। ভূমি কিংধেবল,ভার ঠিক नाइ-मन वृति এको खिनिष्राखत मा दर, বারবার তাহা দেওয়া-নেওয়া করা যায় ?

রমেশ। অচ্ছা বেশ, চেৎসিং ত তাহাকে ধর্মত স্ত্রী বলিয়া গ্রহণ করিতে পারে না! সে ত তাহার;বিবাহিতা নছে।

কমলা। আমি অমন বিবাহ ভাল বুঝিতে পারি না। মন্ত্র পড়িলেই বুঝি বিবাহ হয় ০ তার পরে ত স্বামি-স্তী বলিয়া ছজনের মন বোঝা চাই! সেইটেই ত আসল!

রমেশ। আচ্ছা, মদ্ররাজ যদি থবর পাইরা আসিয়া বলে, 'চেৎসিং, ভূমি আমার স্ত্রীকে লইয়া আদিয়াছ,—দাও, আমাকে ফিরাইয়া नाउ।'

কমলা। তথন তাহারা হলনে কলিলের সমুদ্রের কলে একত্রে ডুব দিয়া মরিবে---রাজার সঙ্গে ত পারিয়া উঠিবে না।

রমেশ কিছুক্ষণ চুপ করিয়া রহিল। জিজ্ঞাসা করিল, "আচ্ছা, চেৎসিং কি চন্দ্রাকে বলিবে যে, সে অন্যের স্ত্রী।"

क्मना कृष्टिन-"वनिनहे वा ।"

त्राम् कहिन-" धरे धक कथात्र हिंद-সিংহের উপর সতী স্ত্রীর ষে:পবিত্র অধিকার, তাহা নষ্ট হইয়া যাইবে—তথন চন্দ্ৰা সে ঘরে কেমন ভাবে থাকিবে ?"

ক্ষলা কহিল-"সে ঘরে আর থাকিবে না, কিৰুতবু ত চেৎসিংকে নে-"

রমেশ। বাপের বাড়ীতেও বদি তাহার বাপ না লয়!

লাগিল—জনেককণ পরে কহিল, "আমি জানি না, সে কি করিবে—আমি ত ভাবিয়। উঠিতে পারি না। বোধ হয়, সে মরিবে।"

রমেশ কিছুক্ষণ স্তব্ধ হইয়া রহিল – কহিল, "মরিবে জানিয়াও কি চেৎনিং সকল কথা চক্রাকে প্রকাশ করিয়া বলিবে ?"

কমলা কহিল, "তুমি বেশ যা হোক্, না বলিয়া বুঝি সমন্ত গোলমাল করিয়া রাখিবে ? চক্রাকে সে এক বলিয়া জানিবে, আর চক্রা বুঝি ভাহাকে আর বলিয়া বুঝিবে ? সে যে বড় বিশ্রী ! চক্রা মরুক্ বা বাঁচুক, সমন্ত স্পষ্ট হওয়া চাই ত !"

রনেশ যন্ত্রের মত কহিল—"ভা ত চাই !" রমেশ কিছুক্ষণ পরে কহিল, "আচ্ছা কমল, যদি—"

कमला। यनि कि ?

রমেশ। মনে কর, আমিই যদি সত্য চেৎসিং হই, আর তুমি যদি চন্দ্রা হও—

কমলা বলিয়া উঠিল, "তুমি অমন কথা আমাকে বলিয়ো না; সত্য বলিতেছি, আমার ভলি লাগেনা।"

রমেশ। না, তোমাকে বলিতেই হইবে।— তাহা হঁইলে আমারই বা কি কর্ত্তব্য, আর তোমারই বা কর্ত্তব্য কি ?

ক্ষণা এ কথার কোনো উত্তর না করিয়া চৌক ছাড়িয়া ফ্রন্ডপদে চলিয়া গেল। দেখিল, উমেশ তাহাদের কামরার বাহিয়ে চুপ করিয়া বিসিয়া নদীয় দিকে চাহিয়া আছে। জিজাসা করিল, "উর্মেশ, তুই কথনো ভূত দেখি-য়াছিদ্ গ্"

> উদেশ কহিল, "দেখিরাছি না!" শুনিয়া কমলা অনতিদুর হইতে একটা

বেতের মোড়া টানিয়া-আনিয়া বসিলকহিল, "কি-রকম ভূত দেখিয়াছিলি বল !"

कमना विवक्त बरेगा हिन्दा शिल वर्गमा তাহাকে ফিরিয়া ডাকিল নাঃ তাহার চোথের সমুধে ঘন বাঁ**শবনের অন্ত**-রালে অদুগু হইয়া গেল। ডেকের উপরকার আলো নিবাইয়া-দিয়া তথন সারং-খালাসিরা জাহাজের নীচের তলায় আহার ও বিশ্রামের চেষ্টার গেছে। প্রথম-দিতীর শ্রেণীতে মাত্রী **क**श्हे हिल ना। তৃতীয়শ্রেণীর অধি-কাংশ যাত্রী রন্ধনাদির ব্যবস্থা করিতে জ্লল ভাঙিয়া ডাঙায় নামিয়া গেছে। তিমিরাজন ঝোপঝাপ-গাছপালার ফাঁকে ফাঁকে অদূরবর্তী বাজারের আলো দেখা যাইতেছে এবং দেখান হইতে লোকালরের কলগুঞ্জনধ্বনি বনভূমির ঝিলীরবকে আছের করিয়া উঠিতেছে। ু পরিপূর্ণ-নদীর **ধরশ্রোত** নোঙরের লোহার শিকলে ঝকার দিয়া ' চৰিয়াছে এবং থাকিয়া-থাকিয়া ভাহৰীর ফীতনাড়ির কম্পবেগ ষ্টামারকে স্পন্দিত করিয়া তুলিতেছে। দূর পারের অর্দ্ধনিময় । निब्बन थाउँवन, निखत्रक नहीत्र शाता. এ পারের বনবেষ্টিত গ্রাম, সমস্তই অন্ধকারের মধ্যে অপরিবাক্তভাবে সৃষ্টির আদিকালীন গর্ভবাসহ্রবির মত দেখা ষাইভেছে।

এই অপরিকৃট বিপ্লতা, এই অন্ধকারের
নিবিড়তা, এই অপরিচিত দৃশ্রের প্রকাশু
অপূর্বভার মধ্যে নিমগ্ন হইনা রমেশ তাহার
কর্তব্যসমভা উত্তেদ করিতে চেষ্টা করিল।
রমেশ ব্বিল বে, হেমনলিনা কিংবা কনলা,
উভ্যের মধ্যে একজনকে বিসর্জন দিভেই
হইবে। উভরকেই রক্ষা করিয়া চলিবার

কোনো মধ্যপণ নাই। তবু হেমনলিনীর আশ্রম আছে— এখনো হেমনলিনী রমেশকে ভূলিতে পারে, সে আর কাহাকেও বিবাহ করিতে পারে, কিন্তু কমলাকে ভ্যাগ করিলে এ জীবনে ভাহার আর কোনো উপায় নাই।

মান্তবের সার্থপরতার অস্ত নাই। হেমনলিনীর বে রমেশকে ভূলিবার সন্তাবনা
আছে, তাহার রক্ষার উপায় আছে—
রমেশের সহস্কে সে যে অনক্সগতি নহে,
ইহাতে রমেশ কোনো সাল্বনা পাইল না,
তাহার আগ্রহের অধীরতা দিগুণ বাড়িয়া
উঠিল। মনে হইল, এখনি হেমনলিনী তাহার
সন্ত্র্ব দিয়া যেন স্থালিত হইরা, — চিরদিনের
মত অনায়ত্ত হইরা চলিরা যাইতেছে, এখনো
বেন বাহু বাড়াইয়া তাহাকে ধরিতে পারা
বার।

ছই করতলের উপরে দে মুধ রাবিয়া ভাবিতে লাগিল। দুরে শৃগাল ডাকিল, প্রামে ছই-একটা অসহিষ্ কুকুর থেউ-থেউ করিয়া উঠিল। রমেশ তথন করতল হইতে মুথ তুলিয়া দেখিল, কমলা জনশৃস্ত অন্ধকার ডেকের রেলিং ধরিয়া দাঁ,ড়াইয়া আছে। রমেশ চৌকি ছাড়িয়া উঠিয়া-গিয়া কহিল, "কমল. তুমি এখনো ভইতে যাও নাই ? রাত ত কম হর্ম নাই !"

° কমলা কহিল 'ভূমি শুইতে ঘাইবে না ?'

রমেশ কহিল—"আমি এখনি বাইব, পুরদিকের কামরাগ আমার বিছানা হই-শাস্থ। ভূমি আর দেরি করিলো না।"

ক্ষলা আর-কিছু না বলিয়া ধীরে ধীরে জ্যাহার নির্দিট কামরার প্রবেশ করিল। সে

আর রমেশকে বলিতে পারিল না যে, কিছুক্ষণ আগেই সে ভূতের গল্প শুনিরাছে, এবং তাহার কামরা নির্জন।

রমেণ কমলার অনিচ্ছুক মন্দেগদ-বিক্ষেপে অন্তঃকরণে আঘাত পাইল— কহিল, *ভয় করিয়ো না কমল—তোমার কামরার পাশেই আমার কামরা—মাঝের দরজা খুলিয়া রাধিব।*

ক্ষণা স্পর্কাভরে ভাষার শির একটুথানি উৎক্ষিপ্ত করিয়া কহিল -- "আমি ভর করিব কিনের ?"

রমেশ তাহার কামরায় প্রবেশ করিয়া বাতি নিবাইয়া-দিয়া শুইরা পাড়ল—মনে মনে কহিল, "কমলাকে পরত্যাগ করিবার কোনো পথ নাই, অতএব হেমনলিনীকে বিদায়! আজ ইহাই স্থির হইল, আর দিধা করা চলে না।"

হেমনলিনীকে বিদায় বলিতে যে জীবন হইতে কতথানি বিদায়, তাহা অন্ধকারের মধ্যে গুইয়া রমেশ অমুভব করিতে লাগিল। তথন হেমনলিনীর প্রতি একটি অল্পূর্ণ অভিমানে রমেশের সমস্ত হলর পরিপূর্ণ ইইয়া উঠিল। যে হেমনলিনী ভাহার সম্পূর্ণ পর হইয়া গেছে, সেই ভবিষ্যতের হেমনলিনী ভাহার করনানেত্রের সমুথে উদিত হইল। রমেশের কথা এখন ভাহাকে কেহু শর্ম করাইয়া দিলে ভাহার লক্ষাবোধ হয়, হাসি পার। রমেশের সহিত সম্বন্ধ এখন ভাহার পক্ষে একসময়কার ছেলেখেলামাল হইরা উঠিয়াছে। রমেশের বিফালে এখন ভাহাকেনানা লোকেনানা কথা গুনাইয়াছে—হেমনলিনী জানিয়াছে যে, রমেশ ক্ষলাকে

বিবাহ করিয়া তাহাদের কাছে গোপন করিয়াছিল। এ সমস্ত কথা শুনিয়াও হেমনলিনী রমেশকে একবার অপবাদক্ষালন করিবার অবকাশমাজও দিল না! রমেশের বিরুদ্ধে এড-বড় কথাটা সে অনায়াসে বিশাস করিতে পারিল! ইহার পরে সে যদি রমেশের অন্তিম্ব একেবারে সম্পূর্ণরূপে ভূলিতে পারিত, তবে তাহা দয়ার কাজ হইত, কিন্তু মুণার তাহাকে ভূলিতে দিবে না-- রমেশের সহিত পূর্বাসম্বন্ধ কঠিন লজ্জার ঘারা খোদিত হইয়া থাকিবে! রমেশ আর বিছানায় চুপ করিয়া থাকিতে পারিল না—উঠিয়া বাহিরে আদিল —নিশীথিনীর অন্ধকারে একবার অন্থতব করিয়া লইল বে, তাহারই লক্ষা, তাহারই

বেদনা অনন্ত দেশ ও অনন্ত কালকে আবৃত করিয়া নাই। আকাশ পূর্ণ করিয়া চির-কালের জ্যোতির্লোকসকল স্তক্ক হইয়া আছে—রমেশ ও হেমনলিনীর ক্ষ্মু ইতিহাস-টুকু তাহাদিগকে স্পর্শও করিতেছে না—এই শরতের রজনীতে রমেশের এই মর্মা-স্তিক ব্যথা জগতের নিদ্রা-মহাসাগরকে কত্ত্রেই বা নাড়া দিয়াছে! এই আমিনের নদী তাহার নির্জ্জন বালুতটে প্রকুল্ল কাশবনের তলদেশ দিয়া এমন কত নক্ষ্মাণোকিত রজনীতে নিষ্পু গ্রামগুলির বনপ্রাস্তচ্ছায়ায় প্রবাহিত হইয়া চলিবে,—যথন রমেশের জীবনের সমস্ত ধিকার শ্রশানের ভস্মুষ্টির মধ্যে চির্বধর্যময়ী ধরণীতে মিশাইয়া চির-দিনের মত নীরব হইয়া গিয়াছে!

ক্রমশ।

মুক্তি।

والمنافق والمنافظة والمنافظة

ভাজার জরপরীক্ষার পর রোগীকে কুইনাইন ব্যবস্থা করিলেন। বলিলেন, 'ভোমার কুইনাইন-সেবন কর্ত্তব্য।' এই সমরে বিদি কেছ গন্তীরভাবে উপদেশ দেন, 'কুইনাইন-সেবন মান্তবের কর্ত্তব্য নহে, গরোপকারই মন্ত্রের কর্ত্তব্য', ভাহা হইলে বিশুদ্ধ হাজরসের ক্ষেত্তি হয় মাত্র, রোগীর কোন উপকার হয় না।

আজকাল গদ্যে পদ্যে বক্তায় শদ্যের অপপ্রবিদ্যা করিয়া ঐক্তপ বা তাহা অপেকাও উৎকট বৃক্তিবিজ্ঞাট ঘটাল হর, কিন্তু তাহাতে হাস্তরসের উদ্ভব কেন হয় না, বুঝিতে পারা যায় না।

প্রাচীনকালে আ্যাসমাজে কতকগুলি
সামাজিক আচার-অন্তান-উৎস্বাদি সম্পাদিত হইত; উহাদিগকে যাগযক্ত বলিত ও
উহাদের সাধারণ নাম ছিল ধর্ম। তৎকালে
তদ্দেশে তৎসমাজে ঐ সকল অনুষ্ঠানের
উপযোগিতার বিচার এখন কঠিন। একালে
আমরা ধর্মশন ভিন্ন অর্থে ব্যবহার করি ও
গঞ্জীরভাবে বক্তৃতা করি ও কাব্য লিখি—
'যক্তে ধর্ম নহে, ধর্ম লোকছিতে।' আর

ৰীহার। এইরপ বস্তৃতা করেন, তাঁহাদের আফালনই বাকত।

্ শব্দের অপপ্রয়োগের এইরপ আরও উদাহরণ আছে। আমাদের দর্শনশাস্ত্রে মুক্তিশব্দটি নির্দিষ্ট পারিভাষিক অর্থে ব্যবহৃত
হয়। এটানদের স্বীকৃত salvationনামক
একটা ব্যাপার আছে; আজকাল অনেকে
salvation অর্থে মুক্তিশক্ ব্যবহার করিয়া
নানাবিধ উৎকট যুক্তির অবতারণা করেন।

মুক্তিশব্দের অর্থ বর্তমান প্রবন্ধের আংশোচ্য। কিন্তু এইখানেই বলিয়া রাখা উচিত, মুক্তি অর্থে আর বাহাই হউক, উহা জীয়ানি salvation নহে।

খ্রীষ্টানি salvationএর অর্থ কি? প্রীষ্টানিমতে মহুষ্যমাত্রই জন্মাবধি পাপী। মহুষ্য আপনার পাপের ফলভোগ করিতে মনুষ্যের স্ষ্টিকর্তা ও বিচারক খোদা * পাপের দণ্ড দিতে বাধ্য; নতুবা তাঁহার ন্থায়পরতা থাকে না। কিন্ত তিনি আবার করণাময়। কাজেই তিনি হরণা-বলে এটিরূপে অবতীর্ণ হইলেন ও মমুষ্যের পাপের বোঝা নিষ্কের উপর তুলিয়া লইলেন ও মহুষ্যজাতির প্রতিভ্যরণে আপনার শোণিতপাতদারা মহুষ্যের পাপের প্রায়শ্চিত্ ক্রিকেন। তাঁহার শোণিতধারায় মহুষ্যের পাপ প্রকাশিত হইল। যে তাঁহার শরণাগত इटेरब, विচারের मित्न সে পাপমুক্ত বলিয়া থোদাকর্ত্ব গৃহীত হইবে, তাহাকে আর পাপের অবশ্রস্তাবী শাস্তি ভোগ করিতে ছইবে না। সে তৎপরে চিরকাল ধরিয়া স্বর্গে

বা খোদা-সায়িখ্যে বাস করিবে। মন্থ্রের এই পার্পমোচন ও স্বর্গপ্রাপ্তির ইংরাজি নাম salvation; বাঙ্গার উহাকে 'পরিত্রাণ' বলা ঘাইতে পারে। এইরূপে প্রীষ্টানেরা খোদার স্থায়পরতা ও করুণাময়তার সামঞ্জত্মপন করিয়াছেন। মন্থ্যের পাপমোচন ও স্বর্গলাভের প্রধান উপায় খোদার রূপা; যে অন্থতপ্রচিত্তে সেই রূপার ভিথারী ইইয়া সেই করুণানিধান আণকর্তার শরণাগত হয়, সেই পরিত্রাণ পায়। এই ব্যাপারকে মুক্তিনা বলিয়া পরিত্রাণ বলাই অধিক সম্বত। খোদার অবতার ঘীক্তরীষ্ট এই হিসাবে মানব-জাতির পরিত্রাণকর্তা।

গ্রীপ্রানসমাজে এই পরিত্রাণের থিওরি কোথা হইতে আদিল, বলা হন্ধর। অতি প্রাচীন ইছদিসমাজে এইরূপ পরিআণ ব্যাপারে বিখাস ছিল কি না, সন্দেহের স্থল। हेड्डिन्डा व्यापनामिशक क्टिटोवी-स्टिव्ड অফুগুহীত জাতি বলিয়া জানিত। তাহারা প্রবল্ডর-জাতিগণ-কর্ত্তক পুনঃপুন নিগৃহীত জেহোবার (জাহবে-নামক হইয়াছিল। ইছদিগণের রাষ্ট্রীয় দেবতার) আদেশলজ্বনই ভাহাদের এই নিগ্রহের ও বিপৎপাতের কারণ বলিয়া তাহাদের বিখাস ছিল। তাহা-দের জাতীয় হুদ্শার সময় তাহারা ভবিষাৎ চাহিয়া সাস্থনা পাইত। মনে করিত, ভবিষাতে মেশারা জন্মগ্রহণ করিয়া ভাহা-रमत्र এই চিরস্তন ছঃখ মোচন করিবেন। এই মেশায়া কতকটা আমাদের ক্ৰি-অবতারের মত। ভগবান ক্ষিক্রপে অব-

ইংরাজি God বলিতে যাহা বুঝার, আমাদের ঈশবগালে সর্বাত্ত তাহা বুঝার লা। এইয়ায় Godএর
 ভর্জমার জনতা খোদা-পদ ব্যবহার করা সেল।

তীর্ণ হইরা ক্লেচ্ছনিবহ নিধন করিয়া সনাতন-ধর্মের প্রতিষ্ঠা করিবেন, এইরূপ আমাদের श्वार्ण ভविषाषांनी वृश्चिरा । देवनिनिरगवं সেইরূপ আশা ছিল, মেশায়া জন্মগ্রহণ করিলে তাহাদিগের জাতীয় গুরবস্থার অপ-আধনিক तामन इटेरव। অপেকাক্বত সমুহের ইহাদিলের মধ্যে নামে প্রফেট একশ্রেণীর লোক প্রচুর সন্মানভাজন হইরা-ছিলেন। ইহাদের মধ্যে কেছ কেছ ভাবী মেশাধায় অজ্ঞান্য গাণ ও অল্ঞান্য কর্ত্তব্য অর্পণ কিন্তু সাধারণ ইছদিজাতির করিতেন। বিশাস ভাহাতে অধিক পরিবর্ত্তিত হইয়াছিল বলিয়া বোধ হয় না। কাজেই বধন মেরী-পুত্র যীত জন্মগ্রহণ করিয়া আপনাকে খ্রষ্ট ও মেশায়া ৰলিয়া প্রচার করিলেন, অথচ ইছদিকাতির আকাজ্জিত কাতীয় হংধের অবসান হইল না, তথন অধিকাংশ ইহুদি তাঁহাকে মেশারা, বলিয়া স্বীকার করিল না। रेष्ट्रिंग्रिय मत्था त्कर त्कर छेरा योकात একটা र्वाधिन করিয়া 76 মাত্র। তৎপরে তাঁহার শিষ্যগণ তাঁহার ঈশর্ম ও তাঁহার তাণকর্ত্ব ইছদিসমাজের বাহিরে প্রচায়িত করিয়া বৃহৎ এী প্রান্সমান্তের शांभना कतिरानन । এই औष्ठी प्रमाप छिनिन-শত বংসর ধরিয়া যী,গুঞ্জীষ্টকে মনুযাজাতির ত্রাণকর্ত্তা ও পাপমোচনকর্তা বলিয়া বিখাস করিয়া আসিতেছে। তাঁহাকে ত্ৰাণকণ্ডা বলা ষাইতে পারে, কিন্তু মুক্তিদাতা বলা वात्र ना । - ८कन ना, आभारनत नर्गननाट्य বাহাকে মুক্তি বলে, গ্রীষ্টানেরা সেরপ মুক্তি প্রার্থনা করেন না। সেরূপ মুক্তি এটানের , भाष्य चार्क कि ना, बानि ना ।

যীশুর জন্মের প্রায় পাঁচশত বৎসর পূর্কে ভারতবর্ষে গৌতম]সিদ্ধার্থের জন্ম হইরাছিল। তিনি একটা দেশব্যাপী সন্ন্যাসীর দল স্থাষ্ট করেন, ও তম্ভিন্ন গৃহস্থলোকেও দলে দলে তাঁহার সমত উপাসকল্রেণীতে ভুক্ত হইয়াছিল। গৌত্যসিদ্ধার্থ অনেক সাধনার পর আপ-নাকে বৃদ্ধ অর্থাৎ নির্মাণপ্রাপ্ত পুরুষ বলিয়া প্রচারিত করিয়াছিলেন, এবং তিনি যাহা নির্বাণের একমাত্র পদ্বা বলিয়া নিশ্চর করেম. মানবজাতির নিকট সেই পছার নির্দেশ করিয়া যান। মানবজাতির হঃখদর্শনে তাঁহার হাদয় বাথিত হইয়াছিল: তাঁহার প্রদর্শিত নির্বাণের পথ মানবজাতির সেই সনাজন তুঃথ দুরীকরণের একমাত্র উপায় বলিয়া তিনি প্রকাশ করেন। সেই ছঃখের ব্যথায় তাঁহার হৃদয় দ্রবীভূত হইয়াছিল এবং তিনি সেই তঃখনোচনের উপার আবিদ্ধারের জন্ত রাজ্যসম্পৎ ত্যাগ ও ভিক্কর্ত্তি গ্রহণ করিয়া দেশে দেশে পরিব্রাজকরপে বেড়াইয়াছিলেন। তিনি যে নির্বাণের পথ নির্দেশ করেন, তাহা ব্রাহ্মণশাস্ত্রসন্মত মুক্তির পথ হইতে অধিক **जिन्न नटि । छाँशांत्र निर्मित्र निर्वागटक** আমরা মুক্তির সহিত এক পর্যারে গ্রহণ করিলে অধিক দোষ হইবে না। কিছ এই নিৰ্ম্বাণ বা এই মুক্তি কোন ব্যক্তি-বিশেষের অমুগ্রহলভা নহে। ध्यम कि. चमः केचत्र हेक्सकरम वा अनुश्रदेशीत्रा মুহুব্যকে মুক্ত করিতে পারেন না। ভগবান গোতমবুদ্ধ এইরূপ মহুষ্যভাগ্যবিধাতা কোন ঈশবের অন্তিমে আদৌ বিশাস করিতেন कि ना, छाहाहे मत्सरहत्र द्वा। মহুব্য আপনার কর্মকল ভোগ করিতে

বাধ্য। সংকর্মের ফল সদৃগতি ও স্থপাভ, অসংকর্মের ফল অসন্গতি ও হঃধলাভ। কোন ব্যক্তি কোনক্লপে এই কৰ্মফল হইতে व्यताहिनात् व्यवस्थ । मन्या देश्कीतत्न তাহার কর্মফল কতক ভোগ করে; কিন্তু ভাহার মৃত্যু হইলেও তাহার কর্ম তাহাকে ছাড়ে না। সে এক দেহ ত্যাগ করিয়া দেহান্তর গ্রহণ করিতে পারে, এক লোক ত্যাগ করিয়া অন্ত লোকে যাইতে পারে। কিছ ভাহার কর্ম ভাহার দঙ্গে দঙ্গে বায়।* এবং সেই দেহান্তরে ও লোকান্তরে কৃত কর্মের ফলভোগের জন্ম তাহাকে আবার নুতন দেহ ধারণ বা নুতন লোকে বিচরণ করিতে হয়। ইহার নাম সংসার। নরদেহ-পরিভাগের পর মহুষ্য দেবদেহ ধারণ করিতে পারে, ইহা অসম্ভব নহে। ভূলোক ভ্যাপ করিয়া সে কিছুদিন স্বর্লোকে বিচরণ করিতে পারে, তাহাও অসম্ভব নহে। কিন্তু এই দেবদেহপ্রাপ্তি বা স্বর্গপ্রাপ্তি মুক্তি নহে। সেধানেও কর্ম আছে ও কর্মপাশের বন্ধন আছে। সে বন্ধন হয় ত সোনার শিকলে ৰন্ধন; আর নরদেহের বন্ধন লোহার শিকলে বন্ধন। কিন্তু উভয়ই বন্ধনদশা। স্বৰ্গপ্ৰাপ্তিকে মুক্তি বলে না। সংকর্ম-ফলে স্বর্গগ্রাপ্তির ও ফলভোগাবসানের পর তাৎকালিক কর্মফুলে আবার লোকান্তর-व्याशि चंदिर। कार्खरे मःमात्र हरेए मुक्ति गणिन ना। मदकर्षरे कर्, आंत्र अमद-কর্মই কর, সংসারচক্রে পরিভ্রমণ করিতেই

হইবে; অমুষ্ঠিত কর্মের ফল ভোগ করিতেই হইবে। কোন দয়ালু পরিজ্ঞাতা এই সংসার-চক্র হইতে উদ্ধাঃ করিতে সমর্থ হইবেন না। সংসার হইতে অব্যাহতির উপায় নাই।

তবে এক উপাগ পাছে। এই সংগার বস্তুত অবিষ্যা হইতে উৎপন্ন লাভ জ্ঞানমাত্র. रेश जानित्वरे मकन इःथ पुत्र हरेटल भारत । निर्साग्नाट्ड वा प्रःथविमुक्डिय এই এक-माज পहा এবং ইহা कात्मन भए। জ্ঞানমার্গ ভগবান তথাগত আবিষ্কৃত করিয়া-ছিলেন। বৌদ্ধশান্তের ভাষায়, এই লোক এতকাল ধরিয়া তমঃস্কলাবগুটিত হইয়া প্রস্থপ্ত অবস্থায় ছিল; ভগবান প্রজ্ঞাঞ্জীপ আলিয়া ভাহাকে প্রবোধিত করিলেন। মহুষ্য যে দেহধারণ করিয়া জন্মমৃত্যুর অধীন इय, शूनः शून कन्मवर्ण विविध राहर धात्रप করিয়া বিবিধ লোকে বিচরণ করিয়া স্থ-হঃধ ভোগ করে, ইহার মূল অবিদ্যা অর্থাৎ वकान। (व প्रवानीबादा বা প্রক্রিয়া-ঘারা বা ধারাক্রমে অবিষ্ঠা হইতে এই সংসারের উৎপত্তি হয়, তাহার নাম প্রতীত্য-সমুৎপাদ। স্থলান্তরে প্রতীত্যসমুৎপাদের वार्षात क्षेत्र क्षेत्र क्षित्र है। सन क्षा, বাহা-কিছু পরিদুখ্যমান বা অসুভূমমান, याहा-किছ প্রতীত হয়, তাহা লাভি-ভাহার মূল অজ্ঞান বা জানের অভাব। স্পর্ণ-বেদনা, জন্ম-মৃত্যু, ইহকাল-পরকাল, প্রথ-হুঃধ, বাহা-কিছু প্রত্যন্তের বিবর, তাহা

কুছদেব আছার অভিদ বীকার করিতেন না, অধচ জীবের সমান্তরপ্রাধি ও বিভিন্ন-দেহ-ধারণ
নানিতেন: এই ছই মতের অনেকে সামল্লক করিতে পারেন না। ইরোলি soul দক্তের অক্রাদে "আছা"শব্
ব্যবহার করার এই বিপত্তির উৎপত্তি হইরাছে। বলা বাহল্য, soul অর্থে আছা মহে।

কেবল ন্যাক্ আনের অভাবে উৎপন্ন।
উহার ভিতরে কিছুই নাই। সমন্তই প্রা
ও মরীটিকা। সংসার অভিবহীন। এইটুকু বুরিলেই জান্তি কাটিরা বাইবে। তথন
ব্রিবে, জন্ম-মৃত্যু সবই মিথাা, ইহকালপরকাল কিছুই নাই, স্বহংগও অভিবহীন।
এইটুকু বুরিলেই নির্বাণ ঘটে বা মৃতি
ঘটে। এইটুকু বুরিলেই জংখ থাকে না;
এইটুকু বুরিলেই জন্মান্তরপুরিগ্রহ করিতে
হয় না। কেন না, হংব অভিবহীন পদার্থ,
জন্মান্তরপরিগ্রহও ল্রান্ত বিশাস্মাত্ত। এই
লান্ত বিশাস্টাই অবিভা, এই ল্রান্তর
অপনোদনই নির্বাণ। ইহার ফল হংবনাশ।

कार्या के कारनामम जिन्न निर्मागनारज्य উপায়ান্তর নাই। কিন্তু দেই জ্ঞানোদয় অতি কঠিন ব্যাপার। ইচ্ছা করিলেই বা (हें) क्रिलिंड (नई क्रांतित केंग्र घटें ना। विश्वज्ञारका कामचन्न भनार्थ, हेश मन করিলেই করা যার না। অন্তত অনেক বড় বড় লোকে যখন এ সম্বন্ধে প্রতিবাদ করিতে উপস্থিত হন, তথন সাধারণ মাহুষের ত কথাই নাই। ভবে সাধারণ মাহুষে করিবে কি 🕈 তাহারা ব্রধাসাধ্য এই জ্ঞান লাভের জন্ত চেষ্টা করিতে পারে; এই জ্ঞান-লাভের জন্ত বে সাধনা আবশ্রক, তাহা হারা **এই कारमत्र मृत्र क्षान्छ ब्हेट्ड भारत** । वृक्ष-প্রদর্শিত আই।জিক মার্গ অবলয়ন করিয়া नमाक् नृष्टि, नहाक् नेवझावि बादा जाटका-विविधासित नव त्यव नवास नवास नवास नवास-राम के कामनारकत जड़ क्षड़ रहेरड भारतः। मूकि आंबागण्डाः छेश कानीत

প্রাপ্য। আইজিক মার্গ অবলয়ন করিতে জাতিবর্ণনির্বিশেবে সকলেরই অধিকার আছে, এবং ঐ পদা ভিন্ন অন্ত পদান চলিলে। ফললাভের সম্ভাবনাও নাই। কিন্তু অধিকার থাকিলেই ফলপ্রাপ্তি ঘটে না।

*ভগৰান বুদ্ধগোত্ম এইক্লপে মুক্তির পথ প্রদর্শন করিয়াছিলেন। তাঁহাকে এইছেড় মুক্তির পথপ্রদর্শক বলা যাইতে পারে। कि তিনি আপনাকে মুক্তিদাতা বলিয়া প্রচার করেন নাই। বিভন্ন বৌদ্ধতে কোঁন মহুবা বা কোন দেবতা অনুগ্রহপূর্বক কাহাকেও মুক্তি দিতে পারেন না; সেইজস্ত বিভদ্ধ বৌদ-মতে মুক্তিদাতা কেহ থাকিতে পারে না। বিনা অবিদ্যানাশে মুক্তিলাভের সম্ভাবনা নাই। কাজেই মুক্তি প্রত্যেক ব্যক্তির সাধনা-দাপেক ও চেষ্টাদাপেক। তবে বৃদ্ধপ্রদর্শিত ত্রিশরণমার্গ আশ্রম করিলে সেই সাধনার পথ পা এয়া যাইতে পারে মাত্র। কিংবা এডটুকু বলা যাইতে পারে যে, বুদ্ধপ্রদর্শিত মার্গ আশ্রয় না করিলে মুক্তির পথ জানিবার উপায় থাকে না, অতএব মুক্তিলাভের উপায় থাকে না। বৃদ্ধদেবই স্বগৎকে মুক্তির পন্তা দেখাইয়াছেন। থাঁহারা অক্ত দেখাইয়াছেন, জাহারা বৌদ্ধগণের মতে ভাস্ত। वोक्रशन ভগবাन्टकं ভববাাধির চিকিৎসক, देवनात्राय, क्यांनिम्ब, नशानिक् इंछानि विलयर विभिष्ठ कतियां कितन। अहे कतना-

বৈদ্যরাজ, জ্ঞানাস্থা, দ্যাস্থা ছত্যাদ বিলেষণে বিশিষ্ট করিয়ছিলেন। এই করণা-নিধান মহাপুরুষের উপাসনা বৌদ্ধমাজে প্রবর্ত্তিত হইরাছিল। কিন্তু তাঁহার ফ্লপা-মাত্রে বে মুক্তিলাভ হইতে পারে, ইহা বিশুদ্ধ বৌদ্ধমতের স্থীকার্য্য নহে।

वृक्तानय बाजियर्गीनिर्वित्यास गकरणव

সমুখে আপুনার মত প্রচার করিয়াছিলেন। ভিনি সর্ব্বাধারণের জন্য মুক্তির পদা নির্দেশ ক্রিয়াছিলেন সাত্র, কিন্তু মুক্তিকে অনারাস-লভা বলেন নাই। কিন্তু সর্বসাধারণ অচিরে তাঁহাকে মুক্তিদাতার স্বরূপে গ্রহণ করিল। दिनि मुक्तित्र এकमांज १४ अमर्गन कतिशाहन, फिनिहे (व मुक्तिमाठा, नर्सनाधात्रात এই সিছাত্ত করিয়া লইল। করণাময়ত ও मुक्तिमाकृष, উভয়ের আধারস্করণ হইয়া ভগ-ৰান ৰৌদ্দমান্তে অচিত্ৰে পুজিত হইতে नात्रित्नत । উত্তরকালে মহাযানী বৌদেরা ৰিবিধ কালনিক বুদ্ধের ও বোধিসবের স্টি করিয়াছিল। সংসারতাপক্লিষ্ট মানব সর্বা-দাই সংসারক্রেশ হইতে ও জ্বামরণ হইতে উদারণাভের অন্ত ব্যাকুল। ব্ৰাহ্মণ এই উদারলাভের কোন সহজ পছা দেখান নাই। মহাৰানী বৌদ্ধেরা অতি সহজ পদা দেখাইয়া মহাধানীদের কলিত বোধিসভগণ वृर्खिमः क्रक्रगाचक्रभ । তাঁহার মানবকে शःशनाभव रहेए ज्यारेवात कल नर्सनारे প্রস্তুত আছেন। সৌগভমার্গের আশ্রর লইয়া বোধিসম্বগণের শর্পাগত হইলে, তাঁহা-দের করণার ভিথারী হইলে, তাঁহাদের উপা-সনা করিলে, কাহাকেও এই সংসারতাপ रहेरक छेदारतम अन्छ- विश्वित रहेरत रहेरत ना। द्वाधिमञ्ज्ञालात महकादत छाहारमत পদ্মীস্থানীয়া বিবিধ দেবতা কলিত হইলেন। त्विथित्रक व्यवत्वाकिर्ण्यंत्र वदात्र निर्धानं। ভাঁহার শক্তি ভারাদেবী সংসারপ্রভারিত্ব। ভাঁহাদের শরণাগত হও ; সংসারসাগর হটতে व्यताबादम উदाव शाहेरव। এहेक्ट्र छेशा--गटकत जिल्लाम अ गःगात्रक्रणनिवात्रम

সর্বাণ উদ্যত অসংখ্য দেবদেবীর প্রক্রিমার বৌদ্ধগণের উপাদনামন্দিরসকল পূর্ণ ইইছে লাগিল। দলে দলে বৌদ্ধ উপাদকের সংখ্যা বৃদ্ধি পাইতে লাগিল। বেদমার্গপ্রই বৌদ্ধানিক ও বৌদ্ধগৃহত্ব উপাদকে দেশ পূর্ণ ইইল। মহাবান আপ্রর করিরা সংসারবারিধি উত্তীর্ণ ইইবার অস্ত দলে দলে থাত্রী আদিরা ক্র্টিতে লাগিল। ব্রাহ্মণশাসিত আর্য্যসমাজ ইইছে সনাতন বৈদিক্যার্গ লোপ পাইতে ব্যিল।

रमथा श्रम, औद्वीनगरनत्र चौक्रक भति-ত্রাণের প্রছার সহিত বৌদ্ধরীকৃত নির্বাণের পছার আদৌ কোন মিশ ছিল না। किছ কালের পরিণতিতে উভয়ই প্রায় তুলামূল্য हरेबा माँ ज़ारेबाहिन। औडीब श्रहात श्री-ণতিদাধনে বৌদ্ধপন্থার কোন প্রভাব ছিল कि ना, देश এकी। श्रकाश ঐতিহা সিক সমস্তা। খ্রীষ্টানগণের বিশাস ও আচারাম্ব-**ঠানের সহিত বৌদ্ধ বিশাসু ও আচারাম্ব্রানের** অমুত সৌসাদৃত্ত দেখিলে এই প্ৰভাব অনী-কার করিবার উপার থাকে না। কাহারও কাহারও মতে মিশরদেশের থেরাপিউটগণ ७ देहिमित्मत्त्र अतिनिश्न त्वोक्तम्यमाव माज। व्याभूष्टि त्वारन दोक किरनन वरः ধীওএটি বৌদ্ধমতই ইছদিসমাজে প্রচার করিয়াছিলেন। এটানেরা ইহা শীকার করিতে नात्राच । नात्राच श्रेवात्रहे क्या । व्यक्रणंपि-কেরা ঐতিহাসিক প্রমাণ চাহেন। মার্ম্বার বলিয়াছেন, বিনা ঐতিহাসিক প্রাণে औडोनित উপत वोटकत व्यक्ततः बीकार्या नरह । हीनरहर्म ७ किस्टिक्ट विदेशितना थारवन कतिवाहिन, देशांत अखिलानिक धानांन मारह। ज्याता बीटेकि आलातामुकान

বৌদ্ধদেশে প্রবেশণান্ত করিয়াছিল, ইহাঁ
বুরিতে পারা বায়। কিন্ত বৌদ্ধ প্রচারক
প্রীষ্টানের দেশে বাস করিয়া বৌদ্ধমত
প্রচার করিয়াছিল, এরপ ঐতিহাসিক প্রমাণ
পাওরা বার না। কাজেই বৌদ্ধ আচারাম্র্টান
প্রীষ্টানকর্ত্ব অম্বর্গত হইয়াছে, ইহা বিখাস
করা বার না।

कथांके ठिक्। ঐতিহাসিক প্রমাণ ব্যতীত কোন ঐতিহাসিকু তথা নিণীত চইতে পারে না। আমরা ঐতিহাসিক নহি। কিন্তু ঐতিহাসিকগণের মুখেই ভনিতে পাই, মহারাজ অশোক সিরিয়া, মিশর, কাইরিনি, এপাইরদ প্রভৃতি यवनरमर न বৌদ্ধমতপ্রচারের জন্ত লোক পাঠাইয়া-हिल्ला ; भन्नवर्की हिन्तू ও वोक ब्राब्ध्यन গ্রীক ও রোমক নৃপতিগণের দভায় দৃত পাঠাইতেন: প্রাচ্যদেশের সহিত ভারত-वार्षत वहिम्म इट्रेंट विश्व वानिकामम्मर्क প্রচলিত ছিল; যবন নরপতিরা ভারতবর্ষের महाभौतिशटक धतिया चटनटम लहेश यहि-তেন: বর্তমান বিচারে এইগুলি ঐতি-शांतिक अभाग विनिधा (कन गृशीक इस ना, ठिक् दूखन यात्र ना ।

জীন্তানি পরিজ্ঞাণতব্যের মূলকথা, থোনার করণা ব্যতীত পাপায়। মানবের মূক্তির সম্ভাবনা নাই, এবং তিনি মানবপ্রেমের বন্দিত হইরা, অরং অবতীর হইরা, ফেছা-ক্রমে মহব্যের পাপের বোঝা নিজের উপর গ্রহণ করিয়াছিলেন। বীত্তীত্ত তাঁহার অবতার এবং ভিনিই মহব্যের পরিজ্ঞাণ-কর্তা। ব্রশ্বেৰ ইপারের অভিত্রে বিশাস ক্রম আরু নাই ক্রম্ম, ক্রিরেও করণা

মহুব্য আপন কৰ্মফল হইতে খারা মুক্ত হইতে পারে, এরপ বিশাস ভিনি করিতেন না। একমাত জ্ঞানের পদা ভিছ মুক্তির দিতীয় পছা। তিনি দেখান নাই। ভবে দেই পছা ভিনি নিজে আবিফার করিয়া-ছিলেন। তিনি মুক্তির পথপ্রদর্শক ছিলেন মাত্র: মুক্তিদাতা বলিয়া আপনাকে প্রচার करत्रन नारे; এवः शूनक्रक्तित्र श्राद्याजन नारे যে. খ্রীষ্টানের পরিত্রাণ ও বৌদ্ধের নির্বাণ-मुक्ति अकविष भगार्थ नदर। किन्ह वृक्ष निद्ध যে ক্ষমতার ম্পর্দ্ধা করেন নাই, তাঁহার শিষ্যেরা তাঁহার প্রতি সেই ক্ষমতা অর্পণ করিয়াছিল। তাঁহাকে জীবের করণাময় পরিত্রাণকর্তা বলিয়া নির্দেশ করিয়াছিল। বুদ্ধগণের ও বোধিসত্তগণের ও বুদ্ধশক্তিগলের শরণগ্রহণ ও উপাসনা সংসার হইতে উদ্ধার-প্রাপ্তির সহজ উপায় বলিয়া নির্দেশ করিয়া-हिन। अमन कि, (वोष्क्रता वृक्षमूर्थ वनारेशा-ছিলেন, "কলিকলুষকুতানি ধানি লোকে, মির নিপতত্ত বিমৃচ্যতাং তু লোকঃ (তম্ব-वार्डिक ১১७।১০ :-- किन बान बीव (व সকল পাপকর্মের অমুষ্ঠান,করে, সেই পাপের ভার আমার উপর পতিত হউক, জীব সেই পাপভার হইতে মুক্ত হউক-দরাময় বুদ্ধে আরোপিত এই উক্তির সহিত দ্যাময় বীল-গ্রীষ্টের উক্তির অধিক প্রভেদ নাই। এই উক্তিকে बाँটि औहानि मठ वनित्न अञ्चाकि हहेरव ना। 'वामि अठि मीनहीन, बूदे अडि পাপী, প্রভূ নিজগুণে দরা করিয়া আমাকে উकात कत'-आधुनिक देवकद्वता व कथा वाश्निक वोत्तत्र निक्षे निवित्राहिलम, मत्न कन्ना गारेट्ड शादा। वोकनच्यनांव

ইকা জীপ্তানের লিকট পাইরাছিলেন অথবা জীপ্তানেরা ইকা বৌদ্ধগণের নিকট পাইয়া-ছিলেন, ঐতিহাসিকেরা তাহারু বিচার ক্রিবেন।

রুষপ্রচারিত নির্বাণতবের সহিত ্ত্রান্থণের স্বীকৃত বৈদান্তিক মুক্তিতবের মৌলিক পার্থকা নাই। কিন্তু গ্রীষ্টপ্রচারিত পরিজ্ঞানভবের সহিত ইহা সম্পূর্ণ পূথক। কিন্ত কাণ্ডমে বুদ্ধের নির্বাণ্ডৰ কিরূপে বিকৃত হট্মা প্রীষ্টানি পরিজাণতত্ত্বের সাদৃত্ত গ্রহণ ভরিয়াছিল, তাহা দেখা গেল। ব্রাহ্মণশাসিত েবেদপদ্মী সমাজও এই বিকার হইতে অব্যাহতি नाड करत नारं। महारानी, महारानी, वहरानी -विविध योक्रमलामाम्यविक्रगण মস্তার ও সহজে ভবসমুদ্র তরাইবার জন্ম আপন আপন ডিঙি হালির করিরা যাত্রাদিগকে होनाहानि क्रिएंड माशिम, उथन (वर्षश्रीत জাহাজের জন্ত পাথেরসংগ্রহে चात्र श्रदुखि शांकिंग ना। मनाठांत ध्रःम-মুবে পভিত হইতে চলিল; বর্ণাশ্রমধ্যা বিৰুপ্ত হইতে চলিল; ব্রাক্ষণের ধঞ্জভূমির উপত্তে ৰৌৰ্গণের চৈত্য ও বিহার প্রতিষ্ঠিত < न ; द्वामाधि निर्माणिकथात एरेश सनारी। দেবদেবার প্রতিমার দেশ আঙ্র হহয়া পেল; त्मनित्यम हरूट दोव প্রচারকগণের वानाक मनार्थ। अञ्चल्यात्न भार्य। नभाव कन्-हिंगन ; विक रहेरक বৌৰাবহারমধ্যে बाक्यानन, नवाक्यानन ७ माजगानन्त्र बहिल्क नबनाबा भगवक श्रेबा नानाविध স্থাপিত বীতংস অষ্ঠান প্রবর্তন করিয়া ক্ষেত্রিকর ভারিকভার সৃষ্টি করিয়া কর্ণধার-शैंब न्याद्वत उद्यागानित्क मध कतिवात উদ্বোগ করিল। তখন সেই আেতের শক্তি কিরাইবার জন্ত আন্দণগণ বৌদ্দশার সন্ধিত স্থিত্থাপন করিয়া কঠোর বৈদিক্ষার্গকে শিথিল করিয়া সংসারতাপ হইতে পরিআবেশ্ব সহজ পছা নির্দ্দেশ হারা সনাতনধর্মকে রক্ষা করিতে বাধা হইলেন।

যজ্ঞসূর্ত্তি প্রজাপতি,—বিরাট ও হিরণ্য-গর্ভের সহিত ক্রমশ লোকলোচন হইতে অন্তর্মান করিলেন। কল্রমূর্ত্তি কপর্দ্ধী পিনাক-পাণি আপনার ধহুঃশর পরিত্যাপ করিয়া অবলোকিতেখরের অনুকরণে আগুডোষ শ্বরমূর্ত্তিতে পুনর্গঠিত হইলেন। স্বাতকোক্ত বুদ্ধাৰতারগণের অতু করণে না রায়ণের অবতারনিচয় কল্লিত হইল। সোপাবলভ মাগাপ্রতের স্থলে গোপীবেলভ যশোদালুলাল উপাসকের ভক্তি আকর্ষণ করিতে লাগিলেন। উপনিষদের উমা, হৈমবতী ও ক্তভগিনী অধিকা, ধুমবর্ণা কালী-করালাদি মঞানির नश जिस्तात मश्काद्य, अक्षिरक (बागाय-প্রতিপান্ত নিগিলপ্রপঞ্চের অন্থিতী মহা-মারার ও অঞ্জিকে শবরক্তবিভৃপুবিভা চামু-ভার সহিত মিলিত হইয়া, ঈশানজননী মহেশরপদীরূপে বুদ্ধমাতা প্রজ্ঞাপার্মিতার সহিত ও বুদ্ধশক্তি তারাদেবীর সহিত মিশিরা গেশেন। সিতভারা, উগ্রভারা ও নীলভারা, —वट्डबंबी, वडावाही ७ উक्टिका शामिनीत সহিত,উপাসনাভাগ এহৰ ক্ষিতে,লাগিলেন। लोबी-लग्ना-मही-दिशालि माकुकांशन इकाणी-কোবেরী প্রভৃতি শক্তিগণেত্র ও উত্তচতা-व्यव्यानि माहिकागात्वत्र मादब जानेन व्यव् क्रित्नन । त्वनाक्रसंशाक्षिका नुवाकनी वान् अत्रका रीनान्छ। का नार्क सम्बद्धाना ७

মানিরাক্লন প্রহণ করিলেন। অবিখানাদিনী কামবিজনিনী মহাবিদ্যা কামোপরিছিকা-আম্মানিটিনী ছিন্নমন্তার মূর্ত্তি পরিপ্রহ করিলেন। ভাগবত-পাঞ্চর ক্র-পাশুপত প্রভৃতি বিবিধ সম্প্রদার আপন আপন ইইদেবতার প্রদাদলাভই সংসার হইতে উদ্ধারের একমাত্র গহল উপায় বলিরা প্রচারিত করিতে লাগিল। অবশেবে যথন 'হরেন্টিমব কেবলং' কলিকল্বনাশের ও পতিতু-উদ্ধারের সহজ্বতম পদ্বাস্থ্যপে নির্দ্ধারিত হইয়া গেল, তথন অধংপতিত ধিক্কত বৌদ্ধনামে পরিচিত হওৱা আর কেই আবগ্রুক বোধ করিল না।

क कारमञ्ज श्रवान ज्ञा तनवान वीत जेशा-मना 8 मिद्रानित अमान्यां 5 ठूर्वर्ग-क्ल-প্রদ ও মোক্ষহেতু বলিয়া অকাতরে নিদিষ্ট इहेश शास्त्र। किंद्र वना वाहना, এই स्माक वर्षनभारतक स्माक नरह। मध्यनाव-ध्यवर्कक बाहार्यां शालद्र मध्या याँ हात्रा मायथान. তাঁহারা অনেকটা বুঝিরা কথা কহেন। ইষ্টদেৰতার দালোক্য-দামীপ্য প্রভৃতি তাঁহারা প্রার্থন। করেন; সাযুক্যসথকে ভয়ে ভয়ে क्षां कर्टन ; बात्र निर्सानमू किन नाम छनि-ल्ह डांश्वा हमकिया डिंकेन। मुक्ति, याहात 'বেদান্তসম্মত পদ। জীবত্রন্ধের একতানিরূপণ, ভাহা আধুনিক ভক্ত বা প্রেমিক উপাদকের नितः शीखास्त्रकः। मारमत एकत त्रामधनान চিনি (খতে ভালবাদিতেন, চিনি হ'তে हाहिएजन ना । देवकव आहार्याश्रद्भन्न अपनिदक দভের সহিত ভাতৃশ উক্তির সমর্থন করিয়া-एक । ं क विषय अहारमद महिक वाधूनिक বৈতবালী হিন্দুর বড় পার্থকা লাই।

বৌশ প্রক্রিয়াতে বধন স্নাতন ধর্মের

उद्गिशानि विभूष हरेया वादेवाच जनक्य হইরাছিল, সেই সমরে ভগবান শক্ষাচার্য্যের জন্ম হয়। তিনি অগাধ বিদ্যাবলৈ ও অগাধ ধীশক্তিবলে বেদায় প্রতিপান্ত মুক্তিভবের श्रनः श्राह्म करत्र । उरकारण दोक, रेजन, পাঞ্চরাত্ত, পাশুপত, নয় ক্ষপণ্ক; কাপালিক প্ৰভৃতি বিবিধ দদাচারভ্রষ্ট বেদমার্গচ্যুত সংগ্রদায়ের পরস্পর বিবাদকোলাহলে ভারত-বর্ষের আর্য্যসমাজ "কাকসমাকুল বটবুক্কের ভার" মুধ্রিত হইয়া উঠিয়াছিল। শক্রা-চার্য্য এই-সকল-সম্প্রদায়ভুক্ত আচার্য্যগণের সহিত জীবনব্যাপী বিচারসমরে- প্রবৃত হইয়া শ্রতিদশ্মত মুক্তিতত্বের উদ্ধার করেন। তৎ-কর্ত্তক প্রতিষ্ঠাপিত মুক্তিতত্ত্বের নামাস্তর অবয়বাদ।

এইথানে বলা উচিত, শঙ্করাচার্য্যক্তত বেদান্তব্যাখ্যা সকল আচার্ঘ্য গ্রহণ করেন তাহারা অন্তরপে বেদান্তশান্তের ব্যাখ্যা করিয়াছেন। উপনিষদের ভাষা অতি প্রচান ভাষা; সর্বস্থানে উহার অর্থ-বোধ স্থকর নহে। আবার ঐ ভাষা অনেক-হলে কবিতার ভাষা, কোথাও বা হেঁয়ালির ভাষা। কাজেই বেদাস্ক দ্রষ্টা ঋষিগণের প্রকৃত অভিপ্ৰায় কি ছিল, সে বিষয়ে মতবৈধনিবারণের উপায় নাই। অধুনাতন কালে প্রাচীনভাষায় নানা অথ আবিধার করা চলিতে পারে। ঘটিয়াছেও তাহাই। অচোর্য্যগণের মধ্যে যিনি যে মতের পক্ষপাতী, তিনি শ্রুতিবাকা-मर्पा त्मरे मरजत , जंस्यात्री जर्ब जाविकात শ্ৰুৱাচাৰ্য্য শ্বন্ধ: যে এই-করিয়াছেন। রূপ পক্ষপাত করেন নাই, ডাহাও বলা বায় না। ভিনি অব্যমতের পক্ষপাতী হিলের।

তিনি একটা নির্দিষ্ট পছাকে মুক্তিলাভের একমাত্র' পছা বলিয়া বিশাস করিতেন। প্রভিবাক্য বারা সমর্থিত না হইলে কোন নবপ্রচারিত বা নবাবিষ্ণত মত গৃহীত হওয়া উচিত নহে, ইহা ডাঁহারে ধ্রুব-বিশাস ছিল। সেইজার তাঁহাকে বাধ্য হইয়া অনেকস্থলে প্রভিবাক্যের আত্মনতের অম্বারী অর্থ করিতে হইয়াছে, ইহা ত্রীকার করিতে পারা বায়। তথাপি ইহাও মানা বাইতে পারে, বেদান্তবাক্যের প্রকৃত মর্ম্ম শহর বেমন ব্রিয়াছিলেন ও ব্রাইয়া-ছিলেন, আর কেহ তেমন পারেন নাই। অক্সত আমাদের সেইরূপ বিশাস।

শঙ্করপ্রচারিত বেদাস্তব্যাখ্যা বেদাস্ত-সকত হউক আর না হউক, এবং শকর-প্রচারিত অব্যবাদ সত্য হউক আর না হউক, সে প্রদঙ্গ এখানে উত্থাপনের প্রয়ো-জন নাই। শহরের ব্যাখ্যা পরবর্তী বহ मार्निक कर्ड्क गृशैं इरेब्राइ। जातुं उ-ৰৰ্ষের জ্ঞানিসমাজে তৎপ্ৰচারিত অন্বয়বাদ বেরুপ প্রতিষ্ঠালাভ করিয়াছে, অক্টের প্রচারিত অন্ত কোন বাদ দেরপ প্রতিষ্ঠা-লাভ করে নাই। অব্যবাদীরা মুক্তিশঙ্গে কি বুঝিতেন, আমাদের এখনে ভাহাই তাঁহাদের যুক্তির व्यादमाठा । **সারব**তা व्यामाराष्ट्र व्यारमाठा नरह। छैशिया याश्ररक মুক্তির পথ বলিয়া নির্দেশ করিয়াছেন, তাহা मुक्तित्र ध्वक्रुष्ठ अथ वा श्वकृष्टे अथ ना रहेए 'পারে। তাঁহার। বেদাস্কবাক্যের যে অর্থ ক্রিয়াছেন, তাহাও প্রকৃত অর্থ না হইতে भारत । अवत्रम्छाङ्गावी मृक्तित्र छारभर्वाः कि, अनिश्व भारताहनात देशहे जिल्छ।

শঙ্কর প্রচারিত মুক্তির অর্থন থকে ও আবন্ধবাদের তাৎপর্ব্যস্থকে নানাবিধ আলোচনা দেখা যার। ইংরাজি-বাঙ্লা নানাবিধ
গ্রন্থে এই অবর্মতের আলোচনা দেখিরাছি।
কিন্তু অধিকাংশস্থলেই হডাশ হইতে হইরাছে, স্বীকার করিলে অত্যুক্তি হইবে না।
এই সমন্ত প্রচলিত আলোচনার সারস্কলন
করিলে কতকটা এইরুপ দীভার।

প্রচলিতব্যাখান্ত্রদারে অবয়বাদী একমাত্র নিত্য পদার্থের অতিত্ব বীকার করেন।
দেই একমাত্র নিত্য পদার্থের নাম ব্রহ্ম বা
পরমাত্রা। ইংরাজিতে ইহার Universal
Soul নাম দেওয়া চলিতে পারে। ইহাই
বেদান্তরীকৃত ঈশ্বরপদের বাচ্য। তবে অঞ্চ
শারের স্বীকৃত ঈশ্বরে ও বেদান্তরীকৃত ঈশ্বরে
প্রভেদ আছে। গ্রীষ্টানাদির ঈশ্বর দশুণ;
বৈষ্ণবাদি সাম্প্রদায়িকগণের এবং নৈয়ায়কাদি
দার্শনিকগণের স্বীকৃত , ঈশ্বরও দশুণ।
কিন্তু বেদান্তের ঈশ্বর- হাঁহাকে ব্রহ্ম বা
পরমাত্রা বলা হয়—তিনি নিগুণ।

এই নির্ন্তণ পরমাত্রা বা ব্রন্ধই একমাত্র সভ্যপনাথ;—ভত্তির আর সমস্তই মিধ্যা। এই যে প্রকাশু জগং আমানের সমকে প্রতীরমান হইভেছে, ইহা মিধ্যা। ইহা সেই ব্রন্ধেরই মায়া হইতে উংপর। এক আপনার মারা ধারা এই মিধ্যা-জগভের স্টি করিয়াছেন।

এই সভাৰত প্রমায়া ও তাঁহার মারাকরিত এই মিধ্যা-জগৎ ব্যক্তীত দেহধারী
জীবাস্থার সভর জড়িছ লাহে ফি না ? বেদাত
এ বিবরে কি বলেন ? এই জীবাস্থাকে
ইংরাজিতে Individual Soul বলা হয়।

ক্ৰীৰাত্মাৰ ভোগের জন্য এই বিশ্বজগৎ বর্ত্তমান; জীবাত্মা কাজেই ভোক্তা, কর্ত্তা, च्यी, इः थी क्राप व्यजीवमान रन। किन्द हेश कीवाशांत वृक्षितांत जून। বন্ধতই পর্মাত্মার সহিত এক পদার্থ। পর্মাত্মা নিশুণ, কাজেই তিনি কর্তা, ভোক্তা, खबी, इ: थी इहेट शास्त्रम ना। कीव অধিদ্যা ৰা অজ্ঞান বদে আপনাকে প্রমাত্মা इहेट जिन्न मत्न कतिया आश्रनात्क स्थी, হঃখী, কর্ত্তা, ভোক্তা বলিয়া মনে করে। অজ্ঞান বিনষ্ট হইলে জীব আপনাকে প্রমান্মার সহিত এক বলিয়া জানিতে পারে; তথন সে মুক্তির অধিকারী হয়। মুক্ত হহলে জীবাত্মা পর-মাত্মায় বা ব্রহ্মে লীন হইয়া যায়। তথন উহাকে আর কর্মপাশে বদ্ধ থাকিয়া স্থ-হঃথ ভোগ করিতে হয় না। তথন আর উহাক্রে জন্মান্তরপরিগ্রহ করিয়া সংসারচক্রে ঘরিতে হয় না।

বন্ধ ও শীব এক; এ কিরপ ঐকা १
প্রচলিতমতাহুসারে উভরই এক বস্ততে
নিশ্মিত। তবে বন্ধ নিরুপাধিক; আর জীব
সোপাধিক। মহাকাশের সহিত ঘটাকাশের
বেরূপ সম্বন্ধ, জলরাশির সহিত ব্রুদের যেরূপ
সম্বন্ধ, পরমাজার সহিত—Universal Soulএর সহিত—জীবান্ধার—Individual Soulএর কতকটা সেইরূপ সম্বন্ধ। ঘটাকাশ ও
আকাশ, বন্ধত একই পদার্থ; কেবল ঘটরূপী উপাধি ঘারা পরিচ্ছির হওয়াতে উহা
পূথক্ দেখার। বৃষ্দু ও জল একই
পদার্থ; কেবল ভতিরে বায়ু থাকার
বৃষ্দকে জল হইতে পূথক্ দেখার। কিন্তু
ঘটি ভাত্তিরা কেলিলে ঘটের জন্ধর্গত

আকাশ বেদন মহাকাশে মিশিরা বার;
বার্টুকু বাহির হইরা গেলে ব্যুদ্ধ বেদন
অলরাশিতে মিশিরা যায়; তথন উহাদের
বতন্ত্র অভিবের কোন চিত্র থাকে না, দেইক্রপ অজ্ঞানকপ উপাধি বিনষ্ট হইলেই জীবাজ্ঞা
পরমান্মার মিশিরা যায়; তথন আর উহা
বতন্ত্র থাকে না। অজ্ঞান-উপাধি থাকাতে
উহাকে কর্ত্তা, ভোক্তা, হুখী, হুংখী বলিয়া,—
বক্ষ হইতে বতন্ত্র বলিয়া, বোধ হইতেছিল।
অজ্ঞানের বিলোপে উহা নিগুণ নিরুপাধিক
চৈতন্যস্বরূপে লীন হইয়া যায়। উহাকে
তথন আর বতন্ত্র বলিয়া চেনা যায় না।
ইহার নাম মৃত্তি।

বলা বাছণা, এই মুক্তিলাভের পর পুনর্জন্ম ঘটে না; কেন না, জন্মমরণ-আধিবাধি, এ সমস্ত অনিত্য অবান্তব দেহের ধর্ম; নিগুণ পরমায়ার পক্ষে এ সকলের সম্ভাবনা নাই।

প্রচলিতব্যাখ্যাত্মনারে ইহাই অষয়বাদ। জাব ব্রহ্মের সহিত এক ও অভিন্ন; অর্থাৎ উভয়েই একজাতীয় পদার্থ। ব্রহ্মও যেমন নিতা, নির্ব্ধিকার, নির্ব্ধিশেষ, নির্জ্ঞণ; জীবও তক্রপ; তবে অবিভা অর্থাৎ অজ্ঞানের বশে জীব আপনাকে অভ্যরূপ মনে করে। যতদিন মনে করে, ততদিন সে কর্ম্মপাশবদ্ধ হইয়া প্রংপ্ন জন্মপূত্রর অধীন হইয়া সংসারচক্ষেত্রমণ করে। সেই অবিভাটা কাটিয়া গেলে জীব ব্রহ্মে মিশিয়া বায় —ভবন্ মৃত্যুর পর পুন্ব্বার জন্মগ্রহণ করিতে হয় না।

ভরে ভরে বলিতেছি; খুব সম্ভব বে, পাঠকগণের অধিকাংশেরই ইহাই অবরবাদ বলিয়া ধারণা আছে। এবং এইরূপ ধারণা

चाह्य विवादे देवजंवाती बाठाशांशन बदेवज-বাদের উপর ধজাহন্ত। এঁ কি স্পর্কা। জীব আরু ব্রহ্ম কথন কি একজাতীয় পদার্থ হইতে ৰেমণেই হউক, ত্ৰন্ম হইতে এই বিশাল ত্ৰন্মা-ৰের উৎপত্তি-স্থিতি লয় ঘটতেছে। পরিপূর্ণ ব্রন্মের সহিত কুত্র, সঙ্কীর্ণ, পরিমিত, জন্মসূত্যু-জরাব্যাধির অধীন জীবের একাশ্মতা-'স্বীকার-ইহা বাতুলের প্রলাপ। স্থিত স্থান্তর, অপরিমেরের সহিত পরি--মিতের ঐক্য বা একান্মতা কথনই স্বীকার করা যাইতে পারে ন।। উভয়ের মধ্যে দেবা-সেবকসম্বন্ধ স্থীকার করা সাইতে পারে। षात्र मुक्ति व्यर्थ वाहाहे हडेक, डेहारक अभ-স্কলপপ্রাপ্তিবলা যাইতেপারে না: বড় জোর ব্ৰহ্মণান্তিধলাভ, ব্ৰহ্মণালোক্যলাভ ইত্যাদি वना वाहरू भारत। अवत्रवामीत मुक्ति देवछ-वांगीत প्रार्थनीत नार ; के मुक्ति दक्रवन মিধ্যাভিয়ানী অবিদানের মিধ্যা আকালন।

মৃক্তির ও অদরবাদের ঐরণ অর্থ ধরিয়া বৈতবাদী এইরূপে গর্জন করেন। কিন্তু তাঁহার গর্জন সম্পূর্ণ নির্থক। অকা-রূপে তিনি হাওয়ার সহিত বৃদ্ধ করিয়া বলক্ষর করেন। কেন না, অধ্যবাদের যে অর্থ উপরে দেওয়া হইল, আমাদের বিশাস উহা প্রকৃত অন্তর্বাদ নহে। মৃক্তিতে যে অর্থ আরোপ করিয়া বৈতবাদী আম্ফালন করেন, আমাদের বিশাস মৃক্তির অর্থ তাহা নহে।

বর্তমান শেশকের দৃঢ় বিখাস, উপরে
বাহা অবস্থাদ বলিয়া বিবৃত হইল, ভাহা
অবস্থাদ নহে; তাহা প্রচ্ছন বৈতবাদ মাত্র।*
এবং ভারাশ্ শহরীচার্য্য এই প্রচ্ছন বৈত-

বাদেরই নিরানের জন্তই স্থাপনার সম্প্রশক্তি নিরোগ করিবাছিলেন। যে মত শক্তরাচার্যা ও তাঁহার শিষ্যগণের প্রতি আরোপ করা হয়, তাহা তাঁহাদের মত নহে। বরং সেই মত নিরাসের জন্তই তাঁহাদের সমস্ত পরিশ্রম।

Individual Soul with Universal Soul, এই ছই ইংরেজি ভর্জমা হইভেই এই ভ্ৰমের কথা বুঝা যার। Individual Soul विनाट वृक्षात्रं, दुन्हशात्री खौरवत्र आजाः আর Universal Soul বলিতে বুঝার একটা বৃহত্তর আত্মা পরিমিত জীবের আত্মা অপেকা বৃহত্তর জগভাপী আত্মা। উভয়ের সম্বন্ধ মহাকাশ ও ঘটাকাশের নম্বন্ধের তুলা। একটা অসীম, অপরি-মেয়, উপাধিবৰ্জিত, অনিৰ্ব্বাচা; আর-একটা দুদীম, পরিমেয়, উপাধিবিশিষ্ট, নিৰ্দেশ্য। উভয়ে অভিন্ন মৰ্থাৎ একঞাতীয় পদার্থে, একই বস্তুতে নির্দ্মিত। त्यांत्र, कीवांचा शत्रमांचात्र व्यःम ; . জীৰ ঈশ্ববের অংশ।

কিন্তু, আমরা বলিতে চাহি যে, এই Universal Soul ও Individual Soul ঘটিত ব্যাথ্যাটা অন্ধ্রবাদ লহে; ইহা প্রচন্ত্র বৈতবাদ।

তবে বিশুদ্ধ: অধ্যবাদ কি । দেখা বাক।
অধ্যবাদীরা ব্রহ্মপদার্থে ও জীবপদার্থে
কোনরূপ ভেদ স্বীকার করেন না; বিজাতীর,
সজাতীর, স্বগত কোনরূপ ভেদ স্বীকার
করেন না। এক অভ্যের সংশ বিদাসে ভূল
হর; উভরই সর্কভোভাবে এক।
করা তীব অর্থে ব্রহ্ম ও ব্রহ্ম ।
পরমায়া অর্থে জীবায়া বর্ণে

পরমাত্মা। আত্মা ও ব্রহ্ম অভিন্ন — এই বাক্যের মর্থ আত্মার অপর নাম ব্রহ্ম। ব্রহ্মশব্দ বেদান্ত-শাস্ত্র হইতে উঠাইরা দিয়া সর্ব্যয় 'আত্মা'শব্দ ব্যবহার করিলে কোন ক্ষতি হইবে না।

কিন্ত এই কথা বলিতে গেলেই অপর পক হইতে হাহাকার উঠিবে। জীবাঝা পরমাঝার অংশ- ইহা বরং ছিল ভাল; জীব ও ব্রহ্ম দর্বভোভাবে এক—আত্মার অপর নামই ব্রহ্ম—ইহা যে আরও বিষম কথা। এরপ যে বলে, দে যে বাত্লেরও অধ্য।

এ পক্ষের বিভীষিকার একটা হেতৃ আছে : কিন্তু দেই হেতু তাঁহাদের স্বক্পোল-কল্পিড। তাঁহারা বেদান্তের ব্রহ্মশব্দে গোড়া হইতে একট। নিদিষ্ট অর্থ আরোপ করিয়া রাথিয়াছেন। অধ্যবাদীরা ত্রহান্দ সম্পূর্ণ ভিনার্থে ব্যবহার করেন, ত:হা তাঁহারা জানেন লা। এবং আপনারা যে অর্থে বন্ধ-শদ গ্রহণ করিয়াছেন, সেই অর্থবাচ্য ত্রন্মের দর্যন্ত অন্বয়বাদীর ঐক্রপ উক্তি দেখিয়া তাঁহারা আতত্তে শিহরিয়া উঠেন। তাঁহাদের আতক্ষের কারণ নাই। তাঁহারা যে অর্থে ব্রহ্মশন্দ প্রয়োগ করেন, অন্বয়বাদী সে অর্থে •প্রয়োগ করেন না: অধ্য-বাদীর ব্রহ্ম তাঁহাদের ব্রহ্ম নহে। স্থতরাং व्यवस्थानीत बक्रमश्रदक व्यवस्थानीत তাঁহাদের ব্রহ্মকে স্পর্শমাত্র করে না। স্থতরাং, তাঁহাদের আতত্ত ভিত্তিহীন ও নিরথক। তাঁহাদের প্রতিবাদও অন্বয়বাদীকে স্পর্শ করে না। তাঁহাদের লড়াই হাওয়ার সহিত।

অধরবাদীর ব্রহ্ম তবে কি ? তিনি বাহাই ইউন, কোনরূপ সপ্তণ ঈশ্বর নহেন। গ্রীষ্টা-নেরা এই বিশ্বকাতের শ্রষ্টা, নির্মাতা; विधाडा, अजीममंकिमानी, श्रायवान, करूगा-নিধান, এক নিরাকার ব্যক্তির-Person-এর-অন্তিমে বিখাদ করেন। আমাদের বান্ধসমাজের আচার্যাগণ বেদাকশান্তের ব্রহ্মকে যথাসাধ্য সেই খ্রীষ্টানি স্ষ্টিকর্তার নিকট টানিয়া লইয়া গিয়াছেন। বেদাস্তের ব্রন্ধের সহিত—অন্তত অন্বয়বাদপ্রতিপাত্ত ব্রন্মের সাহত - তাঁহার কোন সম্পর্ক নাই। আমাদের দেশেও সাম্প্রদায়িকেরা ও বৈত-বাদী দার্শনিকেরা ও ঐশবকাবলিকেতা ঐক্লপ একজন স্ষ্টিকর্তার করনা করেন —তবে খ্রীষ্টানেরা তাঁহাতে যে গুণ অর্পণ করেন, ইঁহারা সকলে সেই সকল গুণ অর্পণ করিতে চাহেন না। অনেকের মতে তিনি ঐশ্ব্যাশালী ও সপ্তণ : আবার অনেকের মতে নিজুণ অথবা ঋদ্ধতৈত্ত্ত-সরপ। চরাচর ব্রহ্মাণ্ড ইহারই সৃষ্টি অথবা ইঁহারই মায়া। ক:হারও মতে ইনিই Universal Soul, জীব ইঁহারই অংশ; মুক্তির পর জীব ইহাতে লীন হইয়া যান। কেহ বা মে কথা বলিতে গেলে মারিতে আসেন। এই Universal Soul - এই জীব হইতে সতম্র "ঈশর" -যিনিই হউন, ইনি অধ্য-বাদীর ব্রহ্ম নহেন; এবং যাঁহারা অন্বয়বাদকে ক্রতিবাক্যের প্রকৃত ব্যাথ্যা বলিয়া গ্রহণ করেন, তাঁহাদের মতে ইনি উপনিষৎপ্রতি-পাত শ্ৰুতিসমত ব্ৰহ্ম নহেন।

তবে এই অন্বয়বাদীর ব্রহ্মশব্দের অর্থ
কি

পু অন্বয়বাদীর ব্রহ্মশব্দের অর্থই আত্মা।
ইনি আর কেহই নংগ্রন—ইনি আত্মা—
তোমরা যাহাকে জীবাত্মা বল বা জীব বল,
ইনি সেই জীবাত্মা বা জীব। অন্বয়াদমতে

পরমান্বার কোন স্বতম অন্তিত নাই। 'পরমান্বা'নাম যদি নিতান্তই ব্যবহার করিতে
হয়, উহা জীবাত্মার সহিত এক, অভিন্ন ও
সমানার্থক বলিয়া গ্রহণ করিতে হইবে।

আর একবার এইখানে বলিয়া রাখি,
আধ্বরবাদ সত্য কি মিথ্যা, তাহার আলোচনা
এ প্রসঙ্গের আদৌ উদ্দেশ্ত নহে। অধ্বরবাদী
লাস্ত কি অল্রান্ত, সে কথা তুলিবারই• কোন
প্ররোজন নাই। বিশুদ্ধ অধ্বরবাদ স্বীকার্য্য
হউক আর না হউক, তাহাতে আপাতত
কিছুই ধার-আসে না। বিশুদ্ধ অধ্বরবাদ
কি, তাহা বুঝিয়া দেখাই বর্ত্তমান আলোচনার একমাত্র লক্ষ্য।

এই অন্বয়বাদকে খাটি Idealism বলিয়া আনেকে নির্দেশ করেন। বার্কলির idealismএর সহিত ইহার মিল আছে, আবার প্রভেদও আছে। বার্কলি প্রতীয়মান জড়-লগতের পারমার্থিক স্বতম্ভ অন্তিত শ্বীকার করিতেন না। অধ্যবাদীও স্বীকার করেন উভরেরই মতে প্রতীরমান জগং প্রভারসমষ্টিমাত। এই প্রভারস্করণ কগৎ যে চেতন পদার্থের সমীপে প্রতীত হয়, তাহার নাম আঝা। বার্কলি ও অন্বরবাদী, উভরেই এই চেতন অন্তিত আত্মার श्रीकात्र करत्रन। छाशास्त्र छेछरत्रत्र निक्षे এই প্রতীশ্বমান জগতের সাক্ষী চেতন আত্মার অভিত্ব স্বতঃসিদ্ধ সত্য। এই চেতন সাকী না থাকিলে জগৎ কেবল অসম্বদ্ধ প্রত্যম্পর-স্পরায়, ক্লিক বিজ্ঞানের সমষ্টিতে পরিণত হইত। বার্কলির ভাষার এই চেডন আয়াই क्रि (मर्(७ मक् ७ म ७ वार्गनारक क्रार्य व দ্ৰষ্টা ও শব্দের শ্ৰোতা বলিয়া জানে: চেতন

আত্মা না থাকিলে রূপ হয় ত থাকিত, শব হয় ত থাকিত : কিন্তু রূপ শব্দ শুনিতে পাইত না ও শব্দ রূপ দেখিতে পাইত না; রূপের সহিত শব্দের কোন সম্পর্ক থাকিত না; বৌদ্ধগণ জগৎকে ক্ষণিক বিজ্ঞানের সমষ্টি বা প্রত্যয়পরম্পরা বলিয়াই জানেন; জাঁহারা এই আত্মার অন্তিত্ব স্বীকার করেন না। ইংরেজ দার্শনিকগণের মধ্যে হিউম স্বীকার करद्रन ना । हिडेम व्यष्टि ভाষाय विद्याद्रिन, অনেক পণ্ডিতের নিকট এই সাক্ষী আত্মা স্বতঃসিদ্ধ বস্তু; তাঁহারা সেই আত্মাকে প্রত্যক্ষ দেখিতে পান; আমি কিন্তু এই আত্মাকে কথনই দেখিতে পাই নাই। আত্মাকে খুঁজিতে গিয়া কেবল একটা-না-একটা প্রত্যয় দেখি,—শীতাতপ, আলো-আঁধার, স্থ-হ:খ, এইরূপ একটা-না-একটা প্রত্যয় দেখি; এই প্রত্যয়, এই 🚁 িক বিজ্ঞানই আমার পক্ষে সর্কান্ত; সুষুধির ममद्र यथन এই প্রতায়গুলি লীন হইয়া যায়, তথন আমিও থাকি না। বার্কলির সহিত ঐ পর্যান্ত অবন্ধবাদীর মিল আছে। কিন্ত তাহার পরে আর মিল নাই। অবয়বাদীর মতে আত্মা বহু নহে, আত্মা একমাত্র। সে কোন আত্মাণ আমিই যে আত্মা। অস মসুষ্টে আত্মার পারমার্থিক অন্তিত্ব আরোপে অধ্যবাদী কুটিত। তাহার কারণ কতকটা বুঝা যায়। তোমার দেহ আমার প্রত্যক্ষ-বিষয়। সেই প্রত্যক্ষ-বিষয় দেহ দেখিয়া ও তাহার আকার-ইন্দিত দেখিয়া আত্মার অন্তির আমি অনুমান করিয়া থাকি তোমার দেহ প্রত্যক্ষ-বিষয়—তোমার আরা প্রত্যক্ষ-বিষয় নহে, অত্যান-স্বিষয় মাতা

কিছ তোমার দেহেরই পারমার্থিক অন্তিত্ব যখন আমি স্বীকার করিলাম না, তথন সেই দেহ হইতে অমুমিত আত্মারও পারমার্থিক অন্তিত্ব আমি স্বীকার করিতে পারি না। অসত আমার আত্মা যেরূপ উপল্কির বিষয় ও আমার নিকট স্বতঃদিদ্ধ বস্তু, তোমার আত্মা সেরূপ উপলব্ধির বিষয় নছে: গতএব উহা স্বতঃসিদ্ধ বস্তুও নহে। এইখানে বার্কলির সহিত অন্যবাদীর প্রভেদ। কেবল বার্কলি কেন, দাংখাদর্শনদন্ত পুরুষের সহিত থদি বৈদা-জিক আত্মাকে অভিন্ন বলিয়া ধরা যায়-তাহা হইলে এথানে সাংখ্যের সহিত্ত বেদা-স্তীর ভেদ। সাংখ্য বহুপুরুষবাদী; বেদান্তী একপুরুষবাদী বা একাত্মবাদী। বেশস্তের আমার আত্মা--অথাং আমি। তদ্ভিদ্ধ অন্ত কোন আত্মার অস্তিহ বেদান্ত খীকার করেন না। এই আত্মার নাম জীবাত্ম। বা জাব।

এই জীব অর্থাং আমি বিধ্বুলাং-নামক একটা করি গণার্থকে আমার বাহিরে প্রক্রিপ্ত করিয়া ভাহাকে নিরীক্ষণ করি-তেছি ও তাহার প্রতি আমার বিবিধ সহর বাপন করিয়া স্থহঃখ ভোগ করিতেছি। এই বিশ্বজ্ঞগং আমার নিকট নিরমিত স্বাবহু জগং বলিয়া প্রতীয়মান হয়; ইহার মধ্যে কার্যাকারণশৃত্যলা দেখিতে পাই। এই জগতের মধ্যে শীতগ্রীয়, দিবারাত্রি নিরমমত পরিবর্ত্তিত হয়। গ্রহনক্ষ্রে নিরমমত উদিত ও অন্তগত হয়। আগুনে হাত পোড়ে, অয়ে ক্র্যানির্ত্তি হয়, ইত্যাদি বিবিধ নিয়ম ও কার্যাকারণশৃত্যলা এই জগতে আমি দেখিতে

পাই। এই নিয়ম, এই ব্যবস্থা, এই কার্য্য-কারণশৃঞ্জা কোথা হইতে আসিল, ইহা বুঝান একটা সমস্থা। হিউম এবং বৌদ্ধ, আত্মার অন্তিত স্বীকার করেন না। তাঁহা-দের মতে আত্মা নাই; কেবল ক্ষণস্থায়ী বিজ্ঞানের পরম্পরামাত্র আছে। উহাদের মধ্যে একটা পৌৰ্ব্বাপৰ্যাসম্বন্ধ দেখিতে পাই। একটা প্রত্যয়ের পর আর একটা প্রত্যয় আসিয়া থাকে। অন্নভোজন-রূপ প্রভায়ের পর ক্ষ্ধানিবৃত্তিনামক প্রভায় উপস্থিত হয়, এইমাত্র -- কিন্তু উপস্থিত হইতেই হইবে, এমন কোন বাধ্যবাধকতা নাই। কেন না, উভয় প্রত্যয়ই ক্ষণস্থায়ী। একের দহিত অন্তের ঐ পৌর্বাপর্য্যদম্বন ব্যতীত অন্ত কোনরূপ সম্বন্ধ নাই। ঐরপ ঘটয়া থাকে; ঐক্লপ যে ঘটিতেই হইবে, এক্লপ কোন কারণ নাই। কেন অঞ্চরণ না ঘটিয়া ঐরপই ঘটে, এ প্রশ্ন নিরর্থক—কেন না, ঐরপ না ঘটিয়া অত্যরূপ ঘটিলেও ঠিক সেই প্রশ্নই উঠিত। আতাফল ভূমিতে কেন পড়ে, অগ্নিস্পর্শে কেন যন্ত্রণা হয়, এ প্রান্নের উত্তর দিতে পারি না; আতাফল যদি উৰ্জগামী হইত, অগ্নিম্পার্শে বদি আরাম হইত, তাহা হইলেও কেন তেমন হয়, এই প্রশ্ন উঠিত ; তাহারও উত্তর দিতে পারিতাম না। যথন একরপ-না-একরপ ঘটিতেই হইবে, তথন যাহা ঘটিতেছে, তাহাই মানিয়া नुष्ठ। दक्न अक्रम रहेन, दक्न अक्रम रहेन না, এ তর্ক তুলিয়া লাভ নাই। ক্ষণিক-विकानवामी तोक वत्मन, उदा व्यविष्ठा। হিউম বলেন, ও সকল প্রশ্নের উত্তর নাই; উदा दिंशानि।

বার্কলি জগতের এই নিয়ম, এই ব্যবস্থা, এই কার্যাকারণসম্বন্ধ ব্যাইবার জন্ত এক বৃহৎ চেডনপদার্থের অন্তিত্ব স্বীকার করিয়া-ছেন, ইহাকে Universal Soul বা Active Reason এইরূপ একটা নাম দেওঘা হয়। বার্কণি খ্রীষ্টান ছিলেন; তিনি বলেন. এই বৃহৎ চৈতন্তময় পদার্থই গ্রীষ্টানদিগের ঈশর বা খোদা- এবং ইনিই প্রতীয়মান-জগতে নির্মের, ব্যবহারের ও কার্য্যকারণশৃত্থলার প্রতিষ্ঠাতা। জীবাত্মা হইতে স্বতন্ত্র ও বৃহত্তর সেই বিশ্বাত্মা বা ঈশ্বর তৎকল্পিত বিশ্বজগতে স্বেচ্চায় কতিপয় নিয়মের প্রতিষ্ঠা করিয়া-ছেন ও প্রত্যয়গুলিকে কার্যাকারণশৃন্থলায় আবন্ধ করিয়া রাথিয়াছেন; সেইজ্ঞ একের পদ্ধ অক্সটি ঘটে। তিনি যেরপ বিধান ক্রিয়াছেন, সেইক্লপই ঘটে; অন্তর্রপ বিধান করিলে অক্সরূপই ঘটিত। সেইজন্ত পরিমিত সঙ্কীৰ্ণ জীবাত্মা সেইরপই ঘটতে দেখে, অন্ত-ক্লপ ঘটতে দেখে না। তিনি ঐরপ বাবস্থা कतिशाह्न विद्या यथाकारन स्था छेठे, यथा-কালে ঋতুপরিবর্ত্তন হয়, যথাকালে জীবের अनामत्र घटि. यथानियस अथ्यः एथत आवि-ভাব-তিরোভাব হয়-প্রতায়সমষ্টিরূপ প্রতাক कारहात्कत्र व्यापि यथानित्राम आवर्त्तन करत्। প্রতীয়মান বাহুজগতে কার্য্যকারণশূখ-

প্রতীয়মান বাহুজগতে কাগ্যকারণশৃত্থলায় ও নিয়মের হেতুপ্রদর্শনের জন্ম বাকলি
তাহার ঐথরিক আত্মার কয়না করিয়াছিলেন। অচেতন জড়জগতের প্রত্যয়ত্বরপ
উপাদানগুলি আমরা নির্দিষ্টবিধানমত
সক্ষিত ও বিশ্বত দেখিতে পাই। কে তাহাদিগকে এইয়পে সাজাইল ? এই সজ্জায় ও
বিশ্বাসে কেবল বে একটা স্থলর শৃত্যনা আছে,

তাহা নহে ; উহাতে একটা উদ্দেশ্যের, একটা লক্ষ্যের, একটা designএর পরিচয় পাওয়া যার। জগতের স্রোত ধ্থানিয়মে চলিয়াছে —কিন্ত একটা ভবিষাৎ উদ্দেশ্যকে লক্ষা করিয়া চলিয়াছে। দেখ, সেই প্রাচীনকালের কুল্লাটিকাকার নীহারিকা হইতে কেমন স্থলর স্থব্যবস্থ দৌরজগতের অভিব্যক্তি হইয়াছে। ধরাপুঠে কেমন বিবিধ জীবের, বিবিধ উদ্ভিদের উৎপত্তি হইয়াছে; কেমন নৃতন উৎকৃষ্ট জীব পুরাতন অপরুষ্ট জীবের স্থান গ্রহণ করিয়াছে: শেষ পর্যাস্থ এই অতারত মহুধোর উৎপত্তি ও ক্রেয়েছিত ঘটিয়াছে। সমগ্র জগদবস্তুটি ফেমন তারে-তারে চাকায়-চাকায় গাঁথা: এথানের চাকা-থানি কেমন ওথানের চাকাথানিকে নিয়মিত করিয়া রাখিয়াছে। লাপ্লাদের ধীশক্তি সপ্রমাণ করিতে চাহিয়াছিল, সৌরজগৎরূপ বিশাল যন্ত্রটি কেমন স্থিতিশীল ; এতগুলি বৃহৎ জড়পিও পরস্পরকে ককাচ্যুত কার-বার চেষ্টা করিতেছে, অপচ সকলে ঘুরিয়া-ফিরিয়া আপন নির্দিষ্ট কক্ষাপথেই প্রতি-নিবৃত্ত হইতেছে। জগদ্যন্তের এই বৃহৎ উদ্দেশ্য, এই design, এই বড়ছাতের-P-যুক্ত Purpose, मन्दमिक्टिक व्याहेवात अग्र महान মহাপণ্ডিতে মিলিয়া এতভ্লা Bridgewater Treatiseই লিখিয়া ফেলিয়াছেন। যন্ত্রটির নিমাণেই কেমন মহৎ উদ্দেশ্ডের আজি যে উন্নত পরিচয় পাওয়া যায় ৷ স্পাদ্ধত মহুষ্যজাতি ধরাপুষ্ঠে অতুল মহিমার বিচরণ করিতেছে, যেন কভ-কোটি বংগর পূর্ব হইতেই তাহার উৎপত্তির অভ পরামর্শ চলিতেছিল। আলফেড রালেল ওয়ালাল

এই বৃদ্ধবন্ধদে প্রতিপন্ন করিতে চাহেন, মহুষ্যকে কেন্দ্রগত করিয়া তাহার মহিমা বাড়াইবার জন্মই এত-বড় ব্রহ্মাণ্ডের কার-খানাটা এত যুগ হইতে চলিয়া আসিতেছে। अफ्अग९रक প্রত্যয়সম্টি বল, কতি নাই; কিন্তু সেই প্রত্যয়সমষ্টিকে এমন ভাবে এমন মহৎ উদ্দেশ্যের অমুকুল করিয়া দাজাইল কে

 তাহারা আপনা হইতে এরপে সজ্জিত इहेग्राष्ट्र, व्यापना इहेर्ड व्यापना पिशतक ঐরূপ উদ্দেশ্যের অভিমুথ করিয়া ঐরূপে ষ্থানিয়মে ব্যবস্থিত করিয়া লইয়াছে, এরূপ বলিলে নিতান্ত অত্যাচার হয়। ক্ষণিক-বিজ্ঞানবাদীরা সেইরূপ বলিতে পারেন, কিন্ত অচেতন জড়ে তাহাতে মন মানে না। অধবা অচেতন প্রত্যয়ে এরপ ক্ষমতা স্থীকার করিতে পারা যায় না। হিউম বলেন, ঐর্থ না হইরা সম্পূর্ণ অন্তর্রপও হইতে পারিত। যাহা হইয়াছে, তাহাই গ্রহণ কর; কেন হইয়াছে, ওরূপ প্রশ্ন করিও না। কিন্তু হিউমের এ উত্তরেও মনের তৃগ্ডি रंग्र ना।

জড়জগংকে ঐরপ নিয়মে স্থাপনের জন্ত, ঐরপ একটা উদ্দেশ্যের অনুক্ল করিয়া সাজাইবার জন্ত, একজন নিয়ামকের প্রয়োজন, একজন ব্যবহাপকের প্রয়োজন, এক-জন উদ্দেশ্যবান্, ইচ্ছাশালী, সর্বশাজনান্, সর্বাজ চেত্তনপুরুবের প্রয়োজন; একজন Personus প্রয়োজন। হংরাজিতে ইংগকে বলে—Argument from Design. বাকলি এইজন্ত সর্বাজ সর্বাজিমান্ চেতন সুহৎ আত্মার, অর্থাৎ চৈতন্তমর জীব হইতে স্বতপ্র ও সুহতর চৈতন্ত্রমন্ত জ্বারের, ক্রমনা করিয়া- ছেন। ইভর লোকে এইজয় জগৎরূপিবৃহৎঘট-নিশ্মতা বৃহৎ-কুন্তকাররূপী ঈশবের
করনা করে। চেতনাসম্পদ্ম জীবের ঐরূপ
ইচ্ছাশক্তিপ্রয়োগের, ঐরূপে একটা উদ্দেশ্যের অমুকৃলে সাজাইবার ক্ষমতা আছে।
তাহা দেখিয়াই এই বৃহৎ উদ্দেশ্য সমাধানের
জয় বৃহৎ টৈতভার অভিত্ব কলিত হইয়াছে।
এখন অধ্যুবাদী বৈদান্তিক একেত্রে কি
বলেন, দেখা ঘাউক।

অবয়বাদী বৈদান্তিকও ভডজগতে এই ক্ষমতা অর্পণে কুন্তিত। প্রত্যয়স ষ্ট আপনা হইতে আপনাকে ঐরপে বিশ্বস্ত ও ব্যবস্থিত করিবে, ইহা তিনিও বিশ্বাস করিতে পারেন বেদান্তমতে প্রতায় সমূহ জড়পদার্থ বা অচেতন পদার্থ। আমর। আজকাল যাহাকে জড়পদার্থ বলি, বৈদান্তিক তথাতীত ম্যান্ত পদাৰ্থকেও জড়পদাৰ্থ বলিতেন। একালে বাহাকে matter বলে, বেদান্ত-মতে তাহা প্রত্যন্ত্রমাত্র—তাহা ত অচেতন জড় বটেই। তড়িন ইঞ্রি, মন, বুদ্ধি প্রভৃতি পদার্থও বৈদাস্তিকের ভাষায় জড়পদার্থ-- কেন না, উহাদের নিজের চেতনা নাই। আত্মাই চেতন। আত্মা যাহা দেখে,যাহা ওনে,বা যদারা (मृद्ध, यमात्रा छत्न, (म मक्नरे अहिंछन अष् । চন্দ্ৰ, স্থ্য, গাছপালা প্ৰভৃতি যাহা দেখা যাম, যাহা প্রত্যক্ষগোচর, তাহা ত অচেতন জড় वर्षेट्र ; देखिय, मन, वृद्धि প্রভৃতি যে সকলের সাহায্যে আত্মা এই সকল পদার্থ প্রত্যক্ষ করে, তাহারাও অচেতন জড়। নিজের চেতনা নাই। তাহারা আপনারা আপনাকে দেখিতে পায় না। আ্যাই চৈতন্ত্রন্ধ। আত্মাই স্প্রকৃষ ;

আর-সক্লহ তৎকর্ত্তক প্রকাশিত হয়। कारकरे क्राप्त्रज्ञ आश्रमा रहेरा निव्यमिल, সুসংযত, সুস্জিত, শুঝ্লাবদ্ধ, উদ্দেশ্যামুকুল হইতে পারে না; উহাকে সাজাইতে-গোছা-ইতে, উদেশ্বাসুকৃল করিতে চেতন আত্মার কিন্তু দে কোন আত্মা? প্রব্রোজন। वार्किन विनादन त्य. त्म विश्वाचा-- वृहर এখনিক আত্মা—দর্বজ্ঞ দর্বশক্তিমান ইচ্ছা-ময় চৈতক্সরূপী ঈশ্বর—তিনি ঐরূপে সাজাইয়া-ছেন বলিয়া ইতর সন্ধীর্ণ-পরিমিত জীবাত্মা ঐক্তপ স্জ্জিত দেখে। হিউম এইখানে আসিয়া বলিবেন, 'আচ্ছা, জড়জগতের স্টির জন্ত, জড়জগৎকে স্থানিয়ত করিয়া দাজাইবার জন্ম, যদি একজন চেতনপুরুষের নিজান্তই প্রবোজন হয়, তবে তজ্জ্ঞ ঈশবের করনার প্রয়োজন কি ? অন্ত কোন চেতনপুরুষেও সেই বিধানক্ষমতা, সেই নিয়মরচনার ক্ষমতা অর্পণ করিতে ক্ষতি কি ?' "Not only the will of the Supreme Being may create matter, but for aught we know a priori, the will of any other being might create it." रेजमा-স্তিক হিউমের বছশত বংসর পুর্বের জ্যারা-ছিলেন; তিনিও জোরের স্হিত এইখানে षानिया वर्णन, 'बर, जञ्ज्ञ जीवाचा रहेर्ड স্বতন্ত্র বৃহত্তর স্বাত্মার কল্পনার প্রয়োজন দেখি না; আমাকে ছাড়া আর আত্মানাই এবং আমিই সেই সর্বশক্তিমান স্ব্ৰজ্ঞ চৈত্যুক্সপী আমিই এই প্রতীয়্মান বিশ্বে ঐরপ নিয়মের প্রতিষ্ঠা করিয়াছি অামিট আমার করিত জগৎকে এরপ উদ্দেখামুকুল করিয়া সাজাইয়াছি—আমিই জগতের স্রষ্টা,

কৰ্ত্তা ও ৰিধাতা—আমিই পরমাত্মা ও আমিই বন্ধ।

কথাটা ঠিক্ হউক আর নাই হউক, ইহার অপেকা পাই কথা আর হইতে পারে না। বেদাস্ত ঘাঁহাকে ব্রহ্ম বলেন, তিনি আর কেহ নহেন, তিনি আমি—সোহহম্—অহং ব্রহ্মামি। ইহা শ্রুতিসমত মহাবাক্য। ইহার অর্থ লইয়া গওগোল নিফল। ইহার অর্থ অতি পাই। ইহার সত্যতা লইয়া তর্ক তুলিতে পার—এই মত ভ্রাস্ত কি অভ্রাস্ত, তাহা লইয়া বিচার করিতে পার; কিস্ত ইহার অর্থ লইয়া বিসংবাদের কোন অবকাশ নাই।

বিশুদ্ধান্ত্রবাদী শঙ্করাচার্য্য বেদাস্তবাক্যের যে এই অর্থ বুঝিয়াছেন, তাহা সহস্র স্থল হইতে তাঁহার বাকা উদ্ধৃত করিয়া দেখান যাইতে পারে। আত্মা অর্থে আমি. ইংরেজিতে যাহাকে Ego বলে বা Self বলে, তাহাই; এবং আমার অপর নাম ব্লন্ধ। এই ব্রহ্মকে যদি প্রমাক্সা বলিতে চাও, আমিই সেই প্রমাত্মা; আমা ছাড়া স্বতন্ত্র পুরমাত্মা किছूर नार। देशरे विकक्ष व्यदेशवान —ইহাই জীবব্রন্ধের অভেদবাদ। আমা ছাড়া জीব नाই-वाम। हाज़ उक्त नाই-वामिरे জীব ও আনিই ব্ৰশ্ব। যাহা জীবাঝা, তাহাই" পর্যাত্ম। কিন্তু ইহা বলিলেই অমনি কোলা-रुल छेठिरव। तामाञ्चलवामी रहेरा वार्काल পর্যান্ত সকলেই সমস্বরে কোলাহল করিয়া উঠিবেন। কেহ লাঠি বাহির করিবেন, কেহ ভূকুটী করিবেন, কেহ উপহাদের হাসি হাসি-বেন এবং সকলেই গর্জন করিবেন। বলি-বেন, 'এ কি বাতুলের প্রলাপ, এই সমীর্ণ, স্বীম, পরিমিত, কর্মপাশ্বর, সংসারচ্জে

ঘূর্ণমান, জ্বামরণশীল, ছুর্বল; ক্ষীণজীবের এত বড় স্পর্দ্ধা যে, সে জগৎকর্ত্ত্ব, জগদ্বিধাতৃত্ব, সর্বাশক্তিমন্তার স্পর্দ্ধা করে। এই "minute philosopher, not six feet high"——এই ব্যক্তি বিশ্বভূবনপতির সিংহাসন গ্রহণ করিতে চাহে! হা হতোহিশি! হা দগ্রোহিশি!!

অধ্যবাদী হাসিয়া উত্তর দেন, 'কে বলিল বে. আমি দঙীর্ণ, দদীম, পরিমিত, কর্ম্মপাশবদ্ধ, জরামরণণীল ? কে বলিল, আমি সর্বাজ্ঞ সর্বাক্তিমান নহি ? কেন আমাকে এরপে পরিমিত বিবেচনা করিব ? ঐরপ যদি মনে করি, তাহা আমার অবিষ্ঠা, তাহা আমার ভ্রান্তি, তাহা আমার অজ্ঞান, তাহা আমার জ্ঞানের অভাব। জ্ঞানের উদয় হইলেই বুঝিব, অধিল প্রপঞ্চের শ্রষ্টা, বিধাতা, নিয়ন্তা আমিই স্ব্রজ্ঞ, দৰ্বণক্তিমান, অঘিতীয় ব্ৰহা। অন্ত ব্ৰহ নাই। কে বলিল, মামি স্থগ্র:খভোগী পরি-মিতশক্তি জীবমাত ? এই প্রপঞ্চ যথন আমা-बरे कबना, उंशा यथन आभावरे প্রতায়, এই बूलाम्ह, এই अन्य-अन्ना-मन्नन, এই खूब-कृ:४, এ সমন্তও তথন আমারই কলনা। বস্তত আমি এ সকল হইতে মুক্ত; নিতাওজবিমু-কৈকমপুণ্ডানন্দমন্বয়ম্, সত্যং জ্ঞানমনন্তং - যৎ পরং ব্রহ্মাহমেব তং। এইটুকু না জানিয়া অপেনাকে স্কীণ ও পরিমিত মনে করাই অবিভা। এইটুকু জানারই নাম অবিভার ধ্বংস — তাহার পারিভাষিক নাম মুক্তি।'

প্রতিপক্ষ বলিবেন, 'ইছা অন্বয়নীর নিতান্তই গায়ের জোর। জীবের স্থীর্ণতা মানিব না বলিলেই কি চলিবে ? এক-মুষ্টি অর্ন থাহার জীবদ্বের ভিত্তি, তাহার মুথে এমন কথা বাভুলের প্রকাপ।' কাজেই প্রতিপক্ষকে নিরম্ভ করিতে হইলে অন্বয়বাদীর ঐ উব্জির তাৎপর্য্য আর-একটু স্পষ্টভাবে বৃঝিবার চেষ্টা করিতে হইবে।

পাশ্চাত্যদর্শনে যাবতীয় পদার্থকে ছই ভাগে ভাগ করা হয়; একের নাম Subject বা বিষয়ী; অপরের নাম Object বা বিষয়। যে উপলব্ধি করে, সে বিষয়ী: যাহা উপলব্ধ হয়, তাহা বিষয়। এই বিষয়ী আমি--- অহং-পদবাচ্য; আর এই বিষয় তুমি—বংপদবাচ্য। তুমি-শব্দে কেবল আমার সমুখবর্ত্তী তোমাকে-মাত্র বুঝায় না। তুমি বলিতে, তিনি, সে, রাম-খ্রাম-হরি, বাঘ-ভালুক, কীটপতঞ্চ, গাছ-भाना, **हक्क्यर्श**, लाष्ट्रे-देष्टेक, नवरे व्याद्य। কেন না. এ সকলই কোন-না-কোন সময়ে তোমার স্থলবর্ত্তী হইয়া আমার উপলব্ধির বিষয় বা আমার প্রত্যক্ষ হইয়াছে বা হইতে পারে। কাজেই এ সকলই বিষয়শ্রেণিভুক্ত। এমন কি, আমার ইক্রিয়, আমার মন, আমার বৃদ্ধি, এ সকলও আমি কোন-না-কোন প্রমাণ ছারা উপলব্ধি করিয়া থাকি। কাজেই এ সকলও विषयञ्चानीय। এই সমগ্র विषय्यत्रं मध्य কতিপয় বস্তুকে অর্থাৎ তোমাকে, তাঁহাকে, রাম-খ্রাম-হরিকে, আমারই মত চেতনাসম্পন্ন বলিয়া মনে করি; আর চক্রস্থ্য, গাছপালা, ला.हे-इहेकानिएक एडजारीन विवास मध्न করি। উহা কেবল লোকব্যবহারের জন্ত; উহা ব্যাবহারিক সত্য। উহাতে আমার कीवनगाळात्र स्वविधा दग्न, এইमाळ ; किन्ड আমার জীবনধাতাই ব্যবহারমাত্র—ছতরাং পারমার্থিকভাবে অসত্য। বিষয়ী : আমিই এক্ষাত্র চেতনপদার্থ—আর আমা ছাড়া যাহা-কিছু আমার প্রত্যক্ষগোচর বা অমুমান- গোচর, যাহা আমার বিষয়, তাহা চেতনাহীন পদার্থ। উহার কোন অংশে যদি চৈতন্ত করিত হয় বা অস্থমিত হয়, সে অামারই কয়না বা অস্থমান মাত্র; কাজেই সৈ চৈত-স্তের স্বাধীন পারমার্থিক অন্তিত্ব নাই। আপা-তত এই বিষয়ী আমাকে জীব-আখ্যা দেওয়া যাউক ও আমা-ছাড়া সমস্ত বিষয়কে জগৎ-আধ্যা দেওয়া যাউক।

এই জীবের ও এই জগতের পরস্পর সম্বন্ধ কি ? আপাতত মনে হয়, জগৎ আমার বাহিরে স্বাধীনভাবে, স্বতন্ত্রভাবে অবস্থিত। मार्श्वावां नी जाहाहे वालन; कज़वानिशन अ তাহাই বলেন। আরও মনে হয়, এই বিষয়ের সহিত আমার নিত্য আদানপ্রদান-কারবার চলিতেছে; শক্ষপর্শগন্ধাদি বাহির হইতে আদিয়া ইক্রিয়দারা আমার মধ্যে প্রবেশ করিয়া আমার চেতনায় আঘাত করিতেছে; তজ্জ্ঞ আমার স্থহ:খভোগ ঘটিতেছে। মনে হয়, আমি সর্বতোভাবে বিষয়ের অধীন ও বিষয়ের বশীভূত; বিষয়ের কোন কোন ক্রিয়া আমার প্রাণব্তার অমৃ-कृत: किছ वा প্রতিকৃत। याश अपूक्त, তাহা আমার উপাদেয়; যাহা প্রতিকৃল, ভাহা আমার হেয়। উপাদেয়কে গ্রহণ করি-বার জন্ত হেয়কে বর্জন ও পরিহার করি-বার জন্ত, আমি সর্বাদা কর্মাণীল, তদর্থ আমার कर्ष्यक्षियश्वनि मर्दाना (ठहानीन ७ कर्पभद्र। এই खविद्राम क्रिडोरे खामांत्र कीवन । विषयात সহিত আমার সে কণে কারবার আরম্ভ হয়. ষেই কণতে আমি আমার জন্মকাল বলি; বিষয়ের সহিত কারবার যতদিন চলিতে থাকে, ততদিন আমার বৃদ্ধি, বিপরিণাম, কর

ঘটে: ও যে সময়ে কারবার থানে, সেই সময়কে মৃত্যুকাল বলিয়া নির্দেশ করি। এই সমগ্রকাল ধরিয়া আমি বিষয়াধীন থাকিয়া ट्यवर्ष्णन ७ উপाদেयश्रहान एवं। বিষয়াধীন হইয়া আমাকে বিবিধ কর্ম করিতে হয় ও সেই সকল কম্মের যথানিয়মে ফল-ভোগ করিতে হয়। মৃত্যুর পরেই যে আমার সহিত বিষয়ের কারবার চিরকালের ভাগ্ থামে, ভাহা বলা কঠিন। সম্ভবত তং-পরেও অন্ত স্থানে অন্ত দেহ ধারণ করিয়া আমাকে অন্ত কর্মা করিতে হয় ও তাহার ফলস্বরূপ স্থতঃথ ভোগ করিতে হয়। সেই-রূপ আমার জন্মের পূর্ব্বেও সম্ভবত অক্সন্থানে অন্তদেহে বিষয়ের সহিত আমার কারবার চলিয়াছিল; তাহার স্মৃতি এখন বর্ত্তমান নাই। কিন্তু ভাহার ফলভোগ হয় ত অন্তাপি কবিতে **इटें**टिहा এहेक्का मत्म ना कहित्त. क्या-স্তরকৃত কর্মের ফল বলিয়া না বুঝিলে, এ জন্মের সকল স্থতঃথের হেতুনির্দেশ হয় না। জগংপ্রণালীর নৈতিক সামঞ্জস্ত-moral justification—घटे ना।

এইরপে বিবরের সহিত আমার এই কারবারের আরস্ত, আমার এই স্থপছংশ-ভোগ, আমার এই কর্মপরতা, কবে আরস্ত হইয়াছে, তাহা বলা বার না; কবে শেষ হইবে, তাহাও বলা ছছর। এই জন্মজন্মাস্তর-ব্যাপী বিষয়-বিষয়ীর পরক্ষার আদান-প্রদান—ইহার নাম সংসার। ইহাতে কথন বা আমি বিষয়কে আম্বালীবনের অন্তর্গুল করিয়া লইয়া স্থপী হই, কথনও বা বিবরকর্কুক পরাভূত হইয়া ছঃখন্ডোগ করি। চক্রনেমির আবর্জনের সহিত আমার এই

দশাবিপর্যায়কে উপমিত করা চলে। আমাকে আমি এই সংসারচক্রে ঘূর্ণমান, পরিমিত, কর্মবন্ধনবন্ধ বিষয়াধীন জীব বলিয়া মনে করিয়া থাকি। ঐ বিষয় সর্বতোভাবে আমা হইতে স্বাধীন, স্বতন্ত্র, বহিঃস্থ, ও আমা অপেক্ষা সর্বতোভাবে শক্তিশালী, ইহাই আমার বিখাস। উহা আপন নিরমে চলিতেছে, সেই নিরমের উপর আমার প্রভূত নাই; কথন বা আমি চেটা ঘারা নিরমকে আমার অস্কুল করিয়া লই বটে, কিন্তু সেই নিরম সর্বতোভাবে আমার অন্থান ও শেষ পর্যান্ত উহা আমাকে পরাভব করে; তথন আমি জগদ্যন্তের চাকার তলে দলিত, পিট, অভিতৃত হইনা থাকি।

আমার সহিত জগতের সম্বন্ধ আপাতত আমার ঐরপ বোধ হয়। বোধ হয়, জীব কুদ্র, জগৎ বৃহৎ। জীব জগতের অধীন এবং জগতের অধীনতাবশে স্থত:থভাগী জরামরণণীল। বৈদাস্তিক এইখানে আদিয়া বলেন, 'বাহা মনে করিতেছ, তাহা ভুল। জীবের শ্বভাৰ ঐক্লপ নহে, জগতের শ্বরপঙ ঐরপ নহে; এবং উভয়ের সম্বন্ধ যাহা ভাবিতেছ, ঠিকু তাহার উন্টা। ঐ যে জগং, 'ঐ যে বিষয়, উহার পারমার্থিক অন্তিত্ব নাই: উহা বিষয়ীর অর্থাৎ আমার কল্লিত পদার্থ। পরমার্থত উহা স্বপ্লবৎ অলীক পদুর্। এ क्षा व देवमांखिक এका वरनम, जाहाँ भेटह। हैश औठा मार्मनिक्त आकिमध्ति नहा। वार्कनि ७ हिडेम् इहेटड बन् हे बार्ट मिन् ७ ট্মাস্ হেম্রি হক্সলী পর্যাস্ক সকলেই জগতের পারমার্থিক অন্তিত্ব অবীকার করেন। তাঁহা-দের বৃক্তি কাটিতে বিনি সাহস করিবেন, তিনি কক্ষন। আমরা সেই বুক্তির সারবজ্ঞানম্বন্ধে বিচারে প্রবৃত্ত হইব না। আমরা তাঁহাদের সহিত মানিয়া লইব—বিষয়ের নিরপেক্ষ শ্বতন্ত্র অন্তিত্ব নাই, উহা বিষয়ীর ক্য়নামাত্র। বিষয়ী উহাকে স্পৃষ্টি করিয়া আপনার বাহিরে প্রক্ষিপ্ত করিয়াছে।

এইথানে স্ষ্টেশন্দ একটু বিশিষ্ট অর্থে ব্যবহার করা গেল। ইংরেঞ্জিতে যাহাকে creation বলে, আজকাল আমর। স্টেশক সেই অর্থে ব্যবহার করি। ইংরেজি creationশকে কথনও গঠন বা নির্মাণ বুঝায়, কথনও অভ্রিব্যক্ত করা বা মূর্ব্তান্তর দেওয়া বুঝায়, আবার কথনও বা সভাব হইতে ভাব-পদার্থের উৎপাদন বুঝায়। কিন্তু বিষয়ী যে অর্থে বিষয়কে সৃষ্টি করে, আমি যে অর্থে আমার জগৎকে সৃষ্টি করিয়াছি, তাহা ঐরূপ creation বলিলে বুঝার না। এই স্ষ্ট-শন্তের অর্থ কি, তাহা 🛩 উমেশচন্দ্র বটব্যাল তাঁহার সাংখ্যদর্শনপুত্তকে অতি স্থন্দররূপে বুঝাইয়াছেন। এম্বলে তাঁহার ভাষা উদ্ভ করিবার প্রলোভন সংবরণ করিতে পারিলাম "স্জ্-ধাতুর আদিম অর্থ বোধ হয় ত্যাগ বা নিক্ষেপ। এই ধাতু হইতে বিস-र्छन, मर्ग, विरुष्टे, विरुष्टि, रुष्टि देखानि मन নির্মিত হইরাছে। যে প্রক্রিরা হারা আত্মা আপনার জ্ঞানরাশিকে জ্ঞেয়ের উপর নিকেপ করে, আপনা হইতে বহিন্ধত করিয়া তত্থারা জ্ঞেয়কে আবৃত করে—অর্থাৎ আত্মা হইতে বেরূপে সুনভূতের আবির্ভাব হয়-তাহার নাম দার্শনিক স্ষ্ট। বেমন গুটপোকার রেশমের কোরা নির্মাণ করিয়া আপনাকে তন্মধ্যস্থ করে, তজ্ঞপ নরনারী যে প্রক্রিয়া

ৰারা মিজ নিজ সংসারের (ব্যক্তজগতের ৰা ছুলভূতসংৰের) তত্ত হারা আপনাকে আবৃত করে, দর্শনশাল্লে ভাহার নাম স্টি" (माःचामर्मन ७७ पृः)। আমরাও স্টি-भक्ष ठिक **এই जर्ल वांदशंत्र कतिनाम।** বটব্যালমহাশয়ের সহিত আমাদের প্রভেদ এই বে, তিনি সাংখামত বুঝাইতেছেন; আমরা বেদাস্কমত বুঝাইতেছি। সাংখ্য বছ জীবের, বছ পুরুবের অন্তিম স্বীকার করেন। বৈদান্তিক এক জীবের, এক পুরু-বের, এক আত্মার অভিত্ব মানেন। বটব্যাল-মহাশন্ত বেথানে 'নরনারী' বলিয়াছেন, বেদানী সেধানে কেবল জীব অথবা 'আত্মা'-শব্দ বাবচার করিবেন। অপিচ সাংখ্য জ্ঞেয়-নামক পদার্থের-প্রকৃতির-স্বাধীন সভা খীকার করেন; তবে এই জ্বেরপ্রকৃতি তাঁহার মতে প্রতীরমান জগৎনহে; উহা কোন অনি-सीठा वस, बाहा आश्वात वा श्रुक्तवत्र महिशांत्न আসিয়া আত্মার স্টক্ষমতাবলে পরিদৃশুমান প্রতীয়মান জগতে পরিণত হয়। বেদান্ত সেই শ্বতম্ন অনির্বাচ্য জ্বেরপ্রকৃতির বাধীন সভা শ্বীকার করেন না। কাজেই বিনি বৈদান্তিক. किनि वहेवानिमहानदब्द जावा এक हे पूत्राहेबा বলিবেন, ব্ৰৈ প্ৰক্ৰিয়া হারা আত্মা আপনার ক্সানরাশিকে আপনা হইতে বাহিরে নিকেপ করে, আপনা হইতে বহিষ্ণত করিয়া জেয়-পদার্থে পরিণত করে, তত্বারা বাক্তলগতের নির্মাণ করে-অর্থাৎ আত্মা হইতে বেরুপে हुन ७ एक क्छममंडि विषयत्र व्यविकांव द्य, -- छारात्र नाम नार्निकं रुष्टि।"

বেদাভনতে ক্ষের, ব্যক্ত, প্রতীয়নান ক্ষর-জের অক্সা কি, ভাহা বলা হইল। উহা আত্মারই স্ট, আত্মারই করিত; উহরি ন্যাব-হারিক অন্তির আছে, কিন্ত পার্নাধিক অন্তিন্ত নাই। এ বিষয়ে প্রাচাদর্শন ও প্রতীচাদর্শন একমত।

তংপরে কথা, আত্মার বরুণ কি ? পুর্কেই विद्याष्ट्रि, ऋणिकविकानवानी ध्योठा मार्च-নিক ও হিউম্ ও হক্সলির স্থায় প্রতীচ্য দার্শনিক এই আত্মারও অন্তিত্ব মানেন না। বেদাস্ত উহার অন্তিত্ব মানেন; ভূলই হউক ष्यात ठिक्टे रुडेक, मात्नन; এवः बत्नन, এই আত্মা স্বত:সিদ্ধ পদার্থ : ইহার অভিত্ব-প্রতিপাদনের জন্ত কোন প্রমাণের প্রয়োজন নাই। এখন এই আত্মার বরূপ कি, ভাহা বুঝাইতে গেলে বড় পোলে পড়িতে হয়। বেদাস্তমতে আত্মাই যথন বিশবগতের স্ষ্টি-কর্ত্তা এবং সেই বিশ্বজ্ঞগৎ বথন তৎপ্রতিষ্ঠিত-নির্মানসারেই অজ্ঞাত ভবিষাৎ উদ্দেশ্তকে লক্য করিয়া চলিতেছে, তথন আত্মাকেই गर्सछ गर्सनिकिमान स्थात रिगटि रहा। বেদান্ত তাহাই বলিয়াছেন। বেদান্ত আত্মা-কেই পুন:পুন ঐ সকল বিশেষণে বিশিষ্ট করিয়াছেন। আত্মা সর্বজ্ঞ-নতুবা অনা-গত ভবিষ্যংকে লক্ষ্য করিয়া জগদ্যল চালান সম্ভবপর হইত না; আত্মা সর্মলক্তিমান, নতুবা পরিদৃশ্বমান জগতে বাহা-কিছু বিভ্যান, সে সকলেরই তৎকর্তৃক সৃষ্টি সম্ভবপর ইইত না। এইরূপে আত্মায় সর্ব্বক্ষতা ও সর্ব-শক্তিমতা আরোপ করিয়া বেলাক্ত আত্মাকে वर्षाए जामारक लेखन करे जान विनारहन। **এशन वना वाह्ना, এই दिशास्त्रतं में** এটানসমাজের বা বালসমাজের **বী**কৃত দী^{খর} नरहम। देनदाविकारि वेचवकाविक

निरक्तां सीव श्रेष्ठ अख्द य सगरकात्रव क्रेन्द्र बीकात करतन, य नेचंत्र रम नेचंत्र छ নভেন। বৈষ্ণবৃদ্ধিগর ভাষা সকল সময়ে वया बाग्र ना । देवस्थव मार्नेनिटकत्रां ७ अपनत्क শুভন্ন ঈশ্বর করনা করিয়া তাঁহার সহিত জীবের ভিন্নৰ ও সেবাসেবক্সম্বন্ধ করনা कत्रियाट्या কেহ কেহ আবার এরূপ ভাষায় কথা কহিয়াছেন যে, তাঁহারা বেদান্ত-খীকত আত্মাকেই ঈশ্বর বলিয়া গ্রহণ করেন নাই, ভাহা বলা হন্তর। বৈঞ্বগণের চতুর্বহতক্রে সহিত বৈদান্তিক অবয়তব্রের त्रवसराहरा (मथियाहि । তবে বৈষ্ণব-ममास्क्रत त्मज़गरनत निक्रे এই ममन्त्ररहिश অমুমোদিত হইবে কি না, জানি না। অন্তের পক্ষে যাহাই হউক, অৱয়মতে আমিই সর্ব্বজ্ঞ. দর্মশক্তিমান, জগতের প্রষ্টা, বিধাতা ও দংহর্তা। পরিদুর্ভাষান চরাচরের "জন্মাদি" আমা হইতেই।

এইরূপে বেদান্ত আত্মান্ত কগৎকারণত্ব অর্পণ করির। উহাকে ঈশরপদবাচ্য করেন ও সর্ব্বজ্ঞতা, সর্ব্বশক্তিমন্তা প্রভৃতি উপাধি তাঁহাতে অর্পণ করেন। আবার অন্তদিকে তিনিই • আত্মাকে সর্ব্বগণবিবর্জ্জিত নিরুপাধিক শুদ্ধ চৈতক্তস্বরূপ বলিয়া বর্ণনা করেন। এই একটা মুহাসমস্তা। আত্মাকে নিরুপাধিক বলার তাৎপর্য্য আঙ্গে ব্রাধাউক। আমি আছি, এ বিষয়ে আমার সন্দেহমাত্র নাই। ইহা আমার পক্ষে স্বতঃ-সিদ্ধ। অবচু সেই আমি কিংসক্রপ, আমি কেমন, ইহা বুঝাইবার ও বলিবার ভাবা পাওয়া বার না। কেন না, বাহা-কিছু আন্নিম্মা, ভাহাই ভাবা বারা প্রকাশবাধ্য ও

বর্ণনীর; কিছ যাহা জ্ঞানগম্য, তাহা বিষয়-শ্রেণিভূক্ত, তাহা বিষয়ী নহে। কাজেই আত্মার অর্থাৎ বিষয়ীর যদি কোন জ্ঞানগম্য ধর্ম থাকে, তাহা হইলে আত্মা বিষয়ী না হইয়া বিষয়ের অন্তর্গত হইয়া পড়ে। কাজেই কোন জ্ঞানগম্য ধর্ম, কোন ভাষায় বর্ণনীর গুণ, আত্মার জারোপ করা চলে না। কাজেই আত্মাকে ইহা নহে, ইহা নহে, এইরূপ বলিয়া বর্ণনা করিতে হয়। বাক্য মনের সহিত আত্মাকে না পাইয়া, আত্মার স্বরূপপ্রকাশে অসমর্থ হইয়া ফিরিয়া আনে। বড় জোর, তাহা বিক্তচেতনাম্বরূপ, এই পর্যান্ত বলিয়াই নিরস্ত হইতে হয়। কিছ সেই চেতনা আবার কি, তাহা ব্রান চলে

এইরূপে বেদাস্ত আত্মাকে নিশুণ, নিক্ষ-পাধিক, অনির্বাচ্য বলিয়া বর্ণনা করেন। হিউমের স্থায় প্রপঞ্চমাত্র-স্বীকারী এইখানে বংশন, 'যাহার স্বরূপ আসিয়া তাহা জানি না, বুঝি না, বুঝাইতেও পারি যাহার অন্তিত্বের প্রমাণ করিবার উপায় নাই, তাহার অন্তিত্বীকার বুধা बद्रमा।' क्लिक्विकानवानी द्वीष्ठ श्रीष मिहे कथाहे वर्णन। जिनि वर्णन, 'विषे বান্তবিক্ট সেইক্লপ কোন অনিৰ্মাচ্য পদাৰ্থ থাকে, ও তাহার নামকরণ নিতান্তই আবশুক इम, जाहाटक भुक्त बनाहे जान।' द्यमान জোরের সহিত বলেন, 'আমি উহাকে শুস্ত বলিতে প্রস্তুত নহি। শৃষ্ট বলারও বে ফল, नांखि बनाबा एमरे कन। डेरा नांखि, रेरा ৰলিতে আমি প্ৰস্তুত নহি। উহা নান্তি নহে: আৰি জানিতেছি, উহা অকি; উহার অকিছ

সহকে আমি বেমন নি:সংশয়, অগ্ন কোন পদার্থের অন্তিছসহকে আমি তেমন নি:-সংশয় নহি। অথচ উহা কেমনু, তাহা ভাষা ঘারা বুঝাইতে পারি না।'

ভাষা দারা বর্ণনীয় নহে, বুঝাইবার ভাষা পाই ना, अञ्जं नारे-नाजिकगरणत अरे তর্ক বিচারসাপেক। বুঝিতে পারি, অথচ বুঝাইতে পারি না, এরপ উদাহরণ অনেক আছে। একটা মোটা উদাহরণ দিব। मत्न कत्, मर्क त्रड्; मर्क त्रड्ंकाशांक বলে, তাহা আমি জানি; উহা আমার একটা পরিচিত প্রত্যয়। কিন্তু যে ব্যক্তি জনান্ধ, তাহাকে সবুজ রঙু কিরূপ, তাহা बुबाहेबात्र (कान वाना नाहे। त्महेत्रल (य ব্যক্তি অন্ধনহে, অথচ সবুজ রঙ্কখনও দেখে নাই, ভাহাকেও আমি বর্ণনা দ্বারা সবুজ রঙ্কি, তাহা বুঝাইতে পারিব না। ভবে একটা গাছের পাতা ভাহার সমক্ষে উপস্থিত করিয়া বলিতে পারি যে, ইহাই সবুজ রঙ্। জনারকে বেমন রঙ্বুঝান ষায় না, তেমনি জন্মবধিরকে শদ বুঝান চলে না। সেইরূপ চেতনা কি, তাহা আমি জানি, তাহা আমি বুঝিতে পারি, षामि উপमृक्ति कत्रि; উহার একটা নাম দিতেও পারি: কিন্তু অক্তকে বুঝাইতে পারি ना। श्रिकेरमद्र मछ विनि आधारक উপলব্ধি করেন নাই, তাঁহাকে আমরা জোর করিয়া উহা উপলব্ধি করাইতে পারি না। আবার जान्या यनि এरंकत्र जिथक वह थाकिछ, यनि আন্ধার সদৃশ বা সমধর্মা অগ্র-কিছু থাকিত, ভাহা হইলেও সেই বস্ত নান্তিককে দেখাইয়া वना सहरू शांतिक, देशहे याया, अथवा

আত্মা ইহারই মত। কিন্তু আত্মা বছ নহে; উহার সদৃশ বা সমধর্মা অন্ত কোন বস্তু নাই। উহা এক অধিতীয় চেতন পদার্থ; জগতে আর দিতীয় চেতন পদার্থ নাই। কাজেই যতক্ষণ নিজে না ব্ঝিবে, ততক্ষণ উহার স্বরূপ ব্ঝাইবার উপায় নাই।

তবে গোল এই যে, বেদান্ত এক মুখে আত্মাকে নিগুল বলিয়া বর্ণনা করেন, অস্ত মুখে আবার তাহাকে সর্বজ্ঞ সর্বশক্তিমান্ জগংকারণ ঈশর বলিয়া বিবৃত করেন, এ কিরূপ ? ইহার সামঞ্জ্ঞ হয় কিরূপে ? ঐ প্রকাণ্ড উপাধি বর্তমান থাকিতে আত্মাকে নিরুপাধিক বলিব, একি ব্যাপার ? একবার বলিতেছি, আমি জগতের স্তম্ভা; আবার বলিতেছি, আমি গুণবজ্জিত; এ কিরূপ ব্যাপার ?

বেদান্ত এই রূপে উত্তর দেন। বেদান্ত বলেন, এই সর্বজ্ঞতা, সর্বাশক্তিমন্তা প্রভৃতি উপাধি ভুয়া উপাধি—উহা অধ্যাদ। যাহা বা নয়, তাহাকে তাহা মনে কয়ার নাম অধ্যাদ। রজ্জু সর্প নহে; উহাকে সর্প মনে কয়া অধ্যাদ অর্থাৎ মিথ্যা আয়োপ। আয়ায় কোন ওণ নাই, কোন উপাধি নাই; উহাতে যে সর্বজ্ঞরানি উপাধি আয়োপ কয়া হয়, উহাও অধ্যাদ বা, মিথ্যা ধর্মের আয়োপ। রজ্জু সর্পের মত দেখাইলে উহা সর্প হয় না; আয়া সোপাধিক দেখাইলেও উহা সোপাধিক হয় না; প্রকৃতপক্ষে উহা নিরুপাধিক। উপাধি কেবল ভ্রম।

কি সর্বনাশ ! প্রতিপক্ষ বলিবেন, 'ডবে এতক্ষণ ধরিয়া এত চুক্তিধ্বনি সহকারে প্রতিপক্ষ সহ এত বিভঞার পর, আন্তাক্ষ

জগৎকর্ত্তা বলিয়া সপ্রমাণ করিবার পরি-প্রমের প্ররোজন কি ছিল ? এই যে প্রতি-পাদন করিলে, "বিশ্বজগতের কর্ত্তা আর-কেহ নহে, আমি স্বয়ং : বিশ্বজগতের আমিই সৃষ্টি করিয়াছি; আমিই আমার উদ্দেশ্যাত্ররপ করিয়া চালাইতেছি": এসব কি অনর্থক ? এতক্ষণ বলিতেছিলে সতা; এখন বলিতেছ মিখ্যা; তোমার কথার মানে বোঝাই দার হইল। ভোমার কোন কথাই গ্রহণ করিব ?' विमासी वानन, 'वसू (ह, अकर्रे दित हु। আমার ভাষাটা হেঁয়ালি-গোছের হইতেছে बढ़ि, किन्न अकड़े जनारेया मिश्रिल दें मानि থাকিৰে না। ভাষাটা বড় অদ্ভত জিনিষ; দত্য-মিধ্যা, এই শব্দ-ছটাই অনেকসময় গগুগোল বাধায়। যাহাকে সত্য বলা যায়, তাহা এক হিসাবে সত্য, অন্ত হিসাবে মিথা। যাহাকে মিখ্যা বলা যায়, তাহা একার্থে মিখ্যা, অন্ত অর্থে সত্য। মনে কর মরীচিকা---मक् ज्ञिर् खन जम-हेश न ज न। मिथा। १ এক হিসাবে ইহা সত্য। যাহাকে আমরা জল বলি, তাহা একটা প্রত্যয়মাত্র বা কতি-প্র প্রতারের সমষ্টিমাত্র-ক্তিপ্র প্রতায় বুগপৎ বুর্নির সমীপস্থ হইলে উহাকে জল বলা যায়। বস্তুত জল বলিয়া আমার বাহিরে किছू नाई। किन्छ जनदूषि আছে, जलद প্রতায়টা আছে। মরীচিকাতে যে প্রতায় জনাইয়াছে, উহা কলেরই প্রত্যয়। ধতকণ এ প্রতায় থাকে, ততকণ উহা জলেরই প্রতায়—বে প্রত্যায়সমষ্টিকে আমি জল নাম मिरे, **উहा** तमहे अञात्रममिष्टि। कात्मरे छेरा সভা; অন্তভ যতক্ৰণ মন্নীচিকা থাকে, যতক্ষণ ঐ অলপ্রতায় থাকে, তভক্ষণ উহা

সত্য। তার পর ধধন অন্ত প্রত্যন্থ উপস্থিত হইয়া পূর্বপ্রতায়কে ধাংস করে, জলপ্রতায় নষ্ট করিয়া দেয়, তখন বলা যায়, ঐ পূর্ববর্ত্তী প্রত্যর মিথ্যা। যতক্ষণ ঐ জনপ্রত্যর ছিল. ততক্ষণ উহা সতাই ছিল ; ততক্ষণ তুমি মাথা থুঁড়িলেও আমি উহাকে জলের প্রত্যন্ত ভিন্ন অন্ত প্রত্যন্ত বলিতাম না। এখন যথন সে প্রত্যন্ন গিন্নাছে, তথন উহাকে মিথ্যা বলিতে প্রস্তুত আছি। এতকণ উহাকে সত্য বলিতে-ছিলাম, কিন্তু এখন জানিতেছি, উহা স্থায়ী मजा नरह, উহা छाৎकानिक मजा। यादा স্থায়ী সভ্য নহে, তাহাকে তৎকালে যে সভ্য मत्न कतियाहिनाम, তाहात्रहे नाम अधान। এখন নৃতন প্রত্যয় আবিষ্ঠাবের পর নৃতন বৃদ্ধির উদ্য হইয়াছে, অধ্যাস কাটিয়া গিয়াছে। সেইরূপ রজ্জুকে যথন সর্প বোধ হয়, ঐ বোধও একটা প্রত্যয়; তৎকালে উহা সত্য। কিন্ত সূপবৃদ্ধি কাটিয়া গেলেজানিতে পারি, ঐ বৃদ্ধি তাৎকালিক সভ্যমাত্র। এইরূপ স্বপ্ন এক হিসাবে সত্যা, অন্ত হিসাবে মিথ্যা। যতক্ষণ স্থা দেখি, ততক্ষণ উহার মত সত্য আর किছूहे नाहे। काहात्र भाषा नाहे, उँश মিথ্যা প্রতিপন্ন করে; কিন্তু প্রবৃদ্ধ অর্থাৎ জাগরিত হইলে দে অধ্যাস যায়; তথন উহা সত্য নহে, জানিতে পারি।

'আত্মার স্বরূপ বিচার করিতে গেলেওু সত্য-মিথ্যা ঠিক্ এইরূপেই বুঝিতে হইবে।

'এই বে জড়জগৎ, যাহা আমার বাহিরে আমি দেখি, উহাও একার্থে সত্য, অক্ত অর্থে সত্য নহে! যতকণ উহাকে আমি আমার বাহিরে আমা হইতে স্বতন্ত্রভাবে দেখি, ততকণ উহা সত্য—কাহার সাধ্য উহাকে

মিখ্যা বলে। তথন উহা সভ্য- উহা তাৎ-কালিক সভ্য-উহা ব্যাবহারিক সভ্য-কেন না, উহা কতক্তলি ইক্সিলৰ বুদিগোচর প্রভারের সমষ্টি। উহার এই সত্যতা বীকার করিয়াই আমার জীবনবাতা চলিতেছে: নতুবা আমার জীবনই বা কোধায় থাকিত, আমার জগৎই বা কোথায় থাকিত! বতকণ উহাকে ঐক্লপ সভা মনে করি, ভতকণ উহার অন্তিত্ব বুঝাইবার অন্ত, উহা কোথা হইতে আসিল বুঝাইবার জ্ঞা, উহার নির্মা-তার, উহার স্ষ্টিকর্তার, অন্তিত্বকল্লনা আব-শ্রক হয়। ভাত হইবেই। উহা যথন সভ্য-ভাৎকালিক সত্য, তথন উহার উৎ-পত্তি-স্থিতি-লয়ের কারণ অহুসন্ধান করিতেই হুটবে। তথ্ন আমরা অন্ত কারণের সন্ধান না পাইবা, প্রচলিত কারণের অসঙ্গতি দেধাইয়া, बाबादकरे উरात्र कांत्रण विवा, आंबादकरे ক্লগতের হুটা বিধাতা বলিয়া নির্দেশ করি। যতক্ষণ এই জগৎ স্থব্যবস্থ স্থনিয়ত উদ্দেশ্যা-মুবায়ী বৃহৎ যদ্মসপে প্রতীত হয়, তভক্ষণ বাহাকে সেই বন্ধের নির্মাতা ও চালক মনে করা যায়, তাহাকে সর্বজ্ঞ সর্বশক্তিমান প্রভৃতি বিশেষণে বিশিষ্ট করিতে বাধ্য হই। অচেতন জড়জগৎ যথন আপনাকে আপনি উদ্দেশ্রমুখে চালাইতে পারে না, তথন যে একমাত্র চেতনপদার্থকে আমি স্থানি, সেই চেতন আত্মাকেই সর্বজ্ঞ সর্বাপক্তিমান ঈশ্বর वनिशा निर्फान कति । अध्यक्ष ए य हिमाद সত্য, আত্মান্ত সর্বজ্ঞতাদিও ঠিকু সেই হিসাবে সভা। ইহাতে বিশ্বর্থপ্রকাশের কারণ নাই।

'কিন্ধ যথন বুঝিতে পারি, এই জড়জগং বন্ধসমূদ, উহার বভয় অভিন্য নাই, তথন

द्विएक शांत्र-छेहा अकी। अशांत्रमातः। যাহার স্বতন্ত্র অন্তিত্ব নাই, তাহাতে বধন খতন্ত্র অন্তিত্ব আরোপ করিছাছি, তথন সেই আরোপ কেবল অধ্যাস। ভখন বৃঝিতে পারি, যাহাকে সভ্য মনে করিভেছিলাম, উহা তাংকালিক ব্যাবহারিক সত্যমাত্র, স্থায়ী পারমার্থিক সভা নহে। সেই ক্ষিত জগতে যে নিয়মের, যে ব্যবস্থার, যে উদ্দেশ্যের অন্তিত্ব (मथिटिक्**लाम, क्रग**्टे यथन क्**रा**ना, उचन त्र मक्नरे क्वना। जग्रहे यथन व्यशाम. সে সকলই তথন অধ্যাস। তথন সেই মিখ্যা-জগতের স্রষ্টা, বিধাতা, নিয়ন্তা ক্রনারই বা প্রয়োজন কি ? যাহা নাই, তাহার আবার স্টি কি ? তাহার আবার নিয়ন্তা কি ? ঐ সকল বিশেষণ তথন অর্থশৃত্য হইয়া দীড়ায়।

বিন্ধ্যার পুত্র যেমন অর্থশৃক্ত, যোড়ার ডিমের বেমন অর্থ হয় না, অন্তিত্হীন পদা-র্থের স্ষ্টিকর্তা, তেমনই অর্থশৃষ্ট। জ্ঞানোদয়ে এই অর্থশৃক্ততা বৃথিতে পারি। তথন আর আথার কর্ড-নিরস্ত প্রভৃতি আরোপের আবশ্রকতা থাকে না। জগৎকে সত্য ধরি-মাই আত্মাকে উহার শ্রষ্টা ও নিমন্তা, অভএব সর্বজ্ঞ ও সর্বশক্তিমান্ বলিতেছিলাম। অগ-তের সভ্য যথন ব্যাবহারিক সভ্য হইল, তথন আত্মারও ঈশর্ব ব্যাবহারিকভাবে সতা। লোকবাবহারের অভ, জীবনবাতার স্বিধার জন্ত, আমি জুগংকে সভ্য ও আত্মাকে জগতের কর্তা বলিয়া নির্দেশ জগংকে ৰদি সভ্য বল, कत्रिवाहिनाम। व्याचारकरे উरात क्छा वनिष्ठ रहेरव । अन 🗵 কর্তা কাহাকেও খুঁ বিদ্না পাওয়া কিন্ত যথন অধ্যাদের লোপ হয়, তথা

কেই মিথাা বলিরা জানি, তথন আত্মাতে আর জগতের কর্তৃত্ব আরোপের প্ররোজন থাকে না। যাহা নাই, তাহার আর কর্তা কি? কাজেই ব্যাবহারিক হিসাবে আত্মা ঈশর ও সোপাধিক; পরমার্থত আত্মা কর্তৃত্ব-হীন, নিগুণি ও নিরুপাধিক।'

अवस्थात जामि शतमार्थक উপाधिनंत्र. কিন্তু ব্যবহারত উপাধিবক্ত। এক ভাবে দেখিলে আমার কোন গুণ নাই, কর্তৃত্ব প্রাস্ত নাই, অন্তভাবে দেখিলে আমিই অগৎ-वहे बगरकर्ड्यक्रभ डेमाधि, यादा আমি আমাতে আরোপ করিয়া মৎক্রিত সৃষ্টিপ্রণালীর ব্যাখ্যা করি, ইহার পারিভাষিক নাম মারা। বেলাস্তের ভাষায়, আত্মা মায়ো-পাধিক হুইলে ঈশ্বর হয়, অর্থাৎ আমি আমাতে মায়ানামক উপাধি আহোপ করিয়া জগতের সৃষ্টি করি। ঐক্তজালিককে মায়াবী বলে, দে ব্যক্তি যে ক্ষমতায় দৃষ্টিবিভ্রম উৎ-**পাদন করিয়া শৃক্তমধ্যে ঘরবাড়ী নির্মাণ** করে, কাটামুভে কথা কহার, আমগাছে নারিকেল ফলায়, সেই ক্ষমতার নাম মায়া। ৰাহৰগৎ এইরূপ একটা প্রকাণ্ড ইন্দ্রকাল: कात्करे त शुक्रव त्मरे हेक्कान उत्भव करत्, त मादाबी, त्र मादानामक-डेशाधिवूङ। धैसकानित्कंत्र উৎপापिक के नकन अकुछ দৃখ্যের বান্তবিক অভিত কিছুই নাই ; ঐশ্রন্থা-ণিকেরও বন্ধগত্যা আমগাছে নারিকেল ফলাইবার ক্ষমতা নাই। অজ্ঞলোকে এক্স-वानित्क (र जातोकिक क्रमण वर्गन करत्, এক্রদার্গিকের সেরপ ক্ষতা কিছুই নাই। छत्य त्व त्म क्षेत्रभ ज्यान्त्रश्चा त्कोभन त्मचाय, তা্হা দর্শকগণেরই অঞ্চার ফল। বে জানে, সে ঐক্র লিকের মায়ায় প্রতারিত হয় না;
সে ঐ সকল কৌশলকে মিথ্যা দৃষ্টিত্রম বলিয়াই জানে ও ঐক্রজালিককেও অলৌকিকশক্তিসম্পন্ন মাসুষ বলিয়া মনে করে না।
সেইরূপ আত্মা বে জগতের স্পষ্ট করে, সে
লগও অলীক পদার্থ; বে ইহা জানে না,
সে প্রতারিত হয়; তাহার নিকট আত্মা
মায়াবী, অভ্তশক্তিসম্পন্ন পদার্থ; আর বে
লগৎকে মিথ্যা কয়না বলিয়া জানে, সে
জানে, আত্মায় ঐরূপ ক্ষমতার আরোপ
আবশ্রক নহে। আত্মা প্রকৃতপক্ষে নিগুলি ও
উপাধিশৃষ্ট। বে ব্যক্তি এই কথাটুকু জানে
না, সে বদ্ধ; আর বে জানিয়াছে, সে মুক্ত।

বিষয়ীর সহিত বিষয়ের সম্বন্ধ কি. ভাহা এখন বুঝা বাইবে। উভয়ের স্বরূপ কি, তাহা বুঝা গেল। বিষয় একটা অধ্যাস: উহার পারমার্থিক অন্তিত্ব নাই, ব্যাবহারিক অন্তিত্ব আছে। বিষয়ীর ব্যাবহারিক ও পারমার্থিক. উভয়বিধ অন্তিত্বই আছে; তবে ব্যবহারত উহা মায়াবলে জগতের স্ষ্টিকর্ত্তা, অতএব সর্বজ্ঞ, সর্বশক্তিমান; কিন্তু পরমার্থত উহা উপাধিরহিত, নিক্রিয়, কর্ভুত্বহীন। এই উভ-যের সমন্ধ কিরূপ হইতে পারে ? আমি আমাকে সর্বতোভাবে প্রাকৃতিক শক্তিনিচ-য়ের অধীন, স্সীম, সম্বীর্ণ, স্থত্য:থভাগী, জ্যা-मद्रशंशील कुछ कीय विनिष्ठा मत्न कति। किड তাহা অধ্যাসমাত্র। প্রকৃত সম্বন্ধ ঠিক ইহার বিপরীত। আমিই বরং জগতের প্রষ্ঠা নিয়ন্তা বিধাতা বলিলে ঠিক্ হয়। আমিই অগৎকে এরপভাবে গড়িয়াছি ও এরপভাবে চালাই-তেছি, তাই জগৎ এক্স দেখার ও একপ बहेक्का विनात बदा विक् रव। **ट**िन् ।

কিছ তাহাও সম্পূর্ণ ঠিক্ নহে। পরমার্থত আমি ঐক্লপ কিছুই করি না। আমি ঐক্লপ করি বলিয়া বোধ হয় বটে, কিছু উহা বোধমাত্র। আমি কিছুই করি না। ঐক্র-জালিক কাটামুঙে কথা কহায় বলিয়া বোধ হয় বটে, কিছু উহাও বোধমাত্র; ঐক্রেজালিক তাহা করে না। অতএব আমি সম্পূর্ণ নিক্রির শুদ্ধ হৈতভাস্বরূপ জীব।

এ পর্যান্ত যে আত্মার কথা বলা গেল, याशांक विवशी वा जीव এই नाम मिलशा হইল, দে আমি: আর কেইই নহে। আমিই धक्यां की ब. धरः धरे की वहे बन, धरे वाबिरे उमा। अथन विकास स्टेट भारत, জীবাজাই বদি একমাত্র অহিতীয় পদার্থ, জীবই ৰখন বন্ধ, তখন আবার 'পরমাত্মা'-নাষ্টা বেদান্তের ভাষায় ব্যবহৃত হয় কেন ? व्याचा वा कीवाचा वा कीव भक्त वावशास्त्रहे যথন সকল কাজ চলে, তথন 'পরমাঝা'নামক আর-একটা আত্মার কল্পনা করিয়া শেষে সেই পরমাত্মার সহিত জীবাত্মার অভেদপ্রতি-পাদনরপ উৎকট পরিশ্রমের প্রয়োজন কি ? প্রমান্তার নাম আদৌ উঠে কেন ? প্রমান্তা যদি জীবাত্মার সহিত সর্বতোভাবে অভিন্ন, **उद्ध शत्रमाचा** এই शृथक् नामकत्रागत श्रद्रा-जन कि १

প্রয়েজন কি, তাহা শারীরকভান্তের আরভেই একটি কথা আছে, তাহা হইতে বুঝা যার। ভাষ্যকার যাবতীর পদার্থকে বিষরী ও বিষর, এই ছই ভাগে ভাগ করিয়াছেন— বিষরী আমি, আর বিষর আমা-ছাড়া আর সব। এই ছয়ের সম্বন্ধ আলো আর আঁধা-রেয় মত সম্পূর্ণ বিপরীত বলিরাই আমাদের

(वांध इस । याहा विसमी, जाहा विसम नरह ; यांश विषय, जांश विषयी नरह। (य म्हार्थ, म्हे विषयी ; याहा मिथा यात्र, छाहा विषय। কিন্তু তার পরেই ভাষ্যকার বলিয়াছেন, এই বিষয়ী অর্থাৎ আত্মা সম্পূর্ণ অবিষয় নহে, সম্পূৰ্ণ অপ্ৰত্যক্ষ নহে-অৰ্থাৎ আমি একাধারে বিষয়ী ও বিষয়। এই কথাটা প্রণিধান-যোগ্য। আমি যেমন তোমাকে জানি, রামকে জানি, শ্যামকে জানি, তেমনি আমি আমাকেওজানি। আমাকে আমি জানি না, এ কথা আমি বলিতে পারি না। আমি এক-**मिटक का**ं। अञ्चिमिटक आमात्रहे (कांग्र) আমিই আমার অহংবৃত্তির গোচর। যাহা क्षानगमा, यादा काना यात्र, जाहादकहे यनि বিষয় বলা যায়, ভাহা হইলে আমি একাধারে বিষয়ী ও বিষয়। পাশ্চাত্যদর্শনেও Ego-নামক আমাকে ছই ভাগে ভাগ করা হয়। এককে বলা হয় Empirical Ego-অর্থাৎ বিষয় আমি; অন্তকে বলা হয় Pure Ego বা Transcendental Ego - অর্থাৎ বিষয়ী আমি। বেদাস্তশাল্তে এই বিষয়-আমার ৰা জানগম্য-আমার পারিভাবিক শীবাত্মা; আর এই বিষয়ী আমার,বা জাতা আমার পারিভাষিক নাম প্রমায়া।

এই উভর আমার মধ্যে সম্বন্ধ কি ? বলা বাহল্য, ইনিও যে আমি, উনিও সেই আমি। আমিই আমাকে জানি, এই জ্ঞানক্রিয়ার কর্ত্তা আমি ও কর্ম আমি, উভরই এক ও অভিন্ন আমি। ইহাতে মতুরৈধের সম্ভাবনা নাই। অবচ অক্তভাবে দেখিলে উভরকে ভিন্ন বলিয়া বোধ হয়। কিন্তুপে, দেখা বাহু।

खाया এकाशादा विषयी ও विषय-ভाषा-কারের এই উক্তির তাৎপর্য্য বুঝিবার চেষ্টা করা গেল। এই বিষয়ীর নাম পরমাত্মা a বিষ্ণস্থরূপে প্রতীয়মান আত্মার নাম जीवाया। आभिरे आभाटक तमिशः त्य আমি দেখে, দে পর্মাত্মা; যে আমাকে দেখা যায়, সে জীবাঝা। এই জ্ঞাতা সামি নিবিকার, নিজিয়; আর জ্ঞানের বিষয় আমি পরিবর্তনশীল, বিকারশীল, জড়ের ঘাতপ্ৰতিঘাতে মুহ্মান, জডজগংকর্ত্তক অভিভূরমান, জ্রামরণশাল, কর্মপ্র, সংসারে সুম্মাণ। এইরূপে দেখিলে উভয়ে ভিন্ন, পর্মায়াও যে. আবাৰ উভয়েই এক ৷ জীবাত্মাও দে. বেদাভের এই কথাটার ্উপরেই দ্বৈতবাদীর যত আফোশ। কিন্তু এই আক্রোশের কোন কারণই ন,ই। পূর্কেই বলা গিয়াছে, বৈতবাদী হাওয়ার সহিত যুদ্ধ করেন। অবস্থবাদীর ঐ উক্তির সরল অর্থ যে, বিষয়ী আমি ও বিষয় আমি একই दाकि। य मिथ अ याशक मिथ, तम একই ব্যক্তি। উভয়ের মধ্যে কোন ভেদ নাই। আমিই আমাকে দেখি, এখানে দেখা-ক্রিয়ণর কর্ত্তা ও কর্মা, উভয়েই এক অভিন ব্যক্তি। ইহারই নাম অভ্যবাদ। আমি একজন বাতীত আরু ছুই জন নাই। একমেবাধিতীয়ম।

ইংরেজিতে personal identity নামে একটা কথা আছে। উহার অর্থ কালিকার আমি একই বাজি। আমিও আজিকার আমি একট বাজি। কিন্তু এই ঐক্য জ্ঞের-আমার ঐক্য; জ্ঞাতা আমার ঐক্য নছে। কাল আমি আমাকে বৈরূপ দেখিরাছিলাম, আজু ঠিকু দেইরূপ

দেখিতেছি না, কিন্তু বন্ধগতা। সেই আমি অবিকৃত আছি, ইহা বুঝানই ঐ উক্তির তাৎপর্যা।

উভয়েই এক; কেন না, কালও বে আমি ছিলাম, আজও ঠিক সেই আমিই আছি। দেখিতে ভিন্ন বোধ হইলেও উভয়ের ঐক্যে কেহ দন্দেহ করেন না। বাল্যের আমি ও বৌবনের আমি ও আজিকার বৃদ্ধ আমি, একই আমি; সে বিষয়ে কাহারও সংলয় নাই। বোধ হইতেছে বেন আমার কত পরিবর্ত্তন হইয়াছে, অথচ পুর্বেও বে আমি ছিলাম, এবনও সেই আমি আছি।

জ্বের আমার বিকারসত্ত্তে এই ঐক্য অথাৎ personal identity কিরূপ ঐক্য, তাহা লইয়া পাশ্চাত্যপণ্ডিতেরা অনেক আলোচনা করিয়াছেন। প্রকৃতপক্ষে এই ঐকাকে ঐক্য বলা যাইছে পারে না। কাল যে গাছটি দেখিয়াছিলাম, আজও সেই গাছটি দেখিয়া আমি বলি, উহা সেই একই গাছ। কালিকার গাছে ও আজিকার গাছে এই ঐকা প্রকৃত ঐকানহে। কাল উহাতে যে পাতা, যে ফুল ছিল না, আজ সে পাতা, সে ফুল জ্বিয়াছে। কাল উহাতে যটা ডাল ছিল, তাহা আজু নাই; ঝড়ে একটা ডাল ভাঙিয়াছে। কালিকার গাছ ও আজিকার গাছ দর্কাংশে এক নহে, উহা অংশত এক। পরিবর্ত্তন হইয়াছে, তাহাতে সন্দেহ নাই; তবে ঐ পরিবর্ত্তন ধীরে ধীরে ক্রমশ ঘট-য়াছে। একবারে অধিক পরিবর্ত্তন হইলে হয় ত বলিতাম, এ গাছ সে গাছ নহে, তাহার স্থল আর-একটা গাছ কেহ বদাইরা গিয়াছে। কিন্তু এই জেমিক পরিবর্ত্তন, এই আংশিক

পরিবর্ত্তন ঘটতে দেখিলে আমরা তাহা না বলিয়া বলি, সেই গাছই আছে। কিন্তু বন্ধত দেই গাছ নাই। কাজেই কালিকার গাছের ও আজিকার গাছের এক্য সম্পূর্ণ ঐক্য নহে। সেইরূপ কালিকার আমার ও আজিকার আমার ঐক্য পুরা ঐক্য— যোল-আনা • ঐক্য-- নহে। কাল যে আমাকে জানিতাম দে আমি ও আজ বে আমাকে জানিতেছি সে আমি, কখনই সর্বতোভাবে এক আমি নহে। আমি সুখী ছিলাম, আজ আমি হুঃখী; কাল আমি ধনী ছিলাম, আজ গরিব; কাল মুৰ্গ ছিলাম, আজ পণ্ডিত। তবে কতক মিলও আছে। কালিকার আমার যে যে গুণ ছিল, আজিকার আমায় তাহার অনেক আছে; তবে সব নাই। काट्किই (छ्य-আমার এই একা পূর্ণ ঐকা নহে, উহা আংশিক ঐকা। আমার এই পবিবর্কন थीरत थीरत चित्राह, क्रमण चित्राह ; मह-জ্ঞ আমি বলি, সে আমি ও এ আমি এক আমি। কিন্তু এই একের অর্থ প্রায় এক; পুরা এক নহে। এ বিষয়ে যিনি আলোচনা চাহেন, তিনি হক্দলির লিখিত হিউমের জীবনবুভাত্তের ঐ অংশ পাঠ করিবেন।

আৰু আমি বেমন আছি, কাল আমি
কি ঠিক তেমনিট ছিলাম ? আমার স্থতি
কি বলে ? আমার স্পষ্ট মনে হইতেছে,
কাল আমি ছঃথে অভিভূত ছিলাম; শোকে
ফ্রিয়মাণ ছিলাম; আৰু আমার সে অবস্থা
নাই। সে অবস্থার স্থতি আছে বটে;
কিন্তু ছঃথের সে তীব্রতা নাই। আবার
কাল আমার জ্ঞানের সীমা যভদুর বিস্তৃত

ছিল, আজ তদপেকা অধিক প্রদার লাভ করিয়াছে। ইতোমধ্যে আমি ম্যাক্বেপ পড়িয়া ফোলয়াছি; ইত্যেমধ্যে অয়চন্ত্র ও খ্যামটাদের সহিত আমার নৃতন পরিচয় ঘটি-য়াছে; ইতোমধ্যে আমি দুরবীণ দিয়া আকাশ প্র্বেক্ষণ করিলছি; ইতোমধ্যে আমি বায়-বাহাতর খেতার পাইয়া উল্লসিত হইয়াছি। এইরূপ চারিদিক আলোচনা क्तिया (मिथिल् (म्था गोरेट्स, कोनिकात আমি আর আজিকার আমি ঠিকু সমান নহি। কাল আমার সহিত জগতের ঘাতপ্রতিঘাত দেরূপ চলিয়াছিল, আজ ঠিক্ সেরপ চলিতেছে না। কাল আমি আমাকে যে ভাবে, বে মৃতিতে জানিতাম, আজ আমি আমাকে ঠিক সে ভাবে, সে মৃত্তিতে জানি-তেছিন।। এইরূপ বালাকালের আমাতে ও বৌবনের আমাতে ও বান্ধক্যের আমাতে, হুও আমাতে ও রুগ্ণ আমাতে, হুখী আমাতে . ও তঃখী সামাতে অনেক প্রভেদ। এই প্রভেদ আমার জানগমা। অতি শৈশবকালে যথন আমি মাতৃকোড়ে বেড়াইতাম, সেকালের স্থৃতিটুকু দেকালের-আমার যে পরিচয় দিতেছে, সেই আংমি ও আজিকার প্রোচ, দুপু, কম্মপর আমি, কত ভিন্ন। তার আগে আরও শৈশবে আমি কিরপ ছিলাম, তাহা ত মনেই হয় না; শ্বৃতি কোন কথাই বলে না : অগচ তথনও আমি ছিলাম। কেমন ছিলাম, ঠিক্ বলিতে পারি না; এমন हिनाम ना, छाड़ा निन्ध्या. कार्क्ट (य আমি আমার বিষয়, সে আমি নিতাপরি-বর্ত্তনশীল; সে আমি কাল একরকম ছিলাম, আৰু অন্তৱকম আছি; সম্ভবত আগামী

কাল অন্তর্মপ হইব! ক্ষণে ক্ষণে সেই আমার পরিবর্ত্তন ঘটিতেছে। কোন চুই ক্লে সে আমার মূর্ত্তি ঠিক একরকম থাকে না। বলা বাছলা, এই নিতাপরিবর্তননীল আমি বিষয়-আমি। এই আমি আমার জানগ্যা; ইহাকে আমি দেখিতেছি, ভাবি-তেছি, মনে করিতেছি। এই জ্ঞেয়-সামার रेवनस्तिक नाम जीव। जीव निजाপतिवर्धननील, এবং এই পরিবর্তনের হেড ুম্ঘেদণ করিলে দেখা মাইবে, বাহা জড়জগতের সহিত ঘাত-প্রতিঘাতই তাহার 🕏 বিকারের তেত। বাহাজগতের অধীন বলিয়াই জীব কখনত স্থী, কথনও জংথী, কথন মৰ্কেখনও প্ৰিত, কথ্ন ও তুৰ্বল, কথ্ন ও স্বল, কখন ও শিশু, কথনও বৃদ্ধ। জীবের এই বিকারপব-স্পরা সভা বলিয়া এখন মানিয়া লংয়া গেল।

কিন্দ তার পরে প্রশ্ন, জ্ঞেয়-মানি দবি-কার, কিন্ধ জ্ঞাতা মামিও কি দবিকার ? বে মানি মানার এই পরিবর্তনের দাকী, যে ইহা বদিয়া-দদিয়া দেখিতেতে, তাতার ও কি বিকার আছে, পরিবর্তন আছে ? দেও কি স্বভন্নতৈর মধীন ২ এ বিষয়ে মহং-প্রায় কি বলে ?

ষহংপ্রভায় বলে না। কে একজন ভিতরে বদিরা বদিয়া জীবের এই পরিবর্ত্তন-পরম্পরা ঘটিতে দেখিতোল, নিজের তাংশার বিকার । ই । এই নিতাপরিবর্ত্তনীল বিধা-মানার প্রভাবে এই সকল পরিবর্ত্তন নিরী-কণ করিতেছে—দেই আমার ম্পন্তন নাই. তাহার কোন

বিকার নাই, পরিবর্ত্তন নাই! সে বসিয়া-ব্দিয়া এই বিষয়-আমার নিরস্তর পরিবর্তন एमिटिक्ट, निक्कित, निम्मान, निर्दिकात ভাবে দেখিতেছে ;—এই নিত্য পরিবর্তনের দে চিরস্তন বিনিদ্র সাক্ষী, অথচ এই পরি-বর্তুনব্যাপারে সে সম্পূর্ণ উদাদীন। এই নিঞ্জির, নিবিকার, উদাধীন সাক্ষী আমি, विवधी आणि: एम मर्काना विवय-व्यामादक নিনিমেষ চকুর সমুথে রাথিয়াছে। জড়-জগতের ঘাতপ্রতিঘাতে বিষয়-আমি নাচি-তেভি. কাঁদিতেছি, হাসিতেছি,-কখন 5েত্ৰ ও জাগ্ৰত, কথন স্বপ্লাব্ছ, ক্থন বা यव्थ---की डांश्वत. कर्मांगीन,- इःथी, स्थी. —ताकि, प्रयो, नेवी, प्रयो, - এथन अमन, उथन তেমন,--কাল এইরূপ, আজ অভারূপ;--িড বিষয়ি আমি নিশ্চল, নিম্পান, সদা-জাগ্রত, সদা-প্রকাশমান থাকিয়া এই জীভার. এই চাঞ্চল্যের, এই বিকারের নিত্যসাকী। বেদান্তশাল্যে এই বিষয়ি আমার নাম পর-য়াহায়।

বিষয় সামি ও বিষয়ি-আমি, উভয়ের
সরপ কি, তাহা যথাশক্তি বুঝাইলাম। বিষয়আমি আচ গেমন আছে, কাল তেমন ছিল
না: যৌবনে যেমন, বালো তেমন নয়,
শৈশবে আবার অন্তর্গণ। জন্মের পুর্বের্গ ভাগর অন্তির ছিল কি না, কে বলিতে
ারে
যিনি থাকে, কিন্ধপ ছিল, তাহা
আমি জানি না। শৈশবের অতি অস্পষ্ট স্বৃতি
বর্ত্তমান আছে। কিন্তু জন্মান্তর যদি থাকে,
দেই প্রেজনার স্মৃতি কিছুই নাই। তথন
আমি কিরপ ছিলাম, তাহা বলিতে পারি
না। আমার জন্মের পাঁচ বৎসর, পঞ্চাশ

বংসর, পঞ্চশত বংসর পুর্বে আমি কেমন ছিলাম, আমি ছিলাম কি ছিলাম না, তাহা আমি বলিতে পারি না। অথচ দেই পাঁচ বংসর, পঞ্চাশ বংসর, পঞ্চশত বংসর পূর্বে বিষয়রপী জড়জগৎ কিরূপ ছিল, তাহা আমি বলিতে পারি। প্রতাক্ষপ্রমাণে বলিতে পারি না. কিন্তু অনুমানবলে বা শাকপ্রমাণবলে বলিতে পারি। সে সময়ে আমার জন্মের পুর্বের, জগতের মৃত্তি কিরূপ ছিল, কোপায় কি হইতেছিল, কোপায় কি ঘটতে-ছিল, তাহা আমার জ্ঞানের বিষয়। তাহা আমি, বিষয়ী আমি—এখান হইতে অল্পষ্ট দেখিতে পাইতেছি। ঐ ক্লাইব পলানী-বাগানে বড়াই করিতেছেন,—ঐ জয়চন্দ্র মুসলমানকে নিমন্ত্রণ করিতেছেন,—ঐ দিথি-क्यो मिकनात मरेमत्य मिक्नम भात इहेरछ-ছেন,—ঐ আর্য্যগণ হলম্বনে গোধনসংস ভারতপ্রবেশ করিতেছেন,—ঐ ধরাপুঠে মাষ্টোডন মেগাণীরিয়াম বিচরণ করিতেছে, মানুষ তথন নাই,--এ মহাদাগরে বৃহৎ কুজীর, বৃহৎ মীন চরিয়া বেড়াইতেছে, স্বত্ত-পায়ী তথনও আবিভূতি হয় নাই: ঐ উত্তপ্ত ধরাপৃষ্ঠ মুহুমূহ ভুকম্পে আনোলিত হই-তেছে, তথন প্রাণীর আবির্ভাব হয় নাই ;— ঐ সৌরনীহারিকা সৌরজগতের পরিধি পুৰ্যান্ত ব্যাপিয়া ঘূৰ্ণমান, কেহ ভাহা দেখি-বার নাই :-- কিন্তু আমি এখান হইতে বসিয়া বসিয়া ভাহা দেখিতেছি;--আমি ব্দুড়কগতের এই ক্রব্যাপী পরিবর্ত্তনের সাকী। বিষয়ী আমি এইখানে বদিয়া निर्किकात्र अंदर्ग निर्निभित्य, , जेनानीतनद স্তার বিষয়-আমার অতীত যৌবনের অতীত

শৈশবের, 'রাত্রিদিন ধুকধুক তরজিত ত্র:খহুখ' এর অবেকণ করিতেছি: আবার বিষয়-আমি ধখন ছিলাম না, অথবা কেমন ছিল, কোথায় ছিল, তাহার ঠিকানা নাই. তথন বিষয় জড়জগৎ কোথায় ছিল, কেমন ছিল, কিরূপে ঘুরিতেছিল, ফিরিতেছিল, অভিব্যক্ত হইতেছিল, তাহাও এখানে বসিয়া-বসিয়া দেখিতেছি। সে কোন কালের কথা-সূৰ্য:মণ্ডল তথন ছিল না-চক্ৰমণ্ডল তথ্য ছিল না - আকাশে তথ্য নক্ত দেখা দিত না অচেতন ঘূৰ্ণমান জড় নীহারিকা, তাহাও হয়ত তথন ছিল না—আসীদিদং তমোভত্য—সেই জগতের আদিম অবস্থা---তার পর কতকাল মতীত হইয়া গেল, মাস গেল, অব্দ গেল, যুগ গেল, কল্প গেল, আমি এইখানে বৃসিয়া নির্বিকার নিক্রিয় প্রশান্ত নিতা মৃক্ত ওদা বৃদ্ধ স্বয়ং প্রকাশ চেতনা-স্ক্রপ আমি এইখান হইতে সমস্ত দেখি-তেছি। সুনুগু অতীতের আমি সাকী— আমি বিষয়ী— নামি আত্মা—আমি পরমাত্মা -- অ্মি এক। অহং একামি।

এখন বেদান্তের অভিপ্রায় অনেকটা স্পষ্ট হইরা আসিল। জড়জগং ত বিধ্যু, উহা অধ্যাস উহা মারা। কাহার নারা ? উত্তর আমার মারা। আমার অন্তিত্ব আমি যত সহজে মানিব না। কিন্তু সেই আমাই বা কিংবরূপ ? বেদান্ত বলেন, আমারও ছই মুর্তি — আমিও একাধারে বিষয়ী ও বিষয়। আমি আমাকেই দেখি। বে দেখে, দে বিষয়ী; যাহাকে দেখে, দে বিষয়া। যে বিষয়ী, তাহার নাম দাও পরমাল্লাবা ব্রহ্ম; যে বিষয়া, তাহার

नाम गांउ जोवांचा वा जीव। जोवांचा निठा-বিকারশীল: জডজগতের অধীনতায় উহাতে কেবলই বিকার ঘটিতেছে। প্রমাত্মা নির্বি-কার; দে জীবাত্মাকে দল্পুথে রাখিয়া তাহার এই বিকারপরস্পরা উদাদীনভাবে দেখি-তেছে। অতএব হই ভিন্ন বলিয়াই আপা-তত বোধ হয়। অথচ গুই অভিন। সামিই এক আমি। আমি আমাকে দেখি, এ স্থলে যে কঠা, সেই কর্ম। আনি আমা-क्टे पिथ-अञ् काशकि प्रिंग । আমি যথন সুখী হই, তথন আমি আমাকেই স্থা মনে করি, অগুকে স্থা মনে করি না। ইহা অতি সহজ কথা। দ্ৰষ্টা আমি ও দুগু আমি, জ্ঞাতা আমি ও জ্ঞেয় আমি, ব্ৰহ্ম ও জীব, উভগ্নই এক, স্বতোভাবে এক। ইংাই कारबद्धात अप्रजन्मान । इंट्राई अवस्पान । अवग्रवान बात किहूरे नटि। रेराटि तांग করিবার কিছুই নাই।

বর্জমান পাশ্চাত্তাপঞ্চিত্রগণের মধ্যে উইলিয়ম জেম্দের নাম থ্যাতিলাভ করিতে চলিথাছে। ইনি এই বিষয়ের আলোচনা ক্রিতে গিয়া যাহা ব্লিয়াছেন, তাহা উদ্ভূত করিব। আশা করি, বেদান্তের অভিপায়, যাহা বুঝাইবার জক্ত এভক্ষণ চেষ্টা করা গেল, তাহা যদি এখনও অস্পষ্ট থাকে, ইহাতে আরও স্পষ্ট হইবে ; তাঁহার Text-book of Psychologyর বাদশ অধ্যায়ে এই আত্ম-তবের বিচার আছে। তিনি গোড়াতেই আরম্ভ করিয়াছেন -- Whatever I may be thinking of, I am always at the same time more or less aware of myself, of my personal existence. At the same time it is I who am aware; so that the total self of me, being as it were duplex, partly known and partly knower, partly object and partly subject, must have two aspects discriminated in it, of which for shortness we may call one the Me and the other the I." (%: ১৭৬) ! ইহার অর্থ, আমি যেমন অন্ত বিষয় জানি, আমাকেও জানি। এবং তেমনি কে জানে ? আমিই জানি। জ্ঞানক্রিয়ার আমার নাম দেওয়া হইল Me ---বেদান্তের বিষয়-আমি অথবা জীব। আর কর্তা আমার নাম হইল I-বিষয়ী আমি অথবা ব্রন্ধ। তৎপরে বলিতেছেন-"I.call these 'discriminated aspects' and not separate things, because the identity of I with me, even in the very act of discrimination, is perhaps the most ineradicable dictum of common sense, and must not be undermined by our terminology here." (পঃ ১৭৬)। অর্থাৎ এই জ্ঞাতা আমি ও জ্ঞেয় আমি, একই আমি—ভিন্ন-ভাবে দেখিলেও উহারা ভিন্ন নহে—ভিন্ন নাম দেওয়া হইয়াছে বলিয়া ভিন্ন হইতে পারে . मा। देशहे त्वमार्ख्य अवस्वाम। त्वमार्खं বলেন, य जीव, সেই खना। ज्लामं न्यामि জীব ও জ্ঞাতা আমি ব্ৰহ্ম ; কিন্তু উভয়ই এক। তুই নাম বলিয়া ছই নছে।

ঐ জ্ঞেয়-আমার স্বরূপনির্ণয়ে প্রবৃত্ত হইয়া জ্মেম্ব্রলিয়াছেন যে, এই জ্ঞেয়-আমার ঐক্য

—personal identity—পুরা ঐক্য নহে। এট জ্ঞের-আমি বন্ধত বিকারশীল। "If in the sentence "I am the same that I was yesterday," we take the 'I' broadly, it is evident that in many ways I am not the same. As a concrete Me. I am somewhat different from what I was: then hungry, now full; then walking, now at rest; then poorer, now richer; then younger, now older; etc. So far, then, my personal identity is just like the sameness predicated of any other aggregate thing. It is a conclusion grounded either on the resemblance in essential aspects, or on the continuity of the phenomena compared. The past and present selves compared are the same just so far as they are the same, and no further." (পুঠা ২০১---২০২)। অর্থাৎ কালিকার গাছ আর আজিকার গাছ, বেমন এক গাছ হইলেও পুরা এক গাছ নহে, দেইরূপ কাল বে আমাকে জানিতাম ও আজ যে আমাকে জানিতেছি, উহারা এক আমি হইলেও পুরাপুরি এক নহে।

কাজেই জেন্ন আমি বিকারণীল। কিন্তু জ্ঞাতা আমার হরপ কি ? লেখকের মতে —"The 'I' or 'Pure Ego,' is a vory much more difficult subject of inquiry than the Me. It is that which at any given monent is conscious, whereas the Me is only one of the things which it is conscious of. In other words, it is the Think-Is it the passing state of consciousness itself, or is it something deeper and less mutable ? The passing state we have seen to be the very embodiment of change. Yet each of us spontaneously considers that by 'I', he means something always the same. This has led most philosophers to postulate behind the passing state of consciousness a permanent substance or Agent whose modification or act it is. The Agent is the thinker. 'Soul' 'transcendental Ego' 'Spirit' are so many names for this more permanent sort of Thinker." (グ: >>を一>>>)! যে জ্ঞাতা আমি জ্ঞেয়-আমার বিকারের ও চাঞ্চল্যের সাক্ষী, সে যেন নির্বিকার চ Permanent Agent এর বৈদান্তিক নাম পর্মাত্মা বা ত্রন্ধ। বৌদ্ধ অথবা হিউম এই সাক্ষীকে দেখিতে পান না। তাঁহাদের মতে a passing state of consciousness-কণিক বিজ্ঞানই-সমন্ত।

এই জ্ঞাতা আনি নির্নিকার ও নিজিয় বলিয়াই বোধ হয়। কিন্তু সে বিষয়ে জেম্সের দিদ্ধান্ত কি ? তিনি বৌদ্ধের দিকে, না বেদান্তের দিকে ? ভাঁহার প্রশ্ন—"Does

there not then appear an absolute identity [with regard to the thinker l at different times? something which at every moment goes out and knowingly appropriates the Me of the past, and discards the non-me as foreign, is it not a permanent abiding principle of spiritual activity identical with itself wherever found ?" (পঃ ২০২)। প্রশ্নের উত্তরে তিনি বৌদ্ধের দিকে ঝোঁক দিয়া বলিয়াছেন—"The states of consciousness are all that psychology needs to do her work with. Metaphysics or Theology may prove the soul to exist; but for psychology the hypothesis of such a substantial principle of unity is superfluous" (영: ৩০৩) [অথাৎ মনো-বিজ্ঞানের পক্ষে ঐ ক্ষণিক বিজ্ঞান বাতীত কোন নির্বিকার আত্মার বা পরমাত্মার অস্তিত্ব-ষীকার আবশ্রক নছে। কেন না, "Successive thinkers numerically distinct, but all aware of the same past in the same way, form an adequate vehicle for all the perience of personal unity and which actually sameness we have." (পু: ২০৩) অর্থাৎ পরস্পর অস-यक शूर्वाशत कालक-विकारनत ध्ववार वर्छ-মান; প্রত্যেক ক্লিক-বিজ্ঞান তাহার পূর্ম-र्डी क्षिक-विकारमंत्र मिक्रे हरेए छारात

অতীত প্রত্যভিজ্ঞার সমষ্টি ধার করিয়া লয়; ইহা মনে করিলেই আত্মাকে কেন এক ও নিবিকার বলিয়া বোধ হয়, ভাছা বুঝা गारेटव। देश थाँ दिवादकत कथा। देवना-ম্ভিক বলেন, তথাস্ত, ক্ষণিক বিজ্ঞান পর-পর উপস্থিত হইয়া পুর্বাবিজ্ঞানের সমস্ত জ্ঞান-ममष्टि छेनद्रमार वा आञ्चमार कदिया नय. স্বীকার করিলাম। কিন্তু এথানে থামা চলিবে না। কেন না, ঐ "পর-পর" কথাটায় পর-পর বলিলেই একটা গোল আছে। কালক্রমিক ধারাবাহিক বিজ্ঞানপ্রবাহ মনে আদে। কিন্তু এই ধারাবাহিকতা, এই পারস্পর্য্য, ব্যাপারখানা কি ? আমি ধেমন জড়জগৎকে আমার সন্মুথে প্রক্ষেপ করিয়া তাহাকে দেশে বিস্তীণ মনে করি, কিন্তু সেই দেশ কেবল কল্পিত দেশ; দর্পণের পশ্চাতে কলিত দেশের সহিত বা স্বপ্নদৃষ্ট দেশের সহিত উহারপারমাথিক ভেদ নাই; সেইক্লপ এই-ক্ষণে ব্যিয়াই জেন্ত্র-আমাকে পশ্চাতে প্রক্ষেপ করিয়া একটা অতীত কালের কল্পনা করি-মনে করি, কাল আমি এমনি ছিলাম, পরও আমি ইহা করিয়াছি, চল্লিশবৎসর আগে আমি মাতৃক্রোড়ে বেড়াইতাম—তারও আগে আমি ছিলাম না, তবে আমার পিতাপিতামহ हिलन, मामथ-मारक्षेष्ठन हिल-रेखानि। এই कालंख उ आमात्रहे এको कन्नना। দেশও বেমন কলনা, কালও তেমনি কলনা। দেশ কাল উভয়ই আমার আমাকে দেখিবার বিবিধ রীতি। হুইটা ভিন্ন রকমের উপায়। আমার বাহিরে যেমন দেশও নাই, ভেমনি कालंड नाहे। आयात्र तम्बवाधि क्हरे चीकात्र कि दन ना। भागात्र कानवारिंदे

বা কেন স্বীকার করিব ? বস্তুত আমি দেশেও ব্যাপ্ত নহি, কালেও ব্যাপ্ত নহি।

বস্তপত্যা আমি এখন এইক্ষণে বর্ত্তমান, এইটুকু স্বীকার করিতে আমি বাধা। পূর্ব্ব-বর্ত্তা ক্ষণ বা পরবর্ত্তা ক্ষণ, অতীত বা ভবিষ্যৎ, স্বীকারে আমি বাধা নহি। আমি অতীত-কাল করনা করিয়া তাহার কিয়দংশমাত্র ব্যাপিয়া আমাকে বর্ত্তমান মনে করি; কিন্তু মনে করি মাত্র। আমি অনাগত কালের আশা করিয়া তাহার কিয়দংশ অধিকার করিয়া বর্ত্তমান থাকিব, এইরূপ প্রভীক্ষায় রহিয়াছি—কিন্তু উহা আমার আশামাত্র ও প্রতীক্ষামাত্র। সমস্ত অতীত ও সমস্ত অনাগত আমার করনা, আশা ও প্রতীক্ষা। পরমার্থত উহা অন্তিত্তহীন। জ্ঞেয়-আমার পক্ষে উহার অন্তিত্ব থাকিতে পারে; কিন্তু জ্ঞাতা আমার পক্ষে উহার অন্তিত্ব নাই।

কালই বেধানে কল্পনা—উহা জ্ঞাতা আমি কর্তৃক জ্ঞেন্ব-আমিকে ছড়াই ল দেখিবার একটা কলিমাত্র—দেখানে কালের পরম্পরা—ইহা আবে, ইহা পরে—এই সকল উক্তিলোকব্যবহারমাত্র। উহা ব্যাবহারিক সত্য —পারমার্থিক সত্য নহে। বিষধী আমি—গাক্ষী আমি—গুৱাতা আমি—পরমাত্মা আমি—ব্রন্ধ আমি—কালোপাধিশ্রা; আমি কালের বাহিরে।

তাই বদি হইল, তবে আমি permanent
— নিত্য কি না, এ প্রশ্ন উঠিতে পারে না।
নিত্য বলিলেই কালব্যাপক বুঝার। কিন্ত
ভাতা আমি কালব্যাপক নহি, নিত্যও নহি।
আমি এখন আছি, ইহা ঠিক। অতীত কালে
সেই আমি ছিলাম কি না, ভৰিয়তে

আমি থাকিব কি না, এ প্রশ্নের অর্থ হয়না।

এইরূপ উত্তর যে হইতে পারে, সে বিষয়ে জেমদের কতক সংশয় ছিল। তাই তিনি हाटि त्राथिया विविद्यादिन. मत्नाविक्षात्नत्र পক্ষে উত্তর এইরূপ; তবে Metaphysics. কিংবা Theology অন্তর্মপ উত্তর দিতে পারেন। বেদাস্তী তাহাতে আপত্তি করি-বেন না। মনোবিজ্ঞানশার ব্যাবহারিক শার: জেম্দ স্পষ্টাক্ষরে উহাকে natural science এর অন্তর্গত করিয়া লইয়াছেন। প্রমার্থান্তের মতে দাকী প্রমাত্মা এথনি বর্তমান—অতীতে উহা বর্তমান ছিল कि ना, ভবিষাতে উহা থাকিবে कि ना, সে প্রন্ন উঠিতেই পারে না। কেন না, অভীত ও ভবিষাৎ প্রমাত্মাতে অবস্থিত। প্রমাত্মা স্বয়ং কালোপাধিবৰ্জিত; উহা অবয়; উহা অধও। উহার একটুকরা কাল ছিল, এক-টুকরা আজু আছে, এমন মনে করা চলে না। অধ্যায়ের উপসংহারে তিনি বলেন--- "This Me is an empirical aggregate of things objectively known. I which knows them cannot itself be an aggregate." (9: २>৪)। (अप-আমাকে থণ্ড থণ্ড করা যাইতে পারে : কিন্ত জ্ঞাতা আমাকে থণ্ড থণ্ড করিয়া ভাবা চলে অপিচ, "For psychological purposes_it (the I) need not be an unchanging metaphysical entity like the Soul, or a principle like the transcendental Ego, viewed as out of time." (%: २>२)। (वनाची वरणन्,

তথান্ত, মনোবিজ্ঞানের পক্ষে উহাই যথেই;
কিন্তু পারমার্থিক শান্তের পক্ষে উহাকে
unchanging entity বলিতে চাহি না—
কেন না, unchanging বলিলে কাল্যাপ্তি
আনে; তবে উহাকে out of time
বলিতে পারি!

এখন বুঝা যাইবে, বেদান্ত কেন একমুখে পরমাত্মাকে নিতা নির্বিকার বলেন, পরে আবার বেন সহসা সাবধান হইরা বলেন, না, না, ব্রহ্ম তাহাও নহেন। যাহার নিকট অতীত ভবিষ্যৎ অর্থপৃক্ত, তাহাকে নিতা বলাও চলে না। ব্রহ্মের স্বর্গনির্দেশে—অবশেবে, ইহা নয়, ইহা নয়, বলিয়াই নিরস্ত থাকিতে হয়।

আশা করি, এখন অবস্থবাদের তাৎপর্য্য বুঝা পেল। আমি আমাকে জানি। যে कात, तम निक्रभाधिक उका। याहारक कात्न, সে সোপাধিক জীৱ; সে কুন্ত, চঞ্চল, বিকার-गीन, क्यामद्रान्य व्यक्षीन। व्यथह উভवेरे **এक। दि स्नाटन ও गोहोटक स्नाटन, टम এक**रे বাক্তি। যে নিরুপাধিক, সেই আবার সোপা-ধিক, এই সমস্তাপুরণের উপায় কি ? ইহার উত্তরে ব্রদান্ত বলেন, ঐ উপাধি কলিত উপাধি। মায়াক্লিড জগতের যথন পার-মার্থিক অন্তিম নাই, তখন সেই জগতের অধীনতা প্রকৃত অধীনতা নহে। ঐক্নপ বোধ হয় বটে, কিন্তু উহা বোধমাত্র। আবার কাল যথন একটা কল্পিড উপাধি, তথন बौरवन रव कानवाशि, स्व भनिवर्तन, रय বিকার দেখা যার, উহাও করিত। কাজেই कीव विकासनीन संदर्, हक्त संदर्, कुछ नदर। विकातनीय द्वास हव, किन्द्र छेश द्वासमाज। উহা ভ্রান্তি। এই ভ্রান্তির নামান্তর অবিদ্যা।

ঐ বৃদ্ধি জ্ঞান নহে, উহা জ্ঞানাভাব।
জ্ঞানাভাবেই আমরা জীবকে চঞ্চন মনে
করি, ও উহাকে দেশ কুড়িয়া করিত
জগতের অধীন এবং কাল কুড়িয়া সংসারচক্রে ভ্রমণশীল ভাবি। জ্ঞানোদমে জানিতে
পারি, উহা তেমন নহে। কেন না, আমিই
আমাকে জানি; এথানে জ্ঞাতা আমারও
যেমন কোন উপাধি নাই, জ্ঞেন্ধ-আমারও
তেমনি কোন বাত্তবিক উপাধি থাকিতে
পারে না। কেন না, উভন্ন আমিই এক
আমি। ইহা যে জানে, সে মুক্ত। বে
জানে না, সে বদ্ধ।

মোটা কথায় এই মুক্তির নামান্তর জ্ঞানোদয়। কোন জ্ঞানের উদয়? অগ-তের স্বাধীন অন্তিত্ব আমাকে ছাড়িয়া নাই, এই জ্ঞানের উদয়। এই গোড়ার কথাটুকু माना कठिन। अफवानी ७ देवजवानी এই-থানে আসিতে পিছলিয়া পড়েন। এইটুকু পর্যান্ত আসিলে আর বাকি সব আপনি আসে। জগৎ কল্পনা, কিন্তু সেই কল্পনায় ব্যবস্থা দেখি, শৃষ্ণলা দেখি। সেই স্থ্ৰাবস্থ সুশুখ্লরূপে প্রতীয়মান জগতের কল্পনা ক্রিতে চেতন সৃষ্টিক্রা—Personal God -- आवश्रक। धरेक्छ वार्कनि कीव इरेएड শ্বতন্ত্র চৈতন্ত্রস্থরূপ ঈশ্বরের কলনা করিয়া-ছেন। হিউম বলিয়াছেন, এ জাগতিক ব্যবস্থা কেন এমন, তাহা জিজাসায় লাভ নাই। বৌদ্ধও সেই পথে গিয়াছেন। বেদাৰ বলেন, ওজ্জন্ত খতত্র চেতন ঈশবের করনা আবশুক নহে। যে একমাত্র চেতন পদার্থকে আমরা জানি, তাঁহাকেই লগংকর্থ দিতে

टकान वाथा नाहे। टमहे अश्वकर्कु एवं इ नांम মারা। আত্মাতে মারা আরোপ করিলে উহার जेनब कत्य ; উट्टा एष्टिकम ट्रब । তবে बन्ध द्यमन व्यक्षाम, मिहे मोग्नां उपनि অধ্যান। আবার যদি তর্ক উঠে, এই কুন্ত बीद: বে অগতের অধীন, সে জগতের কর্তা। হইবে কিন্ত্ৰপে তত্ত্ত্তে বলা হয়, এই কুড্ড আত্মার আরোপের প্রয়োজন কি ? আমি আমাকে ক্সুত্র মনে করি বটে, জ্ঞাতা আমি **त्यानं** यामात्क विकातनीन मत्न कति वरहे, কিছ তাহা ভূল, তাহা অবিদ্যা। কুদ্ৰছ জগতের অধীনতার ফল: জগৎই যথন কলনা. তথন সেই কুত্ৰও কল্পনামাত্ৰ। ৰতক্ষণ দেই ভূল থাকে, অবিদ্যা থাকে, **७७क्ष श्रे था**सि वक्ष। यथन (महे जून याइ, ज्यनहे जामि मूक।

কাজেই এই মুক্তির উপার জ্ঞান—এই জ্ঞানশাভেই মুক্তি ঘটিকে—মরণকালের জন্ত আপেকা করিতে হইবে না। জীবন থাকি-তেই মুক্তি ঘটিকে—জীবনুক্তিই মুক্তি।

সচরাচর বলা হর, মুক্তির পর আর স্থছংগ থাকে না, মুক্তির পর আর জন্মগ্রহণ
করিতে হর না। এই সকল বাক্যও সরলভাবে গ্রহণ করা উচিত। মুক্তির পর অর্থাৎ
শীবন্ধক্তির পর অ্থহংথ কেন থাকিবে না ?
ক্র্থংথ থাকিবে বৈ কি। বেদান্ত বলেন,
প্রারম্ভ ও সঞ্চিত কর্মের কল ভূগিতেই হইবে।
মুক্ত হইবেও বথাকালে ক্র্যার উত্তেক হইবে,
শাওনে হাত পুড়িবে, বাবের সন্মুথে পড়িলে
পলাইতে হইবে। বেদান্তের ভাবার প্রারম্ভ
ক্ষিত কর্মের কল ভূগিতেই হইবে;
ভবে সেই সকল আর আমাকে বাধিতে

পারিবে না; ফলভোগী হইয়াও আমি নির্দিপ্ত থাকিব। সরল ভাষার ইহার অর্থ এই বে, স্থত্ঃথের বোধ ঘটিবে; তবে জ্ঞানোদরের পর সেই স্থকে ও সেই হঃথকে কেবল মিথাা-স্থ ও মিথাা-ছঃথ বলিয়া, কেবল স্থাভূক্ত স্থাতঃথের মত বলিয়া, জানিব। মুক্তির পূর্ব্বে উহাকে সভ্য মনে করিভেছিলাম, এখন উহা ব্যাবহারিক সভ্যমাত্র বলিয়া জানিব।

আর জনান্তরপরিগ্রহ? মুক্তপুরুষকে আর সংসারে ফিরিতে হয় না, এই বাক্যের মর্ম কি ? যে মুক্ত, তার পকে দেহটাই অধ্যাস ; তার পক্ষে দেহধর্ম মরণঘটনাটাই অধ্যাস; তার পক্ষে মরণ একটা প্রত্যয়-माळ। मत्रगहे रायान नाहे. त्रयान चात्र জনাস্তরপরিগ্রহ কি ? তাহার পক্ষে ইহ-লোকই বা কি, আর পরলোকই বা কি ? স্বৰ্গ, নরক, পরকাল, এমন কি. সুম্স্ত ভবিষাৎ তাহার নিকট অবিভয়ান। অভ-कंग९रे मिन वािशिया ७ कांग वािशिया অবস্থিত বোধ হয়। অবিস্থাগ্রন্থ জীব আপ-नात्क काम वािशिश अवश्वि (मर्थ, किंड অবিভামুক্ত জীব, যে বিষয়ী ব্রন্ধের সহিত সর্বতোভাবে অভিন্ন, সে স্বয়ং দেশকালনির-পেক। তাহার পকে সমুধ-পশ্চাৎ নাই, তাহার পক্ষে অতীত ও ভবিষ্যৎ, উভর শক্ষ অৰ্থপ্ৰ ।

মুক্ত হাবেও বথাকালে ক্ষার উদ্রেক হাবন, সুক্তপুক্ষ কর্ম করিবেন কি না, ইহার আগুনে হাত পুড়িবে, বাবের সন্মুখে পড়িলে উত্তরও এখন সহজ হাইবে। প্রায়ক্ষকর্ম ও পদাইতে হাইবে। বেদান্তের ভাষার প্রায়ক্ষ সঞ্চিতকর্মের ফলভোগে দে বেমন বাধ্য, ও সঞ্চিত কর্মের ফল ভূগিতেই হাইবে; তেমনই দে ভাহার ব্যাবহারিক ইহলীবনে ছবে সেই সকল আর আমাকে বাধিতে হেরবর্মন ও উপাদেরপ্রহণ করিতেও বাধ্য।

যধন কুথা পাইলে আহার করিতে হইবৈ, তথন গার্হস্থার্থ পরিত্যাগ করিয়া সম্মাদীর কছা গারে জড়াইরা ধর্মকে ফাঁকি দিলে চলিবে না। 'কুর্বল্লেবেহ কর্মাণি জিজীবিষেক্ষ্ তং সমাঃ'—কর্ম করিয়াই শতবংসর জীবন ইচ্ছা করিবে—বদ্ধ ও মুক্ত, উভরের প্রতি বেদান্তের এই আদেশ। মুক্তের কামনা নাই, কেন না, তাঁহার নিকট পরকাল অর্থশৃত্য। কাজেই মুক্তের কর্ম নিকাম কর্ম; উহা তাঁহাকে বাঁধিতে পারে না।

মুক্তির অর্থ বুঝা গেল ও মুক্তির উপায়ও বুঝা গেল। মুক্তির উপার জ্ঞান--মুক্তির উপায়ান্তর নাই। অন্ত অর্থে প্রযুক্ত অন্তরপ মুক্তির অন্ত পদ্বা থাকিতে পারে; কিন্ত त्वनार्ख (य मुक्तिव कथा वतन, मिट मुक्तिव जम्म (कंदन ख्वात्नत्र পद्याः, देशत जम्म कम्म আবশ্রক নহে, ইহার জন্ম ভক্তি আবশ্রক নহে। তাহা ৰলিলে কর্মের বা ভক্তির নিন্দা করা হয় না। কর্মের পছার বা ভক্তির পম্বার অক্ত স্থলে অক্ত উদ্দেশ্রে সার্থকতা আছে; দেখানে জ্ঞানের পদা কিছুই নহে। মুক্তির অস্ত কিন্ত জ্ঞানের পছা। সেই জ্ঞান কোন mystic জ্ঞান নতে; উহার কোন esoteric অর্থ নাই। উহা নির্মণ ভল বিওদ্ধ জ্ঞান—সেই জ্ঞানলাভের নিজানিত্যবন্তবিবেক, এহিক ও পারত্রিক ফলাকাজ্জাত্যাগ ও শমদমাদিদাধনা আব-चकः अवनमननानि সেই জ্ঞানলাভে দাহায় করে; শুতিবাক্য ও ওরুবাক্য তাহাতে সাহায় করে। ইহার অর্থ অতি সরল অর্থ—ইহার ভিতর কোন বুকক্ষি नारे।

বেদাৰের ছুল কথাগুলি এখন একবার সংক্ষেপে আর্তি করা যাক।

- (১) একমাত্র চেতনপদার্থ বর্জমান— উহা আমি—উহার অন্তিম্ব জ্ঞানগদ্য ও স্বতঃসিদ্ধ। উহা দেশকালনিরপেক্ষ নির্ভ্তণ নিরুপাধিক পদার্থ। কাজেই উহার স্বন্ধপ ভাষাদ্বারা অপ্রকাশ্য। ইহা নহে, ইহা নহে, এইরূপ অভাববাটী বিশেষণে উহা ব্যাইতে হয়।
- (২) এই আমি আমার বাহিরে একটা প্রকাণ্ড দেশের করনা করিয়া সেই দেশে করিত জড়জগৎকে প্রকেপ করি ; করিজ-দেশমধ্যে তাহাকে ব্যবস্থা করিয়া সাজাই। এথানে স্থ্য রাখি, ওথানে চক্র রাখি, এথানে পৃথিবী রাখি ইত্যাদি; ও সেই স্থ্যিচক্রপৃথিবীকে বাঁধা নিয়মে ঘুরাই।

পুনশ্চ, আমার বাহিরে এক প্রকাপ কালের কলনা করিয়া সেই কলিভ কালে আনার স্থ জগৎকে প্রকেপ করি। ভাহার কিয়দংশকে বলি অতীত, কতকটাকে বলি বর্তমান, ও বাকিটাকে বলি ভবিষ্যং।

পুনশ্চ, এই দেশ ব্যাপিয়া ও কাল ব্যাপিয়া প্রক্রিপ্ত জগৎকে একটা উদ্দেক্তের অভিমুখে পরিচালনা করি।

(৩) এই দেশকালে সজ্জিত ব্যবস্থায়যায়ী ও উদ্দেশ্যামুদারী জগতের স্প্রান্থ জ্ঞান্ত আত্মাতে বে ক্ষমতা আহ্মাপ করা হর,
উহার নাম দেওরা হর মায়া। কিছ জগৎ
বেধানে করিত, সেই স্প্রিক্ষমতাও দেখানে
আরোপমাত্র বা অধ্যাসমাত্র। উক্ত-মারাআরোপে নিরুপাধিক আত্মা সোপাধিক
বিদ্যা প্রতীত হর বটে, কিছ সে-ও প্রত্যার-

মাত্র। এই সোপাধিকরপে প্রতীত অর্থাৎ
নারাকুক আত্মার নাম দেওরা হর ঈথর—
ক্রেনা, ইনিই করিত অগতের কর্যনাকারক,
ক্ষুষ্ট অগতের ক্রিত প্রক্রিকর্তা। অগতের ক্রিত
প্রকাশ্বর ও বৃহস্ব দেখিরা তাহার ক্ষ্টিকর্তাতেও, অর্থাৎ ঈথরেও, সর্বজ্ঞতা ও
সর্বশক্তিমতা প্রভৃতি আরোপ করা হয়।

· (৪) আর একটি অমুত কথা এই রে, আমি বেমন আমা হইতে পুথক্ জড়জগতের ক্রনা করিয়া আপনাকে উহার অষ্টা ও नियुक्त वा जेश्रत मत्न कत्रिक वांधा हरे, সেইরপ আমিই আবার আমাকে আমা হ্ইতে পৃথক্রপে দেখিতে পাই। উক্ত তত্তিত অভকগৎ বেমন আমার জানগম্য বিষয়, এই আমিও তেমনই আমার জ্ঞানগম্য विषय। अधिकञ्ज, এই विषय-आभारक आभि আমা হইতে পুথক দেখিয়া তাহার সহিত মংক্রিড জড়জগতের একটা সম্বন আরোপ করি। আমাকে সর্বাংশে সেই জগৎ হইতে কুম. সেই জগতের বশতাপন্ন, সেই জগতের সহিত সম্বন্ধ বজায় রাখিবার জন্ম হেয়বর্জনে ও উপাদেরগ্রহণে সর্বাদা বাাকুল ও তদর্থ ক্রিরাশীল, জড়জগতের আঘাতসহ ও সেই' আখাতে পরিবর্তনশীল, স্থতঃখভোগী, জরা-মর্ণশীল বলিয়া মনে করি। কিন্ত ইহা মনে করা ভূল। এই ভাস্তির নাম দেওয়া र्द्र व्यविष्या ;-- वञ्च छ अप्अग्र र मिथा। छ জড়জগতের সহিত আমার এই করিত স্থন্ধও মিথ্যা। আমি বিকারনীল বলিয়া चामात निक्षे अद्योदमान इट्रेल अह জানগ্ৰ্য-আমি জাভা আমি হইতে সৰ্বতো-ভাবে अधित। विवत-आमारक व विवदि-

আমি হইতে পৃথক বোধ করি ও বিবর-আমাকে করিত ভগতের অধীন মনে করি, তাহা ভূল, তাহা অবিদ্যা।

- (৫) কাজেই বিনি আন্ধা, অর্থাৎ বে অনির্বাচ্য চৈতক্রস্থরপ পদার্থকৈ 'আমি'নাম দেওয়া হয়, তিনিই একদিকে ঈশর, আঞ্চদিকে জীব। মায়ার উপাধি আমাতে আরোপ করিয়া আমি জগৎকর্তা, জগতের প্রভূ ঈশর; আর অবিভার উপাধি আমাতে আরোপ করিয়া আমি জগতের অধীন, জগতের দাস জীব। কিন্তু স্বরূপত যে ঈশর, সেই জীব।
- (৬) এই তব জানিলেই খুক্তি ঘটে;
 অর্থাৎ জগৎকে কল্পনামাত্র বলিলা বুঝা যায়।
 ও জীবকে তাহার অনধান বলিলা বুঝা যায়।
 তথন স্থতঃথ, ইং-পরকাল, জন্মরণ, সংসার,
 সমস্তই প্রত্যথমাত্র বলিলা জানা যায়।
 তথনই পূর্ণ জাগরণ হল; তাহার পূর্ণে স্থা।
 কাজেই যে মুক্ত, সে বুদ্ধ।
- (१) আমি কেন আপনাতে এই মারার আরোপ করিরা জগতের স্থান্ট করি, আর কেনই বা আপনাতে এই অবিভার আরোপ করিরা সেই অপতের দাসত্র করি, তাহার উত্তর বোধ করি নাই। এপানে সকলেই নিরুত্তর। বেদাপ্ত বলেন, উহাই আমার শ্বভাব; বৈন্ধব বলেন, উহা আমার শ্বভাব; বৈন্ধব বলেন, উহা আমার শ্বভাব; বৌদ্ধ ও অভ্যানবাদী বলেন, উহা বিজ্ঞানা করিও না। পরমেটী প্রেলাপতি ইহার উত্তরে প্রিমুধ্ব বলাইরা-ছেন—

- रेतः विश्वतिष्ठ जावजून यनि वा नर्ध वनि ना म त्या ज्यान्याकः शतत्व त्यामम् त्या ज्यान त्या यपि यो म त्या ।

এই স্টে বাঁহা হইতে আবির্ভুত হই-য়াছে, ভুনিই ইহা করিয়াছেন বা তিনি ইহা করেন নাই; যিনি পরমব্যোদে অব-হান করিয়া ইহার অধ্যক্ষ, তিনিই ছাহা জানেন, অথবা তিনিও তাহা জানেন না।

শ্রীরামেশ্রস্থ স্পর ত্রিবেদী।

দিন ও রাত্র।*

4770 SKA

সূর্ব্য অন্ত গিয়াছে। অন্ধকার অবং-ঠনের অন্তরালে সন্ধার সামন্তের শেষ স্বর্ণলেখাটুকু অন্তর্হিত হটয়াছে। রাত্রিকাল আসয়।

এই রাজিই মিলনের প্রকৃত সময়— উংসবের আননদ এখনই ঘনীভূত হইতে থাকে।

এই আনন্দরজনীর আরম্ভকালে আমাদের উৎসবদেবতাকে প্রণাম করিয়া মনকে
এই প্রশ্ন জিজ্ঞাসা করিতেছি এই যে, দিন
এবং রাত্রি প্রত্যহই আমাদের জীবনকে
একবার আলোকে একবার অন্ধকারে তালে
তালে আঘাত করিয়া বাইতেছে—ইহারা
আমাদের চিন্তবীণায় কি রামিণী ধ্বনিত
করিয়া ত্লিতেছে? এইরূপে প্রতিদিন
আমাদের মধ্যে যে এক অপরূপ ছল্দ রচিত
হইতেছে, তাহার মধ্যে কি কোন বৃহৎ অর্থ
নাই ? আমরা এই যে অনস্ক গগনতলের নাড়িশলনের ছায় দিনরাত্রির নিয়্মিত উথানপতনের অভিথাতের মধ্যে বাড়িয়া উঠিতেছি,
আমাদের জীবনের মধ্যে বাড়িয়া উঠিতেছি,

অন্ধকারের নিত্য গতিবিধির একটা তাৎপর্যা কি গ্রথিত হইয়া বাইতেছে না ? তটভূমির উপরে প্রতি বর্ষার যে একটা জলপ্লাবন বহিয়া যাইতেছে এবং তাহার পরে শরৎকালে সে আবার জল হইতে জাগিয়া-উঠিয়া শহ্যবপনের জহ্য প্রস্তুত হইতেছে—এই বর্ষা ও শরতের গতায়াত তটভূমির স্তরে স্তরে কি নিজের ইতিহাঁদ রাথিয়া বায় না ?

দিনের পর এই বে রাত্রির অবতরণ, রাত্রির পর এই বে দিনের অভ্যাদয়, ইহার পরম বিশ্বয়করতা হইতে আমরা চিরাভ্যাদবশত যেন বঞ্চিত না হই! স্থ্য একসময়ে হঠাৎ আকাশতলে তাহার আলোকের প্রেথি বন্ধ করিয়া-দিয়া চলিয়া যায়—রাত্রি নিঃশক্করে আর-একটি নৃতন গ্রন্থের নৃতন অধ্যায় বিধলোকের সহস্র অনিমেষ-নেত্রের সশ্মুভ্থ উদ্বাটিও করিয়া দেয়, ইহা আমাদের পক্ষে সামান্ত ব্যাপার নহে।

এই অল্পালের পরিবর্ত্তন কি বিপুল, কি আশ্চর্য্য ! কি অনায়াসে মুহুর্ত্তকালের মধ্যেই

^{*} গত ৭ই পৌৰ বোলপুর শান্তিনিকেতনের সাংবৎসরিক উৎসব উপলক্ষে বলগর্ণন-সম্পাদক কর্তৃক পঠিত।

বিশ্বসংসার ভাব হইতে ভাবান্তরে পদার্পণ করে! অথচ মাঝখানে কোন বিপ্লব নাই, বিচ্ছেবের কোনো তীত্র আঘাত নাই, একের অবসান ও অভ্নের আরন্তের মধ্যে কি নিয় শাভি, কি সৌম্য সৌন্দর্যা!

मित्नद्र जारगारक, मक्न भगार्थंत्र भद्र-স্পারের বে প্রভেদ, বে পার্থক্য, তাহাই বড় 'इहेबा, म्लंड इहेबा, आमारमद প্राज्य इहेबा **উঠে। ज्ञांटनाक जामात्मत्र शत्र**म्शद्यत्र भटशा একটা ব্যবধানের কাজ করে—আমাদের প্রভ্যেকের সীমা পরিফুটরূপে নির্ণয় করিয়া (नत्र। नित्नत्र (वनात्रं जामता (य-गांत्र जाभन-আপন কালের ধারা স্তন্ত্র, সেই কাজের চেষ্টার সংঘাতে পরস্পারের মধ্যে বিরোধও বাধিয়া যায়। দিনে আমরা সকলেই নিজ নিজ শক্তি প্রয়োগ করিয়া জগতে নিজেকে জন্নী করিবার চেষ্টান্ন নিযুক্ত। তথন আমা-দের আপন-আপন কর্মশালাই আমাদের কাছে বিশ্বকাণ্ডের আর-সমন্ত বৃহৎ ব্যাপা-বের চেরে বৃহত্তম-এবং নিজ নিজ কর্মো-দেবাগের আকর্ষণই জগতের আর-সমস্ত মহৎ আকর্ষণের চেয়ে আমাদের কাছে মহত্তম रहेवा छेट्छ ।

এমন-সমর নীলামর। রাজি নিঃশব্দপদে
আসির। নিখিলের উপরে রিগ্র করস্পর্শ ক্রিবামাজ আমাদের পরস্পরের বাহুপ্রভেদ অস্পষ্ট হইর। আসে—তখন আমাদের পর-স্পরের মধ্যে গভীরতম বে ঐক্য, ভাহাই অস্ত-রের মধ্যে অস্থভ্য করিবার অবকাশ ঘটে। এইক্স রাজি প্রেমের সমর, মিলনের কাল।

ইহাই ঠিক করিয়া ব্ৰিডে পারিলে জানিব-দিন আমাদিগকে বাহা দেয়, রাজি ভদ্দাত্ত বে তাহা অপহরণ করে, তাহা নহে, অন্ধলার বে কেবলমাত্ত আভাব ও পৃত্ততা আনরন করে, তাহা নহে—তাহারও দিবার জিনিব আছে এবং বাহা দের, তাহা নহুামূল্য। সে বে কেবল স্থপ্তির হারা আমাদের কতিপুরণ করে,—আমাদের ক্লান্তি অপনোদন করিয়া দের মাত্র, তাহা নহে। সে আমাদের প্রেমের নিভ্ত নির্ভরত্বান; সে আমাদের মিশনের মহাদেশ।

শক্তিতে আমাদের গতি, প্রেমে আমাদের হিতি। শক্তি কর্মের মধ্যে আপনাকে ধাবিত করে, প্রেম বিপ্রামের মধ্যে আপনাকে পৃঞ্জীভূত করে। শক্তি আপনাকে বিক্লিপ্ত করিও থাকে—সে চঞ্চল,প্রেম আপনাকে সংহত করিরা আনে—সে হির। আমাদের চিত্ত বাহাদিগকে ভালবাসে, সংসারে কেবল তাহাদেরই মধ্যে সে বিরামলাভ করে, আমাদের চিত্ত বধন বিপ্রামের অবকাশ পার, তথনই সে সম্পূর্ণভাবে ভালবাসিতে পারে। জগতে আমাদের বধার্থ যে বিরাম, তাহা প্রেম;—প্রেমহীন বে বিরাম, তাহা

এই কারণে কর্মশালা প্ররক্ত মিলনের স্থান নহে, স্থার্থে আমরা একত হইতে পারি, কিন্তু এক হইতে পারি না। প্রভৃত্তাের মিলন সম্পূর্ণ মিলন নহে, বন্ধুদের মিলনই সম্পূর্ণ। বন্ধুদ্বের মিলন বিপ্রামের মধ্যে বিক-শিত হর—তাহাতে কর্মের তাড়না নাই, ভাহাতে প্রয়োজনের বাধ্যতা নাই। তাহা সহত্তক।

এইজন্ত দিবাৰসানে আমাদের প্রয়োজন যথন শেব হয়, আমাদের কর্মের বেগ বৰন শান্ত ইয়, তথনই সমস্ত আবশ্যকের অতীত যে প্রেম, সে আপনার যথার্থ অবকাশ পায়। আমাদের কর্মের সহায় যে ইন্দ্রিয়বোধ, সে যথন অবকারে আবৃত হইয়া পড়ে, তথন ব্যাঘাতহীন আমাদের হৃদয়ের শক্তি বাড়িয়া উঠে, তথন আমাদের স্নেহপ্রেম সহজ হয়— আমাদের মিশন সম্পূর্ণ হয়।

তাই বলিতেছিলাম, রাত্রি ষে কেবল হরণ করে, তাহা নছে, দে দানও করে। আমা-দের এক যায়, আমরা আর পাই; এবং যার বলিয়াই আমরা তাহা পাইতে পারি। দিনে আমাদের শক্তিপ্রয়োগের সংসারক্ষেত্রে স্থুৰ, রাত্রে তাহা অভিভূত হয় বলিয়াই নিখি-লের মধ্যে আমরা আত্মসমর্পণের আনন্দ পাই: দিনে স্বার্থসাধনচেষ্ঠার আমাদের কর্ত্তৰ-অভিমান তৃপ্ত হয়, রাত্রি তাহাকে থর্ক করে বলিয়াই প্রেম এবং শাস্তির অধিকার नां कति। मिर्न बार्लास्क-शतिष्ठित्र এই পৃথিবীকে আমরা উজ্জলরূপে পাই, রাত্রে তাহা মান হর বলিয়াই অগণা জ্যোতিছ-লোক উদ্বাটিত হইরা যার।

আমরা একই সময়ে সীমাকে এবং অদীমকে; অহংকে এবং অবিলকে, বিচিত্রকে এবং অবিলকে, বিচিত্রকে এবং এককে সম্পূর্ণভাবে পাইতে পারি না বিশিয়াই একবার দিন ,আসিয়া আমাদের হৃদরের ঘার উদ্বাটিত করে। একবার আলোক আসিয়া আমাদিগকে কেন্দ্রের মধ্যে নিবিষ্ট করে, একবার অলকার আসিয়া আমাদিগকে পরিধির সহিত পরিচিত করিতে পাকে।

विषय प्राविष्ट छेरमद्वत विटलंब ममह।

এথন বিশ্বভূবন অন্ধকারের মাড়ককে আনিয়া সমবেত হইয়াছে। বে অন্ধার হইতে জগৎচরাচর ভূমির্চ হইরাছে, যে অক্ষকার হইতে আলোকনিথ রিণী নিরস্তর উৎসারিত হইতেছে, যেখানে বিশের সমস্ত উলোগ শক্তিসঞ্চয় নিঃশব্দে করিতেছে. " সমস্ত ক্লান্তি স্থান্থ मत्था निमध बहेबा নবজীবনের জন্ত প্রস্তুত হইতেছে, যে নিস্তন্ধ মহান্ধকারগর্ভ হইতে একএকটি উচ্ছল দিবস नौगम्म इरेख अक्शकृष्टि किनिन जत्रक्त ভাষ একবার আকাশে উপিত হইয়া আবার সেই সমুজের মধ্যে শরান হইতেছে, সেই অন্ধবার আমাদের নিক্ট থাহা গোপন করি-তেছে, তাহা অপেক্ষা অনেক অধিক প্ৰকাশ করিতেছে। সে না থাকিলে লোকলোকা-স্তবের বার্তা আমরা পাইতাম না, আলোক মামাদিগকে কারারুদ্ধ করিয়া রাখিত।

এই রজনীর অন্ধার প্রভাছ একবার করিয়া দিবালোকের বর্ণসিংহ্রার মুক্ত করিয়া আমাদিগকে বিশ্বক্রাণ্ডের অন্তঃ-পুরের মধ্যে আনিয়া উপস্থিত করে, বিশ্বনানীর এক অথপ্ত নীলাঞ্চল আমাদের সকলের উপরে টানিয়া দেয়। সন্তান যথন মাতার আলিঙ্গনপাশের মধ্যে সম্পূর্ণ প্রেছ্ম ইইয়া কিছুই দেখেনা-শোনেনা, তথনই নিবিছতরভাবে মাতাকে অমুভব করে—সুই অমুভ্তি দেখা-শোনার চেরে অনেক বেশি কৈবিছক—তত্ত্ব অন্ধার তেমনি যথন আমাদের দেখা-শোনাকে শাস্ক করিয়া দেব, তথনই আমরা এক শ্যাভলে নিধিলকে ও নিধিলমাতাকে আমাদের বন্ধের কাছে অত্যক্ত নিবিছভাবে নিক্টবর্তী করিয়া

আহতব করি। তথন নিজের অভাব,
নিজের বজি, নিজের কাজ বাড়িরা-উঠিয়া
আবালের চারিনিকে প্রাচীর তুর্নিরা দের না,
অত্যুত্ত ভেলবোৰ আমাদের প্রভাককে থও থও
পৃথক্ পৃথক্ করিরা রাথে না, মহৎ নিঃশলভার মধ্য দিরা নিথিলের নিখাস আমাদের
গারের উপরে আসিয়া পড়ে, এবং নিত্যভারাত নিথিলজননীর অনিমেষদৃষ্টি আমাদের শিররের কাছে প্রভাকগম্য হইয়া উঠে।

অ্থাদের রঞ্জীর উৎসব সেই নিভত-বিশ্ববাপী জননীকক্ষের निशृष्ट अथ् উৎসব। এখন আমরা কাজের কথা ভূলি, मः**धार**मत्र कथा जुनि, जान्यभक्ति-अভिमात्मत চর্চ্চা ভূলি, আমরা সকলে মিলিয়া তাঁহার থেলর বুখফুবির ভিথারী হইরা দাঁড়াই-वित. जननि, यथन अरबाजन हिन, उदन ভোমার কাছে কুধার অন্ন, কর্মের শক্তি, প্ৰের পাৰের প্রার্থনা করিরাছিলাম-কিন্ত এখন সমস্ত প্রয়োজনকে বাহিরে ফেলিয়া আসিরা ভোমার এই কক্ষের মধ্যে প্রবেশ ক্রিগছি, এখন একাস্ত তোমাকেই প্রার্থনা ক্ষিনা আমি তোমার কাছে এখন আর হাত পাত্তিব না-কেবলমাত্র তুমি আমাকে পার্শিকর, মার্জনা কর, গ্রহণ কর় ভোমার व्यक्ती-महामबुद्ध व्यवशाहन-ज्ञान विश्वस्त्रद्र विश्वन काम जिस्सम्हरूप निर्मान-ननाटी थानाज-मार्गाटक प्रशासन बहेर्द. ভৰন বেল আমি তাহার সলে সমান হইয়া शाकारेट नामि-छवन यन जानात मानि आ बारक, जामात्र क्रांचि पूत्र रव-- ७४न ্ৰেক আৰ্থিক অন্তন্ত্ৰের সহিত বলিতে পাত্রি— न्यस्त्रतं स्वामि र्डेन् क्यामि र्डेन्, त्रन

বলিতে পারি—সকলের মধ্যে বিনি আছেন, তাঁহাকে আমি দেখিতেছি,—তাঁহার বাহা প্রসাদ, তিনি অলা সমন্তদিন আমাকে যাহা দিবেন, তাহাই আমি ভোগ করিব, আমি কিছুতেই লোভ করিব না।

প্রাতঃকালে যিনি আমাদের পিতা হট্যা আমাদিগকে কৰ্মশালায়' প্ৰেৰণ কৰিয়া-ছিলেন, সন্ধাকালে তিনিই আমাদের মাতা হইয়া আমাদিগকে তাঁহার অন্তঃপুরে আক-র্ঘণ করিয়া লইভেছেন। প্রাতঃকালে ভিনি वामानिशत्क ভाর निमाहित्ननं, नकाकात्न তিনি আমাদের ভার লইতেছেন। প্রভাহই দিনে-রাত্রে এই বে ছই বিভিন্ন অবহার মধ্যে आमारनत सीवन बाल्नानिक इंडेरक्टर-একবার পিতা আমাদিগকে বহির্দেশে পাঠাইতেছেন, একবার মাতা আমাদিগকে অন্তঃপুরে টানিভেছেন, একবার নিজের मिटक शावि**छ इटेट्डिइ**, এकवात अविरमत मिक्क প্রভাবর্ত্তন করিভে**ছি, ইহার ম**ধ্যে আমাদের জীবন ও মৃত্যুর পভীর রহসাঞ্বি আলোক-অন্নকানের তুলিকাপাতে প্রতি-দিন চিত্রিত হইতেছে।

আমাদের কাব্যে-গানে আযু-প্রবসানের সহিত আমরা দিনাস্তের উপনা দিরা থাকি —কন্ত সকল সমরে ভাহার সম্পূর্ণ ভাষটি আমরা হলরজম করি না, আমরা কেবল অবসানেরই দিক্টা দেবিরা বিষাদের নিখাস ফেলি—পরিপ্রণের দিক্টা হেবি না। আমরা ইহা ভাবিরা হেবি না, প্রভাই দিবাবসানে এত-বড় বে একটা বিপরীত ব্যাপার ঘটিতেছে, আমাদের শক্তির বে এমন-একটা বিপরীত্বলা উম্ভিত ক্রিভেছে,

ভাহাতে ত কিছুই বিলিপ্ট হইয়া বাইতেছে না, জগৎ জুড়িয়া ত হাহাকারধননি উঠি-তেছে না, মহাকাশতলে বিষের আরামেরই নিবাস পড়িতেছে।

দিবস আমাদের জীবনেরই প্রতিকৃতি বটে। দিনের আলোক যেমন আর-সমস্ত লোককে আবৃত করিয়া আমাদের কর্মস্থান পৃথিবীকেই একমাত্র জাজন্যমান ক্রিয়া তুলে — আমাদের জীবনও আমাদের চতুর্দিকে ভেমনি একটি বেষ্টন রচনা করে, —সেই**জনাই আমাদের** জীবনের অন্তর্গত যাহা-কিছ, তাহাই আমাদের কাছে এত একান্ত, ইহার চেয়ে বড় যে আর-কিছু আছে, তাহা সহসা আমাদের মনেই হয় না। দিনের বেলাতেও ত আকাশ ভরিয়া জ্যোতিছলোক বিরাক্ত করিতেছে, কিন্তু দেখিতে পাই কই ? যে আলোক আমাদের কর্মস্থানের ভিতরে बनिएएक, मिट्टे बालाकरे वाहित्रत जना-সমস্তকে বিশ্বণভর অন্ধকারময় করিয়া তেমনি আমাদের এই জীবনকে চতুর্দিকে বেষ্টন করিয়া শতসহত্র জ্যোতি-র্মন্থ বিচিত্ররহস্য নানা আকারে বিরাজ ক্রিতেছে, কিছু আমরা দেখিতে পাই কই ? (१ (ठ७ना, एव वृक्षि, एव हेक्किब्रमञ्जि आमा-प्तत्र कीवरमञ्ज शब्दक केन्द्रम करत्र, व्यामारमञ् कर्पमाध्यनबंहे भविशिमोमात्र मरश आमारमञ् यत्नीर्याशस्क श्रीवन कत्रिया लाल, त्रहे জ্যোতিই আমাদের জীবনের বহিঃসীমার गमछरे जामालंद निकटि जार्गाहद दाथिया (नवा

জীবনে যথন আমরাই কর্তা, যথন সংসারই সর্বভাষান, যথন আমাদের স্থ-

ছঃথচক্রের পরিধি আমাদের **আয়ুকালের** মধ্যেই বিশেষভাবে পরিচ্ছিন্ন বলিয়া প্রাতি-ভাত হইতে থাকে, এমন-সময় দিন অবস্থা रहेश यात्र. कीवत्नत्र रुखा अस्ताहलत् अस-রালে গিয়া পড়ে, মৃত্যু আমাদিগকে অঞ্চলে আচ্ছন্ন করিয়া কোলে তুলিয়া লয়। তথন নেই-যে অন্ধকারের আবরণ, সে কি কেবলি অভাব, কেবলি খুন্যতা ? আমাদের কাছে কি তাহার একটি স্থগভীর ওস্থবিপুল প্রকাশ নাই ? আমাদের জীবনাকাশের অন্তরালে যে অসীমতা নিত্যকাল বিরাজ করিতেছে. মৃত্যুর তিমিরপটে তাহা কি দেখিতে দেখিতে আমাদের চতুর্দিকে আবিষ্ণত হইয়া পড়ে না ? তথন কি সহসা আমাদের এই সীমা-বচ্ছিত্ৰ জীবনকে অসংখ্য জীবনলোকের সহিত যুক্ত করিয়া দেখিতে পাই না ? मिवरमद विष्टित्र पृथिवीष्क मक्ताकारन यथन সমস্ত গ্রহদলের সঙ্গে নক্ষত্রমগুলীর মধ্যে সংযুক্ত করিয়া জানিতে পারি, তথন সমস্তটির যেমন একটি বৃহৎ ছন্দ, একটি প্রকাও ভাৎপর্য্য আমাদের চিত্তের মধ্যে প্রদারিত হইরা উঠে, তেমনি মৃত্যুর পরে বিখের সহিত যোগযুক্ত आमारमञ कीवरनज विश्व छा९भर्या कि আমাদের কাছে অতি সহজেই প্রকাশিত জীবিতকালে ঘাহাকে আমরা হয় নাণ একক করিয়া,--পৃথক্ করিয়া দেখি, মৃত্যুত্ত পরে তাহাকেই আমরা বিরাটের মধ্যে সম্পূর্ণ করিয়া দেখিবার অবকাশ পাই। আমাদের कीवरनत क्षेत्र, आमारमत कीविकांत्र मध्याम যধন কান্ত হইয়া যায়, তথন সেই পভীর নিস্তৰতায় আমরা আপনাকে অসীমেরই মধ্যে প্রতিষ্ঠিত দেখিতে পাই, নিজের ব্যক্তি-

গত সীমার মধ্যে নহে, নিজের সংসারগত শক্তির মধ্যে নহে।

এইরূপে জীবন হইতে মৃত্যুতে পদার্পণ দিন হইতে রাজিতে সংক্রমণেরই অন্থর্মণ। ইহা বাহির হইতে অন্তঃপুরে প্রবেশ—কর্মনালা হইতে মাতৃক্রোড়ে আত্মসমর্পণ—পরস্পারের সহিত পার্থক্য ও বিরোধ হইতে নিধিলের সহিত মিলনের মধ্যে আত্মায়-ভূতি।

শক্তি আপনাকে ঘে,বণা করে, প্রেম আপনাকে আরুত রাখে। শক্তির ক্ষেত্র ব্যালোক, প্রেমের ক্ষেত্র অন্ধকার। প্রেম অন্তরালের মধ্য হইতেই পালন করে.- লালন করে, অন্তরালের মধ্যেই আকর্ষণ করিয়া बात्न। वित्यंत्र ममञ्ज ভाशात्र विचलननीत्र গোপন অস্তঃপুরের মধ্যে। তাই আমরা কিছুই জানি না-কোপা হইতে এই নি:শেষ-বিহীন প্রাণের ধারা লোকে লোকে প্রবা-হিত হুইতেছে, কোথা হুইতে এই অনির্বাণ চেতনার আলোক জীবে জীবে জলিয়া উঠিতেছে, কোপা হইতে এই নিত্যসঞ্চীবিত ধীশক্তি চিত্তে চিত্তে জাগ্ৰত হইতেছে। আমরা জানি না—এই পুরাতন জগতের ক্লান্তি टंकाथाय पूत्र रुव, कीर्ग-कतात्र ननाटित লিখিল বলিরেখা কোণায় কোন অমৃত কর-্স্পর্শে মুছিয়া-গিয়া আবার নবীনতার সৌকু-मार्था नाज करत, कानि ना-क्या-পরিমাপ বীজের মধ্যে বিপুল বনস্পতির মহাশক্তি কোথার কেমন করিয়া প্রচ্ছর থাকে। कगटलत थहे (र जावत्रन, (र जावत्रत्व মধ্যে অগতের সমন্ত উদেয়াগ অলুশ্য হইরা কাজ করে,—সমস্ত চেষ্টা বিরামলাভ করিয়া

যথাকালে নবীভূত হইয়া উঠে, ইহা প্রেমেরই আবরণ! স্থান্তির মধ্যে এই প্রেমই শুন্তির, মৃত্যুর মধ্যে এই প্রেমই প্রশান্ত, অন্ধকারের মধ্যে এই প্রেমই প্রশান্তির শালাকের মধ্যে এই প্রেমই চঞ্চলশক্তির পশ্চাতে থাকিয়া অনুশা, জীবনের মধ্যে এই প্রেমই আমালের কর্তৃত্বের অস্তর।লে থাকিয়া প্রতিমূহর্তে বলপ্রেরণ, প্রতিমূহর্তে ক্তিপূরণ ভরিতেছে।

হে মহাতিমিরাবগুটিতা রমণীয়া রজনি, তুমি পক্ষিমাতার বিপুল পক্ষপুটের স্থায় শাবকদিগকে স্থকোমল স্নেহাচ্ছাদনে আর্ড করিয়া অবতীর্ণ হইতেছ; ভোমার মধ্যে বিশ্বধাত্রীর পরমম্পর্শ নিবিভূভাবে, নিগৃঢ়ভাবে .অস্কুভব করিতে চাহি। ভোমার অন্ধনার আমাদের ক্রমন্ত ইন্দ্রিয়কে আছের রাধিয়া আমাদের ক্রমন্ত উদ্বাটিত করিয়া দিক্—আমাদের শক্তিকে অভিভূত করিয়া আমাদের প্রেমকে উদ্বাধিত করিয়া আমাদের প্রেমকে উদ্বাধিত করিয়া তুলুক্, আমাদের নিক্রের কর্তৃত্পরোগের অহকার-হথকে থকা করিয়া মাভার আলিক্ষনপাশে নিংশেরে আপনাকে বর্জন করিবার আনন্দ্র

হে বিরাম-বিভাবরীর ঈশরি মাতা, হে
আক্ষলরের অধিনেবজা, হে স্থির মধ্যে
জাগ্রত, হে মৃত্যুর মধ্যে বিরাজমান, ভোমার
নক্ষনীপিত অঙ্গনতলে তোমার চরণছোরার লুঠিত হইলাম। আমি এখন আর
কোনো ভর করিব না, কেবল আপন ভার
ভোমার ঘারে বিসর্জন দিব; কোনো চিন্তা
করিব না, কেবল চিন্তকে ভোমার কাছে
একান্ত সম্পূর্ণ করিব; কোনো চেন্তা করিব

না, কেবল তোমার ইচ্ছার আমার ইচ্ছাকে বিলীন করিব; কোনো বিচার করিব না, কেবল তোমার সেই আনন্দে আমার প্রেমকে নিমর্গ করিয়া দিব, যে—

''ন্ধানন্দান্ধ্যেব থবিমানি ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি, আনন্দং প্রয়ন্তি অভিসংবিশন্তি।"

ঐ দেখিতেছি, ভোমার মহান্ধকার রূপের মধ্যে বিশ্বভূৰনের সমস্ত আলোকপুঞ্জ কেবল বিন্দু-বিন্দু-ক্যোতীরূপে একতা সমবেত হই-ग्राष्ट्र। मित्नत्र दिलाग्र शृथिवीत्र एहाउँ एहाउँ চাঞ্চা, আমাদের নিজক্বত তৃচ্ছ আন্দোলন আমাদের কাছে কত বিপুল-বৃহৎ রূপে দেখা দেয়। - কিন্তু আকাশের ঐ যে নক্ষত্রসকল, যাহাদের উদাম বেগ আমরা মনে ধারণাই করিতে পারি না, যাহাদের উচ্চুদিত আলোকতরকের আলোড়ন আমাদের কল্ল-নাকে পরাত্ত করিয়া দেয়,—তোমার মধ্যে তাহাদের সেই প্রচণ্ড আন্দোলন ত কিছুই নহে, তোমার অরকার বসনাঞ্গতলে. ভোমার অবনত স্থিরদৃষ্টির নিমে তাহারা স্তম্পাননিরত স্থাপিতর মত নিশ্চল, নিস্তর। তোমার বিরাট ক্রোড়ে তাহাদের অভিরতাও হিরব, তাহাদের হ:সহ তীত্রতেজ মাধুর্য্যরূপে প্রকাশমান। ইহা দেখিয়া এ রাজে আমার তুচ্ছ চাঞ্চল্যের আন্দালন, আমার ক্ষণিক তেজের অভিমান, আমার কুড হঃথের আকেপ, কিছুই আর থাকে না,— তোমার मध्या आमि नंगछहे खित्र कात्रनाम, नमछ আরুত করিলাম, সমস্ত শাস্ত করিলাম, তুমি वामाहक श्रदेश कत्र-वामाहक त्रका कत्र,-

' 'বড়ে দক্ষিণং মুখং তেন মাং পাহি নিভাব।"

আমি এখন ভোমার নিকট শক্তি প্রার্থনা করি না, আমাকে প্রেম দাও; আমি সংসারে জ্মী হইতে চাহিনা, তোমার নিকট প্রণ্ড হইতে চাই; আমি স্থগুঃথকে অবজ্ঞা করিতে চাহি না, স্থগ্রঃথকে তোমার মঙ্গল-হতের দান বলিয়া বিনয়ে গ্রহণ করিতে চাই। মৃত্যু বথন আমার কর্মশালার দ্বারে **শিড়াই**য়া নীরবসক্ষেতে আহ্বান করিবে, তথন বেন তাহার অহুসরণ ক্রিয়া, জননি, তোমার অন্ত:পুরের শান্তিককে নি:শঙ্ক-হৃদ্যের মধ্যে আমি ক্ষমা লইয়া যাই,—প্রীতি नहेश गहे,- कन्यान नहेशा गहे,-वित्रात्यत সমস্ত দাহ যেন সেদিন সন্ধ্যাস্থানে জুড়াইয়া যায়, সমত বাসনার পক যেন ধৌত হয়, দমস্ত কুটিলতাকে যেন সরল, সমস্ত বিক্লজিকে যেন সংস্কৃত করিয়া যাইতে यि त अवकान ना घटे, यि कूखवन নিঃশেষিত হইয়া যায়, তবু তোমার বিশ-বিধানের উপর সম্পূর্ণভাবে নির্ভর করিয়া যেন দিন হইতে রাত্রে, জীবন হইতে মৃত্যুতে, আমার অক্ষমতা হইতে তোমার করুণার মধ্যে একাস্তভাবে আত্মবিদর্জন করিতে हेश (यन मत्न द्राश्रि-कीवनत्क তুমিই আমার প্রিয় করিয়াছিলে, মরণকেও তুমিই স্থামার প্রিয় করিবে,—ভোমার দক্ষিণহত্তে তুমি আমাকে সংসারে প্রেরণ করিয়াছিলে, ভোমার বামহত্তে তুমি আমাকে ক্রোড়ে আকর্ষণ করিয়া লইবে,—তোমার আলোক আমাকে শক্তি দিয়াছিল, তোমার অন্ধকার আমাকে শান্তি দিবে।

ওঁ শান্তি: শান্তি: गান্তি:।

নারী।

471266

(>)

উষার কিরণপাতে হেরি তোমা' পেলব কলিক।
কুস্থমিত কিশোরী বালিকা
স্বিতবিকসিত মুখে জাগাইয়া রাথ অমুখন
প্রিয় তব পিতার ভবন
নদীকুলে সন্ধ্যাকালে শিবপূজারতা কুতৃহলা
হে কুমারি কুস্থমকুস্তলা।

(२)

পূর্বাহে নেহারি তোমা' নব-পট্টাম্বর-পরিহিতা মুগ্ধমুখী অমি বিশক্তিতা

নবীন প্রণয়ডোরে বন্ধ কর তব প্রাণপতি নববধূ অগ্নি তুমি সতি !

জননীর বক্ষ হ'তে হিঁড়ি তারে লহে গো হর্কার কমনীয় হ'বাহু তোমার। (৩)

মধ্যাহ্নে নেহারি তোমা' মৃর্টিমতী জননীর বেশে গৃহাঙ্গনে দাঁড়াইলে হেসে

বেটুকু আপন প্রেমে হরেছিলে লকগুণ তার হাস্তমুখে দাও অনিবার .

শাস্তি আর ক্ষেহরূপে ঝরে পড় শতধা হইয়া নিজ হঃবস্থ পাশরিয়া। (৪)

প্রদোবে নিরখি তোমা' শুত্রবেশা তাপদী গম্ভীরা ধ্যানপরায়ণা অমি ধীরা

জগতের বহু উর্দ্ধে নিত্য তুমি রহু আনন্দিতা অয়ি পুণ্যকুত্মমভূষিতা

কল্যাণ করুণহত্তে নিত্য তুমি কর বরষণ আশির্কাদে নবীন জীবন।

(4)

হে কুমারি তব স্নিগ্ধ বিক্রশিত হসিত বদন হবে মম নয়ননন্দন হে ক্লিশোরি তব প্রেম তুচ্ছ করি বিশ্ব চরাচর হবে কি গো আমার নির্ভর হে জননি! তব ক্লেহ আলোকিত করিয়া ভূবন বহি' লবে আমার জীবন তাপদিনি। দিবসাম্ভে প্রান্ত শির চরণে তোমার সঁপি' দিব কলাণি আমার।

भिनदास्त्रनाथ छो। हार्या ।

প্রস্থ-সমালোচনা।

J • তিন আনা ।

এথানি একথানি কুদ্র কবিতা-পুত্তক। আমাদের দীনতা-হীনতা, হ:খ-দারিজ্যের কথা বোধ হইতেছে কাব্যানন্দমহাশয়ের বুকে বড় বাজিয়াছে। তাই তিনি তাঁহার মর্মপীড়ামূলক এই ছন্দোবদ্ধ দর্থাত অভি-ষেকোৎসব উপলক্ষে সমাটের দরবারে পেশ করিয়াছেন। ভরদার স্থল এই যে, দরখান্ত-थानि ठिकानांत्र शौद्धित ना ।

মুখবদ্ধে লিখিত হইয়াছে—"শিও পুত্ৰ, কতক অভিমান, কতক রোষ, চোখের কোণে कडशानि ष्यक्त, कडशानि রোষরাগ লইয়া ষে ভাবে পিতার নিকট আব্দার জানায়, 'डेपान' वा 'Appeal to the Emperor' সেই ভাবের মৃশ লইরা স্প্রা প্রের সে অভিমান, দে বোৰ, পিতার ক্টির কারণ না হইয়া ভুষ্টির কারণই হয়, এবং পিতা প্রের আকারে বা আপীলে তাহার অভাব र्श किवा थारकम ; उँथारनव जानीन छ

উত্থান।---- শ্রী-কাব্যানন্দ প্রণীত। মূল্য সেই মূলের উপর স্থাপিত।" বেশ কথা; কিন্তু ধেড়ে ছেলে যদি নিজের অভাব নিজে পূর্ণ করিবার চেষ্টা না করিয়া কেবল পিতার কাছে বা আর কাহারও কাছে ঘাান্ঘাান করে, তাহা অসহনীয়। তদ্যতীত, এ ক্ষেত্রে আন্দার পূর্ণ হইবার কিছুমাত্র সম্ভাবনা নাই। <u>দুমাটু ইচ্ছা করিলেও আমাদের অভাব</u> মোচন করিতে পারেন না; তাহা তাঁহার সাধ্যাতীত। সে ভারটা আমাদিগকে নিজে লইতে হইবে। তাহা যেদিন পারিব, সে-দিন বিশ্ববিধাতাও আমাদের প্রতি মুখ তুলিয়া চাহিবেন। যতদিন না পারিব, ততদিন - যাহার প্রবৃত্তি হয়, সে কাব্যানন্দ-মহাশয়ের স্থায় অরণ্যে রোদন করিবার স্লুখ উপভোগ করিতে পারে।

> পুত্তকথানির গুণাগুণসম্বন্ধে বক্তব্য এই বে, সধের ভারত-বিলাপ বা ভারতভিক্ষা সচরাচর যেমন হইয়া থাকে, ইহাও তাহাই-বিশেষত্ব কিছু দেখিলাম না। ইহার মধ্যে 'উপক্রম'-শীর্ষক কবিতাটির প্রশংসা করা বায়।

সেত্ময়ী।— শীস্থরেজনাথ গোখামী বি. এ; এপ্. এম্. এস্. প্রণীত। মূল্য ১১ এক টাকা।

এই উপক্তাদখানি পড়িয়া আমরা বৃধিয়াছি যে, গ্রন্থকার একজন সহদর ব্যক্তি।
সংসারের রোগ-শোক, হৃঃখ-দারিন্তা, অনাচারঅত্যাচার দেখিয়া গ্রন্থকার ব্যধিত। এই
সকলের প্রতিবিধান বা প্রশমনকরে একটি
'সেবকের দল' করনা করিয়া তিনি এই
উপক্তাসখানি রচনা করিয়াছেন। গ্রন্থকারের
উদ্দেশ্য যে প্রশংসনীয়, ইহা সকলকেই স্বীকার
করিছে হইবে; তবে, উপস্তাসের ঘারা যে
এক্রপ উদ্দেশ্যসিদ্ধির কোন উপায় হয়, এমত
আমাদের মনে হয় না।

্উপক্তাসথানির একটু বিশেষত আছে। উপস্থাসের নাম্মিকার রূপের মহিমাকীর্ত্তন শুনিরা শুনিরা কান ঝালাপালা হইয়া গিরাছে। এখন কিছুদিন রূপের মাহাত্মাকে অব্যাহতি দিয়া আমাদের উপস্থাসলেথকেরা গুণের গৌরব কীর্ত্তিত করিয়া তংপ্রতি লোকচিত্ত-আকর্ষণের চেষ্টা করিলে ভাল হয়-সমা-বেরও মকল হয়, আমরাও হাঁপু ছাড়িয়া বাঁচি। বর্তমান স্থলে, আর্থর হেলপ্সের 'রিয়াল্মা'নামক উপস্তাদের অমুকরণে, গ্রন্থকার অরেক্রনাথবাবু এই উপজ্ঞাসের নারি-कारक कृष्धवर्गा, कूज्रणा, किन्न मर्स खगानकृता করিয়া গড়িয়াছেন। গুণবতী, আর্ন্তদেবা-পরামণা, মাতৃভাৰামু প্রাণিতা হইতে হইলেই বে কুরুপা হইতে হইবে, এমন কোন কথা নাই; ভবে, সম্ভবত হারেক্সবাবু নৃতন পথ ধরিয়াছেন বলিয়াই থানিকটা আড়ধর-

ৰাহল্য প্ৰৱোজনীয় বলিয়া মনে করিয়া-ছেন।

এই উপস্থাসে ঘটনার করনার ও অবতারণার নির্মনপুণ্যের অভাব পরিলক্ষিত
হয়। উৎক্কই উপস্থাসে যে সকল শুক্তর
ঘটনা ঘটে, তাহার জন্ত যথেষ্ট আরোজন
উপস্থাসের মধ্যেই সন্নিবেশিত থাকে। এই
পুস্তকে তাহার অভাব দেখা যায়। দৃষ্টাস্তয়রূপ শরচক্রের গোপন-বিবাহ ও বিশুভ্যণের
আত্মহত্যার চেষ্টার উল্লেখ করা বাইতে
পারে। পুস্তকের ভাষা প্রাক্তন ও ক্লম্নগ্রাহী। গ্রন্থকারের বর্ণনাশক্তিও প্রশংসনীর;
এই পুস্তকের দশম পরিচ্ছেদ তাহার পরিচয়্নয়্বল। উচ্চ অক্সের উপস্থাস না হইলেও
লোককে ইহা পড়িতে অম্বরোধ ক্রিতে
পারি। সচরাচর বাঙ্লা উপস্থাসের অনেক
উর্কে ইহার স্থাননির্দেশ করা বাইতে পারে।
হত্যাকারী কেণ্ড — উপস্থাস। প্রীপাচ-

হত্যাকারী কে? — উপস্থাস। এপাচ-কড়ি দে প্রণীত। ম্ল্য ॥४ ৽দশ আনা মাত্র।

এখানি একথানি ডিটেক্টিভের গর, এবং সে হিসাবে, ইহাতে বিবৃত ঘটনার সমাবেশে এবং অহসদানের প্রণালীতে কারিকরির পরিচয় পাওয়া যার। অক্ষরবাবু বে একজন স্থাক ডিটেক্টিভ, ইহা গ্রন্থকার দেখাইতে সমর্থ ইইয়াছেন। তবে, গ্রন্থকারকে জিজ্ঞাসা করি, এরূপ প্রকে কাব্যরসাবতার্লার চেষ্টা কেন ? বিশেষত ফাঁসীর আসামী বোগেশ্চিক্রের মুখে তাহা বড়ই অসক্ষত। প্রকথানির কাগজ ভাল, ছাপা ভাল, ভাবাও প্রশংসাহ। উনিলাম, মৃল্য যদিও দশ আনা লেখা আছে, কিন্তু পাঁচ আনা করিরাই ইহা বিক্রীত হয়।

শ্রীচক্রশেখর মুখোপাধ্যায়।

বঙ্গদশন।

ধর্মপ্রচার।*

でいりの人

এদ আমরা ফললাভ করি' বলিয়া হঠাৎ
উৎসাহে তথনি পথে বাহির হইয়া পড়াই
যে ফললাভের উপার, তাহা কেহই বলিবেন
না। কারণ কেবলমাত্র সদিচ্ছা এবং
সহংসাহের বলে ফল স্পষ্ট করা যায় না—
বাজ হইতে রক্ষ এবং রক্ষ হইতে ফল জন্ম।
দলবদ্ধ উৎসাহের দারাতেও সে নিয়মের
অভ্যথা ঘটিতে পারে না। বাজ ও রক্ষের
সহিত সম্পর্ক না রাথিয়া আমরা যাদ অভ্য
উপায়ে ফললাভের আকাজ্জা করি, তবে
সেই ঘরগড়া ক্রত্রেম ফল থেলার পক্ষে, গৃহসজ্জার পক্ষে অতি উভ্তম হইতে পারে—
কিন্তু তাহা আমাদের যথাও ক্ষ্ণানিবৃত্তির
পক্ষে অত্যন্ত অনুপ্রেয়াগাঁ হয়।

আমাদের দেশে আধুনিক ধম্মসমাজে মামরা এই কথাটা ভাবি না। আমরা মনে করি, দল বাধিলেই বুঝি ফল পাওয়া থায়। শেষকালে মনে করি, দল বাঁধাটাই ফল।

ক্ষণে ক্ষণে আমান্তের উৎসাহ হয়, প্রচার করিতে হইবেঁ। হঠাৎ অন্থ্তাপ হয়, কিছু করিতেছি না। যেন করাটাই সব চেয়ে প্রধান—কি করিব, কে করিবে, সেটা বড়-একটা ভাবিবার কথা নয়।

কিন্তু এ কথাটা সর্বাদাই স্মরণ রাখা দৰকার যে, ধর্মপ্রচারকার্য্যে ধর্মটা আগে, প্রচারটা তাহার পরে। প্রচার করিলেই তবে ধর্মরক্ষা হইবে, তাহা নহে, ধর্মকে রক্ষা করিলেই প্রচার আপনি হইবে।

भूटर्स (य वृत्कत উপमा निग्नाहि, मिछे। পুনর্কার উত্থাপন করিব। বৃক্ষ প্রকৃতির নিয়মে বাজ হইতে বাজিয়া-উঠিয়া পরিণতি-লাভ করে। সে ত একস্থানে স্তব্ধ হইয়া থাকে। কিন্তু তাহার সেই পরিণতিলাভের মধ্যেই, সেই স্তব্ধতার মধ্যেই একটা প্রচারের নিয়ম আছে। সেই নিয়মে ক্রমশ সেই বৃক্ষ হইতে স্থবিপুল অরণ্যের সৃষ্টি হইতে গাছ হইয়া উঠাই যদি তাহার সক্ষপ্রধান কান্ধ না হইত, তবে আপনাকে প্রচার তাহার পক্ষে অসম্ভব হইত। যৈ শান্তি, যে স্তব্ধতার মধ্যে থাকিলে পরিপূর্ণ রসাকর্ষণের ব্যাঘাত হয় না--বুক্ষের সেই শাস্তি, দেই স্তব্ধতা ভাবী অরণ্যের পক্ষে একান্ত প্রয়োজনীয়। উৎসাহের উদাম

১২ই মাথ আলেচ্ননাসমিতির বিশেব অধিবেশনে সিটিককেলহলে বক্তদর্শন-সম্পাদক-কর্তৃক পঠিত।

চাঞ্চল্য তাহার পক্ষে সফলতার কারণ নহে।
তাহাকে গভীরভাবে শিকড় নামাইতে
হইবে, তাহাকে বিস্তীর্ণভাবে ডালপালা
মেলিতে হইবে, তাহাকে ধীরভাবে সমস্ত
পল্লব দিয়া স্থ্যালোক গ্রহণ করিতে হইবে।
ইহাই সম্পূর্ণভাবে সম্পন্ন হইলে তাহার পরে
যাহা ফল ফলিবার, তাহা ফলিবে।

কিন্ত বর্ত্তমানকালে আমাদের ধর্মচর্চার গভীরতা যে পরিমাণে হ্রাস পাইয়াছে, আমাদের ধর্মসমাজের চাঞ্চল্যও সেই পরিমাণে বাড়িয়া উঠিয়াছে। 'এস আমরা সভা করি, এস আমরা প্রচার করিতে বাহির হই,' এই বলিয়া আমরা পরস্পরকে উত্তেজিত করি এবং প্রভূতপরিমাণ অপরিণত শক্তির অপব্যয় করিয়া থাকি।

ভদ্ধমাত্র নিম্পলতাই বদি ইহার পরিণাম হইত, তবে ইহাকে আমি তত অধিক ক্ষতি বলিয়া গণ্য করিতাম না। ক্লমিকার্য্য যে কিছুই জানে না, সে বদি উৎসাহসহকারে বীজবপন করিতে প্রবৃত্ত হয়, তবে যে কেবল ফসল না জ্মিয়াই অনিষ্ট করে, তাহা নহে, বীজও নষ্ট হয়। আধ্যাত্মিক সত্যকে যে ব্যক্তি সাধনার দারা জীবনের মধ্যে লাভ না করিতে পারিয়াছে, সে ব্যক্তি এই সত্যপ্রচারের ভার লইলে কেবল যে প্রচারক্ষ্যা ব্যর্থ হয়, তাহা নহে, সত্য স্লান হয়, সত্য অসত্য হইয়া উঠে।

ছভার্গ্যক্রমে ধর্মপ্রচারের অধিকার-সম্বন্ধে আমরা বড় অধিক চিস্তাই করি না। ধর্মের পুরাতন কথাগুলিকে থেমন-তেমন করিয়া পুনঃপুন আর্ত্তি করিয়া বাইবার জন্ত ইচ্ছা, অবকাশ এবং কাক্পটুতা থাকিলে আর বেশি-কিছুর প্রয়োজন হয় না, এইরূপ আমাদের ধারণা। সকল কম্মের
অপেক্ষা ধর্মপ্রচারের ব্যবসায়ে যোগ্যতার
প্রয়োজন অল্ল আছে, আমাদের ব্যবহারে
এইরূপ প্রমাণ হয়। মনে করি, উৎসাহ
এবং অহমিকাই প্রচারেকের পক্ষে যথেষ্ট
সম্বল। মনে করি, প্রচারের অভাবেই
দেশে ধন্মের অবনতি হইতেছে সাধনা এবং
অভিজ্ঞতার অভাবেনহে।

মন্ব্যথের সমত মহাসতাগুলিই পুরা-তন এবং 'ঈশ্বর আছেন' এ কথা পুরাণ্তম। এই পুরাতনকে মান্থ্যের কাছে চিরদিন ন্তন করিয়া রাথাই মহাপুরুষের কাজ। জগতের চিরস্তন ধর্মগুরুগণ কোনো ন্তন সত্য আবিষ্কার করিয়াছেন, তাহা নহে—তাহারা পুরাতনকে তাহাদের জীবনের মধ্যে নৃতন করিয়া পাইয়াছেন এবং সংলারের মধ্যে তাহাকে নৃতন করিয়া তৃণিয়াছেন। একদিন সর্পতীনদীভীরে তপোবনছয়ায় ভারতের ঋষি উচ্ছ্সিতস্বরে বলিয়া উঠিয়াছিলেন:—

"গুণুস্ক বিষে অমৃতত্ত পুত্রা আবে ধামানি দিব্যানি তছ;—
বেলাহমেতং পুরুষং মহাস্তমাদিত্যবর্ণং ভমদঃ পরস্তাং।
তমেব বিদিয়াতিমৃত্যুমেতি নানাঃ পছা বিদ্যুতে অমনায় "
হৈ দিব্যধামবাসি অমৃত্তের পুত্রগণ, সকলে
শোন—আমি সেই জ্যোতির্ময় তিমিরাতীত
মহানু পুরুষকে জানিয়াছি—তাঁহাকে জানিরাই মৃত্যু অতিক্রম করা থায়, মুক্তির অস্ত
কোনো পথ নাই।

 করে, আমাদের বোধশক্তিকে উদোধিত করিয়া তুলে। পুরাতন মহাসত্য এইরূপ নব নব উপলব্ধির মারাতেই মনুষ্যের মধ্যে সঞ্জীব হইয়া, নুতন হইয়া বিরাজ করে।

নব নব বসস্ত নব নব পুষ্প স্পষ্ট করে না
—েসেরপ ন্তনতে আমাদের প্রেরাজন নাই।
আমরা আমাদের চিরকালের পুরাতন ফ্লগুলিকেই বর্ষে বর্ষে বসন্তে বসন্তে ন্তন
করিয়া দেখিতে চাই। সংসারে যাহা-কিছু
মহোত্তম, যাহা মহার্যতম, তাহা পুরাতন,
তাহা সরল, তাহার মধেং গোপন কিছুই
নাই; গাঁহাদের অভ্যুদয় বসস্তের ভায়
অনির্বচনীয় জীবন ও যৌবনের দক্ষিণসমীরণ মহাসমুদ্রবক্ষ হইতে সঙ্গে করিয়া
আনে, তাঁহারা সহসা এই পুরাতনকে
অপুর্ব্ব করিয়া তোলেন—অতি পরিচিতকে
নিজজীবনের নব নব বর্ণে, গল্কে, রূপে সজীব,
সরস, প্রাফুটিত করিয়া মধুপিপাত্বগণকে
দিগ্লিগত হইতে আকর্ষণ করিয়া আনেন।

অত এব নৃতন আবিকার মাহুষের কাছে বত গৌরবের, প্রাতনকে উপলন্ধি মাহুষ্বর কাছে তদপেকা অল্প গৌরবের নহে। মহুষ্যান্যাজে কাব্যের সমাদর তাহার প্রমাণ। বাহা-কিছু মাহুদের চিরকালের সামগ্রী, কাব্য তাহাকেই মাহুষের উপলন্ধির কাছে চিরদিন নৃতন করিয়া রাখে। এই যে হুর্গোদয়-স্থ্যান্ত, এই যে নিশীথনক্ষত্র-সভার নিস্তন্ধতা, এই যে ঋতুপর্য্যান্থের প্রাণ্ন্য সৌক্ষান্ত, কুথহুথের অনস্ত আবর্তন, প্রাকৃতির তরঙ্গলীলা, সেহপ্রেমের অবসানহীন সংখ্যাবিহীন সংসাত্ম্বাপী আকর্ষণপাশ,

ইহাদের ঘারা আমরা নিরস্তর বেষ্টিত হইয়া আছি- অথচ নিয়ত অভ্যাদে ইহাদের অপরি-মেয় রহস্ত, ইহাদের অপরিসীম বিস্ময়করতা আমাদিগকে স্পর্শ করে না । সংসারে মাঝে মাঝে এমন লোক জন্মে, অভ্যাস যাহাকে আচ্ছন্ন করিতে পারে না, নিখিল বিখের র্বসমুদ্র তাহার প্রত্যেক তর্ত্তের দারা যাহার চিন্তকে অব্যবহিতভাবে আহত করে, জাগ্রত করে, ধ্বনিত করিয়া তোলে: সেই কবির অনুভূতির ভিতর দিয়াই, আমরা যে বিশ্বের মধ্যে আছি, সেই বিশ্বকে হাদয়ের মধ্যে লাভ করি; যাহা চিরদিনের স্থলভতম সামগ্রী. তাহা যে কি পরম পদার্থ, তাহা জানিতে পারি; জনা হইতে মৃত্যু পর্যান্ত যাহাকে প্রতিদিন পাইয়া প্রতিদিনই হারাইয়াছি. দেই মহাশ্চর্য্য নিথিলের রসম্পর্শ আমাদের বোধগম্য হয়।

কিন্তু যাহার স্বভাবত এই নৃতন-অস্থভূতির ক্ষমতা নাই, সে যদি কেবলমান্ত্র হিতকামনায় অথবা যশঃপ্রার্থী হইয়া কাব্যরচনায়
প্রবৃত্ত হয়, তবে সে অনিষ্ট করে। চিরপ্রাতন তাহার হাতে চিরনবীন না হইয়া
জীর্ণতর হইয়া উঠে। কবির হস্তে যে ভাষা
ভাবের যৌবনসঞ্চার করে, অকবির হস্তে
সেইগুলিই ভাবকে জরাক্রান্ত করিয়া তুলে।
সেই শক্ষবিস্থাস পাঠকদের অভ্যন্ত হইয়া
যায় এবং সেই অভ্যন্ত প্রাণহীন শক্ষের
বেষ্টনে ভাবের সজীবতা থাকে না।

ধর্মপ্রচারসম্বন্ধে এ কথা বিশেষরূপে থাটে। আমরা ধর্মনীতির সর্ব্বজনবিদিত সহজ্ব সত্যগুলি এবং ঈশ্বরের শক্তি ও করুণা প্রত্যহ পুনরাবৃত্তি করিয়া সত্যকে কিছুমাত্র অগ্রসর করি না, বরঞ্চ অভ্যন্তবাক্যের তাড়-নার বোধশক্তিকে আড়ন্ত করিয়া ফেলি। যে সকল কথা অভ্যন্ত জানা, তাহাদিগকে একটা নিয়ম বাধিয়া বারংবার গুনাইতে গেলে, হয় আমাদের মনোযোগ একেবারে নিশ্চেট্ট হইয়া পড়ে, নয় আমাদের হৃদয় বিজোহী হইয়া উঠে।

বিপদ্ কেবল এই একমাত্র নহে। অন্থ ভূতিরও একটা অভ্যাদ আছে। 'আমরা বিশেষ স্থানে বিশেষ ভাষাবিস্থাদে এক-প্রকার ভাষাবেগ মাদকভার স্থায় অভ্যাদ করিয়া ফেলিতে পারি। দেই অভ্যস্ত আবেগকে আমরা আধ্যাত্মিক দফলতা বলিয়া ভ্রম করি—কিন্ত ভাহা একপ্রকার দশোহনমাত্র।

এইরপে ধর্ম যথন সম্প্রদায়বিশেবে বদ্ধ হইয়া পড়ে, তথন তাহা সম্প্রদায়স্থ আধকাংশ লোকের কাছে হয় অভ্যন্ত অসাড়তায়, নয় অভ্যন্ত সম্মোহনে পরিণত হহয়৷ থাকে। ভাহার প্রধান কারণ, চিরপুরাতন ধ্যাকে নুতন করিয়৷ বিশেষভাবে আপনার করিবার এবং সেই স্থান্ত তাহাকে পুনকার।বশেষ-ভাবে সমস্ত মানবের উপযোগী করিবার ক্ষমতা যাহাদের নাই,ধ্যারক্ষা ও ধ্যাপ্রচারের ভার তাহার।ই গ্রহণ করে। তাহারা মনে করে, আমরা নিশ্চেট হইয়া থাকিলে সমাজের ক্ষতি হইবে।

এইরেপে অবোগ্যতার হতে ধর্ম যথন অসত্য হইয়া উঠে, তথন নানা ছনিমিত দেখা দিতে থাকে। তথন সাম্প্রদায়িক ধ্র্ম শান্তির পরিবর্ত্তে বিরোধ, রসের পরিবর্ত্তে ডক, বিনয়ের পরিবর্ত্তে দান্তিকতা আনিয়া উপ- স্থিত করে। তথদ সন্ধীর্ণতা এমনি বেষ্টন করিয়া ধরে যে, ঔদার্থাকে ধর্মবিরোধী বলিয়াই বোধ হয়। এই কারণেই ইতিহাস দেখিলে দেখা যায়, ধর্মের নামে সংসারে যত অফায়, যত অমকলের স্পষ্ট হইয়াছে, এমন সার্থের নামেও হয় নাই। এবং আজও প্রতিদিন দেখিতে পাই, সভ্যনামধারী বড় বড় জাতি নিদারণ স্বার্থসংগ্রামে ধর্মকে আপনার দলভূক্ত, ও ঈশ্বরকে আপনার পক্ষপাতী বলিয়া ঘোষণা করিতে লেশমাত্র সঙ্গেচ অন্থভব করে না।

ধশ্মকে যাহারা সম্পূর্ণ উপলব্ধি না করিয়া প্রচার করিতে চেষ্টা করে, ভাহারা ক্রমশই ধশ্মকে জীবন হইতে দূরে ঠেলিয়া দিতে থাকে। ধর্মকে বিশেষ গণ্ডা আঁকিয়া একটা বিশেষ দামানার মধ্যে বদ্ধ করে। धर्म विरागव निरमम, विरागव शास्त्रक, विरागव প্রণালীর ধন্ম হইয়া উঠে। তাহার কোথাও किছু राजाय हरेलारे मध्यनारयत्र मस्या हनू-ত্রণ পড়িয়া যার। বিষয়ী নিজের জমির সীমানা এত সতকতার সহিত বাঁচাইতে চেষ্টা করে না,—ধর্মব্যবসাধী যেমন প্রচণ্ড উৎসা-হের দহিত ধন্মের স্বরচিত গণ্ডী রক্ষা করিবার জন্ম সংগ্রাম করিতে থাকে। এই গণ্ডী-রক্ষাকেহ তাহারা ধন্মরক। বলিয়া করে। বিজ্ঞানের কোনো নৃতন মূলতত্ব আবিষ্ণুত হইলে তাহারা প্রথমে ইহাই দেখে যে. সে তহু তাহাদের গণ্ডীর সীমানায় হত্ত-ক্ষেপ করিতেছে কি না; যদি করে, তবে ধর্ম গেল বলিয়া তাহারা ভীত হইয়া উঠে। ধশ্মের বৃস্কটিকে তাহার। এতই ক্ষীণ করিয়া রাথে যে, প্রভাব বায়ুহিলোলকে তাহারা

শক্রপক বলিয়া জ্ঞান করে। ধর্মকে তাহারা **সংসার হইতে বছদুরে স্থাপিত করে**—পাছে ধ্যানীমানার মধ্যে মাতুধ আপন হাস্ত, আপন ক্রন্ন, আপন প্রাত্যহিক ব্যাপারকে, আপন জাবনের অধিকাংশকে লইয়া উপস্থিত হয়। সপ্তাহের এক দিনের এক অংশকে, গৃহের এক কোণকে বা নগরের একটি মন্দিরকে ধুমের জন্ম উৎসর্গ করা হয় -বাকি সম্প্র দেশকালের সহিত ইহার একটি পার্থক্য, এমন কি, ইহার একটি বিরোধ ক্রমশ হু-পরিকুট হহঁয়া উঠে। দেহের সাহত আত্মার, সংসাবের বহিত রঞ্জের, এক সম্প্রনাঞ্জের সহিত অতা সম্প্রদায়ের বৈষমা ও বিদ্যোহ-ভাব স্থাপন করাহ, মন্ত্রাধের নার্থানে গৃহাবচ্ছেদ উপাস্থত করাই যেন ধংগর विश्व लक्षा इरेश में एवं ।

অথচ . সংসারে একমাত্র যাহা সমস্ত বৈধম্যের মধ্যে ঐকা, সমস্ত বিরোধের মধ্যে শান্ত আনয়ন করে, সমও বিচেহদের মধ্যে একমাত্র বাহা মিলনের সেতু, তাহাকেই বুম বিনা যায়। তা**হা মনুষ্টের এক অংশে** অবাহত হইয়া অপর অংশের সাহত অহরহ কণ্ঠ করে না-- সমও মন্ত্রাও তাহার অন্ত-ভূতি – তাহাই যথাওভাবে মহুষ্টারের ছোট-বড়, অপ্তর-বাহের স্বাংশের পুণ সামঞ্জা। দেহ স্থাৰ্থ সামজসা হইতে বিভিন্ন **২ই**লে মহ্ব্যত্ব স্তা হইতে আলত হয়, সৌন্ধ্যা হইতে ভ্রপ্ত হইয়া পড়ে। সেহ অমোঘ ধরের আদশকে যদি গিজ্জার গাওর মধ্যে নিধা-দিত করিয়া-দিয়া **অ**ক্ত যে-কোনো উপাত্ত ার্থেজনের আদশ্রারা সংসারের ব্যবহার চালাইতে যাই, ভাষাতে স্বনাশী অমন্দ্রের

স্ষ্টি হইতে থাকে। আপাতত প্রয়োজন নাই, আপাতত সত্য অব্যবহার্য্য, কার্য্য উদ্ধার করিখা লইয়া যথাসময়ে ধর্মকে সীকার করিলেই চলিবে, এ কথা যদি আমরা স্পষ্ট না-ও বলি, প্রতিদিন কণ্মের দারা বলিয়া থাকি। ইহার কারণ, ধথকে আমরা আংশিক করিয়া, থণ্ডিত করিয়া, স্থদ্র করিয়া, সম্প্রদায়গত, মন্ত্রগত, বিশেষ-অনুষ্ঠান-গত কারয়া রাথি—তাহাকে পূজার বিষয় বলিয়া জালে, ব্যবহারের দামগ্রী বলিয়া মনে করি সংসারে বেমন একএকটি প্রবৃত্তি চরিতার্থ করিবার উপযুক্ত একএকটি ভোগ্য-বিষয় আছে, ধন্মকে সেইরূপ ভক্তি প্রবৃত্তির বিলাদপরিভৃত্তির উপযোগী ক্ষণকালীন ভোগায়োজন বলিয়াই জানি। সেই সময়টা বকুতা, সঙ্গাত, মন্ত্রোচ্চারণ প্রভৃতির দারা একটা ভাবাবেগ উৎপাদন করিয়া ধর্মসাধন করিলাম বলিয়া একটা আরাম অনুভব করি এবং পরক্ষণেই সংসারে প্রবেশ করিয়া সেই ক্ষণিক সংযম, সেই ভক্তিবৃত্তির ক্ষণিক উত্থ-মের শাসনপাশ হইতে নিঙ্গতিলাভ করিয়া সক্ষপ্রকার শৈথিলোর মধ্যে আত্মসমর্পণ করিয়া থাকি।

াকস্ত ভারতবর্ষের এ আদর্শ সনাতন
নংহ। আমাদের ধ্য রিলিজন্ নহে, তাহা
মহ্যাত্রের একাশে নহে—তাহা পলিটিয়
হইতে তিরয়্পত, যুদ্ধ হইতে বাইয়্পত, ব্যবসার
হইতে নিকাদিত, প্রাত্যাহক ব্যবহার হইতে
দূরবর্তী নহে। সমাজের কোনো বিশেষ
অংশে তাহাকে প্রাতীরবন্ধ করিয়া মান্ত্রের
আরাম-আমোদ হইতে, কাব্যকলা হহতে,
জ্ঞানাবজ্ঞান হহতে তহার সীমানা-রক্ষার

জন্ত সর্বাণ পাহার। দাঁড়াইয়া নাই। ব্রন্ধর্য্য, গার্হস্থা, বানপ্রস্থ প্রভৃতি আশ্রমগুলি এই ধর্মকেই জীবনের মধ্যে, সংসারের মধ্যে সর্বতোভাবে সার্থক করিবার সোপান। ধর্ম সংসারের আংশিক প্রয়োজন সাধনের জন্ত নহে, সমগ্র সংসারই ধর্মসাধনের জন্ত। এইরূপে ধর্ম গৃহের মধ্যে গৃহধর্ম, রাজত্বের মধ্যে রাজধর্ম হইয়া ভারতবর্ধের সমগ্র সমাজকে একটি অথপ্ত তাৎপর্য্য দান করিয়াছিল। সেইজন্ত ভারতবর্ধে, যাহা অধর্ম, তাহাই অমুপ্যোগী ছিল—ধর্মের ছারাই সফলতা বিচার করা হইত, অন্ত সফলতা ছারা ধর্মের বিচার চলিত না।

এইজন্ত ভারতবর্ষীয় আর্য্যসমাজে শিকার কালকে ব্রন্ধচর্যা নাম দেওয়া হইয়ছিল। ভারতবর্ষ জানিত, ব্রন্ধলাভের দারা মহুবাজলাভই শিকা। সেই শিকা ব্যতীত গৃহস্থতনয় গৃহী, রাজপুত্র রাজা হইতে পারে না। কারণ গৃহকর্মের মধ্য দিয়াই ব্রন্ধলাভ, রাজকর্মের মধ্য দিয়াই ব্রন্ধলাভ, বর্ষের লক্ষা। সকল কর্মে, সকল আশ্রমের সাহায্যেই ব্রন্ধ-উপলব্ধি যথন ভারতবর্ষের চরম্যাধনা, তথন ব্রন্ধচর্মাই তাহার শিক্ষানা হইয়া থাকিতে পারে না।

কিন্তু অধুনা ব্রক্ষণাভকেই আমর: জাঁবনের একমাত্র সম্পূর্ণতা ও লক্ষ্য বলিয়া যথন
জ্ঞান করি ন:—যথন আমরা ধনমানের
অর্জনকে, ঐমর্য্যের আড়ম্বরকৈ, ভোগস্থের চরিতার্থতাকেই সকলের উচ্চে রাধিয়াছি, এমন কি. দেশহিত-লোকহিতকে
যথন আমরা দশের অনুবর্তনম্বরূপে অন্
ভাবে পালন করিয়া যাই – ব্রেক্সের সহিত

যুক্ত করিয়া তাহার নিত্যসত্যতা দেখি না, তাহার বিশুদ্ধিরকা করি না. তাহাকে স্কীর্ণ করিয়া নষ্ট করি-কুদ্রের অমুরোধে বৃহৎকে, উপস্থিতের অমুরোধে চিরস্তনকে, স্বাদেশিকতার অমুরোধে মমুষ্যত্তক, প্রয়ো-জনের অহুরোধে কল্যাণকে বিসর্জন দিই, তথন সভাবতই ব্রন্ধচর্য্যের স্থান ব্রাহ্মসমাজ অধিকার করে, তথন সমস্ত জীবনের সাধনার পরিবর্ত্তে দলবদ্ধ সাপ্তাহিক উপাসনাই প্রধান হইয়া উঠে এবং তথন ব্রহ্মসাধনার মূল্য এতই কমিয়া যায় যে, যে ইচ্ছা বেদীতে व्याद्वारण क्रिया यारा रेष्ट्रा विषय शिल আমরা বিশেষ বিস্মিত হই না। "অথ পরা যয়৷ তদক্ষরমধিগমাতে"—বে বিদ্যা দারা সেই অক্ষর পুরুষকে জান। যায়, তাহাকেই যদি পরা বিছা বলিয়া জানিতাম, প্রতিদিনের কর্মে সেই অকর পুরুষকে সমস্ত জীবনের মধ্যে লাভ করাই যদি একমাত্র, লাভ বলিয়া জ্ঞান করিতাম—যদি আমাদের প্রার্থনা সত্য হইত, আমাদের লক্ষা ধ্রুব হইত, তবে নিজে নিজে বাক্ষনাম ধরিয়া, ব্রহ্মনামের ধ্বজা তুলিয়া সধীতন করিয়া, প্রচারকত্তে কিছু কিছু চাদা দিয়া অন্ত সকল সমাজের চেয়ে আপুনাদিগকে বড মনে করিয়া আনন্দিত থাকিতাম না।

বে নাহা বথাওভাবে চায়, সে তাহার উপায় সেইরূপ থথাওভাবে তবলম্বন করে। যুরোপ বাহা কামনা করে, বাল্যকাল হইতে তাহার পথ সে প্রস্তুত করে, তাহার সমাজে, তাহার প্রাত্যহিক জীবনে সেই লক্ষ্য জ্ঞাতস্যারে এবং অজ্ঞাতসারে সে ধরিয়া রাথে। এই কারণেই যুরোপ দেশজয় করে, ঐশ্ব্যালাভ করে, প্রাকৃতিক শক্তিকে নিজের সেবা-

কার্য্যে নিযুক্ত করিয়া আপনাকে পরম চরিতার্থ জ্ঞান করে। তাহার উদ্দেশু ও উপায়ের মধ্যে সম্পূর্ণ গামঞ্জস্য আছে বলিয়াই সে সিদ্ধকাম হইয়াছে। এই জন্ম য়ুরোপীয়েরা বলিয়া থাকে, তাহাদের পারিক্-মুলে, তাহাদের ক্রিকেট্স্কেত্রে তাহারা রণজ্যের চর্চা করিয়া লক্ষানিদ্ধির জন্ম প্রস্তুত হইতে থাকে।

এককালে আমরা সেইরপ যথার্থভাবেই ব্রহ্মলাভকে যথন চরমলাভ বলিয়া জ্ঞান করিয়াছিলাম, তথন সমাজের সক্ষত্রই তাহার যথার্থ উপায় অবলবিত হইয়াছিল। তথন মুরোপীয় রিলিজন্-চচ্চার আদশকে আমাদের দেশ কথনই ধ্যুলাভের আদশ বলিয়া গ্রহণ করিতে পারিত না। শুতরাং ধ্যুপালন তথন সন্ধৃচিত হইয়া বিশেষভাবে রবিবার বা আর-কোনো বারের সামগ্রী হইয়া উঠেনাই। ব্রহ্মিটা ছাহার শিক্ষা ছিল, গৃহাশ্রম তাহার সাধনা ছিল, সমন্ত সমাজ তাহার অধুকুল ছিল—এবং বে ঋবিরা লক্ষকাম হহয়া বলিয়া উঠিয়াছিলেন—

"বেদাহমেতঃ পুরুষং মহান্ত-

• মাদিতাবর্ণ: তমসঃ পরস্তাৎ

বাহারা বলিয়াছিলেন-

"আনন্দং ব্রহ্মণো বিধানু ন বিভেতি কৃতণ্চন" তাঁহারাই তাহার গুরু ছিলেন।

বন্ধ ব্লিতে আমাদের পিতামহরা যতথানি বৃঝিয়াছিলেন, আমরা যদি ততথানি
না বৃঝি, বন্ধসাধনাকে তাঁহারা যতদ্র
ব্যাপক করিয়া দেখিয়াছিলেন, আমরা যদি
ততদ্র দেখিতে প্রস্তুত না থাকি, তবে এতদিন ধরিয়া প্রচুর আড়েম্বরে আমরা একি

নিক্ষণতার চর্চা করিয়া আসিতেছি! তবে তাঁহাদের উচ্চারিত পবিত্র মন্ত্রগুলি লইয়া আমরা একি বালালীলায় প্রবৃত্ত হইয়াছি! একি বিজ্ঞপ! একি বাঙ্গ! আমাদের দেশের দ্বিজ্বদিগের উপনয়নক্রীড়া, আমাদের দেশের আধুনিক লোকাচার ও গার্হস্তাধর্ম, ইহাই কি আমাদের পৈতৃকধর্মের বিক্রত-অনুকরণ-মূলক যথেষ্ট বিক্রপতা নহে—আবার ব্রাহ্মসমাজও কি প্রাচীননামের সহিত আধুনিক অসঙ্গতি যোগ করিয়া আর-এক নৃত্ন প্রহসনের অবতারণা করিবেন ?

ধন্মকে যে আমরা সৌখীনের ধর্ম, ব্রহ্মকে যে আমরা সৌথীনের ব্রহ্ম করিয়। তুলিব ;---আমরা যে মনে করিব, অজস্র ভোগবিলাসের একপার্যে ধর্মকেও একট্থানি স্থান দেওয়া আবশুক, নতুবা ভবাতারকা হয় না, নতুবা ঘরের ছেলেমেয়েদের জীবনে যেটুকু ধর্মের দংস্রব রাখা শোভন, তাহা রাথিবার উপায় থাকে না;--আমরা যে মনে করিব, আমাদের আদর্শভূত পাশ্চাত্যসমাজে ভদ্রপরিবারেরা ধশ্বকে যেটুকুপরিমাণে স্বীকার করা ভদ্রতা-রক্ষার অঙ্গ বলিয়া গণ্য করেন, আমরাও দর্ব-বিষয়ে তাঁহাদের অমুবর্তন করিয়া অগত্যা সেইটুকুপরিমাণ ধন্মের ব্যবহা না রাখিলে লজ্জার কারণ হইবে; তবে আমাদের সেই ভদ্রতাবিলাসের আস্বাবের সঙ্গে ভারতের স্বমহৎ ব্রহ্মনামকে জড়িত করিয়া রাখিলে আমাদের পিতামহদের পবিত্রতম সাধনাকে চটুলতম পরিহাসে পরিণত করা হইবে।

যাঁহারা ব্রহ্মকে সর্বত্ত উপশব্ধি করিয়া-ছিলেন, সেই ঋষিরা কি বলিয়াছেন? তাঁহারা বলেন— "ঈশা বাস্তামিদং সর্বং বং কিঞ্চ জগত্যাং জগং।
তেন ত্যক্তেন ভূঞ্জীথা মা গৃধং কন্ত বিদ্ধানম্ ॥"
'বিশ্বব্দগতে বাহা কিছু চলিতেছে, সমস্তকেই
ঈশ্বের দারা আর্ত দেখিতে হইবে—এবং
তিনি যাহা দান করিয়াছেন, তাহাই ভোগ
করিতে হইবে—অন্তের ধনে দোভ করিবে
না।'

ইহার অর্থ এমন নহে যে, 'ঈশ্বর সর্কবাণী' এই কথাটা স্বীকার করিয়া লইয়া, তাহার পরে সংসারে যেমন ইচ্ছা, তেমনি করিয়া চলা। যথার্থভাবে ঈশ্বরের দ্বারা সমস্তকে আছের করিয়া দেখিবার অর্থ অত্যস্ত রহৎ—সেরূপ করিয়া না দেখিলে সংসারকে সত্য করিয়া দেখা হয় না এবং জীবনকে অরূ করিয়া রাখা হয়।

"ঈশা বাস্থমিদং সর্বম্"—ইহা কাজের কথা—ইহা কায়নিক কিছু নহে—ইহা কেবল শুনিয়া জানার এবং উচ্চারণদারা মানিয়া লইবার মন্ত্র নহে। গুরুর নিকট এই, মন্ত্র গ্রহণ করিয়া লইয়া তাহার পরে দিনে দিনে পদে পদে ইহাকে জীবনের মধ্যে সফল করিতে হইবে। সংসারকে ক্রেমে ক্রমে ঈশারর মধ্যে ব্যাপ্ত করিয়া দেখিতে হইবে। গিতাকে সেই পিতার মধ্যে, মাতাকে সেই মাতার মধ্যে, বলুকে সেই বলুর মধ্যে, প্রতিবেশী, স্বদেশী ও মন্থ্যাসমাজকে সেই সর্ব্ব-ভূতাস্তরাত্মার মধ্যে উপলব্ধি করিতে হইবে।

ঋষিরা ষে ব্রহ্মকে কতথানি সত্য বলিয়া দেখিয়াছিলেন, তাহা তাঁহাদের একটি কথা-তেই বুঝিতে পারি—তাঁহারা বলিয়াছেন—

"তেষামেবৈৰ ব্ৰহ্মলোকো বেষাং তপো ব্ৰহ্মচৰ্য্যং বেৰ্ সত্যং প্ৰতিষ্ঠিতৰ্।"

'এই যে ব্রন্ধলোক অর্থাৎ যে ব্রন্ধলোক দর্ব-অই রহিয়াছে--ইহা তাঁহাদেরই, তপস্থা বাঁহা-দের, ত্রন্ধচর্য্য যাঁহাদের, সত্য যাঁহাদের মধ্যে প্রতিষ্ঠিত।' অর্থাৎ যাঁহারা যথার্থভাবে ইচ্ছা করেন, যথার্থভাবে চেষ্টা করেন, যথার্থ উপায় অবলয়ন করেন। ভপস্তা একটা কোনে। कोमनवित्मय नटर. जारा कात्ना त्शापन-রহস্থ নহে-- "ঋতং তপঃ সত্যং তপঃ শ্রুতং তপ: শান্তং তপো দানং তপো যজ্ঞস্তপো ভূভূবিঃস্থবর কৈনত হ্বপাইভাতং তপঃ "—ঋতই তপস্থা, সতাই তপস্থা, শ্ৰুত তপস্থা, ইক্সি-নিগ্রহ তপস্থা, দান তপস্থা, কশ্ম তপস্থা এবং ভূর্লোক-ভূবর্লোক-মর্লোকব্যাপী এই ণে বন্ধ, ইহার উপাসনাই তপস্থা। অর্থাৎ ব্রহ্মচর্য্যের দারা বল, তেজ, শাস্তি, সম্ভোষ, নিষ্ঠা ও পবিত্রতা লাভ করিয়া, দান ও কর্ম দারা স্বার্থপাশ হইতে মুক্তিলাভ করিয়া তবে অন্তরে-বাহিরে, আত্মায়-পরে, লোকলোকা-স্তরে ব্রহ্মকে পাভ করা যায়।

এরপ উপলব্ধি কথনই শুক্ষাত্র ভাবের দারা, সপ্তাহে সপ্তাহে শ্রুবন ও কীর্ন্তনের দারা হইতেপারে না, ইহা প্রতিদিনের কম্মের দারাই সন্তবপর। পরের সেবা না, করিয়া আমরা কেবল দূরে বিস্থা ধ্যান করিয়া পরকে আপনার করিতে, আপনার বলিয়া জানিতে পারি না। পরকে যে পরিমাণে আপনার করিব, সেই পরিমাণেই ব্রহ্মের মধ্যে বিশ্বকে উপলব্ধি করিব—সেই উপলব্ধিই সত্য উপলব্ধি—তাহা আমাদের অস্তরগত আত্মনরিতি কুহেলিকা মহে। এই উপলব্ধির পরিমাণ পাওয়া যায়, ইহাকে পরীক্ষা করিতে পারি—এই উপলব্ধির আদর্শ গ্রহণ করিলে

আত্মপ্রবঞ্চনার আর উপায় থাকে না। নিখিলের মধ্যে সত্যভাবে আমি ব্রশ্নকে পাই-তেছি কি না. আমার প্রতিদিনের কর্মই তাহার প্রমাণ। উপনিষদ বলেন, যিনি ব্ৰশ্নকে জানিয়াছেন, তিনি "দৰ্কমেবাবিবেশ" -- সকলের মধ্যে প্রবেশ করেন। পরের মধ্যে আমাদের হৃদয়ের প্রবেশাধিকার কতথানি বাড়িল, ইহার দারাই আমাদের আত্মার মধ্যে মামরা ব্রহামভূতির পরিমাণ যথার্থভাবে ানর্ণয় করিতে পারি। বিশ্ব ২ইতে আমরা বে পরিমাণে বিমুখ হই, ব্রহ্ম হইতেই আমরা সেই পরিমাণে বিমুখ হইতে থাকি। আমরা यि मध्धनाद्यत मर्था आभारतत मन्दर मङ्-চিত করিয়া আনি, তবে ব্রহ্ম হইতেই আমা-দের মনকে সৃহ্চিত করি। আমরা যদি আপনাদিগকে ব্রাহ্মনামে বিশেষভাবে চিট্লিত করিয়া হিন্দুসমাজের অপর অংশকে সেই চিত্রে সাহায্যেই হৃদয়ের স্থান হইতে বঞ্চিত করি, তবে ব্রন্ধের নান লইয়া ব্রন্ধকেই पुत्रवर्श्वी कत्रिया ताथि। "मर्कस्यवादित्य" --মামরা যথার্থ আত্মীয়ভাবে যতদূর পর্যাস্ত প্রবেশ করিব, ততদুর পর্যান্তই আমাদের ব্রহ্ম-লাভ। আমর। ধৈর্ঘালাভ করিলাম কি না. 'অভয়লাভ করিলাম কি না. ক্ষমা আমাদের পক্ষে সহজ হইল কি না, আম্ববিশ্বত মঙ্গল-ভাব আমাদের পক্ষে স্বাভাবিক হইল কি না —পরনিকা আমাদের পক্ষে অপ্রিয় ও পরের थां डे केवाब डिएक कामारमंत्र शक्क शब्म লজ্জার বিষয় হইল কি না-- বৈষ্যিকতার বন্ধন, ঐবর্থা-আড়মরের প্রলোভনপাশ ক্রমশ निधिनं इटेटिंड कि ना-वदः नर्सारिका নাহাকে বশ করা ছুরুহ, সেই উন্নত আত্মাভি-

মান বংশীরববিমুগ্ধ ভ্রুক্তমের স্থার ক্রমে ক্রমে আপন মন্তক নত করিতেছে কি না, ইহাই অমুধাবন করিলে আমরা বণার্থভাবে দেখিব, ব্রক্ষের মধ্যে আমরা কতদুর পর্যাস্ত অগ্রসর হইতে পারিয়াছি— ব্রক্ষের দারা নিধিলক্রগৎকে কতদুর পর্যাস্ত সভ্যক্রপে আরুত দেখিয়াছি। ব্রক্ষকে বে পরিমাণে স্বীকার করিব, অহঙ্কারকে সেই পরিমাণেই থর্ব করিতে হইবে।

ব্রন্ধের সাধনা আমাদের দেশে ত নৃতন সাধনা নহে। থাঁহারা ব্রহ্মকে লাভ করা-কেই ঘথার্থ লাভ বলিয়া জ্ঞান করিতেন, তাঁহারা যে সাধনা অবলম্বন করিয়াছিলেন. তাহার প্রতি কি শ্রদ্ধা হারাইতে হইবে ? আমরা--্যাহারা ব্রহ্মকে তেমন করিয়া দৰ্বতোভাবে চাহিতেছি না, আমরাই কি সাধনার নব নব প্রণালী কেবলমাত্র বৃদ্ধির দারা উদ্ভাবন করিবার অধিকারী ? যদি সত্য-সকল সত্যাচারী সাধুদিগের বছকালের অভিজ্ঞতার প্রতি শ্রদ্ধারকা করা সঙ্গত বোধ করি, তবে যে মন্ত্রকে আর্য্য গৃহিগণ বেদের সারভূত বলিয়া গ্রহণ করিয়াছিলেন, সেই গায়ত্রীমন্ত্রের সাহায্যে দিনের মধ্যে অন্তত একবার বিশ্বলোকের মাঝ্থানে দাঁড়াইয়া বিশ্বসবিতার সহিত আমাদের যোগ অহুভব कत्रिया वहेट इहेर्द। रेशरे उक्तश्रुत कौरानत स्त्र वीधिया निषया। ७ जूजू व: श्रः —গায়ত্রীর এই যে বাাহ্ড-অংশ— এই বাছতির ঘারা একবার পৃথিবী-অস্তরিক, একবার নিখিলভূবনকে মনের মধ্যে আহরণ করিয়া আনিতে হইবে,—নিজেকে সমস্ত সঙ্গীৰ্ণদীমা হইতে মুক্ত করিয়া এই লোক-

লোকাস্তরপরিবেষ্টিত বিখের সহিত যুক্ত विद्यां कानिए इरेटा-अनस एमकारणद সহিত, জল-স্থল-আকাশের সহিত, চল্র-স্থ্য-নক্ষত্রের সহিত আপনাকে একাম্ম করিয়া অফুভব করিতে হইবে। তাহার পরে স্তন্ধ **रहेशा विनारक रहेरव—उ९मविजूबरत्र**नाः ভর্গো দেবস্থ ধীমহি—যে নিথিললোকের সহিত আমি সন্মিলিত, এই নিথিলের যিনি স্বিতা-এই নিখিল অহরহই ঘাঁহার রশ্মি-बिकित्रण. छाँशात्रहे मिक्कि शाम कति- এहे ভুভুব: স্ব:-এই নিধিল ভুবনই তাঁহার অবি-রাম শক্তির প্রকাশ। এই শক্তিকে যে ধ্যানধারা সর্বাত্র অমুভব করিব, সেই ধ্যানের শক্তি কোথা হইতে আসিতেছে ? ধিয়ে৷ त्या नः श्रातामग्रा९-- यिनि आमानिशत्क थी-প্রেরণ করিতেছেন, তাঁহা হইতেই। বাহিরে বিশ তাঁহারই বিকিরণ, অন্তরে চৈত্ত তাঁহা-রই প্রেরণা। তাঁহারই প্রেরিত এই ধা দারা আমরা সর্বত তাঁহারই শক্তি দেখিতেছি-ভাঁহারই প্রেরিত এই ধী'র সহায়তার আমরা স্থাকে তাঁহারই দারা দীপ্ত, বায়ুকে তাঁহারই ৰারা নিখসিত, পৃথিবীকে তাঁহারই দার। দুঢ় বলিয়া জানিলাম--তাহারই প্রেরিড শীস্ত্রে আত্মার সহিত নিখিলকে ও নিখি-লের সহিত নিথিলস্বিতাকে সম্মিলিত করিয়া शान कत्रियाम।

কিন্ত এইখানেই শেষ নহে—ইহা আরম্ভনাত্ত। এই ভূর্ভুবংশর্লোকের মধ্যে দাঁড়াইয়া যে ধ্যান করা—অন্তরে-বাহিরে সর্বত্ত সেই সর্বাজিমানের শক্তিকে মনন করিয়া নওয়া, ইহা ব্রন্ধোপাসনার উদ্বোধনমাত্ত।
ভাহার পরে সংসারের মধ্যে, প্রাত্তাহিক ব্যাপারের মধ্যেই প্রতিদিন ব্রক্ষোপাসনাকে বিশেষভাবে বিচিত্রভাবে সম্পূর্ণ করিতে হইবে। এককে অনেকের মধ্যে, ধ্বকে চঞ্চলের মধ্যে, মঙ্গলকে স্থ্যহঃবের মধ্যে পদে পদে ধারণা করিয়া লইতে হইবে। তবেই এই উপাসনা অস্তরে-বাহিরে সত্য হইয়া উঠিবে। ইহাকে স্থার ভাবলোকের মধ্যে থপ্তিত করিয়া আমাদের মানবত্বের অধিকাংশ হইতেই, আমাদের নিকটতর প্রত্যক্ষতর জীবন হইতেই, বিচ্ছিন্ন করিয়া রাখিলে ব্রহ্ম-উপলব্ধির সম্ভাবনা থাকে না এবং সংসারও সক্ষটপূর্ণ হইয়া উঠে।

আমরা বিধের অন্তদর্বত ব্রহ্মের আবি-ভাব কেবলমাত্র সাধারণভাবে জ্ঞানে জানিতে পারি। জল-খল-আকাশ-গ্রহ-নক্ষত্রের সহিত আমাদের হৃদয়ের আদানপ্রদান চলে না —তাহাদের সহিত আমাদের · মঙ্গলকমের সম্বন্ধ নাই। আমরা জানে-প্রেমে-কর্ম্মে অথাৎ সম্পূর্ণভাবে কেবল মানুনকেই পাইতে এইজ্ঞ .মামুষের মধ্যেই পূর্ণতর-ভাবে ব্রেক্সর উপলব্ধি মামুষের পক্ষে সম্ভব-পর। নিখিল মানবাস্থার মধ্যে আমরা সেই প্রমাত্মাকে নিকটতম অন্তর্তম রূপে জানিয়া তাঁহাকে বারবার নমস্বার করি। ভূতান্তরাত্মা" ব্রহ্ম এই মনুষাত্মের ক্রোড়েই আমাদিগকে মাতার স্থায় ধারণ করিয়াছেন, এই বিশ্বমানবের স্তম্ভরসপ্রাহে ব্রন্ধ আমা-দিগকে চিরকালসঞ্চিত প্রাণ, বুদ্ধি, প্রীতি ও উভ্তমে নিরস্তর পরিপূর্ণ করিয়া রাখিতে-एन, **এই বিশ্বমানবের কণ্ঠ হইতে এশ** আমাদের মুথে পরমাশ্চর্য্য ভাষার সঞ্চার বিশ্বমানবের प्रह ক্রিয়া मिएक्टइन,

অন্ত:পুরে আমরা চিরকালর্চিত কাব্য-कारिनी अनिटिक्, এই विध्यानिद्व त्राज-ভাতারে আমাদের জন্ম জ্ঞান ও ধর্ম প্রতি-দিন পুঞ্জীভূত হইয়া উঠিতেছে। এই মানবা-আর মধ্যে সেই বিশ্বাত্মাকে প্রত্যক্ষ করিলে আমাদের পরিতৃপ্তি ঘনিষ্ঠ হয়-কারণ মানব-সমাজের উত্তরোত্তর বিকাশমান অপ্রূপ বহুত্তময় ইতিহাসের মধ্যে ব্রক্ষের আবিভাবকে (करन जानामाळ जामादनत शरक घरशहे व्यानम नट्ट, यांगरवत विठित शैं जिमयरकत्र মধো ব্রেমার প্রীতিরস নিশ্চরভাবে অস্কুভব করিতে পারা আমাদের অমুভূতির চরম সার্থকভা এবং প্রীতিব্রির স্বাভাবিক পরিণাম যে কর্মা, সেই কর্মালারা মানবের সেবারূপে ক্ষেব্ৰসেৱা কৰিয়া আমাদেৱ কৰ্মপ্ৰভাৱ পরম সাফলা। আমাদের বৃদ্ধিত্তি, হৃদয়বৃত্তি, কর্মাবৃত্তি-মানাদের সমন্ত শক্তি সমগ্রভাবে প্রয়োগ করিলে তেবে আমালের অধিকার আন্দের পকে যথাসম্ভব সম্পূর্ণ হয়। এইজন্ম বন্ধের অধিকারকে বুন্ধি, প্রীতি ও কর্ম হারা আমাদের পক্ষে সম্পূর্ণ করিবার ক্ষেত্র মন্ত্রাহ ছাড়া আরু কোণাও নাই। মাতা গেমন একমাত্র মাতৃদরদ্ধেই শিশুর পক্ষে দ্ব্যাপেক। িনিকট, সর্বাণেকা প্রভাক, সংসারের সহিত ঠাহার অন্তান্ত বিচিত্র স্থল শিশুর নিক্ট সগোচর এবং অবাবহার্যা—তেগনি রক্ষুনামুবের निक्र वक्ताह मसूबाटकत मत्याहे नकीरलका সভারপে, প্রতাকরপে বিরাজ্যান এই দম্বন্ধের মধা দিয়াই আমরা তাঁহাকে জানি, গাঁহাকে প্রীতি করি, তাঁহার কর্ম করি। এই-জ্ঞ মানবদংসারের মধ্যেই, প্রতিদিনের ছোট-বড় সমস্ত কর্মের মধ্যেই ব্রন্ধের উপাসনা মাহ-

ষের পক্ষে একমাত্র সত্য উপাসনা। অস্ত উপাদনা আংশিক - কেবল জ্ঞানের উপাদনা, কেবল ভাবের উপাদনা,—দেই উপাদনাবারা আমরা কণে কণে ব্রহ্মকে স্পর্শ করিতে পারি. কিন্তু ব্রহ্মকে লাভ করিতে পারি না। মানুষই মাফুষের পক্ষে দর্কাপেকা সমগ্রভাবে প্রত্যক — এবং দেই সর্বাপেক্ষা প্রত্যক্ষের মধ্যে ব্রফোরই আবির্ভাবকে প্রত্যক্ষতম করিয়া জান। মানবজীবনের চরম চরিতার্থতা। তাহা যদি না জানি, সংসারের সমস্ত পরিবর্তনের নধ্যে, জনামৃত্যু-স্থতঃথ-লাভক্তির মধ্যে সেই নিস্তৰকে, সেই প্ৰুবকে যদি লাভ না করি, তবে স্নেহপ্রেমদয়াকে মোহ এবং সংসারকে মায়ামরীচিকা বলিয়া স্বীকার করিতেই হইবে এবং প্রতি মুহুর্ত্তের আকর্ষণ-কেই প্রতিমূহতে সর্বপ্রধান বলিয়া গণ্য না করার কোন কারণ থাকিবে না। মনুষ্-ত্বক, মানবদংসারকে যদি স্ব্রাস্তঃকরণে সেই ভুমার খারা আবৃত দেখি, তবে বিশ্বমানবের স্থিত প্ৰত্যেক মানবের নিতাসম্বন্ধ, স্ত্যুসম্বন্ধ যথার্থভাবে উপলব্ধি করি, তবে নিরম্বর সেই সম্বন্ধ বাহিয়া ব্রন্ধের আনন্দধারা পান করি---অসতা অন্থায় আমাদের চিত্ত হইতে দুর হয় এবং কদাচ কাহা হইতেও আমরা ভর-প্ৰাপ হই না।

এইরপে বিশ্বসংসারের মধ্যে ব্যাপকভাবে ও মানবসংসারের মধ্যে বিশেষভাবে ব্রহ্মলাভের সাধনাকে ব্রাহ্মসমাজ ধর্ম করিয়া
আনিয়াছেন কেন ?

এ কথা সকলেই জানেন, অনেক সময়ে মাত্র যাহাকে উপায়ক্তপে আশ্রয় করে, তাহাকেই উদ্দেশ্তরণে বরণ করিয়া

লয়, যাহাকে রাজ্যলাভের সহায়মাত বলিয়া ডাকিয়া লয়, সেই রাজসিংহাসন কার করিয়া বদে। আমাদের ধর্মসমাজ-স্কচনাতেও দে বিপদ আছে। আমরা ধর্ম-লাভের জন্ত ধর্মদমাজ স্থাপন করি, শেষ-कारन धर्मममाखडे धर्मात छान अधिकात করে। আমাদের নিজের চেষ্টারচিত সামগ্রী আমাদের সমস্ত মমতা ক্রমে এমন করিয়া निः लाद चाकर्रन कतिया नय (य. धर्म, याहा আমাদের স্বর্চিত নহে, তাহা ইহার পশ্চাতে পড়িরা যার। ১খন, আমাদের সমাজের বাহিরে যে আর কোথাও ধর্মের স্থান থাকিতে পারে, সে কথা স্বীকার করিতে কট্ট-বোধ হয়। তথন আমাদের প্রতিষ্ঠিত সমাজ-বিস্তারকেই ধর্মবিস্তার বলিয়া মনে করি-বন্ধ এবং ব্রান্ধ্যমাজ আমাদের কাছে প্রায় এक कथा रहेबा माँडाब, त्मरेक्च अक्तमात्क প্রবেশ করিলেই আমরা ব্রাহ্ম হইলাম বলিগা জগতের অক্সদকলের সহিত বিশেষত অকু-**छव कति। देश**त कन दव धरे त्य, अध-উপল্কির স্থাভাবিক প্রকৃষ্টক্ষেত্র যে বিশ-সংসার—তাহার প্রতি আমাদের দৃষ্টিই থাকে না-বাক্ষদমাজ তাহা অপেকা বৃহৎ হইয়া উঠে –এবং এই ব্রাহ্মসমাজের ভিতর দিয়া ছাড়া ব্রহ্মোপাসনাকে আমরা গণ্য করিতেই চাই ना। इंदा इट्रेंट धर्यंत्र देवविक्रका व्यामिया भएए। तिभन्कशंग रय ভारत तम ব্দর করিতে বাহির হয়, আমরা সেই ভাবেই ব্রাক্ষদমান্তের ধ্বজা লইয়া বাহির হই। অন্তান্ত मर्गत महिछ जुनना कतिया आभारमत मरनत লোকবল, অর্থবল, আমাদের দলের মন্দির-সংখ্যা গুণনা করিতে থাকি।

মঙ্গলয়াধনের আনুনদ অপেকা মঙ্গলমাধ-নের প্রতিদ্বন্দ্রিতা বড় হইয়া উঠে। দৃশা-দলির আগুন কিছতেই নেবে না. কেবলি বাডিয়া চলিতে থাকে। যথন ব্রন্ধের প্রচার ভলিয়া গিয়া আমাদের ব্ৰন্ধক করিতে চাই, যথন মাতুষকে ভূলিয়া গিয়া আমাদের সমাজকে বড় করিয়া দেখি, যথন মঙ্গলকে আমাদের ক্বত না বলিতে পারিলে স্থাবোধ হয় না: তথন ধর্মসমাজের ছারা-তেই ধর্মের যথার্থ বিপর্যায়দশা উপস্থিত হয়। আমাদের এথনকার প্রধান কর্ত্তব্য এই বে, ধশ্মকে যেন আমরা ধশ্মসমাজের হত্তে পীডিত इहेट ना पिटे, उक्तरक रयन विस्थिषिद्वधाती বন্ধব্যবসাথীদের একাধিক্ত পণ্যদ্রব্যের মত না দেখি। আমরা যেন নিজের স্মাজের উন্নতিতেই ব্রন্মের নহিমা প্রত্যক্ষ না করি-সকল সমাজের মধ্যেই ত্রন্ধের 'থমোরশক্তি কার্য্য করিতেছে, ইহাই বিশ্বাস করিয়া ওলক্ষা করিয়া আমরা থেন সমস্ত মানবের গৌরবে আপনাদিগকে মহীয়ান জ্ঞান করিতে পারি। ব্রহ্ম ধন্ত-ভিনি দর্বদেশে, দর্বকালে, দর্ব-জাবে ধন্য-তিনি কোনো দলের নহেন. कारना ममास्त्रत नरहन, कारना विरम्ध ধর্মপ্রণালীর নহেন, তাঁহাকে লইয়া ধর্মের विषयकार्य काँ किया विमा करना ना। बन्नाकात्री শিষা জিজ্ঞাদা করিয়াছিলেন—"স ভগব: ক্মিন প্রভিষ্ঠিত ইতি"—'হে ভগবন, তিনি কোথায় প্রতিষ্ঠিত আছেন ?' ব্রহ্মবাদী গুরু উত্তর করিলেন —"ত্বে মহিদ্নি"— 'আপন মহি-মাতে-।' তাঁহারই দেই মহিমার মধ্যে তাঁহার প্রতিষ্ঠা অমুভব করিতে হইবে—আমাদেব রচনার মধ্যে নহে :

জানতৃপ্ত প্রশান্তাত্মা যে গুরু, যিনি আপন সার্থকজীবনের প্রজ্ঞলিত ছোমাগ্নি-শিখার দারা আমাদের চিত্তে সহজেই ব্রহ্মাগ্রি সঞ্চার করিয়া দিতে পারেন, আমি সেই গুরুর আসনে বসিয়া কোনো কথা বলিতেছি না —ত্তরাং আমার কথার যতটুকু মূল্য, তাহা আপনারা বিচার করিয়াই গ্রহণ করিবেন, ইহা জানিয়াই সাহস করিয়া আমার চিস্তিত বিষয়কে আপনাদের নিকটে কিয়ৎপরিমাণে বাকে কবিলাম। আমরা দীর্ঘকাল ধবিয়া বে পথ দিয়া চলিয়াছি, সে পথে এতদিন কিছু लाङ कति नारे विलाल **অ**ত্যুক্তি হইবে—किन्छ সম্প্রতি আমরা এমন একটি সংশয়াপর স্থানে আসিয়! দাঁড়াইয়াছি, যেখানে পুনর্কার ভাল করিয়া দিঙ্নির্ণয় করিয়া লওয়া আমাদের উঠিয়াছে। প্রয়োজনীয় হইয়া ইহাই অমুভব করিয়া যে ভাবনা, যে নিক্ষণতার আশকা মনে জনিয়াছে, সম্পূর্ণ সত্যের মধ্যে জীবনকে সম্পূর্ণ সার্থকতা দিবার त्य बाकूनजा मत्न डेम्य इटेट्ड्स्, जाशांत्रे তাড়নায় আমি এই আলোচনা উপস্থিত করিয়াছি।

ব্রাহ্মসমাজের মধ্যে আজকাল যে অপরিত্তি, যে অসজোমের ভাব স্থাপত্তি দেখা যাই-তেছে, তাহার প্রধান কারণ, ব্রাহ্মসমাজ দীর্ঘকাল ভাঙনের কাজেই বিশেষলক্ষ্য রাথিন্যাছে, গড়নের কাজে মন দিতে পারে নাই। লড়াইয়ের দিনে বিচ্ছেদ্বিরোধ, আঘাত-প্রতিঘাতই সর্বপ্রধান হইয়া উঠে—রক্ষণ ও গঠনের জন্ত শাস্তি ও প্রীতির প্রয়োজন। যতদিন আমরা কেবল দৈত্তের ভাবে, আঘাত-কারীর ভাবেই সমাজে থাকিব, তত্তদিন

व्यामारमत कीवन व्यत्नको।-পরিমাণে কুত্রিম হইতেই বাধ্য। তত্তিন আমরা আমাদের চতুর্দিকের সহিত মিলনের সহস্র স্ত্রকে অগ্রাহ্ম করিয়া অনৈক্যের কেবল ছটি-একটি কারণকেই চোথের সম্মুথে থাড়া করিয়া, তাহাকেই অপরিমিত বৃহৎ করিয়া, আপনা-দিগকে চারিদিক হইতে বিচ্ছিন্ন করিয়া, কুজ করিয়া, জাতীয় প্রাণদঞ্চারের স্বমহৎ প্রবাহ হইতে নিজেকে বঞ্চিত করিয়া রাখিতেছি। একপভাবে অধিককাল চলে না। টবেব মধ্যে যেটুকু মাটি থাকে, তাহাতে সৌথীন ফুলগাছ কিছুকাল শোভা দিতে পারে—কিন্ত বনস্পতি তাহাতে বাড়ে না, তাহাতে বাঁচে তাই ব্রাহ্মসমাজের শাখাপ্রশাধার মধ্যে শীর্ণতা, তাহার পুষ্পপল্লবের মধ্যে ভঙ্কতা উত্তরোত্তর অধিক করিয়া দেখা দিতেছে। এইরূপে চিরস্থায়ী বিরোধের ভাবে পৈতৃকসমাজের মধ্যে আপনাদিগকে প্রাণপণে পৃথক করিয়া রাখিলে স্বাস্থ্য কথনই থাকে না, ধর্ম প্রত্যহই পীড়িত হইতে থাকে। বে ব্রহ্মোপাসনার দারা এই বিচ্ছেদ্বিরোধ প্লাবিত হইয়া একেবারে ৰুগু হইয়া যাইতে পারে - যে ত্রনোপাসনার ছারা সাম্প্রদায়িক বালুভটকে উদ্বেশিত করিয়া দিয়া আমাদের श्रम एवर के पात्र प्यवाह (मर्गत्र मर्काक व्यवारध প্রবাহিত হইতে পারে, আমি ব্রাহ্মসমাজে वाकामभाष्क नत्र, वामात्मत्र ममाष्क्र, হিন্দুসমাজে, দেই ব্রহ্মোপাসনা একাস্তমনে প্রার্থনা করি। আমি জানি, মন্ত্রোচ্চারণই ত্রকোপাসনা নুহে, সাকার-নিরাকার-বাদসম্বন্ধে বিশেষ কোনো মতকে স্বীকার ব্ৰক্ষোপাদনা নহে। আমি জানি, হিন্দুসমাজে

যাঁহারা আন্ধনাম ধারণ করেন নাই, তাঁহাদের
মধ্যে অনেকেই প্রীতির ঘারা, ভক্তির ঘারা,
মঙ্গলকর্ম্ম ঘারা, একাগ্রনিষ্ঠা ঘারা, পবিত্রজীবনের ঘারা সংসারের মধ্যে অন্ধকে সতাভাবে স্বীকার ও উপলব্ধি করিতেছেন।
অতএব সম্প্রদারবিশেষের মধ্যে আছি
বলিয়াই স্বাতয়াজনিত যে একটা কৃত্রিম দস্ত
উপস্থিত হয়—যে দস্ত সত্য হইতে, একা হইতে
আমাদিগকে নিরস্ত করে, সেই দস্ত হইতে
বেন আপনাদিগকে সম্পূর্ণ মুক্ত রাখিতে
পারি—এবং চতুর্দিকের সকলের মধ্যে একোর
ঐক্যাযোগে অকৃত্রিতহ্বদয়ে প্রবেশাধিকার
লাভ করি—সকলকেই যেন বৃথিতে পারি—
কোথাও যেন আমাদের বাধা না থাকে।

বিরোধের ভাবের মধ্যেই ভিত্তি নিহিত করিয়া ব্রাহ্মসমাজ দাঁড়াইয়া আছে বলিয়া অতিসতর্কতাবশত সর্বাদা তাহাকে শঙ্গায়িত হইয়া থাকিতে হইয়াছে। এটা বান্ধমতের বিরোধী, ওট। পৌত্তলিকতার গন্ধবিশিষ্ট, এইরূপ বাচবিচার করিতে করিতে দে আপ-নাকে এমন সঙ্গীৰ্ণতার মধ্যে বাধিয়াছে বে, व्यापनारक कुन कतिया, नीत्रम कतिया व्यान-श्राट्य। 'रेश नय, हेश नय' विलया तकविल বর্জন করিয়া করিয়া ব্রাহ্মসমাজের ধর্মকে কেবল 'নেতি'ত্বপ্রধান কন্ধান্মাত্র করিয়া তুলিলে, তাহা আমাদের হৃদ্যকে তৃপ্ত করিতৈ পারে না—তাহার 'ইতি' হ-মণ্শ অত্যন্ত সংক্ষিপ্ত--তাহা বর্ণগন্ধরদ্বিরল। এই ভক্তা অনুভব করিয়া ত্বার্টিটের মানি মন্ত म्बर्धे ब्राह्मक डिलामना প्रार्थन। कवि-निर्मि ক্লপরসকে পরিহার করেন না, সমস্ত রূপরসই যাঁহার অন্তর্গত - সমস্তকেই যিনি আরুত

করিয়া আছেন। অগ্নি-বায়ু-জল-চক্র-সূর্য্য বৈদিক ঋষিদের হৃদয়তন্ত্রীতে প্রতিক্ষণে ভব্কির সামগাথা নানা স্থরে ধ্বনিত করিয়া ভূলিয়া-ছিল। তাঁহারা এই পরমবিমায়রদাবহ বিশ্ব-জগৎকে জড়পিও বলিয়া দেখেন নাই। ইহার বিরাট্ প্রাণ তাঁহাদের প্রাণকে স্পর্শ করিয়াছে, বিশের আত্মা তাঁহাদের আত্মাকে আহ্বান করিয়াছে। আমরা এই আশ্চর্যা নিখিলের मर्सा, এই अनिर्स्तानीय तहनाश्रुरक्षत्र मरसा এমনভাবে সঞ্রণ করিতেছি, যেন কোথাও महिम। कि छूटे नाहे। यन बकारक दक्तन স্বরচিত বাকোর মধো, স্প্রতিষ্ঠিত শুক ভিত্তিচতুষ্টবের মধ্যে ছাড়া সার কোথাও ভক্তি করিবার নাই। ইহাতে যে নম্রতা-বিহীন ওমতার চর্চা করা হয়, তাহাতে "রসো বৈ সং" সেই রস্মুদ্রের মাঝ্থানে থাকিয়াও আমাদের সদয় উদ্ধৃত, কঠিন. আনাদের জীবন স্থীপ ও নিফল হইতে থাকে। আনরা যেন অগ্নিকে, জলকে, ওষধি-বনস্পতিকে শৃত্য বলিয়া জ্ঞান না করি. আমর। যেন এই বিশ্বভুবনকে প্রাণের দারা, মাগ্রার হার:, বিশ্বরের দার:, ভক্তির দার। সম্পূর্ণভাবে গ্রহণ করিতে পারি, তাহাকে আমাদের জ্ঞানের এক শুক্কোণে না ফেলিয়া রাখি তাহাকে সশা বাস্ত'— তাহাকে ত্রকোর দ্বার আছেল ক্রিয়া দেখিতে পারি। একদিন দেখিয়াছিলাম, একজন ক্লাস্ত কুষক षिथ्रदत-(त्रोर्फ "मा" विषया ननीत करन অবগাহন করিয়াছিল। তাহার সেই উচ্ছ-দিত **মাতৃ**দ্ধোধন আমার কাছে তৎকণাৎ অত্যন্ত সভা বলিয়া প্রতীত হইরাছিল। हेश कहाना नरह, ऋशक नरह-पिनि नजाहे

मां, मात मध्या पिनि मा इहेबा ज्यांट्न, पिनि চিরস্তন মা, তিনিই এই শীতল নদীধারার মধ্যে দেই কৰ্মক্লান্ত তাপিতকে অভিবিক্ত কৰিয়া-ছিলেন-এই নদীস্রোতের মধ্যেই স্কর্মান্তিনী সেহপ্লাবিনী মা প্রত্যক। সেইখানেই যদি বিশ্বমাতাকে প্রণাম করি, তবে তাঁহাকে সতা প্রণাম করা হয়। সুপক ফল বখন স্থারদে আমাদের রসনাকে তৃপ্ত করে, তথন **म्हि मधुत जारमत भर्धा यमि जनमीत स्मर्** লাভ করিতে পারি, তবে সেই লাভের মধ্যেই ব্রমানন্লাভ সত্য। সেই 'রসো বৈ'কে বক্তার অলফারে নহে, প্রকৃতভাবেই প্রভাতে-সন্ধ্যায়, গিরিনদীকাননে, স্বাদে-গন্ধে-বর্ণে-রূপে বখন প্রত্যক্ষ অন্তত্তব করিয়া **मिन्दर्ग-माधुर्या-महिमात्र ममञ्ज जगःरक** দেশীপামান দেখিব—তথনই উপাদনাকে ত্রক্ষোপাদন। নাম দিবার অধি-কার লাভ করিব—তথন সমন্ত তকবিতক, বিরোধবিদ্বেষ, চারিদিকের সহিত সমস্ত বিচ্ছেদ অনায়াদে ক্রোদয়ে কুয়াশার মত काष्ट्रिया याहेटव ।

যাহা বলিতেছি, এ কথা নৃত্ন নহে—এক সমজ মাছেন, এ কথা পুরাতন; হহা ভারত-বর্ষের বনস্পতি বচর্ফের ভায় প্রাচান। কিন্তু সেহ বটর্ক যদি আপনাকে প্রতি-মুহুতে নবান না করিতে পারে, তাহার পরব যদি দিনে দিনে নৃত্ন না জন্মে, তাহার রসসঞ্চার যদি প্রতিক্ষণে নৃত্ন না হয়, তবে তাহা মৃত কাষ্টমাত্র। এক্সমন্ত্রকে আমাদের সমগ্র জীবনের সহিত, আমাদের সমগ্র সমাজের সহিত যদি অহরহ যুক্ত করিয়া রাখি, তবেই তাহাকে অহরহ নবান রাথিয়া তাহার ফলচ্ছায়া, তাহার স্বাস্থাসৌন্দর্য্য ভোগ করিতে পারিব। তাহাকে সত্যক্তপে রক্ষা করিলেই সে আমাদিগকে সত্যভাবে রক্ষা করিবে।

এই কথা স্বাকার করিলেই ইহার উপায়
অংব্রহণ ও অবলম্বন করিতে হইবে। সে
উপায় কোনো অবহেলাক্ত ব্যাপার নহে,
সে উপায় অবকাশের দিনে ক্ষণকালীন
আয়োজনমাত্র নহে। জীবনের আরম্ভ
ইইতে শেষ পর্যাস্তই তাহার উদ্বোগ। সেই
উদ্বোগে আমাদিগকে প্রান্ত হইতে হইবে।
প্রথমে শিক্ষা, পরে চর্চো ও পরে সম্ভোগ—
প্রথমে বিক্ষা, পরে চর্চা ও পরে সম্ভোগ—
প্রথমে ব্রক্ষাহর্যা, পরে সংসারধর্ম ও পরে
ব্রক্ষাহ্বাস,—প্রথমে উদ্বোগ, পরে সাধনা
ও পরে দৃষ্টান্ত দ্বারা সমাজে ব্রথ্যভাবে
ব্রক্ষের প্রভিষ্ঠা হইতে পারে—আর ত কোন
সংক্ষিপ্ত কৌশল জানি না।

অত এব বিশ্বজগতে ও মানবসংসারে যথার্থ বন্ধ-উপলব্ধির প্রকৃত সাধনা বালককালের বন্ধচন্ত্রাপালনের লারাই আরম্ভ করিতে হইবে। তথন হইতে সংযম-নিম্নমের ধারা সবল-নিম্মল হইয়া, .চিত্তকে শাস্ত ও প্রেসম্ম করিয়া, অস্তঃকরণকে ভক্তিশ্রদাধারা জগতের মধ্যে সজীব-সরস-ভাবে ব্যাপ্ত করিয়া, কল্যাণ-কর্মের প্রাত্যহিক অমুষ্ঠান দারা মঙ্গলভাবকে জীবনের মধ্যে সহজ করিয়া ত্লিয়া, অহিংসাও দয়াপ্রেমের ভারা সকল চেতনজীবের সহিত যুক্ত হইয়া, ঐশ্ব্যবিলাসকে তুক্ত জানিয়া, লোকভয়-মৃত্যুভয়কে স্থণা করিয়া, ত্যাগনিষ্ঠ আত্মদমনের লারা ধৈর্যাবীর্য্য শিক্ষাকরিয়া, তবে আমরা সত্যভাবে সংসারের মধ্যে মানবজীবনকে ব্রন্ধ-উপলব্ধির ধারা

সার্থক করিতে পারি। নতুবা যথেচ্ছাচারের
মধ্যে, ভোগৈর্যরের আত্মস্তরিতার মধ্যে,
নানা আকর্ষণের বিক্লেপবিক্লোভের মধ্যে,
আমাদের আধুনিক সমাজের অসত্য ও
মর্থহীন অসঙ্গতির মধ্যে ভূমার প্রতি অস্তরাঝার একাগ্রলক্ষ্যস্থাপনের শিক্ষা, সকল
রসের মধ্যে সেই রস্করপের আনন্দ আস্থাদনের অভ্যাস আমাদের কথনই ঘটবে না।
তাহা বদি না ঘটে, তবে দলবদ্ধ হইরা ব্রাশ্ধ-

নাম নিজেরা গ্রহণপূর্কক জন্ধনামপ্রচারের আড়রর আমাদের পক্ষে অশোভন, অসপত, অসতঃ হইবে—জগতের মধ্যে যাহা পূর্ণতম সত্য, জীবনের মধ্যে যাহা চরমতম সফলতা, তাহাকে আমরা কেবল সভা করিয়া, নিয়ম করিয়া, বক্তৃতা করিয়া সঙ্কীর্ণ করিব, মিথা। করিব, ধ্বংস করিব ও স্পর্কাসহকারে, উত্তমসহকারে, বিপুল আয়োজন সহকারে সম্প্রদায় বাঁধিয়া আত্মঘাতী হইব।

হে বিপদ, এস।

(5)

হে বিপদ, এস!
সঙ্গল আনতচকে ভীতিবিকম্পিত বকে
রাখি দৃষ্টি, এস দেবি, এস।
পতি-পুত্র-সর্বহারা, অনাধ-বিধবা-পার।,
গালে হাত দিয়া, সতি, কাছে এসে বোস।
(২)

সন্তঃ সাতা কালিন্দীর জলে
সন্ধ্যাসমা, হে বিপদ, তব মুখ-কোকনদ,
বিষাদ ব্লায় হস্ত সে নীল উৎপলে!
নীহোরিকা-মুক্তাহার তোমার ও অঞ্চধার,
প্রীতি-রাকা-শনী হাসে স্থন্দর আঁচলে!

(0)

এস, দেবালনা !
র্যাকেলের থরদৃষ্টি হেন সৌন্দর্য্যের স্থাষ্ট
হেরে নাই !——তুমি মম অপূর্ব্ব ম্যাডোনা !
শিশু গ্রীষ্টে কোলে করি, এস রাজরাজেখরি,
শোভা-সাগরের অরি ক্ষল-আসনা !

(8)

এস, নন্দরাণি !

হেন যশোণার কথা কে ওনেছে কবে কোথা ? ভাগবতে নাহি হেন স্থামাথা বাণী! শ্রীহরিরে কোলে করি এস রাজরাজেখরি, কি ফুল্ল-সরোজ ওই চরণ-ত্থানি!

बीएएदक्सनाथ रमन।

গণেশপূজা।

イブレンベンシ

অগ্রহায়ণের বঙ্গদশনে "সিদ্ধিদাতা গণেশ" শীর্ষক প্রবন্ধে লেথকমহাশয় আমাদের দেবমন্দিরে গণপতির সাবির্ভাবের যে কাল নিরূপণ করিয়াছেন, তৎসম্বন্ধে কিছু বক্তব্য আছে। তিনি গণপতিকে যত আধুনিক বলিতে চাহেন, গণপতি ততটা আধুনিক নহেন। খৃষ্টায় পঞ্চম বা ষষ্ঠ শতাদীর বহুপুর্বের গণপতি পুজা পাইতেন, তাহা অম্মানের কারণ আছে।

ঋথেদসংহিতার মধ্যে "গণপতি" এই নাম দেব্রা যায়। যথা—দ্বিতীয়মগুলে ত্রয়ো-বিংশতিতম-স্কু-মধ্যে ঋক্—

> গণানাং জা গণপতিং হ্বামহে কবিং কবীনামুপর্যশ্রমমূ ৷ জ্যেষ্ঠরাজং ব্রহ্মণাং ব্রহ্মণস্পত আ ন: শৃণুশ্রতিভিঃ সীদ সাদনমূ ॥

এই ঋকের গণপতি কিন্তু আমাদের বিঘনাৰ গণপতি নহেন। উক্ত ঋকের দেবতা ব্রহ্মণম্পতি। তাঁহাকেই "গণানাং গণপতিং" বলা হইতেছে। ভাষ্যকার সামণও তাহাই বিদ্যাছেন, হথা—

"হে ব্ৰহ্মণশতে, গণানাং দেবাদিগণানাং সম্বন্ধনং গণপতিং খীয়ানাং পতিং দ্বা জাং হ্বামহে আহ্মন্নামঃ।" এই গণপতি আমাদের গণেশ না হইলেও গণপতি উপাধিটা অতি প্রাচীন, তাহা পাওয়া গেল।

তৈত্তিরীয় আরণ্যকের অন্তর্গত যাজ্ঞিকী অথব। নারায়নীয়া উপনিষদে আমাদের গণেশকে পাওয়া যায়। ঐ আরণ্যকের অন্তিম অর্থাৎ দশম প্রপাঠক যাজ্ঞিকী উপনিষৎ নামে পরিচিত। ঐ প্রপাঠকের প্রথম অন্থবাকেই কতিপয় দেবতার উদ্দেশে কয়েকটি গায়ত্তীমন্ত্রের উল্লেখ্ আছে। মন্ত্রন্থটি উদ্ভূত করিলাম—

- প্রথক্ত বিদ্যা সহস্রাক্ষন্ত মহাদেবক্ত শীমহি।
 তরো করে: প্রচোদয়াৎ॥
- ২। তৎপুরুষায় বিদ্যাহে মহাদেবায় ধীমহি। তলোকজঃ প্রচোদরাৎ।
- ও। তৎপুরুষায় বিশ্বহে বক্রতুগুার ধীমছি। তল্পো দক্তিঃ প্রচোদরাৎ ॥
- ় ৪। তৎপুরুষার বিশ্বহে বক্রতুগুার ধীমহি। তলো নন্দিঃ প্রচোদরাৎ ।

- । তৎপুরুষার বিলহে মহাদেনার ধীমহি।
 তদ্ধ: বশুথ: প্রচোদরাৎ ॥
- । ক।ত্যায়নায় বিয়হে কয়ৢয়য়ায়ী ধীমহি।
 তয়ো ছগিঃ প্রচোদয়াৎ॥

ঐ মন্ত্রগুলির মধ্যে প্রথম হুইটির উদিষ্ট মহাদেব; পরবর্ত্তী তিনটির উদ্দিষ্ট গণেশ, নন্দি, কার্ত্তিকের ও শেষটির উদ্দিষ্ট দেবতা "কাত্যারন", "কঞ্চকুমারী", "গুর্নি"। বলা বাছল্য, ইনি গণেশজননী কাত্যারনী গুর্না।

গণেশের উদ্দিষ্ট তৃতীয় মন্ত্রটির সম্বদ্ধে সায়ণের ভাষ্য এইরূপ :—

"ৰীজাপুরগদেকুকাশু কেত্যাগমপ্রসিদ্ধনৃষ্ঠিধরং বিনারকং প্রার্থরতে। তৎপুরুষায় * *

প্রচান্দরাদিতি। গজসমানবক্তুছেন দীর্ঘস্ত তুপুস্ত রক্তবসাদিধারদার্থং বক্রন্থন্য দক্তিঃ মহাদন্তঃ।

ষতএব স্বীকার্য্য বে, যাজিকা উপনিষদের সময়ে বক্রতুও মহাদম্বনেবতার পূজা প্রচলিত এবং ইহার সহিত মহাদেবের সমন্ত স্থাপিত হইয়াছিল।

এখন যাজিকী উপনিষদের কাল লইয়া
তর্ক চলিতে পারে। মোক্ষম্লর এককালে
বলিয়াছিলেন, আরণ্যকসমূহ স্তর্বচনার
পূর্ববর্তী, অর্থাং তাঁহার মতে ৬০০ পৃঃ খৃষ্টাবের পূর্ববর্তী। একালের মতে বৈদিক
সাহিত্যের কাল আরও পিছাইরাই মিয়াছে।
তৈতিরীয় আরণ্যকের প্রাচীনত্বে সলেহ
করিবার কারণ নাই; কিন্তু যাজিকী উপ-

निष्रापत्र श्राठीनाए किছ मान्तर श्राटा थे উপনিষৎ আরণাকের মধ্যে "খিলরূপ" বা পরিশিষ্টভাগ বলিয়া প্রসিদ্ধ। উহার পূর্ব-বৰ্ত্তী তিন প্ৰপাঠক অৰ্থাৎ তৈত্তিৱীয় আরণ্য-কের সপ্তম, অষ্ট্রম ও নবম প্রপাঠক তৈজিরীয় উপনিষং নামে গণা। তৈন্তিরীয় উপনিষদের শঙ্করাচার্য্য ভাষ্য লিথিয়াছেন: তৎপরবর্ত্তী याञ्जिको উপনিষদের লেখেন नाष्टे । 🕱 छ बि-রীয় উপনিধদে ও ঘাজিকী উপনিবদে আকাশ-পাতাল ভেন। পাতা উণ্টাইলেই ভেন স্পষ্ট দেখা যায়। বাজিকা উপনিবংকে বন্ধবিদ্যা বলাই কঠিন; উহা মন্ত্রভন্তে পরিপূর্ণ—পাঠের সময় মনে হঃ, বেদ পড়িতেছি না, তম্র পড়ি-माब्रगाहार्यात मभरत जाविज्यात्म চলিত যাজিকী উপনিষদে চৌষটি অভবাক বর্ত্ত-মান ছিল। অনুদেশে আনা, কর্ণাটে চুয়াতর, মন্তব্য উন্নব্ধই অমুবাক প্রচলিত ছিল। কাজেই বুঝা যাইতেছে, উহাতে কাশক্রমে প্রকিপ্ত অংশ বাড়িয়। গিয়াছে। সায়ণ সয়ং জাবিভার্ণারা চৌষ্ট অমুব কের ভাষ্য করিয়াছেন :

সন্দেহের এই সকল কারণ থাকিলেও যথন যাজ্ঞিকী উপানিধং বহুকাল হইতে অপৌক্ষের শ্রুতিবাক্য বলিয়া গৃহীত হইয়া আসিতেছে, তথন ইলা খৃষ্টায় পঞ্চমশতানীর তুলনায় বহুপ্রাচীন, তাহাতে সন্দেহ করা যার না।

শ্রীরামেক্রস্থন্দর ত্রিবেদী।

নৌকাডুবি।

そふ

পরদিন কমলা যথন ঘুম হইতে জাগিল, তথন ভোর রাতি। চারিদিকে চাহিয়া দেখিল, ঘরে কেহ নাই। মনে পড়িয়া গেল, সে জাহাজে সাছে। আতে আতে উঠিয়। দরজা ফাঁকে করিয়া দেখিল, নিতক জলের উপর স্কা একটুথানি শুলু কুয়াশার আছেনিন পড়িয়াছে— অন্ধকার পাছুবণ হইয়া আদি-য়াছে এবং পূর্কানিকে তর্গশ্রেণীর পশ্চাতের আকাশে স্বণচ্ছটা ফুটিয়া উঠিতেছে। দেখিতে দেখিতে নশার পাছুর নালধারা জেলে-ডিভির শাদা-শাদা পালগুলিতে খচিত হইয়া উঠিল।

কমলা, কোনমতেই ভাবিয়া পাইল না, তাহার মনের মধা কি-একটা গুড়বেদনা পাড়ন করিতেছে। শরংকালের এই শিশির-বাঙ্গাম্বরা উষা কেন আজ তাহার আনন্দ্রিত চদবাটন করিতেছে না
 কেন একটা অঞ্জলের আবেগ বালিকার বুকের ভিতর হঠতে ক৯ বাহেয়া চোথের কাছে বারবার আকুল হইয়া উঠিতেছে
 এই নদাতীরের দ্থা কাল তাহার পুলকিত কোত্হলকে কেবলি দোলা দিতেছিল, রাজিয় মধ্যে কি-এমন পরিবর্ত্তর হলর, যাহাতে বাহিরের আহ্বানে তাহার হলয় আর মাড়া দিল না

হঠাৎ ক্মলার মনে হইল, সে অতান্ত এক্লা, তাহার কেহ নাই। কালও রমেশের শঙ্গ তাহার চারিদিকে ঘিরিয়া ছিল, আজ নার্থানে যেন একটা ফাঁক হইয়া গৈছে। বৃস্ত শিথিল হইনা আদিলে ফুলটি বেমন ভঙ্কেভয়ে থাকে, বৃহৎ পৃথিবীর মধ্যে আজ কমলা তেম্নি একটা ভর অমুভব করিতে লাগিল। তাহার শশুর নাই, শাশুড়ি নাই, সঙ্গিনী নাই, সজন-পরিজন কেহই নাই, এ কথা কালত তাহার মনে ছিল না—ইতিমধ্যে কি ঘটিয়াছে, যাহাতে আজ তাহার মনে হইতেছে, একলা রমেশমাত্র তাহার সম্পূর্ণ নির্ভর্তন মতান্ত বৃহৎ এবং সে বালিকা অত্যন্ত কুদ্র ?

কমলা অনেকক্ষণ দরজা ধরিয়া চুপ করিয়া দাড়াইয়া রহিল। নদীর জুলপ্রবাহ তরল বর্ণস্রোতের মত জলিতে লাগিল। ধালাসিরা তথন কাজে লাগিয়াছে, এঞ্জিন্ ধক্ধক্ করিতে আরম্ভ করিয়াছে—নোঙর-তোলা
ও জাহাজ-তেলাঠেলির শব্দে অকালজাগ্রত
শিশুর দল নদীর তীরে ছুটিয়া আসিয়াছে।

এমন-সময় রমেশ এই গোলমালে জাগিয়া-উঠিয়া কমলার থবর লইবার জন্ম তাহার বারের সম্মুথে আসিয়া উপস্থিত হইল। কমলা চকিত হইয়া, আঁচল যথাস্থানে থাকা-সন্ত্বেও তাহা আর-একটু টানিয়া আপনাকে যেন-বিশেষভাবে আচ্ছাদনের চেষ্টা করিল।

রনেশ কহিল, "কমলা, তোমার মুখ-হাত ধোওয়া হইয়াছে ?"

এই প্রশ্নে কেন যে কমলার রাগ ছইডে পারে, তাহা তাহাকে ব্রিক্তাসা করিলে সে কিছুতেই বলিতে পারিত না। কিছু হঠাৎ রাগ হইল। সে অন্তদিকে মুথ করিয়া কেবল মাথা নাড়িল মাত্র।

রমেশ কহিল—"বেলা হইলে লোকজন উঠিয়া পড়িবে—এইবেলা তৈরি হইয়া লও না!"

কমলা তাহার কোন উত্তর না করিয়া একখানি কোঁচানো শাড়ী, গাম্ছা ও একটি জামা চৌকির উপর হইতে তুলিয়া-লইয়া ক্রতপদে রমেশের পাশ দিয়া স্নানের ঘরে চলিয়া গেল।

রমেশ যে প্রাতঃকালে উঠিয়া কমলাকে এই যত্নটুকু করিতে আদিল, ইহা কমলার কাছে কৈবল যে অত্যন্ত অনাবশ্রক বোধ হইল, তাহা নহে, ইহা যেন তাহাকে অপমান করিল। রমেশের আত্মীয়তার সীমা যে কেবল থানিকটা-দুর পর্যান্ত, এক জায়গায় व्यानिमा তाहा त्य वाधिमा याम, हेहा महमा **ক্মলা অত্**ভব করিতে পারিয়াছে। তাই তাহারও মনের মধ্যে একটা রাশ টানিবার ভাব আসিয়াছে। রমেশের নিকট হইতে সে যে আপনাকে কোন সীমায় কতদুর প্রত্যা-হরণ করিয়া আনিবে, ইহাই ভাবিয়া তাহার क्षमम ऋषा ऋषा मङ्गिष्ठ श्रेषा উठिए छ। কোনো তর্কযুক্তি অবলম্বনপূর্বাক স্থাপষ্ট চিন্তা না করিয়াও রমেশের সহিত সম্বন্ধের মধ্যে কমলা একটা শৃক্ততা, একটা লজ্জাজনক দৈশ্য অত্মান করিতেছে। ইতিপূর্ব্বে রমেশের कारह तम राक्रभ महक-श्वाजीविक-जारव हिन, আৰু তাহা কমলা আর রক্ষা করিতে পারি-তেছে না। খণ্ডরবাড়ী কোনো গুরুজন ভাহাকে লব্জ। করিতে শেখায় নাই—মাখায় কোনু অবহায় ঘোষ্টার পরিমাণ কতথানি

হওয়া উচিত, তাহাও তাহার অভ্যন্ত হয় নাই
—কিন্তু রমেশ সমূথে আসিতেই আজ যেন
অকারণে তাহার বুকের ভিতরটা লজ্জায়
কুন্তিত হইতে লাগিল।

রমেশেরও মন আজ ভাল ছিল না। সে যে একটা অনিশ্চিতের দিকে ভাসিয়া চলিয়াছে. ভাল-মন্দ যাহা হৌক একটা পরিণামের আভাস সে যে দেখিতে পাইতেছে না, কেবল অদৃষ্টের আঘাত থাইয়া চলিয়াছে, নিজের জোরে স্থির হইয়া দাঁড়াইতে পারিতেছে না, এ ভাবনা তাহাকে পীড়ন করিতেছিল। সে বুঝিতে পারিতেছিল যে, ভাগ্য যদিও প্রতি-কুল ছিল সন্দেহ নাই, তথাপি নিজের স্বভাব-গত হক্লতাই তাহাকে এই বিপাকের মধ্য-স্রোতে টানিয়া লইয়া চলিয়াছে। কোনো-একটা সময়ে দৃঢ়তা অবলম্বন করিয়া একটা গস্তব্যপথ অবলম্বন করা উচিত ছিল। সে সময়টা কথন আসিয়াছিল এবং চেস পথটা কি, তাহা রমেশ এখনে৷ ঠিকমত নির্ণয় করিতে পারে না--কিন্ত ইহা তাহার কাছে নি-চয় বোধ হইতেছে যে, যদি তাহার চরিত্রে দ্বিধা-বিহীন বল যথেষ্ট থাকিত, তবে সে সময়ও তাহার অগোচরে পার হট্যা যাইত দা,--সে পথও তাহার সমুথে স্থন্সট প্রকাশ পাইত। আজ সে বে-ভাবে চলিয়াছে, তাহা নিতা-স্তই দ্বণার হাভজনক—ভাহা পুরুষোচিত নহে। আৰু তাহার কোনো কর্ম নাই, কোনো সহল নাই,--গতি আছে, গৰবা নাই,—যত দিন যাইতেছে,ততই তাহার জীবন একটা অন্তত নিক্লতার মধ্যে জড়িত হইয়া পড়িতেছে। সঙ্কটের সময় নিজের সমস্ভ मक्ति थाটाইবারই একটা সুথ আছে-কিন্ত

সঙ্কট ঘনাইতেছে, অথচ শক্তি কোন কাজ করিতেছে না, নিজের হাত হইতে সমস্ত রাশ থসাইয়া-দিয়া চোথ-বাধা ঘোড়ার মর্জ্জি अञ्चलादत थानाथरन्तत्र निटक छूपिया हिल्याछि. পুরুষের পক্ষে এমন ধিকার আর কিছুই নাই। রমেশ তাহার উদ্দেশ্রহীন নদীযাত্রায় আপ-নাকে কাপুঞ্ষ বলিয়া বারবার লাঞ্ভিত করিতে লাগিল। রমেশ মনে মনে নিজেকে সধোধন করিয়া এই কথা বলিতে লাগিল -"'তুমি যে অক্সায় কর নাই" ইহাই তোমার দান্তনার কারণ নহে-তুমি কাপুরুষ-কাপুরুষের ভাগ্যে সফলতা নাই-- কাপুরুষ, সম্ভরণশক্তিহীন মজ্জমান বাজির ভায় নিজেকে ও নিজের সমত আশ্রয় ও আশ্রিতকে অতলের দিকে টানিয়া লইয়া যায়।'

মান সারিয়া কমলা ১খন তাহার কাম্-রায় আসিখা বসিল, তথন তাহার দিনের কত্ম তাহার সন্মুখবন্তী হটল। কাধের উপর হহতে আঁচলে-বাঁধা চাবির গোছা লইয়। কাপড়ের পোট্মাণ্ণ্ট। খুলিতেই ভাহার মধ্যে ছোট ক্যাশ্বাকাট নহুরে পড়িল। এই ক্যাশ্বাকাটি পাইয়া কাল ক্ষ্যা একটি নূতন গৌরব পাভ করিয়াছিল। তাহার হাতে একটি স্বাধীন শক্তি আসিয়াছিল। তাই সে বহুযত্র করিয়া বাকাট় তাহার কাপড়ের তোরশের মধ্যে চাবি-বন্ধ করিয়া রাখিয়া-ছিল। আজ কমলা সে বাকা হাতে তুলিয়া-गर्या छेलाम्द्रा क्रिन ना। বাকাকে ঠিক নিজের বাকা মনে হইল না ইহা রমেশেরই যাকা। এ বাকোর মধ্যে কম-লার পূর্ণস্বাধীনতা নাই। স্বতরাং এ টাকার বার কমলার পক্ষে একটা ভারমাত।

রমেশ থরের মধ্যে প্রবেশ করিয়া ক্ছিল

—"থোলা বাকার মধ্যে কাঁ কেঁয়ালির সন্ধান
পাইয়াছ ? চুপচাপ বসিয়া যে ?"

কমলা ক্যাশ্বাক্স তুলিয়া-ধরিয়া কহিল---"এই তোমার বাক্ষ।"

রমেশ কহিল—"ও আমি লুইয়া কি করিব!"

কমলা কহিল—"তোনার যেমন দরকার, সেই ব্রিয়া আমাকে জিনিষপত্র অ.নাইয়া দাও।"

রমেশ। তোমার বৃঝি কিছুই দরকার নাই ?

কমলা ঘাড় ঈষৎ বাঁক₁ইয়া কহিল, "টাকায় আমার কিদের দরকার!

রমেশ হাসিয়া কহিল, "এত-বড় কথাট।
কয়জন লোক বলিতে পারে! যা হোক,
যেট। তোমার এত অনাদরের জিনিষ, সেইটেই
কি পরকে দিতে হয় ? আমি ও লইব কেন ?"
কমলা কোনো উত্তর না করিয়া মেজের
উপর ক্যাশ্বায় রাখিয়া দিল।

রংমশ কহিল, "আছো কমলা, সত্য করিয়। বল, আমি আমার গল শেষ করি নাই বলিয়। তুমি আমার উপর রাগ করিয়াছ ?"

কমলা মুথ নীচু করিয়া কহিল, "রাগ কে করিয়াছে ?"

রংমশ। রাগ যে না করিয়াছে, সে ঐ ক্যাশ্ব্যায়টি রাথুক্—-তাহা হইলেই বুঝিব, তাহার কথা সত্য।

কমলা। রাগনা করিলেই বৃথি ক্যাশ্ বাকা রাখিতে হইবে ? তোমার জিনিষ তৃথি বাথনা কেন ?

রমেশ। আমার জিনিধ ত নয়— দিয়া

কাড়িয়া লইলে যে মরিয়া ত্রহ্মদৈত্য হইতে হইবে ! আমার বুঝি গে ভয় নাই !

রমেশের একাদৈত্য হইবার আশকায় কমশার হঠাৎ হাদি পাইয়া গেল। দে হাদিতে
হাদিতে কহিল—"কথ্বন না। দিয়া কাড়িয়া
লইলে বৃঝি একাদৈত্য হইতে হয় । আমি ত
কথনো শুমি নাই।"

এই অকস্মাৎ হাসি হইতে সন্ধির স্ত্রপাত হইল । রমেশ কহিল—"অন্তের কাছে কেমন করিয়া শুনিবে ? যদি কথনো কোনো ব্রদ্ধান দৈত্যের দেখা পাও, তাহাকে জিজ্ঞাসা করি-লেই সত্য-মিথাা জানিতে পারিবে।"

কমলা হঠাৎ কুতৃহলী হই য়া-উঠিয়া জিজ্ঞাসা করিল—"আচ্ছা, ঠাটা নয়—তৃমি কপনো সত্যকার অন্ধলৈতা দেখিয়াছ"

রমেশ কহিল—"সত্যকার নএ, এমন অনেক ব্রন্ধনৈত্য দেখিয়াছি! ঠিক খাঁটি-জিনিষটি সংসারে এলভ ।"

क्रमणा। (क्न, ऐर्म्भ (य प्रत्न---

রমেশ। উমেশ ? উমেশ ব্যক্তিটি কে ? কমলা। আঃ, ঐ যে ছেলেটি আমাদের সঙ্গে যাইতেছে, ও নিজে ত্রন্ধনৈত্য দেখি-রাছে।

রমেশ। এ সমস্ত বিষয়ে পর্যাবেকণ-শক্তিতে আমি উমেশের সমকক নহি, এ কথা আমাকে স্বীকার করিতেই হইবে। ব্রহ্ন-দৈতঃসংক্ষে আমার জ্ঞান অত্যস্ত সঞ্চীর্ব।

ইতিমধ্যে বছতে প্রায় থালাসির দল জাহাজ ভাসাইর। ছাড়িয়া দিখাছে। কিছুদুর গেছে, এম্ন সময়ে নাথার একটা চাঙারি
লইয়া একটা লোক তাঁর দিখা ছুটিতে ছুটিতে
হাত তুলিয়া জাহাজ পামাইবার জন্ম অমুনয়

করিতে লাগিল। সারেং তাহার ব্যাকুলতার দূক্পাত করিল না। তথন সে লোকটা রমেশের প্রতি লক্ষ্য করিয়া "বাবু বাবু" করিয়া চাৎকার আরম্ভ করিয়া দিল। রমেশ কহিল, "আমাকে লোকটা স্থামারের টিকিটবারু বলিয়া মনে করিয়াছে।"—রমেশ তাহাকে ছই হাত ঘুরাইয়৷ জানাইয়া দিল, স্থামার ধামাইবার ক্ষমতা তাহার নাই।

হঠাৎ কমলা বলিয়া উঠিল, "ঐ ত উমেশ! না না, ওকে ফেলিয়া যাইয়ো না—- একে তুলিয়া লও!"

রবেশ কহিল, "মামার কথায় টামার থামাইবে কেন ?"

কমলা কাতর হইয়া কহিল, "না, তুমি থামাইতে বল বল না তুমি—ডাঙা ত বেশি দুর নয়!"

রমেশ তথন সারেংকে গিয়া ষ্টীমার থামাইতে অসুরোধ করিল, সারেং কহিল, "বাবু, কোম্পানির নিয়ম নাই।"

কমলা বাহির হইয়া গিয়া কহিল—
"উহাকে ফেলিয়া বাহতে পারিবে না—
একটুপামাও ও আমাদের উমেশ !"

রমেশ তথন নিধমণ্ড্যন ও জাপতি ভঞ্জনের সহজ উপায় অবলধন কারল।
পুরস্থারের আধানে সারেং জাহাজ গামাহয়।
উমেশকে ভূলিয়া-লহয়া ভাহার প্রতি বছতর
ভংগিনা প্রয়োগ করিতে লাগিল। সে
ভাহাতে জক্পেমাত্র না করিয়া কমলার
পায়ের কাছে কুড়িটা নামাইয়া, ধেন
কিছুই হয় নাই, এম্নি ভাবে হাসিতে
লাগিল।

কমলার তথনো বক্ষের ক্ষোভ দ্র হয়

নাই। সে কহিল, "হাস্চিস্ যে! জাহাজ যদি না থামিত. তবে তোর কি হইত ?"

উমেশ তাহার স্পষ্ট উত্তর না করিয়া কুড়িটা উজাড় করিয়া দিল। এক-কাদি কাঁচকলা, কয়েক-রকম শাক, কুমড়ার ফুল ও গোটাকতক বেগুন বাহির হইয়া পড়িল।

ক্মলা স্থিজাসা করিল, "এ সমস্ত কোখা হইতে আনিলি ?"

উমেশ, সংগ্রহের যাহা ইতিহাস দিল, তাহা কিছুমাত সম্ভোষজনক নহে। গতকলা বাজার হইতে দাধপ্রভৃতি কিনতে যাইবার সমর সে গ্রাম্থ কাহারো বা কেতে, এই সময় ভোজাপদার্থ লক্ষ্য করিয়াছল। আল ভোরে জাহার ছাড়িবার পুর্বে তারে নামিয়া এইগুলি ব্যাহান হইতে চয়ন-নির্বাচনে প্রেয়ও ইইয়াছিল, কাহারো স্মতির ক্রপেশা রাথে নাহ।

রমেশ অতঃস্ত বিরক্ত হইয়। বলিয়। উঠিল—"পরের ক্ষেত হইতে তুই এই সম্ভ চুরি করিয়া আনিয়াছিণ্?"

উনেশ কাংশ "চুরি কারব কেন? কেতে কত ছিল, আমি অল এই-কটি আনিয়াতি বই ত নয়, ইহাতে ফতি কি ংইয়াছে ?"

়রমেশ। অল আনিলে চুরি হয়না? শ্রীহাড়া! যা, এ সমস্ত এখান থেকে শইয়াযা!

উমেশ করণনেত্রে একবার কমলার মুখের দিকে চাহিয়া কহিল, "মা, এইগুলিকে মামাদের দেশে পিড়িং-শাক বলে, ইহার চচ্চড়ি বড় সরেশ হয়! আর এইগুলো বেতো-শাক"— রনেশ দিওণ বিরক্ত হইয়া কহিল, "নিমে যা তোর পিড়িং-শাক! নহিলে আমি সমন্ত নদীর জলে ফেলিয়া দিব।"

এ সগধে কর্ত্তানিরপণের জন্ত সেক্ষলার মুথের দেকে চাহিল। কমলা নইরা বাইবার জন্ত সংকত করিল। সেই সংশ্বের মধ্যে কঞ্ণামিশ্রিত গোপন-প্রসন্নতা দেখিরা উমেশ শাকসব্জিগুলি কুড়াইরা চুপ্ডির মধ্যে লইরা ধীরে ধীরে প্রসান করিল।

রমেশ কহিল - "এ ভারি অন্তায় ! ছেলে-টাকে তুমি প্রশ্রে দিয়ো না !"

রমেশ চিঠিপতা লিখিবার জন্ম তাহার কান্রায় চলিয়া গেল। কমলা মুখ বাড়াইয়া দেখিল, সেকেওক্লাসের ডেক্ পারাইয়া জাহাজের হালের দিকে যেখানে তাহাদের দ্যা-ঢাকা রালার স্থান নিদিষ্ট.হইয়াছে, সেই-খানে উমেশ চুপ কারয়া বসিয়া আছে।

সেকে গুরু বে বারী কেই ছিল না।
কমলা মাথায়-গায়ে একটা রঃপার জড়াইয়া
উমেশে কাছে গিয়া কহিল—"সেগুল।
সব কেণিয়া দিয়াছিদ নাকি ?"

উমেশ কহিল, "ফেলিতে <mark>ষাইব কেন ?</mark> এই ঘরের মধ্যেই সব রাথিয়াছ।"

কমলা রাগিবার চেষ্টা করিয়া কহিল,
"কিঙ তুই ভারি অভায় করিয়াছিদ্! আর
কথনো এমন কাজ করিদ্নে! দেখু দেখি, '
গীমার ধদি চলিয়া যাইত!"

এই বলিয়া ঘরের মধ্যে গিয়া কমলা উদ্ধতধ্বে কহিল, "আনৃ, বঁটি আনৃ !"

উমেশ বঁটি আনিয়া দিল। কমল। সবেগে উমেশের আছত তরকারি কুটিতে প্রবৃত্ত হইল। উমেশ। মা, এই শাকগুলার সঙ্গে ন্ধে-বাটা খুব চমৎকার হয়।

কমলা কুদ্ধসরে কহিল, "ফ্রাচ্ছা, তবে সর্বে বাট !"

এম্নি করিয়া উমেশ বাহাতে প্রশ্রম না পায়, কমলা সেই সতর্কতা অবলম্বন করিল। বিশেষ গন্তীরমুথে তাহার শাক, তাহার করকারি, তাহার বেশুন কুটিয়া রায়া চড়াইয়া দিল।

হায়, এই গৃহচ্যত ছেলেটাকে প্রশ্রম। দিয়াই বা কমলা থাকে কি করিয়া ? শাকচুরির গুরুত্ব যে কতথানি, তাহা কমলা ঠিক
বোঝে না কিন্তু নিরাশ্রম ছেলের নির্ভরলালসা যে কত একান্ত, তাহা ত সে বোঝে।
ঐ যে কমলাকে একটুথানি খাস করিবার
জন্ম এই লক্ষীছাড়া বালক, কাল হইতে এই
কয়েকটা শাক সংগ্রহের অবসর খুঁজিয়া
বেড়াইতেছিল, আর-একটু হইলেই গ্রামার
হইতে ভ্রপ্ত হইয়াছিল, ইহার করুণা কি
কমলাকে স্পর্শ না করিয়া থাকিতে
পারে ?

কমলা কহিল, "উমেশ, তেরে জ্বন্তে কাল-কের সেই দই কিছু বাকি আছে, তোকে আজ আবার দই খাওয়াইব, কিন্তু খবরদার, এমন কাজ আর কখনো করিদ্বে!"

উমেশ অত্যস্ত হংথিত হইয়া কহিল—"না, তবে দৈ দই তুমি কাল খাও নাই ?"

কমলা কহিল, "তোর মত দইরের উপর আমার অত লোভ নাই! কিন্তু উমেশ, সব ত হইল, মাছের জোগাড় কি হইবে? মাছ না পাইলে বাবুকে থাইতে দিব কি?" উমেশ। মাছের জোগাড় করিতে পারি । মা, কিন্তু দেটা ত মিনি পর্যায় হইবার জো নাই।

কমলা পুনরার শাসনকার্যো প্রবৃত্ত হটল। তাহার স্থলর হটি জ কুঞ্চিত করি-বার চেষ্টা করিয়া কহিল—"উমেশ, তোর মত নিশ্বোশ আমি ত দেখি নাই! আমি কি তোকে মিনি প্রসায় জিনিষ সংগ্রহ করিতে বলিয়াছি ?"

গতকলা উমেশের মনে কি করিয়া একটা ধারণা হইয়া গেছে যে, কমলা রমে-শের কাছ হইতে টাকা আদায় করাটা সহজ মনে করে না। তা ছাড়া, সবহন জড়াইয়া রমেশকে তাহার ভাল লাগে নাই। এই-জ্ঞ র্মেশের অপেকানা রাথিয়া, কেবল দে এবং কমলা, এই ছুই নিৰুপায়ে মিলিয়া কি উপায়ে সংসার চালাইতে পারে, তাহার গুটি-কতক গহজ কৌশল 'সে মনে' মনে উদ্ভাবন করিতেছিল। শাক-বেগুন-কাঁচকলা-সম্বন্ধ সে এক প্রকার নিশ্চিন্ত হইয়াছিল, কিন্তু মাছ-টার বিষয়ে এখনো দে যুক্তি স্থির করিতে পারে নাই। পৃথিবীতে নিঃস্বার্থ ভক্তির জোরে সামাত দই-মাছ পর্যান্ত -জোটানো যার না, পরসা চাই--স্তরাং কমলার এই অকিঞ্ন ভক্ত-বালকটার পক্ষে পৃথিবী সহ্জ জায়গা নহে।

উমেশ কিছু কাতর হইয়া কহিল, "মা, যদি বাবুকে বলিয়া কোনমতে গগুল-পাঁচেক প্রসা কোগাড় করিতে পার, তবে একটা বড় কই স্মানিতে পারি!"

কমলা উৰিয় হইয়া কহিল, না না, তোকে আর টীমার হইতে নামিতে দিব না, এবার তুই ডাঙার পড়িরা থাকিলে তোকে কেহ আর তুলিরা লইবে না।"

উমেশ কৃষিল, "ডাঙার নামিব কেন ? আজ ভোরে থালাসিদের ঝালে থুব বড় মাছ পড়িয়াছে—এক-আধটা বেচিতেও পারে!"

শুনিরা ক্রতবেগে কমলা একটা টাকা আনিরা উমেশের হাতে দিল—কহিল—"বাহা লাগে দিরা বাকি ফিরাইরা আনিস।"

উমেশ মাছ আনিল, কিন্ত কিছু ফিরাইয়া আনিল না, বলিল, "একটাকার কমে কিছু-ভেই দিল না।"

কথাটা যে খাঁটি সত্য নহে, তাহা কমলা
: ব্ঝিল—একটু হাসিরা কহিল, "এবার ষ্টামার
থামিলে টাকা ভাঙাইয়া রাধিতে হইবে।"

উমেশ গন্তীরমূথে কহিল, "সেটা থ্ব দরকার। আন্ত টাকা একবার বাহির হইলে ফেরানো শক্ত।

আহার করিজে প্রবৃত্ত হইয়া রমেশ কহিল, "বড় চমৎকার হইয়াছে! কিন্তু এ দমস্ত লোটাইলে কোপু৷ হইড়ে ? এ যে রুই-মাছের মুড়োটা দমজে ভূলিয়া-ধরিয়া কহিল—"এ ত স্থানয়, মায়ানয়, মজিল্রম নয়—এ যে সতাই মুড়োল বাহাকে বলে রোহিতমৎস্ত, তাহারি উত্তাশাশা

যথন গুনিল, উমেশ ইহার সংগ্রহকর্তা, তথন ফণুকালের অস্ত মুথ বিষ্ণুত করিয়া কহিল—"তা হোক্, জিনিবটা ভাল—শাল্লে আছে—জীবৃত্তং গুছুলাল্পি, উমেশাদ্পি রোহিত্ম। কিন্তু গুছুলাট্—"

ক্ষণা। ভূমি এখন খাওভ। আমি তাকে খুৰ ক্রিয়া ব্কিলা দিয়াছি। এইরূপে সেদিনকার মধ্যাহুভোজন বেশ সমারোহের সহিত সম্পন্ন হইল। রুমেশ "ডেক্"-এ আরাম-কেদারার গিরা পরিপাক-ক্রিরার মনোযোগ দিল। কমলা তথন উমেশকে থাওয়াইতে বিলি। মাছের চচ্চড়িটা উমেশের এত ভাল লাগিল বে, তাহার ভোজনের উৎসাহটা কৌতুকাবহ না হইরা ক্রমে আশকাজনক হইরা উঠিল। উৎকৃত্তিত কমলা কহিল, "উমেশ, আর থাস্নে। ভোর জন্ত চচ্চড়িটা রাথিয়া দিলাম, আবার রাজে থাইবি!"

এইরূপে দিবদের কর্মেও হাস্তকেত্রক প্রাতঃকালের হৃদয়ভারটা কথন্ যে দুর হইয়া গেল, তাহা কমলা জানিতে পারিল না।

ক্রমে দিন শেষ হইয়া আসিল। সুর্য্যের আলো বাঁকা হইয়া দীর্ঘতরক্ষ্টায় পশ্চিমদিক্ হইতে জাহাজের ছাদ অধিকার করিয়া
লইল। স্পন্দমান জলের উপর বৈকালের
মন্দ্রীভূত রৌদ্র ঝিক্মিক্ করিতেছে। নদীর
ছই তীরে নবীনশ্রাম শারদশশুক্ষেত্রের মাঝ্যানকার সন্ধীণ পথ দিয়া গ্রামরমণীরা গা
ধূইবার জন্ম ঘট কক্ষে করিয়া চলিয়া
আসিতেছে।

কমলা পানসাজা শেষ করিয়া, চুল বাঁধিয়া, মুখহাত ধুইয়া, কাপড় ছাড়িয়া সন্ধার জন্ম যখন প্রস্তুত হইয়া লইল, সুর্যা তথন গ্রামের বাঁশবনগুলির পশ্চাতে জ্বন্ত গিয়াছে। জাহাজ দেদিনকার মত টেশন্-ঘাটে নোঙর কেলিয়াছে।

আজ কমলার রাজের রন্ধনব্যাপার তেখন বেশি নহৈ। সকালের অনেক জর-কারি এ বেলা কাজে লাগিবে। এমল-সময় রমেশ আসিরা কহিল—মধ্যাহে আজ গুরু-ভোজন হইরাছে, এ বেলা সে আহার করিবে লা।

কৰণা বিমৰ্থ হইয়া কহিল —"কিছু থাইবে না ? তথুকেবল মাছভাজা দিয়া—"

রুমেশ সংক্ষেপে কহিল—"না, মাছভাজা খাক।" বলিয়া চলিয়া গেল।

ক্ষণা ভখন উনেশের পাতে সমস্ত মাছ-ভাজা ও চচচ্ছি উজাড় করিয়া ঢালিয়া দিল। উমেশ কহিল, "ভোমার জন্ত কিছু রাখিলে না ?"

সে কৃহিণ—"আমার থাওয়া ইইয়া গেছে।"

এইরপে কমলার এই ভাসমান কুজ-সংসারের একদিনের সমস্ত কর্ত্তব্য সম্পন্ন হইয়া গেল।

জ্যোৎসা তথন জলে-স্থলে কৃটিরা উঠিরাছে।
তীরে প্রাম নাই —ধানের ক্ষেত্রে ঘন-কোমল
স্থবিস্তীর্ণ সবৃত্ধ জনশৃক্ততার উপরে নিঃশব্দ
ভব্বাত্তি বিরহিণীর মত জাগিয়া রহিয়াছে।

কাহাকের ছাদে একলা বসিয়া রমেশের বৃদয় এই উদাদ আকাশের মাঝথানে হাহা-কার করিয়া উঠিগাছে। যাহা হারাইয়াছে, বাহা পাইবার নছে, জীবনের বে অংশ বার্থ হইয়াছে, তাহার শৃক্ততা, তাহার বিপ্লতা রাজ্বের অপরিফুটতার মধ্যে সমস্ত আকাশ কুড়িয়া অসীম আকার ধারণ করিয়াছে।

আৰু মধ্যাহে সে একলা বদিরা হেমনলিনীকে একথানি পত্ত লিখিতেছিল।
ভাহাতে এই কথা বলিরাছিল যে, 'আমার
গৃহে বে আমার ত্ত্তী আছে, এ কথা লোকের
বলিবার অধিকার আছে—এমন কি, একটি

বালিকা এখনো আমাকে স্বামী বলিয়া জানে। আমি তাহাকে সঙ্গে লইয়া পশ্চিমে চলিয়াছি। অথচ আমি তাহাকে বিবাহ করি নাই। এরূপ অভুত ভ্রম, এরূপ অসঙ্গত ব্যাপার যে কেমন করিয়া ঘটতে পারে, তাহা আমি তোমাকে জানাইতে পারি। কিন্তু শুদ্ধমাত্ত আমার কথার উপরে বিখাস করিতে হইবে। তাহার অন্ত প্রমাণ পাওয়া সম্ভব নহে. প্রমাণ লইবার চেষ্টাও নানাকারণে অস্থায় হইবে। সমন্ত প্রমাণের বিরুদ্ধে কেবল আমার কথা-মাত্রে তোমাকে বিশাসম্থাপন করিতে বলিব. তোমার উপরে আমার এমন দাবী আছে कि ना, जानि ना। यमि मिटे मारी श्रीकात করিতে পার, তবে তোমাকে সমস্ত কথা খুলিয়া লিখিব--নতুবা আমার আমারি থাকিবে এবং আমার বিনা অপরাধের চরমদণ্ড তোমার হস্ত হইতে গ্রহণ করিয়া তোমাকে অপরাধী করিব না ৷ তোমাকে স্থী করুন।'

কোনো একটা জারগার পৌছিরা এই

চিঠি রমেশ ডাকে দিবে বলিরা স্থির করিয়াছিল। কিন্তু আজ এই জনশৃত্য নিঃশন্ধ
সন্ধ্যাবেলার এই চিঠির ভবিষ্যৎ উত্তরের মধ্যে
রমেশ লেশমাত্র আশার কারণ দেখিতে পাইল
না। তাহার মনে ইইল, সে যেন প্রতিকূল
উত্তর পাইয়াছে -- যেন ছেমনলিনী স্থণা করিয়া
উত্তর দের নাই।

তীরে টিনের ছাদ দেওরা বে কুত্রকুটীরে হীমার-আপিন, নেইখানে একটি লীর্ণদেহ কেরাণী টুলের উপরে ব্যিরা ডেকের উপর ছোট কেরোনিনের বাতি সইরা থাডা লিবিতেছিল। বোলা, গুরুজার ভিতর দিরা রমেশ সেই কেরাণীটকে দেখিতে পাইতেছিল। দীর্ঘনিখাস ফেলিরা রমেশ ভাবিতেছিল,
'আমার ভাগ্য যদি আমাকে ঐ কেরাণীটর
মত একটি সম্বীর্ণ অথচ স্কুম্পন্ত জীবনযাতার
মধ্যে বাঁধির। দিত—হিসাব লিখিতাম, কাজ
করিতাম, কাজে ক্রটি হইলে প্রভুর বকুনি
থাইতাম, কাজ সারিয়া রাত্রে বাসার
বাইতাম—তবে আমি বাঁচিতাম—আমি
বাঁচিতাম।'

হেমনগিনী তাহাকে ত্যাগ করিয়াছে, তাহাকে অবিধাদ করিয়াছে, তাহাকে অপবাদকালনের অবসরমাত্র দিতেছে না, আত্মীয়হীনের মৃতদেহের মত তাহাকে একটা অকুল অনিশ্চরতার প্রোতের মধ্যে ভাদাইয়া দিয়াছে, এই কথা বারবার মনে করিয়া রমেশের বক্ষ অনিখিদিত দীর্ঘধাদে ফীত হইয়া উঠিতে লাগিল।

ক্রমে আপিদখরের আলে। নিবিয়া গেল। কেরাণী ঘরে তালা বন্ধ করিয়া হিমের ভরে মাথার র্যাপার মৃত্যি দিয়া নির্দ্তন শস্তা-ক্ষেত্রের মাঝধান দিয়া ধীরে ধীরে কোন্ দিকে চলিয়া গেল, আর দেখা গেল না।

রমেশ তাহার সাম্নের টেবিলের উপরে চইহাতের মধাে মুখ ঢাকিয়া পড়িস—শক-বিহীন জ্যােৎয়ারাত্রির পাঞ্বর্ণ স্থার্বর-ব্যাপিতা তাহাকে একটা আকার-আয়তন-শৃত্ত পরিণামহীন নৈরাঞ্জের মধ্যে নিরুদ্দেশ করিয়া দিল।

ক্ষণা বে অনেকক্ষণ ধরিয়া চুপ করিয়া জাহাজের রেল ধরিয়া পশ্চাতে দাঁড়াইয়া ছিল, রমেশ ভাহাঞ্লানিতে পারে নাই। ক্ষলা মনে করিয়াছিল, সক্ষাবেলার রমেশ ভাহাকে ডাকিরা দইবে। এইজন্ত কাজকর্ম সারিরা यथन प्रिथिण, त्राम् छाहात (बाँच नहेरक व्यांतिन ना, उथन त्र वांशनि शीत्रशत बाहा-বের ছাদে আসিয়া উপস্থিত হইল। কিছ তাহাকে হঠাৎ थम्किश माँ कृष्टिक हरेग, সে রমেশের কাছে যাইতে পারিল না। চাঁদের আলো রমেশের মুখের উপরে পড়িয়া-ছिল-- त्र पूथ (यन मृत्त्,- वहमृत्त्र ; कशनात्र সহিত তাহার সংস্রব নাই। রমেশ ধেন কম-लांत भटक निशंखित स्माचन मज-मान इत. যেন মাঠ পার হইলেই তাহার নাগাল পাওয়া যাইবে-কিন্তু মাঠ পার হইয়া দেখা বার, সে যেমন দুরে ছিল, তেম্নি খুরেই আছে। আজ দিনের বেলা কাজকর্ম-কথাবার্ত্তার मर्था त्रामरक यर्थहे निक्टेवर्डी बनिहाहे भत्न रहेशाहिल, किन्ह मन्तारिकात उन्नजात মধ্যে রমেশ কোথার চলিয়া গেছে ? এখন তাহার কাছে যাইতে ভয় করে কেন ? ধ্যান-मध त्राम वा वा वा वा निवास মাঝখানে ধেন জ্যোৎসা-উত্তরীয়ের ছারা আপাদমন্তক আচ্ছন্ন একটি বিরাট রাজি ওঠাধরের উপর তর্জনী রাখিয়া নি:শলে দাঁড়াইয়া পাহারা দিতেছে।

রমেশ যথন তৃইহাতের মধ্যে মুখ ঢাকিরা টেবিলের উপরে মুখ রাখিল, তথন কমলা ধীরে ধীরে তাহার কাম্রার দিকে গেল। পারের শব্দ করিল না, পাছে রমেশ টের পার বে, কমলা তাহার সন্ধান লইডে আসিরাছিল।

কিন্ধ তাহার শুইবার কাম্রা নির্জন, অন্ধকার—প্রবেশ করিরা ভাহার বুকের ভিতর কাঁপিরা উঠিল, নিজেকে একান্ধই পরিত্যক্ত এবং একাকিনী বলিরা মনে হইল

—গেই ক্ষুত্র কাঠের ঘরটা একটা-কোনো
নিচুর অপরিচিত ক্ষুত্র হাঁ-করা মুখের মত
তাহার কাছে আপনার অন্ধকার মেলিয়া
দিল। কোথার সে বাইবে? কোন্থানে
আপনার ক্ষুত্র শরীরটি পাতিরা-দিরা সে
চোধ বুজিয়া বলিতে পারিবে, 'এই আমার
আপনার স্থান প'

খরের মধ্যে উঁকি মারিরাই কমলা আবার বাহিরে আসিল। বাহিরে আসিল। বাহিরে আসিলবার সময় রমেশের ছাতাটা টিনের তোরঙ্গের উপর পড়িয়া-গিয়া একটা শব্দ হইল। সেই শব্দে চকিত হইয়া রমেশ মুখ তুলিল এবং চৌকি ছাড়িয়া উঠিয়া দেখিল, কমলা তাহার ভইবার কাম্রার সাম্নে দাঁড়াইয়া আছে। কহিল—"একি কমলা! আমি মনে করিয়াছিলাম, তুমি এতক্ষণে গুইয়াছ! তোমার কি ভয় করিতিছে নাকি? আছে, আমি আর বাহিরে বসিব না—আমি এই পাশের ঘরেই গুইতে পেলাম—মাঝের দরজাটি বরঞ্ খ্লিয়া রাধিতেছি।"

কমলা উদ্ধৃতথরে কহিল—"ভর আমি
করি না!" বলিয়া সবেগে অন্ধৃকার ঘরের
মধ্যে চুকিল এবং যে দরজা রমেশ থোলা
রাধিয়াছিল, ভাহা সে বন্ধ করিয়া দিল।
বিছানার উপরে আপনাকে নিক্ষেপ করিয়া
মুখের উপরে একটা চাদর ঢাকিল সে বেন
জগতে আর-কাহাকেও না পাইয়া কেবল
আপনাকে দিয়া আপনাকে নিবিড়ভাবে
বেষ্টন করিল। রমেশ মনে করিয়াছিল,
এজকলে কমলা শুইতে গেছে—এ ছাড়া
কমলাসম্বন্ধে আর-কিছু তাহার মনে করি-

বার ছিল না! কমলা দিনের বেলা কাঞ্চ
করিবে এবং স্কা। হইলেই শুইতে যাইবে—
কমলার আর-কিছুই প্রয়োজন নাই! রমেশ
মনে করিয়াছে, কমলার ভর করিভেছে!
রাগে-লজ্জার কমলা ঘুমাইতে পারিল না—
তাহার চোথ-ছটা জ্বলিতে লাগিল, চোথে
জল আদিল না। তাহার সমস্ত হুদর
বিদ্রোহী হইরা উঠিল। যেথানে নির্ভরতাও
নাই, স্বাধীনতাও নাই, সেথানে প্রাণ বাচে
কি করিয়া?

রাত্রি আর কাটে না। পাশের ঘরে রনেশ এতক্ষণে ঘুমাইরা পড়িয়াছে। বিছা-নার মধ্যে কমল। আর থাকিতে পারিল না। আত্তে আত্তে বাহিরে চলিয়া আসিল। জাহাজের রেলিং ধরিয়া তাঁরের দিকে চাহিয়া রহিল। কোথাও জনগ্রাণীর সাডাশক নাই —চাঁদ পশ্চিমের বিকে নামিয়া পড়িতেছে। ছই ধারের শস্তক্ষেত্রের মান্তথান দিয়া বে मकीर्नेश्य अनुश्च ६हेम्रा श्राष्ट्र, स्मर्टे मिटक চাহিয়া কমলা ভাবিতে লাগিল, 'এই পথ দিয়া কত মেয়ে জল লইয়া প্রত্যহ আপন ঘরে যায়!' ঘর :--- ধর বলিভেই তাহার প্রাণ ধেন বুকের বাহিরে ছুটিয়া আসিতে চাহিল ! একটুথানি-মাত্র বর-কিন্ত সে বর কোঝার ৷ শুক্ততীর ধুধু क्तिट्टि - थका ७ वाक। न निगल इट्ट দিগন্ত পৰ্যান্ত তৰ ! অনাৰ্শুক আকাশ--অনাবশ্ৰক পৃথিবী-কুদ্ৰ বালিকার পক্ষে এই অন্তংীন বিশালতা অপরিসীম অনাবভক-কেবল তাহার একটিমাত্র খরের **প্রয়োজন ছিল।**

এমন-দমর হঠাও কমলা চম্কিরা তিটিল

— কে একজন ভাহার অন্তিদুরে দাঁড়াইরা
আছে।

"ভয় নাই মা, আমি উমেশ ! রাত বে অনেক হইৱাছে, খুম নাই কেন !"

এতক্ষণ যে আক্র পড়ে নাই, দেখিতে দেখিতে হই চকু দিয়া দেই অক্র উছলিয়া পড়িল। বড় বড় ফোঁটা কিছুতে বাধা মানিল না, কেবলি ঝরিয়া পড়িতে লাগিল। ঘাড় বাঁকাইয়া কমলা উমেশের দিক্ হইতে মুখ ফিরাইয়া রহিল। জলভার বহিয়া মেঘ ভাসিয়া যাইতেছে,—যেন্নি তাহারি মত আর-একটা গৃহহারা হাওয়ার স্পর্শ লাগে, অম্নিসমন্ত জলের বোঝা ঝরিয়াপড়ে;—এই গৃহহীন দরিদ্র বালকটার কাছ হইতে একটা যরের কথা ভনিবামাত্র কমলা আপনার ব্কভরা অক্রর ভার আর রাখিতে পারিল না। একটা-কোনো কথা বলিবার চেষ্টা করিল, কিছু ক্রকণ্ঠ দিয়া কথা বাহির হইল না।

পীড়িত চিত্ত উমেশ কেমন করিরা সাখন।
দিতে হয়, ভাবিয়া পাইল না। অবশেবে
অনেককণ চুপ করিয়া থাকিয়া হঠাৎ একসময়ে বলিয়া উঠিল—"মা, তুমি যে সেই
টাকাটা দিয়াছিলে, তার থেকে সাত-আনা
বাঁচিয়াছে।"

তথন কমলার অঞ্র ভার লঘু হইয়াছে। উমেশের এই থাপ্ছাড়া সংবাদে সে একটু-থানি সেহমিশ্রিত হাসি হাসিয়া কহিল, "আছে। বেশ, সে ভোর কাছে রাথিয়া দে। যা, এখন শুতে যা।"

চাদ গাছের আড়ালে নামিয়া পড়িল।
এবার কমলা বিছানায় আদিয়া বেমন শুইল,
অমনি তাহার হুই শ্রান্তচক্ ঘুমে বুজিয়া
আদিল—প্রভাতের রৌদ্র যথন তাহার ঘরের
ঘারে করাঘাত করিল, তথনো সে নিদ্রায়
মগ্র।

ক্রেমশ।

মনুষ্যত্ব।

でいりのまで

"উত্তিষ্ঠত! জাগ্রত!" উথান কর, জাগ্রত হ্ও—এই বাণী উদেঘাধিত হইয়৷ গেছে। আমরা কে গুনিয়াছি, কে গুনি নাই, জানি না—কিন্তু "উত্তিষ্ঠত, জাগ্রত" এই বাক্য বার-বার আমাদের খারে আদিয়া পৌছিয়াছে। সংসারের প্রত্যেক বাধা, প্রত্যেক হংখ, প্রত্যেক বিজেদ, ক্তশতবার আমাদের অস্তরাস্বার জন্নতে-তদ্বীতে আঘাত দিয়া বে ক্লার দিয়াছে, তাহাতে কেবল এই বাণীই

ঝক্ত হইয়া উঠিয়াছে—"উত্তিষ্ঠত,জাগ্রত,"—
'উথান কর, জাগ্রত হও!' অশ্রুশিনিরধীত
আমাদের নব জাগরণের জন্ত নিথিল জানিমেষনেত্রে প্রতীক্ষা করিয়া আছে—কবে সেই
প্রভাত আসিবে, কবে সেই রাত্রির অন্ধকার
অপগত হইয়া আমাদের অপুর্ব্ব বিকাশকে
নির্মাল নবোদিত অরুণালোকে উদ্বাতিত করিয়া
দিবে! কবে আমাদের বছদিনের বেদনা
সক্ষণ ২ইবে, আমাদের অশ্রুধারা দার্থক হইবে!

পুশকে আজ প্রাত:কালে বলিতে হয়
নাই বে, রজনী প্রভাত হইল—ত্মি আজ
প্রকৃতিত হইয়া ওঠ।' বনে বনে আজ বিচিত্র
পূশগুলি জতি অনায়াসেই বিশ্বজগতের অস্তগৃঁ আনন্দকে বর্ণে, গল্পে, শোভায় বিকশিত
করিয়া মাধুর্য্যের বারা নিথিলের সহিত কমনীরভাবে আপনার সম্বস্কস্থাপন করিয়াছে।
পূশ আপনাকেও পীড়ন করে নাই, অন্ত
কাহাকেও আঘাত করে নাই, কোন অবস্থায়
বিধার লক্ষণ দেখায় নাই, সহজ্-সার্থকতায়
আত্যোপাস্ত প্রেফুর হইয়া উঠিয়াছে!

हेश मिथिया भरनत भर्या এই আকেপ जत्म (य, आमात बीवन (कन विश्ववाणी আনন্দকিরণপাতে এমনি সহজে, এমনি সম্পূর্ণভাবে বিকশিত হইয়া উঠে না ? সে তাহার সমস্ত দলগুলি সঙ্কৃতিত করিয়া আপ-নার মধ্যে এত প্রাণপণে কি আঁকড়িয়া রাখি-তেছে ? প্রভাতে তরুণ সূর্য্য আসিয়া-অরুণ-করে তাহার দ্বারে আঘাত করিতেছে, বলি-তেছে—'আমি বেমন করিয়া আমার চম্পক-কিরণরাজি সমন্ত আকাশময় মেলিয়া দিয়াছি, তুমি তেমনি সহজে আনলে বিশের মাঝখানে আপনাকে অবাধিত করিয়া দাও।' রজনী নিঃশব্দপদে আসিয়া স্নিগ্নহত্তে তাহাকে স্পর্শ করিয়া বলিতেছে, 'আমি থেমন করিয়া আমার অতলম্পর্শ অন্ধকারের মধ্য হইতে আমার नमख द्याि छिःनम्भन् छेन् क कतिया नियाहि, তুমি তেমনি করিয়া একবার অন্তরের গভীর-তলের দার নিঃশবে উদ্যাটন করিয়া দাও-আত্মার প্রচন্ধর রাজভাণ্ডার একমুহুর্ত্তে বিশ্বিত বিখের সমুধীন কর।' নিখিলু স্কুরং প্রতি-কণেই তাহার বিচিত্র স্পর্শের স্বারা আয়া-

দিগকে এই কথাই বলিতেছে—'আপনাকে বিকশিত কর, আপনাকে সমর্পণ কর, আপ-নার দিক্ হইতে একবার সকলের দিকে কের, এই জল-হুল-আকাশে, এই স্থুখহুঃ থের বিচিত্র সংসারে অনির্ম্বচনীয় ব্রন্ধের প্রতি আপনাকে একবার সম্পূর্ণ উলুখ করিয়া ধর।'

কিন্ধ বাধার অন্ত নাই—প্রভাতের ফুলের
মত করিয়া এমন সহজে, এমন পরিপূর্ণভাবে
আত্মোৎসর্গ করিতে পারি না। আপনাকে
আপনার মধ্যেই আবৃত করিয়া রাখি, চারিদিকে নিধিলের আনন্দ-অভ্যাদয় ব্যর্থ হইতে
থাকে।

কে বলিবে, বার্থ হইতে থাকে ? প্রত্যেক माञ्चरवत्र मध्या त्य अनल कीवन त्रविद्यादह, তাহার সফলতার পরিমাণ কে করিতে পারে ? পুজের মত আমাদের ক্ষণকালীন সম্পূর্ণতা নহে। নদী যেমন তাহার বছদীর্ঘ তটদ্বের ধারাবাহিক বৈচিত্রোর মধ্য দিয়া. পর্বত-প্রান্তর-মর্র-কানন-নগর-গ্রামকে তরকাভিহত করিয়া আপন স্থুদীর্ঘ-যাত্রার বিপুল সঞ্চাকে প্রতিমুহূর্তে নিঃশেষে মহাসমুদ্রের নিকট উৎসর্গ করিতে থাকে, কোনোকালে। তাহার সত্ত থাকে, না,— তাহার অবিশ্রাম প্রবাহধারারও অন্ত পাকে না, তাহার চরম বিরামেরও সীমা থাকে না-মমুষাত্তক সেইরূপ বৈচিত্তোর ভিতর দিয়া বিপুলভাবে মহং-দার্থকতা লাভ করিতে হয়। ভাহার সফলতা সহজ নহে। নদীর স্থায় প্রতিপদে সে নিজের পথ নিজের বলে, নিজের त्वरंग तहना कतिया हता। काला क्ल গড়িয়া, কোনো কুল ভাঙিয়া, কোথাও বিভক্ত হইয়া, কোথাও সংযুক্ত হইয়া, নব নব বাধা ভারা আবর্ত্তবেগে ঘূর্ণিত ইইয়া সে আপনাকে আপনি বৃহৎ করিয়া স্পষ্ট করিতে থাকে; অবশেষে যথন সে আপনার নীমাবিহীন পরিণামে আসিয়া উপস্থিত হয়, তথন সে বিচিত্তকে অতিক্রম করিয়া আসিয়াছে বলিয়াই মহান্ একের সহিত তাহার মিলন সম্পূর্ণ হয়। বাবা বদি না থাকিত, তবে সেবৃহৎ হইতে পারিত না—বৃহৎ না হইলে বিরাটের মধ্যে তাহার বিকাশ পরিপূর্ণ হইত

इःथ बाह्य - मःमाद्द इःत्थत (नेथ नारे। **મেই ছঃখের আঘাতে, সেই ছঃখের বেগে** সংসারে একাও ভাঙ্ম-গড়ম চালতেছে— ইথাতে অহরহ যে তরঙ্গ উঠিতেছে, তাথার ক তই ধ্বনি, ক তই বর্ণ, ক তই গতিভঙ্গিন।। মার্ব বদি কুত্র হইত এবং কুত্রতাতেই মার্থ-বের যদি দেষ হইত, তবে ছঃখের মত অসঙ্গত কিছুই হইতে পারিত ন।। এত ছঃথ কুদের नरह। महर्छत्रहे भोत्रव इःथ। विधमःमारत्रत्र मर्था भयुषाबरे त्रहे इः त्थत मिर्गात मरोवान् —অঞ্জলেই ভাহার রাজ্যাভিবেক হই-রাছে। পুলের হঃধ নাই, পভণক্ষীর হঃখ-দামা দকীর্ণ-মানুষের হঃথ বিচিত্র, তাংগ গভার, অনেক সময়ে তাহা আন বচনীগ— , এই সংসারের মধ্যে তাহার বেদনার সীমা यन मण्पूर्व क्त्रिया भावमा बाम ना ।

এই চুংশই মাত্রকে বৃহৎ করে, গান্ত্রকে আপন বৃহত্বগহদে জাগ্রত-সচেতন করিয়া ভোলে, এবং এই বৃহত্তেই মাত্রকে আনন্দের অধিকারা করিয়া ভোলে। কারণ, "ভূমৈব হুণং, নারে স্থমতি"—'এরে আমাদের মানন্দ নাই।' বাহাতে আমাদের প্রক্তা,

আমাদের বরতা, তাহা অনেক সমধে আমাদের আরামের হইতে পারে, কিন্ত ভাহা আমাদের আনন্দের নছে। থাহা আমরা वीर्यात बात्र। ना भारे, अञ्चत बात्रा ना भारे, থাহা অনাথানের - তাহা আমরা সম্পূর্ণ পাই না-বাহাকে হঃথের মধ্য দিয়া কঠিনভাবে লাভ করি, ধ্রদয় তাহাকেই নিবিড্ভাবে, সমগ্রভাবে প্রাপ্ত হয়। মহুষ,ত্ব আমাদের পরমহংবের ধন, তাহা বীর্য্যের দারাই লভ্য। প্রত্যহ পদে পদে বাধা অতিক্রম করিয়া যদি তাহাকে পাইতে না হইত, তবে তাহাকে পাইরাও পাইতাম না--্যদি তাহা স্থলভ হইত. তবে আমাদের হৃদয় তাহাকে সর্বতোভাবে গ্রহণ করিত না। কিন্ত তাহা হৃঃধের দারা হর্লভ, তাহ। মৃত্যুশন্বার দারা হর্লভ, তাহা.ভয়-বিপদের দারা হুর্লভ, তাহা নানাভিমুখী প্রবৃত্তির সংক্ষোভের বারা হর্লভ। এই হুর্লভ মহুবাহকৈ অৰ্জন করিবার চেষ্টায় আত্মা আপুনার সমন্ত শক্তি অহুভব করিতে থাকে। শেই অরুভূতিতেই তাহার প্রাক্ত আনন্দ। ইহাতেই তাহার যথাথ আত্মপরিচয়। ইহা-তেই সে জানিতে পায়, হঃবের উর্দ্ধে তাহার মওক, মৃত্যুর উর্দ্ধে তাহার প্রতিষ্ঠা। এই-রূপে সংসারের বিচিত্র অভিঘাতে, হঃথবাধার **শহিত নিরম্ভর সংগ্রামে যে আত্মার সমস্ভ** শক্তি জাগ্ৰত, সমস্ত তেজ উদ্দীপ্ত হইয়া উঠি-য়াছে, থেই আত্মাই ব্ৰহ্মকে ষ্ণাৰ্থভাৰে শাভ করিবার উত্তম প্রাপ্ত হয়—কুজ আরামের मर्सा, ट्रांगविनारमत मर्सा दर आचा क्रांप वाविष्ठे श्रेश बार्ड, उत्कात वानन जाशत त्रहेक्छ উপनिधम् वनिशाष्ट्रन-.न्दर् । "नाव्रमाचा रनशैरनन नजाः"—'এই जाचा

(জীবাত্মাই বল, পরমাত্মাই বল) ইনি বল-হীনের হারা লভ্য নহেন।' সমগ্র শক্তিকে সম্পূর্ণভাবে প্রয়োগ করিবার যত উপলক্ষ্য হটে, তত্তই আত্মাকে প্রকৃতভাবে লাভ করিবার উপার হয়।

এই জন্মই পূলোর পক্ষে পূলার যত সহজ,
মান্তবের পক্ষে মহারত তত সহজ নহে।
মহারত্বের মন্ত্র দিরা মাহানকে যাহা পাইতে
হইবে, তাহা নিজিত অবস্থার পাইবার নহে।
এইজন্তই সংসারের সমস্ত কঠিন আঘাত
আমাদিগকে এই কথা বলিতেছে—"উতিষ্ঠত!
জাগ্রত! প্রাণ্য বরান্ নিবাধত। ক্রুল্য
ধারা নিশিতা ত্রত্যয়া, হুর্গং পথত্তং ক্রুল্যে
বদস্তি!"—'উঠ, জাগ! বথার্থ গুরুক্ত প্রাপ্ত
হইয়া বোধলাত কর! সেই পথ শাণিত
ক্রুণারের ন্যার হুর্গম, ক্রিরা এইরূপ
বলেন।'

অভএব প্রভাতে যথন বনে-উপবনে পৃশাপরবের মধ্যে তাহাদের ক্ষ্প দম্পূর্ণতারে বিকশিত হইরা উঠিয়াছে, তথন মাহ্য আপন হর্গম পথ, আপন হংসহ হংথ, আপন বৃহৎ অসমাপ্তির গৌরবে মহত্তর, বিচিত্রতর আনন্দের গীত কি গাহিবে না ? যে প্রভাতে তরুগতার মধ্যে কেবল পুশোর বিকাশ এবং পরবের হিলোল, পাধীর গান এবং চায়ালোকের স্পান, সেই শিশিরধৌত জ্যোতির্দ্ম প্রভাতে মাহ্যবের সমূর্থে সংসার—ভাহার সংগ্রামক্ষেত্র—সেই রম্পীর প্রভাতে মাহ্যকেই বদ্ধাপরিকর হইরা ভাহার প্রভিদিনের হুরুহ জর্বটেরার পথে ধাবিত হইতে হইবে, ক্লোকে ব্রুপ ক্ষিয়া লইতে হইবে, স্থ্পহুংধের

উত্তাল তরকের উপর দিয়া তাহাকে তর্থী বাহিতে হইবে—কারণ, মানুষ মহৎ, কারণ, মনুষাত ক্কটিন, এবং মানুবের যে পথ, "হুর্গং পথস্তৎ কবয়ে বদস্তি।"

किन मः माद्रात मधारे यमि मः माद्रात শেষ দেখি, তবে ছ:খকষ্টের পরিমাণ অভাস্ত উৎকট হইয়া উঠে—তাহার সামপ্রস্য থাকে না। তবে এই বিষম ভার কে বছন করিবে ? क्ति वा वहन कतिरव १ किन्छ रयमन ननीत এক প্রান্তে পরমবিরাম সমুদ্র, অন্তদিকে खनीर्थ-छछ-निक्क व्यविदाय-वृक्षायान व्यवधाता, তেমনি আমাদেরও যদি একই সমত্রে এক-**मिटक उद्भाव मध्या विश्वाम ७ ज्ञामितक** .সংসারের মধ্যে অবিশ্রাম গতিবেগ না থাকে, তবে এই গতির কোনই তাৎপর্য্য থাকে না, আমাদের প্রাণপণ চেষ্টা অমৃত উন্মন্ততা **इ**हेबा नै। ज्ञाब अत्याद स्थाहे स्थानात्त्र সংসারের পরিণাম, আমাদের কর্মের গতি। শাস্ত্ৰ বৰিয়াছেন-ত্ৰহ্মনিষ্ঠ গৃহস্থ "বদ্যং कर्ष अक्कीं उ उद्वादिन नमर्गदार, ' दि द কর্ম করিবেন, তাহা ত্রন্ধে সমর্পণ করি-दन'--हेशां अकहे कारन कर्य **अवः विद्रां**म. टिहा थवः मास्ति, ज्ञांच थवः चानकः। देशांख একদিকে আমাদের আত্মার কর্ত্তর থাকে ও अञ्चितिक रायादन स्मर्टे कईरपत्र निःश्मात বিশার, সেইখানে সেই কর্ত্তবকে প্রতিক্ষণে বিসর্জন দিয়া আমরা প্রেমের আনন্দ লাভ কৰি।

প্রেম ত কিছু না দিরা বাঁচিতে পারে না। আমাদের কর্ম, আমাদের কর্মুর যদি একেবারেই আমাদের না হইত, ভবে একের মধ্যে বিস্কান দিতান কি চু ভবে তক্তি ভাহার দার্থকভাগাভ করিত কেমন করিয়া ? সংসারেই আমাদের কর্ম. আমাদের কর্ডত-তাহাই আমাদের দিবার জিনিষ ৷ আমা-দের প্রেমের চরম সার্থকতা হইবে.—যথন आमारित नमछ कर्य, नमछ कर्ड्ड शानत्न বৃদ্ধকে সমর্পণ করিতে পারিব। নতুবা কর্ম আমাদের পকে নিরর্থক ভার ও কর্ত্ত বস্তুত मः**मादात्र मामच ए**रेवा छेठित्य। স্ত্রীর পক্ষে তাহার পতিগ্রহের কর্মই গৌরবের. তাহা बानत्मत्र--- (म कर्म जाहात वसन नरह. পতিপ্রেমের মধ্যেই তাহা প্রতিক্রণেই মুক্তি-লাভ করিতেছে--এক পতিপ্রেমের মধোই তাহার বিচিত্র কর্ম্মের অথও ঐক্য, তাহার नानाष्टः (धर्व अक जानन-जन्मान,--- ब्राक्तत गः**गाति भागता यथन** ज्ञानत कर्य कर्तित. সকল কর্মা ব্রহ্মকে দিব, তথন সেই কর্মা এবং मुक्ति अकटे कथा रहेशा माँ ए। हेर्द, उथन अक उत्त जामात्मत्र गमछ कर्त्मात्र दिविका विनीन श्हेरव, ममन्न छः रथेत्र यकात्र धक्ति कानल-দলীতে পরিপূর্ণ হইয়া উঠিবে।

প্রেম বাহা দান করে, সেই দান বতই কঠিন হর, ততই তাহার সার্থকতার আনন্দ নিবিড় ইয়। সন্ধানের প্রতি জননীর জেহ ছঃধের ঘারাই সল্পূর্ণ—গ্রীতিমাত্রই কইখারা আপনাকে সমগ্রভাবে সংপ্রমাণ করিয়া কতার্থ হয়। ব্রন্ধের প্রতি বধন আমাদের প্রতি দাগ্রত হইবে, তথন আমাদের সংসারধর্ম ছঃধঙ্গেশের ঘারাই সার্থক হইবে, তাহা

আমাদের প্রেমকেই প্রতিদিন উক্ষল করিবে, অলঙ্কত করিবে;—এক্ষের প্রতি আমাদের আন্মোৎসর্গকে ছঃথের মূল্যেই মূল্যবান্ করিয়া ভূলিবে।

হে প্রাণের প্রাণ, চকুর চকু, প্রোজের त्यांक, मत्नद्र मन, आंभाद पृष्टि, अवन, **ठिखा.** আমার সমস্ত কর্মা, ভোমার অভিমুখেই অহরহ চলিতেছে, ইহা আমি জানি না বলিয়াই, ইহা আমার ইচ্ছারুত নহে বলিয়াই ছ:খ পাই। আমি সমস্তকেই অন্ধভাবে বলপুর্বক আমার বলিতে চাই-বলরকা হয় না-মামার किइरे थारक मा। निश्रितत पिक् रहेरछ, তোমার দিকৃ হইতে সমস্ত নিজের দিকে টানিয়া-টানিয়া রাধিবার নিক্ষণ চেষ্টায় প্রতি-দিন পীড়িত হইতে থাকি। আৰু আমি আর কিছুই চাই না, আমি আৰু পাইবার প্রার্থনা করিব না, আজ আমি দিতে চাই, দিবার শক্তি চাই। তোমার কাছে আমি আগুনাকে পরিপূর্ণক্লণে রিক্ত করিব, রিক্ত করিয়া পরিপূর্ণ করিব। ভোমার সংসারে কর্মের দারা তোমার বে সেবা করিব, তাহা নিরস্তর হইয়া আমার প্রেমকে জাগ্রত নিষ্ঠাবান করিয়া রাখুক্, তোমার অমৃতসমু-দ্রের মধ্যে অতলম্পর্ল যে বিপ্রাম, ভাহাও আমাকে অবসানহীন শান্তি দান করক। जुमि नित्न पित्न खात्र खात्र चामात्क भजनग. পারের ভার বিশবসভের মধ্যে বিকশিত করিয়া ভোমারই পূজার অর্যারূপে গ্রহণ কর!

বঙ্গমঙ্গল।

[খণ্ডকাব্য।]

প্রথম সর্গ।

(मजना ।)

অর্জন করিতে ষশ, কর্জন স্থকন
কেমনে গর্জন করি হেলায়ে তর্জনী
আদেশিল সাধুশীল সচিবপ্রধান
রিজলিরে রিজলিউশন লিখিবারে;
বর্ণির সে স্বর্ণকীর্তি। এ অর্ণবে হায়
কিরুপে উড়ুপে চড়ি পারি পার হতে?
ভূমি যদি হে ভারতি, নাহি ধর হাল ?
খাটুনিও নাহি বেশী পাটুনীর কাজে।
থাকিলেও ক্ষতি কিবা ? কার্যাহীন ভূমি
হবেই ত অচিরাৎ নুতন বিধানে;
আগে থেকে দাঁড়-টানা শিখে রাধা ভাল।
পার কর বীণাপাণি, কাব্য-কালাপানি।

হিমালরে সিমলার তৃক্ষপৃত্ব যথা ।
নির্কনে মার্জন করে পর্যন্ত আপনি,
কর্জন বসিরা তথা কনক-আসনে
ভাষেন অমৃতবাণী বাণী-বিড়ছিনী,
সম্ভাষি সচিবে, মিজে, পাজে, কোতোরালে।
"বিদারিতে ভারতীরে মাক্ষতির রবে,
পূর্ব আজি আয়োজন; চূর্ব আলোলন।
হে পাত্র! পড়িরা শাল্ল গাজে দাহ কারো
নাহি হবে; রবে সবে নীরবে জগতে।
ছল-ধরা রোগে ধরা ছিল প্রাপীড়িত,
পূপ্ত হবে ভাহা শুপ্ত-বিধির প্রচারে;
ভবে মিজ, নেত্র আজি উৎস্কল উল্লাসে।

শাস্তির কুলিশ দিব পুলিসের হাতে;
আঁট ঢাল, কোভোরাল, শ্রীঅঙ্গ মণ্ডিরা।
সচিব! রচিব আমি অস্ত নব-বিধি,
ঠাণ্ডা করি দেশ; তুমি পাণ্ডা হও তার।
শুনি সে অমৃতবাণী জয়ধ্বনি করি
উঠিল সচিববৃল; বন্দী গাহে গান।

(वनीत शान।)

করিয়ে দরবার

জেরবার

করেছ রাজাগণে।

রহিবে নামছাপা

(ধামাচাপা)

পুলিদ কমিশনে।

इंडेनिवद्गिति,

বরষ্টি

অন্ত না বেতে বেতে,

করিবে ভারতীর

মতি স্থির,

কুলোর বাতাসেতে।

५१ विन थुनि'

বিল্কুল্-ই

মহিমা জারি হোলো।

প্রভুর জয়গানে

একতানে

नकान इति वाना।

দ্বিতীয় **সর্গ।** (উন্মোগ।)

"সধুমাথা ইতিবৃত্ত প্রত্নতে জারি
করিলে সচিব তৃমি; বাঁচিল বাঙালী।
জঙ্গ বঙ্গ কলিঙ্গ যে ছিল তিন দেশ;
একসঙ্গে বঙ্গে তার শাসন গর্হিত।
বিশেষ বঙ্গের লোক বড় কথা কর
ঝালাপালা করি' কর্ণ। জালা দূর হবে,
কথা বন্ধ কর যদি কবন্ধ করিরা।"
উচ্চারিরা কথাগুলি হত্তে ল'রে ছুরি
'দক্ষ সার্জনের মৃত্ত দীড়াল কর্জন।

কহিলা সচিব তবে বুক্ত করবুগে :---"ছत्रि रहित छति थाए। यनि ७८ठ कैनि ; কিবা যদি ধড হ'তে বতন্ত্ৰিতে মাথা শহা হয় প্রাণে তার ? কি হইবে প্রভূ ?" वर्षि वमनाय लक छ९ मनावहन. কহেন খেতাল-পতি :-- "অলচ্ছেদ অতি সোজা কথা; মজা ওতে আছে বছবিধ। উছাতে চীৎকার করা ভাবপ্রধানতা। বৈজ্ঞানিক জাতি মোরা, শিখাব এবার, থাকে প্রাণ, ধড়-মুগু বিভক্ত করিলে। যতটকু যাবে কাটা, ঠিক ততথানি এনে দিব अञ्च দেহ হইতে कांग्रिश ; সবপ্তলা হবে ভাজা সমান সমান। বছ হতে কাট বছ:-প্রত্যঙ্গ ও সেট।। क्रिक किक कुष्ठि उदकरमंत्र मार्थ কর নৰ-দেহ-সৃষ্টি। ভাষার একতা অভান্ধ আশুর্ঘাক্রপে হইবে সাধিত।" "তথান্ত" বলিয়া সবে, শির করি নত-রত হল নব-বিধি করিতে প্রচার। हकादा त्मिनी काटि। उठिन त्मानबः वृद्धिशीन-वज्ञभूर्य, अन्नरम्बन्धाः ।

(द्रामनश्दनि ।)

মাথাটা কাটা গেলে

বাঁচিৰ জানি থাট

শোভিব নব ডালে,

(महते। मिर्म हाँ है।

मक्न हरव बामा,

वित्नव चार्ड काना ;

वक्रान भारव बाना,

অব্দের হুটো ডানা।

जरवाथ त्यात्रा करणां,

कॅंक्टिका बदि छन् :

বঙ্গটা বজে রাখে। করুণা করি প্রভূ।

তৃতীয় সর্গ। (দিদ্ধি।)

—তুণকচ্চন-

শাধ্য কার আজি তার স্থায়-কার্য রোধিবে ?

মাধ্য কার আজি তার স্থায়-কার্য রোধিবে ?

মাধ্য কার আজি তার স্থায়-কার্য রোধিবে ?

মাধ্য কার আজি তার স্থায়-কার্য রোধিবে ?

কার্য কার — কেন্ঠ তার গাইল।

ক্র্য-নেত্র পাত্রমিত্র লক্ষ্যক কাঁপিল।

রাজ্য কার্য গণ্ড ভাইকেল তার হুঃথ কি ?

থপ্ত-শৃক্ত জেদ-পূর্ণ রৈল লাট-বাক্যাট।

দেব সর্ব্ব লাট-গর্ব হেরি পুলা বর্ষিল;

বঙ্গ-মুপ্ত দেহ-পিপ্ত ছাড়ি ভূমি পর্শিল।

ক্রম্ব কল, কর্ম সাক্ষ; লাট ঘাড় নাড়িল।

ভূপকের ছন্দ তের বর্ণনার বাড়িল।

माथांका (शन यरव, ভাবে দবে त्मरुठा ठाखा ! সংগোপনে (कइ वा छाटव मत्न গেছে বা প্রাণ্টা। **উড़ের** মাথা **क्**एं मिन शरफ, তবুও নড়ে না! আসাম দিল খাসা লখা নাসা, খাদ যে পড়ে না। টিপিয়া নাড়ী তার ফেরেকার करहन नाउँदक, भाव बिट्ड " आवाम (मर्डिएक यावाठा चाउँदक ?" কহেন লাট বে সে কড়া চাবে:—

"কোরো না বিজ্বিজ্!

জুড়িয়া দিলে মাথা, রবে কোথা
ভামার Prestige ?"

খণ্ড হ'ল বহুদেশ,
থণ্ডকাব্য হ'ল শেষ;
বহুৰের মঙ্গল আজি সাধিল কর্জন।
শ্রীবঙ্গমঙ্গল গায় বঙ্গবাসী জন।
শ্রীবিজয়চন্দ্র মজুমদার।

সার সত্যের আলোচনা।

দার দত্যের আলোচনা একপ্রকার দাগর-মন্থন। তাহার সংক্ষোভে একদিক্ হইতে ष्मुष्ठ এवः षात-এकिषक इटेट्ड श्लाश्ल, इरे पिक् रहेटा इरे महाटा क्यी वस वर्धा द হইরা পড়ে। দেবতারা হলাহলকে অমৃতের গুণে অমৃত করিয়া তোলেন; অহরের। चमुछ्दक स्नाह्तव खर्ग स्नाह्न कतिया তোলে। অমৃতও বেমন, বিষও তেমনি, इरेहे जाल, इरेरे मन्त्र। मन्यावशास्त्र इस्ड **१हेरे जान ; अमन्**यायशास्त्र श्रुष्ठ श्रुरे भना। বিষকে সোপান করিয়া অমৃতে উত্থান করা হইলে বিষের সদ্যবহার করা হয়; এরপস্থলে বিষ পুরই ভাল। পক্ষাস্তরে, অমৃতকে সোপান করিয়া বিষে অবভরণ করা হইলে অমৃতের অস্থ্যবহার করা হয়; এরপত্তে অমৃত विद्यब्रेटे मदशानत । विष कि ? मा, चन्छ-कनाइ --বিচ্ছেদ- এবং ছ:খ-তাপ। অমৃত কি ?

না শাস্তি, ঐক্য এবং আনন্দ। এ তো গেল ভাবের কথা; কাজের কথা হ'চে এই যে, বিষকে জয় করিয়া অমৃতকে লাভ করিতে হইবে, যুদ্ধবিগ্রহের মধ্য দিয়া শাস্তিতে হইবে, বিজ্ঞানময় কোষের মধ্য দিয়া আনুন্দময় কোষে 'উত্থান করিতে হইবে।

বিজ্ঞানময় কোষ স্ক্রপরীরের চরম সীমা-প্রদেশ। তাহার পরেই আনন্দময় কোষ। বিজ্ঞানময় কোষের অধীখরী হ'চেচন বুদ্ধি।

বিগত প্রবন্ধে দেখানো ইইরাছে খে, বৃদ্ধির প্রধান অঙ্গ চুইটি— সামাঞ্জ-জ্ঞান এবং বিশেষ-জ্ঞান। আর, সেই সঙ্গে এটাও দেখানো ইইরাছে খে, সামাঞ্জ-জ্ঞানে আ্থান সন্তা প্রকাশ পার এবং বিশেষ-জ্ঞানে বন্ধসন্তা প্রকাশ পায়। সামাঞ্জনান এবং বিশেষ- জানের মধ্যে খ্বই যুদ্ধ চলিতেছে—মাদ্ধাতার আমল হইতে যুদ্ধ চলিতেছে। আত্মসত্তা এবং বস্তুসভা'র মধ্যেও তথৈবচ। দর্শনরাক্ষ্যে যতপ্রকার বিবাদ-কলহ এবং প্রতিদ্দিতা ঘটিয়াছে এবং ঘটতেছে—যেমন সামাম্য-বিশেষের মধ্যে প্রতিদ্দিতা, আত্মসত্তা এবং বস্তুসভা'র মধ্যে প্রতিদ্দিতা, কার্য্য এবং কারণের মধ্যে প্রতিদ্দিতা, কর্ত্তা এবং কেরের মধ্যে প্রতিদ্দিতা, কর্ত্তা এবং করের মধ্যে প্রতিদ্দিতা, এবংবিধ সমস্ত প্রতিদ্দিতা'র গোড়া'র স্ত্রে হ'চেচ বিজ্ঞানের ভেদবৃদ্ধি। সেই ভেদবৃদ্ধিকে কর করিয়া আনন্দময় কোষের সামঞ্জপ্ত, শাস্তি এবং আননন্দময় কোষের সামঞ্জপ্ত, শাস্তি এবং আননন্দ সমুখান করিতে হইবে। ইহারই নাম বিষকে কয় করিয়া অমুতে উখান করা।

ভেদবৃদ্ধিটি সামান্তা নারী নহেন-তিনি বিজ্ঞানময় এবং আনন্দময় কোষের সন্ধিস্থানে নির্নিদ্র-নয়নে পাঁহারা দিতেছেন। যাত্রী বারে উপস্থিত ইইবামাত্র তিনি বলেন— "দাঁড়াও। কে তুমি--অৰৈতবাদী না দৈত-বাদী ? সাকারবাদী না "নিরাকারবাদী ?" याकी यमि बरन-" आमि अदेवज्यामी," তবে তাহাকৈ তিনি অতলম্পর্ণ সমুদ্র দেখা-हैया बालन-"शनाय भाषत वाविया के ठाँह बांन (मंड)" याजी यमि, बरन-"आमि देवछ-वानी." তবে গ্রই দিকের গ্রই প্রবল স্রোতের মধাবতী খুণাচক্র দেখাইয়া তাহাকে বলেন-"वेशान या ।" याकी यनि वतन-"आमि गाकातवाणी. ज्द जाशांक जिनि कार्छ-लाइ-भाषान दम्बाहेश वरनन-"अवादन शिशा गांथा (गाँए)।" - बाजी वनि वरन-"आमि নিবাকারবাদী," ভবে ভাহাকে ভিনি প্রশ-

লিত হতাশন দেখাইয়া বলেন—"উহার মধ্যে ঝাঁপ দিয়া পড়িয়া ধোঁয়া হইয়া আকাশে मिनिया या । " এ-वानी हे इछन, अ-वानी हे হউন, আর যে-বাদীই হউন—ভেদবৃদ্ধির বঞ্জ-কটাকে পড়িনে বাদি-প্রতিবাদী উভয়েরই প্রাণ-সংশয় উপস্থিত হয়। ভেদবৃদ্ধির হস্তে সতাবাদী বাতীত আর কোনো বাদীরই পরিতাণ নাই। যাত্রী যদি সতাসভাই অমৃত-নিকেতনের প্রয়াসী হ'ন, তবে তাঁহার কথা স্বতন্ত্র। তিনি বলেন—"অদৈতবাদ কাহাকে বলিতেছ, তাহাও আমি জানি না: ধৈতবাদ কাহাকে বলিতেছ, তাহাও আমি कानि ना-कानिएक ठाहि-७ ना; वामि এখানে বাদাবাদ করিতে আসি নাই-পথ ছাড়ো!" এই বলিয়া তিনি ভেদবৃদ্ধিকে পশ্চাতে ঠেলিয়া-ফেলিয়া সম্মুখে অগ্রসর হ'ন, আর, তৎক্ষণাৎ তাঁহার জন্ম অমৃত-নিকে-তনের দার উন্মুক্ত হইয়া যায়।

গাশ্চাত্য-পণ্ডিত-মহলে সামান্ত-জ্ঞান এবং
বিশেষ-জ্ঞানের মধ্যে যুঝাযুঝি আরম্ভ হইরাছে
কখন হইতে

 বিজ্ঞান-স্থ্যোদ্যের বছপুর্বে

সারা-ইউরোপ যে সময়ে মধ্যমান্তের তামসী
রজনীতে নিমগ্ন ছিল, সেই সময় হইতে ।
তথনকার কাল ছিল মঠধারী সন্ন্যাসী পণ্ডিতগণের প্রাহ্রভাব কাল। সেই সময়ে, সামান্তজ্ঞান বিশেষ-জ্ঞানকে রাজ্য হইতে বহিষ্কৃত
করিয়া-দিয়া বলপুর্বক সিংহাসনে চাড়িয়া
বিলি।

সামান্ত-জ্ঞানের বিষয়গুলা আবছায়া-রকমের পদার্থ।দেখিলে মনে হয়, একপ্রকার ভূতের নাচ। সেগুলা নির্বিশেষ-শ্রেণীর বস্তু কাঁকা বস্তুল বা ফ্রিকা।ধেমন—সাধারণ

वुक्त । वहेवूक नरह, अध्यववृक्त नरह, अविध নছে, বনস্পতি নছে, কোনোপ্রকার বিশেষ वक नरह: अवह वका शिक्षंत्र वका নির্বিশেষ বৃক্ষ! পাশ্চাত্য মধ্যমান্দের একদল পঞ্জিত বলিতেন যে, বিশেষ বিশেষ বৃক্ষ থেমন বান্তৰিক পদাৰ্থ, নিৰ্বিশেষ বৃক্ষও ঠিক্ তেমি-ভরো একটা বাস্তবিক পদার্থ: ইঁহাদের नात्वनाधिक नाम ছिन-वञ्चवानी Realist। আর-একদল পণ্ডিত বলিতেন--নিবিশেষ বুক্ একটা মানসিক ভাবমাত্র, তা তাহা দুখ্যমান বুকের **T**I বাস্থবিক भनार्थ नरहः ईंशामत्र সাম্প্রদায়িক নাম ছিল ভাববাদী conceptualist। তৃতীয় আর-একদল পণ্ডিত বলিতেন-নির্বিশেষ বৃক্ষ मुखंबान वृत्कत जाब वाखविक भगार्थं नरह, মন:ক্রিত আম্রুকের স্থায় মানসিক ভাবও नद्द। निर्वित्मय त्रक ७४ूहे-त्करण এकটा देशास्त्र माध्यमाप्रिक नाम हिन তিনদল পণ্ডিত পরস্পরের नायवाली। विक्राक त्कामत्र वाधिया गूरक मांज़ाहरनन-

- (>) वखवांनीत्र मन,
- (२) ভাববাদীর দল,
- (७) नामवानीत मन।

সামান্ত-জ্ঞানের রাজ্যমধ্যে রাষ্ট্রবিপ্লব উপস্থিত হইরা লাজ্য ছারথার হইতে লাগিল। বেমন কর্ম তেমনি ফল! বিশেষ-জ্ঞান সামান্ত-জ্ঞানের সহোদর প্রাতা। সামান্ত-জ্ঞান আপনার সেই প্রাতাটিকে রাজ্য হইতে বহিছত করিয়া দিরাছে! এ পাপের ফল হাতে-হাতে কলিবে, ভাহাতে আর আশ্চর্যা কি? সামান্ত-জ্ঞানের রাজ্য বধন রসাতলে বাইবার উপক্রম হইডেছে, সেই মুখ্য সমর্লিতে বেকন

ज्याश्चर्ग क्तिरागा। त्वकन् विरागतः कानरक বেকনের লেখনীর ক্রিতাইয়া দিলেন। চোটে ক্তবিক্ত হইয়া সামাক্ত জান বেক-त्नत्र भत्रण योक्ता कत्रित्मन। त्वकन् श्रहे ভ্রাতাকে ডাকিয়া আপনাদের মধ্যে রাজ্য আধাকাধি ভাগ করিয়া লইবার ব্যবস্থা বিশেষ-জ্ঞানের ভাগে পড়িল ব্যাবহারিক সত্য; সামান্ত-জ্ঞানের ভাগে পড়িল পারমার্থিক সভা। ছই ভাতার इरे পृथक् त्राका रहेन वर्षे, किन्त इरे त्रारकात शीमा-निर्मम नहेश माहात्र मत्था विवाप वाफिन वह कमिन ना। मञ्जनत्यर्ध कार्के হুই রণোগ্যত ভ্রাতার মাঝখানে পড়িয়া বিবাদ भिष्ठाइएछ (शलन; नाएडत मध्य बहेन क्वन - इहे फिक् इहेट शोठां पूँ ि शहिबा विवाना-নলের চতুর্গ প্রজ্বন। একা-বীর কান্ট্ কি कत्रित्वन ! ठाँशात्र (माय नाई ! छिनि हित्नन शाफ-शाफ नजा थिय - विवान थिय जानरवरे না। তিনি দেখিলেন বে, আসলে ছই দলের मध्य विवासित कारना कात्रम नाहे। सिथ-লেন যে, এক ই'সত্যের' একদল পণ্ডিত দেখিতেছেন এ-পৃষ্ঠ, আর-একদল পশ্তিত দেখিতেছেন ও-পৃষ্ঠ। ভারতবাসী হিমা-नरमञ्ज निक्- भूरकेत थांक अकुनिनिर्मम করিয়া বলিতেছে, ইহাই হিমালয় ; তিক্ত-ৰাসী হিমালয়ের উত্তর-পৃঠের প্রতি অঙ্গুলি-निर्मि कतिया विरक्षक, इंहाई हिमालय। कि इ शिमानदात इटे शृंह कि हु-आत इटे श्मिलय नरह। शिमालतम पूरे शृं अकरे विमानारम् इरे गृहं। इरेल इरेट कि-সারা-ইউরোপ ভেগবৃদ্ধির প্রধান কটলা-हान। এका-त्रवी, कान्डे क-तिक नाम्गारे-

বেন ? দেবামুগ্রহে কাণ্টের মনোমধ্যে অভেদ-জ্ঞানের অঙ্কর গঙ্গাইয়া উঠিয়াছিল, কিন্তু তাহা বাড়িতে পাইল না। চারিদিকের ভেদবৃদ্ধির কাঁটা-বনের পালায় পড়িয়া তাহা মাথা তুলিতে-না-তুলিতেই কণ্টকাঘাতে মুদ্রিয়া,পজিল। কাণ্টের আসল ভিতরের কথাট যে কি, তাহা তিনি নিজেই বলিয়া-তিনি স্পটাফরে বলিয়াছেন-Thoughts without contents empty, intuitions without concepts are blind। ইহাতে প্রকারাস্তরে বলা হই-য়াছে যে, বিশেষ-জ্ঞান ব্যতিরে ক সামগু-জ্ঞান কাঁকা, তথৈব, সামাজ-জ্ঞান ব্যতিকে বিশেষ-জ্ঞান অন্ধ। পাত্তপ্রল-বোগণ্ডে প্রজ্ঞার একটা বিশেষণ দেওয়া হইষাছে ঋতন্তরা | সতা-ভরা जानरे खान; जा वरे, फाँका-जान ९ (गमन, অক্সজানও তেম্বি, তুইই অজানেরই নামা-স্তর। তবেই হইতেছে বে, বিশেষ-জ্ঞান राजित्तरक मागान्य-छान छानटे नरह; उरैथव, गामाग्र-कान वाजिद्यदक वित्यय-कान कानरे নহে। কাল্ট এটা বেশ্ ব্ৰিয়াছিলেন যে, কাগচের বেম্ন ছই পৃষ্ঠ-জ্ঞানেরও তেমনি 'হই পৃষ্ঠ। একপিট-ওয়ালা কাগচও অসম্ভব, এক পিট-ওয়ালা জ্ঞানও অসম্ভব। इंट्रेंट इंड्रेट्र कि - काल्डिंग मतामत्था यथनि অভেদজ্ঞান মাথা তুলিয়াছে, তাহার পর-কণেই ভেদবুদ্ধির শিশাবৃষ্টিতে তাহা ধরা-বপুটিত হইরাছে। ভার সাক্ষী--

শভেদ-জ্ঞানের উদ্মেষ।

"The understanding cannot see, the senses cannot think; by their union only can knowledge be produced.—বৃদ্ধি প্রত্যক্ষ করিতে পারে না, ইন্দ্রিয় চিন্তা করিতে পারে না; চ্রের ঐকাস্থতেই জ্ঞানের উৎপত্তি সম্ভবে।

ভেদবৃদ্ধির আক্রমণ।

But this is no reason for confounding the share which belongs to each in the production of knowledge. On the contrary, they should always be carefully separated and distinguished.—জ্ঞান যদিচ ইন্দ্রিয় এবং বৃদ্ধি হয়ের সংযোগাত্মক ঐক্যের উপরে ভর করিয়া দাঁড়াইয়া থাকে, কিছ তা বলিয়া টোহার (অর্থাৎ ইন্দ্রিয় এবং বৃদ্ধির) ছই পৃথক্ শ্রেণীর কার্য্যকারিতা'কে একসঙ্গে জড়াইয়া থিচুড়ি পাকাইবার কোনো কারণ নাই, পরস্থ জ্ঞানের উৎপাদনে কাহার কিরূপ কার্যাকারিতা, তাহা পৃথক্ করিয়া অবধারণ করাই শ্রেয়ঃকল্প।

বলা বাহুল্য যে, কাণ্ট্ শেষোক্তপ্রকার
অসাধ্যসাধনে অর্থাৎ হয়ের হুইতরো কার্য্যকারিতার পার্থক্য-সাধনে কতকার্য হুইতে
পারেন নাই। কেমন করিয়াই বা পারিবেন ?
তিনি তো আর সিদ্ধপুরুষ নহেন। এ কথা
খুবই ঠিক্ যে, ছুই হাত নহিলে তালি বাজে
না; কিন্তু সেই তালির উইপাদনে ছুই হাতের
কাহার কিরূপ কার্য্যকারিতা, তাহা তালিধ্বনির মধ্য হুইতে খুঁজিয়। বাহির করা বড়ই
কঠিন। কাণ্ট্ বলিয়াছেন—জ্ঞানের মূল
উপাদান ছুই ভাগে বিভক্ত—দেশকালের
বৈচিত্তা এবং সংবিতের যোগপ্রধান একস্ব .

Synthetic unity of apperception ।
তাহার মধ্যে দেশকালের বৈচিত্তা ইক্রিয়ের .

(मुख्या, आंत्र, मिहे · देविहित्वात्र मस्या (म এक নিরব্দ্নির ধোগতত বিতত হইয়া সংবিতের একত্ব প্রতিপাদন করে, সেই খোগস্ত্রটা वृद्धित रमञ्जा। कान्छे रमनकारमत देविहेबारक ইক্রিয়ের ফাটকে আটক করিয়া রাথিবার মানদে সেই প্রবল অশ্বটাকে বুদ্ধিকেত হইতে বলপূর্বক টানিয়া রাখিতে কত-না চেষ্টা পাইয়াছিলেন। কিন্তু ছদান্ত অমটা কিছতেই বাগ মানিল ন।। কাণ্টের অভিপ্রায়-মতে দেশকাল গোড়ায় ছিল form of the senses ইক্রিয়ের গ্রহণ-ক্ষেত্র, চরমে হইল pure intuition বৃদ্ধি-বুদ্ধির অধ্যবসায়-কেত্র। ইহাতে স্পট্ই বুঝিতে পারা যাইতেছে যে, কাণ্ট ইব্রিয় এবং বৃদ্ধির মধ্যে অলজ্যনীয় প্রাচীর সংস্থাপন করিতে প্রশ্নাস পাইশ্লাছিলেন যথেষ্ট --কিন্তু ভাহাতে তিনি কৃতকাৰ্য্য হইতে পারেন নাই। এই এই স্থলে কাণ্ট্ ভেদ-বৃদ্ধির পক্ষ গ্রহণ করিয়া অভেদজ্ঞানের বিক্রছে मखायमान इटेब्राएइन ; आत्र, मिटे मार्यरे অক্তান্ত স্থলে তিনি ভেদবৃদ্ধিকে পরাজয় করিয়া প্রক্রুত সত্যে পৌছিতে প্রাণপণ চেষ্টা कतिया । अजीहेकल विकार स्टेशास्त ।

ভেদবুদ্ধি ভাল বই মন্দ নহে; কেন
না, গোড়ায় তাংক আবশুক। কিন্ত তাহা
বে-ক্ষেত্রে বে-পরিমাণে আবশুক, সেই
ক্ষেত্রে সেই পরিমাণে ভাল, তাহার
অধিক পরিমাণে ভাল নহে। তা ছাড়া,
ভাহা গোড়ায় ভাল, কিন্ত চরমে ভাল নহে।
ভেদবুদ্ধিকে সোপান করিয়া অভেদ-জ্ঞানে
উত্থান করিতে হইবে—এটা বথন স্থির, তথন
কাকেই সোপানের ব্যবস্থা-পারিপাট্যের জন্ত

टिल द्कि थू वहे जान। टिल द्किटक त्रानान ভাল, কিন্তু গমান্তান করা ভাল ভেদবুদ্ধিকে সোপান বর্তমান বৈজ্ঞানিক যুগ বা কলকারখানার যুগ বা কলীয় যুগ বা কলিযুগ এ-যাবৎ-কাল উন্নতি-লাভ করিরা আসিয়াছে; একণে, ভেদ-বুদ্ধিকে গম্যস্থান করিয়া হুর্গতির দিকে পদ-নিক্ষেপ করিতে মারন্ত করিয়াছে। অধুনা-তন স্থসভাষাত্র সমাজে উচ্চ-নাচের প্রভেদ, ধনি-দরিদের প্রভেদ, পণ্ডিত-মূর্ণের প্রভেদ, আধ্যাত্মিক-আধিভৌতিকের প্রভেদ, মাত্রা ছাডাইয়া সপ্তমে উঠিয়াছে। ७ शटन মিথা৷ এবং কৃত্তিমতার বালির বাঁধের উপরে নিলজ্জভাবে মাথা উচা করিয়া দাড়াইয়া রহিয়াছে। - ব্রাহ্মণ-সভ্যতা গিয়াছে, ক্ষত্তিম-সভ্যতা (chivalric সভ্যতা) গিয়াছে, একণে আসিয়াছে বৈশ্ব-সভাতা (Mercantile সভ্যতা)। ইহার পরে হয় তো আসিবে শুদ্র-সভ্যতা---সেই পামরিণী সভ্যতা, যাহার মূল মন্ত্র হ'চেচ শক্তের হাসত এবং অশক্তের উপরে প্রভূষ। তাহার পরে পূর্বদিকে যথন ব্রাহ্মণ-সভাতার অরণ-জ্যোতি দেখা দিবে, তথন কলির রাতি পোহাইবে—ইহা বিধির লিখন। বলিলাম "ব্ৰাশ্বাণ-সভাতা"। পাঠক হয় তো মনে করিবেন যে, মহুর আগশের সভাতা'র প্রতি ককা করিয়া তাহাকেই বল হইতেছে ব্রাহ্মণ-সভ্যতা। পাঠক আমাকে क्रमा कतिर्दन-मृत्वहे ना। मञ्जूत नगरम ব্রাক্ষণ-সভাতার অস্তিমদশা খনাইয়া আসিয়া-ছিল, তাহা অব্ৰাহ্মণোচিত বিধানব্যবস্থাতেই সপ্রকাশ। শুদ্রের গ্রন্তি মর্ন্মান্তিক বিষেষ बाद्यानरपत्र नक्षण करें। मुद्यान करने द्वा-

শব্র প্রবেশ করিলে ত্রবীভূত তপ্ত শীষা দিয়া কর্ণে ছিপি আঁটিয়া-দেওয়া দোর্দগুপ্রতাপ রাজার বিধান হইতে পারে-কিন্ত তাহা ব্রন্ধনিষ্ঠ ব্রান্ধনের বিধান হইতে পারে না। যথন সরস্তীনদীর মুথে অবশুঠন চিল না-যথন জাতিভেদ রাজ্ঞাসনের আজ্ঞাধীন ছিল না যথন পবিত্র ব্রহ্মজ্ঞান चटेव उवान-देव उवान. माका त्रवान-निताकात्र-বাদ প্রভৃতি বাদাবাদ এবং মতামতের সংগ্রাম-ক্ষেত্র ছিল না, পরস্ত সর্বলোকের মঙ্গল-কামনার উৎস ছিল--দেই সময়ে যে এক দেবস্থার সভাতা ব্রমাবর্ত্তর মুখনী উজ্জ্ব করিয়া পৃথিবীতে অবতীর্ণ হইয়াছিল, তাহারই প্রতি লক্ষ্য করিয়া আমি বলিতেছি যে, রাত্রি ণোহাইবার সময় পুর্বে তাহা উদয়াচলে মভ্যুখান করিয়াছিল, এবং রাত্রি পোহাইলে यावात जांश উनग्राह्म बज्राथान कतित्व।

এথনকার কালের রাক্ষণী সভ্যতা ভেদবৃদ্ধির বালির বাঁধের উপরে প্রতিষ্টিত। এ সভ্যতা কল-কারথানার সভ্যতা; দয়াধর্মের সভ্যতা নহে। ধর্মের সভ্যতা নহে। ছেদবৃদ্ধি সোপানমাত্র: তা বই, তাহা গমাস্থান নহে। অভেদ-জ্ঞানই গমাস্থান। কিন্তু ভেদবৃদ্ধি এক্ষণে সোপান হইয়াই সম্প্রাথ মানিতেছে না; ভেদবৃদ্ধি এক্ষণে আপনাকে গমাস্থান এবং আদর্শ করিয়া দাঁড় করাইতে প্রাণপণ চেষ্টা করিতেছে; মরিবার পুর্বের্ধ মরণ-কামড় দিবার জ্ঞা বিকট দশন বাৃহির-করিতেছে। সর্ব্ধনাশকের দলবল (Nihilistএর দলবল) গোকুলে বাড়িতেছে। এ সভ্যতা মার্লাচন্ত্রাক্ষনের মাতা মরীচিকা; বৈহাতী তত্ত্বী মারামুগ; রেলগাড়ি পুলক-

বিমান। প্রকৃত সভ্যতা হ'চেন মনুষ্যখ-রূপিণী দীতাদেবী। সে দীতাদেবী একণে কোখার ? তাঁহার পরিত্যক্ত অল্কার ভারতের পর্বতে-প্রাস্তরে, অরণ্যে-নগরে, প্রামে-পল্লীতে ধূলায় পড়িয়া কাঁদিতেছে। রেলগাড়িতে চড়িয়া ক্রতগমনের জন্ত অথবা বৈহ্যত আলোকে রাজিকে দিন করিবার জন্ত किছ- यात मञ्चा रहे इब नाहे। मञ्चात মহুধ্যত যদি গেল; দ্যাধর্ম গেল-সভ্য গেল — ग्रात्र (शल-क्रमा (शल; वर्शलानुभक् ध्वरः নীচ্ছ যদি সভ্যতার আদশ-পদ্বীতে নিশান তুলিয়া দণ্ডায়মান হইতে লজ্জিত না হইল: তবে বৈহাতী ভন্তীতেই বা কি হইবে, রেল-গাড়িতেই বা কি হইবে ! সংবাদপত্র-সহস্তের মিথ্যা-গর্বোক্তি রাক্ষদী সভ্যতাকে দৈবী সভাতা করিয়া গড়িয়া তুলিতে পারে— Devilizationকৈ Civilization করিয়া গড়িয়া তুলিতে পারে; কিন্তু তাহা করিয়া লাভ কি ? সতা কি এতই লঘু-সামগ্রী যে, তাহা সংবাদপত্তের উল্টীরিত মিথ্যার ঝঞা-বায়ুতে উড়িয়া যাইবে :

প্রকৃত কথা যাহা বক্তব্য, তাহা এই—
তেদবৃদ্ধি খুবই ভাল যদি তাহা সোপান
হইয়াই কান্ধ থাকে; কিন্তু যদি তাহা গম্যহানের উচ্চশিথরে শাঁড়াইয়া আপনাকে
আদর্শরূপে প্রতিপাদন করিতে চেষ্টা ,করে,
তবে তাহা ভয়ানক কালকুট। প্রসক্তমে
এবারে কতকগুলা মনের আক্ষেপ লেখনার
মুথ দিয়া বাহির হইয়া পড়িল। বারাভ্তরে
স্ক্রশরীর হইতে কারণশরীরে—বিজ্ঞানময়
কোষ হইতে আনক্ষময় কোষে প্রয়াণ করিবার পথা অবেষণ করা ঘাইবে।

बिचिटकस्माप ठाकूत्र।

গ্রন্থ-সমালোচনা।

·DIDENCH

জননী-জীবন।—- শীবিপ্রদাদ ু মুখো-পাধ্যার প্রণীত। মূল্য ॥ ४ - দশ আনা মাত্র।

অসাধারণ মানবচরিত্রক্ত নেপোলিয়ন ৰলিতেন, ফ্রান্সের মঙ্গল ও গৌরবের জন্ত स्माजात छात्र अरहाकनीत्र आत किहूरे नरह। ७४ क्वांका विविद्या (कन, जकन (मन, जकन সমাজের সম্বন্ধেই এই কথা প্রযোজ্য। শৈশ-বের শিক্ষা মাতার উপরই নির্ভর করে, এবং देनमद्यत्र निकारे मकल निकात मृल। त्ररे नमदः य तीक उथ इत्र, जाहात कल कीवन-ব্যাপী, জীবনান্তস্থায়ী। স্বতরাং সমাজমাত্রেরই मकरनद कन य-कननीत (यमन अरबाकन, এমন প্রয়োজন আর কিছুরই নহে। কেমন করিয়া সুমাতা ..হইতে হয়, কেমন করিয়া শিশুপালন করিতে হয়, কোনু কোনু বিষয়ে সতত সাবধান হইতে হয়, স্লেহাধিকাবশত জননীপণ কি কি ভুল সচরাচর করিয়া शांद्यम, এই मक्न अवः अहेक्रभ विषः ब्रद्र অনেক সহপদেশ এই পুত্তকে সল্লিবেশিত হইয়াছে। স্তরাং পুত্তকথানি যে স্ত্রীলোক-মাত্রেরই পাঠা, এ কণা অনায়াদেই বলা বাইতে পারে। ভাষা সরল ও প্রাঞ্জল, কিন্ত কতকটা শিথিণতা পরিদৃষ্ট হয়। তবে, এমনও হইতে পারে যে, পুস্তকথানি স্ত্রীলোক-দিসের জন্ত লিখিত বলিয়া থানিকটা অনা-ব্রুক বিভার গ্রন্থকার প্রয়োজনীয় বলিয়া विष्कृतां कत्रिशांक्रित ।

ছই-এক-ছলে অসক্তিদোষ দৃষ্ট হয়।
"কমসের মধু থেরে মন বার ভূলে।
সে কি আর উড়ে বার শিমুলের কুলে!"

এই প্রকার পৃত্তকে এ রকম কবিতা সাজে না। গ্রছকার যে হিসাবে ইহা উদ্বৃত করিয়াছেন, কবিতার অর্থ তাহা নহে।

আনুচধারা। প্রীঅমুক্লচক্ত মুখোপাধ্যার প্রণীত। মূল্য । ৮০ ছর আনা মাত্র।
কেহ কেহ জীবিতাবস্থাতেই নিজের
সমাধি-প্রস্তর-লিপি লিখিয়া রাখেন। পত্নী
জীবিত থাকিতেই তাঁহার তিরোভাব করন।
করিয়া অমুক্লবাবু বিরহের কালাটা কাঁদিয়া
রাখিলেন। অবশ্রকরণীর কাজ বেলাবেলি
সারিয়া রাখাই বুজিমানের কার্যা। কি জানি,
যদি অতংপর তেমন স্থােগ না-ই ঘটে।
অমুক্লবাবু যে দ্রদশী, তাহাতে সন্দেহ
থাকিতে পারে না।

'গ্রন্থকারের নিবেদনে' প্রকাশ, তাঁহার কোন বন্ধু এই পুস্তকের পাঙ্লিপি পাঠ করিয়া তাঁহাকে পুস্তক প্রকাশের জন্ত অহ-রোধ করিলা বলেন—"আপনার গৃহলন্ধী আপনার গৃহে এখনও স্পরীরে বিরাজ্মানা। ঈশ্বর না কর্মন, তিনি যদি আপনার পুর্বে পরবোকসমন করেন, তাহা হইলে আপনি তাঁহার নিমিন্ত কিরপ অশ্রুধারা বর্ষণ করি-বেন, তিনি জাবিত অব্সায় তাহা জানিতে, পারিয়া আপনার আদরের মাত্রা বাড়াইলা দিবেন।" আহা, তাই হোক্। গ্রন্থরচনার ইহার অধিক সফলতা আর কি হইতে পারে?

প্তকের ভাষা উচ্ছাদের ভাষা ৰটে; তবে এছলে বিশ্বহটা নাকি প্রকৃত নহে, কার্ননিক, তাই এমন সাধের উচ্ছাদেও কুলিমতা লক্ষিত হয়—বেন টানিয়া বুনিতে হইয়াছে।

बिह्यालयत मूर्यालायात्र।

বঙ্গদর্শন।

নৌকাডুবি।

-46 385 8 2-

0.

শ্রান্তির মধ্যে পরের দিন কমলার দিবসারস্ত হইল। সেদিন তাহার চক্ষে স্থা্যের আলোক ক্লান্ত, নদীর ধারা ক্লান্ত, তারের তরুগুলি বহুদুরপথের পণিকের মত ক্লান্ত।

উমেশ ব্ধন ভাহার কাজে সহায়তা করিতে আসিল, কমলা শ্রাস্তকঠে কহিল, "যা উম্শে, আমাকে আজ আর বিরক্ত করিস নে!" •

উমেশ অলে কান্ত হইবার ছেলে নহে। সে কহিল, "বিরক্ত করিব কেন মা, বাট্না বাটিতে আসিয়ছি।"

সকালবেলা রমেশ কমলার চোথ-মুখের ভাব দেখিয়া জিজ্ঞাসা করিয়াছিল "কমলা, ডোমার কি অহুথ করিয়াছে ?"

এক্লপ প্রশ্ন যে কতথানি অনাবশ্রক ও অসঙ্গত, কমলা কেবল তাহ। একবার প্রবল গ্রীবা আন্দোলনের ধারা নিরুত্তরে প্রকাশ ক্রিয়া রাধাব্যের দিকে চলিয়া গেল।

রমেশ বৃথিল, সমস্তা ক্রমশ প্রতিদিনই ক্রিন হইয়া জাসিতেছে। জতিশীঘই ইহার একটা শেব মীমাংসা হওয়া জাবস্তক। হেমনলিনীর সঙ্গে একবার স্পষ্ট বোঝাপড়া

হইরা গেলে কর্ত্তবানির্দারণ সহজ হইবে,
ইহা রমেশ মনে মনে আলোচনা করিয়া
দেখিল। কিন্তু রমেশের নিকট এখন তাহাদের বাড়ীর দার কন্ধ। সে বাড়ীর প্রবেশদারে উদ্ধৃতত্ত্বভাব যোগেনের সঙ্গে একটা
প্রবেশ বাগ্রিতণ্ডা ও অপমানের সস্কাবনা
মনে পড়িলে রমেশের সমন্ত চিত্ত সঙ্কুচিত
হইয়া পড়ে। বিশেষত রমেশ কল্পনা করিয়া
লইয়াছে, সে বাড়ীতে এখন তাহার স্বপক্ষে
কেইই নাই থাকিবার কথাও নয় — রমেশের
বাবহারে সন্দেহ না করিবে, এমন আশা
শিশুর কাছেও করা যায় না। এমন আয়া
গায় সমপ্ত বিরোধের মুখে নিজের জোরে
অসক্ষেটে গিয়া দাড়াইবে, রমেশের সেরপ
প্রকৃতিই নয়।

তাই সে হেমনলিনীকে যে চিঠি লিখিরাছিল, সেথানা আর একবার পড়িয়া দেখিল।
পছল হইল না—ইহার মধ্যে জোর নাই—
হতাশের হাল ছাড়িয়া দিবার ভাবেই লেখা।
রমেশ যথন নিরপরাধ, তথন হেমনলিনীর
ভাহাকে বিখাস করিতেই হইবে—ইহার
অন্তথা হইতেই পারে না। এ বিখাস পাইবার যথন ভাহার অধিকার আছে, তথন

সমস্ত বিরোধের, সমস্ত প্রতিকৃল প্রমাণের মুখে তাহাকে এ বিশ্বাস যুদ্ধ করিয়া জয় করিয়া লইতে হইবে। হেমনলিনা বিদি তাহাকে ভাল না বাসে, না বাস্তক্; যদি ইতিমধ্যে তাহাকে সদেহ করিয়া, ঘণা করিয়া হেমনলিনী আর কাহারো সহিত বিবাহের প্রস্তাবে সম্বত হইয়া থাকে, তা হউক্; কিন্ত একবার তাহাকে সব কপা শুনিতেই হইবে, তাহার পরে হইজনে ধে যাহার আপন আপন পথ নির্কাচন করিয়া লইবে।

এই বলিয়া রমেশ আবার চিঠি লিখিতে

ৰসিল। একবার লিখিতেছে, একবার

কাটিতেছে, এমন-সময়—"মহাশয়, আপনার

নাম ?"—ওনিয়া চম্কিয়া মুথ তুলিল।

দেখিল, একটি প্রৌচবয়য় ভদ্রলোক, পাকা

গোঁক, ও মাথার সাম্নের দিক্টায় পাংলা

চূলে টাকের আভাস লইয়া সমুথে উপস্থিত।

রমেশের একান্ত নিবিষ্ট চিত্তের মনোযোগ

চিঠির চিন্তা হইতে অকমাৎ উৎপাটিত হর্ষয়া
কণকালের অভা বিভান্ত হইয়া রহিল।

"আপনি ব্রাহ্মণ ? ননফার। আপনার নাম রমেশবাব্—দে আমি পৃর্কেই থবর লইরাছি—তবু দেখুন্, আমাদের দেশে নাম-জিজ্ঞাসাটা পরিচরের একটা প্রণালী। ওটা ভদ্রতা। আজকাল কেহ কেহ ইহাতে রাগ করেন। আপনি যদি রাগ করিয়া থাকেন ত শোধ তুলুন! আমাকে জিজ্ঞাসা করেন, আমি নিজের নাম বলিব, বাপের নাম বলিব, পিতামহের নাম বলিতে আপত্তি করিব না!"

রমেশ হাসিরা কহিল-"আমার রাগ এত

বেশি ভর্ত্বর নর, আপনার একলার নাম পাইলেই আমি খুসি হইব।"

"আমার নান তৈলোক্য চক্রবর্তী। পশ্চিমে সকলেই আমাকে 'থুড়ো' বলিয়া জানে। আপনি ত হিস্টি পড়িয়াছেন ? ভারতবর্ষে ভরত ছিলেন চক্রবর্তী রাজা—আনি তেম্নি সনস্ত পশ্চিমমুল্লকের চক্রবর্তী থুড়ো। ২থন পশ্চিমে যাইতেছেন, তথন আমার পরিচয় আপনার অগোচর থাকিবেনা। কিন্তু মশায়ের কোথায় যাওয়া হইতেছে ?"

রমেশ কহিল—"এখনে৷ ঠিক করিয়া উঠিতে পারি নাই।"

তৈলোক্য। আপনার ঠিক করিয়া উঠিতে বিলম্ব হয়, কিন্তু জাহাজে উঠিতে ত দেরি সহে নাই।"

রমেশ কহিল—"একদিন গোয়ালন্দে নামিয়া দেখিলাম জাহাজে বাঁলী দিয়াছে। তথন এটা বেশ বোঝা গেল, আমার মন স্থির করিতে যদি-বা দেরি পাকে, কিন্তু জাহাজ ছাড়িতে দেরি নাই। স্থতরাং যেটা ভাড়া-তাড়ির কাক, সেইটেই ভাড়াভাড়ি গারিখা ফেলিলাম।"

তৈলোকা। নমস্বার মহাশয় ! আপনার প্রতি আমার ভক্তি হইতেছে। আমাদের সঙ্গে আপনার অনেক প্রভেদ। আমরা আগে মতি স্থির করি, তাহার পরে জাহাজে চড়ি— কারণ আমরা অত্যস্ত জীরুবভাব। আপনি যাইবেন, এটা স্থির করিয়াছেন, অপচ কোথার যাইবেন, কছুই স্থির করেন, নাই, এ কি কম কথা। পরিবার সঙ্গেই আছেন?

'হাঁ' বলিয়া এ প্রশ্নের উত্তর দিতে রুমে-শের মুহূর্তকালের জন্ম থটকা বাধিল। তাহাকে নীরব দেখিয়া চক্রবর্ত্তী কহিলেন---"মামাকে মাপ করিবেন—পরিবার দক্ষে আছেন, দে থবরটা আমি বিশ্বস্তে পূর্নেই জানিয়াছি। বৌমা ঐ ঘরটাতে রাঁধিতেছেন. আমিও পেটের দায়ে রাল্লাঘরের স্কানে সেইখানে গিয়া উপত্তি। বৌমাকে বলি-लाग, 'गां, आगारक पिथिया मरकाठ कतिरा না-মামি পশ্চিমমূলকের একনার চক্রবর্ষ-খুড়ে। 'আহা, না বেন দাকাৎ অন্নপূর্ণ।' আমি আবার কহিলাম, মা, রায়াঘরটি যথন দশল করিয়াছ, তথন অর হইতে বঞ্চিত कतित्व हिन्दिन ना, आभि निकलाया' मा এक है-গানি মধুর হাদিলেন, বুঝিলাম প্রদর হটয়া-ছেন, আজ আর আমার ভাবনা নাই। পাজিতে ক্ষতক্ষণ দেখিয়া প্ৰতিবাৰ্ট ত ৰাছিব इडे. किन्दु अर्थन '(मो डागा फिवार) घटने ना। আপনি কাজে আছেন, আপনাকে আর বিরক্ত করিব না যদি অহুমতি করেন ত বৌষাকে একটু সাহায় করি। আমরা উপত্তি থাকিংত তিনি পণ্ডত্তে বেড়ি ধরি-रनन त्रुच ? ना ना, जार्शन विश्न-আপনাকে উঠিতে হইবে না আমি বুড়ো-্যুাতুষ, আমি পরিচয় করিয়া লইতে জানি।"

এই বলিয়া চক্রবারি ধুড়া বিদায় হইয়া রালাঘরের দিকে গেলেন। গিয়াই কহিলেন, "চনৎকার গদ্ধ বাহির হইন্নাছে—বণ্টটা যা হইবে, তা মুথে তুলিবার পুরেই বুঝা ঘাইতেছে। কিন্তু অধলটা আমি রাধিব মা লগতিমের গ্রুমে ঘাহারা বাগ না করে, স্থলটা ভাহারা ঠিক দ্বদ দিয়া রাধিতে

পারে না! তুমি ভাবিতেছ—বুড়াটা বলে কি

--ভেঁডুল নাই, অমল রাঁধিব কি দিয়া?
কিন্তু আমি উপস্থিত থাকিতে ভেঁডুলের
ভাবনা তোমাকে ভাবিতে ইইবে না। একটু
সব্র কর, আমি সমস্ত জোগাড় করিয়া
আনিতেছি।"

বলিয়া চক্রবর্ত্তী কাগজে-মোড়া একটা ভাড়ে কাম্বন্দি আনিয়া উপস্থিত করিলেন। কহিলেন, "আমি অম্বল ধা রাঁধিব, তা আজকের মত থাইয়া বাকিটা তুলিয়া রাখিতে হইবে, মঞ্জিতে ঠিক চার্দিন লাগিবে। তার পরে এক ট্থানি মুথে তুলিয়া দিলেই বুঝিতে পারিবে, চক্রবন্তি খুড়ো দেমাকও করে বটে, কিন্তু অপলও রাঁধে। যাও মা, এবার যাও, মুখহাত ধুইয়া লওগে! বেলা হইয়াছে। রাল্ল বাকি যা আছে, আমি শেষ করিয়া দিতেছি। আগুনের তা'তে মা'র मूथ य এकেবারে লাল হইয়া উঠিয়াছে। বিছু সঙ্কোচ করিয়ো না-আমার এ সমস্ত অভ্যাস আছে মা--- আমার পরিবারের শ্রীর বরাবর কাহিল-ভাহারই অঞ্চি সারাইবার জ্ঞ অম্বল বাঁধিয়া আমার হাত পাকিয়া বুড়ার কথা ভনিয়া হাসিতেছ —কিন্তু ঠাট্টা নয় মা, এ সত্য কথা।"

কমলা হাসিমুথে ক**হিল, "আমি আপনার** কাছ পেকে অম্বল-রাঁধা শিথিব।"

চক্রবর্ত্তী। ওরে বাস্রে ! বিষ্ঠা কি এত সহজে দেওয়া যায় ! একদিনেই শিথা-ইয়া বিষ্ঠার গুমর যদি নষ্ট করি, তবে বীণা-পাণি অপ্রসম হইবেন। ছচারদিন এ বৃদ্ধকে খোসামোদ করিতে হইবে। আমাকে কি করিয়া খুসি করিতে হয়, সে তোমাকে ভাবিয়া বাহির করিতে হইবে না—আমি
নিজে সমস্ত বিস্তারিত বলিয়া দিব। প্রাণম
দক্ষার আমি পানটা কিছু বেশি খাই, কিছু
স্পারি গোটা-গোটা থাকিলে চলিবে না।
আমাকে বশীভূত করা সহজ ব্যাপার না—
কিন্তু মার ঐ হাদি-মুখখানিতে কাজ অনেকটা
অপ্রদর হইয়াছে। আহা, এমন হাসি ত
আমি কোখাও দেখি নাই! ওরে, তোর
নাম কিরে।"

উমেশ উত্তর দিল না। সে রাগিরাছিল
--তাহার মনে হইতেছিল, কমলার সেংরাজ্যে বৃদ্ধ যেন তাহার সরিক হইয়া-আনিয়া
উপস্থিত হইয়াছে। কমলা তাহাকে মৌন
দেখিয়া কহিল, "ওর নাম উমেশ।"

বৃদ্ধ কহিলেন, "এ ছোকরাটি বেশ ভাল।
একদমে ইহার মূল পাওয়া যায় লা, তাহা
ক্পান্ত দেখিতেছি, কিন্ত দেখো মা, জামি
তোমাকে লিধিয়া-পড়িয়া দিতে পারি, এর
সঙ্গে আমার বনিবে। কিন্ত আর বেলা
করিয়ো লা, আমার রায়া হইতে কিছুমাত্র
বিলম্ব হইবে লা।"

কমলা যে একটা শৃষ্ঠতা অমূভব করিতে-ছিল, এই বৃদ্ধকে পাইরা তাহা ভূদিরা গেল। তাহার প্রথম পরিচয়ের ক্টিত স্মিতহাস্থ দেখিতে দেখিতে সকৌতৃক কলহাস্তে পরিণত ছইল।

র্মেশও এই বৃদ্ধের আগমনে এখনকার মত কতকটা নিশ্চিত হইল। সে বৃদ্ধিরাছিল, কমলার সহিত তাহার সম্প্রটা কমলার কাছেও প্রহেলিকা হইয়া উঠিয়াছিল। যদিও কমলা সংসারে অনভিজ্ঞ, তব্ও রমেশের ব্যবহারে সে একটা-কি বেতাল-বেহুর অমু-

ভব করিতেছিল— এমন ত্রুবস্থার পুরস্পরে এ
মধ্যে একটা সহজভাব রক্ষা করা উত্তরোত্তর
ছরহ হইরা উঠে। প্রথম করমান যথন
রমেশ কমলাকে আপনার স্ত্রী বলিয়াই জানিত,
তথন ভাহার আচরণ, তথন পরস্পরের বাধাবিহীন নিকটবভিতা এখনকার হইতে এতই
তক্ষাৎ বে, এই হঠাৎ প্রভেদ বালিকার মনকে
আঘাত না করিরা থাকিতে পারে না। এমন
সমরে এই চক্রেবস্ত্রী আসিয়া রমেশের দিক্
হইতে কমলার চিস্তাকে যদি থানিকটা বিশিপ্ত
করিতে পারে, তবে রমেশ আপনার হৃদমের
ক্তবেদনায় অথও মনোযোগ দিয়া বাঁচে।

"রমেশবাবু !"

"আজে৷"

"আপনারা বড়লোক—গোলাপজল অবশ্রুই বাবহার করিয়া থাকেন। আচছা দেখুন্
দেখি, একটু নমুনা আপনার জন্ত সানিলান
---গন্ধটা কি-রকম ?"

গোলাপজনের সম্বন্ধে রমেশের ব্যুৎপত্তি যে সাধারণের চেয়ে কিছুমাত্ত বেশি ছিল, তাহা নহে, কিন্তু সে বলিল—"বাঃ. চমৎকার! এ কোধার পাইলেন ?"

চক্রবর্তী কহিলেন—"এ আমার নিজের কারথানার চোলাই করা। আপনারা ত মাথুষের পরিচয় লওয়া আবশুক বোধ করেন না—কাজেই আমাকে নিজের পরিচয় নিজেই দিতে হয়। আমি গাজিপুরে থাকি। সেখানে আমি গবর্মেণ্ট্ স্থলে পঞ্চমশ্রেণীতে অব করাই। কবিরাজিও করি। একটা দোকানও রাথিয়াছি—তাহাতে বিলাতি জিনিব খাকে—সাহেবরা আমাকে ভালবাসে—স্বাই আমার ধরিদার। যে বৎসর স্থ্রিধা দেশি,

নিজে কিছু গোলাপজন প্রস্তুত করাইরা লই।
আমার মত লোক, যাহার কোনো যোগ্যতা
নাই, তাহারো এম্নি পাঁচরকম উপায়ে দিন
চলিয়া যাইতেছে। আপনার গোলাপজলের
আবশ্যক হইলে আমাকে শ্বরণ করিবেন
গাঁটি জিনিব পাইবেন।"

রমেশ বৃদ্ধকে দাহায্য ও ধুসি করিবার জন্ম কহিল—"গোলাপজল নহিলে আমার চলেই না অস্তত ছ-বোতল চাই—আপনার দেরা যা আছে—"

বৃদ্ধ চোথ টিপিয়া কহিলেন—"তবে আপনাকে একটা গোপনীয় কথা বলি, আর কাহা-কেও কাঁস করিবেন না। প্রথমশ্রেণীর গোলাপজলের দাম আটটাকা, দ্বিতীয়শ্রেণী চারটাকা, তৃতীয়শ্রেণী হুইটাকা। তিনটেই জিনিষ অবিকল এক—কিন্তু দায়ে পড়িয়া দাম তকাৎ ক্রিতে হয়—কারণ জগতে এক-শ্রেণীর নির্কোধ সকলে নয়!"

রমেশ হাসিয়া কহিল—"আমাকে তৃতীয়-শ্রেণার নির্কোধের দলেই ফেলিবেন—আমি বহুমুল্য নির্কাজিকার পক্ষপাতী নই।"

চক্রবন্তী কহিলেন—"মাপ করিবেন, অমন কথা বলিবেনু না— আপনি যেটাকে বহুমূল্য নির্মা দ্বিতা বলিলেন, সেটা অশ্রদ্ধার বিষয় নহে। ছটাকার জিনিব চোথ বৃজিয়া যাহারা ঘটিটাকা দিয়া কিনিতে পারে, সেরুপ দরাজ মেজাজ রাজা-মহারাজার খরেই মেলে। যাহারা ঠকিতে ভর করে, তাহারাই ঠিকদরে জিনিব কিনিতে ব্যস্ত। মশার, দাম কা'কে বলে ? কোনো জিনিবের কি দাম আছে ? এব বেশি দিতে পারে, সেই বেশি দাম দের! ভগবান্ যদি দিন দিতেন, তবে আপনাকে

সত্যকথা বলিতেছি, আমি এথমশ্রেণীর নীচে এক পা নাবিতাম না! বলিব কি মশার, আমার প্রাণটা বেয়াকুব্, পেটের দারে নিতান্ত বৃদ্ধিমান্ হইয়া বদিয়া আছি।"

রমেশ হাসিতে হাসিতে কহিল—"বলেন্ কি p°

চক্রবর্ত্তী। তা সতাই বলিতেছি। এই দেখুন না, যে পর্যান্ত বৌমাকে দেখিয়াছি— আমার প্রাণ বলিতেছে, সমস্ত কার্থানাটা উদাড় করিয়া অস্তত একবার খাঁটি গোলাপ-জলে মালন্ধীকে অভিবেকশ্বান করাইয়া দেউলে হইতে পারিলে জীবন সার্থক হইত। অথচ দেখুন, আপনাকে ছ-বোতল গোলাপ-জল বারোটাকায় বিক্রি করিবার জন্ম আছ-পরিচয় দিয়া .উমেদারি করিতে আসিয়াছি। যাই বলুন রমেশবাবু, বৌমার মত অমন মিষ্ট হাসিটুকু আমি কোথাও দেখি নাই। কেবল মাকে হাসাইবার জন্ম আজ হইতে যে কত ভাঁড়ামিই করিয়াছি, তার আর সংখ্যা নাই। বৌমার হাসিবারও ক্ষমতা আছে—যা বলি, ভাতেই হাসিয়া ওঠেন— তাঁর সেই শাদা হাসিতে আমার মন যেন গঙ্গাজলের ধারায় ধুইয়া যায়।

বলিতে বলিতে স্নেহের আনন্দে বৃদ্ধের চকু ছল্ছল্ করিয়। আসিল।

অমন-সময় অদুরে তাহার কাম্রার
ঘারের কাছে আসিয়া কমলা দাঁড়াইল।
ভাহার মনের ইচ্ছা, কর্মহীন দীর্ঘমধ্যাহুটা
সে চক্রবর্তীকে একাকী দথল করিয়া বসে।
চক্রবর্তী ভাহাকে দেখিয়া বলিয়া উঠিলেন—
"না না মা, এটা ভাল হইল না! এটা কিছুতেই চলিবে না!"

कमना कि ভान श्रेन मा, किছু व्विटिं না পারিয়া আশ্চর্যা ও কৃষ্ঠিত হইয়া উঠিল। বুদ্ধ কহিলেন—"ঐ যে ঐ জুতেটা ! মাললি. তোমাদের পা-ছখানিকে বলে চরণকমল, মুচি-বেটারা যদি ঐচরণ চামড়া দিয়া ঢাকিতে আরম্ভ করে, তবে পরশুরাম এবার কলিযুগে জন্মগ্রহণ করিয়া আর-কিছু করিবেন না পৃথিবীকে সাতাশবার নিমুচি করিয়া দিবেন, এ আমি নিশ্চয় লিথিয়া-পডিয়া দিতে পারি ! রমেশবাব, এটা আপন:-কতুকই হইঃ।ছে। যা বলেন, এটা আপনারা অধ্যা করিতেছেন —দেশের মাটিকে এই সকল চরণস্পর্ণ ইইতে विकिञ कतिरवस सा, का केवेरल रमन साहि হইবে। রামচন্দ্র যদি সীতাকে "ডসনে"র বুটু পরাইতেন, তবে লক্ষণ কি চোদবৎসর বনে ফিরিয়া বেড়াইতে পারিতেন ননে करतन १ कथनहें ना। आहा! (क वन के কোমল পাদপল্মের দিকে চাহিয়াই ত রাজার ছেলের প্রাণটা ভব্তিতে সর্ম হইয়া ছিল। মা, এই বৃদ্ধ সম্ভাবের এই আকারট রাধিতে হইবে -এ পা-ছুপানি ঢাকিলে চলিবে না ! এ ত মেম্পাহেবের পা নয় বে, লজায় লুকা-ইবে,---এ যে লক্ষ্মীর চরণ--- এ ভক্তের আন-ন্দের জন্ত, এ মুচির রোজ্গারের জন্ম নয় !"

কমলা বড় মৃদ্ধিলে পড়িয়। গেল। গে পৃর্ব্বে কোনোকালে জুতা পরে নাই। রমে-শই তাহাকে জুতা পরাইয়াছে প্লিয়া কেলিতে পারিলে সে ত বাঁচে—কিন্তু চফ্র-বর্তীর কাছে চরণের গুব শুনিয়া সে লজায় তাহার পা-চটি লইয়া কি করিবে, ভাবিয়া পাইল না।

इक्तवर्खी विनिधा यश्चित्र लाशिद्रशनः

"জুতা-পরা দেখিলে বড় ভর হয় না, পাছে হঠাং কোন্ একদনয়ে দেখিব—এ দাঁপার দিনরটুকুর উপরে একটা টুপি চড়িয়াছে। সতা বলিতেভি, মাপার উপরে ঐ শাড়ীর ঘের-টুকু না দেখিলে নিজের মাকে বিমাতা বলিয়া ভ্রম হয়।"

লক্ষার কমলার মুথ কণকালের জন্ম রাঙা হইরা উঠিল। এক দিন র্নেশ ভাহাকে টুপিও পরাইয়াছিল, কিন্তু সন্দাতার এই শাসন সে অধিকক্ষণ শিরোধার্গা করিতেপারে নাই—সেই স্পর্দ্ধিত টুপিট। কলিকাতাসহরের বহুতর বিস্তৃত পদার্থের সহিত ছিল্লবিঞ্জিল অবস্থার মানিসিপাল্-লগনোগে ধাপাব মাঠবোক গাপ্ত ইইরাছে। গোন্টার সহিত ক্যাশানের সেই সেদিনকার ক্ষণকালীন বিরোধবাপার ক্ষরণ করিলে আছে। ক্ষত্রার ক্রাপ্তার স্থান পাকে ন:। কিন্তু ইমুলে গাকিবার সময় দারে পড়িয়া ভ্তা-পরাটা হ'লের অহ্যাস হইরা গেছে।

কমলার মুথের ভাব দেখিয়া রমেশ
মুচ্কিয়া হাসিতে লাগিল। বৃদ্ধ কহিলেন—
"আমার কথা ভূলিয়া রমেশবার হাসিতেছেন
—মান মনে ক্রিক পছল করিতেছেন না!
না করিবারত কথা। আপেনারা জাহাজের
বাঁণী ভূলিলেই আর পাকিতে পারেন না!
একেবারেই চড়িয়া বসেন, কিন্তু কোথায় শে
আইতেছেন, ভাহা একবারো ভাবেন না!
আমরা সেকালের লোক, কেবলমান বাঁণীর
ভাকেই উপকুল ভাগে করি না, আগে গমাভানটা ঠাহর করিয়া রাধি। হাহন্—মেন
কাঁদিতে না হয়, এই প্রার্থনা করি।

त्रस्म रामित्रा कहिन - "रामि-किनियिष्टे।

সম্বন্ধে খুড়ো-মশায়ের পক্ষপাত আছে, সেটা বেঁশ দেখা গেল।"

রমেশের এই কথার বৃদ্ধ উৎসাহিত হইয়া বলিয়া উঠিলেন—"ঠিক বলিয়াছেল রমেশ-বাবু! আমার পক্ষপাত আছে—আছে বটে! ভগবান্ আমাদের মুথে হাসি দিয়া যে একটা মন্ত ভূল্ করিয়াছেল, গোঁফ চাপা দিয়া ঢাকি-বার চেন্টার দেটা তিনি নিজেই এক প্রকার তাকার করিয়াছেন!"

রমেশ কহিল—"পুড়ো, আপনিই না হয়
আমাদের গৃমাতানটা ঠিক করিয়া দিন্না।
জাহাজের বানীটার চেয়ে আপনার প্রামর্শ প্রাকা হইবে।"

চক্রবর্ত্তী কহিলেন—"এই দেখুন্ আপনার বিষেচনাশক্তি এরি মধ্যে উন্নতিলাভ করি-য়াছে—অথচ অল্পণের পরিচয়! তবে আহন্, গালিপুরে আহন্। মা. দেখানে গোলাপের 'শেতৃ আছে, আর দেখানে ভোসার এই বৃদ্ধ ভক্তটাও থাকে। যাবে মা গাভিপুরে ?"

রনেশও কমলার মুখের দিকে চাহিল।
কমলা তৎক্ষণাৎ ঘাঁড় নাড়িয়া সম্মতি জানা
হল। চক্রবর্ত্তী কহিলেন "দেখেছেন রমেশ
বার্ আর উপায় নাই! মাড়ক্ষেহ জালে
মাট্কা পড়িয়াছে! এখন আমি যদি বলি
মামার বাড়ী মক্কায়, নাকে মক্কায় টানিয়ালইয়া বাইতে পারি, তা সেখানে গোলাপের
ক্ষেত্ত থাকিশেও হয়, না থাকিলেও হয়!
কেমন, ঠিক কথা কি না ?"

বৃৎজ্য উৎলাহে কমলা হাসিতে লাগিল।

চক্রবর্ত্তী রমেশের গা টিপিয়া আতে আতে

কানে কানে কহিলেন---"দেখিবেন রমেশ-

বাবু, লক্ষ্য করিয়া দেখিবেন, বৌমা আমার হাসিতেছেন— একেবারে কোহিন্র—এ আমি আপনাকে লিখিয়া-পড়িয়া দিতে পারি।"

কমপার এই অজ্ঞ মাধুর্য্যে রমেশ যে মন ছিল, তাহা নহে—কিন্তু পরের কাছে তাহার তব গুনিয়া এই মাধুর্য্যের তৃর্মূলাতা রনেশের মনোবোগকে আজ বেন আরো বেশি করিয়া টানিয়াছে! কমলার সরল হাসিটুকু যে স্থলর, তাহা রমেশ পুর্বেই অনেকবার দেখিয়াছে; তাহাকে কোনো ছুতায় হাসাইতে সে ভালও বাসে, কিন্তু এই স্থল তাবেকর চোথ দিয়া এই হাসিকে সেবেন আজ দিগুণ করিয়া দেখিয়া লইল।

চক্রবর্ত্তী কহিলেন—"মা, এই দরজাটার কাছে দাঁড়াইয়া মনে মনে কি ভাবিতেছেন, তাহা আমি নিশ্চয় বলিতে পারি। বলিব ? মার নিতান্ত ইচ্ছা, এই হপুর-বেলাটায় আমাকে লইয়া ঘরের মধ্যে বংস্ন- আমাকে লইয়া একটু হাসেন, একটু গল্প করেন। তোমার ও ঘাওনাডা আমি বিশাস করি না। যদি বল, আমি কেমন করিয়া মনের কথা জানিতে পারিলাম আমারো মন যে ঐ কথাটাই বলিতেছে। তোমরা হাতে একটু সময় পাইলেই একটা কাহাকেও প্রশ্রম দিয়া মাটি না করিয়া থাকিতে পার না। ছোট ছেলে যদি নিতান্ত কোলের কাছে না থাকে. তবে আমার বয়সের এক-আধটা অর্কাচীন থাকিলেও উপস্থিতের মত কাজ চলিয়া যায়। রংমশবাবু, একটু মাপ করিবেন-আপনাকে এতক্ষণ অনেক স্থবুদ্ধি ও সংপরামর্শ দিয়াছি — এখন আমি ছুটি লইব—মা উত্তরেতির অধৈষ্য হইয়া পড়িতেছেন। কিন্তু মা, পান একটু বেশি করিয়া সাজা হইয়াছে ত ? মনে আছে ত, তোমার এই ক্ষীণদম্ভ পোষাটির খুব চিকণ স্থপারি না হইলে চলে না। কোথার রে, উমেশ কোথায় ? তেনে যা, তেনে যা। তোর থাওয়া হইয়াছে ত ? এখন এখানে মায়ের দরবার বসিবে—সব ক'টি সভাসদ একতা হওয়া চাই!"

এইরূপে উমেশ এবং চক্রবর্ত্তীতে মিলিয়া লজ্জিত কমলার কামরায় সভাস্থাপন করিল। ब्रायम এकটा मौर्यनियाम किला वाहित्वह রহিয়া গেল। মধ্যাহে জাহাজ ধক্ধক্ শারদরোদ্রবঞ্জিত হই করিয়া চলিয়াছে। তীরের শান্তিময় বৈচিত্তা স্বংগ্নর মত চোথের উপর দিয়া পরিবর্ত্তিত হইয়া চলিয়াছে। কোথাও বা ধানের কেত. কোথাও বা तोका-माशारना पारे, (काथा व वा वानुत्र जीत, কোথাও বা গ্রামের গোয়াল, কোথাও বা গ্ৰের টিনের ছাদ, কোথাও বা প্রাচীন থেয়া তরীর ছায়াবটের তলে इि-हाबि भारतत्र गाँजी। এই শরৎमधारद्भत স্বমধুর স্তব্ধতার মধ্যে অদুরে কাম্রার ভিতর হইতে যথন ক্ষণে ক্ষণে ক্ষনার স্লিগ্ন কৌতুক-राज ब्राम्य कारन चानिया अरवन कविन, তথন তাহার বুকে বাজিতে লাগিল। সমস্তই कि स्मात्र, अथह कि समूत्र । त्रामान आर्ख শীবনের সহিত কি নিদারুণ বিচ্ছিয় ! বৃদ্ধ চক্রবর্তীর মত একজন অপরি-চিত ব্যক্তি, উমেশের মত একজন লক্ষীছাড়া शृंहरीन, देहांब्रांख आब এहे नवश्मशास्त्रव विश्व मधुष्टत्कत अकृषि निस्क मधुरकारवत কাছে নিঃসংকাচে আনন্দে গুন্গুন্ করিতেছে, ইহারাও আজ এই চারিদিকের সামঞ্জের

মধ্যে স্থল্পরভাবে যোগ দিয়াছে, এই শান্তির মধ্যে, মাধুর্যের মধ্যে ইহাদের কোথাও অনধিকার নাই—কিন্তু রমেশ নির্মাসিত, বহিছত ! তাহার ব্যাকুল প্রাণুটা এই চারিদিকের সহিত মিলিয়া এক হইরা আজিকার এই নিভ্তমধ্যাছে একটি হাসির হারা, প্রীতির হারা, একটি কল্যাণমন্ত্রী মধুরিমার হারা আপনাকে পরিবেষ্টিত করিয়া সম্পূর্ণ করিয়া ভূলিবার জন্ম কাদিতেছে—আর তাহার কানে আসিতেছে বহুদ্র আকাশের চিলের ডাক, ষ্টীমারের চক্রাহত জলের কলংকনি এবং কমলার হাস্তকুজিত আনন্দ-কণ্ঠমর !

05

কমলার এখনো অল্প বয়স—কোনো সংশয়,
আশ্রা বা বেদনা স্থায়ী হইয়া তাহার মনের
মধ্যে টি কিয়া থাকিতে পারে না। সে এখনো
আপন মনের উপরে বৃক্ধ দিয়া চাপিয়াপড়িয়া নিজের স্থখছংখে স্থামিকাল ধরিয়া
তা' দিবার অভ্যাস লাভ করে নাই। তাই
শরতের আকাশের মত ভাহার অছে হৃদয়ে
কালো মেব অঞ্জলে গলিয়া-পড়িয়া দেখিতে
দেখিতে,প্রসয় হাসির আলোকে মিলাইয়া
নির্মাল হইয়া য়য়।

রমেশের ব্যবহারসহথে এ কর্মিন সেআর কোনো চিস্তা করিবার অবকাশ পায়
নাই। স্রোভ বেথানে বাধা পায়, সৈইথানেই যত আবর্জনা আসিয়া জমে - কমলার
চিত্তস্রোতের সহজ্ব প্রবাহ রামশের আচরণে
হঠাৎ একটা জায়গার বাধা পাইয়াছিল,
সেইথানে আবর্জ রচিত হইয়া নানা কথা
বারবার একই জারগার ঘুরিয়া বেড়াইতে:
ছিল। বৃদ্ধ চক্রবর্তীকে লইয়াহাসিয়া, বকিয়া,

বুঁাধিয়া, থাওরাইয়া কমলার সদমব্যোত আবার সমন্ত বাধা অতিক্রম করিয়া চলিয়া গেল—আবর্ত কাটিয়া গেল, যাহা-কিছু জমিতেছিল এবং ঘ্রিতেছিল, তাহা সমস্ত ভাসিয়া গেল। সে আপনার কথা আর কিছুই ভাবিল না।

আবিনের স্থানর দিনগুলি নদীপথের বিচিত্র দৃষ্ঠগুলিকে রমণীর করিয়া তাহারি মাঝধানে কমলার এই প্রতিদিনের আনদিত গৃথিণীপনাকে যেন গোনার জলের ছবির মাঝধানে একএকটি সরল কবিতার পঠার মত উপটিছরা গাইতে লাগিল।

কর্মের উৎসাতে দিন আরক্ত চটত। উমেশ আজকাল আর হীমার ফেল করে না-কিন্তু তাহার কৃতি ভত্তি হইয়া আমে। ক্র ঘরকরার মধ্যে উমেশের এই সকাল-বেলাকার ঝুড়িটা একটা পরম কৌভুহলের विषया "क किर्दा क (य ना छे-छन। ' उसा, স্জনের থাড়া ডুই কোথ। ইইতে জোগাড় कतिया जानिनि । এই দেখ দেখ, খুড়ো-মশায়, টক-পালং বে এই ধোটার দেশে পাওয়া যায়, তাহা ত আমি জানিতাম না!" ঝুড়ি লইয়া • রোজ সকালে এইরূপ একটা কলরব উঠে। যেদিন রমেশ উপস্থিত থাকে, সেদিন ইহার মধ্যে একটু বেহুর गाल-एम कोर्डा मत्मर ना कतिया श्रीकिट भारत ना। कम्ना উट्डिक्डिं इटेबा वरन, "বা: আমি নিজের হাতে উহাকে পর্সা গশিषा पित्राहि !"---

ক্ষেপ বলে—"তাহাতে উহার চ্রির ক্বিধা ঠিক বিশুপ বাড়িরা যার! পরসাটাও চ্রি করে, শাকও চুরি করে!" এই বলিয়া রুমেশ উমেশকে, ভাকিয়া বলে —"আছা, হিসাব দে দেখি।"

তাহাতে তাহার একবারের হিদাবের সঙ্গে আর একবারের হিদাব মেলে না। ঠিক দিতে গেলে জমার চেয়ে থরচের অঙ্ক বেশি হইয়া উঠে। ইহাতে উমেশ লেশমাত্র কৃতিত হয় না। সে বলে, "আমি যদি হিদাব ঠিক রাখিতে পারিব, তবে আমার এমন দশা হইবে কেন ? আমি ত গোমন্তা হইতে পারিতাম, কি বলেন দাদাঠাকুর ?"

চক্রবর্ত্তী বলেন, "পরের পাপের এত সুদ্দ হিসাব যদি আমরা রাখিব, তবে চিত্র-গুপু যমের মাইনে খাইতেছে কিসের জ্ঞান রমেশবাব, আহারের পর আপনি উহার বিচার করিবেন, তাহা হইলে স্থবিচার করিতে পারিবেন---আপাতত আমি এই ছোঁড়াটাকে উৎসাহ না দিয়া থাকিতে পারিতেছি না। উম্শে, বাবা, সংগ্রহ করার বিভা কম বিভা নয়-অল লোকেই পারে। চেষ্টা সকলেই করে-কৃতকার্য্য क्यक्टन १४ ? तदमभवाव, खनीत मर्गामा আমি বুঝি। সজ্নে-থাড়ার সময় এ নয়, তবু এত ভোরে এই বিদেশে সজনের থাড়া কয়জন ছেলে ভোগাড় করিয়া व्यानिएक शास्त्र तनून (मिथ ! मणाव, जल्म इ করিতে অনেকেই পারে--কিন্তু সংগ্রহ করিতে হাজারে একজন পারে !"

রমেশ। খুড়ো, এটা ভাল হইতেছে না, উৎসাহ দিয়া অস্তায় করিতেছেন।

চক্রবর্তী। ছোঁড়াটা চুরি করিয়াছে কি মা, নিশ্চয় জানা নাই, স্থতরাং দণ্ড দেওয়া জনস্কর; কিন্তু ও যে সক্রের খাড়া জানি- सारह, छाहा এ:कवारत প্রত্যক্ষ, স্কৃতরাং উৎসাহ না দিনা কি করি! ছেলেটার বিছে
বেশি নেই, বেটাও মাছে, সেটাও বিদি উৎসাহের অভাবে নষ্ট হইরা যার ত বড় আক্ষেপের বিষয় হইবে—অন্তত্ত যে কয়দিন আমরা
ষ্টীমারে আছি। ওরে উনেশ, কাল কিছু
নিমপাতা জোগাড় করিয়া আনিস্—যদি
উচ্ছে পাস্, আরো ভাল হয়—মা, স্কলু নিটা
নিভান্তই চাই—আমাদের আয়ুর্বেরের বলে
—থাক্, আয়ুর্বেরের কথা থাক্, এদিকে
বিলম্ব হইয়া বাইতেছে। উস্শে, শাক ওলে।
বেশ করে' ধুরে নিয়ে আয়!

त्राम् अहेत्राम उपमारक नहेत्र। यङहे সন্দেহ করে,—থিট্থিট্ করে, উমেশ ততই যেন ক্ষলার বেশি করিয়া আপনার হট্যা উঠে। ইতিমধ্যে চক্রবর্ত্তী তাহার পক্ষ লওয়াতে র্মেশের সৃহিত কমলার দলটি যেন বেশ একটু স্বতন্ত্র হইখা আসিল। রমেশ তাহার সুন্ধ বিচারশক্তি লইয়া একদিকে একা, অন্ত-मित्क कमना, উरम्भ এवः ठक्कवर्जी जाशास्त्र কর্মস্ত্রে, মেহস্ত্রে, আমোদ-আহলাদের श्रुद्ध बनिष्ठं छार्य अक। अहे मरमत्र भाषा, আপনাকে মিলাইবার ক্ষমতা রমেশের নাই - (म **6िश**। करत्र, ठर्क करत्र, कर्छरवात्र मरधा, সহদ্ধের মধ্যে স্ক্র স্ক্র রেথায় গণ্ডী আঁকে, . কোনো ভাষগায় আপনাকে অবাধে ছাড়িয়া দিতে পারে না। চক্রবর্তী আসিয়া অবধি তাহার উৎসাহের সংক্রামক উত্তাপে রমেশ কমলাকে পুর্বাপেক্ষা বিশেষ ঔংস্করের সহিত দেখিতেছে, কিছ তবু দলে মিশিতে পারিতেছে না। বড় জাহাল যেমন ডাঙার ভিড়িতে চার, কিছ জল কম বলিয়া তাহাকে

তকাতে নোঙর ফেলিয়া দুর হইতে তাঁকাইয়া, থাকিতে হয়, এদিকে ছোট ছোট ডিঙি-পাঙ্গী-গুলো অনায়াদেই তীরে গিয়া ভিড়ে, রমেশের দেই দশা হইয়াছে।

পূর্ণিমার কাছাকাছি একদিন দকালে উঠিয়া দেখা গেল, রাশিরাশি কালো মেঘ দলে দলে আকাশ পূর্ণ করিয়া ফেলিয়াছে। বাতাদ এলোমেলো বহিতেছে। বৃষ্টি এক-একবার আদিতেছে, আবার একএকবার ধরিয়া-গিয়া রৌজের আভাগও দেখা যাইতেছে। মাওগঙ্গায় আভ আর নৌকা নাই, ত্একথানা যা দেখা যাইতেছে, তাহাদের উৎক্তিত ভাব পেইহ বৃধা যায়। জলাখিনী মেরেরা আছ ঘাটে অধিক বিগম্ব করিতেছেনা। জলের উপরে মেঘবিচ্ছুরিত একটা কতা আলোক পড়িয়াছে এবং ক্ষণে ক্ষণে নদীনীর এক তার হইতে আর-এক তার পর্যান্ত শিহরিরা উঠিতেছে।

ষ্টামার যথানিগ্রমে চলিয়াছে। ছ্রোগের নানা অপ্রবিধার মধো কোনমতে কমলার রাধাবাড়া চলিতে লাগিল। চক্রবর্তী আকা-শের দিকে চাহিয়া কহিলেন, "মা, ওবেলা যাহাতে রাধিতে না হয়,ভাহার ব্যব্তা করিতে হইবে। তুমি থিচুড়ি চড়াইয়া দাও, আমি ইতিমধ্যে কটি গড়িয়া রাখি।"

থাওয়াদাওয়া শেব হইতে আজ অনেক বেলা হইল। দম্কা হাওয়ার জোর জনে বাড়িয়া উঠিল। নদী ফেনাইয়া কেনাইয়া ফুলিতে লাগিল। সুর্যা অন্ত কেছে কি না, বুঝা গেল না। সকাল-সকাল স্থামার নোঙর ফেলিল।

সন্ধ্যা উত্তীৰ হইয়া গেল। ছিন্নবিদ্দিন

ুমেবের মধা হইতে বিকারের পাংশুবর্ণ হাসির মত এক এক ধার জোৎসার আলো বাহির হইতে লাগিল। তুমুপ্রেগে বাতাস এবং মুধ্লধশ্রে বৃষ্টি আরম্ভ হইল।

কমলা একবার জলে ভূবিরাছে—ঝড়ের ঝাণ্টকে সে অগ্রাহ্য করিতে পারে না। রমেশ আদিরা ভাগাকে আশাদ দিল—"ষ্টামারে কোনে। ভর নাই কমলা। ভূমি নিশ্চিম্ভ হইয়া দুমাইতে পার, আমি পাশের ঘরেই ছাগিরা অভি।"

স্বাবের কাভে আসিশ চক্রবরী কহিলেন
- শনাল্জি ভয় নাই, কড়ের অপের সাধা কি,
ভোমাকে স্পশ্করে !*

ঝড়ের বাপের সাধা কতদ্র, তাহা নি*চম
বলা কটিন, কিল ঝড়ের সাধা যে কি. তাহা
কমলার অগোচর নাই—যে তাড়াতাড়ি
ভাবের কাছে গিয়া বাগ্রেলরে কহিল শ্রুড়োমশায়, তুমি মরে ঝালিক বেলে।"

চক্রবরী সদকোচে কহিলেন, "তোমাদের যে এখন শোবার সময় হইল মা, আমি এখন—"

গরে চুকিয়া দেখিখেন, রমেশ সেখানে নাই—আনেচর্যা হল্যা কহিলেন—"রমেশ-বার এই কড়ে গেলেন কোথায় ? শাকচুরি ত তাঁহার অভাাদ নাই!"

"কে ৪, খুড়ো নাকি ? এট যে আমি পাশের ঘরেই আছি :"

পাশের ঘরে চক্রবর্তী উ'কি মারিয়া দেখিলেন, রুমেশ বিছানার অন্ধশ্রান অব-হায় আঁলো জালিয়া বই পড়িতেছে।

চক্রবর্ত্তী কহিলেন, "বৌমা যে একলা ভয়ে সারা হইলেন! আপুনার বই ত ঝড়কে ডরায় না, ওটা এখন রাথিয়া দিলেও **অস্থায়** হয় না। আহন এ বরে^{*}!"

ক্ষলা একটা ছনিবার স্থাবেগবশে আত্মবিশ্বত হইরা তাড়াতাড়ি চক্রবর্তীর হাত দৃঢ়ভাবে চাপিয়া রুদ্ধকণ্ঠে কহিল—"না, মা
খুড়োমশার! না, না।" ঝড়ের কল্লোলে ক্মলার এ কথা রুমেশের কানে গেল না, কিন্তু
চক্রবর্তী বিশ্বিত হইরা ফিরিয়া আদিলেন।

র মশ বই রাধিয়া এ ঘরে উঠিয়া আসিল। জিজানা করিল, "কি চক্রবর্তি-খুড়ো, ব্যাপার কি ? কমলা বুঝি আপনাকে--"

কনলা রমেশের মুথের দিকে না চাহিয়া তাড়াতাড়ি বলিয়া উঠিল, "না, না, আমি উঁহাকে কেবল গল্প বলিবার জন্ম ডাকিয়া-ছিলাম!"

কিদের প্রতিবাদে যে কমলা "না" "না" विनन, ठोश जाशास्त्र जिल्लामा कतिरन रम বালতে পারিত না। এহ "না"র অর্থ এই বে, যদি মনে কর আমার ভয় ভাঙাইবার **पत्रकात आट्ड--ना, पत्रकात नारे। यमि** ননে কর আগাকে দঞ্জ দিবার প্রয়োজন---না, প্রয়োজন নাই ' সে কাহারো কাছ হইতে কোনে। আবশুক দাবী করিতে রাজি नरह। (म এ कर्णा निस्क म्लेष्ट दांदिस ना. কিন্তু না বুঝিয়াও সকলপ্রকার এক-তর্কা সম্বন্ধের বন্ধন দূরে ফেলিয়া দিতে চায়। দর-কার যদি ছুইপক্ষেরই থাকে, তবে শে দর-कारतत मर्या रकारना रेम् थारक ना-किस (क वल कमनात्रे नतकात आरह, आत-কাহারো কোনো দরকার নাই—আর-সকলে বই পড়িবে, সন্ধ্যাবেলায় আকাশে তাকাইয়া বসিয়া থাকিবে, টেবিলে খাড় গুঁ জিয়া আপ-

নার চিন্তা আপনার মধ্যে পরিপাক করিবে—

এ প্রকারের সম্বন্ধ কমলা আপনার সংশ্রব

হইতে সবেগে বৃর্জন করিতে চার। এ সব

কথা সে এ করদিন ভূলিরা ছিল, আজ এই

য়ড়ের রাত্রে সমস্ত জাগিরা উঠিল। বিপ
দের সমর, যাহাদের কোনো সম্বন্ধ নাই,

তাহারাও একত্র হয়, যাহাদের সম্বন্ধ আছে

তাহারা—বেশ কথা, তাহারাও যদি স্বতন্ত্র

থাকিতে চার, তবে কমলা রাত্রে জাগিরা
বিদ্যা চক্রবর্ত্তি-পুড়ার কাছে গয় শুনিবে—

কেহ বেন না মনে করে, গল্ল-শোনা ছাড়া

আর-কাহারো কাছে তাহার আর-কিছু

প্ররোজন আছে! না, না, কিছুতেই

না!

পরক্ষণেই কমলা কহিল, "থুড়োমশার, রাত হইয়া বাইতেছে, আপনি ভইতে যান, এক্ষার উমেশের ধবর লইবেন, সে হয় ত ভয় পাইতেছে!"

দর্দার কাছ হইতে একটা আওয়াজ আসিল, "মা, আমি কাহাকেও ভয় করি না।"

উদেশ মৃড়িস্থড়ি দিরা কমলার হারের কাছে বসিরা আছে। কমলার লদর বিগ-লিত হইয়া গেল— সে তাড়াতাড়ি বাহিরে গিরা কহিল, "ই্যারে উমেশ, তুই এই ঝড় জলে ভিজিতেছিল্ কেন? লন্দ্রীছাড়া কোথাকার, বা, পুড়োমশারের সঙ্গে ভইতে যা!"

ক্ষলার মুখে লক্ষীছাড়া-সম্বোধনে উমেশ বিশেষ পরিতৃপ্ত হইরা চক্রবর্তি-থুড়ার সঙ্গে ভুটতে গেল।

রমেশ জিক্তাসা করিল, "বতক্ষণ না ঘুম আসে, আমি বসিয়া গয় করিব কি গু" কমলা কহিল, "না, আমার ভারি খুমু পাইরাছে!"

রমেশ কমলার মনের ভাব বে না বুঝিল, তাহা নয়, কিন্তু সে আর বিক্তিত করিল না— কমলার অভিমানকুল্ল মুথের দিকে তাকাইলা সে ধীরে ধীরে আপন ককে চলিয়া গেল।

বিছানার মধ্যে স্থির হইয়া ঘ্মের অপেকার পড়িয়া থাকিতে পারে, এমন শান্তি কমলার মনে ছিল না। তবু সে জোর করিয়া শুইল। কড়ের বেগের সঙ্গে জলের কলোল ক্রমে বাড়িয়া উঠিল। ধালাসিদের গোলমাল শোনা যাইতে লাগিল। মাঝে মাঝে এঞ্জিন্বরে সারেঙের আদেশস্তক শুকী বাজিয়া উঠিল। প্রবল বায়ুবেগের বিরুদ্ধে জাহাজকে স্থির রাথিবার জন্তু নোঙর-বাধা অবস্থাতেও এঞ্জিন্ ধীরে ধীরে চলিতে থাকিল।

কমলা বিছানা ছাজিয়া,কাম্রার বাহিরে আদিলা দাঁড়াইল। কণকালের জক্ত বৃষ্টির বিশ্রাম হইয়াছে, কিন্তু ঝড়ের বাতাদ শরবিদ্ধ জন্তর মত চীৎকার করিয়া দিখিদিকে ছুটিয়া বেড়াইতেছে। মেঘদত্ত্বেও গুরুচতুর্দশীর আকাশ ক্ষাণ আলোকে অশান্ত সংহারম্ভি অপরিক্ষৃটভাবে প্রকাশ করিতেছে। তীর প্রতিহেছে, কিন্তু উর্জে-নিয়ে, দ্রে-নিকটে, দৃশ্রে-অদৃশ্রে একটা মৃচ্ উন্মন্ততা, একটা অন্ধ আলোলন যেন অন্তুত্ম্তি পরিগ্রহ করিয়া ধমরাজের উন্ততভ্ত্ম কালো মহিবটার মত মাথা-কাঁকা দিয়া-দিয়া উঠিতেছে।

এই পাগল রাত্তি, এই আকুল আকাশের ব দিকে চাহিয়া কমলার বুকের ভিডরটা বে

ছুলিতে লাগিল, তাহা ভৱে কি আনন্দে, নিশ্চয় कदिशा वना यात्र ना। अहे त्रानासद मत्या त्य একটা বাধাহীন শক্তি, একটা বন্ধনহীন স্বাধী-নতা আছে, তাহা বেন কমলার হৃদ্যের মধ্যে একটা হুপ্ত সঙ্গিনীকে জাগাইয়া তুলিল। এই বিশ্বব্যাপী বিজ্ঞোহের বেগ চিত্তকেও বিচলিত করিল। কিসের বিরুদ্ধে বিদোহ, তাহার উত্তর কি এই ঝড়ের গর্জনের মধ্যে পাওয়া যার ? না, তাহা কমলার হৃদয়া-বেগেরই মত অব্যক্ত। একটা অনির্দিষ্ট, অমূর্ক্ত মিথ্যার, স্বপ্নের, অন্ধকারের জাল ছিলবিঞ্জিল করিয়া বাহির হইয়া আসি-বার জন্ত আকাশপাতালে এই মাতামাতি, এই রোবগর্জিত ক্রন্দন! পথহীন প্রাস্তরের প্রাস্ত হইতে বাতাস কেবল "না" "না" বলিয়া চীৎকার করিতে করিতে নিশীপরাত্রে ছুটিয়া আদিতেছে-একটা কেবল প্রতন্ত অস্থী-কার। --কিসের সংখীকার ? তাহা নি*চয় वना यात्र ना -- किन्दु ना, किन्दु उदे ना, ना, ना, ना ।

৩২

পরদিন প্রাতে ঝড়ের বেগ কিছু কমিয়াছে, কিন্তু একেবারে থামে নাই—নোভর তুলিবে কি না, এথনো ভাহা সারে: ঠিক করিতে পারে নাই, উদ্বিশ্বরে আকাশের দিকে ভাঁকাইতেছে।

সকালেই চক্রবর্তী রমেশের সন্ধানে কমলার পাশের কাম্রায় প্রবেশ করিলেন। দেথিলেন, রমেশ তথনো বিছানার পড়িয়া আছে,
চক্রবর্তীকে দৈথিয়া সে তাড়াতাড়ি উঠিয়া
বিলি। এই খরে রমেশের শরানাবস্থা
দেথিয়া চক্রবর্তী গতরাতির ঘটনার সংক

মনে মনে সমস্তটা মিলাইয়া লইলেন। জিজ্ঞাসা করিলেন, "কাল রাত্রে বৃঝি এই খরেই শোওয়া হইয়াছিল ?"

রমেশ এই প্রশ্নের উত্তর এড়াইয়া কহিল

— "এ কি হর্ষোগ আরম্ভ হইয়াছে! কাল
রাত্রে থুড়োর ঘুম কেমন হইল ?"

চক্রবর্ত্তী কহিলেন, "রমেশবার, আমাকে
নির্কোধের মত দেখিতে, আমার কথাবার্তাও
সেই প্রকারের, তবু এই বয়সে আমাকে
অনেক ছরুহ বিষয়ের চিন্তা করিতে হইয়াছে
এবং তাহার অনেকগুলার মীমাংসাও পাইয়াছি—কিন্ত আপনাকে সব চেরে ছরুহ
বলিয়া ঠেকিতেছে!"

মূহুর্ত্তের জন্ত রমেশের মুখ ঈবং রক্তবর্ণ হইয়া উঠিল, পরক্ষণেই আত্মসংবরণ করিরা একটুথানি হাসিরা কহিল—"হর্মহ হওয়াটাই যে সব সময়ে অপরাধের, তা নর খুড়ো! তেলেগু-ভাষার শিশুপাঠও হ্রমহ, কিন্তু ত্রৈল-শ্বের বালকের কাছে তাহা জলের মত সহজ্ব ধাহাকে না ব্রিধেন, তাহাকে তাড়াতাড়ি

নোহাকে না ব্যাক্তবন, ভাহাকে ভাছাভাছে দোব দিবেন না এবং বে অক্ষর না বোঝেন, কেবলমাত্র ভাহার উপরে অনিমেষ চকু রাধি-লেই যে ভাহা কোনোকালে ব্ঝিতে পারিবেন, এমন আশা করিবেন না।"

বৃদ্ধ কহিলেন, "আমাকে মাপ করিবেন রন্মেশবাবৃ! আমার সঙ্গে যাহার বোঝাপড়ার কোনো সম্পর্ক নাই, তাহাকে বৃঝিতে চেষ্টা করাই ধৃষ্টতা। কিন্তু পৃথিবীতে দৈবাৎ এমন একএকটি মান্তুয় মেলে, দৃষ্টিপাতমাত্রই যাহার সঙ্গে সমন্ধ স্থির হইয়া যায়—তার সাক্ষী, আপনি ঐ দেড়ে সারেংটাকে জিজ্ঞাসা করুন,— বৌমার সঙ্গে ওর আত্মীয়সমন্ধ ওকে এখনি স্বীকার করিতে হইবে— ওর ঘাড় করিবে
—না করে ত ওকে আমি মুদলমান বলিব না।
এমন অবস্থায় হঠাৎ মারখানে তেলে গুভাষা
আদিরা পড়িলে ভারি মুক্তিল পড়িতে হয়!
আপনি এ কেত্রে ঐ ভাষাটা নিজে জানেন
বলিগ্রা আমার ব্যথাটা বুঝিতেছেন না— কিন্তু
রমেশবাবু, আপনি যদি মালক্ষীর ঐ কাঁচাসোনার মুথখানি প্রথন দেখিতেন এবং তার
পরেই হঠাৎ তেলে গুভাষার একথানা গুর্মোধ
মেঘ আদিয়া ঐ চাদমুখ ঢাকিয়া ফেলিবার
জো করিত, তবে আপনি কি ক্রিতেন
বল্ন্দেখি! শুধুশুর রাগ করিলে চলিতে
না রনেশবাবু, কথাটা ভাবিয়া দেখিবেন।"

রমেশ কহিল, "ভাবিয়া দেখিতেছি বলিয়াই ত রাগ করিতে পারিতেছি ন:—কিন্তু
আমি রাগ করি আর না করি, আপনি ছঃখ
পান আর না পান, তেলেগুভাষা তেলেগুই
খাকিয়া যাইবে—প্রকৃতির এইরূপ নির্দ্র নির্দা ফেলিল।

এই ঘটনার পর চক্রবর্ত্তীর সাহত কমালার সম্বন্ধ স্বেহে, করুণার, অকথিত বেদনার আরো বেন প্রতীর হইয়া আরিল। বাহা ব্রিবার জো নাই, তাহার সম্বন্ধ কিছু বলা যায়না, কিছু করা লাগনা, প্রতিকার ক্রিবার চেষ্টা মনে আনে, কিন্তু উপরে ভারিয়া পাওয়া অসাধা হয়, নেইজ্ল সম্বন্ধ প্রতিহত উপ্তম অস্তরে অবক্রম রেইকেই অহরহ লালন ক্রিতে থাকে।

ইতিমধ্যে রমেশ চিন্তা করিতে লাগিল, গাজিপুরে যাওয়া উচিত কি না। প্রথমে দে ভাবিয়াছিল, অপরিচিত তানে বাসস্থাপন করার পক্ষে বৃদ্ধের সহিত পরিচয় তাহার কাজে লাগিবে। কিন্তু এখন মনে হইল, পরিচয়ের অপ্রবিধাও আছে। কমলার সহিত তাহার সম্বন্ধ,—আন্দোচনাও অনুস্মানের বিষয় হইয়া উঠিলে একদিন তাহা কমলার পক্ষে নিদারণ হইয়া দাড়াইবে। তার চেয়ে যেখানে সকলেই অপ্রিচিত, যেখানে প্রশ্ন জিক্তাদা করিবার কেহ নাই, দেইখানে আশ্রেষ লওয়াই ভাল।

গাজিপুরে পৌছিবার আগের দিনে রনেশ, চক্রবতীকে কহিল, "খুড়ো, গাজিপুর আনার প্র্যাক্টিদের পক্ষে অমুক্ল বলিয়া ব্রিতেছি না, আপাতত কাশিতে যাওয়াই আমি ভির করিয়াছি।"

রনেধের কথার মধ্যে নি:সংশ্যের স্থর গুনিগা বৃদ্ধ হাসিয়া ক হিলেন, "বারবার ভিন্ন-ভিন্ন বক্ম জির-করাকে হির করা বলে না— দে ত অস্থির করা। যা হউক্, এই কাশি যাওয়াটা এখনকার মত আপনার শেষ ভির ং" রনেশ সংক্ষেপ কহিল—"হাঁ।"

বৃদ্ধ কোন উত্তর না করিয়া চলিয়া গেলেন এবং জিনিবপাত্র বাধিতে প্রবৃত্ত হইলেন।

কমল। আগিয়া কহিল, "পুড়োমশায়,ু আজ কি আমার সজে আড়ি ?"

বৃদ্ধ কহিলেন. "ঝগড়া ত তুইবেলাই ইয়, কিন্তু একদিনও ত জিতিতে পাতিলাম না!"

কনলা। আজ যে স্কাল হইতে তুমি পালাটয়া বেড়াইকেছ ?

চক্রবর্ত্তী। তোমরা যে মা আমার চেয়ে বড়-রকমের পলায়নের চেষ্টায় আছে, আর—— আমাকে পলাতক বলিয়া অপবাদ দিতেছ ? • কমলা কথাটা না বৃঝিয়া চাহিয়া রহিল।
বৃদ্ধ কহিলেন, "রমেশবাবু তবে কি এখনো
তোমাকে বলেন নাই ? তোমাদের যে কাশি
বাওয়া থির হইয়াছে।"

শুনিল কমলা 'হাঁ-না' কিছুই বলিল না। কিছুক্ষণ পরে কহিল, "থুড়োমশায়, তুমি পারিবে না, দাও, তোমার বাকা আমি সাজাইয়া দিই।"

কাশি-যাওয়া-সধ্বেদ কমলার এই ঔদা-গীন্তে চক্রবর্তী গুদুরের মধ্যে একটা গভীর আঘাত পাইলেন। মনে মনে ভাবিলেন, "ভালই হইতেছে, আমার মত বঃসে আবার নুত্রন জ্ঞাল জ্ঞানো কেন ?"

ইতিমধ্যে কাশী বাওয়ার কথা কনলাকে জানাইবার জন্ম রমেশ আসিয়৷ উপস্থিত হইল। কহিল, "মামি তোমাকে খুঁজিতে-ছিলাম।"

কমলা চক্রপত্তীর কাপড়চোপড় ভাজ করিয়া গুডাইতে লাগিল। রমেশ কহিল, "কমলা, এবার আমাদের গাভিপুরে যাওয়া হইল না আমি ছির কার্যাছি, কানীতে গিয়া প্রাক্টিদ্করিব। তুমি কি বল ?"

কমলা চুক্রবর্তীর বাকা হইতে চোথ না তুলিয়া কহিল, "না, আমি গাজিপুরেই যাইব। আমি সমস্ত জিনিষপতা গুছাইয়া লইয়াছি।"

কমলার এই দিগাথীন উত্তরে রমেশ কিছু
আশ্চর্যা থইয়া গেল কছিল, "ভূমি কি
"একলাই যাইবে নাকি !"

ক্ষলা চক্রবভীর মুথের দিকে তাহার লিগচকুত্লিয়া কহিল, "কেন, সেখানে ত গুড়োমণার আছেন!"

क्रमणात्र এই क्थाप्त ठक्रवर्धी क्ष्निंठ हरेशा

পজিলেন—কহিলেন, "মা, তুমি যদি সন্তানের প্রতি এতদূর পক্ষপাত দেখাও, তাহা হইলে রমেশবারু আমাকে হুচকে দেখিতে পারিবেন না।"

ইগার উত্ত'র কমলা কেবল কহিল, "আমি গাজিপুরে যাইব।"

এ সংক্রে যে কাহারো কোন সম্মতির অপেক্রা আছে, কমলার কণ্ঠবরে এরূপ প্রকাশ পাইল না।

রমেশ কহিল,"খুড়ো, তবে গাজিপুরই স্থির।" থড়জলের পর সেদিন রাত্রে জ্যোৎসা পরিকার হইয়া ফুটিয়াছে। রমেশ ডেকের কেদারায় বসিয়া ভাবিতে লাগিল—"এমন করিয়া আর চলিবে না। करगरे विद्याशी ক্মলাকে লইয়া জীবনের সমস্থা অত্যস্ত ত্রুক্ হর্টা উঠিবে। এমন করিয়া কাছে থাকিয়া দূরত্বরকা করা ত্রহ। এবারে হাল ছাড়িয়া দিব। কমলাই আমার স্ত্রী--আমি ত উহাকে স্ত্রী বুলিয়াই গ্রহণ করিয়াছিলাম। रुष्र नारे दनियारे (कारना मरकार कता অন্তায়। যমরাজ সেদিন কমলাকে বধুরূপে আমার পার্খে আনিয়া-দিয়া সেই নির্জন নৈক তথাপে স্বয়ং গ্রন্থিবন্ধন করিয়া দিয়াছেন-তাহার মত এমন পুরোহিত জগতে কোথায় আছে ?"

হেমনলিনী এবং রমেশের মাঝখানে একটা যুদ্ধক্ষেত্র পড়িয়া আছে। বাধা, অপন্মান, অবিখাদ কাটিয়া যদি রমেশ জয়ী হইতে পারে, তবেই সে মাথা তুলিয়া হেমনলিনীর পার্শে গিয়া দাঁড়াইতে পারিবে। সেই যুদ্ধের কথা মনে হইলে তাহার ভয় হয়— জিতিবার কোনো আশা থাকে না। কেমন করিয়া

প্রমাণ করিবে ? এবং প্রমাণ করিতে হইলে
সমস্ত ব্যাপারটা লোকসাধারণের কাছে এমন
কদর্যা এবং কমলার পক্ষে এমন সাংঘাতিকআঘাতকর হইয়া উঠিবে বে, সে সকয় মনে
ভান দেওয়া কঠিন।

অত্তএৰ ছুর্কলের মত আর দিধা না করিয়া, সংকাচ না করিয়া কমলাকে স্ত্রী বলিয়া প্রহণ করিলেই সকল দিকে শ্রেম্ব হইবে। হেমনলিনী ত রমেশকে ছণা করিতেছে—এই ছণাই তাহাকে উপযুক্ত সং-পাত্রে চিন্তসমর্পণ করিতে অফ্রিছ্ন্য করিবে। এই ভাবিয়া রমেশ একটা দীর্ঘনিধাসের ছারা সেইদিক্কার আশাটাকে ভূমিসাং করিয়া দিল।

ক্রমশ।

वक्षन।

.

দেদিন বে তুমি গিলেছিলে খুলে চুলটি ছলালে মোহন করেতে কমল-ফুলটি একটি কৃত্র পাপ্ডি তাহার ধ'লে প'ড়েছিল বক্ষে আমার বেগে বহেছিল পরশে বাহার আমার হৃদর-ধমনি
হে মোর চিত্ত-হরণি!

কি বেন কানেতে বেজেছিল কোনো কথা কি
ভানিতে তাহাই আলি এ মরমব্যথা কি
সব কাজে আজি এ মার পরাণ
ব্যাকুল ভানিতে তব প্রেমগান
কর মোরে আজি কর আহ্বান
বাহি এস তব তরণি
হে মোর চিত্ত-হরণি!

একবার শুধু মিলাও আঁথিতে আঁথিট কর মোরে তব অর্থনাচার পাথিট বন্ধ করহ শৃত্থেগে তব তোমার বন্দী চিরদিন র'ব অনিমেবে তব মুথ অভিনব হেরিব দিবসরঞ্জনি হে মোর চিত্ত-হরণি !

এমনি রহিব চিরদিন মোরা ছজনার
ভূমি গো মুক্ত আমি বাঁধা তব পিঁকরার
অক্ষর থাক্ এ মোর বাঁধন
অনস্ত হোক্ এ প্রেমসাধন
আশা-ভরা মোর আকুল কাঁদন
চেয়ে আছে তব সরণি
হে মোর চিত্ত-হরণি।

শ্রীদীনেজ্রনাথ ঠাকুর

সার সত্যের আলোচনা

কাণ্টের মূলমন্ত্র।

দেশীর দর্শনকারদিগের মূলমন্ত্র ওকার;
কাণ্টের স্লমন্ত্র Synthetic unity of apperception অর্থাৎ সংবিতের যোগাত্মক

ঐক্যা এই মূলমন্ত্রটির প্রভাবে কান্ট্
অভেদজ্ঞানের হারোপাল্ডে উপনীত হইয়াছিলেনঃ তবে বে, কেন তিনি অভেদভানের মন্দিরে প্রবেশ করিলেন না তাহা
আশ্রব্য হদিচ খ্বই, কিন্তু তাহার একটি
নিগুড় কারণ আছে; তাহা এই:—

ভেদবৃদ্ধির উপত্যকা হইতে বিনি অভেদ-জানের উচ্চশিথরে আরোহণ করিতে চাহেন, তাঁহার উচিত একটি বিষরে সাৰ্ধান হওয়া—পথের মাঝে থামিয়া-দাঁড়াইয়া তিনি বেন পশ্চাদিকে দৃষ্টিনিকেপ না করেন। কাণ্ট্ অভেদজ্ঞানের হারোপাত্তে উপনীত হইয়াই চৌকাটে ঠোকর থাইয়া থামিয়া দাঁড়াইলেন; তাহার কিয়ৎপরে যেয়ি তিনি পশ্চাদিকে দৃষ্টিনিকেপ করিলেন, আর অয়ি ভেদবৃদ্ধির মায়ামুগ তাঁহার ক্ষানচক্তে ধাঁদা লাগাইয়া হড়হড় করিয়া তাঁহাকে নীচে টানিয়া-লইয়া চলিল। ইহারই নাম কিনায়ায় আসিয়া নৌকাড়বি। বাহাই হউক না কেন— যোগাত্মক ঐকোর ভার

অমনতরো আর-একটা অভেদজ্ঞানের কপাট भूनिवात अवार्थमकान-हावि भूँ किया वाहित क्त्रा माञ्चा कथा नहि। किन्छ म ठाविछि অবক্ষ করিয়া রাখা আছে শক্তস্থানে-'विश्वकारनत्र সমালোচনা' নামক দর্শন-বছপূর্বে ধাত্রীমুখে ওনিয়াছিলাম বে, কোনো কুধাতুর পরিব্রাজক রাক্স-পুরীর রাজ্বারে অতিথি হইলে তাহাকে ধাইতে দেওয়া হয় লোহার কড়াই-ভাজা ! তেমনি, কালে-ভদ্রে যদি কোনো সভাপথের পৰিক জানের লোভ সাম্লাইতে না পারিয়া कार्क्त पर्ननश्रास्त्र मनाष्ट्र-कशां छेल्याचेन করিরা ভিতরে উঁকি দিতে সাহসী হ'ন, তবে ঠিকু লোহার কড়াই-ভাকা না হউক্ — তাহা-त्रहे · मरहानत्र-८ अगीत नखनियुनन সামগ্রী তাঁহাকে পেট ভরিয়া থাইতে দেওয়া সচরাচর এইরূপ দেখিতে পাওয়া बाब (य, बक्तशत्रिकत्र शत्रित्वयक यनि वर्णन--"আর চাই ?", তবে কুধার্স্ত অতিথি পরি-বেষকের কার্য্যপটুডার প্রতি আহলাদপ্রকাশ कत्रिया बर्णन-"भिरव एम । अधिक इ न দোবার;" কিন্তু কান্টের বারের অতিথি তাহা वरनन ना । जिनि कार्डशिंग शिंगिया काँगा-কালে। স্বরে বলেন-"বৎ স্বরং তুমিষ্টম্।" সহযাত্রিগণের সহিত কান্টের দর্শনমন্দিরে অতিথি হইয়া আমিও একণে ক্রমে বুৰিতে পারিতেছি বে, 'অধিকস্ক' বড় বে 'ন দোষায়', তাহা নহে, পরত্ত 'মরণায়'। অতএৰ "ৰং বলং তমিষ্টম্," এইটিই ঠিক ! পোষ্টাই সামগ্রী অরবরই ভাল ৷ আমি তাই পরিবেষকের দলে মিশিরা সহবাত্তিগণের পাতে-পাতে এক-আধ মুটার অনধিক কান্টীর অর

খুব বিবেচনার সহিত স্থ সাবধানে বিলি করিব।
মনে করিয়াছি, কিন্ত তাহা সত্ত্বেও ভোক্তা'রা
হয় তে। ছই-গ্রাস মুখে উঠাইতে-না-উঠাইতেই বলিবেন—"যথেষ্ট হইয়াছে—যৎ স্বরং
ভিনিষ্টম।"

সংবিতের যোগাত্মক ঐক্য।
কাণ্ট্ যে বলিয়াছেন "সংবিতের বোগাত্মক
ঐক্য," তাহা বস্তটা কি ? বস্তটা হ'চে—
পূর্বের এক প্রবন্ধে যাহাকে আমি বলিয়াছি
নিথিলবিখের সার্বাত্মিক ঐক্য। আমি
ভো এইরূপ বলিতেছি, কিন্তু কাণ্ট্ নিজে
কিরূপ বলেন ? কাণ্টের নিজের কথার তিনি
নিজে যেরূপ ব্যাখ্যা করিয়াছেন, তাহাই সর্বাত্থমে বিবেচ্য। কাণ্টীয়-দশনের মোট
কথাটার স্থল-তাৎপর্য্য-সম্বন্ধে কাণ্ট্ তাহার
নিজের যেরূপ অভিপ্রায় নিজে প্রকাশ
করিয়াছেন, তাহার চুম্বক বিবর্গ এই:—



(क्व (मथ)

একত্ব হ'চ্চে সংবিতের একত্ব (consciousnessএর একত্ব); যোগ হ'চ্চে কল্পনার
যোগ; বৈচিত্র্য হ'চ্চে দেশকালের বৈচিত্র্য।
ভেদবৃদ্ধির পরামর্শ শুনিয়া কান্ট প্রথমে
বৈচিত্র্য, যোগ এবং একত্ব, ভিনকে
পরস্পর হইতে বিচ্ছিল্ল করিয়া পৃথক্ পৃথক্
পাত্রে বিস্তুত্ত করিলেন;—বৈচিত্র্যে খুনেন
দেশকাল-পাত্রে, যোগ খুনেন কল্পনা-পাত্রে,
একত্ব খুনেন সংবিৎ-পাত্রে। ভাহার পরে,
একত্ব এবং বৈচিত্র্যের মধ্যবর্ত্তী সেই-বে
কল্পনা-মূলক যোগ, সেই কল্পনা-মূলক

যোগের গাত্তে সংবিতের একছ সভ্যটিত করিয়া **अक्टमटिं (वाग'टक माटिमटिं) कतिया शिष्ट्रा** जुनित्नन, जात्र, त्मरे मार्गरे ह्यारंगत नाम দিলেন ব্রান্ধর যোগ। কান্টের প্রারাম্নারে, কল্পনার যোগ সংবিতের একড হইতে আপনাকে অলগ্রাথে; বৃদ্ধির যোগ সংবিতের একত্বকে মাণার মুক্ট করিয়া মন্তকে ধারণ করে। কাণ্ট্ এটাও কিন্ত বলেন যে, ও-ছই পৃথক্-শ্রেণীর যোগের মধ্যে কেবল একমেটে-দোমেটে'র প্রভেদ, তা বই —বন্ধত কোনো প্রভেদ নাই। কথাটা আর-কিছু না--গৃহবিড়াল বনে গেলেই ষেমন বনবিড়াল হইয়া ওঠে, কল্পনার যোগ তেমনি সংবিতের আশ্রয় গ্রহণ করিলেই वृद्धित (यांग इरेश ७८)। करन, मः विष्ठत ঐক্য একপ্রকার স্পর্শমণি; তাহার স্পর্শ-মাত্রে একমেটে যোগ দোমেটে হইয়া ওঠে-কলনার যোগ বৃদ্ধির যোগ হইরা ওঠে। কাণ্টের এই কঠোর বৈজ্ঞানিক-ধাঁচার কথা-টিকে লৌকিক-দাঁচার সভাভবা পরিচ্ছদ পরিধান করানে। আত প্রয়োজনীয় হইয়াছে --কেন না, রাস্তার লোকে যদি উহাকে তিনিতে না,পারিয়া একটা অন্তত সভ্ ঠাওরায়, ু আরু, সেইরূপ ভ্রান্তির বশতাপর হইয়া উহার গাত্রে ধুলিনিকেপ করিতে উন্থত হয়, তবে তাহা আমার প্রাণে সহিবে না। অতএব निम्न व्यविधान कता रहा क्।

আরব্য-উপঞ্চাদের আবুল্হোদেন্ যথন কালিকের সিংহাসনে রাজা হইরা বসিরা-ছিলেন, তথন তাঁহার কালিকে'র আমি এবং "আজিকে'র আমি'র মধ্যে একত্বের ব্যত্যর ঘটিরাছিল পুরই। বাণ্ণারটা বে কি, তাহার

কিছুই ব্ঝিতে না পারিয়া প্রথমে তিনি অবু-থবু বনিরা গিয়াছিলেন ; তাহার পরে বিপুল সাম্রাজ্যের কুহকে মুগ্ধ হইয়া আপনাকে সভা-সতাই রাজরাজেশর মনে করিতে লাগিলেন। রাজা বেরূপে বদেন-দাঁড়ান, ভাবেন-চিত্তেন, विठात कदत्रन. व्यादमकाशन करत्रन. সমস্তই স্থা-স্থা তাঁহার মনোমধ্যে কর্মার যোগস্তে গ্রথিত হইয়া-হইয়া নিরবচ্ছির ধারার বহিয়া চলিতে লাগিল। আবুল্হোসেনের কালিকে'র আমি'র সংস্রব হইতে তাঁহার আজিকে'র আমি দুরে সরিয়া দাঁড়াইবা-মাত্র তাঁহার কল্লনার বা মনোরথের যোটনা এবং যোজনা এই ছই কড়-ঘোড়া উন্মন্তবেগে ছুটিতে লাগিল; আর, মাঝে-মাঝে থম্কিয়া-দাঁড়াইয়া পশ্চাতে পাছু ড়িয়া বৃদ্ধি-সার্থির 5(* রাশি ধূলি নিকেপ করিতে তাহার হুইদিন পরে বর্থন কালিফ রাজা-ধিরাজ আবুল্হোদেনের ঘুম বার সঙ্গে সঙ্গে ভ্রম ভাঙাইয়া দিলেন, তখন আবুল্হোদেনের বুদ্ধির হাডে লাগিল বটে, কিন্তু তাঁহার স্থপস্থ ভঙ্গ হওয়াতে তাঁহার সাধের মনোর্থ স্থর্গ হইতে রদাতলে নিপতিত হইয়া ভাঙিয়া চুরমার इहेब्रा (गण। याहाहे (होक् ना (कन- আবুল্হোদেনের প্রখ-তর্থের আমি এবং অকলোর আমি'র মধ্যে অধওনীর প্র ঐক্য পুন:প্রতিষ্ঠিত হইণ; আর, ভাহা যখন হইল, তখন তাঁহার নিকটে বিগত ছইদিনের সমস্ত প্রহেলিকা ছুধ্কে-ছুধ্ অল্কে-श्र्विति वायून-वन् रहेवा शन। ट्रांटनदेन महनामरथा चाजिरकत गल कानि-

পরশের যোগস্তের খেই হারাইয়া গিয়া-ছিল; এক্ষণে সংবিতের এক্য প্রভাবর্তন করা'তে সেই হারা-দ্রানস্ত্র খুঁ জিয়া शाहरक आयुन्दांतानंत्र धकमूह्र्वं विनय इहेन ना। जाजि-कानि-शत्राधित বিচিত্র বটনাবলীর সমস্ত অঙ্গপ্রতাঙ্গের মধ্যে সংবিতের ঐকাসুলক এই যে যোগ, ইহাকেই বলেন কাণ্ট্ -- বুদ্ধির যোগ। এখন তো আবুল্হোদেনের মনে বুদ্ধির বোগ মাথা जूनिया-छेठिया आकि-कानि-পরশের বুতাত্তের উপরে আলোকনিকেপ করি-তেছে; কিন্তু গতকলা, তাঁহার মনোমধ্যে ধোটনা এবং বোজনা, এই ছই প্রমন্ত-ঘোটক সাংবিত ঐক্যের লাগাম ছিঁড়িয়া কেমন উদাম হইয়া ছুটিয়া বেড়াইতেছিল, তাহা ভো দেখিয়াছ ৷ ভাহাকেই বলেন কাণ্ট্---কল্পনার যোগ। তাই বলি যে, যোগফণী ৰখন মণি হারাইয়া ইতত্তত ছুটাছুটি করে, তখন ভাহারই নাম কল্লনার যোগ; পক্ষা-खद्त, (यांशक्नीत मांशांत्र यथन मनि बन्बन् क्त्रिट्ड शांदक, उथन छाहात्रहे नाम वृक्षित বোগ। সে মণি কি ? না, Synthetic unity of apperception সংবিতের বোগা-স্ক ঐক্য। মণিটার সূল্য কাণ্ট্রীতিমত वाठाई कतिया प्रिविद्याहित्यन कि ना, छारा আফি ৰলিতে পারি না। কিব আমাদের দেশীর দর্শনকারেরা বৃক্তি এবং শালের ৰাজাৰে ভাতা ভন্ন-ভন্ন করিয়া বাচাই করিয়া দেখিয়া অবেশেষে এইরণ সিদ্ধান্তে উপনীত হইরাছেন বে, তাহা সাত-রাজার ধন মাণিক ় লাভ রাজা হ'চ্চেন ভূতু ব প্রভৃতি

সপ্ত লোকের সপ্ত লোকপাল; আর, সাত-রাজার ধন হ'চ্চে সপ্তলোক বা নিখিল বিশ্বক্রমাণ্ড। কেহ হয় তো বলিবেন, "পাগলের মতো কি বলিতেছ ?" সংবিংকে বলিতেছ—নিধিল বিশ্বস্থাণ্ড!"

"হাঁ, তাই আমি বলিতেছি! সংবিৎ নিখিল বিশ্বক্ষাণ্ডই বটে! কিন্তু এ কথার অর্থ এবং তাংপর্যা এখন না— ইহার পরে ধীরে ধীরে ক্রমণ প্রকাশ্ত।"

কাণ্টের ইতস্তত।

গোড়াতেই বলিয়াছি বে, কাণ্টের মূলমন্ত্র Synthetic unity of apperception সংবিতের যোগাত্মক এক্য; আর, আমাদের দেশীয় দুর্শনকারদিগের মূলমন্ত্ৰ ওকার। ছুয়ের মধ্যে প্রভেদ কেবল নামে। ভাহার মধ্যে বিশেষ একটি দ্রপ্তব্য এই বে, সংবিতের যোগাত্মক ঐক্যকে যদি কেবলমাত্র একটা मार्ननिक-ছिन्नमञ्जा-क्रत्थ (abstract entity রূপে) গ্রহণ করা বার, তবে তাহার সমস্ত গৌরব-মাহাত্মা সেই দঙ্গে ধূলিদাৎ হইয়া বার। ইউরোপীর দর্শনকারদিগের পালার পড়িয়া উহার ভাগো ঘটিয়াছেও ভাই! আমাদের দেশের দর্শনকারেরা বে. সংবিতের প্রকৃত মর্যাদা অবগত ছিলেন, তাহা তাঁহা-एमत्र रमथनीत इहे- এक चाँ हर्ष्ट्र मध्यकान। তা'র সাক্ষী পঞ্দশীর গ্রন্থকার মুক্তকঠে বলিয়াছেন---

মাসাক্ষ্পকলেনু গতাগমোগনেকথা।
নাদেতি নাথমেডোকা সংবিদেখা,বরংগ্রভা ।
মাস, অন্ধ, বুগ, করু, অনেকথা যাতায়াত
করিতেছে— তাহার মধ্যে একাকী কেবল,
আপন প্রভার আপনি প্রকাশমানা সংবিৎ

ना-जात्नन छेनग-ना-जात्नन अछ। সংবি-তের শেষোক্তপ্রকার বিশ্ববাপী সার্কাত্মিকতা কাণ্ট কিন্ত বুঝিয়াছিলেন; আর তাহা তিনি বুঝিয়াছিলেন বলিয়াই সংবিতের ঐক্য'কে ফাঁকা ঐক্য না বলিয়া বলিয়া-ছেন—যোগাত্মক (Synthetic) ঐক্য। কাণ্ট্ বুঝিয়াছিলেন, এটা সভ্য-কিন্ত वृश्चित्रां अवाद्यान नाहे। काल्पेत माना-মধ্যে এইরূপ ইতন্তত ঘটাইবার কর্ত্রী হ'চ্চেন আর-কেহ না—ইউরোপীয় ভেদবৃদ্ধি। কাণ্ট যে-সংর্থ 'বোগাত্মক'শন ব্যবহার করিয়াছেন, তাহাতে বাস্তবিক্ই এইরূপ বুঝার ষে, সমস্ত বিশ্বক্ষাণ্ড সংবিত্তের যোগ স্ত্রে পুঝারপুঝরপে সহদ। এমন কি, कां े व कथां अ वित्र कार्य नारे त्य, সমস্ত প্রাকৃতিক নিয়মের গোড়া-বন্ধনের কর্ত্রী একাকিনী কেবল সংবিং। ছঃথের বিষয় এই থেঁ, কাণ্ট্ তাঁহার অন্তরের নিগৃঢ় কথাট পট্ট করিয়া বলিতে গড়ীমসী এবং ইতন্তত করিয়াছেন বড়্ড বেশীমাত্রা। কাণ্ট বলিয়াছেন যে, সংবিতের ঐক্যান্ত্রণের পুর্বে যোগের সভ্যটনকার্য্য বা,যোজনা-কার্যা করনাকর্ত্তক অজ্ঞাতদারে—অন্ধভাবে —সম্পাদিত হটয়া থাকে। কাণ্ট কে "জিজাসা করি যে, জ্ঞাতা-কর্তৃক যে কার্যা অজ্ঞাতদারে করা হয়, সে কার্য্যের কর্তা জাতা নিজে, অথবা প্রাকৃতি, অথবা আর-क्र ? **अ्थ**वाकि यमि पूरमत शाद मश-শায়ী ব্যক্তিকে প্রহার করে, তবে প্রহার क्त्रिम . (व -- (म (क १ श्रश्चेवाकि निष्म, মুথৰা তাহার প্রকৃতি, অথবা আর-কেহ? यि वन त्य, श्रुश्वशिक नित्य;

প্রকারাস্করে বলা হয় যে, স্থপ্তব্যক্তি তাহার সেই নিজের কার্য্যের জন্ম নিজে দায়ী, অত-এব তাহাকে পুলিসে দেওরা উচিত। যদি বল যে, স্থপ্তব্যক্তি তাহার প্রে অজ্ঞানক্ত কার্য্যের জন্ম দায়ী নহে—অথচ সে কার্য্য তাহার নিজেরই কার্যা; তবে প্রকারাস্তরে বলা হয় যে, অর প্রকৃতির কার্যাও জ্ঞাতার নিজের কার্যা। সাবধান! সমুখে একটা প্রবল ঘূর্ণার পাক ক্রেয়া রহিয়াছে! সে ঘূর্ণার পাক এইরূপ:—

প্রথম কথা।

কল্পনার একমেটে যোগ সাংবিত ঐক্যের আন্নত্ত বহির্ভূত ।

দ্বিতীয় কথা।

অথচ সে যোগের সংঘটন-ক্রিয়া—অর্থাৎ যোজনা-ক্রিয়া—জ্ঞাতা-কর্তৃক অজ্ঞাতসারে প্রবর্তিত হয়।

তৃতীয় কথা।

ভটা যথন স্থির যে, কাল্লনিক যোজনাক্রিয়া জ্ঞাতা-কর্ত্ক অক্রাতসারে প্রবর্তিত হয়,
তথন ঐপ্রকার যোজনা-ক্রিয়ার ফল যে একমেটে যোগা, তাহাও অবশু জ্ঞাতা'র একত্বে
আপাদমন্তক ওতপ্রোত। শেক্স্পীয়র্ বলিয়াছেন "there is method in madness"
খ্যাপামি'র মধ্যেও একত্বের বাধুনি আছে।
সে একত্ব, অবশু, জ্ঞাতারই একত্ব। এক্রেটে
কাল্লনিক বোগের নিস্পাদন-কার্য্যেও জ্ঞাতারএকত্বের হস্তত্বে আছে ? জ্ঞাতার একত্বই তো
সংবিতের একত্ব। যদি বল যে, সংবিতের একত্ব
স্বত্তম্ব—জ্ঞাতার একত্ব স্বতন্ত্ব; তবে প্রকারাম্ভরে
ধলা হয় যে, আমার জ্ঞানের কার্য্য আমার

আগনার কার্য্য নহে। অতএব তুমি বধন বলিতেছ যে, একমেটে কাল্পনিক যোগের নিপাদন-কার্য্যেও জ্ঞাভার একত্বের হস্ত আছে, তথন তাহাতেই আপনা-আপনি প্রতিপন্ন হইতেছে যে, সে কার্য্যে সাংবিত কক্ষের হস্ত আছে। তবেই হইতেছে যে, কল্পনাপ্রধান একমেটে বোগক্ষেত্রেও সংবিত্তের প্রক্য আধিপত্য বিস্তার করিতে কাস্ত হয় না। কিন্তু গোড়ার তুমি বলিয়াছ যে, কল্পনার একমেটে যোগ সাংবিত প্রক্যের আন্তর্ভ-বহিত্তি (প্রথম কথা দেখ)। এই তো দেখিতেছি যে, তোমার কথার ল্যান্ধার সঙ্গের মুঞ্চা'র মিল নাই।

কান্টের স্থার অত-বড় একজন দার্শনিক পণ্ডিতের অমন একটা স্পষ্ট অসকতি-দোষ এ-দেশীয় লোকের চক্ষে থুবই আশ্চর্যা ঠেকে, কিন্তু ইউরোপীয় ভেদবৃদ্ধির চক্ষে উহা ধর্ত্ত-বোর মধ্যেই নহে। ইউরোপীয় ভেদবৃদ্ধির ওকালতির বাক্ঝাপটে অমনতরো গণ্ডা-গণ্ডা অসকতি-দোষ অবলীলাক্রমে পার পাইয়া যায়। ওকালতির নমুনা।

দব দতাই আপেক্ষিক দত্য—কোনো দতাই ঠিক্ দত্য নহে; অতএব ইউরোপীয় পণ্ডিতেরা যাহা বলিয়াছেন, জাহা ঠিক্ দত্য না হইলেও মহামূল্য আপেক্ষিক সত্য, ভাহাতে আর দন্দেহমাত্র নাই! আমিও বলি বে, "বুমপাড়ানী মাসী-পিসী"র স্থায় ভাহা মহামূল্য ছেলে-ভুলানিয়া দত্য!

বারান্তরে আমি দেখাইব যে, কাণ্ট্ ভেদবৃদ্ধির কুহকে মুগ্ধ হইয়া সাধ করিয়া ঐ পাকচক্র-থেল্নে-ওয়ালা অসঙ্গতি-সপটা'কে ছগ্ধ দিয়া গ্রন্থমধ্যে পৃষিয়াছেন! কান্টের উচিত ছিল, গোড়াতেই জ্ঞাত্জ্ঞানজ্ঞেয়ের একত্ব (যোগ এবং বৈচিত্রোর বস্তুগত একত্ব) প্রতিপাদন করা। তাহা না করিয়া —গোড়াতেই তিনি ভেদবৃদ্ধির উকিলী-ফলিতে ঘাড় পাতিয়া-দিয়া জ্ঞাত্জ্ঞানজ্ঞেয়ের মধ্যে গৃহবিচ্ছেদের বীজ বুপুন করিয়াছেন। শেষে তাই আপনার ফাঁদে আপনি পড়িয়া নাকালের একশেষ হইয়াছেন।

• শ্রীদিজেন্দ্রনাথ ঠাকুর।

রামায়ণ ও সমাজ।

আমাদের সমাজে বিবাহপ্রথা প্রবর্তিত হইবার পরেই বৌধ-পরিবারের প্রকৃত প্রতিষ্ঠা
হয়। বৌধ-পরিবারের শিক্ষানীতিও শৃঙ্খলার
দিকে। এই শিক্ষা ব্যক্তিগত স্বথ ও বিলাসচেষ্টার প্রতিকৃলে এবং উহা পরার্থ-ত্যাগবীকারের প্রবর্তক। যৌধ-পারিবারিক

জীবন শান্তি লক্ষ্য করে এবং ইহা বিরুদ্ধ-উপাদানবিশিষ্ট চরিত্রগুলিকে গড়িরা-পিটিয়-এক ছাঁচে পরিণত করিতে চেটা পার। থেরূপ বিভিন্ন বাস্থ্যগ্রের স্থার চড়াইরা বা নাবাইরা একটি এক্ষতান ঝ্রান্তের স্থান্তি হর, পারিবারিক শান্তি ও সাম্য- রক্ষার অক্স সেইরূপ একপরিবারভুক্ত প্রত্যেক ব্যক্তিকে স্বীর প্রবৃত্তির সহজ গতি কতকপরিমাণে পরিবর্তিত করিতে হয়—এক প্রীতির তীর্থে বিরুদ্ধ প্রকৃতিসমূহের স্থা-শিলন ঘটিরা থাকে। সামশ্রুপ্ত পান্তির কল্প একটা অবিরাম চেন্টার গার্হস্থাজীবন স্থার্কিত থাকে এবং এক পরিবারের প্রত্যেক ব্যক্তির একটা নৈতিক স্থাশিক্ষা হইরা থাকে—কারণ প্রত্যেকের আত্ম-দমনের চেন্টা না হইলে শান্তির আবিভাব সম্ভবণর হর্মনা।

যে জলরাশির স্বাভাবিক গতি আছে. তাহা আপন নির্মালতা রাখিয়া চলিতে পারে: किंद्ध जन मां जारेबा श्रात डेश शक्ति अ नानाक्रां व्यवाद्याक्र इहेबा डेट्ट। त्योथ-পরিবার যতদিন স্বভাবের অমুকুলে গতিশীল থাকে, ভতদিন ইহার ক্লায় হিতকর প্রভাব আর-কোনরূপ শামাজিক অবস্থার হইতে পারে না, কিন্তু গতি স্থির হইলে ইহা ও অনিষ্ট-কর হইয়া উঠে। জীবনকে নিয়মিত করিবার অভাধিক চেষ্টার সঙ্গে স্বাভাবিক শক্তির যে व्यवहार करते, जाहारक व्यवमा छेरताह, याबीन চিন্তা ও মৌলিকতার বিকাশ ভালরূপ হয় না, এবং গুরুজনের আহুগতা প্রতিভাবিকা-लिब् शटक शटन शटन खड्रतारवत्र रुष्टि करत्। लांटक त्य शतिमात्न महिकु हव, तमहे शति-মাণে তাহার নিজের মতের প্রতি আস্থা ও শীয় नैकित উপत्र विचान नष्टे श्रेश याग्र ; - (योथ-পরিবারে ছেহের অফুশীলন সর্বাপেক্ষা বেশী, किंद करंग करम উदाएक द्वाप अमन ' কোমল হইয়া পড়ে এবং এত অসমত ছলিডা ७ गावधानजां छेरशब इब ८व, बहर छेटमञ्च-

श्वी भरत भरत वांधा भाषा । आमारतत रत्तर গ্রাম হইতে গ্রামান্তরে গমনোপুথ ব্যক্তির মা, খুড়ী, মাসী, ভগিনী ভাবিয়া আকুল হন এবং ছেলেটি একটু দৌড়াইয়া খেলিতে ছুটিলে স্বেহাতুর সাত্মীয়গণ শিশুর অনিষ্ঠা-শঙ্কা করিয়া তাহার পাদক্ষেপ-নিয়মনের উপদেশ দিতে আরম্ভ করেন। करन এই माँ ज़िरेशार एवं, এक বারের বছলোক একত হইয়া অতরহ শিশুর জীবনরকা, স্বাস্থ্যরকা প্রভৃতির প্রতি লক্ষ্য করে, অমনি স্বভাবও যেন একটি ক্ররহন্ত দেখিবার জন্মই স্বীয় হিতকর বিধানগুলি লইয়া কার্যাক্ষেত্র হইতে অপস্থত হয়। এদিকে নানারূপ অকর্মণা উপদেশের হিডিকে শিশুগুলি নিশ্চেষ্ট বুদ্ধমৃত্তির মত হইয়া যায়, আর সেই সঙ্গে অকাল-পৰতা প্ৰাপ্ত হইয়া স্বাভাবিক কৃতি হইতে চিরবঞ্চিত হইয়া পড়ে। শিশুকাল হইতে আমরা নিজের জন্ম ভাবিতে শিখি না, অপরে আমাদের ভাবনাগুলি ভাবিয়া দেয় এবং পিতামহী-মাতামহীর প্রণোদিত জীবনরকার সাবধানতা আমরণ পশ্চাতে থাকিয়া আমা-দিগকে দর্কবিষয়ে কাপুরুষ করিয়া তোলে। শিশুকালে পা বাড়াইতে গেলেই আত্মীয়বর্গ যে আশকা দেখাইয়াছিলেন, বয়:প্রাপ্ত হইলে তাহা ঘনীভূত হইয়া আমাদের উভ্তয়ের মুখ মৃচ্ডাইয়া দেয় এবং দর্বপ্রকার উচ্চকার্য্যের জন্ম আমাদিগকে একান্তরূপে অযোগ্য করিয়া ফেলে। মুখে আমরা যতই পুরুষকারের গর্ম कत्रि ना ८कन, अप्तकममन्न य योजीकारण दाहि শুনিলে অন্তরাধিষ্টিত পঞ্চত্ত ভয়ে শিহরিয়া উঠেন, সে সম্বন্ধে সন্দেহ নাই।

বৌথ-পরিবার এখন একান্তরূপে কৃত্রিম

উঠিয়াছে। হইয়া প্রয়োজন সভাবের হইতেই পারিবারিক এই বন্ধন স্বষ্ট হইয়া-ছিল, কিন্তু এখন এই বছপুর্বপ্রথাবর্ত্তিত প্রথা স্বভাবকে বছদুরে ফেলিয়া একান্ত ক্রিমতার দিকে ঝুঁকিয়াছে। আমরা আতপগৃহের তরুপল্লবের স্থায় কতকটা অস্বাভাবিক হইয়া পডিয়াছি: স্বভাবের মুক্তক্ষেত্র যে আমা-দের আদিম ও প্রকৃত বাদস্থান, তাহা আমরা ভূলিয়া গিয়াছি:--কিন্তু তথাপি একথা স্থির ষে, আমরা যতদুরেই সভাবকে দরাইয়া চেষ্টা করি, স্বভাব একদিন রাখিতে এই ক্লবেম ও মিথা মমতার বন্ধনবিস্তারী সমাজ হইতে তাহার স্বীয় সামগ্রী হরণ कतिया नहेरतः मृङ्कात नित्न आभारतत मतन পড়িবে—যাহা ভভ, মৃত্যুর বিনিময়েও তাহাই আশ্রয় করা আমাদের উচিত ছিল; ভীতি-দায়ক কৃত্রিম মেহের স্বর এই কুদ্রগৃহের প্রাচীরে ধ্বনিত ও প্রতিধ্বনিত হইবে— ভাহার উর্দ্ধে উঠিতে পারিবে না, ক্লিন্ত বে क्लाानमंत्री वानी अर्ग इहेट मनूरकात्र कर्ल নিরস্তর অভিঘাত করে, সেই শুভ আদেশ গ্রাহ করিয়া নিভীকভাবে কার্যা করাই আমাদের সর্বাবস্থায় শ্রেরস্বর। মৃত্যু অতি ভীষণ, কিন্তু তাহার অপ্রার্থিত আলিঙ্গন অতি ভীক-राक्टिक्छ এकिन श्रोकांत्र कतिए इटेर्व, —কর্ত্তবাসম্পাদনে মৃত্যুর ভার মহানু মহিমা ৰ্মার কিসে দিতে পারে ?

কিন্ত প্রথম বখন যৌথ-পরিবার-প্রথা প্রবর্তিত হয়, তাহার অনতিপরে উহা এমন একটি অবস্থায় দাঁড়াইরাছিল, বখন সমাজ অভাবের চিছ্লিত পথে চলিয়া খীয় বিধান রচনা ক্রিত। এইজ্ঞ ব্যক্তিগত-কর্তব্য-

শিক্ষার পক্ষে যৌথ-পরিবার-প্রথা তথন একাঞ্জ উপযোগী হইয়াছিল এবং উহাতে ক্লুত্রিমতার লেশস্পর্শ হইতে পারে নাই। যথন পিতৃ-স্বেহ ও মাতৃমেহ ভভ মন্দাকিনীর স্থায় জীবনকে উর্বারতা ও স্বাস্থ্যের শ্রী প্রদান ' করিত, অথচ তাহা মহাকর্ত্তব্যগুলি সম্পা-परनत रकान अखताय शृष्टि कतिक ना : यथन প্রেম যাহা চায়, দাম্পতাবিধি প্রেমকে সেই অভীষ্ট বর দিয়া এক পুণাত্তনে অভিষিক্ত করিয়া রাথিত,---জদয়ের প্রগাঢ় বন্ধনই অঞ্জ-বন্ধনের বাহিক অমুষ্ঠানকে পবিত্রভাবে প্রকাশিত করিত: এখন বেরূপ বিবাহবদ্ধ গুইটি ভাগাহীন ব্যক্তি গুই ভিন্নমুখে তাকা-ইয়া প্রস্পারের অনৈকাজনিত ক্ষোভে দীর্ঘ-यात्म कीवन काठाहेबा (नब,--श्वयःवत्र, शासर्व বিবাহ প্রভৃতি প্রথা প্রচলিত থাকার দাম্প-তোর তথন এরূপ নিষ্ঠর বিদ্রূপ সংঘটিত হইতে পারিত না,—যথন'ভাতৃভক্তি,পিতৃভক্তি ও স্থামিভক্তি সম্বন্ধে চাণক্যপণ্ডিত নানারূপ শ্লোক সঙ্কলন করেন নাই ও পৌরাণিকগণ সাধারণকে দে পথে প্রবন্তিত করিবার সাধু উদ্দেশ্রে স্বর্গ ও নরকের জল্পনায় নিরত হন नारे, अथह ঐ मकन वृद्धि यভावउरे সতেজ ও স্থলর ছিল,—প্রেমের পুরস্কার ছিল প্রেম, সংকর্মের পুরস্কার ছিল আছুতৃথ্যি, ইছা হইতে উচ্চত্র স্বর্গের করনা সমাজে প্রদলিত ছিল না; সেই বুগে সমস্ত বৃত্তির সাভাবিক উপায়ে বিকাশ ও চরিতার্থী मन्नामरमद अंश (योथ-निवात-ख्या डेर्ड्ड. क्रा मञ्चानमारकत डेभरवानी हिन।

সেইরূপ গৌরবোন্ধ্র অবস্থা সমাজের কোনকালে হইরাছিল কিনা, কানি না; কিউ নমাজ বে এইরণ এক মহিমায় মণ্ডিত শান্তিন্যয় নিকেতনে পৌছিতে পারে, রামায়ণ-কাবো সেই সন্তাবনা যাথার্থো পরিণত হইয়া আছে। মন্তুরের সংপ্রবৃত্তিনিচয়ের বিকাশ করিবার জন্ত একটি মহাবিভালয় আবপ্রক,—বর্তুনান রুরোপীয় সমাজ সেই বিভালয়ের স্থান গ্রহণ করিতে পারে নাই। সেই বিভালয় সভাবের ছনেদ, উদার ধর্মানতির ভিত্তিতে গঠন করিতে হইবে—মর্গায় পবিত্র আলোক এবং প্রাণস্কারী ব্রহণ করিয়া প্রাচীর তৃলিলে উদ্দেশ্য সিদ্ধ হইবে না। রামায়ণে চিত্রিত বৌগ-পরিবার সেই মহাবিভালয়।

এখানে দেখিতে পাই, রামনীতার জেম স্বাভাবিক প্রণায়যুগ্মের প্রেম; উহা স্বাধ, অপ্রায়েও স্থানর, দাম্পতানিধি উচা পবিত্র করিয়া আকারিত করিয়াছে দাতা। বিবাহ-প্রথায় সামাজিক বলপ্রয়োগ দারা ছই বিক্র প্রকৃতির যে অবিরভ মিলম্টেটা চলিতেছে এবং সহস্র নীতি 'ও ধর্মের শোক তৃভেগ্ন সদয়দারে প্রতিহত হইয়া নিরম্ভর দাম্পত্য-कौवनाक (य कि: मह वाशाय वाशिङ किति छ छ. ঝ্মদীতার দাম্পতা তাহা ২ইতে সম্পূর্ণরূপ পৃথক, দৃশ্য দেখাইতেছে। এখানে সাভাবিক শীলতা সীতাকে পুরমহিলার কমনীয় সৌন্দর্য্য প্রদান করিয়াছে-কিন্তু স্বামীর বাছ অবলখন-পূর্বক বনযাত্রায় যে নিভীক অপূর্ব্ব প্রেমের মাহাত্মা স্টিত হুইতেছে, তাহা থকা করিবার শত কোন প্রতিবেশিনী স্বীয় রসনা দংশন ' ক্রিরা দাড়ান নাই এবং দম্পতির এই ব্যবহার নির্লজ্জার চরমু দৃষ্টাত্ত করনা

করিয়া আত্মীয়াগণের গণ্ড লুজ্জার আরক্তিম হইয়া উঠে নাই। স্বভাব বাহা চাহে, সমাজ এথানে তাহাই অ**হুমোদন করিতেছে। এন্থলে** যাভাবিক প্রেম দাম্পত্যবিধিবদ্ধ হইয়া পুণ্য-নঙ্গলময় হইয়া উঠিয়াছে এবং স্বভাৰবিধি ও সমাজবিধানের পরম ঐক্য দেখা যাইতেছে। বিশ্ব-নিয়ন্তা মাতৃগর্ভ হইতে যাঁহাদিগকে আমাদের পরমসহায় ও দক্ষিণবাতর স্থায় অবিচ্ছিন্ন সম্পর্কে দম্বন করিয়া পাঠাইয়াছেন, তাঁহাদের মধ্যে এখন অনেকসময় কি নিষ্ঠুর ঔদাস্ত ও স্বেহা-ভাব পরিলক্ষিত হইতেছে, অথচ বিষ্ণুষ্ট অঙ্গুলীর ভায় এখন তাঁহারা যুক্ত থাকিয়া গার্হস্থাজীবনের স্বাভাবিক স্বাস্থ্য নষ্ট এবং নানাপ্রকার অনর্থ উৎপন্ন করিভেছেন। কিন্তু ভরত ও লক্ষণের মেহামুগ বশুতা কি স্থলর ও স্বাভাবিক। হঠাৎ কোন অবস্থার তাড়নায় এক ভাতা অপরের জন্ম প্রাণ উৎ-দর্গ করিতে পারেন, সম্পূর্ণ নিঃসম্পর্ক ব্যক্তির জন্মও 'অবস্থাবিশেষে মানুষ প্রাণ বিস্ক্রন করিতে পারে, কিন্তু ভরত ও লক্ষণের মত জীবনসমর্পণের দৃষ্টান্ত বিরল। প্রাণদান অপেকা জীবনদানের গৌরব সমধিক; প্রাণ একবার বই দেওয়া যায় না,--यमि वह-বার প্রাণ দেওয়ার কোন তবে তাহাকেই জীবনদান বলা যাইতে পারে। ভরত ও লক্ষণ এইপ্রকারে জীবন-দান করিয়াছিলেন। যৌথ-পরিবারের শিক্ষা ভিন্ন এই ভাবের জীবনোৎদর্গ সম্ভবপর নহে। সভাবের সঙ্গে খে-সমাজের খনিষ্ঠ সম্পর্ক নাই, সে-সমাজে মেহ এরপভাবে विकाम भाग ना। এই शास्त्र पृष्ठे इत्र, কাব্যবর্ণিত সামাজিক জীবন স্বভাবের সঙ্গে

সহজ মিশ্রণের প্রীতিচ্চীয় হাসিতেছে। বাঁহারা সম্পূর্ণ নিরাশ্রয়ের অবস্থায় প্রাণের রক্ত দিয়া শিশুকে প্রতিমূহর্টে শত বিপদ্ হইতে রক্ষা করেন, তাঁহাদের ত্যাগ ও বেহের মধ্যে ভগবদয়া মৃর্ত্তিমতী,—পিতৃ-মাতৃভক্তিতে ঈশবের পদে প্রদত্ত অঞ্চলীর পুলাওলি সম্ম বিকাশ পাইরা উঠে। যৌথ-পরিৰারেই এই বৃত্তির সম্পূর্ণ বিকাশ পাইবার স্থবিধা। রামের পিতৃভক্তিতে দেখা যায়, সমাৰ স্বভাবপ্ৰদত্ত ভাবগুলি স্থলররূপে বিকশিত করিতেছে মাত্র। কৌশল্যা যথন ব্লামকে বলিভেছেন—"ভোমাকে বনে যাইতে নিবেধ করিবার আমার শক্তি নাই,—তুমি খাছনামনে বনে গমন কর,—বেধর্ম তুমি ভাতায় করিলে, সেই ধর্ম তোমাকে রক্ষা क्तिर्दन;" किः वा स्मिका यथन वज्जनरक विनिट्डिस-"वरम, क्षेत्रस्म वरम गाँवा कत्र, রামকে দশর্প বলিয়া মনে করিও, সীতাকে আমার স্থায় মনে করিও এবং অর্গ্যকে करवांशा विवा कानिए; " ७४न मरन इत्र, অবোধ্যার সামাজিক শিক্ষা মাতৃলেহের সম্পূর্ণ বিকাশ করিয়াও সভাবের উন্নতধর্ম হইতে বিচ্যুত হয় নাই ৷ এখনকার মাতৃবর্গের আশকা হইতে সেই সকল স্নেহকম্পিত অথচ স্থীর আশিষ্বাণী কন্ত অধিক গৌরব প্রকাশ করি-তেছে। নিৰের অপেকা মহাগুণশালী কোন ব্যক্তির ভালবাসা পাইলে তাঁহাকে পূজা করি-ৰার অক্ত স্বভাবতই চিক্ত উবেল হইরা উঠে। क्षेट्रे शांखाविक वृद्धि गोर्वशांकीवरन अक्रुव्याति খারা বিকশিত হয়। হতুমানের চরিত্রে আছু-গত্যসম্পর্ক গৌরবাবিত হইরা উঠিরাছে.— অংবাধ্যার উচ্চ নৈতিকপ্রভাব বর্মর কাতি-

গণের মধ্যেও উচ্চকর্তব্যের অমুপ্রাণমা क्त्राहेर्छ । य निक् इहेरछहे मिथा गाउँक. রামায়ণকাব্যে সমাজ ও সভাবের এক অপুর্ব ভভমিলন দৃষ্ট হয়; মহুষ্য একত বাস করিয়া যে উন্নতি ও সংশিক্ষালাভের প্রয়াসী ছিল, প্রকৃতি যেন এন্থলে তাহা পূর্ণমাত্রাম প্রদান আকাশের নীল প্রান্তভাগ করিয়াছেন। যেরপ স্থূর ভাষাভ তরুশীর্ষের সঙ্গে একতা ষায়. ব্যবচ্ছেদরেথার হয় না, রামায়ণবর্ণিত সমাজ ও স্বভাবের নিয়ম দেইরূপ যেন এক বর্ণে এক ভাবে মিশিয়া গিয়াছে। এই কাব্যের এই অপূর্বাদ ইছার দিথিজয়ি-কিরীট-স্বরূপ-এ বিষয়ে ইহার সমকক্ষ আর কোন কাব্য নাই। মহাভারতের সময় যৌথ-পরিবার সংযোগ অপেকা অধিকতররূপে বিয়োগের মুখে আসিয়া পড়িয়াছিল,—জ্ঞাতিবিরোধ মহাভার-তের আখ্যানভাগ কণ্টকিত করিয়া রাখি-म्राट्ड : कुक्शाखरवत्र बुद्ध ७ यहवःत्मत्र এখন সমাৰ ধ্বংদে এই কথা সঞ্চমাণ। ও স্বভাব আর পরম্পরকৈ গাঢ় আলিসনে বদ্ধ করিয়া রাথে নাই, সমাজের অভ্যার্ক শ্বভাবের স্বর্গ ক্রমশ সরিয়া পড়িতেছে— শাল্লের ভেক্ষিতে তাহা দর্শনীয় হইয়া উঠি-য়াছে-সমাজ নিমে পড়িয়া মাটার দিকে ধাবিত হইতেছে—মামুষ আর স্বভাবের সন্মুখবর্ত্তী হইয়া দাড়াইতে সাহস পাইতেছে না,---কর্তব্যের আলোর তীব্রভান ভাহার চকু व्यक रहेश यात्र,-- अथन तम् कृष्टि ,नित्रपिटक व्यावक द्राथिया धृनित की्फनक नहेना वाड হইরাছে। পতনোপুথ পর্ণালাকে বেমন नानाक्षेत्र कृष्णियः अवगयम यात्रा नमूब्र

রাখিতে হয়, আমাদের স্বার্থশিথিল আশহা-জীর্ণ মেহের গৃহকে সেইরূপ এথন নানারূপ শাস্ত্রবচনের অবলম্ব ছারা কোনরূপে রকা করিতে হইতেছে-কিন্তু গৃহটি বাসের পক্ষে একান্ত অমুপযোগী হইয়া পড়িয়াছে। এথন আমরা গার্হস্তাজীবনের আদর্শকাব্য রামা-য়ণ পাইয়াছি, পারিবারিক স্নেহ স্বাভাবিক-ভাবে বিকাশ পাইয়া কিরূপ উন্নতধর্মমূলক হইতে পারে, রামায়ণ পড়িয়া তাহা জানিতে পারিতেছি-কিন্তু রামায়ণকার এই মহাস্বপ্ন কোথায় পাইয়াছিলেন ? নিশ্চয়ই স্মাজ এই উন্নত ভিত্তির উপর একবার দাঁড়াইয়া-জলবিখে যেরূপ গগন-মেদিনীর প্রতিজ্ঞায়া কৃটিয়া উঠে, কৃদ্র মনুষ্যসমাজেও তথন সেইরূপ স্নাত্ন ধর্ম ও নীতির প্রতি-ফলন হইয়াছিল ল্বামায়ণবর্ণিত সমাজ স্বপ্ন বলিয়া বোধ হয় না, উহা তৎকালীন সমাজের যথার্থ অবস্থা।

মহব্যের কতকগুলি এমন বিপদ্ আছে, যাহা হইতে সমাজ তাহাকে রক্ষা করে না—
মৃত্যু, শোক, নানাপ্রকার নৈরাশু ও ব্যাধি
চিরদিনই তাহাকে প্রপীড়িত করিতেছে।
এই সমস্ত বাভাবিক চংথ ও বিপদ্ মহ্যাজীবনকে ঘিরিয়া রাখিয়াছে, অথচ আমাদের আধুনিক সমাজের শিকাদীকা এরপ বে,
তাহাতে আমাদিগকে বিপদে বিম্থ করিতে
সর্বদাই অভ্যন্ত করিতেছে। কল্য যাহার
জ্বকটি পদ ডাক্রারে ছেদন করিয়া দিবে,
তাহাকে ক্র্শক্টকের আশ্বাম আত্তবিত
করিয়া দ্রদলী বলিয়া বিনি পরিচিত হইতে
চান, তাঁহার নির্ক্ জিতার পরিচয়ই তাহাতে
প্রকট হইয়া উঠে। এদেশে সাব্ধানতার

প্রতি প্রীতির মাত্রা বড় বৃদ্ধি পাইতেছে।

হয় ত কোন নিগৃঢ় শুভ অভিপ্রান্ধে বিশ্বের

মহাভিষক্রাক্ত আমাদের অর্পাত্রকে মৃৎপাত্রে
পরিণত করিবেন, ময়ুরের পক্ষ হইতে হর ত্ত
একটি একটি করিয়া পালক তৃলিয়া লইবেন,

যাহা একান্ত যত্রে রক্ষণীয়, তাহাকেই হর ত

নিতান্ত নিচুরভাবে হরণ করিবেন; অ্তরাং
এই সম্পূর্ণ অনায়ন্ত অবস্থার দিকে দৃক্পাত্ত
না করিয়া, যাহা কর্ত্রা—যাহা শ্রেয়, কেবল

তাহারই প্রতি লক্ষ্য রাধিয়া হংখকে মাধার
তৃলিয়া লইতে হইবে। এইরূপ স্বেচ্ছা-বৃত

হুংধেই মকুষ্যের মহন্ত।

রামায়ণ-কাব্য অপূর্ব্ব সামাজিক কাব্য। উহা गৌথ-পরিবারের প্রীতিসমুদ্রের উচ্ছলিত नीना (मथाইতেছে, किन्न मानवशृरङ्क উर्द्ध আখাদ ও শান্তির যে জয়হনুভিধ্বনি শ্রত হইয়া থাকে, তাহারই অভয় ও নিত্য-উদ্দী-পনাময় রব উহার চরিত্রবর্গকে কার্য্যে প্রবন্ধ উহাতে হিন্দুগৃহের করিতেছে। েপ্রমের চরমকথা উচ্চারিত হইয়াছে, অথচ আধুনিক হিন্দুগৃহের কাপুরুষতা ও ভীরুতা উशादक म्पर्न करत्र नाहे। माशास्त्रात्र निवा-ছাতিমণ্ডিত হইয়া উহার পাত্রবর্গ একটি চিরগুভ সহজ কর্তব্যের পথ দেখিতেছিলেন, -- রাজপ্রাসাদের বন্দিতানমুখরিত ভকালাপ-নিনাদিত কক্ষের স্বর্ণান্তরণময় কোমল শব্যা এবং বন্ত হণ্ডিলভূমি ও ইঙ্গুদীমূলস্থ ভূণশব্যা তাঁহাদের নিকট তুল্য ছিল। বরঞ্চ সাধুপুশিত চিত্রকৃটের অরণ্য অযোধ্যার শোভাসম্পদ্ অপেক অধিকতর হৃদয়াকর্ষী হইয়া উঠিয়াছে, --- অবোধ্যাবাদী রাজকুমার অপেকা বওকা-রণোর কৌপীনসার সন্ন্যাসীর চিত্র আমাদের

নিকট সমধিক শোভন ও প্রীতিপ্রদ। হিন্দুর গতে এই অভয় কর্তব্যের পতাক। ফিরিয়া चायक,--- (य त्वरमधुद शार्रशिव्यावनी कर्ज-ব্যের স্বর্গীয়চ্চটার অভাবে আজ জগচ্চকুর অস্তরালে অবস্থিত, তাহার উপর আর একবার মহালকা ও উন্নত কর্তব্যের জ্যোতীরাশি বিচ্ছারিত হইনা পড়াক; --রামায়ণকাবোর গাৰ্ছস্থাৰীৰন যেমন উজ্জল হইয়াছে, দেইরূপে श्रामाद्यात वर्त्तमान स्त्रीयनत्क जेन्स्त कतिया चामारमत त्वर, मझा, विश्वत्थम-यांश त्मरे একটিমাত্ত আলোকের স্পর্শ প্রতীক্ষা করিতেছে -- কর্ববার নবোদিত আলোক লাভ করিয়া জগতের চিরারাধ্য মৃত্তিতে আবিষ্কৃত হইবে। এখন আমরা কর্তবো পরাখ্যুথ, তাই কেহ বিশাস করিতে পারি না যে, এই কাপুরুষতা-কণভিত জাতীয়জীবনের অভান্তরে কতক-खिन এমন मৎপ্রবৃত্তি বিকাশ পাইয়াছে, ৰাহা পৃথিবীর অন্তত্ত বিরুল। ক্ষা শক্রমিত্রকে সমভাবে বাহুপ্রসারণ कतिश वालिकन करत: देवक्षवश्य कांशरक 3 ক্লমা করিবার অধিকারই স্বীকার করেন ना, डाँश्वा व्यापनामिश्व मर्काम मकत्वत क्रमाई विविद्यारे मत्न करत्रन। অসজন, উভয়ের পাদদরোজে প্রণাম, এ কথা এই ভারতবর্ষের লোকেই বলিতে পারিয়াছেন। আমাদের দয়া কেবল মহুব্যের মধ্যে আবিদ্ধ নহে- সর্বভূতের জন্ম তাহার উদার ও মৃক্ত পরিবেষণ, —কীটপতঙ্গতরূপুপের প্রজিও তাহা বিমুখ নহে। আমাদের খবি-গণ গণিতপত্র আহার করিয়া ধর্মব্রত পালন ক্রিতেন, শকুন্তলা আপনার পৃষ্ঠবিল্বিত কেশরাশির শোভাসংবর্জনের

পলবকেও বৃক্ষচাত করিতে পারিতেন না--কবিকল্পনা নহে.--বিশ্বপ্রেম এমনই উদার কোমলতায় হিন্দুর হাদয় পূর্ণ এখনও এদেশের গৃহলক্ষীগণ করিয়াছিল। গ্রের সামান্ত পরিচারকদিগকেও ভোজন করাইয়া আপনারা সর্বশেষে থাইয়া থাকেন। বিধবাগণের কঠোর ত্যাগের ছবি এখনও আমাদের চক্ষুর উপর করিতেছে। আধুনিক সভাতার বিলাসকলা-বিড়ম্বিত রমণীম গুলীর নিকট নির্ভির এই নির্মল আদশ কি চিরদিনই উপেক্ষিত হইয়া থাকিবে আমরা "জাতি" এই শব্দের অর্থ বৃঝি নাই, nationality কথা বিদেশীর: আমরা পক্ষপাতহট ক্দ্র গঞ্জীর সৃষ্টি করি नारे, आभारतत नौि अ शिकातीक। उनात. বিশ্বজনীন, প্রশাস্ত। "সতত অভ্যাগত গুরু" "অহিংসা পর্ম ধ্মু", প্রভৃতি কথাগুলি দেখিলেই বুঝা বায় বে, আমর। জাতি কি বর্ণের প্রতি লক্ষ্য করি না,- আমাদের শিক্ষানীতি সমগ্র জগংকে গফ্য করে। আমাদের প্রেম, আমাদের ক্ষম, আমাদের স্বার্থ ব্যক্তিগত नटर-कां ज्या नटर एटा नर्सक्नीन, छेटा উদার বায়ুন ৬ লের ভায় বিশ্বব্যাপক,---বিশ্বকার চিরস্তন নির্মাবলার মধ্যে গণ্📋 আমাদের ধথা কে না জানে-পিতাপুত্রের সহন্ধের ভিতরে, বান্ধবতার ভিতরে, দাম্পত্য ও ভূতাভাবের ভিতরে, বাংসলোর রূপে, সংখ্যের রূপে, মাধুর্যোর রূপে, দাভের রূপে সর্বদা প্রত্যক্ষ । তাহার উচ্চ শান্তিনিশ্ম বেদান্তধর্ম; দে রাজ্য কলহত্ত, স্বার্থপুট, বাাধের ন্যায় লুক সমুধ্যঞ্গতের অভার্কে --त्यथात्न व्यामात्मत्र हिमानत्त्रत्र मंदर्साळ भूज,

ইহার পরম পরিত্তি মতুষাকে চির্মোনী করুণার মৃত্তি প্রদর্শন করে, তাহা জগতে করিয়া ফেলে, ইহা সমস্ত ভেদবুদ্ধি মুছিয়া-

,এই শান্তি ও ধর্মের রাজ্য যেন সেইখানে। ফেলিরা মহুষ্যের বে গম্ভীর, সৌম্য ও ञजुननीय।

श्रीमीतमहत्त्व स्मन ।

পরলোকগত সতীশচন্দ্র রায়।

कोवता (य जागावान शुक्रम मकन्ठानाज করিতে পারিয়াছে, মৃত্যুতে তাহার পরিচয় উজ্জ্বলতর হইয়া উঠে। তাহাকে যেমন হারাই, তেমনি লাভও করি। মৃত্যু তাহার চারিদিকে যে অবকাশ রচনা করিয়া দেয়. তাহাতে তাহার চরিত্র, তাহার কীর্তি, মন্দিরে প্রতিষ্ঠিত দেবপ্রতিনার মত সম্পূর্ণতা প্রাপ্ত হয়।

किन्तु (य क्षीवंन देनवशक्ति वहेमा পृथि-বীতে আসিয়াছিল, অণ্চ অমরতালাভের পূর্বেই মৃত্যু যাহাকে অকালে আক্রমণ করি-রাছে, সে আপনার পরিচয় আপনি রাখিয়া যাইতে পারিল না। যাহারা তাহাকে ু চিনিয়াছিল, তাহার বস্তমান অসম্পূর্ণ আর-ছের মধ্যে ভাবী সফল পরিণাম পাঠ করিতে পারিয়াছিল, যাহারা তাঁহার বিকাশের জন্ম অপেকা করিয়া ছিল, তাহাদের বিচ্ছেদ-[©] বেদনার মধ্যে একটা বেদনা এই যে, আমার শোক্তে সকলের দামগ্রী করিতে পারি-লাম না। মৃত্যু কেবল ক্ষতিই রাথিয়। " গেল।

সতীশচন্দ্র সাধারণের কাছে পরিচিত

নহে। সে তাহার যে অল্ল-ক্ষটি লেখা রাথিয়া গেছে, তাহার মধ্যে প্রতিভার প্রমাণ धमन निः मः भग्न इहेग्रा উঠে नाहे (य, जनकाट তাহ। পাঠকদের কৌতূহলা দৃষ্টির সমুখে আত্মনহিমা প্রকাশ করিতে পারে। কেহ বা তাহার মধো গৌরবের আভাস দেখিতেও পারেন, কেহ বা না-ও দেখিতে পারেন. তাহা লইয়া জোর করিরা আজ কিছ বলিবার পথ নাই।

কিন্তু লেখার দঙ্গে দঙ্গে যে ব্যক্তি লেথকটিকেও কাছে দেথিবার উপযুক্ত ম্বোগ পাইয়াছে, দে বাক্তি কথনো সন্দেহ-মাত্র করিতে পারে না যে, সতীশ বঙ্গ-সাহিত্যে যে প্রদীপটি জালাইরা বাইতে পারিল না, তাহা জ্লিলে নিভিত না।

আপনার দেয় সে দিয়া যাইতে সময় পায় নাই, তাহার প্রাপ্য তাহাকে এখন কে দিবে ? কিন্তু আমার কাছে সে যথন আপনার পরিচয় দিয়া গেছে, তথন তাহার অক্তার্থ মহত্বের উদ্দেশে সকলের সমকে শোকসম্বপ্ত চিত্তে আমার শ্রদ্ধার সাক্ষ্য না দিয়া আমি থাকিতে পারিলাম না। তাহার অমুপ্ম

হৃদরমাধুর্যা, তাহার অরুত্রিম করনাশক্তির
মহার্থতা, জগতে কেবল আমার একলার
মূথের কথার উপরেই আত্মপ্রমাণের ভার
দিরা গেল, এ আক্ষেপ আমার কিছুতেই
দূর হইবে না। তাহার চরিত্রের মহত্ব কেবল
আমারি স্থৃতির সামগ্রী করিয়। রাথিব,
সকলকে তাহার ভাগ দিতে পারিব না, ইহা
আমার পক্ষে হঃসহ।

তাহার জীবনের শেষ রচনাট মৃত্যুর করেকদিন পূর্বে একথানি পত্তের সহিত আমার নিকট প্রেরিত হইরাছিল। সেই পত্রে অক্সান্ত কথার মধ্যে তাহার ভাবী জীবনের আশা, তাহার বর্তমান জীবনের সাধনার কথা সে লিখিরাছিল—সে সব কথা এখন ব্যর্থ, হইরাছে— সেগুলি কেবল আমারি নিকটে সন্ত্য— অভএষ সেই কথাকরটি কেবল আমি রাখিলাম—ভাহার পত্তের অব-শিষ্ট অংশ ও তাহার কবিতাটি এইথানে প্রকাশ করিভেছি।

সতীশের শেষ রচনাটি 'তাজমহল'নামঁক একটি কবিতা। কিছুদিন হইল, সে পশ্চিমে বেড়াইতে গিয়াছিল। আগ্রার তাজমহল-সমাধির মধ্যে সে মম্তাজের অকালমৃত্যুর গৌলর্ষ্য দেখিয়াছিল। অসমাধ্রির মাঝানা হঠাৎ সমাধ্যি—ইহারও একটা গৌরব আছে। ইহা বেন একটা নিঃশেষবিহীনতা রাখিয় যায়। পৃথিবীতে সকল সমাপনের মধ্যেই জয়া এবং বিকারের লক্ষণ দেখা দেয়, সম্পূর্ণতা আমাদের কাছে কুল্র সসীমতারই প্রমাণ দিয়া থাকে। অতুল সৌল্ব্যা-সম্পদ্ও আমাদের কাছে মায়া বলিয়া প্রতিভাত হয়; কারণ, আমরা তাহার বিকৃতি,

তাহার শেষ দেখিতে পাই। কিছ যে মৃহুর্তের সে বিকশিত হইয়াছে, সে মৃহুর্তের শেষ কোথায়? অনস্কের মধ্যে তাহা অনস্ক হইয়া আছে—তাহা শেষ হয় নাই। অকাল-সমাস্তিতে এই নিঃশেষবিহীনতা আমাদের চিন্ততন্ত্রীকে স্থদীর্ঘ অম্বর্গনে ঝছত করিতে থাকে।

মন্তাজের সৌন্দর্যা এবং প্রেম অপরি-তৃপ্তির মাঝখানে শেষ হইরাই অশেষ হইরা উঠিয়াছে--তাজমহলের স্বন্ধাসোষ্ট্রের মধ্যে কবি সভীশ সেই অনস্তের সৌন্দর্য্য, অমুভ্ব করিয়া তাহার জীবনের শেষ কবিতা লিখিয়া-ছিল।

গতীশের তরণ জীবনও সম্প্রবর্তী উজ্জন লক্ষ্য, নবপরিক্ট আশা ও পরিপূর্ণ আত্ম-বিসর্জনের মাঝধানে অকস্মাৎ গত মাধী পূর্ণিমার দিনে সমাপ্ত ইইরাছে। এই সমাপ্তির মধ্যে আমরা শেষ দেখিব না, এই মৃত্যুর মধ্যে আমরা অমরতাই লক্ষ্য করিব। সে যাত্রাপথের একটি বাঁকের মধ্যে অদৃশু হইরাছে, কিন্ত জানি, তাহার পাণের পরিপূর্ণ—সে দরিদ্রের মত রিক্তইত্তে জীর্ণশক্তি লইরা বার নাই।

পতা ।

ত্রন্সবিভালয়, বো**লপুর।**

আমি এই চিঠিতে 'ভাঞ্চমহল' বলিরা একটি কবিতা পাঠাইতেছি। এটা এখানে আসিরা লিখিয়াছি।

तिथिताहि, जासमहन इति छारव मनरक

क्ष करता मित्नत चारलारक, मिलन नत-नात्रीत्र मर्था, धुना, ७क यमूना, द्रात्मत्र ही९- कतिश्राष्ट्रि। কার, ইংরাজের মুর্ভিমান কর্মবেগ রেল-গাড়ির দৌড়ের মধ্যে, কালের পরিহাসপূর্ণ লীলার মধ্যে—তাজমহলটাকে বড়ই বাহল্য বলিয়া মনে হয়। সমস্ত মাহুষের সঙ্গে সহায়ুভূতির রসে এই মর্ম্মরের রঙীন লতা-পাতা উপচিত নয়। সমস্ত সংসারের সঙ্গে সমভূমিতে না দাঁড়াইয়া কবরটি যেন একটা উচ্চ कमित्र উপর দাঁড়াইয়াছে। ইহার Harmonious সৌষ্ঠব, ইহার নিম্পক ভূতা, ইহার বিরশ চিত্রবিলাস-সমস্ত লইয়া ইহা যেন আমাদিগকে বাহিরে ঠেলিয়া রাখিতে বিশেষত বৃদ্ধগন্নায় পূজার ভাবে আছের নরনারীর ভক্তিপূর্ণ লীলায় তরঙ্গায়িত অশোক-রেলিংএর চিত্রমালা আগে দেখিয়া আসিরাছিলাম বলিয়া তাজমহলের বিলাসের ভাৰটাতে এত বাঁথা পাইয়াছিলাম ৷ र्य, ठांतिमिक् श्रेटि नमख वासात, नमख লোক উঠাইয়া দিয়া একটি নিৰ্জন প্ৰাস্তরের মধ্যে রাখিয়া দিলেই তাজমহলের ক্ষান্ত-উৎসার উৎসমুখগুলির রুদ্ধ শোকের প্রতি কতক্টা সমান করা হয়।

ত্রতা বড় নিপুর ভাব। কিন্তু রাত্রে

য়ুপ্রের মধ্যে তাজের Perfect harmonyটি

যথন মনকে অড়াইয়াঁ ধরে, তখন তাজকে

খার নির্জীবভাবে, পার্থিবভাবে দেখিবার জো

নাই। তখন তাজকে বাছণাবজ্জিত একটি

নিগুড় গীতের মত করিয়া অভ্যুত্তব করিতে

ইচ্ছা হয়। বিশেষত আমি বখন দুরে আছি,

তখন সেই ভাবেই তাজকে বেশি মনে

গড়ে। আমি সেই ভাবটিই আমার

কবিতাটিতে প্রকাশ্ করিতে চেষ্টা করিয়াছি।

এই গেল আমার মনের কথাটা— এখন কবিতার সৌঠব কতদূর হইয়াছে, সে সম্বন্ধে আপনার কথার অপেকায় রহিলাম।

এবার দিল্লি, পাগ্রা, গন্ধা, কানী প্রভৃতি হান দেখিয়া মনে আরও অনেক ভাব উঠি-রাছে—বাস্তবিক ৮ দিনের মধ্যে থেন থানিকটা বাডিয়া উঠিয়াছি। * * *

বুদ্ধগন্নার যথন অশোক-বেলিং দেখিলাম —রাঙা পাথরে যক্ষ আঁকা, যক্ষী আঁকা— করুণার দুখ্য আঁকা--বাড়িট নানা গাছপালায় নির্জন-চারিদিকে ঢাকা. ন্তৃপ-একজন জাপানী penitent জাপান হইতে প্রেরিত বুদ্ধের কাছে তিবত হইতে, সিমলা হইতে গ্রীৰ-ছঃখী আসিয়া বাস করিতেছে—বর্মা হইতে কত-গুলি ঘণ্টা উপহার পাঠাইয়াছে—তথ্ন মনে হইল, এই ভারতবর্ষের একটি ছায়াঢাকা গ্রামের মধ্যে একটি করুণার উৎস আছে-কক্ষে কল্স লইয়া সমস্ত এসিয়া-ফুন্দরী তৃষ্ণা মিটাইতে व्यागिश्राटह । সেখানে মন্দিরের মধ্যে সোনার পাতে ঢাকা বৌদ-মৃত্তি দেখিয়া ছানয় এমন ভাবে নড়িয়া উঠিল যে, তেমন হংকল্প আমি পূর্বে কথনো অহুভব করি নাই।

কিন্ত বুদ্ধদেব আজ স্বন্তিত। আপনি বে হিমালরসম্মে লিথিয়াছেন, সেইরপ আজ —"সে প্রচণ্ড গতি অবসান।" এই প্রচণ্ড করণার উৎসটির স্কন্তিত গান্তীব্যের নাড়া প্রাণে অমুভব করিয়াছি। অম্বনার পৃথিবীর

সহিত মিল নাই চতুর্দিকে নৃতন রাগিণী উঠিয়াছে—তাই বুরুদেবও যেন ধরণীর বক্ষ-কোটরে প্রবেশ করিয়াছেন। আপনি যে "মন্দির" বিথিয়াছেন—"রচিয়াছিত্ব দেউল একথানি"—ভাহাতে আপনি এই বৃদ্ধদেবকে বাহির হইয়া আসিতে ডাক দিয়াছেন -বিখের কর্মের মধ্যে, সানন্দকোলাহলের মধ্যে তাঁহাকে সার্থক হইতে আহ্বান করিয়া-ছেন—তাহা বেদিন হইবে, সেদিন সতা-সভাই পৃথিবীতে নৃতন আলো আবিভূতি হইবে। আমি ঐ গানের অর্থ ভালরপেই বুঝিরাছি। কারণ, উহার আগের পদা হইতে যে একটি গান উঠিতেছে, তার সূর শুনিয়া এবার আমাকে অশ্রুতে অন্ধ হইয়া वांत्रित् इरेब्राइ। वांभात मत्न इरेब्राइ, रान पृथिवी अर्थाए ममछ मसूरामाधातरगत काम अकृषि नाती- अवः मियामः वामवाठी মহাপুরুষগণ ঐ নারীর প্রাণের প্রিয়। পুরুষ আসিয়া নারীকে যখন ভালবাসে, তথন নারী এক অপূর্ব্ব আনন্দে কাঁপিয়া উঠে। বৃদ্ধ-ডাকে অশোকপ্ৰমুখ দেবের ভালবাসার नात्रीक्षमत्र व्यानत्म माजित्रा छेत्रिताकिल-কল্যাণকর্মে উৎদব বিস্তার করিয়া, কলা-कार्ड मक्रवज्ञा शतिश के नाती श्रूक्षिटक अन्दात मत्या दतिशा लहेशा हिल।

ক্তি কালের দীলার ক্রমে সেই আনন্দ-মিলনের উৎসব থামিরা থেল। আজ বেন বুজগরার পাহাড়গুলির মধ্যে গুকু নৈরঞ্জনা

ও মাহীর তীরে ছায়াঢাকা গ্রামটিতে পা ছড়াইয়া সেই নারী অন্ধের মত, অবচনার **म**ज मिन्नत्रकारकार्षेत्र त्मरे शूतः स्वत स्वि লইয়া বসিয়া আছে। আজও তাঁর অবসম হস্ত বৰ্মা এবং জাপান এবং তিব্বত হইতে সমাগত কাঙালার মুথে অন্ন তুলিয়া দিতেছে — কিন্তু ^{*}দে প্রচণ্ড গতি অবসান ।" ফল্পর মধ্যে যে অপরিচ্ছন্ন নরনারী কাপড় ধুইতেছে, তাদের সঙ্গে ঐ নারার হৃদয়ের কোনো যোগ আছে ? ভেপুটি ম্যাজিট্রেট —কে যে সাহেব বিনা অপরাধে তার এক চাপরাশি ছাড়াইয়া দিতে ত্কুম করি-তেছে, তার হৃদয়ে উহার কোনো প্রেরণা সঞ্চারিত হয় ? তা ছাড়া, আমরা বে সফল-मत्न नाना वादक कन्नना नहेग्रा विजाहेरिक हि এবং সাহেবের রেলের তলে পড়িয়া মারা যাই-তেছি, আমাদের সঙ্গেই বা তাহার কোণায় যোগ ? স্তম্ভিত প্রকাণ্ড পার্থরের বুদ্ধমূতি-গুলি এবং অয় একটুকুন অংশাকের রেলিং এখনো যা বজায় আছে—তার হিলোলিত ভক্তিভঙ্গিত্বলর ছবিগুলি দেখিয়া এইরকম একটা ভ্:থের আমার জীপয় ভাবেই নাড়া পাইয়াছে ৷ এই স্তম্ভিত পাণর মনের মধ্যে এমন একটি অবগাদের মেঘ पनारेश जात्न त्य, त्ठात्थत कत्न जात्र किहूरे (मथा यात्र ना-चात्र डेंठिशा চलियात मामर्था (यन थांदक ना।

তাজমহল।

子の

মর্শ্বরকবর নহে—নহে কভু নহে।
স্বরগের ফুলরালি চিন্ত মোর কহে।
নন্দনবনের গাছে
যেই ফুল ফুটে আছে
তারি একরাশ দেখা ভূপ হরে রহে,মর্শ্বরের নির্মাণ নহে কভু নহে।

নীল নদী যমুনার বক্ষ উজ্জিলিয়া
নন্দনেরি পূপারাশি পড়েছে ঝরিরা।
কুলেরি নিখাদ লভি'
নিভেছে সে জীব-রবি,
কুত্মেরি ঘার তাজ গিরেছে মরিরা!
নন্দনেরি কুল দেখা পড়েছে,ঝরিরা।

শুক্রতম্ ঋষিবর চলেছিলা কবে
ঝন্নারিরা স্থরবীণা পূরণিমা-নভে।
শাজাহাঁর অঙ্কে লীন
মমতাজ সেই দিন
বল্প দেখেছিল এক প্রণর-উৎসবে,—
বীণাধ্বনি বেজেছিল পূরণিমা-নভে।

বৰুনাকলোল কানে এসেছিল তার—
ভাবিল সে এ রজনী না পোহাক্ আর!
অমনি তাহাই হ'ল
বীণা হ'তে থসে প'ল
প্রেমস্থী মরণের চিক্ল ফুলহার!
পুরণিমা রাভি সেই পোহাল না আর!

তাই তার মৃতমুথে স্থথের স্থপন
ফুটেছিল চক্রকেলাসম বিষোহন।
সহস্ত্র বিলাপে তাই
হাক্তক্রচি মুছে নাই,
হাসি ঘিরে ঘুরিয়াছে আকুল কাঁদন—
তার মুথে ফুটে আছে স্থথের স্থপন।

সে স্থহাসির তুলা নন্দনেরি ফুল,—

একরাশি ঢেলে গেছে স্থরনারীকুল।

নাড়িরা মন্দারশাথা,

পারিজাতে দিরে ঝাঁকা,

যম্নার তটভূমি করেছে আকুল।

সে স্থহাসির ভূলা স্বরগেরি ফুল।

পাতশাহ গিরি ভাঙি' আনিয়া পাধর রচেছে কি একথানি ধবল কবর ? আমি দেখি নাই তাহা, দিবালোকে সবে যাহা নেহারি প্রশংসাবাণী কহে বছতর— আমি দেখি নাই সেই মর্শ্রকবর!

চৌদিকে উড়িছে ধূলি, দীপ্ত ভাস্থ শিরে,
লাঙল চালায় চাবী বালুবক্ষ চিরে,
ডাফ নীর বমুনার,
তাহারি অদ্রে আর
দীনহীন বিমলিন নরনারী ফিরে,—
শক্টখসিত ধুম উঠে নভ বিরে;—

আমি দেখি নাই সেই মর্শ্রকবর !
ল্যোৎসাচন্দনের রসে রাজি জর্জর—
তাজেরি হাসির মত
আধো চাঁদ অবন্ত

নিরবে পঞ্জিত শুত্র ফুল্থর,— ভরপুর যমুনার নীল কলেবর,—

সেই দেথিয়াছি আমি, কুস্থমের স্তৃপ হাসিজ্যোৎসামাধুরীতে ধৌত অপরূপ ! শুনিয়াছি স্করবীণ— চিত্তের মাঝারে লীন আজো আছে—চিরদিন রহিবে স্করপ। সেই দেথিয়াছি আমি কুস্থমেরি স্তৃপ।

নশারকবর নহে—নহে কভু নহে—
কুস্থমের রাশি সে যে চিন্ত মোর কহে !
নদানবনের গাছে
যেই ফুল ফুটে আছে
ভারি মেণা একরাশ স্তুপ হয়ে রহে।

আগ্রাপ্রাপ্তরে।

চিরপাথা মৈনাকের মত চারিধার
ত্র্গ সারে-সার
পড়ি আছে পরিপ্রাস্ত ধ্লার ধ্সর কাস্ত
তীরে যমুনার—
ছিরপাথা মৈনাকের মত সারে-সার।
শুস্কে বৃক্জে হন্ম্যে কবরে কেলাফ
ধ্বংসরাশি ভার!
মর্শ্মরে পাথরে অর্ণে সফেদ শোণিম বর্ণে
রাগিণী মিলার—
নিশ্দর্যই শুর্বের মৃত্যুগীত গার।

এই ধৃলি-বিপাপুর প্রান্তরের মাঝে
থন বসি আছে
অন্ধ এক নিশাচরী কিবা দিবা বিভাবরী
বিনাশের কাজে
ধৃলি-বিপাপুর এই ধ্বংসরাশিমাঝে !

দে কভু জাগিবে নাক চিররাত্তিচরী,

হেথা রবে পড়ি'---

শত শত ইক্সপুর সে গুধু করিবে চুর মৃষ্টিমাঝে ধরি'— নিশাসে উড়াবে ধূলি প্রাস্তর-উপরি!

তারি পদপ্রাস্ততলে আমি পড়ে' আছি,—
মনে লয় আজি
অতীত পাতালপুরে প্রত্যর বছনুরে
কর্ণে উঠে বাজি;—

সেই গানে কান দিয়া পড়ে' আছি আজি !

রক্তমাথা শতদল হৃদয় আমার

ব্যথায় বিদার—

ছিন্ননাল হেথা পড়ি ধুলে যার গড়াগড়ি উঠিবে না আর !

এই ধৃলিপুঞ্পেরে সমাধিশয়ন করেছে রচন!

আনো আনো স্থানির্থণ নীল বসুনার জল কর প্রকালন বাঁচাও স্থারে ঢালি বারি সঞ্জীবন!

হে জননি, সঞ্জীবনি, অমৃত পিরাও!
ধ্লা মুছে দাও!
সমাধিশরন হ'তে তুলি' মোর ধরি হাঁতে
বনান্তে পাঠাও!
হে জননি, কবরের ধূলি মুছে দাও!
৮/সভীশচক্র রায়

গণেশের পূজা।

্তিবেদী মহাশুষের সমালোচনা পড়িয়া ্থী হইলাম। প্রাচীন কপার অমু-ক্ষানে অনেক সন্দেহ থাকিয়া याग्र ; াজেই এপ্রকার সমালোচনা বড় উপ-याता। जिटवरी मश्रमायत स्टाना अस्मकात्न **যেন গণেণের ইতিহাসে অস্ত কোন পুরাতন** কথা পাওয়া যায় নাই, তথন আমার ইতিহাসটা ঠিক হইয়াছে বলিয়া আনন্দিত ইতেছি। যে উপনিষৎথানির দৃষ্টাস্ত প্রদত্ত হইয়াছে, উহা অতাস্ত অৰ্পাচীন। ওথানিতে যে উপনিষ্দের কোন লক্ষণ নাই, তাহা কিবেদী মহাশন্ন বলিয়াছেন। ওথানি যে পৌরাণিকযুগের গ্রন্থ, তাহাতেও ভূল নাই; কারণ সমুদায় পৌরাণিক দেবতাদের নাম এবং একালের স্বরূপগুলি উহাতে আছে। পৌরাণিকযুগের দেবতাগুলি বৈদিক নহেন পরবতী সময়ে উ[°]হাদিগকে বলিয়াই বিভদ্ধ করিবার অভিপ্রায়ে অনেক চাতুরীর িশেল। হইরা গিয়াছে। উপনিষ্টের নাম দিয়া শ্বৃত্তক করিবার অভিপ্রায়ে 'আলার' নানেও উপনিৰং প্ৰস্তুত হইয়াছিল। 'আলা'কথাটা ना थाकिएन उहात नमम नहेमाउ (शाल উঠিতে পারিত 📙

শিব যথ্ন সমুদার পৌরাণিক অবয়বে প্রিপুর্গ হইরাছিলেন, তথন কতকগুলি আচীন বৈদিক সোকের সহিত একালের স্কিন্ মিশ্রিত করিবা এবং স্থানে স্থানে বৈদিক রচনারীতির অন্তকরণ করিয়া রুদ্রাধ্যায় লিথিত হইরাছিল। সামণাচার্য্য চতুর্দ্ধশ শতাকীতে এখানিরও ভাষ্য লিথিয়াছেন। সকল দেবতাদের জন্তই ঐরপ গ্রন্থ রচিত হইনা-ছিল। বাছলাভয়ে দৃষ্ঠান্ত দিলাম না।

নামে প্রথমত জাবিড়দেশে একথানি বৈদিক গ্ৰন্থ প্রণীত দেখানি গণেশাথর্কশীর্ষ। অথর্কবেদের সহিত করিয়া গণেশের কথা বিশেষ কারণ ছিল। বেদব্রয়ে ভূতপ্রেতা-দির পূজা নাই; কিন্তু অথব্ববেদে আছে। ঐ সকল ভূতপ্রেতপূজার উৎপত্তির ই**ভি**হাস সমগান্তরে শিথিব। এই ভূতপ্রেতপূজার জন্ত অথৰ্ববেদ বহুকাল পৰ্যান্ত আৰ্য্যদের অগ্রাহ্ ছিল। যে সকল ব্রাহ্মণ ভূতপ্রেতের পুঞা করিতেন, তাহাদিগকে সমাজ হইতে বহিষ্কৃত হইতে হইত। মহুর তৃতীয় অধ্যায়ের ১৬৪ শ্লোকে আছে যে, ঐ সকল ভূতথাজক ব্রান্সণেরা অপাংক্তের হইবেন। এই ভূত-গুলির নামই ছিল 'গণ'। মমুসংহিতার "গণানাঞ্চৈব যাজকঃ" কথার অর্থ ক্রিতে গিয়া একালের টীকার লিথিত হইয়াছে, "বিনায়কাদিগণবাগরুৎ।" গণেশের উৎপত্তি ঐ ভূতের বংশে বলিয়া, পরম্পরায় ঐ গণটা विनायरकत मरक व्यरक्ष त्रहिया शियारहन। **ब्ह्रेटन**न, দেবতা यथन তাঁহার জম্ম অথক্বেদ লইয়া জাল অথক্-

नीर्व अष्ठ रहेन। এथानित प्रकाहीनजा . अं अर्थ महत्वर उपनक रहा। ৮म भे जाकीत শরবন্তী পুরাণের পরে যে ওথানি রচিত, ্তাহা অকর্ষার। গণেশনামের গুণবর্ণনা হুইভে, এবং অ্যাম্ম দেবতার উপগ্রাদে क्रम्भेष्ठ विक्रिक इटेर्टर। এই माहाकादर्गना-প্রণালী প্রথমত তয়েই উদ্ভ হইয়াছিল। বৈদিক কথার সহিত একালের দংস্কৃত কথাগুলির বিষম সংযোগ দেখিয়াই জাল-রচনা ধরা পড়ে।

নারায়ণোপনিষৎ গণেশাবকাশার্মেরও পর-বর্ত্তী। উহা হইতে ছচারিটি কথা পর্যান্ত তুলিয়া লওয়া হইয়াছে। ইহাতে যেমন এক-দিকে অগ্নির 'লালীল'নাম আছে, অভাদকে আবার তেমনি সম্পূর্ণ একালের শব্দ গইয়। রচনা হইয়াছে। উহাতে পৌরাণিক গঞ্জ, নিদি প্রভৃতি ত আছেনই, তা ছাড়া এনন কথা আছে, বাহাতে উহার অর্কাচীনতঃ অৰগ্ৰই সীকৃত হইবে।

'ক্সকুমারী'কথাট। তিবেদা মহাশ্য নিজেই ভূলিয়াছেন। পার্বতীর কুমার: কল্পনা করিয়া পূজা তাল্লিক যুগের একটা বিশে- ষত্ব। কোন প্রাচীন গ্রন্থে ঐ করনা পারিবেন না। তান্ত্রিকপদ্ধতি যে ত্র নিকট হইতে হিন্দুসমাজে প্রবিষ্ট হই সে কথাও পরে লিখিবার সক্ষর আহ

यनि मानिया ७ न ९ या या ॥ (य, गर শীর্ষাদির সময় নিরূপিত হয় নাই নারায়ণোপনিধৎ প্রাচীন কি আ ভাহা সম্পূর্ণ হির হয় নাই ; তাহা ওথানি লইয়া গণেশের ইতিহাস লেখ ন:। কারণ যে গ্রন্থ উপনিবং বলিয়া রিত হইয়াও এদেশে উপনিষ্থ বৈলিয় হয় নাই, তাহার প্রামাণিকতা সতি তাহার পর আবার যথন ঐ গ্রন্থের পাত কথা অত্য কোন প্রাচীন গ্রন্থে যায় না, তথন আর ওথানি গ্রহণ ্কান মামাংস। করা চলে ন।। প্রাচীন কারতে হইলে অভ প্রাচীনশাত পাওয়া চাই, অথবা অভা কোন সাহি অতত তাহার নিদশন পাওয়া সেও লর অভাবে এবং ত্রিবেদী মহ নিজের প্রদর্শিত কারণগুলির জন্ম স্থায় ক্রিতে ইহতেছে।

শ্রীবিজয়চন্দ্র পজুঃ

为了中国对牙 1

দেখিতেছি আমার অনুসন্ধানের সুযোগ্যত্র-টুকু ব্যতীত অন্তবিষয়ে লেথকমহোদয়ের সহিত আমার **মতভেদ** যৎসামাক্ত। নারারশোপনিষদের ভারিণটা ঠিকু হইলেই গ্রেশঠাকুরের বয়দের পাওয়া যায়। . লেখকমহাশ্রের মা উপনিষ্ৎধানি शिष्टित অস্তত আটপত भटतता अमुख्य नेटहा के उभनिय জিয়া আমার যতদ্র ধারণা হইরাছে,

াই.র.উপর লেথকমহাশয়ের প্রনন্ত প্রমাণ
লি চাপাইয়াও উহা যে গ্রীষ্টের আটশত

ংসর পুর্বের ইইতেই পারে না, তাহাও আমি

পর্থ করিতে প্রস্তুত নহি। কাজেই হাজার
াজেক বৎসর উভয়ের মধ্যে তফাত দাঁড়ায়।

ারভবর্ষের পুরাভবের বিচারে হাজার
াজেক বংসরের তফাত ধর্তবাই নহে।

।তেই আমাদের মতভেদ যৎসামান্ত।

িলেথকমহাশয়ের অবল্ধিত বিচারপ্রণালা

চঞ্চিৎ আশ্রাজনক। গণপতিঠাকুর অর্বা
ন; অতএব যে গ্রন্থে তাঁহার উল্লেখ আছে,

াহা অর্বাচীন; অতএব ঐ অর্বাচীন গ্রন্থে

গণেশঠাকুরের উল্লেখ দেখা যায়,

া ঠাকুরও অর্বাচান।—এই বিচারপ্রণালী

চঞ্চিৎ আশ্রাজনক।

কাজেই পৌরাণিক বা তান্ত্রিক দেবতাত্রেকে অষ্টম শতাকীর পরবর্ত্তী ধরিয়া
ইয়া বে বৈদিকগুছে তাহাদের উল্লেখ
তেছ, তাহাও অষ্টমশতাকার পরবর্তী,
রূপ এক নিগালে নিকেশ করিতে সাহস
ানা। বিশেষত পুরাণের ও তত্ত্বের উংপত্তি
তান্সময়ে ইইয়াছে, তাহারট যথন ঠিকানা
ই।

ুপুরাণ বেদের সময়েও ছিল, আবার না যায় বোপদেরও পুরাণ রচনা করিয়া-লেন। তান্ত্রিক আচারের প্রাহ্ভাব চরিতেও দেখি, আবার আকবার-বাদশার ামলেও দেখি।

"বৈশানবাদ বিশাহে লালীলাদ ধীমহি তলো
নিঃ প্রচোদদাৎ"—নারাদ্রণোপনিষদের এই ক্রেদ্র 'লালীল' নাম গণেশাধ্যনি হইতে গৃহীত হইতে পারে; তাহার উপ্টাও হইতে পারে। সার্মণ বর্থন ঐ মন্ত্রের ভাষা দেন নাই, তথন উহাকে প্রক্রিপ্ত ধরিয়াও নারারণোপনিষদের প্রাচীনত্ব বন্ধার থাকিতে পারে। আর গণেশাথর্কনীর্বেরই যথন তারিথ জানি না, তথন ঐ বিচারও নির্মাক। আক্রারের আমলে জাল উপনিষৎ রচিত হইয়াছিল মানিলেও উপনিষৎমাত্রই জাল হয় না। বে কয়ধানা উপনিষৎ শ্রুতি-শাস্ত্রন্থা সক্রবাদিসম্মতিক্রনে প্রবেশলাভ করিয়াছে, তাহার প্রাচীনস্বসন্দেহের পূর্বের্ব আরও পাকা প্রমাণ আবশ্রুক।

শ্রতিশাস্ত্রকে জাল হইতে রক্ষা করিবার জন্য এ দেশে বেমন যত্ন হইয়াছিল, অন্ত কোন দোলুকে রক্ষা করিবার জন্য তেমন যত্ন হয় নাই। ইহা সাহেবলোকেরাও মৃক্তকণ্ঠে স্বীকার করেন। যে কোন বাক্তি একটা রচনা করিয়া উহাকে চতুরাননের মুখনিংস্ত বলিয়া পরিচয় দিলেই তাহা শ্রতিবাক্যা বলিয়া গৃহাত হইত না, যিনি প্রাচীনশান্তের কিছু সংবাদ রাখেন, তিনিই ইহা বিশেষরূপে জানেন।

জাল উপনিষৎ আজিও রচিত হইছে পারে, কিন্তু উহা শ্রুতিবাক্য বলিয়া গণ্য হওয়া সহজ হইবে না।

ফলে নারায়ণোপনিষৎ কতদিনের, তাহা
থখন স্থির করিবার সম্প্রতি কোন উপার
দেখিতেছি না, এবং তৎসমুদ্ধে লেথকমহাশয়ের ও আমার মতে ভেদ যৎসামায়,
তথন এ বিষয়ে বিতগোর প্রয়োজন নাই।
তবে একটা কথা বক্তব্য আছে। পাশ্চাত্য

পঞ্জিতদের ভারতবর্ষণটিত পুরাতবের বিচারে অবলম্বিত প্রণালীটা কজকটা এইরপ:—
ধরিরা লও, 'পলাশীর লড়াইরের পূর্কে ভারতবর্ষে কিছুই ছিল না; যিনি বলিতে লাহেন, অমুক জিনিষটা তৎপূর্কে ছিল, প্রমাণের ভার তাঁহার উপর। এই বিষম ভার মাথার লইরা প্রাত্ত্বী বসায়ীকে কিছুদূর চলিরাই ক্লান্ত হইরা থামিতে হর। আবুল্ফল্ল, আল্বিক্লনি, ফাহিরাং, মেগান্থীনিস্
পর্যান্ত অভিকত্তে ঠেলিরাই সেইথানে থামিতে

হয়। কেন না, মহাভারতে উল্লেখ অ নেদে উল্লেখ আছে, বলতে গেলেই মহ বা বেদ পলাশীর লড়াইয়ের পূর্ব্বে ছি না, এই আর একটা নৃতন বোঝা চাপে। এই প্রণালীটা বোল-আনা নিক, এবং এডদারা প্রাপ্ত দিগান্তও খু হয়, সন্দেহ নাই। কিন্তু সে পথে গোড়ার পৌছিতে পারিয়াছি, শপথে কিছু বেশীমানার সাহস ব

শ্রীরামেক্সফলর ত্রি

প্রস্থ-সমালোচনা।

যুগধৰ্ম। — শ্ৰীঅমৃতলাল সেন গুণ্ড কৰ্তৃক বিবিধ শাস্ত্ৰ হইতে সংগৃহীত ও প্ৰকাশিত। মৃশ্য ১০ তিন আনা।

গ্রন্থকার বলেন যে, আর্যা ঋবিরা ভিন্ন ভিন্ন ব্রের জন্ত ব্রাফ্রনণ ভিন্ন ভিন্ন ধর্মাফ্র-ঠানপদ্ধতির ব্যবহা করিয়াছেন। সত্য, ত্রেতা, বাপরের জন্ত নির্দিষ্ট সাধনা কলি-ব্রের ফ্র্রেল জীবের পক্ষে অসাধ্য। তাহা-দের পক্ষে হরিনামকীর্ত্তনই একমাত্র সাধনা ও নিস্তারের উপার। বৃহলারদীয় প্রাণ-কর্তা বলিয়াছেন—

> হুরেনাম হুরেনাম-হরেনামেব কেবলম্। কলৌ নাজ্যেব নাজ্যেব নাজ্যেব সভিরন্যথা ।

এই যুগধর্ম কাহার ধারা প্রবর্ত্তিত হৈতে পারে সমৃত্যালবার্
মহয় দ্রে থাকুক, ব্রহ্মক্রাদি দে
যুগধর্মপ্রবর্ত্তক হইতে পারেন ন
উদ্দেশ্য সংসাধনের জন্ত সমুই মং
ভূতণে অবতীর্গ হইতে হয়। কলিয়
শ্রীর ফটেতভ্রমণে অবতীর্গ হই
এবং তিনিই এ যুগের ধর্মপ্রথর্ত্তক
এই পুস্তকের সার কথা। টেব
অবভার বলিরা-মানেন এবং উপাস্থ
বর্ত্তান সময়ে আমাদেব সমাত্র
লোকের অপ্রপ্রকা নাই। ট্রাহাং
এই পুস্তকের আদর হইবে বলিরা
শ্রীচ্তাশেশ্র মুখো